৫২	ঐ	ঐ	ঐ	দক্ষিণ	১	০	২৭	ইস্তক ৫৪ মাইল ২১৮৫ ফুট লাং ৪৮৮৫ ফুটের মধ্যে, ছোট বড় ১৫ টী চেও আছে পূর্ব্ব জমীদারের জমি, পশ্চিম ঐ২, উত্তর তারের বেড়া, দক্ষিণ মোতাবেক নকসা	০	
৫৩	ঐ	দলুইবাজার	ঐ	ঐ	২	১	২৫	ইস্তক ৫৪ মাইল ৪৪৩৫ ফুট লাং ৫২৬৫ ফুটের মধ্যে, পূর্ব্ব জমিদারি জমি, পশ্চিম ঐ২, উত্তর ত রের বেড়া, দক্ষিণ মোতাবেক নকসা ইহার মধ্যে দুইটী পুষ্করিণীর কীয়ৎ অংশ আছে	০	
৫৪	ঐ	ঐ	ঐ	উত্তর	৩	১	০	ইস্তক ৫৪ মাইল ৪৩৩০ ফুট লাং ৫২৮০ ফুটের মধ্যে, দুইটী পুষ্করিণী মায পাড় আছে পূর্ব্ব ৫১ নং লাটের জমি, পশ্চিম ৫৫ নং মাইল সরাসর, দক্ষিণ তারের বেড়া, উত্তর মোতাবেক নকসা	০	
৫৫	ঐ	ঐ	৫৬	ঐ	২	২	১৭	ইস্তক ৫৫ মাইল লাং ২০৫৫ ফুটের মধ্যে, ছোট বড় ৯টা চেও আছে পূর্ব্ব ৫৫ মাইল সরাসর, পশ্চিম দলুইবাজার সীমাম্ব, দক্ষিণ তারের বেড়া, উত্তর মোতাবেক নকসা	০	
৫৬	ঐ	ঐ	ঐ	দক্ষিণ	২	২	১২	ইস্তক ৫৫ মাইল লাং ২০৫৫ ফুটের মধ্যে, ছোট বড় ৯টা চেও আছে পূর্ব্ব ৫৫ মাইল সরাসর, পশ্চিম দলুইবাজার মৌজার সীমাম্ব, উত্তর তারের বেড়া, দক্ষিণ মোতাবেক নকসা,	০	
৫৭	ঐ	বল্লট পং আমিরাবাদ	ঐ	ঐ	১	৩	২৬	ইস্তক ৫৫ মাইল ২০৫৫ ফুট লাং ৪১০৫ ফুটের মধ্যে, ১৩টা চেও আছে পূর্ব্ব দলুইবাজার মৌজার সীমাম্ব, পশ্চিম ৪১ নং লাটের রাস্তা, উত্তর তারের বেড়া, দক্ষিণ মোতাবেক নকসা,	০	

নম্বর লাট	নাম জেলা	নাম মৌজে ও পরগণা	নম্বর মাইল বিং রেলওয়ের নক্সা	জমির অবস্থিতি রেলওয়ের কোন পার্শ্বে	ইষ্টইণ্ডিয়া রেলওয়ের বিং কোম্পানীর জমির সুমারিক মত একর পরিমাণ	জমির বাউণ্ডরি	বিং জমির উপরিস্থিত আওলাতের সংখ্যা	কৈং
					এ রো পো			
৫৮	বর্দ্ধমান	বলুট পং আমিরাবাদ	৫৬	উত্তর	২ ০ ২৯	ইস্তক ৫৫ মাইল ২০৫৫ ফুট লাং ৪১০৫ ফুটের মধ্যে ১৪টী চেও আছে পূর্ব্ব দলুইবাজার মৌজার সীমানা পশ্চিম ৪১ নং কাটকের রাস্তা, দক্ষিণ তারের বেড়া, উত্তর মোতাবেক নক্সা,	০	
৫৯	ঐ	বলুট সেখপুর পং ঐ	ঐ	ঐ	১ ২ ০	ইস্তক ৫৫ মাইল ৪১০৫ ফুট লাং ৫২৮০ ফুটের মধ্যে, ছোট বড় ৬টী চেও আছে পূর্ব্ব ৪১ নং কাটকের রাস্তা পশ্চিম ৫৬ মাইল সরাসর, দক্ষিণ তারের বেড়া, উত্তর মোতাবেক নক্সা,	০	
৬০	ঐ	ঐ	ঐ	দক্ষিণ	১ ১ ৩২	ইস্তক ৫৫ মাইল ৪১০৫ ফুট লাং ৫২৮০ ফুটের মধ্যে, ছোট বড় ৬টী চেও আছে পূর্ব্ব ৪১ নং কাটকের রাস্তা, পশ্চিম ৫৬ মাইল সরাসর, উত্তর তারের বেড়া দক্ষিণ মোতাবেক নক্সা,	০	
৬১	ঐ	সেখপুর মামুদপুর দাদপুর পং আমিরাবাদ	৫৭	উত্তর	১২ ১ ১৭	ইস্তক ৫৬ মাইল লাং ৫২৮০ ফুটের মধ্যে, পূর্ব্ব ৫৬ মাইল সরাসর, পশ্চিম ৫৭ নং মাইল সরাসর, দক্ষিণ তারের বেড়া, উত্তর মোতাবেক নক্সা,	০	
৬২	ঐ	ঐ	ঐ	দক্ষিণ	১২ ১ ৩২	ইস্তক ৫৬ মাইল লাং ৫২৮০ ফুটের মধ্যে পূর্ব্ব ৫৬ মাইল সরাসর, পশ্চিম ৫৭ মাইল সরাসর উত্তর তারের বেড়া, দক্ষিণ মোতাবেক নক্সা	০	
৬৩	ঐ	দাদপুর	৫৮	উত্তর	০ ০ ১০	ইস্তক ৫৭ মাইল লাং ২৪৩৫ ফুটের মধ্যে ছোট বড় ৮টী চেও আছে পূর্ব্ব ৫৭ মাইল সরাসর পশ্চিম ১৯০ নং পুলের সরাসর দক্ষিণ তারের বেড়া উত্তর মোতাবেক নক্সা,	০	
৬৪	ঐ	মৌজে দাদপুর পং আমিরাবাদ	৫৮	দক্ষিণ	৪ ০ ২৮	ইস্তক ৫৭ মাইল লাং ২৪৩৫ ফুটের মধ্যে, ছোট বড় ৮টী চেও আছে পূর্ব্ব ৫৭ মাইল সরাসর, পশ্চিম ১৯০ নং পুলের সরাসর, উত্তর তারের বেড়া, দক্ষিণ মোতাবেক নক্সা	০	
৬৫	ঐ	দাদপুর কুমারপাড়া পং ঐ	ঐ	উত্তর	২ ৩ ১০	ইস্তক ৫৭ মাইল ২৪৩৫ ফুট লাং ৫২৮০ ফুটের মধ্যে, ১৯টী চেও আছে পূর্ব্ব ১৯০ নং পুলের সরাসর, পশ্চিম ৫৮ নং মাইল সরাসর, দক্ষিণ তারের বেড়া উত্তর মোতাবেক নক্সা,	০	
৬৬	ঐ	ঐ	ঐ	দক্ষিণ	২ ২ ১৪	ইস্তক ৫৭ মাইল ২৪৩৫ ফুট লাং ৫২৮০ ফুটের মধ্যে, ১৯টী চেও আছে পূর্ব্ব ১৯০ নং পুলের সরাসর, উত্তর তারের বেড়া, দক্ষিণ মোতাবেক নক্সা	০	
৬৭	ঐ	কুমারপাড়া	৫৯	উত্তর	১ ৩ ২৩	ইস্তক ৫৮ মাইল লাং ১৬৭৫ ফুটের মধ্যে, ১১টী চেও আছে পূর্ব্ব ৫৮ মাইল সরাসর, পশ্চিম ১৯২ নং পুলের সরাসর, দক্ষিণ তারের বেড়া, উত্তর মোতাবেক নক্সা	০	
৬৮	ঐ	ঐ	ঐ	দক্ষিণ	২ ০ ২৬	ইস্তক ৫৮ মাইল লাং ১৬৭৫ ফুটের মধ্যে ১৫টী চেওয়া আছে, পূর্ব্ব ৫৮ মাইল সরাসর, পশ্চিম ১৯২ নং পুলের সরাসর উত্তর তারের বেড়া, দক্ষিণ মোতাবেক নক্সা	০	

নম্বর লাট	নাম জেলা	নাম মৌজা ও পরগণা	নম্বর মাইল বিঃ রেলওয়ের রাস্তা	জমির অবস্থিতি রেলওয়ের কোন পার্শ্বে	ইষ্টইণ্ডিয়া রেলওয়ের বিঃ কেনাল জমি মুতাবিক বড একর পরিমাণ	জমির বাউণ্ডারি	বিঃ জমির উপরিস্থিত কাঠ-গাছের সংখ্যা	ইং
					এ রো পো			
৬৯	বর্দ্ধমান	কুমারপাড়া তাতখণ্ড পঃ আমিরাবাদ	৫৯	দক্ষিণ	২ ০ ২০	ইস্তক ৫৮ মাইল ১৬৭৫ ফুট লাং ৩৭৩০ ফুটের মধ্যে ১৪টী চেওয়া আছে পূর্ব্ব ১৯২ নং পুলের সরাসর, পশ্চিম ১৯৩ নং পুলের সরাসর উত্তর তারের বেড়া দক্ষিণ মোতাবেক নকসা	০	
৭০	ঐ	ঐ	ঐ	উত্তর	২ ০ ৫	ইস্তক ৫৮ মাইল ১৬৭৫ ফুট লাং ৩৭৩০ ফুটের মধ্যে ১৪টী চেও আছে, পূর্ব্ব ১৯২ নং পুলের সরাসর, পশ্চিম ১৯৩ নং পুলের সরাসর দক্ষিণ তারের বেড়া উত্তর মোতাবেক নকসা	০	
৭১	ঐ	তাতখণ্ড পঃ ঐ	ঐ	ঐ	১ ০ ২৩	ইস্তক ৫৮ মাইল ৩৭৩০ ফুট লাং ৫২৮০ ফুটের মধ্যে, ১০টী চেওয়া আছে পূর্ব্ব ১৯৩ নং পুলের সরাসর, পশ্চিম ৫৯ মাইল সরাসর দক্ষিণ তারের বেড়া উত্তর মোতাবেক নকসা	০	
৭২	ঐ	ঐ	ঐ	দক্ষিণ	১ ১ ১৬	ইস্তক ৫৯ মাইল ৩৭৩০ ফুট লাং ৫২৮০ ফুটের মধ্যে, ১০টী চেওয়া আছে উত্তর তারের বেড়া, পূর্ব্ব ১৯৩ নং পুলের সরাসর, পশ্চিম ৫৯ মাইল সরাসর, দক্ষিণ মোতাবেক নকসা	০	

(F)

OBHOY CHURN MULLICK,
Railway Deputy Collector

ORT WILLIAM, RAILWAY DEPUTY COLLECTOR'S OFFICE,
The 20th June 1872

জিলা বাঁকুড়া।

ইস্তাহারদ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা বাঁকুড়ার মধ্যবর্ত্তি নিম্নলিখিত মহালে সরকার বাহাদুরের দাখিলি স্বত্ব সন ১৮৭২ সালের ২৮ সেপ্টেম্বর মোতাবেক সন ১২৭৯ সালের ১৩ আশ্বিন শনিবার জিলা বাঁকুড়ার কালেক্টরির কাছারিতে বিক্রয় হইবেক।

২। এই মহালের খরিদারগণ নিম্নলিখিত বিক্রয়ের নিয়মাধীন হইবেন।

১। একশত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবেক।

২। একশত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের একাংশ তৎক্ষণাৎ দিতে হইবেক।

বিক্রয়ের দিবস এক দিন ধরিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্নকালে কিম্বা সেই দিবস বন্ধের দিন হইলে তৎপরে প্রথমে যে দিন কাছারি খোলা যায় সেই দিবস মধ্যাহ্নকালে অবশিষ্ট যদি দাখিল না হয়, তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে ও প্রথম স্থলীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণপূর্ব্বক ত্রুটিকারী ক্রেতার ঝুঁকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবেক।

৩। এই মহাল সর্ব্ব উচ্চ ডাককারিকে নিষ্কর বিক্রয় করা যাইবেক।

রাজকীয় মহালের কৈফিয়তের নম্বর	তৌজির নম্বর	মহালের নাম ও পরগণা	একর হিং জমির আন্দাজী পরিমাণ	সদর জমা।			নীলামের প্রথম ডাক।	মন্তব্য।
				ধার্য্য করা রাজস্ব	রাস্তার টাক্স	মোট		
০	৯১৮	সাতপাট (এক পুরাতন রাস্তার জমি) পঃ বিষণপুর	১ একর	৸৶৬	০	৸৶৬	৮৸০	

(F)

(Sd) W R Larminie,
Offg Collector.

বাঁকুড়ার কালেক্টরি কাছারি,
সন ১৮৭২। ১৮ মে।

বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে শ্রীযুত এডউইন বরিস লুইস সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, JULY 9, 1872.　　REGISTERED No. 51.

মঙ্গলবার ১৮৭২ সাল ৯ জুলাই।

Government of Bengal.

LEGISLATIVE DEPARTMENT.

The following Act of the Lieutenant-Governor of Bengal in Council received the assent of His Honor on the 16th March 1872, and having been assented to by His Excellency the Governor-General on the 6th June 1872, is hereby promulgated for general information :—

ACT No. III OF 1872.

An Act to Amend the Calcutta Port Improvement Act, being Act V of 1870 *passed by the Lieutenant-Governor of Bengal in Council, and to amend Act XXII of* 1855.

Preamble.

WHEREAS it is expedient to give to the Commissioners for making improvements in the Port of Calcutta a like indemnity to that which is given to the East India Company by section 61 of Act XXII of 1855, and otherwise to amend the said Act; It is hereby enacted as follows :—

Indemnity to Port Commissioners against default of officers, &c.

1. The said Commissioners shall not be answerable for any act or default of any Conservator or Harbour Master of the said port, or of any Deputy or Assistant of the said officers, or of any person acting under the authority or directions of any

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

বঙ্গদেশের মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮৭২ সালের মার্চ মাসের ১৬ তারিখে উক্ত সভাবরের এই আইন অনুমোদন করিলেন এবং মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব জুন মাসের ৬ তারিখে সম্মত হওয়াতে তাহা সাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা গেল।

১৮৭২ সালের ৩ আইন।

মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রণীত ১৮৭০ সালের ৫ আইন অর্থাৎ কলিকাতা বন্দরের সৌষ্ঠব করণার্থ আইন এবং ১৮৫৫ সালের ২২ আইন সংশোধন করিবার আইন।

হেতুবাদ।

১৮৫৫ সালের ২২ আইনের ৬১ ধারায় কাম্পানি বাহাদুরের পক্ষে দায় নিবৃত্তিকরণের যে বিধান হইল কলিকাতা বন্দরের সৌষ্ঠব করণার্থ কমিশ্যনরদের পক্ষেও সেই বিধান করা বিহিত এই হেতুক নিম্নলিখিত বিধান করা গেল।

[illegible] দোষের বিষয়ে পোর্ট কমিশ্যনরদের দায়ী না হইবার কথা।

১ ধারা। উক্ত বন্দরের কোন রক্ষক সাহেব কি হারবর মাষ্টর সাহেব কিম্বা উক্ত কার্য্যকারকদের কোন ডেপুটী কি আসিষ্টাণ্ট কিম্বা উক্ত কোন কার্য্যকারকের কি আসিষ্টাণ্টের অনুমতি কি আজ্ঞামতে কর্ম্মকারি কোন ব্যক্তি

such officer or assistant, heretofore or hereafter done within the limits of the said port, nor for any damage or injury heretofore or hereafter sustained by any vessel in consequence of any defect in any of the moorings, hawsers, or other thing belonging to the said Commissioners within the said port which may be used by such vessel Provided that nothing in this section shall protect the said Commissioners from an action in respect of any act done by or under the express order or sanction of the said Commissioners

ইতিপূর্ব্বে বা ইতঃপরে ঐ বন্দরের সীমার মধ্যে যে কার্য্য কি দোষ করেন তন্নিমিত্তে উক্ত কমিশ্যনরেরা দায়ী হইবেন না। এবং উক্ত বন্দরস্থ কোন জাহাজ উক্ত কমিশ্যনরদের যে বয়া কি হাঁসিল কি অন্য দ্রব্য ব্যবহার করে সেই বয়া প্রভৃতির কোন দোষপ্রযুক্ত ইতিপূর্ব্বে বা ইতঃপরে ঐ জাহাজের কিছু ক্ষতি কি হানি হইলে তন্নিমিত্ত উক্ত কমিশ্যনরেরা দায়ী হইবেন না। পরন্তু উক্ত কমিশ্যনরদের দ্বারা কিম্বা তাঁহারদের স্পষ্ট আজ্ঞা কি অনুমতিক্রমে যে কার্য্য করা যায় তদ্ধেতুক এই ধারার কোন কথাপ্রযুক্ত কমিশ্যনরদের নামে নালিশ হইবার বাধা নাই ইতি।

2 Section 23 of the said Act XXII of 1855 is hereby repealed so far as the same affects the Port of Calcutta, but such repeal shall not affect any act done or liability incurred under the said section

Repeal of Section 23, Act XXII of 1855.

২ ধারা। কলিকাতা বন্দরের সহিত ১৮৫৫ সালের উক্ত ২২ আইনের ২৩ ধারার যত দূর সম্পর্ক থাকে তাহা এতদ্দ্বারা তত দূর রহিত করা গেল। কিন্তু রহিত হইলেও উক্ত ধারামতে যেই কার্য্য করা গিয়াছে ও যে দায় বর্ত্তিয়াছে তৎসম্পর্কে তাহা প্রবল থাকিবে ইতি।

১৮৫৫ সালের ২২ আইনের ২৩ ধারা রহিত হইবার কথা।

3 If any vessel with or without cargo shall be wrecked, stranded, or sunk within the limits of the said port, the Commissioners may in any case cause the same to be raised, removed, or destroyed; or they may call on the owner, master, or consignee thereof, to cause the same to be raised, removed, or destroyed, and if the said owner, master, or consignee, when called upon, shall refuse or neglect forthwith so to do, the Commissioners in that case also may cause the same to be raised, removed, or destroyed Unless all expenses in or towards executing any works undertaken by the Commissioners under this section shall be repaid within one month after the completion thereof, the Commissioners may recover the same in the manner provided by the next succeeding section The amount claimable and due under this section shall include all monies expended, reasonable remuneration for labor and for the use of the property and appliances of the Commissioners, and a further sum of twenty per cent on the total amount so due in respect of monies expended and of remuneration If any dispute shall arise concerning the amount due to the Commissioners under this section, the same shall be determined by a Magistrate, who, upon application made to him for that purpose, shall have power to determine such amount, and to award such costs as he shall think reasonable to be added to or deducted from the amount due under this section as he shall direct, and whose decision shall be final

Commissioners may raise wreck, &c, and charge reasonable expenses

৩ ধারা। উক্ত বন্দরের সীমার মধ্যে মাল বোঝাই কি খালি কোন জাহাজাদি ভাঙ্গিয়া গেলে কি ডাঙ্গায় ঠেকিলে কিম্বা জলমগ্ন হইলে কমিশ্যনরেরা তাহা তোলাইয়া কি সরাইয়া দিতে কিম্বা নষ্ট করিতে পারিবেন, কিম্বা তৎস্বামিকে কি অধ্যক্ষকে কি কানসাইনীকে তাহা তোলাইয়া কি সরাইয়া দিবার কি নষ্ট করিবার আজ্ঞা দিতে পারিবেন। উক্ত স্বামী কি অধ্যক্ষ কি কানসাইনী আজ্ঞা পাইলেই তদ্রূপ করিতে স্বীকার না করিলে কি শৈথিল্য করিলে কমিশ্যনরেরা তদ্রূপ স্থলেও তাহা তোলাইয়া কি সরাইয়া দিতে কিম্বা নষ্ট করাইতে পারিবেন। কমিশ্যনরেরা এই ধারামতে কোন কর্ম্মে প্রবর্ত্ত হইলে সেই কর্ম্মসম্পাদনে কিম্বা তৎসম্পর্কে তাঁহারদের যত টাকা খরচ হয় কর্ম্ম সমাপ্ত হইলে পর এক মাসের মধ্যে ঐ টাকা এই ধারামতে ফিরিয়া না দেওয়া গেলে তাঁহারা ইহার পশ্চাৎ ধারার বিধানমতে তাহা আদায় করিতে পারিবেন। এই ধারামতে যত টাকার দাওয়া হইতে পারিবে ও যাহা পাওনা হয় তন্মধ্যে এই২ বিষয় ধরিতে হইবে অর্থাৎ তাঁহারা যত টাকা খরচ করিয়াছেন তাহা, ও মজুরির নিমিত্ত ও কমিশ্যনরদের সম্পত্তির ও দ্রব্যাদির ব্যবহারের নিমিত্ত যুক্তিমত পুরস্কার, এবং খরচ করা উক্ত যত টাকা ও পুরস্কার বলিয়া যত টাকা পাওনা হয় তাহার উপর আর শতকরা ২০৲ টাকা। এই ধারামতে কমিশ্যনরদের যত টাকা পাওনা হয় এই বিষয়ে কোন বিবাদ উত্থিত হইলে মাজিষ্ট্রেটের দ্বারা তাহার নিষ্পত্তি হইবে। তদর্থে তাঁহার নিকট প্রার্থনা হইলে, তিনি ঐ পাওনা টাকার কথা নির্ণয় করিতে ও খরচা বলিয়া যত টাকা উপযুক্ত জ্ঞান করেন তত টাকার আজ্ঞা দিতে পারিবেন। এই ধারামত যত টাকা পাওনা হয় তাঁহার আজ্ঞামতে সেই খরচা ঐ টাকার উপর চড়াইয়া কি তাহাহইতে বাদ দিয়া দেওয়া যাইবে। তাঁহার নিষ্পত্তিই চূড়ান্ত হইবে ইতি।

জলমগ্ন জাহাজপ্রভৃতি কমিশ্যনরদের তুলিতে পারিবার ও তাহার যুক্তিমত খরচ লইবার কথা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭২। ৯ জুলাই।]

4. If the property recovered under the next preceding section is unclaimed; or if the person claiming the same refuses or neglects to pay the amount due to the Commissioners under the next preceding section in respect thereof, such property, if of a perishable nature, may be sold forthwith, and if not of a perishable nature may be detained by the Commissioners at the risk and expense of all parties interested therein, and may be sold at any period not less than two months after the recovery thereof by public auction, and after the realization of the proceeds thereof, the amount due to the Commissioners as aforesaid shall be deducted therefrom and paid to the Commissioners, and the balance shall be paid to the person entitled to recover on his applying for the same; provided that such application be made within one year from the sale of such property, or good reason to the satisfaction of the Commissioners be shown why such application was not made. Otherwise such balance shall be held by the Commissioners, upon trust for the purposes of the said Act V of 1870.

Sale of property if unclaimed, or if expenses unpaid.

৪ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে যে সম্পত্তি তোলা যায় তাহার উপর দাওয়া না হইলে কিম্বা কোন ব্যক্তি ঐ সম্পত্তি দাওয়া করিলেও তৎসম্পর্কে পূর্ব্ব ধারামতে কমিশ্যনরদের যত টাকা পাওনা হয় তাহা দিতে অস্বীকার কি শৈথিল্য করিলে সেই সম্পত্তি যদি কাঁচা মাল হয় তবে অবিলম্বে বিক্রয় হইতে পারিবে। পাকা মাল হইলে কমিশ্যনরেরা তাহা রাখিতে পারিবেন কিন্তু মালের হানি হইলে বা তৎসম্পর্কে খরচ লাগিলে, ঐ সম্পত্তিতে যাঁহারদের স্বার্থ থাকে তাঁহারদের সেই হানি হইবে ও খরচ দিতে হইবে। পরে ঐ সম্পত্তি তুলিয়া লইবার তারিখ অবধি দুই মাসের অন্যূন কোন সময়ে তাহার নীলাম হইতে পারিবে। নীলামের উৎপন্ন টাকা আদায় হইলে পর তাহাহইতে কমিশ্যনরদের পূর্ব্বোক্ত পাওনা টাকা কাটিয়া লইয়া কমিশ্যনরদিগকে দেওয়া যাইবে ও অবশিষ্ট টাকা যে ব্যক্তির পাইবার অধিকার থাকে তাঁহার প্রার্থনামতে তাঁহাকে দেওয়া যাইবে, কিন্তু সম্পত্তির নীলামের তারিখ অবধি এক বৎসরের মধ্যে তাঁহার ঐ প্রার্থনা করিতে হইবে অথবা কমিশ্যনরদের বোধমতে সেই সময়ের মধ্যে প্রার্থনা না করিবার বিশিষ্ট কারণ জানাইতে হইবে। নতুবা কমিশ্যনরেরা সেই উদ্বর্ত্ত টাকা ১৮৭০ সালের ৫ আইনের কার্য্যপক্ষে ন্যস্তস্বরূপ রাখিবেন ইতি।

সম্পত্তির দাওয়া না হইলে কি খরচ না দেওয়া গেলে তাহা বিক্রয় করিবার কথা।

5. In sections 29 and 31 of the said Act XXII of 1855, from such time as the Lieutenant-Governor of Bengal shall notify in the *Calcutta Gazette*, for the words "fifty pounds" wherever such words occur, shall be substituted the words "five pounds," and the said Act shall be thereafter read and construed as if the words hereby directed to be substituted were inserted in place of the words for which they are hereby directed to be substituted.

Vessels not to have more than five pounds of powder, &c., on board.

৫ ধারা। বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব কলিকাতা গেজেটে যে সময়ের নোটিস দেন সেই সময়াবধি ১৮৫৫ সালের উক্ত ২২ আইনের ২৯ ও ৩১ ধারার পঞ্চাশ পৌণ্ড এই কথা যে২ স্থানে থাকে তৎপরিবর্ত্তে পাঁচ পৌণ্ড এই কথা পাঠ করিতে হইবে। তাহা হইলে উক্ত আইনের উক্ত কথার পরিবর্ত্তে এই আইনমতে যে কথা প্রয়োগ করিবার আদেশ হইল উক্ত আইনে সেই কথা থাকনমতে ঐ আইন পাঠ করিতে ও তাহার অর্থ করিতে হইবে ইতি।

কোন জাহাজে পাঁচ পৌণ্ডের অধিক বারুদ প্রভৃতি থাকিতে না পাইবার কথা।

6. It shall be the duty of all police officers to give immediate information to the Commissioners of any offence committed contrary to the provisions of the said Act V of 1870, or of Act XXII of 1855, or of any bye laws or rules having the force of law prescribed in accordance therewith. Any police officer may arrest any person committing in his view any offence against any of the said provisions, if the name and address of such person be unknown. Such person may be detained at the station-house until his name and address shall be correctly ascertained.

Duty of police officers.

৬ ধারা। ১৮৭০ সালের উক্ত ৫ আইনের কিম্বা ১৮৫৫ সালের উক্ত ২২ আইনের কিম্বা উক্ত উভয়ের আইন অনুসারে আইনের তুল্য বলবৎ যে উপবিধি কি বিধি নির্দ্দিষ্ট থাকে তাহার বিধানের বিপক্ষে কোন অপরাধ করা গেলে কমিশ্যনরদিগকে অবিলম্বে তাহার সম্বাদ দেওয়া পোলীসের সকল কর্ম্মকারকের কর্ত্তব্য। কোন ব্যক্তি পোলীসের কোন কর্ম্মকারকের চক্ষুর গোচরে উক্ত অন্যতর বিধানের বিপক্ষে কোন অপরাধ করিলে, ও তাহার নাম ও বাসস্থান জানা না হইলে, পোলীসের কর্ম্মকারক তাহাকে ধরিতে পারিবেন ও যত কাল তাহার যথার্থ নাম ও বাসস্থান নিশ্চয়মতে জানা না যায় তত কাল তাহাকে থানায় আটক করিয়া রাখিতে পারিবেন ইতি।

পোলীস কর্ম্মকারকদের কর্ত্তব্য কর্ম্মের কথা।

[*Government Gazette*, 9th July 1872.]

7. This Act shall be read with and taken as part of the said Act V of 1870, and of the said Act XXII of 1855.

Construction of Act.

HERBERT COWELL,
Asst Secy. to the Govt of Bengal, Legislative Department.

Orders by the Lieutenant-Governor of Bengal.

REVENUE AND GENERAL DEPARTMENTS

No. 1268R.

APPOINTMENTS.

The 18*th June* 1872.—Moulvi Kussimuddin to be Sub-Registrar of Assurances of the Sub-district of Morrollgunge in Jessore.

The 26*th June* 1872.—Mr. George Lucian Taylor Harris to officiate as a Joint Magistrate and Deputy Collector of the First Grade, with effect from the 13th instant.

The 27*th June* 1872.—Captain William John Williamson to officiate as a Deputy Commissioner of the Third Grade, with effect from the 14th instant

Moulvi Mahomed, Deputy Magistrate and Deputy Collector, Dinagepore, on leave, is transferred to Furreedpore.

The 28*th June* 1872.—Mr William Charles Muller is promoted to the Sixth Grade of Extra Assistant Commissioners

Captain Samuel Hunter Cowan, Officiating Assistant Superintendent, First Grade, in charge First Division, Revenue Survey, is vested with the powers of a Collector under Regulation VII of 1822 and Act XX of 1848 in the districts of Nowgong, Durrung, and Kamroop

Baboo Chunder Sikhur Banerjee, Deputy Magistrate and Deputy Collector, Jessore, on leave, to be Personal Assistant to the Commissioner of Patna

The 1*st July* 1872.—Mr J H Mendies to officiate as Special Sub-Registrar of Sooree, during the absence, on leave, of Babu Dinobundhoo Sanyal, or until further orders, with effect from the 21st May last

Mr William Humphrey Page, Assistant Magistrate of Goalundo, is vested with the powers of a Collector under Act X of 1870, for the

৭ ধারা। আইনের অর্থ করণের কথা। এই আইন ১৮৭০ সালের উক্ত ৫ আইনের ও ১৮৫৫ সালের উক্ত ২২ আইনের অংশ বলিয়া পাঠ করিতে ও জানিতে হইবে ইতি।

হর্বর্ট কোএল,
ব্যবস্থাপন কর্ম্ম বিভাগে বঙ্গদেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

রেবিনিউ ও জেনরল ডিপার্টমেণ্ট।

১২৬৮R নম্বর।

নিয়োগ।

১৮৭২ সাল ১৮ জুন।—শ্রীযুত মৌলবী কসিমুদ্দীন যশোহরের অন্তর্গত মরেলগঞ্জ সব-ডিষ্ট্রিক্টের নিদর্শনপত্রাদির সব-রেজিষ্ট্রার হইবেন।

১৮৭২ সাল ২৬ জুন।—শ্রীযুত জর্জ লুশিয়ান টেলর হারিস সাহেব এই মাসের ১৩ তারিখ অবধি প্রথম শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

১৮৭২ সাল ২৭ জুন।—কাপ্তান শ্রীযুত উলিয়ম জান উলিয়মসন সাহেব এই মাসের ১৪ তারিখ অবধি তৃতীয় শ্রেণীর ডেপুটী কমিশ্যনরের কর্ম্ম করিবেন।

দিনাজপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী মহম্মদ ফরীদপুরে প্রেরিত হইয়াছেন। ইনি ছুটী লইয়াছেন।

১৮৭২ সাল ২৮ জুন।—শ্রীযুত উলিয়ম চার্লস মলর সাহেব অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিশ্যনরদের ষষ্ঠ শ্রেণীভুক্ত হইয়াছেন।

রাজস্ব সংক্রান্ত জরীপী কার্য্যের প্রথমখণ্ডের অধ্যক্ষতা ভার প্রাপ্ত প্রথম শ্রেণীর একটিং আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট কাপ্তান শ্রীযুত সামুয়েল হণ্টর কৌয়েন সাহেব নৌগাঁ ও দরঙ্গ ও কামরূপ জিলায় ১৮২২ সালের ৭ আইন ও ১৮৪৮ সালের ২০ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

যশোহরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু চন্দ্রশেখর বন্দ্যোপাধ্যায় পাটনার কমিশ্যনর সাহেবের স্বকীয় আসিষ্টাণ্ট হইবেন।

১৮৭২ সাল ১ জুলাই।—শ্রীযুত বাবু দীনবন্ধু সান্যালের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত জে এচ মেণ্ডিস সাহেব সিউড়ির বিশেষ সব-রেজিষ্ট্রারের কর্ম্ম করিবেন। এই নিয়োগ গত মে মাসের ২১ তারিখ অবধি প্রবল হইবে।

গোয়ালন্দের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট শ্রীযুত উলিয়ম হম্ফ্রি পেজ সাহেব রাজবাড়ী রেলওয়ে ষ্টেশন অবধি ফরীদপুরহইতে বেলগাছিতে যাইবার পথের সঙ্গে

purpose of taking up land for a road from the Rajabari Railway Station to meet the Belgachia road from Furreedpore.

LEAVE OF ABSENCE.

The 27th June 1872.—Mr. Daniel Walter McMullen Tastro, B.A., Officiating Joint-Magistrate and Deputy Collector, Second Grade, Backergunge, is allowed subsidiary leave for a period not exceeding thirty days, to enable him to appear before the Standing Medical Committee at the Presidency.

The 1st July 1872.—Babu Dinobundhoo Sanyal, Special Sub-Registrar of Sooree, for six weeks, under Section 3, Supplement F, of the Civil Leave Code, with effect from the 21st May last.

Sir William Herschel, *Bart*, Officiating Commissioner of Dacca, is allowed leave of absence from the 24th April last to the 9th instant, under Section 18 of the Civil Leave Code.

NOTIFICATION

The 27th June 1872.—Babu Kaliprosonno Sircar, Deputy Magistrate and Deputy Collector, having joined his appointment at Nuddea on the 14th instant, the unexpired portion of the leave granted to him under orders of the 13th idem is cancelled.

C BERNARD,
Offg Secy. to the Govt of Bengal.

NOTIFICATION.

The 25th June 1872.—It is hereby declared, for general information, that Rule 43 of the Rules under Section 69 of the Indian Registration Act No. VIII of 1871, published at page 1188 of the *Calcutta Gazette* of the 7th June 1871, is cancelled

C BERNARD,
Offg Secy to the Govt. of Bengal

NOTIFICATIONS.

The 1st July 1872 —Under Section 3 of Act III of 1872 the Lieutenant-Governor is pleased to appoint the following Officers to be *ex-officio* Registrars of Marriages under the said Act in the districts mentioned against each —

			Districts.
The Sub-Registrar,	Kamroop		Kamroop
,,	,,	Durrung	Durrung
,,	,,	Nowgong ..	Nowgong
,,	,,	Seebsaugor ..	Seebsaugor.
,,	,,	Luckimpore...	Luckimpore.

C. BERNARD,
Offg. Secy. to the Govt. of Bengal.

নিমিত্ত পথ করিবার ভুমি গ্রহণ করিবার নিমিত্ত ১৮৭৬ সালের ১০ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

ছুটী।

১৮৭২ সাল ২৭ জুন।—বাকরগঞ্জের দ্বিতীয় শ্রেণীর একটিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডানিয়েল ওয়ালটর ম্যাকমলেন টেষ্ট্রো সাহেব, বি, এ, রাজধানীস্থ স্থায়ি চিকিৎসক-সভার সম্মুখে উপস্থিত হইতে পারিবার নিমিত্ত ত্রিশ দিন অনধিক কাল ছুটী পাইয়াছেন।

১৮৭২ সাল ১ জুলাই।—সিউড়ীর বিশেষ সব-রেজিষ্ট্রার শ্রীযুত বাবু দীনবন্ধু সান্যাল দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে গত মে মাসের ২১ তারিখ অবধি ছয় সপ্তাহ ছুটী পাইয়াছেন।

ঢাকার একটিং কমিশ্যনর শ্রীযুত সর উলিয়ম হর্শেল সাহেব, বারনেট, দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর বিধির ১৮ ধারামতে গত আপ্রিল মাসের ২৪ তারিখ অবধি এই মাসের ৯ তারিখ পর্য্যন্ত ছুটী পাইলেন।

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ২৭ জুন। ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কালীপ্রসন্ন সরকার এই মাসের ১৪ তারিখে আপন কর্ম্ম গ্রহণ করাতে ঐ মাসের ১৩ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত করা গেল।

সি, বর্ণার্ড,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটারী।

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ২৫ জুন। রেজিষ্টরী করণ বিষয়ক ভারতবর্ষীয় ১৮৭১ সালের ৮ আইনের ৬৯ ধারামতে যে বিধি প্রণীত হইয়া ১৮৭১ সালের জুন মাসের ২৭ তারিখের বাঙ্গলা গেজেটের ৯৭৫ পৃষ্ঠায় প্রকাশিত হয় তাহার ৪৩ ধারা রহিত করা গেল এই কথা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

সি, বর্ণার্ড,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটারী।

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ১ জুলাই।—শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব ১৮৭২ সালের ৩ আইনের ৩ ধারামতে নিম্নলিখিত কার্য্যকারকদিগকে স্বং পদোপলক্ষে আপনং নামের পার্শ্বের লিখিত জিলাতে উক্ত আইনমত বিবাহের রেজিষ্ট্রারের পদে নিযুক্ত করিলেন।

		জিলা।
কামরূপের সব-রেজিষ্ট্রার	..	কামরূপ।
দরঙ্গের ঐ	..	দরঙ্গ।
নৌগাঁয়ের ঐ	.	নৌগাঁ।
শিবসাগরের ঐ	..	শিবসাগর।
লক্ষ্মীপুরের ঐ	...	লক্ষ্মীপুর।

সি, বর্ণার্ড,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটারী।

NOTIFICATION.

The 1st July 1872 —In exercise of the power conferred by Section 27 of the Court-Fees' Act of 1870 (Act No VII) the Lieutenant-Governor is pleased to issue the following directions to be observed throughout the territories of the Lieutenant-Governorship of Bengal —

1. When the exact amount of any fee chargeable under the said Act can be denoted by a single stamp, such fee shall be denoted by a single stamp, unless the Collector of the district certify that such stamp is not in stock In this latter case those stamps are to be used of which the fewest number will make up the necessary amount

2. When the amount of the fee cannot be denoted by a single stamp the next lower stamp shall be used, and the deficiency made up by one or more additional stamps of such value that the fewest possible number of stamps will make up the necessary amount

C BERNARD,
Offg Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 2nd July 1872 —The following Rules for the examination of candidates for Civil Appointments are published for general information —

Date of examination

1 An examination of candidates for admission into the roll of persons qualified for civil appointments under this Government will be held in the month of February 1873

Preliminary examination

2 A preliminary examination in English and the vernacular, of those candidates who have not already qualified in those subjects, will be held on a prior date to be hereafter notified

Persons eligible for admission as candidates for appointments of Rs 100 and upwards

3 The following persons only will be admitted as candidates for appointments of Rs 100 per mensem and upwards —

(*a*) Persons who have been six years in the service of Government

(*b*) Persons who have passed the Entrance examination and have been three years in the service of Government

(*c*) Persons who have passed the First Arts examination and have been one year in the service of Government

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ১ জুলাই।—আদালতের রসুম বিষয়ক ১৮৭০ সালের ৭ আইনের ২৭ ধারাক্রমে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের প্রতি যে ক্ষমতা প্রদান করা গেল তদনুসারে তিনি নিম্নলিখিত বিধি করিয়াছেন। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের শাসিত সমস্ত দেশে ঐ বিধি প্রচলিত হইবে।

১। উক্ত আইনঅনুসারে কোন দলীলের নিমিত্ত যত টাকা রসুম লাগিবে যদি একি ইষ্টাম্পদ্বারা তত টাকার রসুম লক্ষ্য হইতে পারে তবে একি ইষ্টাম্প দিয়া ঐ রসুম দেওয়া যাইবে। কিন্তু তত টাকার একি ইষ্টাম্প উপস্থিত নাই কালেক্টর সাহেব এমত সর্টিফিকট দিলে অতি ন্যূন সংখ্যার যতগুলি ইষ্টাম্পদ্বারা তত টাকার রসুম লক্ষ্য হয় তত ইষ্টাম্পের ব্যবহার করিতে হইবে।

২। যত টাকার রসুম দিতে হইবে তত টাকার একি ইষ্টাম্প না থাকিলে, তাহার অব্যবহিত ন্যূন মূল্যের ইষ্টাম্প দেওয়া যাইবে ও তৎসঙ্গে আর এক কি তদধিক যত ন্যূন সংখ্যার ইষ্টাম্প দিলে বাকী মূল্য পূর্ণ হয় তাহা দিতে হইবে।

সি, বর্ণার্ড,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ২ জুলাই।—সিবিল কার্য্যে নিযুক্ত হওনেচ্ছুক ব্যক্তিদের পরীক্ষার নিম্নলিখিত বিধি সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল।

যে তারিখে পরীক্ষা হইবে তাহার কথা।

১। কোন ব্যক্তি এই গবর্ণমেণ্টের অধীন সিবিল পদে নিযুক্ত হইবার যোগ্য ব্যক্তিদের নাম নির্ঘণ্টে আপন নাম লেখাইতে ইচ্ছুক হইলে ১৮৭৩ সালের ফেব্রুয়ারি মাসে তাঁহার পরীক্ষা হইবে।

প্রথম পরীক্ষার কথা।

২। ঐ পদাকাঙ্ক্ষি যে ব্যক্তিরা ইতিপূর্ব্বে ইংরেজী ও দেশীয় ভাষায় উত্তীর্ণ হন নাই উক্ত দুই ভাষায় তাঁহারদের প্রথম পরীক্ষা উক্ত তারিখের পূর্ব্বে কোন তারিখে হইবে। ঐ তারিখের নোটিস পরে প্রকাশ করা যাইবে।

যে ব্যক্তিরা ১০০ টাকার ও তাহার ঊর্দ্ধ বেতনের কার্য্যের নিমিত্ত গ্রাহ্য হইতে পারিবেন তাঁহারদের কথা।

৩। নিম্নলিখিত প্রকারের ব্যক্তিভিন্ন অন্য কোন ব্যক্তি ১০০৲ টাকার ও তাহার ঊর্দ্ধ বেতনের পদাকাঙ্ক্ষিস্বরূপ গ্রাহ্য হইবেন না।

(ক) যাঁহারা ছয় বৎসর গবর্ণমেণ্টের কর্ম্ম করিয়াছেন।

(খ) যাঁহারা এন্‌ট্রান্স পরীক্ষায় উত্তীর্ণ হইয়া তিন বৎসর গবর্ণমেণ্টের কর্ম্ম করিয়াছেন।

(গ) যাঁহারা ফার্ষ্ট আর্ট পরীক্ষায় উত্তীর্ণ হইয়া এক বৎসর গবর্ণমেণ্টের কর্ম্ম করিয়াছেন।

Provided that they have in each case attained and have held for not less than one year a responsible permanent appointment above that of copyist in one of the civil departments of the Government service, and can produce a sufficient certificate of ability, good conduct, and fitness for promotion from their official superiors.

(*d*) Persons who have taken a University degree in Arts, Law, Medicine, or Engineering

(*e*) Persons who may be specially authorized by Government to appear as candidates by a certificate under the hand of a Secretary to Government.

Persons eligible for admission as candidates for appointments of less than Rs 100 per mensem

4 The following persons will be also admitted as candidates for appointments of less than Rs 100 per mensem —

(*a*)—Persons who have served Government with credit and efficiency for not less than three years, whose thorough facility in the use of the vernacular is certified, and who pass a preliminary examination in English

(*b*)—Natives of Hindustan and of other districts which may be hereafter specially notified, who have served Government with credit and efficiency for not less than three years, and who can show that they have received a thoroughly good education in the vernacular

(*c*)—Persons who have passed the Entrance examination in one of the two first divisions

(*d*)—Persons who may be specially authorized by Government to appear as candidates by a certificate under the hand of a Secretary to Government

Certificate of character, &c

5 A certificate will be required from every candidate of his character, respectability, and general moral fitness,—such certificate being signed by two gentlemen of his own nationality, resident in the district of which he is a native or where he usually resides, and also signed by the Judge or Magistrate of such district The certificate of the two first named is expected to be based upon personal knowledge, and the certificate of the Judge or Magistrate to indicate that the gentlemen who have signed it are qualified by their position and character to give such a certificate, and that the Judge or Magistrate himself knows nothing to the prejudice of the candidate In the case of the town of Calcutta, instead of the signature of the Judge or Magistrate, the certificate should bear that of any Judge of the High Court, or the Commissioner of Police, or the Commissioner of the Presidency Division

[*Government Gazette*, 9*th July* 1872]

পরন্তু উক্ত প্রত্যেক জনের ইহা প্রয়োজন যে তিনি গবর্ণমেণ্টের দেওয়ানী অন্যতর কর্ম্মবিভাগে স্থিরতররূপে কেরাণীর কর্ম্মহইতে উচ্চ কোন দায়সংযুক্ত পদে এক বৎসরের অন্যূন কর্ম্ম করিয়া থাকেন ও আপনার উপরিস্থ কার্য্যকারকের স্থানে কর্ম্মক্ষমতার ও সদাচারিতার ও উচ্চ পদ পাইবার যোগ্যতার বিশিষ্ট সর্টিফিকট দেখাইতে পারেন।

(ঘ) যাঁহারা আর্ট কি ল কি চিকিৎসা কি ইঞ্জিনিয়রিং বিদ্যায় ইউনিবর্সিটীর উপাধি পাইয়াছেন।

(ঙ) যাঁহারা গবর্ণমেণ্টের অন্যতর সেক্রেটারী সাহেবের স্বাক্ষরিত সর্টিফিকটক্রমে পদাকাঙ্ক্ষিস্বরূপ উপস্থিত হওনার্থে গবর্ণমেণ্টের বিশেষ অনুমতি পান।

১০০৲ টাকার কম বেতনের পদাকাঙ্ক্ষিস্বরূপ যাঁহারা গ্রাহ্য হইতে পারিবেন তাঁহাদের কথা।

৪। নিম্নলিখিত প্রকারের ব্যক্তিরা মাসিক ১০০৲ টাকার কম বেতনের পদাকাঙ্ক্ষিস্বরূপ গ্রাহ্য হইতে পারিবেন।

(ক) যাহারা তিন বৎসরের অন্যূন কাল প্রশংসনীয় ও কর্ম্মোপযোগিরূপে গবর্ণমেণ্টের কর্ম্ম করিয়াছেন ও দেশীয় ভাষায় অনায়াসে কথাবার্ত্তা কহিবার সর্টিফিকট পান ও ইঙ্গরেজী ভাষার প্রথম পরীক্ষায় উত্তীর্ণ হন।

(খ) হিন্দুস্থানীয় এবং অন্য যেং প্রদেশের বিশেষ নোটিস পশ্চাৎ প্রচার হইতে পারিবে সেইং প্রদেশের যে ব্যক্তিরা তিন বৎসরের অন্যূন কাল প্রশংসনীয় ও কর্ম্মোপযোগিরূপে গবর্ণমেণ্টের কর্ম্ম করিয়াছেন, এবং দেশীয় ভাষা অতি উত্তমরূপে শিখিয়াছেন ইহা দেখাইতে পারেন।

(গ) যাঁহারা প্রথম দুই শ্রেণীর অন্যতর শ্রেণীতে এন্ট্রান্স পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন।

(ঘ) যাঁহারা গবর্ণমেণ্টের অন্যতর সেক্রেটারী সাহেবের স্বাক্ষরিত সর্টিফিকটক্রমে পদাকাঙ্ক্ষিস্বরূপ উপস্থিত হওনার্থে গবর্ণমেণ্টের বিশেষ অনুমতি পান।

আচারাদির সর্টিফিকটের কথা।

৫। পদাকাঙ্ক্ষি প্রত্যেক ব্যক্তির সদাচারিতার ও ভদ্রতার ও নীতিপক্ষে সাধারণ যোগ্যতার সর্টিফিকট দিতে হইবে। তিনি যে প্রদেশের লোক হন কি যে প্রদেশে বাস করেন সেই সর্টিফিকটে তথাকার স্বদেশীয় দুই সম্ভ্রান্ত ব্যক্তির এবং জিলার জজ কি মাজিস্ট্রেট সাহেবের স্বাক্ষর থাকিবে। প্রথমোক্ত দুই ব্যক্তি যে সর্টিফিকট দেন তাহা যেন তাঁহারা নিজে ঐ ব্যক্তির পরিচয় জানিয়া দেন ইহার অপেক্ষা থাকিবে এবং জজ কি মাজিস্ট্রেট সাহেব যে সর্টিফিকট দেন তন্মধ্যে পূর্ব্বোক্ত যে দুই ব্যক্তি ঐ সর্টিফিকটে স্বাক্ষর করিয়াছেন তাঁহাদের অবস্থা ও সুখ্যাতি বিবেচনায় তাঁহারা তদ্রূপ সর্টিফিকট দিবার যোগ্য ব্যক্তি ও জজ কি মাজিস্ট্রেট সাহেব ঐ পদাকাঙ্ক্ষির বিপক্ষ কিছু জানেন না এই মর্ম্মযুক্ত কথা থাকিবে। কলিকাতায় হইলে জজ কি মাজিস্ট্রেট সাহেবের স্বাক্ষরের পরিবর্ত্তে ঐ সর্টিফিকটে হাইকোর্টের অন্যতর জজের কিম্বা পোলীস কমিশ্যনর সাহেবের কি প্রেসীডেন্সী খণ্ডের কমিশ্যনর সাহেবের স্বাক্ষর থাকিবে।

6 Each candidate will be required to produce a certificate from a medical officer, who will be specially selected for the purpose, stating that the candidate is generally a man of sound health, that he has expressed his willingness to serve in any district of the Lower Provinces, and that he (the medical officer) believes him to be capable of doing so, so far as can be judged antecedently

Medical certificate.

৬। পদাকাঙ্ক্ষি প্রত্যেক ব্যক্তির চিকিৎসকের সর্টিফিকট দেখাইতে হইবে। সেই কার্য্যে চিকিৎসক বিশেষমতে মনোনীত হইবেন। ঐ পদাকাঙ্ক্ষী সাধারণমতে সুস্থ শরীর ও তিনি বঙ্গপ্রভৃতি দেশের যে কোন জিলায় কর্ম্ম করিতে স্বীকার করিয়াছেন ও অগ্রে যত দূর বিবেচনা হইতে পারে তত দূর আমি তাঁহাকে তদ্রূপে কর্ম্ম করিবার উপযুক্ত জ্ঞান করি তাঁহার সর্টিফিকটের এই মর্ম্ম হইবে।

চিকিৎসকের সর্টিফিকটের কথা।

7 (a)—Every candidate for an appointment of Rs 100 per mensem and upwards will also be required to prove that he can ride, and for this purpose he may apply to the Magistrate of the district, who will either satisfy himself on the point, or select some other person he thinks competent for that purpose The examiner must certify from his own personal observation that the candidate can ride not less than 12 miles at a rapid pace, and is in this respect competent for all practical purposes of district work, and if such examiner be not the Magistrate himself, the certificate must be countersigned by the Magistrate All candidates presenting themselves without such certificate will be required to appear before some person in Calcutta who will be selected for the purpose

Certificate of riding or walking

৭। (ক)।—১০০ টাকার ও তাহার অধিক মাসিক বেতনের পদাকাঙ্ক্ষি প্রত্যেক ব্যক্তি ঘোড়ায় চড়িতে পারেন ইহারও প্রমাণ দিতে হইবে। এতদর্থে তিনি জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকট প্রার্থনা করিতে পারিবেন তাহা হইলে মাজিষ্ট্রেট সাহেব আপনি দেখিয়া সেই বিষয় সন্তোষমতে জানিয়া লইবেন অথবা অন্য যে ব্যক্তিকে দক্ষ জ্ঞান করেন তাঁহাকে সেই বিষয় দেখিয়া জানিবার নিমিত্ত নিযুক্ত করিতে পারিবেন। যে ব্যক্তি পরীক্ষা করিয়া লন তিনি আপনি দেখিয়া এই মর্ম্মের সর্টিফিকট দিবেন যে, পদাকাঙ্ক্ষী ঘোড়ায় চড়িয়া অতিবেগে ১২ মাইলের অন্যূন যাইতে পারেন ও এতৎপক্ষে জিলাসংক্রান্ত যত কর্ম্মের আবশ্যক হয় সেই সকল কর্ম্মের উপযুক্ত। মাজিষ্ট্রেট সাহেব নিজে পরীক্ষা না করিলে সেই সর্টিফিকটে তাঁহার ক্রোড় স্বাক্ষর করিতে হইবে। কোন পদাকাঙ্ক্ষী সেই প্রকারের সর্টিফিকট না লইয়া উপস্থিত হইলে কলিকাতায় পরীক্ষা করিবার জন্যে যে ব্যক্তি মনোনীত হন তাঁহার সম্মুখে ঐ পদাকাঙ্ক্ষির উপস্থিত হইতে হইবে।

ঘোড়ায় চড়িবার কি হাঁটিবার সর্টিফিকটের কথা।

(b)—Every candidate for an appointment of less than Rs 100 will be required to prove either that he can ride as above, or that he can walk twelve miles within 3½ hours without difficulty or prostration, to be certified in the same manner as the riding

(খ) যাঁহারা ১০০ টাকার কম বেতনের পদাকাঙ্ক্ষী তাঁহারা পূর্ব্বোক্তমতে ঘোড়ায় চড়িতে পারেন কিম্বা ৩॥ ঘণ্টার মধ্যে অক্লেশে ও শ্রান্ত না হইয়া ১২ মাইল হাঁটিয়া যাইতে পারেন ইহার প্রমাণ দিতে হইবে। ঘোড়ায় চড়িতে পারিবার সর্টিফিকট যে প্রকারে পাইতে হইবে তাঁহার হাঁটিয়া যাইতে পারিবার সর্টিফিকট সেই প্রকারে পাইতে হইবে।

8 Previous to the other examinations, European candidates who have not passed any University examination will be required to pass an examination in English, in order to show that they possess a thorough knowledge of reading, writing, and arithmetic They must be able to write well, quickly, and correctly, from dictation, to compose a report, and to do all ordinary arithmetic correctly and quickly, which must be duly certified by the examiners

Examination of European candidates in English

৮। পদাকাঙ্ক্ষ যে ইউরোপীয় ব্যক্তিরা ইউনিবর্সিটীর কোন পরীক্ষায় উত্তীর্ণ হন নাই তাঁহারা উত্তমরূপে পড়িতে ও লিখিতে ও অঙ্ক কশিতে পারেন ইহা দেখাইবার জন্যে তাঁহাদের অন্যান্য পরীক্ষার পূর্ব্বে ইংরেজী ভাষায় পরীক্ষা দিতে হইবে। অন্য ব্যক্তি কোন পদ আওড়াইলে তাঁহাদের উত্তমরূপে ও ত্বরায় ও শুদ্ধরূপে সেই কথা লিখিতে পারা ও রিপোর্ট রচনা করিতে পারা ও সামান্য অঙ্ক শুদ্ধরূপে ও ত্বরায় কশিতে পারা আবশ্যক। এই২ বিষয়ে পরীক্ষকদের নিয়মিতরূপে সর্টিফিকট দিতে হইবে।

ইউরোপীয় পদাকাঙ্ক্ষিদের ইংরেজী ভাষায় পরীক্ষা দিবার কথা।

By European is meant any person whose native language is English or any other European tongue

যাঁহাদের মাতৃভাষা ইংরেজী কি ইউরোপীয় অন্য ভাষা "ইউরোপীয়" শব্দেতে তাঁহারদিগকে বুঝায়।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭২। ৯ জুলাই।]

Examination for all candidates.

9. Besides procuring the above certificates, all candidates, subject to certain exceptions hereinafter mentioned, will be required to pass an examination—

(1) In the Vernacular
(2) In Drawing, Surveying, and Engineering

They may also pass an examination—

(3) In Law
(4) In the Elements of Botany and Chemistry
(5) In Gymnastics

And a qualification in the three last subjects will count *pro tanto* in their favor

10 No candidate who does not pass in Law will be eligible for an appointment of Rs 100 and upwards For all appointments those who pass in the Elements of Botany and Chemistry and in Gymnastics will be preferred if they are otherwise fit

Examination in the Vernacular

Vernacular examination for native candidates.

11. All native candidates will be required to show that they can read and write office papers and orders in the vernacular with complete facility.

Vernacular examination for European candidates.

12 All European candidates will be examined as to their ability to speak and understand a vernacular language, to read it in print, and translate it Their knowledge of it must be sufficient to enable them to do business easily immediately on appointment.

Vernacular languages.

13. The vernacular language in which candidates will be required to pass under the two preceding rules may be either Bengali or Hindustani, Oorya or Assamese

Candidates who pass in Bengali only will not be eligible for vacancies in Behar, nor will candidates who pass in Hindustani only be eligible for vacancies in Bengal or Orissa.

Examination in Drawing, Surveying, and Engineering

14 Candidates will be examined in the following subjects :—

I. *Drawing,*
II *Surveying,*

সকল পদাকাঙ্ক্ষির পরীক্ষার কথা।

৯। পশ্চাল্লিখিত যে কএক ব্যক্তিকে বর্জ্জনীয় জ্ঞান করিতে হইবে তদ্ভিন্ন অন্য সকল পদাকাঙ্ক্ষির পূর্ব্বোক্ত সর্টিফিকট আনিবার অতিরিক্ত এই২ বিষয়ের পরীক্ষা দিতে হইবে।

(১)—দেশীয় ভাষার।
(২)—চিত্রবিদ্যার ও জরীপ করণ ও ইঞ্জিনিয়রিং বিদ্যার।

আরো তাঁহারা এই২ বিষয়ে পরীক্ষা দিতে পারিবেন।

(৩)—আইন।
(৪)—উদ্ভিদবিদ্যার ও কিমিয় বিদ্যার উপক্রমণিকা।
(৫)—ব্যায়াম বিদ্যা।

শেষোক্ত তিন বিষয়ের পরীক্ষা দিতে পারিলে তাঁহাদের পক্ষে অপেক্ষাকৃত ভাল হইবে।

১০। পদাকাঙ্ক্ষি কোন ব্যক্তি আইনের পরীক্ষায় উত্তীর্ণ না হইলে ১০০৲ টাকার ও তদূর্দ্ধ বেতনের পদে মনোনীত হইবার যোগ্য হইবেন না। যে পদের হউক যাঁহারা প্রকারান্তরে যোগ্য হইয়া উদ্ভিদ ও কিমিয়া ও ব্যায়াম বিদ্যার উপক্রমণিকায় উত্তীর্ণ হইতে পারেন তাঁহারাই অগ্রগণ্য হইবেন।

দেশীয় ভাষার পরীক্ষা।

দেশীয় ভাষায় এদেশীয় ব্যক্তিদের পরীক্ষার কথা।

১১। পদাকাঙ্ক্ষি এদেশীয় ব্যক্তিরা কাছারীর কাগজপত্র ও হুকুম অত্যন্ত সহজেই লিখিতে ও পড়িতে পারেন তাঁহাদের ইহা দেখাইতে হইবে।

দেশীয় ভাষায় ইউরোপীয় ব্যক্তিদের পরীক্ষার কথা।

১২। পদাকাঙ্ক্ষি ইউরোপীয় ব্যক্তিরা দেশীয় অন্যতর ভাষা কহিতে ও বুঝিতে ও সেই ভাষার ছাপা কাগজাদি পাঠ ও অনুবাদ করিতে পারেন কি না এই বিষয়ে তাঁহাদের পরীক্ষা লওয়া যাইবে। পদে নিযুক্ত হইলেই তাঁহারা অনায়াসে কর্ম্ম চালাইতে পারেন তাঁহাদের এইপর্য্যন্ত ভাষা জ্ঞান থাকা আবশ্যক।

দেশীয় ভাষার কথা।

১৩। পূর্ব্বোক্ত দুই বিধিমতে দেশীয় যেং ভাষায় পদাকাঙ্ক্ষিদের পরীক্ষা দিতে হইবে তাহা এই২। বাঙ্গালা কি হিন্দুস্থানী কি উড়িয়া কি আসামী।

পদার্থি যে ব্যক্তিরা কেবল বাঙ্গলা ভাষায় উত্তীর্ণ হন বেহারে পদ শূন্য হইলে তাঁহারা নিযুক্ত হইবার যোগ্য হইবেন না ও যাঁহারা কেবল হিন্দুস্থানী ভাষায় উত্তীর্ণ হন বঙ্গ কি উড়িষ্যা দেশে পদ শূন্য হইলে তাঁহারা নিযুক্ত হইবার যোগ্য হইবেন না।

চিত্রবিদ্যা ও জরীপকরণ ও ইঞ্জিনিয়রিং বিদ্যা পরীক্ষার কথা।

১৪। নিম্নলিখিত বিষয়ে পদাকাঙ্ক্ষিদের পরীক্ষা দিতে হইবে।

১। চিত্রবিদ্যা।
২। জরীপী করণ বিদ্যা। তন্মধ্যে

Including 1.—Mensuration.

2.—Surveying with chain and with compass and chain.

3.—Levelling.

4.—Construction of field-book, plotting, tracing on the ground.

5—Construction and use of scales

III. *Engineering,*

Including 1—General knowledge of properties of building materials in most common use, and of constructive trades

2—Estimating for a simple building or bridge

3.—Construction of simple buildings

4—Construction of simple roof and bridge trusses for small spans

5—Elements of road-making (including the construction of culverts and small bridges).

15 Candidates for appointments of Rs 100 per mensem and upwards, who have obtained an overseer's certificate, and candidates for appointments under Rs 100 per mensem, who have obtained a sub-overseer's certificate, will be exempted from examination in drawing, surveying, and engineering

Examination in Law

16 Candidates who possess a degree in Indian law will not be required to pass the examination in law

All others will be examined in the elements of the law prevailing in Bengal in the following branches —

(*a*) To qualify for the Police and Non-Regulation appointments

Criminal Law

Penal Code
New Code of Criminal Procedure

Police Act V of 1861

In this examination books will be allowed

(*b*) To qualify for Subordinate Executive Service and other civil appointments—

1. Criminal Law as in (*a*)
2 Revenue and General Law as follows —

Regulations I, XIII, and XLVIII of 1793, and XII of 1817

" I, II, and VIII of 1819

" VII of 1822, IX and XI of 1825, and IX of 1833

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৭২ । ৯ জুলাই ।]

১—ভূমিপরিমাপক।

২।—শিকল সহিত এবং কোম্পাস ও শিকল সহিত জরীপ।

৩।—লেবেলিং অর্থাৎ সমোচ্চতা।

৪।—খসড়া বহী প্রস্তুতকরণ ও নকশা তোলন ও ভূমিতে চিহ্নদেওন।

৫।—স্কেল প্রস্তুত করণ ও তদ্ব্যবহার।

৩। ইঞ্জিনিয়রিং। তন্মধ্যে

১।—গৃহাদি গাঁথিতে অতি সাধারণ যেই দ্রব্যের ব্যবহার হয় তাহার ও নির্ম্মাণ ব্যবসায়ের সাধারণ জ্ঞান।

২।—সামান্য ঘর কি সাঁকো প্রস্তুত করিবার ইষ্টিমেট করণ।

৩।—সামান্য ঘর নির্ম্মাণ করণ।

৪।—সামান্য ছাত এবং অল্প ওসার সাঁকোর ট্রেস নির্ম্মাণ করণ।

৫।—পথ ও তন্মধ্যে কলবর্ট ও ক্ষুদ্র২ সাঁকো প্রস্তুত করণের সারজ্ঞান।

১৫। মাসিক ১০০৲ টাকার ও তাহার অধিক বেতনের যে পদাকাঙ্ক্ষিরা ওবরসিয়রের সর্টিফিকট পান এবং মাসিক ১০০৲ টাকার ন্যূন যে পদাকাঙ্ক্ষিরা সব-ওবর্‌সিয়রের সর্টিফিকট পান চিত্রবিদ্যা ও জরীপকরণ ও ইঞ্জিনিয়রিং বিদ্যাতে তাঁহারদের পরীক্ষা দিতে হইবে না।

আইনে পরীক্ষার কথা।

১৬। পদাকাঙ্ক্ষি যে ব্যক্তিরা ভারতবর্ষীয় আইন সম্পর্কে উপাধি প্রাপ্ত হন, আইনে তাঁহারদের পরীক্ষা দিতে হইবে না।

অন্য সকল ব্যক্তি নিম্নলিখিত বিষয়ে বঙ্গদেশের প্রচলিত আইনের সারাংশে পরীক্ষা দিবেন।

(ক) পোলীসে এবং আইনবহির্ভূত প্রদেশে পদ পাইবার যোগ্যতা প্রাপণার্থে

ফৌজদারী আইন।

দণ্ডবিধির আইন।
ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের নূতন আইন।
পোলীস বিষয়ক ১৮৬১ সালের ৫ আইন।

এই পরীক্ষায় পুস্তক দেখিবার অনুমতি থাকিবে।

(খ) সবর্ডিনেট একসেকিটিব সার্বিসের ও সিবিল অন্য পদ পাইবার যোগ্য হওনার্থে

১। (ক) প্রকরণমতে ফৌজদারী আইন।
২। রাজস্ব সংক্রান্ত ও সাধারণ নিম্নলিখিত আইন।

১৭৯৩ সালের ১, ১৩ ও ৪৮ আইন এবং ১৮১৭ সালের ১২ আইন।

১৮১৯ সালের ১, ২, ও ৮ আইন।

১৮২২ সালের ৭ আইন ও ১৮২৫ সালের ৯ ও ১১ আইন ও ১৮৩৩ সালের ৯ আইন।

Acts IX of 1847, XXXI of 1858, and IV (B.C.) of 1868

„ XI of 1859.

Acts VII (B C.) of 1868 and VIII (B. C) of 1869.

„ XXI of 1856, XXIII of 1860

„ V of 1861

„ VIII of 1871.

„ X (B C.) of 1871.

Municipal Acts in force in Lower Bengal

In the examination for Revenue and General law books will not be allowed

(c) To qualify for the Opium Department

Act XXI of 1856.

„ XIII of 1857

The Board's rules for the guidance of officers in the Opium Department

In this examination books will not be allowed

18 Candidates will not be examined for Police, Non-Regulation, and Opium appointments, without special permission In the absence of such permission, all candidates must be examined in the subjects prescribed for civil appointments generally

19 Every candidate when submitting his application should state the subjects in which he desires to be examined, and annex certificates in the other subjects in which he is required by these rules to show that he is duly qualified. He must at the same time tender a fee for each subject in which he has to be examined, computed according to the scale given below, if he is a candidate for the higher class of appointments —

Procedure—Fees

	Rs
Elementary English examination for European candidates	8
Law .	8
Surveying and Engineering	8
Each vernacular	4
Medical examination	4
Riding or Walking examination	4

Candidates for appointments of less than Rs 100 per mensem will pay fees at half the above rates

It will be seen that the fee for the medical examination and for examination in one vernacular will be payable by all candidates, and the fee for the English examination by all Europeans liable to it In other subjects no fee will be required when a certificate is produced

20. Classes for teaching the above subjects including Riding and Gymnastics, will be o...c-

[*Government Gazette*, 9*th July* 1872.]

১৮৪৭ সালের ৯ আইন। ১৮৫৮ সালের ৩১ আইন ও ১৮৬৮ সালের বঙ্গীয় ৪ আইন।

১৮৫৯ সালের ১১ আইন।

১৮৬৮ সালের বঙ্গীয় ৭ আইন ও ১৮৬৯ সালের বঙ্গীয় ৮ আইন।

১৮৫৬ সালের ২১ আইন। ১৮৬০ সালের ২৩ আইন।

১৮৬১ সালের ৫ আইন।

১৮৭১ সালের ৮ আইন।

১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইন।

বঙ্গপ্রভৃতিদেশে যেং মুনিসিপল আইন প্রচলিত আছে।

রাজস্বসংক্রান্ত ও সাধারণ আইনের পরীক্ষা কালে পুস্তক দেখিবার অনুমতি নাই।

(গ) আফীম কর্ম্ম বিভাগের নিমিত্ত যোগ্য হওনার্থে।

১৮৫৬ সালের ২১ আইন।

১৮৫৭ সালের ১৩ আইন।

আফীম কর্ম্মবিভাগের কর্ম্মকারকদের কার্য্যপদ্ধতি দর্শানার্থে বোর্ডের বিধি।

এই পরীক্ষা কালে পুস্তক দেখিবার অনুমতি নাই।

১৮। বিশেষ অনুমতি না হইলে পোলীসের ও আইন বহির্ভূত প্রদেশের ও আফীমের কর্ম্ম বিভাগের পদাকাঙ্ক্ষিদের পরীক্ষা হইবে না। তদ্রূপ অনুমতি না দেওয়া গেলে দেওয়ানী সাধারণ পদের নিমিত্ত যেং বিষয় নির্দ্দিষ্ট হইয়াছে কেবল সেইং বিষয়ে পদাকাঙ্ক্ষিদের পরীক্ষা হইবে।

১৯। পদাকাঙ্ক্ষী কোন্ং বিষয়ে পরীক্ষা দিতে চাহেন প্রার্থনাপত্র দেওন সময়ে তিনি ইহা ব্যক্ত করিবেন। এবং এই বিধিমতে অন্যং বিষয়ে তাঁহার যোগ্যতার যেং সর্টিফিকট দেখাইবার বিধান হইল ঐ পত্র সহিত তাহাও দিবেন। আরো উচ্চ শ্রেণীর পদাকাঙ্ক্ষি হইলে যেং বিষয়ে পরীক্ষা দিতে চাহেন সেইং বিষয়ের নিমিত্ত নিম্নলিখিত হারে তাঁহার ফী দিতে হইবে।

কার্য্য প্রণালীর ও ফীর কথা।

ইউরোপীয় পদাকাঙ্ক্ষিদের ইঙ্গলণ্ডীয় ভাষায় উপক্রমণিকার পরীক্ষার ...	৮৲
আইন	৮৲
ভূমিপরিমাপণ ও ইঞ্জিনিয়রং বিদ্যার ..	৮৲
দেশীয় প্রত্যেক ভাষার	৪৲
চিকিৎসকের পরীক্ষার নিমিত্ত ...	৪৲
অশ্বারোহণের কি হাঁটিবার ঐ ঐ	৪৲

মাসিক ১০০ টাকার কম বেতনের পদাকাঙ্ক্ষিরা পূর্ব্বোক্ত হারের অর্দ্ধেক ফী দিবেন।

মন্তব্য। চিকিৎসকের পরীক্ষার ও দেশীয় কোন এক ভাষার পরীক্ষার নিমিত্ত প্রত্যেক জন পদাকাঙ্ক্ষির ফী দিতে হইবে। ইঙ্গলণ্ডীয় ভাষার পরীক্ষার ফী ইউরোপীয় লোকদের দিতে হইবে। অন্যান্য বিষয়ের সর্টিফিকট উপস্থিত করা গেলে ফী লাগিবে না।

২০। পূর্ব্বোক্ত বিষয় এবং অশ্বারোহণ ও ব্যায়াম শিক্ষা করিবার কেলাস অগোণে হুগলী কালেজে খোলা

diately opened at the Hooghly College, and the best arrangements possible for the same purpose will be made at the Patna College.

21 To every candidate who passes the examinations above prescribed, a certificate will be given stating the subjects in which he has passed, and that he is qualified for a Civil appointment, or for an appointment in the Police, or the Opium Department, as the case may be

Certificate of qualification

N B —This certificate will give no claim to an appointment

C BERNARD,
Offg Secy to the Govt of Bengal

RESOLUTION

The 2nd July 1872 —With reference to the notification regarding the examination for civil appointments to be held in February next, and to the promise therein contained that classes for teaching the prescribed subjects will be immediately opened in the Hooghly College, the Lieutenant-Governor, after considering the reports of a committee on the subject, is pleased to sanction the following arrangements, and to direct that the classes shall be opened on 1st August next, or sooner if possible

2 Eventually it is proposed to establish a two years' course for the purpose of teaching the prescribed subjects, but in the meantime a short course will be at once undertaken, in order to secure an early supply of candidates fitted for the public service, by adding to a good general education already received by capable and vigorous young men so much of the special subjects now required as may be attainable by earnest students in the time intervening before the examination

3 Under instructions communicated to him, the Director of Public Instruction will at once obtain for the Hooghly College the best man he can find to teach drawing, surveying, and engineering Probably an assistant on Rs 50 or Rs 75 per mensem would suffice, instead of an independent teacher, to enable him to carry on the ordinary school classes on these subjects as well as the college classes

4 The Lieutenant-Governor is pleased to sanction the entertainment of a qualified man from the Medical College on a salary of Rs 200 per mensem to teach the elements of Botany and Chemistry, and of a competent Bachelor of Law on Rs 100 per mensem to teach the Criminal,

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭২। ৯ জুলাই।]

যাইবে এবং পাটনা কালেজেও সাধ্যমতে সেই২ বিষয় শিক্ষা করিবার উত্তম নিয়ম করা যাইবে।

২১। কোন পদাকাঙ্ক্ষী পূর্ব্বোক্ত পরীক্ষায় উত্তীর্ণ হইলে তাহাকে সর্টিফিকট দেওয়া যাইবে। তাহার মর্ম্ম এই, ইনি অমুক২ বিষয়ের পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন, এবং দেওয়ানী পদ কিম্বা বিষয়বিশেষে পোলীসের কি আফীমের কর্ম্ম বিভাগে কর্ম্ম পাইবার যোগ্য।

কর্ম্ম ক্ষমতার সর্টিফিকটের কথা।

মন্তব্য।—এই সর্টিফিকট পাইলেও কর্ম্ম পাইবার কোন দাওয়া হইতে পারিবে না।

সি বর্ণার্ড,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

নির্দ্ধারণ।

১৮৭২ সাল ২ জুলাই।—আগামি ফেব্রুআরি মাসে দেওয়ানী পদাকাঙ্ক্ষিদের পরীক্ষার পূর্ব্বোক্ত জ্ঞাপনপত্রের উপলক্ষে, ও তন্নির্দ্দিষ্ট বিষয় শিক্ষা করিবার জন্যে হুগলী কালেজে অগোণে কেলাস করিবার যে প্রতিজ্ঞা করা গেল তদুপলক্ষে শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব কমিটীর তদ্বিষয়ের রিপোর্ট বিবেচনা করিয়া নিম্নলিখিত নিয়ম করিয়াছেন ও আগামি আগষ্ট মাসের ১ তারিখঅবধি কিম্বা সাধ্য হইলে তৎপূর্ব্বে ঐ কেলাস খুলিবার আজ্ঞা করিয়াছেন।

২। ইহার পরে উক্ত নির্দ্দিষ্ট বিষয় শিক্ষা করিবার জন্যে দুই বৎসরের কোর্স স্থাপন করিবার কল্পনা আছে। ইতি মধ্যে ক্ষমতাশীল ও সযত্ন যুবকগণ সাধারণ যে বিদ্যার উত্তম শিক্ষা প্রাপ্ত হইয়াছেন তদতিরিক্ত বিশেষ যে২ বিষয় প্রয়োজন বলিয়া নির্দ্দিষ্ট হইল পরীক্ষা দিবার পূর্ব্বে এই কএক মাসে ব্যগ্রচিত্তে যত দূর উক্ত বিষয়ের শিক্ষা গ্রহণ করিতে পারেন তাহারদিগকে তত দূর শিক্ষা দিয়া রাজকার্য্যের উপযুক্ত কর্ম্মকারক ত্বরায় প্রাপ্ত হওয়া যায় এই নিমিত্তে এইক্ষণে অল্পকালের কোর্স আরম্ভ হইবে।

৩। সাধারণের শিক্ষাসংক্রান্ত ডাইরেক্টর সাহেবকে যে আদেশ দেওয়া গেল তদনুসারে তিনি চিত্র বিদ্যা ও জরীপ করণ ও ইঞ্জিনিয়রিং বিদ্যা শিক্ষা দিবার জন্যে অতি বিজ্ঞ যে ব্যক্তিকে পাইতে পারেন হুগলী কালেজে তাঁহাকে নিযুক্ত করিবেন। সেই কর্ম্মে স্বতন্ত্র এক জন শিক্ষককে নিযুক্ত না করিয়া মাসে ৫০ কি ৭৫ টাকা দিয়া এক জন আসিষ্টাণ্ট শিক্ষককে নিযুক্ত করিলে বোধ হয় কার্য্য চলিতে পারিবে। তিনি যেমন কালেজের কেলাসে শিক্ষা দিয়া থাকেন তেমনি উক্ত বিষয়ের সাধারণ স্কুল কেলাসেও শিক্ষা দিতে পারিবেন।

৪। উদ্ভিদবিদ্যা ও কিমীয় বিদ্যার উপক্রমণিকা শিক্ষা দিবার জন্যে শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব মেডিকাল কালেজের কোন সুযোগ্য ব্যক্তিকে মাসে ২০০৲ বেতন দিয়া নিযুক্ত করিবার অনুমতি দিয়াছেন। এবং ফৌজদারী ও রাজস্ব সংক্রান্ত ও সাধারণ যে২ আইনে পরীক্ষা দিতে হইবে সেই আইন শিক্ষা করাইবার জন্যে

Revenue, and General Law, required for the examination

5. A suitable gymnasium will be set up immediately in the college, and an allowance of Rs 40 per mensem is sanctioned for a teacher. Swimming and other athletic exercises will be included under the title of gymnastics Arrangements will also be made to engage the services of a competent horseman with a couple of horses to teach riding.

6. All students of the college, and other persons whom the Principal may consider to be fit and eligible, and possessed of a sufficient education, will be admitted to the civil service class on payment of the ordinary college fees as now charged for Mahomedans and others respectively, that is to say, 1 rupee per mensem for Mahomedans, and Rs 5 per mensem for all others Boys of the upper classes of the collegiate school whom the Principal may consider to be fit and to be qualified to pass with credit the next University Entrance Examination may be admitted if they desire it

7. An extra fee of Rs 10 (once for all) will be charged for instruction in riding

8 Students who elect to follow the full civil service course must continue to attend the English classes and any classes in which arithmetic and writing are taught, but attendance in the other classes will be optional with them

9 Permission having been given to the present scholarship-holders to attend this course, no special scholarships need at present be provided for

10 The following elementary books on Botany and Chemistry, as proposed by the Committee, will be studied by the students attending the civil service class, viz —

Oliver's Manual of Indian Botany

Roscoe's Lessons on Elementary Chemistry

11 The following sums are sanctioned for the necessary preparations and apparatus, viz —

	Rs
For adapting the college building for class rooms	1,500
For school furniture	1,500
For a gymnasium, with apparatus	1,000
Apparatus for lectures on Drawing, Surveying, and Engineering	1,000
Apparatus for Botany and Chemistry	1,000
Total	6,000

ব্যক্তির অন্ততঃ উপাধি প্রাপ্ত সুযোগ্য ব্যক্তিকে মাসে ১০০৲ টাকা দিয়া নিযুক্ত করিবার অনুমতি দিয়াছেন।

৫। কালেজে ব্যায়াম বিদ্যা শিক্ষা করিবার প্রয়োজনীয় স্থান ও দ্রব্যাদি অচিরাৎ যোগাড়িয়া দেওয়া যাইবে ও শিক্ষকের মাসে ৪০৲ টাকা বেতন ধার্য্য হইয়াছে। ব্যায়াম বিদ্যার মধ্যে সাঁতার দেওয়া ও শারীরিক বলবৃদ্ধির অন্যং ক্রীড়া ধরা যাইবে। আরো অশ্বারোহণের শিক্ষা দিবার জন্যে অতিউত্তম এক জন অশ্বারোহিকে নিযুক্ত করিবার ও দুইটা ঘোড়া রাখিবার নিয়ম করা যাইবে।

৬। মুসলমান ও অন্যং ছাত্রের স্থানে কালেজের যে সাধারণ ফী লওয়া গিয়া থাকে কালেজের সকল ছাত্র এবং কালেজের প্রিন্সিপলের বিবেচনায় অন্য যে ব্যক্তিরা যোগ্য ও নিযুক্ত হইবার উপযুক্ত হন ও যথোপযুক্ত শিক্ষাপ্রাপ্ত হইয়াছেন তাঁহারাও সেই ফী দিলে সিবিল সর্বিসের কেলাসে গ্রাহ্য হইবেন। ঐ ফী এই হারে লওয়া গিয়া থাকে অর্থাৎ মুসলমান ছাত্রের মাসে ১৲ টাকা ও অন্য সকলের মাসে ৫৲ টাকা। কালেজিয়ট স্কুলের ঊর্দ্ধ শ্রেণীর যে ছাত্রেরা প্রিন্সিপলের বিবেচনায় সুযোগ্য হন ও ইউনিবর্সিটীর আগামি এন্ট্রান্স পরীক্ষায় যাঁহারা প্রশংসিতমতে উত্তীর্ণ হইবার উপযুক্ত হন তাঁহারাও ইচ্ছা করিলে গ্রাহ্য হইতে পারিবেন।

৭। অশ্বারোহণ শিক্ষা করিবার জন্যে ১০৲ টাকা অতিরিক্ত ফী কেবল একবার লওয়া যাইবে।

৮। যে ছাত্রেরা সিবিল সর্বিসের সম্পূর্ণ কোর্স অধ্যয়ন করিতে মনস্থ করেন ইঙ্গরেজী ভাষা শিক্ষার কেলাসে ও যেং কেলাসে অঙ্ক বিদ্যা ও লিখিবার রীতি শিক্ষা হয় তাঁহাদের সেইং কেলাসে উপস্থিত হইতে হইবে অন্যান্য কেলাসে স্বেচ্ছামতে যাউন না না যাউন।

৯। এইক্ষণে যাঁহারা ছাত্রবৃত্তিধারী আছেন তাঁহাদের প্রতি সেই কোর্স শিক্ষা করিবার অনুমতি হইয়াছে অতএব এই সময়ে বিশেষ ছাত্রবৃত্তির বিধান করা প্রয়োজন নাই।

১০। যে ছাত্রেরা সিবিল সর্বিস কেলাসে যান কমিটীর প্রস্তাবানুসারে উদ্ভিদ ও কিমিয়া বিদ্যার উপক্রমণিকার নিম্নলিখিত পুস্তক তাঁহাদের অধ্যয়ন করিতে হইবে।

Oliver's manual of Indian Botany

Roscoes Lessons on Elementary Chemistry

১১। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্ত স্থানাদি প্রস্তুত করিবার ও যন্ত্রাদি যোগাইবার জন্যে নিম্নলিখিত টাকা ব্যয় হইবার অনুমতি হইয়াছে।

কালেজে কেলাস বসিবার উপযুক্ত ঘর করিবার নিমিত্ত	১৫০০৲
স্কুলের সরঞ্জাম	১৫০০৲
ব্যায়ামের স্থান ও দ্রব্যাদি	১০০০৲
চিত্র ও জরীপ করণ ও ইঞ্জিনিয়রিং বিদ্যার লেকচরের সরঞ্জাম	১০০০৲
উদ্ভিদ ও কিমীয় বিদ্যার নিমিত্ত সরঞ্জাম	১০০০৲
মোটে	৬০০০৲

12. The following allowances are also sanctioned, viz —

	Rs	
For chemicals ..	25	per mensem
For a mallee	10	„
For a compounder to assist in lectures on Chemistry	12	„
Total .	47	per mensem

13 An allowance of Rs 100 per mensem is also sanctioned for a lecturer on the prescribed law subjects at Patna

14 Competent teachers of Drawing, Surveying, and Engineering, have already been sent to Patna, Dacca, and Cuttack

C BERNARD,
Offg Secy to the Govt of Bengal

JUDICIAL AND POLITICAL DEPARTMENTS

No 883J

APPOINTMENTS

The 27th June 1872 —Babu Pyari Mohun Chowdhuri to be a Member of the Committee for the management of the Charitable Dispensary and Hospital at Sherpore in Mymensing

The 1st July 1872 —Mr John Briscoe Birch to officiate as District Superintendent of Police, Tipperah, during the absence, on duty, of Mr J Masters, or until further orders

Babu Jogendranath Bose, B L, to officiate as Moonsiff of Nattore, during the absence, on leave, of Babu Nobogopal Mullick, or until further orders

The 2nd July 1872 —Babu Braja Behary Shome, B L, to officiate as Moonsiff of Ghattal in Hooghly, during the absence, on duty, of Babu Uma Churn Kastogry, or until further orders

LEAVE OF ABSENCE

The 1st July 1872 —Captain William Brereton Birch, Officiating District Superintendent of Police, Tipperah, is allowed subsidiary leave for fifteen days to enable him to proceed on furlough

The 2nd July 1872 – Babu Punchanun Banerjee, Judge of the Small Cause Courts of Hooghly, Serampore, and Howrah, for twenty days on medical certificate, under Section 3, Supplement F, of the Civil Leave Code, from the 25th June last Babu Punchanun Banerjee is authorized to make over charge of his offices to the Clerk of the Courts

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭২। ৯ জুলাই]

১২। নিম্নলিখিত টাকাও খরচ করিবার অনুমতি হইল।

রাসায়নিক দ্রব্যের নিমিত্তে মাসে	২৫৲
মালির বেতন ..	১০৲
কিমীয় বিদ্যার লেকচর হইলে সহকারিতা করণার্থে এক জন কমপৌণ্ডর মাসে	১২৲
মোটে মাসে	৪৭৲

১৩। আইনসংক্রান্ত যেং বিষয় নির্দ্দিষ্ট হইয়াছে পাটনায় সেংং বিষয়ের লেকচর দিবার নিমিত্ত মাসে ১০০৲ টাকার অনুমতি হইয়াছে।

১৪। চিত্র বিদ্যা ও জরীপ করণ ও ইঞ্জিনিয়রিং বিদ্যা শিক্ষাইবার অতি যোগ্য শিক্ষকদিগকে পাটনায় ও ঢাকায় ও কটকে প্রেরণ করা গিয়াছে।

সি, বর্ণার্ড,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

জুডিশ্যাল ও পলিটিকল ডিপার্টমেণ্ট।

৮৮৩J নম্বর।

নিয়োগ।

১৮৭২ সাল ২৭ জুন।—শ্রীযুক্ত বাবু পেয়ারীমোহন চৌধুরী ময়মুনসিংহের অন্তর্গত শেরপুরস্থ দাতব্য ঔষধালয়ের ও হাস্পাতালের কার্য্য সম্পাদনার্থ কমিটির মেম্বর হইবেন।

১৮৭২ সাল ১ জুলাই।—রাজকার্য্যোপলক্ষে শ্রীযুক্ত জে মাস্টর্স সাহেবের অনুপস্থান কালে অথব অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুক্ত জান ব্রিস্কো বর্চ সাহেব ত্রিপুরার পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু নবগোপাল মল্লিকের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুক্ত বাবু যোগেন্দ্রনাথ বসু, বি, এল, নাটোরের মুনসেফের কর্ম্ম করিবেন।

১৮৭২ সাল ২ জুলাই।—রাজকার্য্যোপলক্ষে শ্রীযুক্ত বাবু উমাচরণ কাষ্টগিরির অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুক্ত বাবু ব্রজবেহারী সোম, বি, এল, হুগলীর অন্তর্গত ঘাটালের মুনসেফের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৭২ সাল ১ জুলাই।—ত্রিপুরার পোলীসের একটিং ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট কাপ্তান শ্রীযুক্ত উলিয়ম ব্রিরটন বর্চ সাহেব নিয়মিত ছুটী লইয়া গমন করিতে পারিবার নিমিত্ত পনের দিন ছুটী পাইয়াছেন।

১৮৭২ সাল ২ জুলাই।—হুগলী, শ্রীরামপুর ও হাবড়ার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ শ্রীযুক্ত বাবু পঞ্চানন বন্দ্যোপাধ্যায় চিকিৎসকের সর্টিফিকটক্রমে গত জুন মাসের ২৫ তারিখ অবধি দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে বিশ দিন ছুটী পাইয়াছেন। তিনি আপন কর্ম্মের ভার ঐং আদালতের ক্লার্কের প্রতি অর্পণ করিবেন।

NOTIFICATION

The 25th June 1872 —The Lieutenant-Governor is pleased to accept the resignation tendered by Mr James Murdoch of his appointment as a Municipal Commissioner for the Suburbs of Calcutta.

The 27th June 1872 —The Lieutenant-Governor is pleased to accept the resignation tendered by Mr Henry Lucius Dampier of his seat in the Council of the Lieutenant-Governor of Bengal for the purpose of making laws and regulations in the Bengal Division of the Presidency of Fort William

A MACKENZIE,
Offg Secy to the Govt of Bengal

[First Publication]

The following Bye-laws, under Act IV (B C) of 1871 (Sanitation of Pooree, &c) have been approved by His Honor the Lieutenant-Governor —

PART I

On the appointment and constitution of a committee to aid in carrying out Act IV (B C) of 1871

1 For the purposes of this Act the "town of Pooree" shall be considered all the land within a circle with a radius of five miles from the great temple

2 A committee, consisting of three official and three non-official members, shall be appointed to assist the Magistrate and Health Officer in carrying out the provisions of the Act

3 On the 1st of December in each year the Magistrate shall nominate the members to serve on the committee during the ensuing calendar year, and shall report the nomination for the sanction of the local Government

4 In the event of the death, removal, or resignation of any member of the committee during his year of office, an official member shall be succeeded by the successor to his appointment or any other official, and in the case of a non-official member, his successor shall be appointed by the remainder of the committee

---

PART II

Rules for the conduct of business

5 That a meeting of the local committee appointed by the local Government to assist the Magistrate and the Health Officer to carry out the provisions of the Act, shall be held for the

[*Government Gazette, 9th July* 1872]

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ২৫ জুন।—শ্রীযুত জেমস মর্ডক সাহেব কলিকাতা শাখানগরের মুনিসিপাল কমিশ্যনরের পদ ত্যাগ করণার্থে যে পত্র অর্পণ করেন শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব তাহা গ্রাহ্য করিয়াছেন।

১৮৭২ সাল ২৭ জুন।—শ্রীযুত হেনরি লুসিয়স্ ডাম্পিয়র সাহেব ফোর্ট উলিয়ম প্রেসিডেন্সার বঙ্গদেশ খণ্ডের আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের মন্ত্রিসভার সভাপদ ত্যাগ করণার্থে যে পত্র অর্পণ করেন শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব তাহা গ্রাহ্য করিয়াছেন।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটারী।

[প্রথমবার প্রকাশিত]

মান্যবর শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব পুরী নগরের স্বাস্থ্যরক্ষা প্রভৃতি বিষয়ক ১৮৭১ সালের বঙ্গীয় ৪ আইনমত নিম্নলিখিত উপবিধি অনুমোদন করিয়াছেন।

১ অধ্যায়।

১৮৭১ সালের বঙ্গীয় ৪ আইনের উদ্দেশ্য সফল করণার্থ কমিটীর নিয়োগ ও সংস্থাপনের কথা।

১। এই আইনের কার্য্যপক্ষে বড় মন্দিরহইতে চতুর্দ্দিগে ৫ মাইল পর্য্যন্ত যত ভূমি আছে "পুরীনগর" শব্দে সেই সকল ভূমি জানিতে হইবে।

২। এই আইনের বিধান সফল করণ কার্য্যে মাজিষ্ট্রেট ও স্বাস্থ্যরক্ষক সাহেবের উপকার করণার্থে রাজকীয় তিন জন কার্য্যকারককে ও যাঁহারা রাজকীয় কার্য্যকারক নহেন এমত তিন জনকে লইয়া কমিটী হইবে।

৩। ইংলণ্ডীয় পঞ্জিকামত কোন বৎসরে যেং ব্যক্তি কমিটীর অন্তর্গত থাকিবেন মাজিষ্ট্রেট সাহেব তৎপূর্ব্ব বৎসরের ডিসেম্বর মাসের ১ তারিখে তাঁহারদের নাম লিখিয়া স্থানীয় গবর্ণমেন্টের অনুমোদনের জন্যে প্রেরণ করিবেন।

৪। কমিটির অন্তর্গত কোন ব্যক্তি যে বৎসরে পদস্থ থাকেন সেই বৎসরে মরিলে কি স্থানান্তরে গেলে কি পদ ত্যাগ করিলে, তিনি রাজকীয় কার্য্যকারক হইলে যে ব্যক্তি তাঁহার পদ প্রাপ্ত হন তিনি কিম্বা রাজকীয় অন্য কার্য্যকারক তৎস্থানে কমিটীর মেম্বর হইবেন। রাজকীয় কার্য্যকারক না হইলে কমিটীর অবশিষ্ট ব্যক্তিরা তাঁহার পরিবর্ত্তে অন্য ব্যক্তিকে নিযুক্ত করিবেন।

---

২ অধ্যায়।

কার্য্য চালাইবার বিধি।

৫। আইনের বিধান সফল করণ কার্য্যে স্থানীয় গবর্ণমেন্ট মাজিষ্ট্রেট ও স্বাস্থ্যরক্ষক সাহেবের উপকার করণার্থে যে স্থানীয় কমিটী নিযুক্ত করেন তাঁহারা প্রতি মাসের ৫ তারিখে কার্য্য নিষ্পাদন করিবার ও

transaction of business and inspection of accounts at the office of the Magistrate on the fifteenth of every month, not being a Sunday or holiday, in which case the meeting shall be held on the next open office day, provided that it shall be lawful for the Magistrate to call a meeting at any other time during the month, recording his reasons for doing so.

6 That notice of every meeting shall be given to each member at least four clear days before the day appointed for the meeting

7 No question shall be finally decided on the first occasion it is brought before the committee, unless the nature of the question has been fully described in the notice prescribed by the last bye-law

8 That the subject or subjects brought before the committee shall be decided by a majority of votes In the event of divisions, the Magistrate or, in his absence, the Health Officer shall have a casting vote

9 The Health Officer shall be ex-officio Secretary to the committee, and the Magistrate, President, the proceedings of every meeting shall be recorded by the Secretary in a book kept for the purpose

Part III

On the receipt and disbursement of monies under the Act

10 On the 15th of March in each year a budget of probable receipts and of proposed expenditure during the ensuing year shall be submitted for the sanction of the Government

11 It shall be competent for the committee, subject to the orders of Government, to transfer sums from one item of the budget to another, provided that the total expenditure be not exceeded, and provided that an annual review of the same be submitted to the Commissioner

12 In forming every annual estimate an amount not exceeding 25 per cent shall be reserved for emergent contingencies, such as a sudden outbreak of cholera and sickness, and necessity for employment of extra and special establishment

13 At the close of every year the Magistrate shall submit a report on the working of the Act during the year, showing the works of improvement and conservancy carried out, and a detailed account of the receipts and expenditures during the year, and the balance in hand at its close This report shall be forwarded through the Commissioner to Government

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭২ ৯ জুলাই।]

হিসাব দেখিবার জন্যে মাজিষ্ট্রেট সাহেবের কাছারীতে অধিবেশন করিবেন। সেই ১৫ তারিখ রবিবার কি বন্ধের দিন হইলে তৎপশ্চাৎ যে দিনে কাছারী খোলা হয় সেই দিনে অধিবেশন করিবেন। কিন্তু মাজিষ্ট্রেট সাহেব মাসের মধ্যে অন্য কোন দিনে কমিটীর অন্তর্গত ব্যক্তিদিগকে আহ্বান করিতে চাহিলে কারণ লিখিয়া অধিবেশন করাইতে পারিবেন।

৬। অধিবেশনের যে দিন নিরূপণ হয়, তাহার সম্পূর্ণ চারি দিন থাকিতে প্রত্যেক জন মেম্বরকে ঐ অধিবেশনের নোটিস দেওয়া যাইবে।

৭। ইহার পূর্ব্ব উপবিধিতে যে নোটিস দিবার বিধি হইয়াছে তন্মধ্যে অধিবেশন কালীন বিবেচ্য কোন বিষয়ের ভাব সম্পূর্ণরূপে নির্দ্দিষ্ট না থাকিলে, কোন বিষয় প্রথমবার কমিটীর সম্মুখে উপস্থিত করা গেলেই চূড়ান্তরূপে নিষ্পত্তি করা যাইবে না।

৮। কমিটীর সম্মুখে যে কোন বিষয় উপস্থিত করা যায় কমিটীর অন্তর্গত ব্যক্তিদের মতের আধিক্যানুসারে সেই বিষয়ের নিষ্পত্তি হইবে। মত বিভেদ হইয়া সমতুল্য সংখ্যক ব্যক্তির দুই মত থাকিলে মাজিষ্ট্রেট সাহেবের ও তাঁহার অনুপস্থানে স্বাস্থ্যরক্ষক সাহেবের মত প্রবল হইবে।

৯। স্বাস্থ্যরক্ষক সাহেব স্বীয় পদোপলক্ষে কমিটীর সেক্রেটারী ও মাজিষ্ট্রেট সাহেব সভাপতি হইবেন। সেক্রেটারী একখান বহী রাখিয়া তন্মধ্যে প্রত্যেক অধিবেশন কালীন কার্য্যের বিবরণ লিখিবেন।

৩ অধ্যায়।

আইনমতে টাকা জমা ও খরচ করিবার বিধি।

১০। প্রতিবৎসর মার্চ মাসের ১৫ তারিখে আগামি বৎসরের সম্ভাবিত জমার ও প্রস্তাবিত খরচের অনুমানপত্র গবর্ণমেণ্টের অনুমোদনার্থে অর্পণ করা যাইবে।

১১। কমিটী গবর্ণমেণ্টের অনুমতি লইয়া অনুমান পত্রালিখিত কোন টাকা এক দফাহইতে উঠাইয়া অন্য দফায় খরচ করিতে পারিবেন কিন্তু মোট টাকার অধিক খরচ না হয়, ও বৎসর২ তাহার বর্ণনাপত্র কমিশ্যনর সাহেবের সম্মুখে অর্পণ করা যায়।

১২। বৎসরের মধ্যে ওলাউঠা কি অন্য রোগের সঞ্চার হইবার সম্ভাবনাপ্রযুক্ত অতিরিক্ত ও বিশেষ আমলাগণ নিযুক্ত করা আবশ্যক হইতে পারে ইত্যাদি কারণে বৎসরের অনুমানপত্র প্রস্তুত করিতে গেলে, অত্যাবশ্যক স্থলের নৈমিত্তিক খরচ বলিয়া শতকরা ২৫ টাকার অনধিক ধারতে হইবে।

১৩। বৎসরের মধ্যে আইনমত কার্য্য কিরূপে চলিয়াছে ও নগর উৎকৃষ্ট ও সৌষ্ঠব করণের কিং কার্য্য করা গিয়াছে ও কত টাকা জমা ও খরচ হইয়াছে ও বৎসরের অবসানে কত টাকা উদ্বর্ত্ত থাকিল মাজিষ্ট্রেট সাহেব প্রতি বৎসরের শেষে এই সকল কথার রিপোর্ট অর্পণ করিবেন। ঐ রিপোর্ট কমিশ্যনর সাহেবের দ্বারা গবর্ণমেণ্টের নিকট পাঠান যাইবে।

Part IV

14. If any person shall carry night-soil or other offensive matter through the town otherwise than in a closely covered receptacle, he shall be liable to a fine not exceeding Rs 5.

15 The committee shall open a register of the sweepers engaging for the various quarters of the town, specifying the name or names of the sweepers engaging for each of the limits of the quarter, for whose cleanliness they are responsible, the spots fixed under section 24 of the Act, in which they are bound to deposit dirt, and any other detail may seem necessary Any sweeper neglecting to remove night-soil from any part of the quarter for which he is responsible once in twenty-four hours shall be liable for each omission to a fine not exceeding Re 1

16 The Magistrate may issue notice to any occupier of house or land within the town ordering him to remove any *tati* privy or urinal that he may have kept within ten feet of any public road or street, such notice shall give a specific term for removal of the privy, &c , or for application to have the notice withdrawn, and except the notice be withdrawn by the Magistrate on due cause shown, the keeper of the privy, &c , shall be liable to a daily fine not exceeding Rs 3 from the date of expiry of the notice, or of final order until the privy, &c , be removed

17 If any person shall bury or allow to be buried within limits, &c , leave night-soil or other offensive matter within the premises occupied by him, he shall be liable to a fine which may extend to Rs 20 Provided that this penalty shall not extend to manure heaps until notice to remove them have been issued by the Health Officer The Magistrate may issue notice ordering any person to remove any offensive matter that may be buried on the premises occupied by him within limits, &c , within a specific term Any person neglecting to comply with such notice shall be liable to a daily fine not exceeding Rs 2 from the date of the expiry of notice

18 If any person shall dispose, or cause to be disposed of, within the limits of Pooree any corpse or part of a corpse otherwise than by burning or burying it at or in some burning or burial ground specially set apart for that purpose, fixed by the Magistrate, with the assent of the Health Officer for that purpose, he shall be liable to a fine not exceeding Rs 10

19 Whoever shall keep carts and bullocks or any cattle in any public place within the limits of Pooree for more than twenty-four hours, except

৪ অধ্যায়।

১৪। কোন ব্যক্তি মলাদি কোন দুর্গন্ধ দ্রব্য উত্তম-রূপে বন্ধ কোন আধারে না রাখিয়া নগরের মধ্য দিয়া লইয়া গেলে তাহার ৫ টাকা পর্য্যন্ত জরিমানা হইতে পারিবে।

১৫। নগরের মাঝা পরিষ্কার রাখিবার নিমিত্ত যে মেহতরদিগকে নিযুক্ত করা যায় কমিটী রেজিষ্টরী বহী রাখিয়া তন্মধ্যে তাহাদের নাম লিখিয়া রাখিবেন ও পল্লির যে সীমাপর্য্যন্ত পরিষ্কার রাখিবার নিমিত্ত যে ব্যক্তিরা দায়ী আছে ও আইনের ২৪ ধারামতে তাহাদের যেং স্থানে মলাদি ফেলিতে হইবে ও অন্য যে বৃত্তান্ত লেখা আবশ্যক তাহাও সেই রেজিষ্টরী বহীতে লিখিবেন। যে মেহতর যে পল্লির যে অংশ পরিষ্কার রাখিতে দায়ী, সে চব্বিশ ঘন্টার মধ্যে একবার সেই স্থানহইতে মলাদি উঠাইয়া না ফেলিলে যতবার তাহার সেই ত্রুটি হয় ততবার তাহার এক২ টাকার অনধিক জরিমানা হইতে পারিবে।

১৬। নগরের মধ্যে কোন বাড়ীর কি ভূমির কর্ত্তা যদি সরকারী রাস্তা কি পথহইতে দশ ফুটের মধ্য কোন স্থানে কোন টাটী কি মলমূত্র ত্যাগ করিবার স্থান রাখে, তবে মাজিষ্ট্রেট সাহেব তাহাকে সেই টাটী-প্রভৃতি সরাইয়া দিবার নোটিস দিতে পারিবেন। সেই নোটিসে ঐ টাটী প্রভৃতি উঠাইয়া দিবার কিম্বা সেই নোটিস রহিত করিতে প্রার্থনা করিবার সময় নির্দ্দিষ্ট থাকিবে। এবং উপযুক্ত হেতু দর্শান না যাওয়াতে যদি মাজিষ্ট্রেট সাহেব ঐ নোটিস রহিত না করেন, তবে ঐ নোটিসের মিয়াদ কিম্বা শেষ আজ্ঞার মিয়াদ ফুরাইলে পর যত দিন সেই টাটীপ্রভৃতি উঠাইয়া না দেওয়া যায় তত দিন সেই ব্যক্তির দিনপ্রতি ৩৲ টাকা জরিমানা হইতে পারিবে।

১৭। কোন ব্যক্তি উক্ত সীমাপ্রভৃতির অন্তর্গত আপনার দখল করা বাড়ীর মধ্যে মলাদি কোন দুর্গন্ধ দ্রব্য পুঁতিলে কি পোতাইয়া দিলে কি ফেলিয়া রাখিলে তাহার ২০৲ টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবে। কিন্তু সারের ঢিবি থাকিলে স্বাস্থ্যরক্ষক সাহেব তাহা উঠাইয়া দিবার আজ্ঞা না দিলে সেই ঢিবির প্রতি এই দণ্ড খাটিবে না। উক্ত সীমার অন্তর্গত কোন ব্যক্তির দখল করা বাড়ীর মধ্যে কোন দুর্গন্ধ দ্রব্য পোতা গেলে মাজিষ্ট্রেট সাহেব তাহাকে নির্দ্দিষ্ট সময়ের মধ্যে সেই দ্রব্য স্থানান্তর করিবার নোটিস দিতে পারেন। কোন ব্যক্তি ঐ নোটিসের মিয়াদ ফুরাইবার পর সেই নোটিস অনুসারে কার্য্য করিতে শৈথিল্য করিলে তাহার দিনপ্রতি ২৲ টাকার অনধিক জরীমানা হইতে পারিবে।

১৮। পুরী নগরের সীমার মধ্যে শবদাহ করিবার কি পুতিবার জন্যে মাজিষ্ট্রেট সাহেব স্বাস্থ্যরক্ষক সাহেবের সম্মতিক্রমে যে শ্মশান কি কবরস্থান নিরূপণ করেন কোন ব্যক্তি সেই স্থানে শব কি শবের কোন অঙ্গ দাহ না করিয়া কি না পুতিয়া অন্য স্থানে ফেলিলে কি ফেলাইলে তাহার ১০৲ টাকার অনধিক জরীমানা হইতে পারিবে।

১৯। পুরীর সীমার মধ্যে গাড়ী বলদাদি থাকিবার আড্ডা বলিয়া যে স্থান সকলেরই জানা আছে, কোন ব্যক্তি সেই স্থানভিন্ন সাধারণের যাতায়াত

in some place recognised as a public camping ground, shall be liable to a fine not exceeding Rs 5 for each day or part of a day for each cart and bullock, and for each other beasts of draught or burden which he may so keep No ground shall be considered a public camping ground until a notice board defining its limits shall have been set up thereon

20 Any person allowing land or premises occupied by him within the limits, &c , as above, to be used as a camping place for cattle, carts or any beasts of draught or burden, shall be bound to permit such premises to be inspected by the Health Officer or Magistrate, or any officer they may depute, and shall be liable to any penalty provided for any infringement of the law or bye-laws committed on his premises

21 It shall be lawful for the Magistrate, with assent of the Health Officer, to except bathing from the penalties provided in section 31 of the Act, and to appropriate any such tank to domestic purposes and to bathing under such restrictions as may be approved by the committee No such tank shall be considered as legally set apart under that section until a legible notice board shall have been set up

22 The Hindu members of the Committee shall constitute a standing sub committee for the purpose of inspecting the interior of the temple and bringing to notice any infringement of the laws and bye-laws that may be committed within it, and for proposing any measures for sanitation and proper conservancy within the temple Provided that the Magistrate shall carry out all works of sanitation or conservancy inside the temple through the superintendent

23 The Magistrate, with approval of the Commissioner, may by public proclamation prohibit the sale of fish within the town limited as above, except in certain places specified Whoever shall offer for sale fish unfit for food, or shall offer for sale any fish in any part of the town except the places notified, shall be liable to a fine not exceeding Rs 10

PART V

Miscellaneous

24 Every lodging-house keeper taking out a license under this Act shall provide himself with a copy of the Act and with a printed copy of the notice prescribed in section 14, which notice shall be in the form shown in appendix A of these bye-laws

র্ক-বার জন্য স্থানে চব্বিশ ঘণ্টার অধিক কাল গাড়ী কি বলদ কি অন্য পশু রাখিলে প্রতিদিনের ও দিনের অংশের নিমিত্ত প্রত্যেক গাড়ীর ও বলদের কিম্বা গাড়ী টানিবার কি ছালা বহিবার অন্য যে জন্তু উক্তরূপে রাখে তাহার জন্যে ৫ টাকা পর্য্যন্ত জরীমানা হইতে পারিবে। সাধারণের গাড়ী প্রভৃতি রাখিবার ভূমির সীমা নিরূপণ করিয়া সেই সীমানিরূপক নোটিসের তক্তা লটকান না হওয়া গেলে সেই জমী গাড়ী বলদাদির আড্ডা বলিয়া জ্ঞান করিতে হইবে না।

২০। কোন ব্যক্তি উক্ত সীমার মধ্যে আপনার দখলী কোন ভূমি কি বাড়ী বলদাদি কি গাড়ী কি গাড়ী টানিবার কি ছালা বহিবার অন্য জন্তুর আড্ডার মত ব্যবহার হইতে দিলে, স্বাস্থ্যরক্ষক কি মাজিষ্ট্রেট সাহেবকে কিম্বা তাঁহাদের প্রেরিত কার্য্যকারককে তাঁহাদের সেই ভূমিতে গিয়া দৃষ্টি করিবার অনুমতি দিতে হইবে। ও তাহার ঘর বাড়ীর মধ্যে আইন কি উপবিধি লঙ্ঘন হইলে তাহার দণ্ডের যোগ্য হইবে।

২১। আইনের ৩১ ধারায় যে২ কার্য্যের দণ্ডের বিধান হইয়াছে মাজিষ্ট্রেট সাহেব স্বাস্থ্যরক্ষক সাহেবের সম্মতিক্রমে সেই২ কার্য্যহইতে স্নান করা বর্জ্জিত করিয়া কমিটী নির্দ্দেশপূর্ব্বক যে বিধির অনুমোদন করেন সেই বিধিমতে গৃহের কার্য্যের ও স্নানাদির নিমিত্ত কোন২ পুষ্করিণী নিরূপণ করিতে পারিবেন। সকলেই পাঠ করিতে পারে এমত নোটিস তক্তায় লেখাইয়া সেই তক্তা পুষ্করিণীর ধারে লটকাইয়া দেওয়া না গেলে সেই পুষ্করিণী আইনমতে উক্ত কার্য্যে নিরূপণ হইয়াছে এমত জ্ঞান করিতে হইবে না।

২২। কমিটীর অন্তর্গত যে ব্যক্তিরা হিন্দু, তাঁহারা মন্দিরের অন্তর্ভাগ দৃষ্টি করিবার ও তন্মধ্যে আইন ও উপবিধি লঙ্ঘনপূর্ব্বক কোন কার্য্য করা গেলে তাহা জানাইবার ও মন্দিরের মধ্যে স্বাস্থ্যরক্ষার ও উপযুক্তমতে সৌষ্ঠব করণের কোন উপায়ের প্রস্তাব করিবার নিমিত্ত স্থায়ি সব-কমিটী হইবেন। পরন্তু মন্দিরের মধ্যে স্বাস্থ্য রক্ষার কিম্বা সৌষ্ঠব করণের কোন কার্য্য করিতে হইলে মাজিষ্ট্রেট সাহেব মন্দিরের অধ্যক্ষদ্বারা সেই২ কার্য্য করাইবেন।

২৩। পূর্ব্বোক্ত সীমার অন্তর্গত নগরের নির্দ্দিষ্ট কোন স্থানভিন্ন অন্য স্থানে মাছ বিক্রয় না হয়, মাজিষ্ট্রেট সাহেব কমিশ্যনর সাহেবের অনুমোদনক্রমে এমত ঘোষণাপত্র প্রকাশ করিতে পারিবেন। কোন ব্যক্তি আহারের অনুপযুক্ত মাছ বিক্রয়ার্থে দেখাইলে কিম্বা নগরের যে২ স্থান উক্ত প্রকারে নির্দ্দিষ্ট হয় কোন ব্যক্তি তদ্ভিন্ন কোন স্থানে মাছ বিক্রয়ার্থে দেখাইলে তাহার ১০ টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে।

৫ অধ্যায়।

বিবিধ বিষয়ের বিধি।

২৪। যে ব্যক্তি বাসাবাড়ী রাখিবার জন্যে এই আইনমতে লাইসেন্স লন তিনি এই আইনের এক কেতা ও ১৪ ধারার নির্দ্দিষ্ট এককেতা ছাপা নোটিস ক্রয় করিবেন। সেই নোটিস এই উপবিধির A চিহ্নিত ক্রোড়পত্রের পাঠানুসারে লেখা যাইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭২। ৯ জুলাই।]

25 The register referred to in section 15 of the Act shall be in the form shown in appendix B of these bye-laws

26 There shall be hung up in each compartment of a lodging-house a board on which shall be legibly written in Ooriah, Bengali, and Hindustanee the dimensions of such department and the number of pilgrims it can properly accommodate, and this board shall bear the signature of the Health Officer

27 Every lodging-house keeper shall be bound on requisition by the Health Officer to provide himself with tickets or token bearing consecutive numbers, and to furnish each of his lodgers with one of such tickets or tokens

28 For the purposes of this Act the year shall be considered to commence from 1st April, and all licenses shall run from that date

29 Every panda or other person who brings pilgrims to Pooree shall be bound to furnish the Magistrate or Health Officer with any information they may require as to the disposal of such pilgrims in the town of Pooree, any refusal to furnish such information shall be punished with a fine not exceeding Rs 20, and any false information as to such disposal of pilgrims shall render the person giving it liable to prosecution under section 177 of the Indian Penal Code

A MACKENZIE,
Offg Secy to the Govt of Bengal

[Second Publication]

NOTIFICATION

The 28th March 1872 —To remove any doubts that may exist as to the proper jurisdiction in cases of crime or accident occurring on the river Hooghly outside the limits of the port of Calcutta, the Lieutenant-Governor of Bengal is hereby pleased to notify that so much of the river below Calcutta as is not included within the limits of the port is attached to the district of the 24-Pergunnahs, and it is further notified that the jurisdiction over this part of the river, down to the commencement of the Diamond Harbour sub-division, (the most northerly point of which on the river bank is the Byde Khallee village) is vested in the Magistrate of the 24-Pergunnahs, or the officer in charge of the head-quarters sub-division, when such an arrangement exists, and the jurisdiction in the remaining portion of the river to the sea is vested in the sub-divisional officer at Diamond Harbour

Crimes and accidents on the part of the river above defined should be made to the Magistrate

২৫। আইনের ১৫ ধারায় যে রেজিষ্টরের উল্লেখ হইয়াছে তাহা এই উপবিধির B চিহ্নিত ফোরমের পাঠানুসারে লিখিতে হইবে।

২৬। বাসাবাড়ীর প্রত্যেক ঘর কত লম্ব ও চৌড় ও তাহার মধ্যে কত জন যাত্রী স্বচ্ছন্দে থাকিতে পারে এই২ কথা তক্তায় উড়িয়া ও বাঙ্গলা ও হিন্দুস্থানী ভাষার অক্ষরে স্পষ্ট লিখিত হইয়া সেই২ ঘরে লট্কান থাকিবে। ও সেই তক্তায় স্বাস্থ্যরক্ষক সাহেবের স্বাক্ষর থাকিবে।

২৭। স্বাস্থ্যরক্ষক সাহেব আজ্ঞা দিলে বাসা বাড়ীর প্রত্যেক জন রক্ষক কএক খানি টিকিট লইয়া নিকট রাখিবেন সেই সকল টিকিটে এক ক্রমিকক্রমে নম্বর দেওয়া যাইবে। বাসাবাড়ীর মধ্যে যত জন আসিয়া থাকে তাহাদের প্রত্যেক জনকে এক২টি টিকিট দিতে হইবে।

২৮। এই আইনের কার্য্য পক্ষে আপ্রিল মাসের ১ তারিখঅবধি বৎসরের আরম্ভ হইবে। লাইসেন্স সকল সেই তারিখঅবধি চলিবে।

২৯। কোন পাণ্ডা কি অন্য ব্যক্তি পুরীতে যাত্রিদিগকে আনিলে তাহারদিগকে নগরের কোন্ স্থানে থাকিতে দেওয়া গেল এই কথা মাজিষ্ট্রেট কি স্বাস্থ্যরক্ষক সাহেবকে ঐ পাণ্ডা প্রভৃতির জানাইতেই হইবে। তাহা জানাইতে অস্বীকার করিলে ২০৲ টাকা পর্য্যন্ত জরীমানা হইতে পারিবে। ও যাত্রিদিগকে যে স্থানে রাখা গেল এই বিষয়ের কোন মিথ্যা সন্ধান জানান গেলে ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১৭৭ ধারামতে অভিযোগ হইতে পারিবে।

এ মাকিঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

[দ্বিতীয়বার প্রকাশিত।]

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ২৮ মার্চ।—হুগলী নদীর যে অংশ কলিকাতা বন্দরের সীমার বহির্ভূত আছে সেই অংশে কোন অপরাধ করা গেলে বা দুর্ঘটনা ঘটিলে সেই বিষয়ের বিচার করিবার ভার কাহার প্রতি বর্ত্তে এই বিষয়ের সন্দেহ থাকিতে পারে বলিয়া শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব এই কথা প্রকাশ করিতেছেন। কলিকাতার ভাটিদিগে নদীর যে অংশ বন্দরের সীমার মধ্যে ধরা যায় নাই তাহা ২৪ পরগনা জিলার অন্তর্গত। আরো এই কথা প্রকাশ করা যাইতেছে, কলাগাছি শাখাখণ্ডের নদীতীরস্থ অতি উত্তর সীমা বৈদখালী গ্রাম, সেই গ্রাম পর্য্যন্ত নদীর উপর ২৪ পরগনার মাজিষ্ট্রেটের কিম্বা সদর শাখাখণ্ড থাকিলে ঐ শাখাখণ্ডের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত কর্ম্মকারকের প্রতি বিচারাধিপত্য থাকিল। তৎস্থানাবধি সমুদ্রপর্য্যন্ত নদীর অবশিষ্টাংশের বিচারাধিপত্য কলাগাছি শাখাখণ্ডের কার্য্যকারকের প্রতি অর্পিত হইল।

নদীর যে অংশ উপরে নির্দ্দিষ্ট হইয়াছে তন্মধ্যে অপরাধ করা গেলে কিম্বা আকস্মিক ঘটনা হইলে হি-

having jurisdiction, as well as to the nearest police station

A. MACKENZIE,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 26th June 1872.—In continuation of the Notification dated 28th March last, published in the *Calcutta Gazette* of 3rd April, and republished above, regarding jurisdiction in cases of crime or accident occurring on the river Hooghly outside the limits of the port of Calcutta, it is hereby notified that the police stations below port limits to which reports of crime or accident should be made are—

	District.
Atcheepore Pulta Outpost of Dabeepore station Diamond Harbour station	24-Pergunnahs.
Sootabatta Nundegram Baloorghatta outpost Tumlook Kedgeree Contai Russoolpore in Contai Sub-division	Midnapore.
Ooloobena Sankrail	Howrah.

A. MACKENZIE,
Offg. Secy. to the Govt. of Bengal.

[Second Publication.]
NOTIFICATION.

The 22nd June 1872.—Under the power vested in him in Section 2 of Act VI (B.C.) of 1867, (an Act for the punishment of public gambling and the keeping of common gaming houses) the Lieutenant-Governor has been pleased to extend the provisions of the said Act to the towns of Bauleah and Nattore, in the district of Rajshahye.

2. The limits of the towns for the purposes of this Act will be the same as those for the purposes of Act VI (B.C.) of 1868.

A. MACKENZIE,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 24th June 1872.—Whereas in consequence of the conduct of the inhabitants of the village of Sunadea, in the district of Noakhally, it has

তাৱাধিপত্য বিশিষ্ট মাজিষ্ট্রেটের নিকট এবং নিকটস্থ পোলীস থানার তাহার সম্বাদ দিতে হইবে।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ২৬ জুন।—হুগলী নদীর যে অংশ কলিকাতা বন্দরের সীমার বহির্ভূত আছে সেই অংশে কোন অপরাধ করা গেলে বা দুর্ঘটনা ঘটিলে তাহার বিচার করিবার ভার কাহার প্রতি বর্ত্তে এই বিষয়ের গত মার্চ মাসের ২৮ তারিখের যে বিজ্ঞাপন আপ্রিল মাসের ৯ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তদতিরিক্ত ইহাতে এই সংবাদ দেওয়া যাইতেছে যে বন্দরের সীমার ভাটী দিগে অপরাধের ও দুর্ঘটনার সম্বাদ এইং পোলীস থানায় দিতে হইবে।

	জিলা।
আচিপুর পলতা দেবীপুর থানার ফাঁড়ি কলাগাছি থানা	২৪ পরগনা।
সুতাবাটা নন্দিগ্রাম বালুঘাটার ফাঁড়ি তমলুক খজুরী কাঁথি কাঁথি শাখাখণ্ডের অন্তর্গত রসুলপুর	মেদিনীপুর।
উলুবেড়িয়া সাঁকরাইল	হাওড়া।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী

[দ্বিতীয়বার প্রকাশিত।]
বিজ্ঞাপন।

১৮৭২ সাল ২২ জুন।— ৮৬৭ সালের বঙ্গীয় ৬ আইনের (অর্থাৎ সামান্য দ্যূত ক্রীড়া ও সাধারণ দ্যূত গৃহ রাখিবার দণ্ড বিধায়ক আইনের) ২ ধারামতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের প্রতি যে ক্ষমতা অর্পিত হইল তদনুসারে তিনি রাজশাহী জিলার অন্তর্গত বোয়ালিয়া ও নাটোর নগরে উক্ত আইনের বিধান প্রচলিত করিলেন।

২। ১৮৬৮ সালের বঙ্গীয় ৬ আইনের কার্য্যপক্ষে ঐ নগরের যে সীমা নির্দ্দিষ্ট হইয়াছে এই আইনের কার্য্যপক্ষেও সেই সীমা ধরিতে হইবে।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ২৪ জুন।—নওয়াখালী জিলার অন্তর্গত সনাদিয়া গ্রামবাসিদের অত্যাচার হেতু ১৮৬১ সালের ৫ আইনের ১৫ ধারার বিধানমতে উক্ত গ্রামের পো-

been deemed expedient to increase the police force in that village in accordance with the provisions of Section 15, Act V of 1861, it is hereby notified that the Lieutenant-Governor, under the power vested in him by that section, has been pleased to direct that an additional force, consisting of one head constable and eight constables, at a cost of Rs. 86-14 per mensem, as shown below, be quartered in the said village for six months, the cost of the force being borne by the inhabitants of the village —

	Rs	As	P
1 head constable	15	0	0
8 constables, @ Rs 8 each	64	0	0
Contingencies at 10 per cent on the cost of the establishment	7	14	4
Total	86	14	4

A MACKENZIE,
Offg Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 25th June 1872 —It is hereby notified, with reference to the Notification dated 11th June 1868, and published in page 1181 of the *Calcutta Gazette* of 24th idem, that the Mouzah of Kolabaree therein mentioned as transferred from the district of Luckimpore to that of Durrung did not include the following villages and portions of villages, *viz* —" Kasoa," " Katonigaon," " Duflagaon," " Aureemara-Chaporee," " Gumara," " Seekajoolee," part of " Khootikotea-Koocoorachooa and Takrabaree," and " Jadooram Borooa's Ninkai," which, with the lands appertaining thereto, are included in and belong to the Mouzah of Narainpore of District Luckimpore

---

NOTIFICATION

The 29th June 1872 —In continuation of the Government Notification of the 17th May last, regarding the transfer of Thannahs Pulsa, Nulhatti, and Rampore Haut from the civil jurisdiction of the district of Beerbhoom to that of the district of Moorshedabad, it is hereby further notified that the Lieutenant-Governor has been pleased to transfer the Thannah of Pulsa from the Rampore Haut Moonsiffee to the Moonsiffee of Jungypore The Thannahs of Rampore Haut and Nulhatti will, until further orders, continue to be under the Moonsiff at Rampore Haut, who will for the present remain where he is, and be as regards those two Thannahs subordinate to the

পোলীসদল বৃদ্ধি করা বিহিত বোধ হওয়াতে উক্ত আইনের উক্ত ধারামতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের প্রতি যে ক্ষমতা অর্পিত হইয়াছে তদনুসারে তিনি নিম্ন-লিখিতমতে মাসিক ৮৬৷৵ ব্যয়ে উক্ত গ্রামে ছয় মাস পর্য্যন্ত এক জন হেড কনষ্টেবল ও আট জন কনষ্টেবল লইয়া অতিরিক্ত পোলীসদল থাকিবার অনুমতি দিয়াছেন, এই পোলীসদলের খরচ ঐ গ্রাম বাসিদের দিতে হইবে।

	টাকা।
১ জন হেড কনষ্টেবল	১৫৲
৮৲ টাকা করিয়া ৮ জন কনষ্টেবল	৬৪৲
আমলাগণের খরচের উপর শতকরা ১০৲ টাকা নৈমিত্তিক খরচ	৭৸৶৪
মোট	৮৬৸৶৪

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ২৫ জুন।—১৮৬৮ সালের জুন মাসের ১১ তারিখের যে বিজ্ঞাপন ঐ সালের জুন মাসের ৩০ তারিখের বাঙ্গলাগেজেটের ৮২৮ পৃষ্ঠায় প্রকাশিত হয় তদুপলক্ষে ইহাতে এই সংবাদ দেওয়া যাইতেছে। উক্ত বিজ্ঞাপনে কলাবাড়ি মৌজা লক্ষ্মীপুর জিলা-হইতে দরঙ্গ জিলাভুক্ত হইবার যে কথা প্রকাশ হইয়াছে তন্মধ্যে এই২ গ্রাম ও গ্রামের অংশ ধরা যায় নাই, অর্থাৎ—"কাসওয়া" "কাটন গাঁ" "দফলাগাঁ" "আরিমারা-চাপরী" "গড়ুমারা" "সিকাজুলি" "খুটিকোটিয়া কুকুরাচুয়ার ও তাকরাবাড়ীর" একাংশ ও যদুরাম বড়ুয়ার নামকার"। ঐ সকল মৌজা ও তন্নিকটস্থ সকল ভূমি লক্ষ্মীপুর জিলার অন্তর্গত নারায়ণপুর মৌজার মধ্যে ও তাহার শামিল করিয়া ধরা গেল।

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ২৯ জুন।—পলশা, নলহাটী ও রামপুরহাট থানা বীরভূম জিলার দেওয়ানী বিচারাধিপত্য-হইতে উঠাইয়া মুরশিদাবাদ জিলাভুক্ত হওন বিষয়ে গত মে মাসের ১৭ তারিখের গবর্ণমেণ্টের যে বিজ্ঞাপন প্রকাশ হয় তদতিরিক্ত এই সংবাদ দেওয়া যাইতেছে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব পলশা থানা রামপুরহাট মুনসেফীহইতে উঠাইয়া জঙ্গীপুরের মুনসেফী-ভুক্ত করিয়াছেন। অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত রামপুরহাট ও নলহাটী থানা রামপুরহাটের মুনসেফের অধীনে থাকিবে। উক্ত মুনসেফ এইক্ষণে যেখানে আছেন সেই স্থানেই থাকিবেন ও উক্ত দুই থানা সম্পর্কে তিনি মুরশিদাবাদের জজ সাহেবের অধীন হইবেন। তাঁহার অধীন যেং থানা কিম্বা থানার যেং অংশ অদ্যাপি মুরশিদাবাদভুক্ত হয় নাই তৎসম্পর্কে

Judge of Moorshedabad. He will also retain his jurisdiction in Beerbhoom, in subordination to the Judge of that district, over the Thannahs and parts of Thannahs hitherto under him which have not been transferred to Moorshedabad

A MACKENZIE,
Offg Secy to the Govt of Bengal

No 34

JUDICIAL DEPARTMENT.

JUDICIAL.

To all Commissioners and all Magistrates of Districts,—
(dated Calcutta, the 1st July 1872)

I AM directed to call your very particular attention to the new Code of Criminal Procedure, Act X of 1872, which will come into force on 1st September next

2 The changes in the powers and position of Magistrates effected by the Code are so considerable, that it will be desirable to re-gazette all Magistrates with the powers which it is deemed desirable to invest them with under the new law The Lieutenant-Governor accordingly wishes to have submitted to him complete lists of Officers and Honorary Magistrates, with the powers for which each is recommended These are to be submitted by Magistrates of districts through the Commissioners

3 Magistrates will now be first, second, and third class, and Special Magistrates (section 42) Also power is taken, and will be very freely used, for the creation of benches of Magistrates (sections 50 to 56), and powers of summary trial may be conferred on any first class Magistrate and on benches of Magistrates (sections 222 to 230)

4 The powers of Magistrates of the first and second class are considerably enlarged Grievous hurt by dangerous weapons, false evidence, and some other offences hitherto exclusively triable by Courts of Sessions, may in future be tried by a Magistrate of the first class, and very large classes of cases of common occurrence, hitherto triable by a first class Magistrate only, are now made triable by a Magistrate of the second class, who has also now power to pass a sentence of solitary confinement

5 In fact, it may be said that almost all offences are now either entered in column 7

বীরভূম জিলার জজ সাহেবের অধীনে বীরভূমে তাঁহার বিচারাধিপত্য থাকিবে।

এ, মাকেঞ্জি, প্র
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

---

৩৪ নং সর্কুলার।

জুডিশ্যল ডিপার্টমেণ্ট।

জুডিশ্যল।

সকল কমিশ্যনর সাহেব ও সকল জিলার মাজিষ্ট্রেট সাহেব সমীপেষু।—(কলিকাতা ১৮৭২ সাল ১ জুলাই।)

১৮৭২ সালের ১০ আইন অর্থাৎ ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের নূতন আইন আগামি সেপ্টেম্বর মাসের ১ তারিখঅবধি প্রচলিত হইবে। তৎপ্রতি বিশেষমতে তোমার মনোযোগ করাইবার আদেশ হইল।

২। উক্ত আইনদ্বারা মাজিষ্ট্রেটদের ক্ষমতার ও পদসংক্রান্ত অবস্থার অধিক পরিবর্ত্তন হওয়াতে নূতন আইনঅনুসারে যেং মাজিষ্ট্রেটের প্রতি যেং ক্ষমতা প্রদান করা বিহিত বোধ হয় সেইং ক্ষমতা বিশিষ্ট বলিয়া সেইং মাজিষ্ট্রেটের নাম পুনশ্চ গেজেটে প্রকাশ করা উচিত হইবে। অতএব যেং কর্ম্মকারকদের ও অবৈতনিক যেং মাজিষ্ট্রেটের প্রতি যেং ক্ষমতা প্রদান করিবার পরামর্শ হয় শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব সেইং ক্ষমতা নির্দ্দেশক কথার সহিত সেইং কর্ম্মকারকদের নামনির্ঘণ্ট পাইতে চাহেন। জিলার মাজিষ্ট্রেট সাহেবেরা কামশ্যনর সাহেবদেরদ্বারা ঐ নির্ঘণ্টপত্র পাঠাইবেন।

৩। এই অবধি মাজিষ্ট্রেটেরা প্রথম ও দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেট ও বিশেষ মাজিষ্ট্রেট হইবেন (৪২ ধারা)। আরো মাজিষ্ট্রেটদের বেঞ্চ (অর্থাৎ একত্র অধিবেশন) নিরূপণ করিবার ক্ষমতা গ্রহণ করা গিয়াছে (৫০ অবধি ৫৬ পর্য্যন্ত ধারা) ও সেই ক্ষমতামতে অতিবিস্তৃতরূপে কার্য্য হইবে। এবং প্রথম শ্রেণীর কোন মাজিষ্ট্রেটের প্রতি ও মাজিষ্ট্রেটদের বেঞ্চের প্রতি সরাসরীমতে বিচার করিবার ক্ষমতা দেওয়া যাইতে পারিবে। (২২২ অবধি ২৩০ পর্য্যন্ত ধারা)

৪। প্রথম ও দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটদের ক্ষমতা অত্যন্ত বৃদ্ধি করা গিয়াছে। প্রাণাশঙ্কাজনক অস্ত্রদ্বারা গুরুতর আঘাত করণ ও মিথ্যা সাক্ষ্য দেওন প্রভৃতি কএক অপরাধ অদ্যাপি কেবল সেশন আদালতের বিচার্য্য আছে। উত্তরকালে প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেট সেইং অপরাধের বিচার করিতে পারিবেন। সামান্য প্রকারের অনেক মোকদ্দমা পূর্ব্বাবধি কেবল প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের বিচার্য্য ছিল ইহার পর দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেট তাহার বিচার করিতে পারিবেন। আর তিনি নির্জ্জনে কারাবদ্ধ হওন দণ্ডেরও আজ্ঞা করিতে পারিবেন।

৫। ফলতঃ প্রায় সমস্ত অপরাধ তফসীলের ৭ ঘরে, হয় সেশন আদালতের না হয় দ্বিতীয় শ্রেণীর মাজি-

of the schedule as triable by the Court of Sessions, or are triable by a Magistrate of the second class. Almost the only cases entered as triable exclusively by a Magistrate of the first class are a very few offences by or relating to public servants (Penal Code, sections 163, 166, 169); and against public justice (sections 204, 208, 209, 210, 211, 215, 216), which are not so much separate offences in themselves as offences occurring in the course of judicial proceedings Practically then all sub-divisional officers and second class Magistrates invested with power to commit for trial will have, either in virtue of their own powers, or as qualified to hold preliminary inquiry in sessions cases, jurisdiction in nearly every case that can occur, and there is not the same necessity as before for giving first class powers, except where an officer is in every way fully qualified for such powers and there is real need for a Magistrate of that rank.

টের বিচার্য্য বলিয়া লেখা গিয়াছে। প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেট ভিন্ন অন্য শ্রেণীর মাজিষ্ট্রেটের অবিচার্য্য বলিয়া যেং অপরাধ লেখা হইয়াছে তন্মধ্যে কেবল রাজকীয় কার্য্যকারকদের কৃত কিম্বা তাঁহারদের সম্পর্কীয় কএকটি অপরাধমাত্র (দণ্ডবিধির আইনের ১৬৩, ১৬৬, ১৬৯ ধারা) এবং সাধারণের ন্যায় বিচারের বিপক্ষ কএক অপরাধ (২০৪, ২০৮, ২০৯, ২১০, ২১১, ২১৫, ২১৬ ধারা)। তাহাও স্বতন্ত্র অপরাধ নয় বরং আদালতের কার্য্যানুষ্ঠানক্রমিক যে অপরাধ হইয়া থাকে তাহাই। ফলিতার্থে সকল মহকুমার কর্ম্মকারক ও দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটেরা বিচারার্থে ব্যক্তিদিগকে সমর্পণ করিবার ক্ষমতাপ্রাপ্ত হইলে, স্বকীয় ক্ষমতার বলে অথবা সেশন আদালতের বিচার্য্য মোকদ্দমার প্রথমস্থলীয় তদন্ত লইবার ক্ষমতাপন্ন হওয়াপ্রযুক্ত প্রায় সমস্ত প্রকারেরই মোকদ্দমার বিচারাধিপত্য প্রাপ্ত হইলেন। অতএব পূর্ব্ববৎ প্রথম শ্রেণীর ক্ষমতা প্রদান করিবার আর তাদৃশ আবশ্যক নাই কেবল কোন কর্ম্মকারক সর্ব্বতোভাবে সেই ক্ষমতা পাইবার সম্পূর্ণ যোগ্য হইলে ও সেই শ্রেণীর মাজিষ্ট্রেটের নিতান্ত আবশ্যক থাকিলে ঐ ক্ষমতাপ্রদান করা যাইতে পারিবে।

6 A second class Magistrate in charge of a sub-division has, as such, very large powers Also, when in cases within his jurisdiction he deems a more severe punishment than he can give necessary, he can send on the file for orders to the Magistrate of the district after completing the trial And in those sessions cases which are also triable by a first class Magistrate, if he deems that the case may best be tried by the latter officer, he can stop the preliminary inquiry at any stage and send the parties and witnesses on to the first class Magistrate

৬। দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেট মহকুমার কার্য্যাধ্যক্ষতা ভারপ্রাপ্ত হইলে তাঁহার সেই পদপ্রযুক্ত অতিবিস্তৃত ক্ষমতা থাকিবে। আরো আপনার বিচার্য্য কোন মোকদ্দমায় তিনি যে পর্য্যন্ত দণ্ডের আজ্ঞা করিতে পারেন তদধিক দণ্ড হওয়া আবশ্যক বিবেচনা করিলে, তিনি বিচার কার্য্য সমাপ্ত করিলে পর জিলার মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞার জন্যে তাঁহার নিকট মোকদ্দমার নথী পাঠাইতে পারিবেন। এবং সেশন আদালতের বিচার্য্য যে মোকদ্দমা প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটেরও বিচার্য্য হয় শেষোক্ত কার্য্যকারকদ্বারা সেই মোকদ্দমার বিচার হওয়া শ্রেয় জ্ঞান করিলে, তিনি প্রথম স্থলীয় তদন্ত লওনের কোন সময়ে সেই তদন্ত কার্য্য স্থগিত রাখিয়া প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের নিকটে বাদি প্রতিবাদিকে ও সাক্ষিদিগকে পাঠাইতে পারিবেন।

7 All Magistrates in charge of sub-divisions will be able to hear on complaint, and to take up without complaint, cases within their jurisdiction, but the Lieutenant-Governor will invest all Magistrates of districts with power under section 48 to withdraw from any Magistrate subordinate to him the cognizance of any classes of cases which he may think proper to reserve

৭। মহকুমার কার্য্যাধ্যক্ষতা ভার প্রাপ্ত সকল মাজিষ্ট্রেট আপনং বিচার্য্য মোকদ্দমা নালিশমতে শুনিতে পারিবেন কিম্বা নালিশ না হইলেও বিচার করিতে পারিবেন। কিন্তু জিলার মাজিষ্ট্রেট সাহেব নিজে যে কোন প্রকারের মোকদ্দমা বিচার করা উচিত জ্ঞান করেন তিনি আপনার অধীন কোন মাজিষ্ট্রেটের নিকটহইতে তাহা উঠাইয়া লইয়া যেন আপনি বিচার করেন এই নিমিত্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব ৪৮ ধারামতে সকল জিলার মাজিষ্ট্রেট সাহেবকে উক্ত ক্ষমতা প্রদান করিবেন।

8. No Magistrate other than the Magistrate of the district or of a sub-division of district has power to entertain any case (not made over to him) unless he is specially authorized to do so.

৮। জিলার মাজিষ্ট্রেট ও জিলার মহকুমার মাজিষ্ট্রেট ভিন্ন কোন মাজিষ্ট্রেটের প্রতি মোকদ্দমা অর্পণ না করা গেলে তিনি তাহা গ্রাহ্য করিতে পারিবেন না। কেবল বিশেষ অনুমতি প্রাপ্ত হইলে গ্রাহ্য করিতে পারিবেন।

9 It will be observed that in most cases authority to hear complaints and exercise certain powers may be delegated by the Magistrate of the district to his subordinates, but there are

৯। ইহাও দৃষ্ট হইবে যে প্রায় সমস্ত স্থলে জিলার মাজিষ্ট্রেট সাহেব আপনার অধীন মাজিষ্ট্রেটদের প্রতি নালিশ শুনিবার ও কোনং ক্ষমতামতে কার্য্য করিবার শক্তি প্রদান করিতে পারিবেন। কোনং

[*Government Gazette*, 9*th July* 1872]

some powers which can only be given by the Government and when it is desired to give these powers to any officer, special application must be made That will principally be necessary in the case of Magistrates *not* in charge of sub-divisions, the latter having by the law very large powers, subject to reservation by the Magistrate of the district.

10. A new provision of very great importance is that for giving power of summary trial (sections 222-230) This power must only be entrusted to first class Magistrates of approved efficiency and discretion At the same time it will be a very great advantage that competent officers should exercise the power The qualifications of each first class Magistrate must then be very carefully considered, and recommendation made accordingly to give or not to give him this summary power

11. The Lieutenant-Governor hopes that he may be able very freely to use the power of appointing benches of Magistrates and special Magistrates Most of the Honorary Magistrates may probably be utilized under these designations, and many new ones may be created for the purpose The Lieutenant-Governor thinks it most desirable that petty assaults and such cases should be disposed of summarily (under the provisions of section 225) by a bench sitting say once a week, and composed either of one paid and one or two unpaid Magistrates or wholly of unpaid Magistrates Possibly an arrangement might be made by which a sub divisional officer or other paid Magistrate should visit by way of circuit several of the most important places in each sub division, and sitting with the local Magistrates of each place dispose periodically of all the petty cases without any cumbrous procedure or record of evidence

And whether as benches or as special Magistrates, the Lieutenant-Governor hopes that the leading men of each considerable Municipality might themselves dispose of the municipal and other petty cases He will therefore freely and readily receive applications for the investing very many respectable men with powers as special Magistrates

Under the provisions of section 52, the Magistrate of the district must make rules for the guidance of the benches of Magistrates sitting in his district, regarding the classes of cases to be tried, the times and places of sitting, the constitution

ক্ষমতা কেবল গবর্ণমেণ্ট কর্তৃক প্রদান করা যাইতে পারিবে। কোন কার্য্যকারকের প্রতি সেই ক্ষমতা প্রদান করা বিহিত বোধ হইলে তদর্থে বিশেষ প্রার্থনা করিতে হইবে। ফলতঃ যে মাজিষ্ট্রেটের প্রতি মহকুমার কার্য্যাধ্যক্ষতা ভার না থাকে, প্রায়ই কেবল তাঁহাদের পক্ষে তদ্রূপ ক্ষমতা প্রদান করিবার প্রার্থনা করা আবশ্যক হইতে পারিবে। যে হেতুক মহকুমার অধ্যক্ষতা ভারপ্রাপ্ত মাজিষ্ট্রেটের এথনও বিস্তৃত ক্ষমতা আছে কেবল আইনমতে জিলার মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞাধীনে তাহা খর্ব্ব করা যাইতে পারিবে।

১০। সরাসরীমতে বিচার করিবার ক্ষমতা প্রদান করণসূচক এক নূতন বিধান অত্যন্ত গুরুতর। (২২২ অবধি ২৩০ পর্য্যন্ত ধারা)। প্রথম শ্রেণীর যে মাজিষ্ট্রেটদের কর্ম্মোপযোগিতা ও সদ্বিবেচনা প্রমাণিত হইয়াছে কেবল তাঁহারদেরই প্রতি ঐ ক্ষমতা দেওয়া যাইবে। তথাচ উপযুক্ত অন্য কার্য্যকারকেরাও সেই ক্ষমতামতে কার্য্য করিতে পাইলে অনেক উপকার দর্শিতে পারিবে। অতএব প্রথম শ্রেণীর প্রত্যেক মাজিষ্ট্রেটের যোগ্যতা গুণের অত্যন্ত সূক্ষ্ম বিবেচনা করিলে পর তাঁহাকে সেই সরাসরী ক্ষমতা প্রদান করিবার কি না করিবার পরামর্শ দিতে হইবে।

23 When any Native Christian about to be married takes a notice of marriage to a Minister of Religion, or applies for a certificate from such Minister under section seventeen, such Minister shall, before issuing the certificate, ascertain whether such Native Christian is cognizant of the purport and effect of the said notice or certificate, as the case may be, and, if not, shall translate or cause to be translated the notice or certificate to such Native Christian into some language which he understands.

Issue of certificates to Native Christians

24 The certificate to be issued by such Minister shall be in the form contained in the second schedule hereto annexed, or to the like effect.

Form of certificate

25 After the issue of the certificate by the Minister, marriage may be solemnized between the persons therein described according to such form or ceremony as the Minister thinks fit to adopt.

Solemnization of marriage

Provided that the marriage be solemnized in the presence of at least two witnesses besides the Minister.

26 Whenever a marriage is not solemnized within two months after the date of the certificate issued by such Minister as aforesaid, such certificate and all proceedings (if any) thereon shall be void,

Certificate void if marriage not solemnized within two months

and no person shall proceed to solemnize the said marriage until new notice has been given and a certificate thereof issued in manner aforesaid.

PART IV

Registration of Marriages solemnized by Ministers of Religion

27 All marriages hereafter solemnized in India between persons one or both of whom professes or profess the Christian religion, except marriages solemnized under Part V or Part

Marriages when to be registered

২২ ধারা। বিবাহার্থি একতর ব্যক্তি অপ্রাপ্তব্যবহার হইলে এবং ১৯ ধারা মতে সেই বিবাহ বিষয়ে যে ব্যক্তির সম্মত হওয়া আবশ্যক তিনি যে সম্মত হইয়াছেন আচার্য্য ইহা সন্তোষমতে না জানিলে, বিবাহের নোটিস পাইলে পর চৌদ্দ দিন গত না হইলে ঐ সর্টিফিকট দিবেন না ইতি।

অপ্রাপ্তব্যবহার হইলে সর্টিফিকট দিবার কথা।

২৩ ধারা। এদেশীয় কোন খ্রীষ্টীয়ান বিবাহার্থী হইয়া ধর্ম্মাচার্য্যকে বিবাহের নোটিস দিলে, কিম্বা ১৭ ধারামতে ঐ আচার্য্যের নিকট সর্টিফিকট প্রার্থনা করিলে, ঐ খ্রীষ্টীয়ান ঐ নোটিসের কিম্বা বিষয়বিশেষে ঐ সর্টিফিকটের মর্ম্ম ও ভাব বুঝিলেন কি না, আচার্য্য সর্টিফিকট দিবার পূর্ব্বে ইহা নিশ্চয়মতে জানিয়া লইবেন। যদি না বুঝিয়া থাকেন, তবে তিনি যে ভাষ বুঝিতে পারেন এমত কোন ভাষায় ঐ নোটিস কি সর্টিফিকট অনুবাদ করিয়া কি করাইয়া দিবেন ইতি।

এদেশীয় খ্রীষ্টীয়ানকে সর্টিফিকট দিবার কথা।

২৪ ধারা। পূর্ব্বোক্ত আচার্য্য যে সর্টিফিকট দিবেন তাহা এই আইনের দ্বিতীয় তফসীলের নির্দ্দিষ্ট পাঠ কিম্বা তাহার মর্ম্মমতে লিখিতে হইবে ইতি।

সর্টিফিকট লিখিবার পাঠের কথা।

২৫ ধারা। উক্ত ধর্ম্মাচার্য্য সর্টিফিকট দিলে পর তিনি যে প্রথা কি নিয়ম ইচ্ছা করেন তদনুসারে ঐ সর্টিফিকটের নির্দ্দিষ্ট ব্যক্তিদের বিবাহ দিতে পারিবেন।

বিবাহ সাধন করিবার কথা।

কেবল আচার্য্যভিন্ন দুই জনের অন্যূন সাক্ষির সাক্ষাৎ যেন বিবাহ সাধন হয় ইতি।

২৬ ধারা। পূর্ব্বোক্ত আচার্য্য যে তারিখে উক্ত সর্টিফিকট দেন সেই তারিখ অবধি দুই মাসের মধ্যে বিবাহ না হইলে, ঐ সর্টিফিকট এবং তৎসম্পর্কে অন্য যে সকল কার্য্যের অনুষ্ঠান হয় তাহা ব্যর্থ হইবে।

দুই মাসের মধ্যে বিবাহ না হইলে সর্টিফিকট ব্যর্থ হওয়ার কথা।

ও নূতন নোটিস না দেওয়া গেলে ও তাহার সর্টিফিকট পূর্ব্বোক্তমতে না দেওয়া গেলে কোন ব্যক্তি সেই বিবাহ সাধন করিতে প্রবর্ত্ত হইবেন না ইতি।

চতুর্থ অধ্যায়।

ধর্ম্মাচার্য্য যে বিবাহসাধন করেন তাহার রেজিষ্টরী করিবার বিধান।

২৭ ধারা। এই আইনের পঞ্চম কি ষষ্ঠ অধ্যায়মতে যে বিবাহ সাধন করা যায় তদ্ভিন্ন এই সময়াবধি বিবাহার্থি এক কি উভয় ব্যক্তি খ্রীষ্টীয় ধর্ম্ম স্বীকার করিলে

বিবাহ যে সময়ে রেজিষ্টরী করিতে হইবে তাহার কথা।

VI of this Act, shall be registered in manner hereinafter prescribed.

Registration of marriages solemnized by Clergymen of Church of England.

28. Every Clergyman of the Church of England shall keep a register of marriages and shall register therein, according to the tabular form set forth in the third schedule hereto annexed, every marriage which he solemnizes under this Act

Quarterly returns to Archdeaconry

29 Every Clergyman of the Church of England shall send four times in every year returns in duplicate authenticated by his signature, of the entries in the register of marriages solemnized at any place where he has any spiritual charge, to the Registrar of the Archdeaconry to which he is subject, or within the limits of which such place is situate

Contents of returns

Such quarterly returns shall contain all the entries of marriages contained in the said register from the first day of January to the thirty-first day of March, from the first day of April to the thirtieth day of June, from the first day of July to the thirtieth day of September, and from the first day of October to the thirty-first day of December, of each year, respectively, and shall be sent by such Clergyman within two weeks from the expiration of each of the quarters above specified

The said Registrar upon receiving the said returns shall send one copy thereof to the Secretary to the Local Government

Registration and returns of marriages solemnized by Clergymen of Church of Rome

30. Every marriage solemnized by a Clergyman of the Church of Rome shall be registered by the person and according to the form directed in that behalf by the Roman Cotholic Bishop of the Diocese or Vicariate in which such marriage is solemnized,

and such person shall forward quarterly to the Secretary to the Local Government returns of the entries of all marriages registered by him during the three months next preceding

Registration and returns of marriages solemnized by Clergymen of Church of Scotland

31 Every Clergyman of the Church of Scotland shall keep a register of marriages,

and shall register therein, according to the tabular form set forth in the third schedule hereto annexed, every marriage which he solemnizes under this Act,

[*Government Gazette*, 10*th July* 1872]

অনুসারে তাঁহাদের বিবাহ সাধন হইলে নিম্নলিখিতমতে রেজিষ্টরী করা যাইবে ইতি।

চর্চ অব ইংলণ্ডের পাদরীরা যে বিবাহ সাধন করেন তাহার রেজিষ্টরীর কথা।

২৮ ধারা। চর্চ অব ইংলণ্ডের প্রত্যেক পাদরী বিবাহের রেজিষ্টরী বহী রাখিয়া যত বিবাহ সাধন করেন এই আইনের তৃতীয় তফসীলের নির্দ্দিষ্ট পাঠে ঐ রেজিষ্টরী বহীতে ঐ বিবাহ রেজিষ্টর করিবেন ইতি।

আর্চডীকন সাহেবের কার্য্যালয়ে ত্রৈমাসিক রিটর্ণ পাঠাইবার কথা।

২৯ ধারা। যে স্থানে চর্চ অব ইংলণ্ডের কোন পাদরীর পারমার্থিক কার্য্যের ভার থাকে, তথায় যত বিবাহ সাধন করা যায় তিনি প্রতি বৎসর চারিবার ঐ বিবাহের রেজিষ্টরী বহীর লিখিত কথার দুই২ প্রতিলিপি যথার্থ বলিয়া স্বাক্ষর করিয়া যে আর্চডীকনরির অধীন থাকেন কিম্বা ঐ মোকাম কি জিলা যে আর্চডীকনরির সীমার মধ্যে থাকে সেই আর্চডীকনরির রেজিষ্ট্রার সাহেবের নিকট পাঠাইবেন।

রিটর্ণের মর্ম্মের কথা।

উক্ত রেজিষ্টরী বহীতে প্রতি বৎসরের জানুআরি মাসের ১ তারিখ অবধি মার্চ মাসের ৩১ তারিখপর্য্যন্ত ও আপ্রেল মাসের ১ তারিখ অবধি জুন মাসের ৩০ তারিখ পর্য্যন্ত ও জুলাই মাসের ১ তারিখ অবধি সেপ্টেম্বর মাসের ৩০ তারিখপর্য্যন্ত ও অক্টোবর মাসের ১ তারিখঅবধি ডিসেম্বর মাসের ৩১ তারিখপর্য্যন্ত যত বিবাহের কথা লেখা যায় ঐ ত্রৈমাসিক রিটর্ণে উক্ত তিন২ মাসের বিবাহের কথা লেখা থাকিবে, এবং উক্ত তিন২ মাস গত হইলে উক্ত পাদরী দুই সপ্তাহের মধ্যে তাহা প্রেরণ করিবেন।

উক্ত রেজিষ্ট্রার সাহেব তাহা পাইলে স্থানীয় গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের নিকট একখান প্রতিলিপি পাঠাইবেন ইতি।

চর্চ অব রোমের পাদরীরা যে বিবাহ সাধন করেন তাহার রেজিষ্টরীর ও রিটর্ণের কথা।

৩০ ধারা। চর্চ অব রোমের পাদরী বিবাহ সাধন করিলে ঐ বিবাহ যে ডাইওসীস কি বিকেরিয়টের মধ্যে সাধন করা যায় তথাকার রোমন কাথলিক বিশপ সাহেব বিবাহ রেজিষ্টরী করণার্থে যে ব্যক্তিকে নিযুক্ত করেন তিনি ঐ বিশপ সাহেবের নির্দ্দিষ্ট পাঠানুসারে রেজিষ্টর লিখিবেন।

ও অব্যবহিত পূর্ব্ব তিন মাসে যত বিবাহ রেজিষ্টর করেন তিন২ মাসান্তর স্থানীয় গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের নিকট ঐ রেজিষ্টরের লিখিত কথার প্রতিলিপি পাঠাইবেন ইতি।

চর্চ অব স্কটলণ্ডের পাদরীরা যে বিবাহ সাধন করেন তাহার রেজিষ্টরীর ও রিটর্ণের কথা।

৩১ ধারা। চর্চ অব স্কটলণ্ডের প্রত্যেক পাদরী বিবাহের রেজিষ্টরী বহী রাখিয়,

এই আইনমতে যত বিবাহ সাধন করেন এই আইনের তৃতীয় তফসীলের নির্দ্দিষ্ট পাঠানুসারে ঐ রেজিষ্টরী বহীতে তাহা লিখিবেন।

and shall forward quarterly to the Secretary to the Local Government, through the Senior Chaplain of the Church of Scotland, returns, similar to those prescribed in section twenty-nine, of all such marriages

Certain marriages to be registered in duplicate

32 Every marriage solemnized by any person who has received episcopal ordination, but who is not a Clergyman of the Church of England, or of the Church of Rome, or by any Minister of Religion licensed under this Act to solemnize marriages, shall immediately after the solemnization thereof be registered in duplicate by the person solemnizing the same (that is to say) in a marriage register book to be kept by him for that purpose, according to the form contained in the fourth schedule hereto annexed, and also in a certificate attached to the marriage register book as a counterfoil

Entries of such marriage to be signed and attested

33 The entry of such marriage in both the certificate and marriage register book shall be signed by the person solemnizing the marriage, and also by the persons married, and shall be attested by two credible witnesses, other than the person solemnizing the marriage, present at its solemnization

Every such entry shall be made in order from the beginning to the end of the book, and the number of the certificate shall correspond with that of the entry in the marriage register book

Certificate to be forwarded to Marriage Registrar copied and sent to Government

34 The person solemnizing the marriage shall forthwith separate the certificate from the marriage register book and send it, within one month from the time of the solemnization, to the Marriage Registrar of the district in which the marriage was solemnized, or, if there be more Marriage Registrars than one, to the Senior Marriage Registrar,

who shall cause such certificate to be copied into a book to be kept by him for that purpose,

and shall send all the certificates which he has received during the month with such number and signature or initials added thereto as are hereinafter required, to the Secretary to the Local Government

Copies of certificates to be entered and numbered

35 Such copies shall be entered in order from the beginning to the end of the said book, and shall bear both the number of the

২৯ ধারার যে প্রকারের রিটর্ণ নির্দ্দিষ্ট হইল চর্চ অফ স্কটলণ্ডের পাদরীর প্রধান পাদরীর দ্বারা তিনি ত্রৈমাসিক স্থানীয় গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের নিকট সেই প্রকার রিটর্ণ পাঠাইবেন ইতি।

কোন বিবাহ দোহর রূপে রেজিষ্টরী করিবার কথা।

৩২ ধারা। কোন ব্যক্তি বিশপ সাহেবের হস্তার্পণ দ্বারা নিযুক্ত হইয়া চর্চ অফ ইঙ্গলণ্ডের কিম্বা চর্চ অফ রোমের পাদরী না হইয়া বিবাহ সাধন করিলে তিনি কিম্বা এই আইনমতে বিবাহ সাধন করিবার লাইসেন্স প্রাপ্ত কোন ধর্ম্মাধ্যক্ষ বিবাহ সাধন করিলেই ঐ বিবাহের দোহর রেজিষ্টর করিবেন অর্থাৎ আপনি বিবাহের যে রেজিষ্টরী বহী রাখেন এই আইনের চতুর্থ তফসীলের নির্দ্দিষ্ট পাঠ অনুসারে এবং বিবাহের ঐ রেজিষ্টরী বহীর সংযুক্ত অনুলিপিপত্রের সর্টিফিকটে তাহা রেজিষ্টর করিবেন ইতি।

বিবাহবিষয়ক কথায় স্বাক্ষর করিবার ও সাক্ষিদের দ্বারা স্বাক্ষর করাইবার কথা।

৩৩ ধারা। উক্ত সর্টিফিকটে ও বিবাহের রেজিষ্টর বহীতে ঐ বিবাহের যে কথা লেখা যায়, যে ব্যক্তি বিবাহ সাধন করেন তিনি ও যে ব্যক্তিদের বিবাহ হয় তাঁহারা দুই জন ঐ কথায় স্বাক্ষর করিবেন, এবং বিবাহ সাধন সময়ে যাঁহারা উপস্থিত থাকেন তাঁহাদের মধ্যে বিবাহ সাধনকারি-ভিন্ন প্রামাণিক দুই ব্যক্তি সাক্ষিস্বরূপ ঐ কথায় স্বাক্ষর করিবেন।

বহীর প্রথমে আরম্ভ করিয়া ক্রমান্বয় শেষপর্য্যন্ত ঐ বহীতে বিবাহ রেজিষ্টর করা যাইবে, এবং বিবাহের ঐ রেজিষ্টরী বহীতে যে বিবাহের যে নম্বর দেওয়া যায় ঐ সর্টিফিকটেও সেই নম্বর থাকিবে ইতি।

বিবাহের রেজিষ্ট্রারের নিকট সর্টিফিকট পাঠাইবার ও তাহা নকল করিয়া গবর্ণমেণ্টে পাঠাইবার কথা।

৩৪ ধারা। যে ব্যক্তি ঐ বিবাহ সাধন করেন তিনি বিবাহের রেজিষ্টরী বহী হইতে ঐ সর্টিফিকট কাটিয়া লইয়া যে জিলার মধ্যে বিবাহ হয়, বিবাহ সাধন হইবার পর এক মাসের মধ্যে তথাকার বিবাহের রেজিষ্ট্রার সাহেবের নিকট কিম্বা দুই কি ততোধিক জন রেজিষ্ট্রার থাকিলে প্রধান রেজিষ্ট্রার সাহেবের নিকট ঐ সর্টিফিকট পাঠাইবেন।

তাঁহার কাছে তদ্রূপ সর্টিফিকটের প্রতিলিপি করিবার নিমিত্ত যে বহী থাকে তিনি সেই বহীতে তাহার প্রতিলিপি করাইয়া রাখিবেন।

মাসের মধ্যে যত সর্টিফিকট পান তন্মধ্যে তিনি পশ্চাৎ লিখিত বিধানমতে নম্বর ও স্বাক্ষর কি নামের আদ্যাক্ষর লিখিয়া স্থানীয় গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের নিকট পাঠাইবেন ইতি।

উক্ত সর্টিফিকটের প্রতিলিপি করিয়া নম্বর দিবার কথা।

৩৫ ধারা। উক্ত বহীর প্রথমে আরম্ভ করিয়া ঐ সকল প্রতিলিপি ক্রমান্বয়ে শেষ পর্য্যন্ত লিখিতে হইবে। ঐ প্রতিলিপিতে দুই নম্বর দেওয়া যাইবে।

certificate as copied, and also a number to be entered by the Marriage Registrar, indicating the number of the entry of the said copy in the said book, according to the order in which he receives each certificate

Registrar to add number of entry to certificate, and send to Government

36 The Marriage Registrar shall also add such last-mentioned number of the entry of the copy in the book to the certificate, with his signature or initials, and shall, at the end of every month, send the same to the Secretary to the Local Government

Registration of marriages between Native Christians under Parts I or III

37 When any marriage between Native Christians is solemnized under Part I or Part III of this Act, the person solemnizing the same shall, instead of proceeding in the manner provided by sections twenty-eight to thirty-six, both inclusive, register the marriage in a separate register book, and shall keep it safely until it is filled or, if

Custody and disposal of register book

he leave the district in which he solemnized the marriage before the said book is filled, shall make over the same to the person succeeding to his duties in the said district

Whoever has the control of the book at the time when it is filled, shall send it to the Marriage Registrar of the district, or, if there be more Marriage Registrars than one, to the senior Marriage Registrar, who shall send it to the Secretary to the Local Government, to be kept by him with the records of his office

PART V

Marriages solemnized by, or in the presence of, a Marriage Registrar

Notice of intended marriage before Marriage Registrar

38. When a marriage is intended to be solemnized by, or in the presence of, a Marriage Registrar, one of the parties to such marriage shall give notice in writing, in the form contained in the first schedule hereto annexed, or to the like effect, to any Marriage Registrar of the district within which the parties have dwelt,

or, if the parties dwell in different districts, shall give the like notice to a Marriage Registrar of each district,

and shall state therein the name and surname and the profession or condition, of each of the parties intending marriage, the dwelling place of each of them, the time during which each has dwelt therein, and the place at which the marriage is to be solemnized

এক, যে সর্টিফিকটের প্রতিলিপি করা গিয়াছে তাহার নম্বর এবং যে ক্রমে প্রত্যেক সর্টিফিকট পান সেই ক্রমানুসারে তিনি ঐ বহীতে প্রতিলিপির অন্য নম্বর দিবেন ইতি।

বহীতে যে নম্বর দেওয়া যায় সর্টিফিকটে সেই নম্বর দিয়া রেজিষ্ট্রারের গবর্ণমেণ্টে পাঠাইবার কথা।

৩৬ ধারা। বহীতে প্রতিলিপির শেষোক্ত যে নম্বর দেওয়া যায় বিবাহের রেজিষ্ট্রার সর্টিফিকটে সেই নম্বরও দিয়া তাহাতে স্বাক্ষর করিয়া কিম্বা নামের আদ্যাক্ষর লিখিয়া প্রতি মাসের শেষে স্থানীয় গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের নিকট তাহা পাঠাইবেন ইতি।

প্রথম বা তৃতীয় অধ্যায়ানুসারে দেশীয় খ্রীষ্টীয়ানদের বিবাহের রেজিষ্ট্রী করণের কথা।

৩৭ ধারা। কোন ব্যক্তি এই আইনের প্রথম কি তৃতীয় অধ্যায়মতে দেশীয় খ্রীষ্টীয়ানদের বিবাহ সাধন করিলে ২৮ অবধি ৩৬ পর্য্যন্ত ধারার নির্দ্দিষ্ট মতে কার্য্য না করিয়া, স্বতন্ত্র এক রেজিষ্টরী বহীতে ঐ বিবাহ রেজিষ্টর করিবেন ও যত কাল ঐ রেজিষ্টরী বহী পূর্ণ না হয় ততকাল আপনার নিকটে নির্ব্বিঘ্নে রাখিবেন। কিম্বা যে প্রদেশে ঐ ঐ বিবাহ সাধন করিলেন ঐ বহী পূর্ণ না হইতেং যদি সেই প্রদেশহইতে স্থানান্তরে যান, তবে ঐ প্রদেশে যে ব্যক্তি তাঁহার সেই পদের কর্ম্ম গ্রহণ করেন তাঁহাকে ঐ বহী দিবেন।

বহী কাহার নিকট থাকিবে ও তাহা লইয়া কি করিতে হইবে ইহার কথা।

বহী পূর্ণ হইলে যে ব্যক্তির জিম্মায় থাকে তিনি সেই প্রদেশের বিবাহের রেজিষ্ট্রার সাহেবের নিকট ঐ বহী পাঠাইবেন। দুই কি অধিক জন রেজিষ্ট্রার থাকিলে বিবাহের পদজ্যেষ্ঠ রেজিষ্ট্রার সাহেবের নিকট পাঠাইবেন। তিনি স্থানীয় গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের নিকট তাহা পাঠাইবেন। তাহা তাঁহার কার্য্যালয়ের কাগজপত্রের মধ্যে রাখা যাইবে ইতি।

পঞ্চম অধ্যায়।

বিবাহের রেজিষ্ট্রার সাহেবের দ্বারা বা তাঁহার সাক্ষাৎ যে বিবাহ সাধন হয় তদ্বিষয়ের বিধি।

বিবাহের রেজিষ্ট্রারকে সঙ্কল্পিত বিবাহের নোটিস দিবার কথা।

৩৮ ধারা। বিবাহের রেজিষ্ট্রার সাহেবের দ্বারা বা তাঁহার সাক্ষাৎ বিবাহ সাধন করিবার অভিপ্রায় থাকিলে ঐ বিবাহ সম্বন্ধীয় উভয় ব্যক্তি যে প্রদেশে বাস করিয়াছেন ঐ বিবাহের একতর ব্যক্তি সেই প্রদেশের বিবাহের কোন রেজিষ্ট্রার সাহেবের নিকট এই আইনের প্রথম তফশীলের নির্দ্দিষ্ট পাঠে কি তাহার মর্ম্মানুসারে নোটিস লিখিয়া দিবেন।

যদি দুই জন ভিন্নং প্রদেশে বাস করেন তবে উক্ত প্রত্যেক প্রদেশের বিবাহের রেজিষ্ট্রারকে ঐ নোটিস দিবেন।

তন্মধ্যে বিবাহার্থি উভয় ব্যক্তির নাম ও কুলনাম ও প্রত্যেক জনের বৃত্তি কি অবস্থা ও বাসস্থান ও যত দিন তথায় বাস করিয়াছেন, ও যে স্থানে বিবাহ সাধন হইবে এইং কথা জানাইবেন।

Provided that if either party has dwelt in the place stated in the notice for more than one month, it may be stated therein that he or she has dwelt there one month and upwards.

কিন্তু যদি কোন পক্ষ উক্ত স্থানে এক মাসের অধিক কাল বাস করিয়া থাকেন, তবে নোটিসে "এক মাস ও অধিক কাল" তথায় বাস করিয়াছেন এইমাত্র লেখা যাইতে পারিবে ইতি।

Publication of notice

39 Every Marriage Registrar shall, on receiving any such notice, cause a copy thereof to be affixed in some conspicuous place in his office

নোটিস প্রচার করিবার কথা।

৩৯ ধারা। বিবাহের সকল রেজিষ্ট্রার বিবাহের নোটিস পাইলে আপনং কার্য্যালয়ের কোন প্রকাশ-স্থানে ঐ নোটিসের প্রতিলিপি লটকাইবেন।

When one of the parties intending marriage is a minor, every Marriage Registrar shall, within twenty-four hours after the receipt by him of the notice of such marriage, send, by post or otherwise, a copy of such notice to each of the other Marriage Registrars (if any) in the same district, who shall likewise affix the copy in some conspicuous place in his own office

বিবাহার্থি একতর ব্যক্তি অপ্রাপ্ত ব্যবহার হইলে বিবাহের রেজিষ্ট্রার ঐ বিবাহের নোটিস পাইবার পর চব্বিশ ঘণ্টার মধ্যে ঐ প্রদেশের অন্তর্গত বিবাহের অন্য সকল রেজিষ্ট্রারের নিকট ডাকযোগে বা প্রকারান্তরে ঐ নোটিসের প্রতিলিপি পাঠাইবেন। তাঁহারও আপনং কার্য্যালয়ের কোন প্রকাশস্থানে তাহা লটকাইবেন ইতি।

Notice to be filed and copy entered in Marriage Notice Book

40 The Marriage Registrar shall file all such notices and keep them with the records of his office,

and shall also forthwith enter a true copy of all such notices in a book to be furnished to him for that purpose by the Local Government, and to be called the "Marriage Notice Book"

and the Marriage Notice Book shall be open at all reasonable times, without fee, to all persons desirous of inspecting the same

বিবাহের নোটিস রাখিবার ও নোটিসের বহীতে প্রতিলিপি লিখিবার কথা।

৪০ ধারা। বিবাহের রেজিষ্ট্রার উক্ত সকল নোটিস গাঁথিয়া আপন কার্য্যালয়ের কাগজপত্রের মধ্যে রাখিবেন, এবং তিনি স্থানীয় গবর্ণমেন্টহইতে বিবাহের নোটিসের বহী নামে যে এক খান বহী পাইবেন তন্মধ্যে ঐ নোটিসের যথার্থ প্রতিলিপি অগোণে লিখিবেন।

কোন ব্যক্তি উপযুক্ত কোন সময়ে ঐ বহী দেখিতে চাহিলে ফী না দিয়া দেখিতে পাইবেন ইতি।

Certificate of notice given and oath made

41 If the party by whom the notice was given requests the Marriage Registrar to issue the certificate next hereinafter mentioned, and if one of the parties intending marriage has made oath as hereinafter required, the Marriage Registrar shall issue under his hand a certificate of such notice having been given and of such oath having been made

Proviso

Provided —

that no lawful impediment be shown to his satisfaction why such certificate should not issue

that the issue of such certificate has not been forbidden, in manner hereinafter mentioned, by any person authorized in that behalf by this Act,

that four days after the receipt of the notice have expired, and further,

That where, by such oath, it appears that one of the parties intending marriage is a minor fourteen days after the entry of such notice have expired

নোটিস দেওয়ার ও শপথ করণের সর্টিফিকট দিবার কথা।

৪১ ধারা। যে ব্যক্তি বিবাহের নোটিস দেন তিনি প্রার্থনা করিলে, এবং বিবাহার্থি একতর ব্যক্তি নিম্নলিখিত বিধানানুসারে শপথ করিলে, বিবাহের রেজিষ্ট্রার ঐ নোটিস পাইবার এবং ঐ শপথ করা যাইবার সর্টিফিকট লিখিয়া তাহাতে স্বাক্ষর করিয়া দিবেন।

উপবিধি।

পরন্তু ঐ সর্টিফিকট দিবার কোন ন্যায্য বাধা আছে বিবাহের রেজিষ্ট্রারের হৃদ্বোধমতে ইহা দর্শান না যায়।

এই আইনদ্বারা ঐ সর্টিফিকট দিবার বিষয়ে যে ব্যক্তির আপত্তি করিবার ক্ষমতা থাকে তিনি নিম্নলিখিতমতে তাহা নিষেধ না করেন।

তাঁরে নোটিস পাইলে পর চারি দিন গত না হয়। এবং বিবাহার্থি একতর ব্যক্তি অপ্রাপ্ত ব্যবহার উক্ত শপথদ্বারা ইহা দৃষ্ট হইলে, বিবাহের এ নোটিস পাইবার পর চতুর্দ্দশ দিন গত হয় ইতি।

42. The certificate mentioned in section forty one shall not be issued by any Marriage Registrar until one of the parties intending marriage appears personally before such Marriage Registrar and makes oath

Oath or declaration to be made before issue of certificate

(*a*) that he or she believes that there is not any impediment of kindred or affinity, or other lawful hindrance, to the said marriage, and

(*b*) that both the parties have, or (where they have dwelt in the districts of different Marriage Registrars) that the party making such oath has had their, his, or her usual place of abode within the district of such Marriage Registrar,

and, where either or each of the parties is a minor,

(*c*) that the consent or consents to such marriage required by law has or have been obtained thereto, or that there is no person resident in India authorized to give such consent, as the case may be

43 When one of the parties intending marriage is a minor, and both such parties are at the time resident in any of the towns of Calcutta, Madras and Bombay, and are desirous of being married in less than fourteen days after the entry of such notice as aforesaid, they may apply by petition to a Judge of the High Court for an order upon the Marriage Registrar to whom the notice of marriage has been given, directing him to issue his certificate before the expiration of the said fourteen days required by section forty-one

Petition to High Court to order certificate in less than fourteen days

And on sufficient cause being shown, the said Judge may, in his discretion, make an order upon such Marriage Registrar, directing him to issue his certificate at any time to be mentioned in the said order, before the expiration of the fourteen days so required,

Order on petition

And the said Marriage Registrar on receipt of the said order, shall issue his certificate in accordance therewith

44 The provisions of section nineteen apply to every marriage under this Part, either of the parties to which is a minor,

Provision as to consent of father or guardian to apply

and any person whose consent to such marriage would be required thereunder may enter a protest against the issue of the Marriage Registrar's certificate, by writing, at

Protest against issue of certificate

[*Government Gazette*, 16*th July* 1872]

৪২ ধারা। ৪১ ধারার নির্দ্দিষ্ট সর্টিফিকট দিবার পূর্ব্বে একতর ব্যক্তি বিবাহের রেজিষ্ট্রারের সম্মুখে স্বয়ং উপস্থিত হইয়া এই মর্ম্মের শপথ করিবেন,

সর্টিফিকট দিবার পূর্ব্বে শপথ কি প্রতিজ্ঞা করিবার কথা।

(ক) উক্ত বিবাহ যাহাতে অবৈধ হইতে পারে আমাদের দুই জনের মধ্যে এমত জ্ঞাতিত্ব কি কুটুম্বিতা নাই ও আইনমতে কোন বাধা নাই।

(খ) এবং বিবাহার্থি আমরা দুই জন অথবা (যদি তাঁহারা বিবাহের ভিন্ন২ রেজিষ্ট্রারের প্রদেশে বাস করিয়া থাকেন তবে) উক্ত শপথকারি অমুক ব্যক্তি নিয়ত উক্ত বিবাহের রেজিষ্ট্রারের প্রদেশের মধ্যে বাস করিয়াছি বা করিয়াছেন।

এবং উভয় কি একতর ব্যক্তি অপ্রাপ্ত ব্যবহার হইলে।

(গ) ঐ বিবাহ হইবার পূর্ব্বে আইনমতে যে ব্যক্তিরদের অনুমতি লওয়া প্রয়োজন তাঁহার কি তাঁহারদের অনুমতি পাওয়া গিয়াছে অথবা বিষয়বিশেষে যাঁহারা উক্ত অনুমতি দিবার ক্ষমতাপন্ন আছেন এমত কোন ব্যক্তি ভারতবর্ষনিবাসী নহেন এই মর্ম্মের শপথ না করা গেলে রেজিষ্ট্রার সর্টিফিকট দিবেন না ইতি।

৪৩ ধারা। বিবাহার্থি একতর ব্যক্তি অপ্রাপ্তব্যবহার হইলে, ও বিবাহার্থি উভয় ব্যক্তি তৎকালে কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাই নগরনিবাসি হইয়া নোটিস পূর্ব্বোক্তমতে লেখা যাওবার পর চতুর্দ্দশ দিনের মধ্যে বিবাহ করিতে চাহিলে তাঁহারা ঐ নগরের হাই কোর্টে অন্যতর জজ সাহেবের নিকট দরখাস্ত দিয়া বিবাহের যে রেজিষ্ট্রারকে নোটিস দেওয়া গেল তাঁহার প্রতি এই আইনের ৪১ ধারার নির্দ্দিষ্ট ঐ চতুর্দ্দশ দিন গত না হইলেও আপনার সর্টিফিকট দিতে আজ্ঞা হইবার প্রার্থনা করিতে পারিবেন।

হাই কোর্টে প্রার্থনা করিয়া চতুর্দ্দশ দিনের মধ্যে সর্টিফিকট পাইবার আজ্ঞার কথা।

উপযুক্ত কারণ দর্শান গেলে উক্ত জজ আপনার বিবেচনামতে বিবাহের ঐ রেজিষ্ট্রারকে এই আজ্ঞা দিতে পারিবেন যে নির্দ্দিষ্ট উক্ত চতুর্দ্দশ দিন গত না হইলেও তিনি ঐ অনুজ্ঞাপত্রের নির্দ্দিষ্ট অমুক সময়ে আপনার সর্টিফিকট দেন।

দরখাস্তমতে আজ্ঞার কথা।

বিবাহের উক্ত রেজিষ্ট্রার ঐ আজ্ঞাপ্রাপ্ত হইলে তদনুসারে আপনার সর্টিফিকট দিতে প্রবর্ত্ত হইবেন ইতি।

৪৪ ধারা। বিবাহার্থি একতর ব্যক্তি অপ্রাপ্তব্যবহার হইলে এই অধ্যায়মত তাহার বিবাহের পক্ষে ১৯ ধারা। বিধান খাটিবে।

পিতামাতার কি অভিভাবকের সম্মতিবিষয়ক বিধি খাটিবার কথা।

সেই ধারামতে ঐ বিবাহের বিষয়ে যে ব্যক্তির অনুমতি লওয়া প্রয়োজন ঐ সর্টিফিকট দেওয়া যাইবার পূর্ব্বে কোন সময়ে ঐ সঙ্কল্পিত বিবাহের নোটিস বিবাহের নোটিসের বহীর যে

সর্টিফিকট দেওয়া নিষেধ হইবার কথা।

any time before the issue of such certificate, the word "forbidden," opposite to the entry of the notice of such intended marriage in the Marriage Notice Book, and by subscribing thereto his or her name and place of abode, and his or her position with respect to either of the parties, by reason of which he or she is so authorized

Effect of protest

When such protest has been entered, no certificate shall issue until the Marriage Registrar has examined into the matter of the protest, and is satisfied that it ought not to obstruct the issue of the certificate for the said marriage, or until the protest be withdrawn by the person who entered it

Petition where person whose consent is necessary is insane or unjustly withholds consent

45 If any person whose consent is necessary to any marriage under this Part is of unsound mind,

or if any such person (other than the father) without just cause withholds his consent to the marriage,

the parties intending marriage may apply by petition, where the person whose consent is necessary is resident within any of the towns of Calcutta Madras and Bombay, to a Judge of the High Court or if he is not resident within any of the said towns, then to the District Judge

Procedure on petition

And the said Judge of the High Court, or District Judge, as the case may be may examine the allegations of the petition in a summary way

And if upon examination such marriage appears proper such Judge of the High Court or District Judge, as the case may be, shall declare the marriage to be a proper marriage

Such declaration shall be as effectual as if the person whose consent was needed had consented to the marriage,

and if he has forbidden the issue of the Marriage Registrar's certificate, such certificate shall be issued and the like proceedings may be had under this Part in relation to the marriage as if the issue of such certificate had not been forbidden

Petition when Marriage Registrar refuses certificate

46 Whenever a Marriage Registrar refuses to issue a certificate under this Part, either of the parties intending marriage may apply by petition, where the district of such Registrar is within any of the towns of Calcutta, Madras and Bombay, to a Judge of the High Court, or if such district is

পৃষ্ঠার লেখা থাকে সেই ব্যক্তি তাহার পার্শ্বে "নিষিদ্ধ" এই কথা লিখিয়া ও তাহার নীচে আপনার নাম ও নিবাস এবং বিবাহার্থি একতর ব্যক্তির সহিত তাঁহার যে সম্বন্ধপ্রযুক্ত তাঁহার তদ্রূপ ক্ষমতা থাকে তাহা লিখিয়া বিবাহের রেজিষ্ট্রারের সর্টিফিকট দিবার আপত্তি জানাইতে পারিবেন।

আপত্তির ফলের কথা।

ঐ আপত্তি তদ্রূপে লেখা গেলে পর বিবাহের রেজিষ্ট্রার ঐ আপত্তির মর্ম্মানুসন্ধান যত কাল না লন ও তৎপ্রযুক্ত উক্ত বিবাহের সর্টিফিকট দেওয়ার নিবারণ করা উচিত নয় ইহা যত কাল তদ্বোধমতে না জানেন কিম্বা যে ব্যক্তি তাহা লিখিলেন তিনি যত কাল তাহা রহিত করিয়া না দেন তত কাল ঐ সর্টিফিকট দেওয়া যাইবে না হতি।

যাহার অনুমতি পাওয়া আবশ্যক তিনি ক্ষিপ্তমনা হইলে কিম্বা অন্যায়মতে অসম্মত হইলে দরখাস্তের কথা।

৪৫ ধারা। বিবাহ হইবার নিমিত্তে যে ব্যক্তির অনুমতি প্রাপ্ত হওয়া প্রয়োজন তিনি যদি বিকৃতমনা হন।

কিম্বা পিতাভিন্ন অন্য যে ব্যক্তির অনুমতি থাকা প্রযোজন তিনি যদি অন্যায় কারণে অনুমতি দিতে স্বীকার না করেন।

তবে যাঁহার অনুমতি থাকা প্রযোজন তিনি কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাই নগরে বাস করিলে বিবাহার্থি ব্যক্তিরা হাই কোর্টের অন্যতর জজের নিকট দরখাস্ত করিতে পারিবেন, সেই ব্যক্তি উক্ত অন্যতর নগরে বাস না করিলে জিলার জজ সাহেবের নিকট দরখাস্ত করিবেন।

দরখাস্ত হইলে কার্য্য প্রণালীর কথা।

হাই কোর্টের উক্ত অন্যতর জজ কিম্বা জিলার জজ সংক্ষেপমতে ঐ দরখাস্তের লিখিত কথার অনুসন্ধান লইবেন।

অনুসন্ধান লইয়া সেই বিবাহ উপযুক্ত জ্ঞান করিলে ঐ হাইকোর্টের অন্যতর জজ কিম্বা জিলার জজ উপযুক্ত বিবাহ বলিয়া সেই বিবাহ নির্দ্দেশ করিবেন।

সেই বিবাহ বিষয়ে যে ব্যক্তির অনুমতি দেওয়া প্রযোজন উক্ত জজ সাহেবের নির্দ্দেশবাক্য তাঁহারই অনুমতির তুল্য সিদ্ধ ও সফল জ্ঞান হইবে। সেই ব্যক্তি যদি বিবাহের রেজিষ্ট্রারের সর্টিফিকট দেওয়া নিষেধ করিয়া থাকেন, তবে সেই ব্যক্তিদ্বারা ঐ সর্টিফিকট নিষিদ্ধ না হওয়ার ন্যায় সেই সর্টিফিকট দেওয়া যাইবে এবং এই অধ্যায়মতে ঐ বিবাহ বিষয়ক সমস্ত কার্য্যানুষ্ঠান হইবে ইতি।

বিবাহের রেজিষ্ট্রার সর্টিফিকট দিতে অস্বীকার করিলে দরখাস্তের কথা।

৪৬ ধারা। বিবাহের রেজিষ্ট্রার এই অধ্যায়মতে সর্টিফিকট দিতে অস্বীকার করিলে, যদি সেই রেজিষ্ট্রারের ডিসট্রিক্ট কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাই নগরে হইয়া থাকে তবে বিবাহার্থ একতর ব্যক্তি ওথাকার হাই কোর্টের অন্যতর জজের নিকট দরখাস্ত করিতে পারিবেন, কিম্বা তাঁহার ডিস্ট্রিক্ট উক্ত অন্য-

not within any of the said towns, then to the District Judge.

The said Judge of the High Court or District Judge, as the case may be, may examine the allegations of the petition in a summary way, and shall decide thereon

Procedure on petition

The decision of such Judge of the High Court, or District Judge, as the case may be, shall be final, and the Marriage Registrar to whom the application for the issue of a certificate was originally made shall proceed in accordance therewith

47 Whenever a Marriage Registrar resident in any Native State refuses to issue his certificate, either of the parties intending marriage may apply by petition to the Governor General in Council, who shall decide thereon

Petition when Marriage Registrar in Native State refuses certificate

Such decision shall be final, and the Marriage Registrar to whom the application was originally made shall proceed in accordance therewith

48 Whenever a Marriage Registrar, acting under the provisions of section forty-four, is not satisfied that the person forbidding the issue of the certificate is authorized by law so to do, the said Marriage Registrar shall apply by petition, where his district is within any of the towns of Calcutta, Madras and Bombay, to a Judge of the High Court, or if such district be not within any of the said towns, then to the District Judge

Petition when Registrar doubts authority of person forbidding

The said petition shall state all the circumstances of the case, and pray for the order and direction of the Court concerning the same,

Procedure on petition

and the said Judge of the High Court or District Judge, as the case may be, shall examine into the allegations of the petition and the circumstances of the case,

and if, upon such examination, it appears that the person forbidding the issue of such certificate is not authorized by law so to do, such Judge of the High Court or District Judge, as the case may be, shall declare that the person forbidding the issue of such certificate is not authorized as aforesaid

And thereupon such certificate shall be issued, and the like proceedings may be had in relation to such marriage as if the issue had not been forbidden.

[*Government Gazette*, 16*th July* 1872]

ভর নগরে না থাকিলে জিলার জজ সাহেবের নিকট দরখাস্ত করিতে পারিবেন।

উক্ত কোর্টের অন্যতর জজ সাহেব কিম্বা জিলার জজ সাহেব সংক্ষেপমতে ঐ দরখাস্তের লিখিত কথার অনুসন্ধান লইয়া তাহা নিষ্পত্তি করিবেন।

দরখাস্ত দিলে কার্য্যপ্রণালীর কথা।

সেই কোর্টের জজ সাহেবের বা জিলার জজ সাহেবের ঐ নিষ্পত্তি চূড়ান্ত হইবে, ও বিবাহের যে রেজিষ্ট্রারের নিকট প্রথমে বিবাহের সর্টিফিকট দিবার প্রার্থনা হইয়াছিল তিনি ঐ নিষ্পত্ত্যনুসারে কার্য্য করিবেন ইতি।

৪৭ ধারা। এতদ্দেশীয় রাজাধিকার নিবাসি কোন বিবাহের রেজিষ্ট্রার যদি কোন সময়ে সর্টিফিকট দিতে অস্বীকার করেন তবে বিবাহার্থি একতর ব্যক্তি মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের নিকট দরখাস্ত করিতে পারিবেন, তাহা হইলে তিনি সেই বিষয় নিষ্পত্তি করিবেন।

এতদ্দেশীয় রাজ্যের অন্তর্গত রেজিষ্ট্রার সর্টিফিকট দিতে অস্বীকার করিলে দরখাস্তের কথা।

তাঁহার সেই নিষ্পত্তি চূড়ান্ত হইবে ও বিবাহের যে রেজিষ্ট্রারের নিকট প্রথম প্রার্থনা করা গেল তিনি ঐ নিষ্পত্ত্যনুসারে কার্য্য করিবেন ইতি।

৪৮ ধারা। বিবাহের রেজিষ্ট্রার ৪৪ ধারার বিধানমতে কার্য্য করিলে যে ব্যক্তি সর্টিফিকট দিবার নিষেধ করিলেন আইনমতে তাঁহার সেই কার্য্য করিবার ক্ষমতা আছে কি না বিবাহের ঐ রেজিষ্ট্রারের এমত সন্দেহ থাকিলে যদি কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাই নগরের মধ্যে ঐ রেজিষ্ট্রারের ডিষ্ট্রিক্ট থাকে, তবে হাই কোর্টের অন্যতর জজ সাহেবের নিকট কিম্বা যদি ঐ প্রদেশ উক্ত কোন নগরের মধ্যে না থাকে, তবে জিলার জজ সাহেবের নিকট দরখাস্ত দিবেন।

যে ব্যক্তি নিষেধ করেন তাঁহার ক্ষমতা আছে কি না, এই বিষয়ে রেজিষ্ট্রারের সন্দেহ থাকিলে দরখাস্ত করিবার কথা।

সেই দরখাস্তে তিনি ঐ বিষয়ের সমস্ত বৃত্তান্ত লিখিয়া তদ্বিষয়ে কোর্টের আজ্ঞা ও আদেশ প্রার্থনা করিবেন।

দরখাস্ত সম্পর্কীয় কার্য্য প্রণালীর কথা।

উক্ত হাই কোর্টের অন্যতর জজ সাহেব কিম্বা উক্ত জিলার জজ সাহেব ঐ দরখাস্তের লিখিত কথার ও ঐ বিষয়ের বৃত্তান্তের অনুসন্ধান লইবেন।

তাহা লইয়া যে ব্যক্তি ঐ সর্টিফিকট দেওয়া নিষেধ করিলেন আইনমতে তাঁহার সেই কার্য্য করিবার ক্ষমতা নাই, হাই কোর্টের উক্ত অন্যতর জজ সাহেবের কিম্বা উক্ত জিলার জজ সাহেবের এমত বোধ হইলে, যে ব্যক্তি সর্টিফিকট দেওয়া নিষেধ করিলেন তাঁহার পূর্ব্বোক্ত ক্ষমতা নাই ইহা প্রকাশ করিবেন।

তাহা হইলে সেই সর্টিফিকট দেওয়া যাইবে এবং ঐ সর্টিফিকট দেওয়া নিষিদ্ধ না হইলে ঐ বিবাহ সম্পর্কে যদ্রূপ কার্য্যানুষ্ঠান হইত তদ্রূপই হইতে পারিবে।

Reference when Marriage Registrar in Native State doubts authority of person forbidding

Whenever a Marriage Registrar appointed under section eight to act within any Native State is not satisfied that the person forbidding the issue of the certificate is authorized by law so to do, the said Marriage Registrar shall send a statement of all the circumstances of the case, together with all documents relating thereto, to the Governor General in Council

Procedure on reference

If it appears to the Governor General in Council that the person forbidding the issue of such certificate is not authorized by law so to do, the Governor General in Council shall declare that the person forbidding the issue of such certificate is not authorized as aforesaid

and thereupon such certificate shall be issued, and the like proceedings may be had in relation to such marriage as if the issue of the certificate had not been forbidden

Liability for frivolous protest against issue of certificate

49 Every person entering a protest with the Marriage Registrar, under this Part, against the issue of any certificate on grounds which such Marriage Registrar, under section forty-four, or a Judge of the High Court or the District Judge, under section forty five or forty-six, declares to be frivolous and such as ought not to obstruct the issue of the certificate shall be liable for the costs of all proceedings in relation thereto and for damages to be recovered by suit by the person against whose marriage such protest was entered

Form of certificate

50. The certificate to be issued by the Marriage Registrar under the provisions of section forty-one shall be in the form contained in the second schedule to this Act annexed, or to the like effect,

and the Local Government shall furnish to every Marriage Registrar a sufficient number of forms of certificate

Solemnization of marriage after issue of certificate

51 After the issue of the certificate of the Marriage Registrar,

or, where notice is required to be given under this Act to the Marriage Registrars for different districts, after the issue of the certificates of the Marriage Registrars for such districts,

marriage may, if there be no lawful impediment to the marriage of the parties described in such certificate or certificates, be solemnized between them, according to such form and ceremony as they think fit to adopt

প্রদেশীয় রাজ্যাধিকারে বিবাহের রেজিষ্ট্রার নিষেধ কারি ব্যক্তির ক্ষমতার বিষয়ে সন্দেহ করিলে তাহার দরখাস্ত করিবার কথা।

কোন বিবাহের রেজিষ্ট্রার ৮ ধারামতে প্রদেশীয় কোন রাজ্যাধিকারে উক্ত কর্ম্ম করিতে নিযুক্ত হইলে এবং যে ব্যক্তি সর্টিফিকট দেওয়া নিষেধ করিলেন আইনমতে সেই কার্য্য করিতে তাঁহার ক্ষমতা আছে বিবাহের উক্ত রেজিষ্ট্রার সাহেব ইহা সন্তোষমতে না জানিলে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের নিকট উক্ত বিষয়ের সমস্ত বৃত্তান্তের বর্ণনাপত্র ও তৎসম্পর্কীয় সকল দলীল ও কাগজপত্র পাঠাইবেন।

সেই স্থলে কার্য্য প্রণালীর কথা।

এবং যে ব্যক্তি ঐ সর্টিফিকট দেওয়া নিষেধ করিলেন আইনমতে তাঁহার সেই কার্য্য করিবার ক্ষমতা নাই মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের এমত বোধ হইলে তিনি পূর্ব্বোক্ত ব্যক্তিকে ঐ সর্টিফিকট দিতে নিষেধ করিবার অক্ষম প্রকাশ করিবেন।

তাহা হইলে ঐ সর্টিফিকট দেওয়া যাইবে এবং উক্ত ব্যক্তিকর্ত্তৃক সর্টিফিকট দিবার নিষেধ না হওয়ার ন্যায় ঐ বিবাহ সম্বন্ধীয় সমস্ত কার্য্যানুষ্ঠান হইবে ইতি।

কোন ব্যক্তি তুচ্ছনীয় কারণে সর্টিফিকট দিবার আপত্তি করিলে তাহার দায়ের কথা।

৪৯ ধারা। কোন ব্যক্তি বিবাহের রেজিষ্ট্রারের নিকট এই অধ্যায়ানুসারে সর্টিফিকট দিবার আপত্তি লিখিয়া জানাইলে ও সেই রেজিষ্ট্রার ৪৪ ধারামতে কিম্বা হাই কোর্টের জজ সাহেব কিম্বা জিলার জজ সাহেব ৪৫ কি ৪৬ ধারামতে সেই আপত্তির কারণ তুচ্ছনীয় ও অহেতুক সর্টিফিকট দেওয়ার বাধা হওয়া অনুচিত জ্ঞান করিলে তৎসম্পর্কীয় যে সকল কার্য্যের অনুষ্ঠান হয় ঐ ব্যক্তি তাহার খরচের ও হানিপূরণের দায়ী হইবেন। যে ব্যক্তির বিবাহ বিষয়ে আপত্তি হয় তিনি মোকদ্দমা করিয়া হানিপূরণের ঐ টাকা আদায় করিতে পারিবেন ইতি।

সর্টিফিকট লিখিবার পাঠের কথা।

৫০ ধারা। বিবাহের রেজিষ্ট্রার ৪১ ধারার বিধান মতে যে সর্টিফিকট দিবেন তাহা এই আইনের দ্বিতীয় তফসীলের পাঠানুসারে কি তাহার মর্ম্মমতে লেখা যাইবে।

যত খানি সর্টিফিকটের পাঠ দিলে কার্য্য চলিতে পারিবে প্রত্যেক স্থানীয় গবর্ণমেণ্ট বিবাহের প্রত্যেক রেজিষ্ট্রারকে তত খানি দিবেন ইতি।

সর্টিফিকট দেওয়া গেলে পর বিবাহ সাধন হইতে পারিবার কথা।

৫১ ধারা। বিবাহের রেজিষ্ট্রারের সর্টিফিকট দেওয়া গেলে পর,

অথবা এই আইনমতে ভিন্ন২ প্রদেশের বিবাহের রেজিষ্ট্রারদিগকে নোটিস দেওয়ার প্রয়োজন হইলে ঐ২ প্রদেশের বিবাহের রেজিষ্ট্রারদের সর্টিফিকট দেওয়া গেলে পর,

যদি আইনমতে ঐ সর্টিফিকটের বা ঐ২ সর্টিফিকটের নির্দ্দিষ্ট উভয় ব্যক্তির বিবাহ হইবার প্রতিবন্ধক না থাকে, তবে তাঁহাদের জ্ঞানে যে প্রথা ও যে নিয়ম উচিত হয় তদনুসারে তাঁহারদের বিবাহ হইতে পারিবে।

But every such marriage shall be solemnized in the presence of some Marriage Registrar (to whom shall be delivered such certificate or certificates as aforesaid) and of two or more credible witnesses besides the Marriage Registrar.

And in some part of the ceremony each of the parties shall declare as follows or to the like effect —

"I do solemnly declare that I know not of any lawful impediment why I, *A B*, may not be joined in matrimony to *C D*"

And each of the parties shall say to the other as follows or to the like effect — "I call upon these persons here present to witness that I, *A B.*, do take thee, *C D.*, to be my lawful wedded wife [*or husband*]."

When marriage is not had within two months after notice, a new notice required.

52 Whenever a marriage is not solemnized within two months after the notice has been entered by the Marriage Registrar, as required by section forty, the notice and the certificate, if any, issued thereupon, and all other proceedings thereupon, shall be void,

and no person shall proceed to solemnize the marriage, nor shall any Marriage Registrar enter the same, until new notice has been given, and entry made, and certificate thereof given, at the time and in the manner aforesaid

Marriage Registrar may ask for particulars to be registered

53 A Marriage Registrar before whom any marriage is solemnized under this Part may ask of the persons to be married the several particulars required to be registered touching such marriage

Registration of marriages solemnized under Part V

54 After the solemnization of any marriage under this Part, the Marriage Registrar present at such solemnization shall forthwith register the marriage in duplicate, that is to say, in a Marriage Register Book, according to the form of the fourth schedule hereto annexed, and also in a certificate attached to the Marriage Register Book as a counterfoil

The entry of such marriage in both the certificate and the Marriage Register Book shall be signed by the person by or before whom the marriage has been solemnized, if there be any such person, and by the Marriage Registrar present at such marriage, whether or not it is solemnized by him, and also by the parties married, and attested by two credible witnesses

[*Government Gazette*, 16*th July* 1872]

কিন্তু ঐ সর্টিফিকট কিম্বা ঐ২ সর্টিফিকট বিবাহের রেজিষ্ট্রারকে দিতে হইবে এবং তাঁহার সাক্ষাৎ ও তদ্ভিন্ন দুই কি তদধিক জন সাক্ষির সাক্ষাৎ ঐ বিবাহ হইতে পারিবে,

এবং বিবাহ হইবার কোন সময়ে বর ও কন্যা উভয় এই কিম্বা এই মর্ম্মের কথা কহিবেন।

"(চন্দ্রমণীর সহিত দীনবন্ধু) আমার (দীনবন্ধুর সহিত চন্দ্রমণী), বৈধ বিবাহ হইবার কোন প্রতিবন্ধক জানি না, ইহা ধর্ম্মতঃ কহিলাম।"

এবং তাঁহাদের দুই জন পরস্পর এই কথা কিম্বা এই মর্ম্মের কথা কহিবেন। "(চন্দ্রমণি) আমি (দীনবন্ধু) তোমাকে আপনার বৈধ বিবাহিতা স্ত্রী (বা স্বামি) বলিয়া গ্রহণ করিলাম এই স্থানে বর্ত্তমান সকল ব্যক্তিকে ইহার সাক্ষি মানিলাম।" ইতি।

নোটিস দেওয়া গেলে পর দুই মাসের মধ্যে বিবাহ না হইলে নূতন নোটিস দিতে হইবার কথা।

৫২ ধারা। বিবাহের রেজিষ্ট্রার ৪০ ধারার বিধানমতে নোটিস লিখিয়া দিলে পর দুই মাসের মধ্যে বিবাহ না হইলে, তৎসম্পর্কে যে সর্টিফিকট ও নোটিস দেওয়া গিয়া থাকিবে ও তৎসম্পর্কে অন্য যে সকল কার্য্যের অনুষ্ঠান হইয়া থাকিবে তাহা ব্যর্থ হইলে।

ও যত কাল ঐ বিবাহের নূতন নোটিস দেওয়া না যায় ও লেখা না যায় ও পূর্ব্বোক্ত সময়ে ও নিয়মানুসারে যত কাল সর্টিফিকট দেওয়া না যায়, তত কাল কোন ব্যক্তি ঐ বিবাহ সাধন করিতে প্রবর্ত্ত হইবেন না ও বিবাহের কোন রেজিষ্ট্রার আপনার বহীতে তাহা লিখিবেন না ইতি।

বিশেষ যে২ কথা রেজিষ্টরী করা যাইবে বিবাহের রেজিষ্ট্রার সাহেবের তাহা জিজ্ঞাসা করিবার কথা।

৫৩ ধারা। এই অধ্যায়মতে বিবাহের যে রেজিষ্ট্রারের সম্মুখে কোন বিবাহ সাধন হয় সেই বিবাহ সম্পর্কীয় যে২ বিষয় তাঁহার রেজিষ্টরী করিতে হইবে তিনি বিবাহার্থিদিগকে তাহা জিজ্ঞাসা করিতে পারিবেন ইতি।

৫ অধ্যায়মতে যে বিবাহ সাধন হয় তাহা রেজিষ্টরী করিবার কথা।

৫৪ ধারা। এই অধ্যায়মতে বিবাহ সাধন হইলে পর, বিবাহের যে রেজিষ্ট্রার তৎকালে উপস্থিত হন তিনি অবিলম্বে ঐ বিবাহের দোহর রেজিষ্টর করিবেন, অর্থাৎ এই আইনের চতুর্থ তফসীলের নির্দ্দিষ্ট পাঠানুসারে বিবাহের রেজিষ্টরী বহীতে তাহা রেজিষ্টর করিবেন, এবং বিবাহের রেজিষ্টরী বহীতে অনুলিপির পত্রস্বরূপ যে সর্টিফিকট সংযুক্ত থাকে তাহাতেও তাহা রেজিষ্টর করিবেন।

ঐ সর্টিফিকটে ও বিবাহের রেজিষ্টরী বহীতে ঐ বিবাহের যে কথা লেখা যায়, যে ব্যক্তি ঐ বিবাহ সাধন করিয়াছেন কিম্বা যাহার সাক্ষাৎ সাধন হইয়াছে এমত ব্যক্তি থাকিলে তিনি তাহাতে স্বাক্ষর করিবেন এবং বিবাহের যে রেজিষ্ট্রার ঐ বিবাহকালে উপস্থিত হন তৎকর্ত্তৃক বিবাহ সাধন হইলে কি না হইলেও তিনি তাহাতে স্বাক্ষর করিবেন ও যাঁহাদের বিবাহ হইয়াছে তাঁহারা এবং বিবাহের রেজিষ্ট্রার ও যে ব্যক্তি বিবাহ

other than the Marriage Registrar and person solemnizing the marriage.

Every such entry shall be made in order from the beginning to the end of the book, and the number of the certificate shall correspond with that of the entry in the marriage register book.

Certificates to be sent monthly to Secretary to Government

55 The Marriage Registrar shall forthwith separate the certificate from the marriage register book and send it, at the end of every month, to the Secretary to the Local Government

Custody of Register Book

The Marriage Registrar shall keep safely the said register book until it be filled, and shall than send it to the Secretary to the Government, or to such other officer as aforesaid, to be kept by him with the records of his office

Registrars in Native States to send certificates to Foreign Secretary

56 The Marriage Registrars in Native States shall send the certificates mentioned in section fifty four to the Secretary in the Foreign Department of the Government of India

Registrars to ascertain that notice and certificate are understood by Native Christians

57 When any Native Christian about to be married gives a notice of marriage, or applies for a certificate from a Marriage Registrar, such Marriage Registrar shall ascertain whether the said Native Christian understands the English language and if he does not, the Marriage Registrar shall translate such notice or certificate, or both of them, as the case may be, or shall cause the same to be translated to such Native Christian into a language which he understands,

or the Marriage Registrar shall otherwise ascertain whether the Native Christian is cognizant of the purport and effect of the said notice and certificate

Native Christians to be made to understand declarations at marriage

58 When any Native Christian is married under the provisions of this Part, the person solemnizing the marriage shall ascertain whether such Native Christian understands the English language, and, if he does not, the person solemnizing the marriage shall, at the time of the solemnization, translate, or cause to be translated, to such Native Christian, into a language which he understands, the declarations made at such marriage in accordance with the provisions of this Act.

সাধন করেন তাঁহারা ভিন্ন দুই জন সাক্ষী তাহাতে স্বাক্ষর করিবেন।

উক্ত বহীর প্রথমাবধি শেষপর্য্যন্ত কথা ক্রমানুসে লিখিতে হইবে, এবং বিবাহের রেজিষ্টরী বহীতে ঐ কথার যে নম্বর থাকে ঐ সর্টিফিকটেও সেই নম্বর থাকিবে ইতি।

নিরূপিত সময়ান্তরে গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের নিকট বিবাহের সর্টিফিকট পাঠাইবার কথা।

৫৫ ধারা। বিবাহের রেজিষ্ট্রার বিবাহের রেজিষ্টরী বহীহইতে সর্টিফিকট কাটিয়া লইয়া প্রতি মাসের শেষে স্থানীয় গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের নিকট পাঠাইবেন।

রেজিষ্টরী বহী রাখিবার কথা।

উক্ত রেজিষ্টরী বহী যত কাল পূর্ণ না হয় বিবাহের রেজিষ্ট্রার তাহা নির্ব্বিঘ্নে রাখিবেন পরে গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের কিম্বা পূর্ব্বোক্ত অন্য কার্য্যকারকের নিকট পাঠাইবেন তিনি আপন কার্য্যালয়ের কাগজপত্রের মধ্যে তাহা রাখিবেন ইতি।

এদেশীয় রাজ্যাধিকারের রেজিষ্ট্রারের সর্টিফিকট ফরিন সেক্রেটারী সাহেবের নিকট পাঠাইবার কথা।

৫৬ ধারা। এদেশীয় রাজ্যাধিকারের অন্তর্গত বিবাহের যে রেজিষ্ট্রার থাকেন, তিনি ফরিন ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের নিকট ৫৪ ধারার উল্লিখিত সর্টিফিকট পাঠাইবেন ইতি।

একতর ব্যক্তি এদেশীয় খ্রীষ্টীয়ান হইলে তিনি নোটিসের ও সর্টিফিকটের কথা বুঝিয়াছেন ইহা রেজিষ্ট্রারের নিশ্চিতমতে জানিবার কথা।

৫৭ ধারা। এদেশীয় কোন খ্রীষ্টীয়ান বিবাহ করিতে উদ্যত হইয়া বিবাহের রেজিষ্ট্রারের নিকট বিবাহের নোটিস দিতে গেলে কিম্বা সর্টিফিকট প্রার্থনা করিলে তিনি ইংরাজী ভাষা বুঝেন কি না বিবাহের রেজিষ্ট্রার প্রথমে ইহা জানিয়া লইবেন। যদি না বুঝেন তবে বিবাহের রেজিষ্ট্রার ঐ এদেশীয় খ্রীষ্টীয়ান যে ভাষা বুঝেন সেই ভাষায় তাঁহার নিকট ঐ নোটিস কি সর্টিফিকট কিম্বা বিষয় বিশেষে ঐ দুই পত্র অনুবাদ করিয়া বা করাইয়া দিবেন।

কিম্বা তিনি ঐ নোটিসের ও সর্টিফিকটের মর্ম্ম ও ভাব বুঝিয়াছেন প্রকারান্তরে ইহা নিশ্চয় জানিয়া লইবেন ইতি।

বিবাহকালে যে প্রতিজ্ঞা করা যায় এদেশীয় খ্রীষ্টীয়ানদিগকে তাহা বুঝাইয়া দিবার কথা।

৫৮ ধারা। এই অধ্যায়ের বিধানমতে এদেশীয় খ্রীষ্টীয়ানের বিবাহ হইলে সেই ব্যক্তি ইংরাজী ভাষা বুঝেন কি না, যে ব্যক্তি ঐ বিবাহ সাধন করেন তিনি এই কথা নিশ্চয়মতে জানিয়া লইবেন। যদি তিনি ইংরাজী ভাষা না বুঝেন তবে উক্ত বিবাহকালে এই আইনের বিধানানুসারে যে প্রতিজ্ঞা করিতে হইবে যে ব্যক্তি ঐ বিবাহ সাধন করেন তিনি বিবাহ সাধন করণ সময়ে দেশীয় ঐ খ্রীষ্টীয়ান যে ভাষা বুঝেন সেই ভাষায় তাঁহার নিকট ঐ প্রতিজ্ঞা অনুবাদ করিবেন কি করাইবেন ইতি।

59 The registration of marriages between Native Christians under this Part shall be made in conformity with the rules laid down in section thirty-seven (so far as they are applicable), and not otherwise

Registration of marriages between Native Christians

PART VI.

Marriage of Native Christians

60 Every marriage between Native Christians applying for a certificate, shall, without the preliminary notice required under Part III, be certified under this Part, if the following conditions be fulfilled, and not otherwise —

On what conditions marriages of Native Christians may be certified

(1) The age of the man intending to be married shall exceed sixteen years, and the age of the woman intending to be married shall exceed thirteen years

(2) Neither of the persons intending to be married shall have a wife or husband still living

(3) In the presence of the person licensed under section nine, and of at least two credible witnesses other than such person, each of the parties shall say to the other —

"I call upon these persons here present to witness that I, *A B*, in the presence of Almighty God, and in the name of our Lord Jesus Christ, do take thee, *C D*, to be my lawful wedded wife [*or husband*]," or words to the like effect

Provided that no marriage shall be certified under this Part when either of the parties intending to be married has not completed his or her eighteenth year, unless such consent as is mentioned in section nineteen has been given to the intended marriage, or unless it appears that there is no person living authorized to give such consent

61 When, in respect to any marriage solemnized under this Part, the conditions prescribed in section sixty have been fulfilled the person licensed as aforesaid, in whose presence the said declaration has been made, shall, on the application of either of the parties to such marriage, and on the payment of a fee of four annas, grant a certificate of the marriage

Grant of certificate

The certificate shall be signed by such licensed person, and shall be received in any suit touching the validity of such marriage as conclusive proof of its having been performed

৫৯ ধারা। এই অধ্যায়মতে এদেশীয় খ্রীষ্টীয়ানদের পরস্পর বিবাহ হইলে ৩৭ ধারার বিধি যত দূর খাটিতে পারে তত দূর সেই বিধিমতে তাহারদের বিবাহ রেজিষ্টরী হইবে প্রকারান্তরে নয় ইতি।

এদেশীয় খ্রীষ্টীয়ানদের পরস্পর বিবাহ রেজিষ্টরী করিবার কথা।

ষষ্ঠ অধ্যায়।

এতদ্দেশীয় খ্রীষ্টীয়ানদের বিবাহের বিধি।

৬০ ধারা। এদেশীয় খ্রীষ্টীয়ান লোকেরা যদি এই আইনের এই অধ্যায়ানুসারে সর্টিফিকট প্রার্থনা করেন, তবে তৃতীয় অধ্যায়মতে প্রথম দেওনীয় নোটিস না দিয়া পশ্চাৎ লিখিত নিয়ম রক্ষা করিলে এই আইনের এই অধ্যায়মতে বিবাহের সর্টিফিকট দেওয়া যাইতে পারিবে, নতুবা দেওয়া যাইবে না। নিয়ম এই যে—

নিয়মের কথা।

১। বিবাহার্থি পুরুষের ষোল বৎসরের অধিক বয়স ও বিবাহার্থিনীর ত্রয়োদশ বৎসরের অধিক বয়স হয়।

২। বিবাহার্থি বরের জীবিতা অন্য পত্নী কি স্ত্রীর জীবৎ অন্য পতি না থাকে।

৩। বিবাহার্থি ব্যক্তিরা ৯ ধারামতে অনুমতিপত্র প্রাপ্ত ব্যক্তির এবং অন্যূন দুই জন প্রামাণিক সাক্ষির সাক্ষাৎ এক জন অন্যের প্রতি এই কথা, অথবা এই মর্ম্মের কথা কহে, অর্থাৎ

সর্ব্ব শক্তিমান পরমেশ্বরের সাক্ষাৎ ও আমারদের প্রভু যশু খ্রীষ্টের নামে আমি অমুক, অমুক নাম্না তোমাকে আমার বৈধ বিবাহিত পত্নী (কি বৈধ বিবাহিত পতি) বলিয়া গ্রহণ করিলাম ও এই স্থানে উপস্থিত সমস্ত ব্যক্তিকে এই বিষয়ের সাক্ষী মানিলাম।

কিন্তু বিবাহার্থি একতর ব্যক্তির যদি অষ্টাদশ বৎসর বয়স পূর্ণ না হয়, তবে ১৯ ধারামতে যে ব্যক্তির অনুমতি লওয়া প্রয়োজন ঐ সঙ্কল্পিত বিবাহ বিষয়ে তাঁহার অনুমতি না হইলে, কিম্বা তদ্রূপ অনুমতি দিতে যে ব্যক্তি ক্ষমতাপন্ন এমত কোন ব্যক্তি না থাকিলে এই অধ্যায়মতে বিবাহের সর্টিফিকট দেওয়া যাইবে না ইতি।

৬১ ধারা। আইনের এই অধ্যায়মতে কোন বিবাহ বিষয়ে যদি ৬০ ধারার নির্দ্দিষ্ট নিয়ম পালন হইয়া থাকে, তবে পূর্ব্বোক্ত অনুমতিপত্রপ্রাপ্ত যে ব্যক্তির সাক্ষাৎ উক্ত প্রতিজ্ঞা করা যায় তিনি ঐ বিবাহ সম্পর্কীয় একতর ব্যক্তির প্রার্থনামতে চারি আনা ফী লইয়া ঐ বিবাহের সর্টিফিকট দিবেন।

সর্টিফিকট দিবার কথা।

সেই সর্টিফিকটে উক্ত অনুমতিপত্রপ্রাপ্ত ব্যক্তি স্বাক্ষর করিবেন, এবং ঐ বিবাহের সিদ্ধতা বিষয়ে কোন মোকদ্দমা উপস্থিত হইলে সেই সর্টিফিকট ঐ বিবাহ সাধন হইবার সিদ্ধ প্রমাণস্বরূপ গ্রাহ্য হইবে ইতি।

62. A register book of all marriages of which certificates are granted under section sixty-one, shall be kept by the person granting such certificates in his own vernacular language.

Register Book to be kept

Such register book shall be kept according to such form as the Local Government from time to time prescribes in this behalf, and the said book or true extracts therefrom, duly authenticated, shall be deposited at such places as the Local Government directs

৬২ ধারা। ৬১ ধারামতে বিবাহের যে সকল সর্টিফিকট দেওয়া যায়, যে ব্যক্তি সর্টিফিকট দেন তিনি স্বদেশীয় ভাষায় ঐ বিবাহের রেজিষ্টরী বহী লিখিয়া রাখিবেন।

রেজিষ্টরী বহী রাখিবার কথা।

স্থানীয় গবর্ণমেণ্ট ঐ রেজিষ্টরী বহী লিখিবার পাঠ সময়ে২ নিরূপণ করিবেন, এবং সেই বহী কিম্বা তাহা হইতে উদ্ধৃত কথ, উপযুক্তমতে স্বাক্ষরিত হইয়া স্থানীয় গবর্ণমেণ্ট যেং স্থান নিরূপণ করেন সেইং স্থানে গচ্ছিত করা যাইবে ইতি।

63 Every person licensed under this Act to grant certificates of marriage, and keeping a marriage register book under section sixty-two, shall, at all reasonable times, allow search to be made in such book, and shall, on payment of the proper fee, give a copy, certified under his hand, of any entry therein

Searches in Register Book and copies of entries

৬৩ ধারা। ৬২ ধারামতে বিবাহের রেজেষ্টরী বহী এই আইনমতে বিবাহের সর্টিফিকট দিবার অনুমতিপত্রপ্রাপ্ত যে ব্যক্তির রক্ষণে থাকে, তিনি উপযুক্ত সকল সময়ে অরক্ষিত ঐ বহীতে খুজিবার অনুমতি দিবেন, এবং ঐ বহীতে লিখিত কোন কথার প্রতিলিপি স্বাক্ষর করিয়া দিবেন ও তজ্জন্য উপযুক্ত ফী লইবেন।

রেজিষ্টরী বহীতে অনুসন্ধান লইবার ও তল্লিখিত কথার নকল দিবার কথা।

64 The provisions of sections sixty-two and sixty-three as to the form of the register book, the deposit of extracts therefrom, and the granting searches and copies of the contents of such register, shall, *mutatis mutandis*, apply to the books kept under section thirty seven

Books in which marriages of Native Christians under Part I or Part III are registered

৬৪ ধারা। রেজিষ্টরী বহী লিখিবার পাঠের বিষয়ে ও তাহা হইতে উদ্ধৃত কথা গচ্ছিত করণ বিষয়ে ও ঐ বহীর লিখিত কথার অনুসন্ধান লইবার ও নকল করিবার বিষয়ে ৬২ ও ৬৩ ধারায় যেং বিধান আছে তাহার কথা প্রয়োজনমতে পরিবর্ত্তন করিলে সেই বিধান ৩৭ ধারামতে যে বহী রাখিতে হইবে তাহার প্রতিও বর্ত্তে ইতি।

১ কি ৩ অধ্যায়মতে এতদ্দেশীয় খ্রীষ্টীয়ানদের বিবাহ যে বহীতে রেজিষ্টরী করা যায় তাহার কথা।

65 This Part of this Act, except so much of section sixty two and sixty-three as are referred to in section sixty four, shall not apply to marriages between Roman Catholics But nothing herein contained shall invalidate any marriage celebrated between Roman Catholics under the provisions of Part V of Act No XXV of 1864 previous to the twenty-third day of February 1865

Part VI not to apply to Roman Catholics
Saving of certain marriages

৬৫ ধারা। ৬৪ ধারায় ৬২ ও ৬৩ ধারার যে কথার উল্লেখ হইয়াছে তদ্ভিন্ন এই আইনের এই অধ্যায় রোমনকাথলিক লোকদের বিবাহের প্রতি খাটিবে না। কিন্তু ১৮৬৪ সালের ২৫ আইন রহিত হইবার পূর্ব্বে ঐ আইনের পঞ্চম অধ্যায়ের বিধানমতে রোমন কাথলিক লোকদের মধ্যে যে বিবাহ হইয়াছে তাহা এই আইনের কোন কথাদ্বারা অসিদ্ধ হইবে না ইতি।

কোনং বিবাহ ছাড়া রোমনকাথলিকদের প্রতি ষষ্ঠ অধ্যায় না বর্ত্তিবার কথা।

PART VII

PENALTIES

সপ্তম অধ্যায়।

দণ্ডের বিধি।

66 Whoever, for the purpose of procuring any Marriage, intentionally makes any false oath or signs any false notice or certificate required by this Act shall be deemed guilty of the offence described in section one hundred and ninety three of the Indian Penal Code

False oath, notice or certificate for procuring marriage

৬৬ ধারা। এই আইনমতে যে শপথ কি প্রতিজ্ঞা করিতে হয়, ও যে নোটিস কি সর্টিফিকট দিতে হয়, যদি কোন ব্যক্তি কাহারো বিবাহ হইবারউদ্দেশে জ্ঞানপূর্ব্বক অসত্যরূপে তদ্রূপ কোন শপথ করেন, কিম্বা কোন মিথ্যা নোটিসে কি সর্টিফিকটে স্বাক্ষর করেন, তবে সেই ব্যক্তি ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ১৯৩ ধারার নির্দ্দিষ্ট অপরাধের অপরাধী হইবেন ইতি।

বিবাহ হইবার উদ্দেশে মিথ্যা শপথ করিবার কি নোটিস কি সর্টিফিকট লইবার দণ্ডের কথা।

67. Whoever forbids the issue by a Marriage Registrar of a certificate by falsely representing himself to be a person whose consent to the marriage is required by law, knowing or believing such representation to be false, or not having reason to believe it to be true, shall be deemed guilty of the offence described in section two hundred and five of the Indian Penal Code

Forbidding, by false personation, issue of certificate by Marriage Registrar

68 Whoever, not being authorized under this Act to solemnize a marriage in the absence of a Marriage Registrar of the district in which such marriage is solemnized, knowingly solemnizes a marriage between persons one or both of whom is or are a Christian or Christians, shall be punished with imprisonment, which may extend to ten years, or (in lieu of a sentence of imprisonment for seven years or upwards) with transportation for a term of not less than seven years and not exceeding ten years,

Solemnizing marriage without due authority

or, if the offender be an European or American, with penal servitude according to the provisions of Act No XXIV of 1855 (*to substitute penal servitude for the punishment of transportation in respect of European and American convicts and to amend the law relating to the removal of such convicts*),

and shall also be liable to fine

69. Whoever knowingly and wilfully solemnizes a marriage between persons, one or both of whom is or are a Christian or Christians, at any time other than between the hours of six in the morning and seven in the evening, or in the absence of at least two credible witnesses other than the person solemnizing the marriage, shall be punished with imprisonment for a term which may extend to three years, and shall also be liable to fine

Solemnizing marriage out of proper time, or without witnesses

This section does not apply to marriages solemnized under special licenses granted by the Anglican Bishop of the Diocese or by his Commissary, nor to marriages performed between the hours of seven in the evening and six in the morning by a Clergyman of the Church of Rome, when he has received the general or special license in that behalf mentioned in section ten.

saving of marriages solemnized under special license,

[*Government Gazette*, 16*th July* 1872]

৬৭ ধারা। বিবাহ করণার্থে আইনমতে যে ব্যক্তির সম্মতির প্রয়োজন, যদি কোন পুরুষ কি স্ত্রী মিথ্যা করিয়া আপনাকে অন্য ব্যক্তি বলিয়া প্রকাশ করে, ও সেই কথা মিথ্যা জানিয়া কিম্বা সত্য জ্ঞান করিবার কারণ বিনা বিবাহের রেজিষ্ট্রারের দ্বারা সর্টিফিকট দেওয়া নিষেধ করে, তবে সেই ব্যক্তি ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ২০৫ ধারার নির্দিষ্ট অপরাধের অপরাধী বলিয়া জ্ঞান হইবে ইতি।

আপনাকে অন্য ব্যক্তি বলিয়া বিবাহের রেজিষ্ট্রারের সর্টিফিকট দেওয়া নিষেধ করিলে দণ্ডের কথা।

৬৮ ধারা। যাঁহাদের এক কি উভয় ব্যক্তি খ্রীষ্টীয়ান এমত ব্যক্তিদের বিবাহ যে প্রদেশের মধ্যে সাধন হয়, সেই প্রদেশের বিবাহের রেজিষ্ট্রার সাহেবের অনুপস্থিতে যদি অন্য ব্যক্তি এই আইনমতে বিবাহ সাধনের ক্ষমতা প্রাপ্ত না হইলেও জ্ঞানপূর্ব্বক তাঁহাদের বিবাহ সাধন করেন, তবে সেই ব্যক্তি দশ বৎসর পর্য্যন্ত কারাবদ্ধ হইতে পারিবে, অথবা সাত বৎসর কি তদধিক কাল কারাবদ্ধ হওনের পরিবর্ত্তে তাঁর সাত বৎসরের অন্যূন ও দশ বৎসরের অনধিক কাল দ্বীপান্তর প্রেরণ দণ্ডের আজ্ঞা হইতে পারিবে।

উপযুক্ত ক্ষমতাপন্ন না হইয়া বিবাহ সাধন করিবার কথা।

সেই অপরাধী যদি ইউরোপীয় কি আমেরিকা দেশীয় লোক হন, তবে ১৮৫৫ সালের ২৪ আইনের (অর্থাৎ ইউরোপীয় ও আমেরিকা দেশীয় কয়েদীদের দ্বীপান্তর প্রেরণ দণ্ডের পরিবর্ত্তে খাটনির দণ্ড নিরূপণ করণের আর ঐ প্রকার কয়েদীদিগকে স্থানান্তর করিবার আইন সংশোধন করণের আইনের) বিধানমতে তাহার দণ্ডরূপ পরিশ্রম করণের আজ্ঞা হইতে পারিবে এবং তাহার অর্থদণ্ডও হইতে পারিবে ইতি।

৬৯ ধারা। বিবাহার্থি ব্যক্তিদের এক কি উভয় খ্রীষ্টীয়ান হইলে যদি কোন ব্যক্তি জ্ঞানপূর্ব্বক ও ইচ্ছাক্রমে পূর্ব্বাহ্ণের ৬ ঘণ্টা ও অপরাহ্ণের ৭ ঘণ্টার মধ্যবর্ত্তি সময় ভিন্ন কোন সময়ে কিম্বা যে ব্যক্তি বিবাহ সাধন করেন তদ্ব্যতীত অন্যূন দুই জন প্রামাণিক সাক্ষী না থাকিলে সেই ব্যক্তিদের বিবাহ সাধন করেন, তবে তিনি তিন বৎসর পর্য্যন্ত কারাবদ্ধ হইতে পারিবেন, এবং তাহার অর্থদণ্ডও হইতে পারিবে ইতি।

নিরূপিত সময় ভিন্ন অন্য সময়ে কিম্বা সাক্ষিদের অনুপস্থিতে বিবাহ সাধনের দণ্ডের কথা।

ডৈওসীসের আঙ্গলিকান বিশপ সাহেবের কিম্বা তাঁহার কমিসরি সাহেবের দত্ত বিশেষ অনুমতিপত্রের বলে যেং বিবাহ সাধন হয়, তাহার প্রতি এই ধারার বিধান বর্ত্তিবে না। এবং চর্চ অফ রোমের যে কোন পাদরী সন্ধ্যাকালের ৭ ঘণ্টার ও প্রাতঃকালের ৬ ঘণ্টার মধ্যে কোন বিবাহ সাধন করেন, তিনি যদি ১০ ধারার আদেশানুসারে তদর্থে সাধারণ কি বিশেষ অনুমতিপত্র পাইয়া থাকেন, তবে উক্ত বিধান সেই বিবাহের প্রতিও বর্ত্তিবে না ইতি।

কিন্তু বিশেষ অনুমতি লইয়া যে বিবাহ সাধন হয়, তৎপ্রতি এই বিধি না খাটিবার কথা।

70. Any Minister of Religion licensed to solemnize marriages under this Act, who, without a notice in writing, or when one of the parties to the marriage is a minor, and the required consent of the parents or guardians to such marriage has not been obtained, within fourteen days after the receipt by him of notice of such marriage, knowingly and wilfully solemnizes a marriage under Part III, shall be punished with imprisonment for a term which may extend to three years, and shall also be liable to fine

Solemnizing, without notice or within fourteen days after notice, marriage with minor,

71. A Marriage Registrar under this Act, who commits any of the following offences —

Issuing certificate or marrying, without publication of notice

(1) knowingly and wilfully issues any certificate for marriage, or solemnizes any marriage, without publishing the notice of such marriage as directed by this Act,

(2) after the expiration of two months from the issue by him of a certificate in respect of any marriage solemnizes such marriage,

marrying after expiry of certificate,

(3) solemnizes, without an order of a competent Court authorizing him to do so, any marriage when one of the parties is a minor, before the expiration of fourteen days after the receipt of the notice of such marriage or without sending, by the post or otherwise, a copy of such notice to the Senior Marriage Registrar of the district if there be more Marriage Registrars of the district than one and if he himself be not the Senior Marriage Registrar,

solemnizing marriage with minor within fourteen days without authority of Court or without sending copy of notice

(4) issues any certificate the issue of which has been prohibited as in this Act provided by any person authorized to prohibit the issue thereof,

Issuing certificate [illegible] authorized [illegible] prohibition

shall be punished with imprisonment for a term which may extend to five years, and shall also be liable to fine

72. Any Marriage Registrar knowingly and wilfully issuing any certificate for marriage after the expiration of three months after the notice has been entered by him as aforesaid,

Issuing certificate after expiry [illegible] prohibition

or knowingly and wilfully issuing without the order of a competent Court authorizing him so to do, any certificate for marriage where one of

৭০ ধারা। এই আইনমতে বিবাহ সাধন করিবার অনুমতিপত্র প্রাপ্ত কোন ধর্ম্মাচার্য্য লিখিত নোটিস না পাইলে, কিম্বা এক জন অপ্রাপ্তব্যবহার হইলে, তাহাদের বিবাহ বিষয়ে প্রয়োজনমতে পিতামাতার কি অভিভাবকের অনুমতি না পাইলে যদি ঐ বিবাহের নোটিস পাইলে পর চতুর্দ্দশ দিনের মধ্যে জ্ঞানপূর্ব্বক ও ইচ্ছা ক্রমে তৃতীয় অধ্যায়মতে সেই বিবাহ সাধন করেন, তবে তিনি তিন বৎসরের অনধিক কাল কারাবদ্ধ হইবেন, এবং তাঁহার অর্থদণ্ডও হইতে পারিবে ইতি।

নোটিস বিনা কিম্বা একতর ব্যক্তি অপ্রাপ্ত ব্যবহার হইলে নোটিস পাইবার পর চৌদ্দ দিনের মধ্যে বিবাহ সাধনের দণ্ডের কথা।

৭১ ধারা। এই আইনের বিধানমতে বিবাহের রেজিষ্ট্রারের পদে নিযুক্ত কোন ব্যক্তি যদি নিম্নলিখিত কোন অপরাধ করে অর্থাৎ—

নোটিস প্রভৃতি প্রকাশ না করিয়া সর্টিফিকট দিবার কি বিবাহ সাধন করিবার দণ্ডের কথা।

(১) এই আইনের বিধানমতে বিবাহের নোটিস প্রকাশ না করিয়া জ্ঞানপূর্ব্বক ও ইচ্ছাক্রমে বিবাহের কোন সর্টিফিকট দেন কিম্বা বিবাহ সাধন করেন,

(২) কিম্বা কোন বিবাহের সর্টিফিকট দেওন অবধি দুই মাস অতীত হইলে পর যদি সেই বিবাহ সাধন করেন,

সর্টিফিকটের মিয়াদ অতীত হইলে পর বিবাহ সাধন করিবার কথা।

(৩) কিম্বা বিবাহার্থি ব্যক্তিদের এক জন অপ্রাপ্তব্যবহার হইলে উক্ত নোটিস প্রাপ্ত হইলে পর ১৪ দিনের মধ্যে তিনি উপযুক্ত ক্ষমতাপন্ন আদালতের আজ্ঞাক্রমে অনুমতি না পাইলেও যদি বিবাহ সাধন করেন কিম্বা সেই জিলাতে দুই কি অধিক জন বিবাহের রেজিষ্ট্রার থাকিলে আপনি জিলার বিবাহের পদজ্যেষ্ঠ রেজিষ্ট্রার না হইয়া ও যদি প্রদেশের বিবাহ বিষয়ক পদজ্যেষ্ঠ রেজিষ্ট্রার সাহেবের নিকটে ডাকযোগ কি প্রকারান্তরে ঐ বিবাহ বিষয়ক নোটিসের প্রতিলিপি প্রেরণ না করিয়া বিবাহ সাধন করেন,

কোর্টের অনুমতি ভিন্ন কিম্বা নোটিসের প্রতিলিপি না পাঠাইয়া চৌদ্দ দিনের মধ্যে অপ্রাপ্ত ব্যবহারের বিবাহ সাধন করিবার কথা।

(৪) অথবা ঐ সর্টিফিকট দেওনে নিষেধ করিতে ক্ষমতাপন্ন কোন ব্যক্তি এই আইনের বিধানমতে নিষেধ করিলেও যদি কোন সর্টিফিকট দেন,

ক্ষমতাপন্ন ব্যক্তি নিষেধ করিলেও বিবাহ সাধন করিবার কথা।

তবে তিনি পাঁচ বৎসরের অনধিক কাল কারাবদ্ধ হইবেন, এবং তাঁহার অর্থদণ্ডও হইতে পারিবে ইতি।

৭২ ধারা। বিবাহের কোন রেজিষ্ট্রার পূর্ব্বোক্তমতে নোটিস লিখিলে পর তিন মাস গত হইলেও যদি জানিয়া শুনিয়া ও ইচ্ছাপূর্ব্বক বিবাহের কোন সর্টিফিকট দেন,

কিম্বা বিবাহার্থি একতর ব্যক্তি অপ্রাপ্ত ব্যবহার হইলে এবং উপযুক্ত ক্ষ-

নোটিসের মিয়াদ ফুরাইলে পর কিম্বা একতর ব্যক্তি অপ্রাপ্ত ব্যবহার হইলে চতুর্দ্দশ দিনের মধ্যে কিম্বা যাঁহার ক্ষমতা আছে এমত ব্যক্তি নিষেধ করিলে সর্টিফিকট দিবার দণ্ডের কথা।

the parties intending marriage is a minor, before the expiration of fourteen days after the entry of such notice, or any certificate the issue of which has been forbidden as aforesaid by any person authorized in this behalf,

shall be deemed to have committed an offence under section one hundred and sixty-six of the Indian Penal Code

Persons authorized to solemnize marriage (other than Clergymen of the Churches of England, Scotland or Rome)

73. Whoever, being authorized under this Act to solemnize a marriage,

and not being a Clergyman of the Church of England, solemnizing a marriage after due publication of banns, or under a licence from the Anglican Bishop of the Diocese or a Surrogate duly authorized in that behalf,

or, not being a Clergyman of the Church of Scotland, solemnizing a marriage according to the rules, rites, ceremonies, and customs of that church,

or, not being a Clergyman of the Church of Rome, solemnizing a marriage according to the rites, rules, ceremonies, and customs of that church,

knowingly and wilfully issues any certificate for marriage under this Act or solemnizes any marriage between such persons as aforesaid, without publishing, or causing to be affixed, the notice of such marriage as directed in Part III of this Act, or after the expiration of two months after the certificate has been issued by him,

issuing certificate or marrying without publishing notice

or after expiry of certificate

or knowingly and wilfully issues any certificate for marriage, or solemnizes a marriage between such persons when one of the persons intending marriage is a minor, before the expiration of fourteen days after the receipt of notice of such marriage, or without sending, by the post or otherwise, a copy of such notice to the Marriage Registrar, or, if there be more Marriage Registrars than one, to the Senior Marriage Registrar of the district,

issuing certificate for or solemnizing marriage with minor within fourteen days after notice

or knowingly and wilfully issues any certificate the issue of which has been forbidden under this Act by any person authorized to forbid the issue,

issuing certificate authorizedly forbidden,

তাপর আদালতের স্থানে সর্টিফিকট দিবার আজ্ঞা প্রাপ্ত না হইলেও এবং বিবাহের সর্টিফিকট দিতে নিষেধ করিবার ক্ষমতাপন্ন কোন ব্যক্তি পূর্ব্বোক্তমতে সর্টিফিকট দেওয়া নিষেধ করিলেও যদি ঐ নোটিস লিখিবার পর চতুর্দ্দশ দিনের মধ্যে জানিয়া শুনিয়া ও ইচ্ছাপূর্ব্বক কোন সর্টিফিকট দেন,

তবে তিনি ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১৬৬ ধারার নির্দ্দিষ্ট অপরাধ করিয়াছেন এমত জ্ঞান হইবে ইতি।

চর্চ অফ ইঙ্গলণ্ডের কি স্কটলণ্ডের কি রোমের পাদরী ভিন্ন যাহারা বিবাহ সাধন করিবার ক্ষমতা পান তাঁহাদের কথা।

৭৩ ধারা। চর্চ অফ ইঙ্গলণ্ডের যে পাদরী রীতিমতে বান প্রকাশ করণক্রমে কিম্বা ঐ ডাওসীসের আঙ্গলিকান বিশপ সাহেবের কি তদর্থে ক্ষমতাপন্ন কোন সরোগেটের দত্ত অনুমতিপত্র বলে বিবাহ সাধন করেন,

অথবা চর্চ অফ স্কটলণ্ডের যে পাদরী সেই মণ্ডলীর প্রথা ও রীতি ও ব্যবহার ও আচারানুসারে বিবাহ সাধন করেন,

অথবা চর্চ অফ রোমের যে পাদরী সেই মণ্ডলীর প্রথা ও রীতি ও ব্যবহার ও আচারানুসারে বিবাহ সাধন করেন, এমত পাদরী ভিন্ন অন্য যে কোন ব্যক্তি এই আইনের বিধান মতে বিবাহ সাধনের ক্ষমতা পান

কিম্বা নোটিস প্রকাশ না করিয়া সর্টিফিকট দেওনের কি বিবাহ সাধন করিবার কথা।

তিনি যদি এই আইনের তৃতীয় অধ্যায়ের আদেশ মতে পূর্ব্বোক্ত লোকদের বিবাহের নোটিস প্রকাশ না করিয়া কি না লটকাইয়া জ্ঞানপূর্ব্বক ও ইচ্ছাক্রমে এই আইনমতে বিবাহের কোন সর্টিফিকট দেন কিম্বা ঐ প্রকার ব্যক্তিদের বিবাহ সাধন করেন, অথবা

কিম্বা সর্টিফিকটের মিয়াদ ফুরাইলে পর।

সর্টিফিকট দেওনের সময়াবধি দুই মাস অতীত হইলে পর যদি তাঁহাদের বিবাহ সাধন করেন,

নোটিস পাইলে পর ১৪ দিনের মধ্যে অপ্রাপ্তব্যবহারের বিবাহের সর্টিফিকট দিবার কি বিবাহ সাধন করিবার কথা।

অথবা বিবাহার্থি ব্যক্তিদের এক জন অপ্রাপ্তব্যবহার হইলে, ঐ বিবাহের নোটিস পাইবার সময়াবধি ১৪ দিনের অবসান অপেক্ষা না করিয়া, কিম্বা জিলার বিবাহের রেজিষ্ট্রার সাহেবের নিকটে কিম্বা দুই কি অধিক জন বিবাহের রেজিষ্ট্রার থাকিলে জিলার বিবাহের প্রধান রেজিষ্ট্রারের নিকটে ডাকযোগে কি প্রকারান্তরে ঐ নোটিসের প্রতিলিপি পাঠান না করিয়া যদি জ্ঞানপূর্ব্বক ও ইচ্ছাক্রমে বিবাহের কোন সর্টিফিকট দেন কিম্বা ঐ ব্যক্তিদের বিবাহ সাধন করেন,

ক্ষমতাপন্ন ব্যক্তি দ্বারা নিষিদ্ধ হইলেও সর্টিফিকট দেওনের কথা।

কিম্বা সর্টিফিকট দেওয়া নিষেধ করিবার ক্ষমতাপন্ন কোন ব্যক্তি এই আইনমতে নিষেধ করিলেও যদি জ্ঞানপূর্ব্বক ও ইচ্ছাক্রমে সর্টিফিকট দেন,

or knowingly and wilfully solemnizes any marriage forbidden by any person authorized to forbid the same,

Solemnizing marriage authorizedly forbidden

shall be punished with imprisonment for a term which may extend to four years, and shall also be liable to fine

74 Whoever, not being licensed to grant a certificate of marriage under Part VI of this Act, grants such certificate intending thereby to make it appear that he is so licensed, shall be punished with imprisonment for a term which may extend to five years, and shall also be liable to fine

Unlicensed person granting certificate pretending to be licensed

75. Whoever, by himself or another, wilfully destroys or injures any register book or the counterfoil certificates thereof, or any part thereof, or any authenticated extract therefrom,

destroying or falsifying register books

or falsely makes or counterfeits any part of such register book or counterfoil certificates,

or wilfully inserts any false entry in any such register book or counterfoil certificate or authenticated extract

shall be punished with imprisonment for a term which may extend to seven years, and shall also be liable to fine

76 The prosecution for every offence punishable under this Act shall be commenced within two years after the offence is committed

Limitation of prosecutions under Act

PART VIII

MISCELLANEOUS

77 Whenever any marriage has been solemnized in accordance with the provisions of sections four and five it shall not be void merely on account of any irregularity in respect of any of the following matters, namely —

What matters need not be proved in respect of marriage in accordance with Act

(1)—Any statement made in regard to the dwelling of the persons married, or to the consent of any person whose consent to such marriage is required by law

(2)—The notice of the marriage

(3)—The certificate or translation thereof

কিম্বা কোন বিবাহ নিষেধ করণে ক্ষমতাপন্ন কোন ব্যক্তি নিষেধ করিলেও যদি জ্ঞানপূর্ব্বক ও ইচ্ছাক্রমে বিবাহ সাধন করেন,

ক্ষমতাপন্ন ব্যক্তি দ্বারা নিষিদ্ধ হইলেও বিবাহ সাধন করিবার কথা।

তবে সেই ব্যক্তি চারি বৎসরের অনধিক কাল কারা-বদ্ধ হইবেন, এবং তাঁহার অর্থদণ্ডও হইতে পারিবে ইতি।

৭৪ ধারা। যে ব্যক্তি এই আইনের ষষ্ঠ অধ্যায়মতে বিবাহের সর্টিফিকট দিবার অনুমতিপত্র প্রাপ্ত হন নাই, এমত কোন ব্যক্তি যদি আপনাকে তদ্রূপ অনুমতিপত্র-প্রাপ্ত দেখাইবার অভিপ্রায়ে তদ্রূপ সর্টিফিকট দেন, তবে সেই ব্যক্তি পাঁচ বৎসরের অনধিক কাল কারাবদ্ধ হইবেন এবং তাঁহার অর্থদণ্ডও হইতে পারিবে ইতি।

কোন ব্যক্তি অনুমতিপত্র না পাইয়াও অনুমতিপত্র পাইলাম বলিয়া সর্টিফিকট দিবার দণ্ডের কথা।

৭৫ ধারা। কোন ব্যক্তি যদি আপনি কি অন্যের দ্বারা পূর্ব্বোক্ত প্রকারের কোন রেজিষ্টরী বহি কিম্বা তাহার অনুলিপিপত্রের সর্টিফিকট কি তাহার কোন অংশ কি তাহাহইতে উদ্ধৃত কোন প্রামাণিক কথা ইচ্ছাপূর্ব্বক নষ্ট করে কি করায় কি তাহার ক্ষতি করে কি করায়,

রেজিষ্টর নষ্ট কি জালতা করিবার দণ্ডের কথা।

কিম্বা যদি উক্ত রেজিষ্টরী বহীর কি অনুলিপিপত্রের সর্টিফিকটের কোন অংশ মিথ্যা করে কি কৃত্রিম করে কি করায়,

অথব যদি উক্ত কোন রেজিষ্টরী বহীতে কিম্বা তাহার অনুলিপিপত্রের সর্টিফিকটে কি তাহাহইতে উদ্ধৃত কোন প্রামাণিক কথাতে ইচ্ছাপূর্ব্বক কোন মিথ্যা কথা লেখে কি লেখায়,

তবে সেই ব্যক্তি সাত বৎসরের অনধিক কাল কারা-বদ্ধ হইবে এবং তাহার অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

৭৬ ধারা। এই আইন মতে যে অপরাধের দণ্ড হইতে পারে অপরাধ হইবার পর দুই বৎসরের মধ্যে অভিযোগ উপস্থিত করিতে হইবে ইতি।

যে সময়ের মধ্যে অভিযোগ উপস্থিত করা যাইতে পারিবে তাহার কথা।

অষ্টম অধ্যায়।

বিবিধ বিধি।

৭৭ ধারা। এই আইনের ৪ ও ৫ ধারার বিধানানুসারে বিবাহ সাধন করা গেলে পর নিম্নলিখিত কোন বিষয়ে নিয়মানুসারে কার্য্য হয় নাই বলিয়া কেবল এই কারণে ঐ বিবাহ অসিদ্ধ হইবে না। বিশেষতঃ

এই আইনের বিধানমতে বিবাহ হইলে সেই বিবাহের প্রমাণ করার প্রয়োজন নাই তাহার কথা।

(১) বিবাহিত ব্যক্তিদের বাসস্থান বিষয়ক কিম্বা আইনমতে সেই বিবাহ হইবার পূর্ব্বে যাহার অনুমতি প্রাপণ আবশ্যক তাহার অনুমতি বিষয়ক কোন উক্তি।

কিম্বা (২) বিবাহের নোটিসের বিষয়।

কিম্বা (৩) বিবাহের সর্টিফিকটের কি তদনুবাদের বিষয়ে।

[গবর্ণমেণ্ট গেজেট, ১৮৭২, ১৬ জুলাই।]

(4.)—The time and place at which the marriage has been solemnized

(5.)—The registration of the marriage

78. Every person charged with the duty of registering any marriage, who discovers any error in the form or substance of any such entry, may, within one month next after the discovery of such error, in the presence of the persons married, or, in case of their death or absence, in the presence of two other credible witnesses, correct the error by entry in the margin, without any alteration of the original entry, and shall sign the marginal entry, and add thereto the date of such correction, and such person shall make the like marginal entry in the certificate thereof

Corrections of errors

And every entry made under this section shall be attested by the witnesses in whose presence it was made

And, in case such certificate has been already sent to the Secretary to the Local Government, such person shall make and send in like manner a separate certificate of the original erroneous entry, and of the marginal correction therein made

79. Every person solemnizing a marriage under this Act, and hereby required to register the same,

Searches and copies of entries

and every Marriage Registrar or Secretary to a Local Government having the custody for the time being of any register of marriages, or of any certificate, or duplicate or copies of certificate under this Act,

shall, on payment of the proper fees, at all reasonable times allow searches to be made in such register, or for such certificate, or duplicate or copies, and give a copy under his hand of any entry in the same

80. Every certified copy, purporting to be signed by the person entrusted under this Act with the custody of any marriage register or certificate, or duplicate required to be kept or delivered under this Act, of any entry of a marriage in such register, or of any such certificate or duplicate, shall be received as evidence of the marriage purporting to be so entered, or of the facts purporting to be so certified therein, without further proof of such register or certificate, or duplicate, or of any entry therein, respectively, or of such copy

Certified copy of entry in marriage register, &c, to be evidence

কিম্বা (৪) যেহ ঘন্টার মধ্যে বিবাহসাধন হইয়া থাকিবে তদ্বিষয়ে, কিম্বা

৫। বিবাহ রেজিষ্টরী করণবিষয়ে কোন প্রমাণ দেওয়া আবশ্যক হইবে না ইতি।

৭৮ ধারা। বিবাহ রেজিষ্টরী করণরূপ কার্য্যের ভার যে ব্যক্তির প্রতি অর্পিত থাকে, তিনি নির্দ্দিষ্ট কথা লিখিবার পর ঐ কথার পাঠ কি মর্ম্মে কোন ভ্রম দেখিতে পাইলে প্রথম লিখিত কথা পরিবর্ত্তন না করিয়া এক মাসের মধ্যে ঐ বিবাহিত ব্যক্তিদের সাক্ষাৎ কিম্বা তাহাদের মৃত্যু হইলে কি তাঁহারা অন্য স্থানে গেলে প্রামাণিক অন্য দুই সাক্ষির সাক্ষাৎ ঐ পত্রের পার্শ্বে ঐ অশুদ্ধ কথা সংশোধন করিবেন ও যে তারিখে ঐ অশুদ্ধ কথা সংশোধন করিলেন তাহাও লিখিবেন। এবং সর্টিফিকটের লিখিত ঐ কথার পার্শ্বেও সেই প্রকার কথা লিখিবেন।

ভ্রম সংশোধন করিবার কথা।

এই ধারামতে যে কথা যে ব্যক্তিদের সাক্ষাৎ লেখা যায় তাঁহারাও সেই কথায় স্বাক্ষর করিবেন।

যদি ঐ সর্টিফিকট তৎপূর্ব্বে স্থানীয় গবর্ণমেন্টের সেক্রেটারী সাহেবের নিকট প্রেরণ করা গিয়া থাকে, তবে সেই ব্যক্তি প্রথম লিখিত অশুদ্ধ কথার ও তৎপার্শ্বলিখিত সংশোধিত কথার অন্য সর্টিফিকট লিখিয়া তাহাও সেই প্রকারে প্রেরণ করিবেন ইতি।

৭৯ ধারা। এই আইনঅনুসারে বিবাহ সাধনকারি যে প্রত্যেক ব্যক্তির প্রতি এতৎক্রমে তাহা রেজিষ্টরী করিবার আজ্ঞা হইল তিনি,

অনুসন্ধান লইবার ও লিখিত কথার নকলের কথা।

এবং এই আইনমতে বিবাহের কোন রেজিষ্টরী বহী কিম্বা কোন সর্টিফিকট কিম্বা সর্টিফিকটের কোন প্রতিলিপি কি নকল যৎকালে বিবাহের যে রেজিষ্টারের ও স্থানীয় গবর্ণমেন্টের যে সেক্রেটারী সাহেবের জিম্মায় থাকে

তিনি উপযুক্ত ফী লইয়া উপযুক্ত সকল সময়ে আপনার রক্ষিত কোন রেজিষ্টরী বহীর কিম্বা তাহার অনুলিপির কি সর্টিফিকটের প্রতিলিপির অনুসন্ধান লইবার অনুমতি দিবেন এবং ঐ বহী প্রভৃতির লিখিত কোন কথার প্রতিলিপি স্বাক্ষর করিয়া দিবেন ইতি।

৮০ ধারা। এই আইনমতে বিবাহের যে রেজিষ্টর কি সর্টিফিকট কি সর্টিফিকটের অনুলিপি রাখিবার কি দিবার আজ্ঞা হইল তাহ যে ব্যক্তির জিম্মায় থাকে তাঁহার স্বাক্ষর করা বলিয়া ঐ রেজিষ্টরী বহীর লিখিত বিবাহের কোন কথার কিম্বা উক্ত সর্টিফিকটের কিম্বা সর্টিফিকটের অনুলিপির যে সংশিত প্রতিলিপি দেওয়া যায় ঐ রেজিষ্টরের কি সর্টিফিকটের কি অনুলিপির কিম্বা তল্লিখিত কোন কথার কিম্বা ঐ প্রতিলিপির অন্য প্রমাণ ভিন্ন তাহা উল্লিখিত বিবাহের কিম্বা সর্টিফিকটের উল্লিখিত বৃত্তান্তের প্রমাণস্বরূপ গ্রাহ্য হইবে ইতি।

বিবাহের রেজিষ্টরী বহী প্রভৃতির লিখিত কথার সহিত প্রতিলিপি সাক্ষ্যস্বরূপ হইবার কথা।

[*Government Gazette*, 16th July 1872]

Sending certificates of certain marriages to Secretary of State for India.

81. The Secretary to the Local Government shall, at the end of every quarter in each year, select from the certificates of marriages forwarded to him during such quarter, the certificates of the marriages of which the Governor General in Council may desire that evidence shall be transmitted to England, and forward the same certificates signed by him to the Secretary of State for India for the purpose of being delivered to the Registrar-General of Births, Deaths and Marriages.

Local Government to prescribe fees.

82. Fees shall be chargeable under this Act for—

receiving and publishing notices of marriages,

issuing certificates of marriage by Marriage Registrars and the registration of marriages by the same,

entering protests against, or prohibitions of, the issue of marriage certificates by the said Registrars,

searching register books or certificates, or duplicates or copies thereof,

giving copies of entries in the same under sections sixty-three and seventy-nine.

The Local Government shall fix the amount of such fees respectively,

and may from time to time vary or remit them either generally or in special cases, as to it may seem fit.

Power to make rules.

83. The Local Government may make rules in regard to the disposal of the fees mentioned in section eighty-two, the supply of register books and the preparation and submission of returns of marriages solemnized under this Act.

Power to prescribe fees and rules for Native States.

84. The powers conferred on the Local Government by sections eighty-two and eighty-three may, so far as regards Native States, be exercised by the Governor General in Council.

Power to declare who shall be District Judge.

85. The Local Government may, by notification in the official Gazette, declare who shall, in any place to which this Act applies, be deemed to be the District Judge.

ভারতবর্ষের পক্ষ শ্রীযুক্ত ষ্টেট সেক্রেটারী সাহেবের নিকট কোনং বিবাহের সর্টিফিকট পাঠাইবার কথা।

৮১ ধারা। স্থানীয় গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের নিকট প্রতিবৎসর তিন২ মাসান্তর যত খানি সর্টিফিকট পাঠান যায়, তন্মধ্যে মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুক্ত গবরনর জেনরল সাহেব যেং বিবাহের সাক্ষ্য ইঙ্গলণ্ডে প্রেরণ করিতে ইচ্ছা করেন, উক্ত সেক্রেটারী সাহেব প্রতি বৎসরের তিন২ মাসের পর সেই২ বিবাহের সর্টিফিকট বাছিয়া লইয়া তাহাতে স্বাক্ষর করিয়া ভারতবর্ষের পক্ষ শ্রীযুক্ত ষ্টেট সেক্রেটারী সাহেবের নিকট পাঠাইবেন। তিনি জন্মের ও মৃত্যুর ও বিবাহের রেজিষ্ট্রার জেনরল সাহেবকে তাহা দিবেন ইতি।

স্থানীয় গবর্ণমেণ্টের ফী নিরূপণ করিবার কথা।

৮২ ধারা। এই আইন মতে

বিবাহের নোটিস গ্রহণ ও প্রচার করিবার জন্য

ও বিবাহের রেজিষ্ট্রারদের দ্বারা বিবাহের সর্টিফিকট দেওনের ও বিবাহ রেজিষ্টরী করণের জন্য

ও উক্ত রেজিষ্ট্রারকর্ত্তৃক বিবাহের সর্টিফিকট দেওয়ার আপত্তি লিখিয়া দিবার কিম্বা সর্টিফিকট দেওয়া নিষেধ করিবার জন্যে

ও রেজিষ্টরী বহীতে কিম্বা সর্টিফিকটে কি তাহার অনুলিপির কি প্রতিলিপির অনুসন্ধান লইবার জন্য

এবং ঐ বহীতে যে কথা লেখা থাকে ৬৩ ও ৭৯ ধারা মতে তাহার প্রতিলিপি দেওনের জন্যে ফী লওয়া যাইবে।

কত টাকা ফী দিতে হইবে স্থানীয় গবর্ণমেণ্ট ইহা নিরূপণ করিবেন

এবং সময়ে২ সাধারণমতে কিম্বা বিশেষ২ স্থলে যদ্রূপ বিহিত বোধ করেন তদ্রূপে ঐ ফী পরিবর্ত্তন বা ক্ষমা করিতে পারিবেন ইতি।

বিধি করিবার ক্ষমতার কথা।

৮৩ ধারা। ৮২ ধারায় যে ফীর কথা লেখা আছে তাহা লইয়া কি করা যাইবে ও রেজিষ্টরী বহী কিরূপে দেওয়া যাইবে এবং এই আইনমতে যে বিবাহ সাধন করা যায় তাহার রিটর্ণ কিরূপে লিখিয়া পাঠাইতে হইবে স্থানীয় গবর্ণমেণ্ট এই২ বিষয়ের বিধি করিবেন ইতি।

এদেশীয় রাজ্যাধিকারে গ্রহণীয় ফী ও বিধি নিরূপণ করিবার কথা।

৮৪ ধারা। ৮২ ও ৮৩ ধারামতে স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি যে ক্ষমতা দেওয়া গেল, এদেশীয় রাজ্যাধিকারের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব সেই ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন ইতি।

জিলার জজ শব্দে কাহাকে জানিতে হইবে ইহা নির্ণয় করিবার ক্ষমতার কথা।

৮৫ ধারা। এই আইন যে কোন স্থানের প্রতি বর্ত্তে সেই স্থানে কাহাকে জিলার জজ বলিয়া জানিতে হইবে স্থানীয় গবর্ণমেণ্ট রাজকীয় গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া এই কথা নির্ণয় করিতে পারিবেন ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭২। ১৬ জুলাই।]

86. The powers and functions given by this Act to the Governor General in Council may be delegated to and exercised by such officers as the Governor General in Council from time to time appoints in this behalf

Power to delegate functions under this Act of Governor General in Council

৮৬ ধারা। এই আইনদ্বারা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের প্রতি যে ক্ষমতা প্রদত্ত হইল ও তাঁহার কর্ত্তব্য যে কর্ম্ম নিরূপণ হইল, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব তৎপক্ষে সময়ে২ যে কার্য্যকারকদিগকে নিযুক্ত করেন তাঁহাদের প্রতি সেই ক্ষমতা ও সেই কর্ম্ম অর্পণ করা যাইতে পারিবে ও তাঁহারা তদনুসারে কার্য্য করিতে পারিবেন ইতি।

এই আইনমতে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের কর্ত্তব্য যে কর্ম্ম হয় তাহা অন্যের প্রতি অর্পণ করিবার ক্ষমতার কথা।

87. Nothing in this Act applies to any marriage performed by any Minister, Consul, or Consular Agent between subjects of the State which he represents and according to the laws of such State

Saving of Consular marriages

৮৭ ধারা। কোন রাজমন্ত্রি কি কনসল কি কনসুলর এজেণ্ট সাহেব যে দেশের স্থানাভিষিক্ত স্বরূপ হন সেই দেশের আইনঅনুসারে সেই দেশীয় লোকদের মধ্যে বিবাহ সম্পন্ন করিলে তৎপ্রতি এই আইনের কোন কথা খাটে না ইতি।

কনসলেরদ্বারা যে বিবাহ সাধন হয় তাহা প্রবল থাকিবার কথা।

88 Nothing in this Act shall be deemed to validate any marriage which the personal law applicable to either of the parties forbids him or her to enter into

Non validation of marriages within prohibited degrees

৮৮ ধারা। বিবাহার্থি একতর ব্যক্তির পক্ষে যে ব্যবস্থা বর্ত্তে সেই ব্যবস্থানুসারে তাহার বিবাহ নিষিদ্ধ হইলে এই আইনের কোন কথাক্রমে সেই বিবাহ সিদ্ধ বলিয়া জ্ঞান হইবে না ইতি।

নিষিদ্ধ বিবাহ অসিদ্ধ হইবার কথা।

SCHEDULE I

(See Sections 12 and 38)

NOTICE OF MARRIAGE

To a Minister [*or* Registrar] of

I hereby give you notice that a marriage is intended to be had, within three calendar months from the date hereof, between me and the other party herein-named and described (that is to say) —

Names	Condition	Rank or Profession	Age	Dwelling place	Length of residence	Church Chapel, or place of Worship in which the marriage is to be solemnized	District in which the other party resides, when the parties dwell in different districts
James Smith	*Widower*	*Carpenter*	*Of full age*	*16 Clive Street*	*23 days*	*Free Church of Scotland Church Calcutta*	
Martha Green	*Spinster*		*Minor*	*20 Hastings Street*	*More than a month*		

Witness my hand, this day of *seventy two*

(*Signed*) JAMES SMITH

[The *italics* in this schedule are to be filled up as the case may be, and the blank division thereof is only to be filled up when one of the parties lives in another district.]

SCHEDULE II

(*See Sections 24 and 50.*)

Certificate of Receipt of Notice

do hereby certify that on the   day of   notice was duly entered in my Marriage Notice Book of the marriage intended between the parties therein-named and described, delivered under the hand of   , one of the parties (that is to say) —

Names	Condition	Rank or Profession	Age	Dwelling place	Length of residence	Church, Chapel, or place of Worship in which the marriage is to be solemnized	District in which the other party resides, when the parties dwell in different districts
James S[illegible]	*W[illegible]*	*Ca[illegible]*	*Of [illegible]*	*16 Clive Street*	*23 days*	*Free Church of Scotland Church, Calcutta*	
[illegible]	[illegible]		*M[illegible]*	*20 H[illegible] Street*	*M[illegible]*		

and that the declaration required by section seventeen or forty-one of "The Indian Christian Marriage Act, 1872," has been duly made by the said (*James Smith*)

Date of notice entered
Date of certificate given

The issue of this certificate has not been prohibited by any person authorized to forbid the issue thereof

Witness my hand, this   day of   *seventy-two*

(*Signed*)

This certificate will be void unless the marriage is solemnized on or before the day of

[The *italics* in the schedule are to be filled up as the case may be, and the blank division thereof is only to be filled up when one of the parties lives in another district.]

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৭২ । ১৬ জুলাই ।]

SCHEDULE III.

(*See Section 28.*)

FORM OF REGISTER OF MARRIAGES

Quarterly Returns

of

MARRIAGES

for

The Archdeaconry of { *Calcutta* / *Madras* / *Bombay* }

I, ———————, Registrar of the Archdeaconry of { *Calcutta,* / *Madras,* / *Bombay,* } do hereby certify that the annexed are correct copies of the originals and Official Quarterly Returns of Marriage within the Archdeaconry of { *Calcutta,* / *Madras,* / *Bombay,* } as made and transmitted to me for the quarter commencing the day of ending the day of in the year of Our Lord

[*Signature of Registrar.*]

Registrar of the Archdeaconry of { ***Calcutta*** / ***Madras*** / ***Bombay*** }

MARRIAGES solemnized at { ***Allahabad*** / ***Barrackpore*** / ***Bareilly*** / ***Calcutta, &c., &c.*** }

When Married			Names of Parties										
Year	Month	Day	Christian	Surname	Age	Condition	Rank or profession	Residence at the time of marriage	Father's name and surname	By banns or licence	Signatures of the parties	Signatures of two or more witnesses present	Signature of the person solemnizing the marriage

[*Government Gazette,* 16*th July* 1872.]

SCHEDULE IV.

(*See Sections 32 and 54.*)

MARRIAGE REGISTER BOOK.

Number	When Married	Names of Parties		Age	Condition	Rank or profession	Residence at the time of marriage	Father's name and surname
		Christian name	Surname					
	Day Month Year							
1		*James*	*White*	*26 years*	*Widower*	*Carpenter*	*Agra*	*William White*
		Martha	*Duncan*	*17 years*	*Spinster*		*Agra*	*John Duncan*

Married in the

This marriage was solemnized between us { *James White,* *Martha Duncan,* } in the presence of us { *John Smith,* *John Green* }

CERTIFICATE OF MARRIAGE.

Number	When Married	Names of Parties		Age	Condition	Rank or profession	Residence at the time of marriage	Father's name and surname
		Christian name	Surname					
	Day Month Year							
1		*James*	*White*	*26 years*	*Widower*	*Carpenter*	*Agra*	*William White*
		Martha	*Duncan*	*17 years*	*Spinster*		*Agra*	*John Duncan*

Married in the

This marriage was solemnized between us { *James White* *Martha Duncan,* } in the presence of us { *John Smith,* *John Green* }

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭২। ১৬ জুলাই।]

SCHEDULE V

(*See Section* 2)

ENACTMENTS REPEALED

Number and year	Title	Extent of Repeal
Statute 58 Geo. 3, cap 84	An Act to remove doubts as to the validity of certain marriages had and solemnized within the British territories in India	The whole.
Statute 14 & 15 Vic, cap 40	An Act for Marriages in India	The whole
Act No. V of 1852	An Act for giving effect to the provisions of an Act of Parliament passed in the 15th year of the reign of Her present Majesty, intituled "An Act for Marriages in India"	So much as has not been repealed
Act No V of 1865	The Indian Marriage Act, 1865	The whole Act, except so far as it relates to the Straits Settlements
Act No XXII of 1866 ..	An Act to extend the Indian Marriage Act, 1865, to the Hyderabad Assigned Districts, and the Cantonments of Secunderabad, Trimungerry, and Aurungabad	The whole

WHITLEY STOKES,
Secy to the Govt of India

প্রথম তফসীল।

(১২ ও ৩৮ ধারা দেখ।)

বিবাহের নোটিস।

অমুক ভজনালয়ের ধর্ম্মাচার্য্য বা রেজিষ্ট্রার শ্রীযুত

আমি ইহাদ্বারা আপনাকে এই সংবাদ দিলাম যে অদ্যকার তারিখ অবধি তিন মাসের মধ্যে পশ্চাৎ লিখিত ও নির্দিষ্ট দ্বিতীয় ব্যক্তির সঙ্গে আমার বিবাহের কল্পনা আছে।

নাম।	অবস্থা।	ব্যবসায়।	বয়স।	বাসস্থান।	যত কাল নিবাস।	যে চর্চ কি চাপলে কি ভজনালয়ে বিবাহ হইবে।	উভয় ব্যক্তি যদি ভিন্নং জিলাতে বাস করেন তবে অন্য ব্যক্তি যে জিলা নিবাসী হন।
জেমস স্মিথ	মৃতদার	সূত্রধর	পূর্ণ বয়স্ক	ক্রাইব স্ট্রিটের ১৬ নম্বর	২৩ দিন	স্কটলণ্ডীয় ফ্রী চর্চের ভজনালয়, কলিকাতা।	
মার্থা গ্রীন	অবিবাহিতা		অপ্রাপ্ত বয়স্কা	হেষ্টিংস স্ট্রিটের ২০ নম্বর	এক মাসের অধিক কাল		

অমুক সালের অমুক মাসের অমুক তারিখে ইহাতে স্বাক্ষর করিলাম।

জেমস স্মিথ।

(উক্ত তফসীলের যেং ঘরে যে কথা লেখা উদ্দেশ্য তাহাতে সেই কথা লিখিতে হইবে, এবং বিবাহার্থি ব্যক্তিদের এক জন যদি অন্য জিলাতে বাস করেন, তবে সেই অন্য জিলার নাম শেষ ঘরে লিখিতে হইবে নতুবা তাহা শূন্য থাকিবে।)

দ্বিতীয় তফসীল।

(২৪ ও ৫০ ধারা দেখ।)

নোটিস পাইবার সর্টিফিকেটের পাঠ।

শ্রীঅমুক আমি ইহাতে জ্ঞাপন করিতেছি যে, পশ্চাৎ লিখিত ও নির্দিষ্ট ব্যক্তিদ্বয়ের যে বিবাহ হইবার কল্পনা হইয়াছে, তাহার সম্বাদ তাঁহাদের মধ্যে এক জনের অর্থাৎ শ্রীঅমুকের স্থানে প্রাপ্ত হওয়াতে আমার রক্ষণীয় বিবাহবিষয়ক নোটিসের বহীতে তাহা নিয়মিতরূপে লেখা গেল, অর্থাৎ

নাম	অবস্থা।	ব্যবসায়।	বয়স।	বাসস্থান।	যতকাল নিবাস।	যে চর্চে কি চাপলে কি ভজনালয়ে বিবাহ হইবে	উভয় ব্যক্তি যদি ভিন্নং জিলাতে বাস করেন তবে অন্য ব্যক্তি যে জিলা নিবাসি হন।
জেমস স্মিথ	মৃতদার	সূত্রধর	পূর্ণবয়স্ক	ক্রাইব স্ট্রিটের ১৬ নম্বর	২৩ দিন	স্কটলণ্ডীয় ফ্রী চর্চের ভজনালয়, কলিকাতা।	
মার্থা গ্রীন	অবিবাহিতা		অপ্রাপ্ত বয়স্কা	হেষ্টিংস স্ট্রিটের ২০ নম্বর	এক মাসের অধিক কাল		

এবং খ্রীষ্টীয়ানদের বিবাহ বিষয়ক ভারতবর্ষীয় ১৮৭২ সালের আইনের অমুক ধারার আদেশমতে উক্ত জেমস স্মিথ সাহেব নিয়মিতরূপে প্রতিজ্ঞা করিলেন।

নোটিস দিবার তারিখ।
সর্টিফিকেট দিবার তারিখ।

এই সর্টিফিকেট দেওয়া নিষেধ করিবার ক্ষমতাপন্ন কোন ব্যক্তি তাহা নিষেধ করেন নাই।

ইহাতে আমি অমুক সালের অমুক তারিখে স্বাক্ষর করিলাম।

(স্বাক্ষর)

অমুক সালের অমুক মাসের অমুক তারিখে কি তৎপূর্ব্বে এই বিবাহ সাধন না হইলে এই সর্টিফিকেট অসিদ্ধ হইবেক।

(উক্ত তফসীলের যেং ঘরে যেং কথা লেখা উদ্দেশ্য তাহাতে সেই কথা লিখিতে হইবে, এবং বিবাহার্থি ব্যক্তিদের এক জন যদি অন্য জিলাতে বাস করেন তবে সেই অন্য জিলার নাম শেষের ঘরে লিখিতে হইবে, নতুবা তাহা শূন্য থাকিবে।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭২। ১৬ জুলাই।]

তৃতীয় তফসীল।

(২৮ ধারা দেখ।)

বিবাহের রেজিষ্টর লিখিবার পাঠ।

কলিকাতার } আর্চডীকনরীর ধিনিতে
মান্দ্রাজের }
বোম্বাইয়ের }

বিবাহের

ত্রৈমাসিক রিটর্ন।

কলিকাতার } আর্চডীকনরীর রেজিষ্ট্রার শ্রী
মান্দ্রাজের }
বোম্বাইয়ের }

ইহাতে নিশ্চিতরূপে জানাইতেছি যে অমুক সালের অমুক মাসের অমুক তারিখ অবধি অমুক মাসের অমুক তারিখ পর্যন্ত { কলিকাতার / মান্দ্রাজের / বোম্বাইয়ের } আর্চডীকনরীর মধ্যে বিবাহের যেং ত্রৈমাসিক মূল রিটর্ন রাজাজ্ঞাক্রমে প্রস্তুত হইয়া আমার নিকটে প্রেরিত হইয়াছে এই তাহার যথার্থ প্রতিলিপি,

রেজিষ্ট্রারের স্বাক্ষর,

কলিকাতার } আর্চডীকনরীর রেজিষ্ট্রার।
মান্দ্রাজের }
বোম্বাইয়ের }

আলাহাবাদে }
বারাকপুরে } এইং বিবাহ হয়।
বেরেলিতে }
কলিকাতাপ্রভৃতিতে }

বিবাহের তারিখ			উভয় ব্যক্তির নাম											
সাল	মাস	তারিখ	নাম	কুলনাম	বয়স	অবস্থা	ব্যবসায়	বিবাহ কালীন বাসস্থান	পিতার নাম ও কুলনাম	কি প্রকারে কি অনুমতিক্রমে	উভয় ব্যক্তির স্বাক্ষর	উপস্থিত দুই কি অধিক সাক্ষির স্বাক্ষর	যে বিবাহ দিলেন তাঁহার স্বাক্ষর

[Government Gazette, 16th July 1872]

চতুর্থ তফসীল।

(৫২ ও ৫৪ ধারা দেখ।)

বিবাহের রেজিষ্টরী বহী।

নম্বর	বিবাহের তারিখ			উভয় ব্যক্তির নাম		বয়স	অবস্থা	ব্যবসায়	বিবাহকালীন বাসস্থান	পিতার নাম ও কুলনাম
	সাল	মাস	তারিখ	নাম	কুলনাম					
১	—	—	—	জেমস	ওয়াইট	২৬ বৎসর	মৃতদার	সূত্রধর	আগ্রা	উলিয়ম ওয়াইট
				মার্থা	টমকম	১৭ বৎসর	অবিবাহিতা		আগ্রা	জান টমকম

অমুক ভজনালয়ে বিবাহ হয়।

আমাদের বিবাহ হইয়াছে { জেমস ওয়াইট। মার্থা টমকম। } ইহাদের সাক্ষাতে { জান স্মিথ। জান গ্রীণ। }

বিবাহের সর্টিফিকট।

নম্বর	বিবাহের তারিখ			উভয় ব্যক্তির নাম		বয়স	অবস্থা	ব্যবসায়	বিবাহকালীন বাসস্থান	পিতার নাম ও কুলনাম।
	সাল	মাস	দিন	নাম	কুলনাম					
১	—	—	—	জেমস	ওয়াইট	২৬ বৎসর	মৃতদার	সূত্রধর	আগ্রা	উলিয়ম ওয়াইট।
				মার্থা	টমকম	১৭ বৎসর	অবিবাহিতা		আগ্রা	জান টমকম।

অমুক ভজনালয়ে বিবাহ হয়।

আমাদের বিবাহ হইয়াছে { জেমস ওয়াইট। মার্থা টমকম। } ইহাদের সাক্ষাতে { জান স্মিথ। জান গ্রীণ। }

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭২। ১৬ জুলাই।]

পঞ্চম তফসীল।

যে২ আইন রহিত হইল তাহার বিধি।

নম্বর ও সাল।	আখ্যা।	যত দূর রহিত হইল
তৃতীয় জর্জ রাজার ৫৮ বৎসরের আইনের ৮৪ অধ্যায়।	ভারতবর্ষের অন্তর্গত খ্রিষ্টীয়দের অধিকার দেশে যে২ বিবাহ হইয়াছে ও সাধন করাগিয়াছে তাহার সিদ্ধ হওনবিষয়ক সন্দেহ দূর করণার্থ আইন।	সম্পূর্ণ।
মহারাণী বিক্টরিয়ার ১৪ ও ১৫ বৎসরের আইনের ৪০ অধ্যায়।	ভারতবর্ষীয় বিবাহ বিষয়ক আইন।	সম্পূর্ণ।
১৮৫২ সালের ৫ আইন	শ্রীশ্রীমতী মহারাণীর রাজত্ব কালের পঞ্চ দশ বৎসরে ভারতবর্ষীয় বিবাহ বিষয়ক আইন নামে পার্লিয়ামেণ্ট যে আইন প্রণয়ণ করেন তাহার বিধান প্রবল করণার্থ আইন।	যে পর্য্যন্ত হয় রহিত হইল।
১৮৬৫ সাল ৫ আইন	ভারতবর্ষীয় বিবাহ বিষয়ক ১৮৬৫ সালের আইন।	সম্পূর্ণ আইন। কিন্তু ষ্ট্রেট সেটেলমেণ্টের প্রতি যত দূর খাটে তত দূর প্রবল থাকিবে।
১৮৬৬ সাল ২২ আইন	হয়দারাবাদের অন্তর্গত নিরূপিত প্রদেশে এবং সিকন্দরাবাদ ও জিমঙ্গেরি ও আরঙ্গাবাদ সৈন্যাবাসস্থানে বিবাহ বিষয়ক ১৮৬৫ সালের আইন প্রচলিত করণার্থ আইন।	সম্পূর্ণ।

উইটিলি ষ্টোক্‌স,

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

The following Preliminary Report of a Select Committee, together with the Bill as settled by them, was presented to the Council of the Governor-General of India for the purpose of making Laws and Regulations on the 4th July 1872 —

We, the undersigned, the members of the Select Committee to which the Bill to consolidate and amend the law relating to the admission of appeals to Her Majesty in Council from judgments and orders of the Civil Courts was referred, have the honor to report that we have considered the Bill and the papers noted in the margin

From Officiating Secretary to Chief Commissioner, Oudh No 344, dated 22nd January 1872, and enclosures

We have expressly excluded matters of criminal jurisdiction from the operation of the proposed Act

Section three of the Bill, as introduced, speaks of appeals from final decrees or orders made on repeal *or revision* under the law relating to appeals We have struck out the words italicised

Act II of 1863, section two, provides an appeal from interlocutory judgments We have, therefore, struck out the word 'final' in the fifth paragraph of section three of the Bill as introduced

মনোনীত কমিটীর এই প্রথম স্থলীয় রিপোর্ট ও তাঁহাদের অবধারণানুসারে আইনের পাণ্ডুলিপি ১৮৭২ সালের জুলাই মাসের ৪ তারিখে আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষের শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের মন্ত্রিসভায় উপস্থিত করা গেল।

মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট দেওয়ানী আদালতের নিষ্পত্তির ও আজ্ঞার উপর আপীল গ্রাহ্য হওনবিষয়ক আইন সংগ্রহ ও সংশোধন করণার্থ আইনের পাণ্ডুলিপি মনোনীত কমিটী আমাদের প্রতি অর্পিত হওয়াতে আমরা সেই পাণ্ডুলিপি ও পার্শ্বলিখিত পত্রাদি বিবেচনা করিলাম।

অযোধ্যার প্রধান কমিশ্যনরের একটিং সেক্রেটারী সাহেবের ১৮৭২ সালের ২২ জানুআরির ৩৪৪ নং পত্র ও তৎসহিত পত্রাদি।

প্রস্তাবিত আইনের বিধানহইতে ফৌজদারী আদালতের বিচার্য্য বিষয় বহিষ্কৃত করিয়া রাখিয়াছি।

আপীলবিষয়ক আইনঅনুসারে মোকদ্দমার উপর আপীল কি মোকদ্দমার পুনর্দৃষ্টি হইলে যে শেষ ডিক্রী কি আজ্ঞা করা যায় প্রথম পাণ্ডুলিপির ৩ ধারায় তাহার উপর আপীলবিষয়ক বিধান আছে। "কি মোকদ্দমার পুনর্দৃষ্টি" এই কথা ত্যাগ করিলাম।

মোকদ্দমার শেষ নিষ্পত্তি হইবার পূর্ব্বে অন্য যে২ নিষ্পত্তি হয় ১৮৬৩ সালের ২ আইনের ২ ধারায় তাহার উপর আপীল হইবার বিধান আছে। অতএব পূর্ব্ব পাণ্ডুলিপির ৩ ধারার ৫ প্রকরণে "শেষ" এই যে শব্দ ছিল তাহা ত্যাগ করিলাম।

We have provided (section four) that the amount or value of the subject-matter of appeals shall be computed according to the rules prescribed by the Court Fees' Act, 1870, sections seven and eight. An analogous rule is prescribed by Bengal Regulation XVI of 1797, section three

We have provided for the case of the period prescribed for applications, under the proposed Act, expiring when the Court is closed, and for admitting, in proper cases, such applications after the prescribed period. Similar provisions are made in the new Limitation Act IX of 1871, section five

We have followed in sections seven and eight the rules of the High Courts at Fort William and Bombay, and we have authorized the exclusion from the transcript of the record of formal documents, of papers which the parties agree to exclude, and of unnecessary accounts. This is in accordance with the present practice, and so far as regards formal documents, follows the rule prescribed by clause 2 of the order of the Privy Council, dated 13th June 1853

Sections ten, eleven, and twelve, are modelled on rules of the High Court at Fort William

In section thirteen we have authorized the Court, on receiving security for the performance of the decree of the Privy Council, to give any direction that it thinks fit respecting the subject-matter of the appeal

In section nineteen we have empowered the High Courts to make rules regulating all matters connected with the enforcement of the proposed Act

In section twenty we have made the amendments of Bengal Regulation III of 1828, section four, and Bombay Regulation XIX of 1827, section eight, necessitated by the proposed repeals

Lastly, we have saved (section twenty-one) the exercise of Her Majesty's pleasure in receiving or rejecting appeals to Her in Council

We have made many changes in the wording and arrangement of the Bill and before proceeding further with it we recommend that it be published, with this preliminary report, in the *Gazette of India*, and sent for consideration to the various Local Governments and High Courts

SIMLA, } A HOBHOUSE
The 4th July 1872 } J STRACHEY

৪ ধারার এই বিধান। মোকদ্দমার কত টাকা কিম্বা যে বিষয় লইয়া আপীল হয় সেই বিষয়ের কত মূল্য ধরিতে হইবে এই কথা আদালতের রুসুম বিষয়ক ১৮৭০ সালের আইনের ৭ ও ৮ ধারামতে নিরূপণ করা যাইবে। ১৭৯৭ সালের বঙ্গীয় ১৬ আইনের ৩ ধারায় তদনুরূপ বিধান আছে।

প্রস্তাবিত আইনে দরখাস্ত করিবার যে মিয়াদ নির্দ্দিষ্ট হইল আদালত বন্দ থাকনসময়ে সেই মিয়াদ ফুরাইলে তাহার বিধান করিলাম, এবং সেই মিয়াদ ফুরাইলে পরও উপযুক্ত স্থলে তদ্রূপ দরখাস্ত গ্রাহ্য হইবার বিধান করিলাম। মিয়াদবিষয়ক ১৮৭১ সালের ৯ আইনের ৫ ধারায় তদনুরূপ বিধান আছে।

৭ ও ৮ ধারায় কলিকাতার ও বোম্বাইয়ের হাই কোর্টের বিধির অনুসরণ করিয়া যে কাগজপত্রের নকল করিতে হইবে তাহাহইতে কেবল দাঁড়ামত যে দলীল লেখা যায় তাহা ও উভয় পক্ষ ঐক্যবাক্য হইয়া যে পত্রাদি ত্যাগ করেন তাহা ও অনাবশ্যক হিসাব ত্যাগ করিলাম। এই বিধি বর্ত্তমান রীত্যনুযায়ি এবং দাঁড়ামত দলীলের সম্পর্কে প্রিবি কৌনসেলের ১৮৫৩ সালের ১৩ জুনের আজ্ঞাপত্রের ২ ধারার নির্দ্দিষ্ট বিধির অনুযায়ি।

১০ ও ১১ ও ১২ ধারা কলিকাতার হাই কোর্টের বিধি মূলক।

হাই কোর্ট প্রিবি কৌনসেলের ডিক্রীমত কার্য্য সাধন হইবার জমানৎ লইলে পর আপীলী বিষয় লইয়া যাহা করিতে হইবে তদ্বিষয়ে যে আজ্ঞা বিহিত বোধ করেন করিতে পারিবেন ১৩ ধারায় এই বিধান করিলাম।

১৯ ধারায় হাই কোর্টের প্রতি প্রস্তাবিত আইন প্রবল করণসম্পর্কীয় সকল বিষয়ের বিধি করিবার ক্ষমতা প্রদান করিলাম।

এই আইনদ্বারা কএক আইন রহিত করিবার প্রস্তাব হওয়াতে ১৮২৮ সালের বঙ্গীয় ৩ আইনের ৪ ধারা ও বোম্বাইয়ের ১৮২৭ সালের ১৯ আইনের ৮ ধারা সংশোধন করা আবশ্যক প্রযুক্ত ২০ ধারায় তাহা সংশোধন করিলাম।

মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট যে আপীল করা যায় তাঁহার স্বেচ্ছামতে সেই আপীল গ্রাহ্য কি অগ্রাহ্য করিবার যে ক্ষমতা আছে ২১ ধারায় তাহা প্রবল রাখিলাম।

পাণ্ডুলিপির অনেক কথা পরিবর্ত্তন করিলাম ও প্রকারান্তরে পদ বিন্যাস করিলাম। এইক্ষণে আমাদের এই পরামর্শ যে, এই পাণ্ডুলিপি সম্পর্কীয় অন্য কার্য্য করিবার পূর্ব্বে তাহা এই রিপোর্টের সঙ্গে ইণ্ডিয়া গেজেটে প্রকাশ করা যায় ও নানা স্থানীয় গবর্ণমেণ্টের ও হাই কোর্টের বিবেচনার্থে প্রেরণ করা যায়।

এ হবহৌস।
জে ষ্ট্রেচী।

সিমলা।
১৮৭২ সাল ৪ জুলাই।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭২। ১৩ জুলাই।]

THE PRIVY COUNCIL APPEALS BILL, 1872.

A Bill to consolidate and amend the law relating to appeals to the Privy Council from decrees of the Civil Courts

[As amended by the Select Committee.]

Preamble

Whereas it is expedient to consolidate and amend the law regulating the admission of appeals to Her Majesty in Council from certain judgments, decrees and orders of the Civil Courts, It is hereby enacted as follows —

I.—Preliminary

Short title

1 This Act may be called "The Privy Council Appeals Act, 1872."

Extent

It extends to the whole of British India, but it does not apply to any matter of criminal jurisdiction,

Commencement

And it shall come into force on the passing thereof.

Repeal of enactments

2 The enactments specified in the schedule hereto annexed are repealed to the extent mentioned in the third column thereof.

II.—Admission of Appeals

When appeals lie to Queen in Council

3 Subject to such rules as may, from time to time, be made by Her Majesty in Council regarding appeals from the Courts of British India, and to the provisions hereinafter contained—

৬। মুসলমান ও অন্যান্য ছাত্রের স্থানে কালেজের যে সাধারণ ফী লওয়া গিয়া থাকে কালেজের সকল ছাত্র এবং কালেজের প্রিন্সিপলের বিবেচনায় অন্য যে ব্যক্তিরা যোগ্য ও নিযুক্ত হইবার উপযুক্ত হন ও যথোপযুক্ত শিক্ষাপ্রাপ্ত হইয়াছেন তাঁহারাও সেই ফী দিলে সিবিল সর্বিসের কেলাসে গ্রাহ্য হইবেন। ঐ ফী এই হারে লওয়া গিয়া থাকে অর্থাৎ মুসলমান ছাত্রের মাসে ১৲ টাকা ও অন্য সকলের মাসে ৫৲ টাকা। কালীজিয়েট স্কুলের উচ্চ শ্রেণীর যে ছাত্রেরা প্রিন্সিপলের বিবেচনায় সুযোগ্য হন ও ইউনিবর্সিটীর আগামি

to pass with credit the next University Entrance Examination may be admitted if they desire it

7 An extra fee of Rs 10 (once for all) will be charged for instruction in riding

8 Students who elect to follow the full civil service course must continue to attend the English classes and any classes in which arithmetic and writing are taught, but attendance in the other classes will be optional with them

9 Permission having been given to the present scholarship holders to attend this course no special scholarships need at present be provided for

10 The following elementary books on Botany and Chemistry, as proposed by the Committee, will be studied by the students attending the civil service class, viz —

Oliver's Manual of Indian Botany
Roscoe's Lessons on Elementary Chemistry

11 The following sums are sanctioned for the necessary preparations and apparatus viz —

	Rs
For adapting the college building for class rooms	1,500
For school furniture	1,500
For a gymnasium, with apparatus	1,000
Apparatus for lectures on Drawing Surveying and Engineering	1,000
Apparatus for Botany and Chemistry	1,000
Total	6,000

12 The following allowances are also sanctioned, i e —

	Rs	
For chemicals	25	per mensem
For a mallee	10	,,
For a compounder to assist in lectures on Chemistry	12	,,
Total	47	per mensem

13 An allowance of Rs 100 per mensem is also sanctioned for a lecturer on the prescribed law subjects at Patna

14 Competent teachers of Drawing, Surveying, and Engineering, have already been sent to Patna, Dacca, and Cuttack

C BERNARD,
Offg Secy to the Govt of Bengal

[*Government Gazette, 16th July* 1871]

এনট্রান্স পরীক্ষায় যাঁহারা প্রশংসিতরূপে উত্তীর্ণ হইবার উপযুক্ত হন তাঁহারাও ইচ্ছা করিলে গ্রাহ্য হইতে পারিবেন।

৭। অশ্বারোহণ শিক্ষা করিবার জন্যে ১০৲ টাকা অতিরিক্ত ফী কেবল একবার লওয়া যাইবে।

৮। যে ছাত্রেরা সিবিল সর্বিসের সম্পূর্ণ কোর্স অধ্যয়ন করিতে মনস্থ করেন ইঙ্গরেজী ভাষা শিক্ষার কেলাসে ও যে২ কেলাসে অঙ্ক বিদ্যা ও লিখিবার রীতি শিক্ষা হয় তাঁহাদের সেই২ কেলাসে উপস্থিত হইতে হইবে অন্যান্য কেলাসে স্বেচ্ছামতে যাউন বা না যাউন।

৯। এইরূপে যাঁহারা ছাত্রবৃত্তিধারী আছেন তাঁহাদের প্রতি সেই কোর্স শিক্ষা করিবার অনুমতি হইয়াছে অতএব এই সময়ে বিশেষ ছাত্রবৃত্তির বিধান করা প্রয়োজন নাই।

১০। যে ছাত্রেরা সিবিল সর্বিস কেলাসে যান কমিটীর প্রস্তাবানুসারে উদ্ভিদ ও কিমিয়া বিদ্যার উপক্রমণিকার নিম্নলিখিত পুস্তক তাঁহাদের অধ্যয়ন করিতে হইবে

Oliver's manual of Indian Botany
Roscoes Lessons on Elementary Chemistry

১১। পূর্বোক্ত কার্য্যের নিমিত্ত আয়োজন প্রস্তুত করিবার ও যন্ত্রাদি যোগাইবার জন্যে নিম্নলিখিত টাকা ব্যয় হইবার অনুমতি হইয়াছে।

কালেজে কেলাস বসিবার উপযুক্ত ঘর করিবার নিমিত্ত	১৫০০৲
স্কুলের সরঞ্জাম	৫০০৲
ব্যায়াম স্থান ও দ্রব্যাদি	১০০০৲
চিত্র ও জরীপ করণ ও ইঞ্জিনিয়রিং বিদ্যার লেকচরের সরঞ্জাম	১০০০৲
উদ্ভিদ ও কিমিয়া বিদ্যার নিমিত্ত সরঞ্জাম	১০০০৲
মোটে	৬০০০৲

১২। নিম্নলিখিত টাকাও খরচ করিবার অনুমতি হইল।

রাসায়নিক দ্রব্যের নিমিত্তে মাসে		২৫৲
মালির বেতন	,,	১০৲
কিমীয় বিদ্যার লেকচর হইলে সহকারিতা করণার্থে এক জন কমপোণ্ডর মাসে		১২৲
মোটে মাসে		৪৭৲

১৩। আইনসংক্রান্ত যে২ বিষয় নির্দ্দিষ্ট হইয়াছে পাটনায় সেই২ বিষয়ের লেকচর দিবার নিমিত্ত মাসে ১০০৲ টাকার অনুমতি হইয়াছে।

১৪। চিত্র বিদ্যা ও জরীপ করণ ও ইঞ্জিনিয়রিং বিদ্যা শিক্ষাইবার অতি যোগ্য শিক্ষকদিগকে পাটনায় ও ঢাকায় ও কটকে প্রেরণ করা গিয়াছে।

সি, বর্ণার্ড,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

Fist Publications

NOTIFICATION.

The 9th July 1872.—WITH reference to the Notification and Resolution dated the 2nd instant, published in the *Calcutta Gazette* of the 3rd idem, and republished above, the following detail of the text-books and instructions prescribed for candidates for civil employ in the subjects of drawing, surveying, and engineering, is published for general information :—

	Subject	Details	Text books and mode of acquiring
		Surveying	
1	Mensuration	Of the line, superficies, and the simpler solids. Cubical contents of earth-work in cuttings and embankments	Todhunter's Mensuration
2	Surveying with chain, and with compass and chain	To make a survey of a tract of country 2 or 3 square miles in area	Roorkee papers on surveying, Chapters II, III. Also practically taught in the field
3	Levelling	To make all the necessary sections for a supposed road between two given points	Roorkee papers on surveying, Chapters XI, XIII. Practical instruction in the field
4	Construction of field book plotting and tracing on the ground	To lay out the foundations of a simple building on the ground	Instruction by lecture. Roorkee papers on surveying
		Drawing	
5	Construction and use of scales	Geometrical figures orthographic projection as applied to the delineation of simple engineering structures	Ellis Davidson or "Projection" Davidson on Linear Drawing." Class instruction
		Engineering	
1	General knowledge of properties of building materials in most common use, and of constructive trades	Stone, brick, timber, lime, mortar, cement	Roorkee Treatise, Volume I, Chapters 1, 2, 4, 5
2	Estimating of a simple building or bridge	To design simple draw-bridges, culverts and wooden bridges of small span, and to estimate the quantity and cost thereof	Instruction principally by lecture
[illegible]	Construction of simple buildings	Stone masonry, brick masonry, masonry in arches and foundations	Roorkee Treatise, Volume I, Chapters 1[illegible], 14, 15 to end of paragraph 299, 16 to end of paragraph 322
1	Construction of simple roofs and bridge trusses for small spans		Instruction by lecture
[illegible]	Elements of road-making, including the construction of culverts and small bridges	Laying out roads, formation of cuttings and embankments, construction of road surface, drainage, &c.	Roorkee Treatise, Volume I, Section 5. Volume II, Section 8

Candidates are reminded that in addition to the arrangements for teaching in the Hooghly College notified in the *Calcutta Gazette* of 3rd instant, the special class in the Presidency College for teaching drawing, surveying and engineering as required for the native civil service has been already advertised and is now open. The fee for this special class will be for those who are not students of the college, entrance Rs. [illegible] and monthly fee [illegible] Rs. [illegible]. It is believed that instruction in the other subjects required of candidates may be obtained in Calcutta, but the Lieutenant-Governor will be willing to consider any applications from the Principal of the Presidency College for a special class in any of these subjects for teaching in which there is a demand on the part of a large number of students.

Classes for teaching drawing, surveying, and engineering have been opened at Patna, Dacca, and Cuttack, and a lecturer on the special law subjects has been sanctioned for Patna. In case of a great demand for teaching in any of the special subjects at any of the colleges above mentioned, an application from the Principal will be considered.

The Lieutenant-Governor will be glad if heads of offices can give deserving and capable public servants leave of absence on favorable terms for the purpose of qualifying in the above special subjects.

C. BERNARD,

Offg. Secretary to the Govt. of Bengal.

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৭২ । ১২ জুলাই ।]

[প্রথমবার প্রকাশিত।]

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ৯ জুলাই।—বর্ত্তমান মাসের ২ তারিখের যে জ্ঞাপনপত্র ও নির্দ্ধারণপত্র এই মাসের ৯ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ করা যায় ও পূর্ব্বভাগে পুনঃ প্রকাশ হইল, তাহা লক্ষ করিয়া সিবিল কর্ম্মে নিযুক্ত হওনেচ্ছুক ব্যক্তিদের চিত্রবিদ্যা ও জরীপী ও ইঞ্জিনিয়রি বিদ্যাবিষয়ক যে পুস্তক পাঠ করিতে ও যেহ বিষয়ক শিক্ষা করিতে হইবে সাধারণের জ্ঞানার্থে তাহার বিস্তারিত কথা নিম্নভাগে প্রকাশ করা গেল।

বিষয়	বিস্তারিত কথা	পুস্তক ও শিক্ষা করিবার ধারা।
	সরবেইং	
১। ভূমি পরিমাপণ	রেখার ও সমতলের ও সামান্য প্রকারের ঘন। নালা কাটিলে ও বাঁধ বাঁধিলে মাটির ঘন ফল	Todhunter's Mensuration
২। শিকল এবং কোম্পাস ও শিকল দিয়া জরীপ করণ।	২ কি ৩ বর্গমাইল পরিমাণের দেশ খণ্ড জরীপ করিতে হইবে	জরীপ করণ বিষয়ক রুরকী পত্রের ২ ও ৩ অধ্যায়। এবং মাঠে কার্য্য করিয়া শিক্ষা করিবেন।
৩। লেবেলিং	নির্দ্দিষ্ট এক স্থানহইতে অন্য স্থানপর্য্যন্ত পথ করিবার কল্পনা হইলে যত Section (অর্থাৎ মার্গ) প্রয়োজন তাহা করিতে হইবে।	জরীপকরণ বিষয়ক রুরকীর পত্রের ১১ ও ১৩ অধ্যায়। এবং মাঠে কার্য্য করিয়া শিক্ষা করিবেন
৪। খসড়া বহী করণ ও নকশা তোলন ও মাটিতে চিহ্ন দেওন	মাটিতে সামান্য প্রকারের ঘরের ভিত্তি মূলের আকারাদি দেখাইতে হইবে	লেকচর দ্বারা শিক্ষা পাইবেন। জরীপ করণ বিষয়ক রুরকীর পত্র।
	চিত্রবিদ্যা।	
৫। স্কেল প্রস্তুত ও ব্যবহার করণ	রেখাগণিত আরম্ভ। সামান্য গৃহাদি নির্ম্মাণের কার্য্যে যে আলেখ্য করা যায় তৎসম্পর্কীয় সরল রেখার প্রসরণ	Ellis Davidson on Projection Davidson on Linear Drawing কেলাসে শিক্ষা।
	ইঞ্জিনিয়রিং।	
১। গৃহাদি নির্ম্মাণের যে সরঞ্জাম সামান্যতঃ ব্যবহার হয় তাহার গুণের ও নির্ম্মাণ সংক্রান্ত ব্যবসায়ের স্থূল জ্ঞান।	পাথর, ইট, বালাস্থনী কাষ্ঠ, চুণ সুরকী মশালা	Roorkee Treatise ১ বালম, ১, ২, ৪, ৫, অধ্যায়।
২। সামান্য গাথনির কি সাঁকোর ইষ্টিমেট	সামান্য তোরণসাঁকোর ও কলবর্টের ও অল্প ওসার কাটের সাঁকোর নকশা ও তাহা করিতে কি প্রকারের কতদ্রব্য ও কত খরচ লাগিবে ইহার ইষ্টিমেট করিতে হইবে	লেকচর দ্বারা ইহার অধিকাংশ শিক্ষা হইবে।
৩। সামান্য ঘর নির্ম্মাণ	পাথরের গাঁথনী, ইটের গাঁথনী ও খিলান ও ভিত্তমূলের গাঁথনী	Roorkee Treatise, ১ বালম ৩, ৪ অধ্যায় ও ৫ অধ্যায়ের ২৯৯ধারার শেষ পর্য্যন্ত ও ১১ অধ্যায়ের ৩২২ ধারার শেষ পর্য্যন্ত।
৪। সামান্য ছাদ ও অল্প ওসার সাঁকোর ট্রস।		লেকচর দ্বারা শিক্ষা পাইবেন।
৫। পথ প্রস্তুত করিবার সূক্ষ্ম জ্ঞান। তন্মধ্যে কলবর্ট ও ছোটং সাঁকো নির্ম্মাণ	পথের ঢোল করিয়া দেখান ও নালা ও বাঁধ প্রস্তুত করণের ও রাস্তার উপরিভাগ প্রস্তুত করণ ও মেরামত প্রভৃতি করণ	Roorkee Treatise ১ বালম ৫ পরিচ্ছেদ। ২ বালম, ৮ পরিচ্ছেদ।

এই মাসের ৯ তারিখের বাঙ্গলা গেজেটে হুগলী কালেজে শিক্ষা দিবার যে সকল নিয়মের কথা আছে তদ্ভিন্ন নেটিব সিবিল সর্ব্বিসের পদাকাঙ্ক্ষি ব্যক্তিদের চিত্র বিদ্যা ও সরবেইং ও ইঞ্জিনিয়রিং যেহ বিদ্যা শিক্ষা করা প্রয়োজন প্রেসিডেন্সী কালেজেও সেইহ বিদ্যা শিক্ষার বিশেষ কেলাস করিবার কথা পূর্ব্বে প্রচারিত হইয়াছিল। সেই কেলাস এখন স্থাপিত হইয়াছে এ পদাকাঙ্ক্ষিদিগকে এই কথা স্মরণ করান যাইতেছে। যাঁহারা সেই কালেজের ছাত্র নহেন তাঁহারা সেই বিশেষ কেলাসে শিক্ষা করিতে চাহিলে তাঁহাদের এন্ট্রান্স ফ ৫৲ টাকা ও মাসিক ফী ৩৲ টাকা লাগিবে। পদাকাঙ্ক্ষিদের আরং যে বিষয় জানা আবশ্যক ঐ কালেজে অধিক ভাগ তাহারও শিক্ষা পাইতে পারিবেন, এমত বোধ হয়। কিন্তু অনেক ছাত্র উক্ত অন্যতর বিষয়ের শিক্ষা পাইবার প্রার্থনা করিলে যদি প্রেসীডেন্সী কালেজের প্রিন্সিপাল বিশেষ কেলাস হইবার প্রার্থনা করেন, তবে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব তাহা বিবেচনা করিতে সম্মত হইবেন

[*Government Gazette, July* 16*th* 1871] ৮ W

পাটনায় ও ঢাকায় ও কটকে চিত্র বিদ্যা ও সরবেইং ও ইঞ্জিনিয়রিং বিদ্যা শিক্ষার কেলাস স্থাপন হইয়াছে ও পাটনাতে আইনসংক্রান্ত বিশেষ বিষয়ের লেকচর দিবার জন্যে এক ব্যক্তিকে নিযুক্ত করা গিয়াছে। পূর্ব্বোক্ত কোন কালেজে অনেক ব্যক্তি বিশেষ কোন বিষয় শিক্ষা করিতে প্রার্থী হইলে প্রিন্সিপাল প্রার্থনাপত্র লিখিয়া পাঠাইলে তাহার বিবেচনা হইবে।

কোন আফিসে রাজকীয় যে কার্য্যকারকেরা যোগ্য ও সক্ষম হন তাঁহারা উক্ত বিশেষ বিষয় শিক্ষা করিয়া সিবিল সর্বিসের যোগ্য হইতে পারেন এই নিমিত্ত আফীসের প্রধান কর্ম্মকারকেরা অনুকূল নিয়ম করিয়া তাহারদিগকে ছুটী দিতে পারিলে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব তাঁহাতে সন্তুষ্ট হইবেন।

সি, বর্ণার্ড,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

NOTIFICATION

The 8th July 1872.—It is hereby declared for general information that the seven Notices for sales of waste lands in Assam (published at pages 17 and 18 of the *Calcutta Gazette* of the 3rd July) appear to be irregular and incomplete, and are in consequence withdrawn pending further inquiry.

C. BERNARD,
Offg. Secy. to the Govt. of Bengal.

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ৮ জুলাই।—জুলাই মাসের ৩ তারিখের কলিকাতা গেজেটের ১৭ ও ১৮ পৃষ্ঠায় আসাম জিলার অন্তর্গত পতিত ভূমি বিক্রয়ের যে সাতটী বিজ্ঞাপন প্রকাশ করা গিয়াছে তাহা অনিয়মিত ও অসম্পূর্ণ বোধ হওয়াতে অধিকতর অনুসন্ধান না হওন পর্য্যন্ত তাহ রহিত করা গিয়াছে সাধারণের জ্ঞানার্থে এই কথা প্রকাশ করা গেল।

সি, বর্ণার্ড,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

JUDICIAL AND POLITICAL DEPARTMENTS.

No. 998J.

APPOINTMENTS.

The 4th July 1872.—Third Grade Sub-Assistant Surgeon Augornath Basu to have medical charge of the Sub-division of Begoo Serai and of the Charitable Dispensary at that place.

The following gentlemen are appointed to form a Committee for the management of the Charitable Dispensary just established at Tooshbhandee, in Rungpore, *viz.*—

Babu Romoni Mohun Chowdry	*President.*
The Magistrate of Rungpore The Civil Surgeon	*Special Members.*
Babu Anungo Mohun Chowdry " Kailash Gobind Mozoomdar " Pyari Mohun Bosoo " Durga Prasanna Mukhopadhya	*Ordinary Members.*

The 6th July 1872.—Mr. John Stanley Carr Larminie, Assistant Superintendent of Police, Tipperah, is transferred to Backergunge.

The 8th July 1872.—The following promotions of Small Cause Court Judges and Subordinate Judges are sanctioned, *viz.*—

Babu Noruttum Mullick to the Second Grade.

Babu Kooladanund Mookerjee to the Third Grade.

Babu Gunga Churn Sircar to the Third Grade.

জুডিশাল ও পলিটিকল ডিপার্টমেণ্ট।

৯৯৮ J নম্বর।

নিয়োগ।

১৮৭২ সাল ৪ জুলাই।—তৃতীয় শ্রেণীর সব-আসিস্টাণ্ট চিকিৎসক শ্রীযুত অঘোরনাথ বসু বেগুসরাই শাখাখণ্ডের চিকিৎসা কার্য্যের ও তথাকার দাতব্য ঔষধালয়ের অধ্যক্ষতা ভার পাইবেন।

রঙ্গপুরের অন্তর্গত তুঁষবান্দিতে সম্প্রতি যে দাতব্য ঔষধালয় স্থাপিত হইয়াছে নিম্নলিখিত মহাশয়েরা তাহার কার্য্য সম্পাদনার্থ কমিটীস্বরূপ নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত বাবু রমণীমোহন চৌধুরী	সভাপতি।
রঙ্গপুরের মাজিষ্ট্রেট সাহেব সিবিল চিকিৎসক সাহেব	বিশেষ মেম্বর।
শ্রীযুত বাবু অনঙ্গমোহন চৌধুরী " বাবু কৈলাসগোবিন্দ মজুমদার " বাবু পেয়ারিমোহন বসু " বাবু দুর্গাপ্রসন্ন মুখোপাধ্যায়	নিয়মিত মেম্বর।

১৮৭২ সাল ৬ জুলাই।—ত্রিপুরার পোলীসের আসিস্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত জান ষ্টানলী কার লার্মিনি সাহেব বাকরগঞ্জে প্রেরিত হইয়াছেন।

১৮৭২ সাল ৮ জুলাই। ক্ষুদ্র মোকদ্দমার আদালতের নিম্নলিখিত জজদের ও সবরডিনেট জজদের উচ্চপদভুক্ত হওয়া অনুমোদিত হইয়াছে।

শ্রীযুত বাবু নরোত্তম মল্লিক দ্বিতীয় শ্রেণী।

শ্রীযুত বাবু কুলদানন্দ মুখোপাধ্যায় তৃতীয় শ্রেণী।

শ্রীযুত বাবু গঙ্গাচরণ সরকার তৃতীয় শ্রেণীভুক্ত হইয়াছেন।

Babu Bidu Bhusan Banerjee to officiate as Judge of the Small Cause Courts of Kooshtea, Chooadangah, Goalundo, and Pubna, during the absence, on leave, of Babu Durga Persad Ghose, or until further orders.

Babu Doorgagati Banerjee to be Head Assistant in the Judicial Department of the Bengal Secretariat

The 9th July 1872 —Mr John George Charles to officiate as a Magistrate of Police, Calcutta, during the absence, on duty, of Mr W Cornell, or until further orders

Mr John Mangles Lowis is re-appointed to officiate as District and Sessions Judge of Bhaugulpore, during the absence, on privilege leave, of Mr R J Richardson, or until further orders

The orders of the 22nd ultimo, appointing Mr Lowis to officiate as Judge of Dacca, are cancelled

Mr C B Garrett will continue to officiate as District and Sessions Judge of Dacca, during the absence, on duty, of Mr A Abercrombie, or until further orders

LEAVE OF ABSENCE

The 8th July 1872 —Babu Durga Persad Ghose, Judge of the Small Cause Courts of Kooshtea, Chooadangah, Goalundo, and Pubna, for three months, under Section 18 of the Civil Leave Code

Moulvi Sumeenooddin, Additional Subordinate Judge of Chittagong, for three months under Section 9, Supplement F of the Civil Leave Code in extension of the leave granted to him under orders of 6th November 1871

The 9th July 1872 —Mr Robert John Richardson, Officiating District and Sessions Judge of Bhaugulpore, for two months, from the 12th instant, under Section 18 of the Civil Leave Code

NOTIFICATION

The 3rd July 1872 —Mr John Masters, Officiating District Superintendent of Police, Maldah, having returned to duty on the afternoon of the 15th ultimo, the unexpired portion of the leave granted to him under orders of the 10th idem is cancelled

The 9th July 1872 —The services of Mr William Cornell, M A, are placed at the disposal of the Hon'ble the Chief Justice with a view to his officiating as Registrar of the High Court, Appellate Jurisdiction, from the date of Mr F B Peacock's departure on privilege leave to the 23rd September next

A MACKENZIE,
Offg Secy to the Govt of Bengal

[*Government Gazette*, 16*th July* 1872

শ্রীযুত বাবু দুর্গাপ্রসাদ ঘোষের ছুটী প্রযুক্ত অই পস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত বাবু বিধুভূষণ বন্দ্যোপাধ্যায় কুষ্টীয়া, চুয়াডাঙ্গা, গোয়ালন্দ, ও পাবনার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজের কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু দুর্গাগতি বন্দ্যোপাধ্যায় বেঙ্গাল সেক্রেটরিয়টের জুডিশ্যল ডিপার্টমেন্টের প্রধান আসিষ্টান্ট হইবেন।

১৮৭২ সাল ৯ জুলাই।—রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত ডবলিউ কর্ণেল সাহেবের অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত জান জর্জ চার্লস সাহেব কলিকাতায় পোলীস মাজিষ্ট্রেটের কর্ম্ম করিবেন।

অনুগ্রহের ছুটী প্রযুক্ত শ্রীযুত আর, জে, রিচার্ডসন সাহেবের অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত জান মাঙ্গেলস লোইস সাহেব ভাগলপুরের ডিষ্ট্রিক্ট ও সেশন জজের কর্ম্ম করণার্থে পুনর্ব্বার নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত লোইস সাহেব ঢাকার জজের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইবেন গত মাসের ২২ তারিখের এই আজ্ঞা রহিত করা গেল।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত এ আবরক্রম্বি সাহেবের অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত শ্রীযুত সি বি গারেট সাহেব ঢাকার ডিষ্ট্রিক্ট ও সেশন জজের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৭২ সাল ৮ জুলাই —কুষ্টীয়া ও চুয়াডাঙ্গা ও গোয়ালন্দ ও পাবনার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ শ্রীযুত দুর্গাপ্রসাদ ঘোষ দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর বিধির ১৮ ধারামতে তিন মাস ছুটী পাইয়াছেন।

চট্টগ্রামের আডিশ্যনল সবর্ডিনেট জজ শ্রীযুত মৌলবী সমীমুদ্দীন ১৮৭১ সালের নবেম্বর মাসের ৬ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৯ ধারামতে তিন মাস ছুটী পাইয়াছেন।

১৮৭২ সাল ৯ জুলাই।—ভাগলপুরের একটিং ডিষ্ট্রিক্ট ও সেশন জজ শ্রীযুত রবর্ট জান রিচার্ডসন সাহেব দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর বিধির ১৮ ধারামতে এই মাসের ১২ তারিখ অবধি দুই মাস ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ৩ জুলাই।—মালদহের পোলীসের একটিং ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত জান মাষ্টর্স সাহেব গত মাসের ১৫ তারিখের অপরাহ্নে আপন কর্ম্মে প্রত্যাগমন করাতে ঐ মাসের ১০ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্ট কাল রহিত করা গেল।

১৮৭২ সাল ২ জুলাই।—শ্রীযুত এফ বি পীকক্ সাহেব যে তারিখে অনুগ্রহের ছুটী লইয়া যান সেই তারিখ অবধি আগামি সেপ্টেম্বর মাসের ২৩ তারিখপর্য্যন্ত শ্রীযুত উলিয়ম কর্ণেল সাহেব, এম, এ, হাই কোর্টের আপীলী বিভাগে রেজিষ্ট্রারের কর্ম্ম নির্ব্বাহ করণার্থে মান্যবর শ্রীযুত চীফ জষ্টিস সাহেবের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

এ, ম কেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

[Second Publication.]

The following Bye-laws, under Act IV (B.C.) of 1871 (Sanitation of Pooree, &c.), have been approved by His Honor the Lieutenant-Governor :—

PART I.

On the appointment and constitution of a committee to aid in carrying out Act IV (B.C.) of 1871.

1. For the purposes of this Act the "town of Pooree" shall be considered all the land within a circle with a radius of five miles from the great temple.

2. A committee consisting of three official and three non-official members shall be appointed to assist the Magistrate and Health Officer in carrying out the provisions of the Act.

3. On the 1st of December in each year the Magistrate shall nominate the members to serve on the committee during the ensuing calendar year, and shall report the nomination for the sanction of the local Government.

4. In the event of the death, removal, or resignation of any member of the committee during his year of office, an official member shall be succeeded by the successor to his appointment or any other official; and in the case of a non-official member his successor shall be appointed by the remainder of the committee.

PART II.

Rules for the conduct of business.

5. That a meeting of the local committee appointed by the local Government to assist the Magistrate and the Health Officer to carry out the provisions of the Act, shall be held for the transaction of business and inspection of accounts at the office of the Magistrate on the fifteenth of every month, not being a Sunday or holiday, in which case the meeting shall be held on the next open office day; provided that it shall be lawful for the Magistrate to call a meeting at any other time during the month recording his reasons for doing so.

6. That notice of every meeting shall be given to each member at least four clear days before the day appointed for the meeting.

7. No question shall be finally decided on the first occasion it is brought before the committee unless the nature of the question has been fully described in the notice prescribed by the last bye-law.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭২। ৬ জুলাই।]

[দ্বিতীয়বার প্রকাশিত]

মান্যবর শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব পুরী নগরের স্বাস্থ্যরক্ষা প্রভৃতি বিষয়ক ১৮৭১ সালের বঙ্গীয় ৪ আইনমত নিম্নলিখিত উপবিধি অনুমোদন করিয়াছেন।

১ অধ্যায়।

১৮৭১ সালের বঙ্গীয় ৪ আইনের উদ্দেশ্য সফল করণার্থ কমিটীর নিয়োগ ও সংস্থাপনের কথা।

১। এই আইনের কার্য্যপক্ষে বড় মন্দিরহইতে চতুর্দ্দিগে ৫ মাইল পর্য্যন্ত যত ভূমি আছে "পুরীনগর" শব্দে সেই সকল ভূমি জানিতে হইবে।

২। এই আইনের বিধান সফল করণ কার্য্যে মাজিষ্ট্রেট ও স্বাস্থ্যরক্ষক সাহেবের উপকার করণার্থে রাজকীয় তিন জন কার্য্যকারককে ও যাঁহারা রাজকীয় কার্য্যকারক নহেন এমত তিন জনকে লইয়া কমিটী হইবে।

৩। ইঙ্গলণ্ডীয় পঞ্জিকামত কোন বৎসরে যেং ব্যক্তি কমিটীর অন্তর্গত থাকিবেন মাজিষ্ট্রেট সাহেব তৎপূর্ব্ব বৎসরের ডিসেম্বর মাসের ১ তারিখে তাঁহারদের নাম লিখিয়া স্থানীয় গবর্ণমেন্টের অনুমোদনের জন্যে প্রেরণ করিবেন।

৪। কমিটীর অন্তর্গত কোন ব্যক্তি যে বৎসরে পদস্থ থাকেন সেই বৎসরে মরিলে কি স্থানান্তরে গেলে কি পদ ত্যাগ করিলে, তিনি রাজকীয় কার্য্যকারক হইলে যে ব্যক্তি তাঁহার পদ প্রাপ্ত হন তিনি কিম্বা রাজকীয় অন্য কার্য্যকারক তৎস্থানে কমিটীর মেম্বর হইবেন। রাজকীয় কার্য্যকারক না হইলে কমিটীর অবশিষ্ট ব্যক্তিরা তাঁহার পরিবর্ত্তে অন্য ব্যক্তিকে নিযুক্ত করিবেন।

---

২ অধ্যায়।

কার্য্য চালাইবার বিধি।

৫। আইনের বিধান সফল করণ কার্য্যে স্থানীয় গবর্ণমেন্ট মাজিষ্ট্রেট ও স্বাস্থ্যরক্ষক সাহেবের উপকার করণার্থে যে স্থানীয় কমিটী নিযুক্ত করেন তাঁহারা প্রতি মাসের ১৫ তারিখে কার্য্য নিষ্পাদন করিবার ও হিসাব দেখিবার জন্যে মাজিষ্ট্রেট সাহেবের কাছারীতে অধিবেশন করিবেন। সেই ১৫ তারিখ রবিবার কি বন্দের দিন হইলে তৎপশ্চাৎ যে দিনে কাছারী খোলা হয় সেই দিনে অধিবেশন করিবেন। কিন্তু মাজিষ্ট্রেট সাহেব মাসের মধ্যে অন্য কোন দিনে কমিটীর অন্তর্গত ব্যক্তিদিগকে আহ্বান করিতে চাহিলে কারণ লিখিয়া অধিবেশন করাইতে পারিবেন।

৬। অধিবেশনের যে দিন নিরূপণ হয়, তাহার অন্যূন চারি দিন থাকিতে প্রত্যেক জন মেম্বরকে ঐ অধিবেশনের নোটিস দেওয়া যাইবে।

৭। ইহার পূর্ব্ব উপবিধিতে যে নোটিস দিবার বিধি হইয়াছে তন্মধ্যে অধিবেশন কালীন বিবেচ্য কোন বিষয়ের ভাব সম্পূর্ণরূপে নির্দ্দিষ্ট না থাকিলে, কোন বিষয় প্রথমবার কমিটীর সম্মুখে উপস্থিত করা গেলেই চূড়ান্তরূপে নিষ্পত্তি করা যাইবে না।

8. That the subject or subjects brought before the committee shall be decided by a majority of votes. In the event of divisions, the Magistrate or, in his absence, the Health Officer shall have a casting vote.

9 The Health Officer shall be ex-officio Secretary to the committee, and the Magistrate, President, the proceedings of every meeting shall be recorded by the Secretary in a book kept for the purpose.

PART III

On the receipt and disbursement of monies under the Act

10 On the 15th of March in each year a budget of probable receipts and of proposed expenditure during the ensuing year shall be submitted for the sanction of the Government

11 It shall be competent for the committee subject to the orders of Government, to transfer sums from one item of the budget to another, provided that the total expenditure be not exceeded, and provided that an annual review of the same be submitted to the Commissioner

12 In forming every annual estimate an amount not exceeding 25 per cent shall be reserved for emergent contingencies, such as a sudden outbreak of cholera and sickness, and necessity for employment of extra and special establishment

13 At the close of every year the Magistrate shall submit a report on the working of the Act during the year, showing the works of improvement and conservancy carried out, and a detailed account of the receipts and expenditures during the year, and the balance in hand at its close This report shall be forwarded through the Commissioner to Government

PART IV

14 If any person shall carry night soil or other offensive matter through the town otherwise than in a closely covered receptacle, he shall be liable to a fine not exceeding Rs 5

15 The committee shall open a register of the sweepers engaging for the various quarters of the town, specifying the name or names of the sweepers engaging for each of the limits of the quarter, for whose cleanliness they are responsible, the spots fixed under section 24 of the Act, in which they are bound to deposit dirt, and any other detail may seem necessary Any sweeper neglecting to remove night-soil from any part of the quarter for which he is responsible once in twenty-four hours shall be liable for each omission to a fine not exceeding Re 1

[*Government Gazette*, 16*th July* 1872]

৮। কমিটীর সম্মুখে যে কোন বিষয় উপস্থিত করা যায় কমিটীর অন্তর্গত ব্যক্তিদের মতের আধিক্যানুসারে সেই বিষয়ের নিষ্পত্তি হইবে। মত বিচ্ছেদ হইয়া সমতুল্য সংখ্যক ব্যক্তির দুই মত থাকিলে মাজিষ্ট্রেট সাহেবের ও তাঁহার অনুপস্থানে স্বাস্থ্যরক্ষক সাহেবের মত প্রবল হইবে।

৯। স্বাস্থ্যরক্ষক সাহেব স্বীয় পদোপলক্ষে কমিটীর সেক্রেটারী ও মাজিষ্ট্রেট সাহেব সভাপতি হইবেন। সেক্রেটারী একখান বহী রাখিয়া তন্মধ্যে প্রত্যেক অধিবেশন কালীন কার্য্যের বিবরণ লিখিবেন।

৩ অধ্যায়।

আইনমতে টাকা জমা ও খরচ করিবার বিধি।

১০। প্রতিবৎসর মার্চ মাসের ১৫ তারিখে আগামি বৎসরের সম্ভাবিত জমার ও প্রস্তাবিত খরচের অনুমানপত্র গবর্ণমেণ্টের অনুমোদনার্থে অর্পণ করা যাইবে।

১১। কমিটী গবর্ণমেণ্টের অনুমতি লইয়া অনুমান পত্রলিখিত কোন টাকা এক দফা হইতে উঠাইয়া অন্য দফায় খরচ করিতে পারিবেন কিন্তু মোট টাকার অধিক খরচ না হয়, ও বৎসর২ তাহার বর্ণনাপত্র কমিশ্যনর সাহেবের সম্মুখে অর্পণ করা যায়।

১২। বৎসরের মধ্যে ওলাউঠা কি অন্য রোগের সঞ্চার হইবার সম্ভাবনাপ্রযুক্ত অতিরিক্ত ও বিশেষ আমলাগণ নিযুক্ত করা আবশ্যক হইতে পারে ইত্যাদি কারণে বৎসরের অনুমানপত্র প্রস্তুত করিতে গেলে, অত্যাবশ্যক স্থলের নৈমিত্তিক খরচ বলিয়া শতকরা ২৫ টাকার অনধিক ধরিতে হইবে।

১৩। বৎসরের মধ্যে আইনমত কার্য্য কিরূপে চলিয়াছে ও নগর উৎকৃষ্ট ও সৌষ্ঠব করণের কি২ কার্য্য করা গিয়াছে ও কত টাকা জমা ও খরচ হইয়াছে ও বৎসরের অবসানে কত টাকা উদ্বৃত্ত থাকিল মাজিষ্ট্রেট সাহেব প্রতি বৎসরের শেষে এই সকল কথার রিপোর্ট অর্পণ করিবেন। ঐ রিপোর্ট কমিশ্যনর সাহেবের দ্বারা গবর্ণমেণ্টের নিকট পাঠান যাইবে।

৪ অধ্যায়।

১৪। কোন ব্যক্তি বাহ্যাদি কোন দুর্গন্ধ দ্রব্য উত্তমরূপে বদ্ধ কোন আধারে না রাখিয়া নগরের মধ্য দিয়া লইয়া গেলে তাহার ৫ টাকা পর্য্যন্ত জরিমানা হইতে পারিবে।

১৫। নগরের নানা পল্লিতে বাহ্যাদি দিবার নিমিত্ত যে মেহতরদিগকে নিযুক্ত করা যায় কমিটী রেজিষ্টরী বহী রাখিয়া তন্মধ্যে তাহারদের নাম লিখিয়া রাখিবেন ও পল্লির যে সীমাপর্য্যন্ত পরিষ্কার রাখিবার নিমিত্ত যে ব্যক্তির দায়ী আছে ও আইনের ২৪ ধারামতে তাহারদের যে২ স্থানে ময়লাদি ফেলিতে হইবে ও অন্য যে বৃত্তান্ত লেখা আবশ্যক তাহাও সেই রেজিষ্টরী বহীতে লিখিবেন। যে মেহতর যে পল্লির যে অংশ পরিষ্কার রাখিতে দায়ী, সে চব্বিশ ঘণ্টার মধ্যে একবার সেই স্থান হইতে ময়লাদি উঠাইয়া না ফেলিলে যতবার তাহার সেই ত্রুটি হয় ততবার তাহার এক২ টাকার অনধিক জরিমানা হইতে পারিবে।

16 The Magistrate may issue notice to any occupier of house or land within the town ordering him to remove any *tatti* privy or urinal that he may have kept within ten feet of any public road or street, such notice shall give a specific term for removal of the privy, &c, or for application to have the notice withdrawn, and except the notice be withdrawn by the Magistrate on due cause shown, the keeper of the privy, &c, shall be liable to a daily fine not exceeding Rs 3 from the date of expiry of the notice, or of final order until the privy, &c, be removed

১৬। নগরের মধ্যে কোন বাড়ীর কি ভূমির কর্ত্তা যদি সরকারী রাস্তা কি পথ হইতে দশ ফুটের মধ্যে কোন স্থানে কোন টাটী কি মলমূত্র ত্যাগ করিবার স্থান রাখে, তবে মাজিষ্ট্রেট সাহেব তাহাকে সেই টাটী-প্রভৃতি সরাইবার নিমিত্ত নোটিস দিতে পারিবেন। সেই নোটিসে ঐ টাটী প্রভৃতি উঠাইয়া দিবার কিম্বা সেই নোটিস রহিত করিতে প্রার্থনা করিবার সময় নির্দ্দিষ্ট থাকিবে। এবং উপযুক্ত হেতু দর্শান না যাওয়াতে যদি মাজিষ্ট্রেট সাহেব ঐ নোটিস রহিত না করেন, তবে ঐ নোটিসের মিয়াদ কিম্বা শেষ আজ্ঞার মিয়াদ ফুরাইলে পর যত দিন সেই টাটীপ্রভৃতি উঠাইয়া না দেওয় যায় তত দিন সেই ব্যক্তির দিনপ্রতি ৩৲ টাকা জরিমানা হইতে পারিবে।

17 If any person shall bury or allow to be buried within limits, &c, leave night-soil or other offensive matter within the premises occupied by him, he shall be liable to a fine which may extend to Rs 20 Provided that this penalty shall not extend to manure heaps until notice to remove them have been issued by the Health Officer The Magistrate may issue notice ordering any person to remove any offensive matter that may be buried on the premises occupied by him within limits, &c, within a specific term Any person neglecting to comply with such notice shall be liable to a daily fine not exceeding Rs 2 from the date of the expiry of notice

১৭। কোন ব্যক্তি উক্ত সীমাপ্রভৃতির অন্তর্গত আপনার দখলী বাড়ীর মধ্যে মলাদি কোন দুর্গন্ধ দ্রব্য পুতিলে কি পোতাইয়া দিলে কি ফেলিয়া রাখিলে তাহার ২০৲ টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবে। কিন্তু সারের ঢিবি থাকিলে স্বাস্থ্যরক্ষক সাহেব তাহা উঠাইয়া দিবার আজ্ঞা না দিলে সেই ঢিবির প্রতি এই দণ্ড খাটিবে না। উক্ত সীমার অন্তর্গত কোন ব্যক্তির দখলী বাড়ীর মধ্যে কোন দুর্গন্ধ দ্রব্য পোতা গেলে মাজিষ্ট্রেট সাহেব তাহাকে নির্দ্দিষ্ট সময়ের মধ্যে সেই দ্রব্য স্থানান্তর করিবার নোটিস দিতে পারেন। কোন ব্যক্তি ঐ নোটিসের মিয়াদ ফুরাইবার পর সেই নোটিস অনুসারে কার্য্য করিতে শৈথিল্য করিলে তাহার দিনপ্রতি ২৲ টাকার অনধিক জরীমানা হইতে পারিবে।

18 If any person shall dispose, or cause to be disposed of, within the limits of Pooree any corpse or part of a corpse otherwise than by burning or burying it at or in some burning or burial ground specially set apart for that purpose, fixed by the Magistrate, with the assent of the Health Officer for that purpose he shall be liable to a fine not exceeding Rs 10

১৮। পুরী নগরের সীমার মধ্যে শবদাহ করিবার কি পুতিবার জন্য মাজিষ্ট্রেট সাহেব স্বাস্থ্যরক্ষক সাহেবের সম্মতিক্রমে যে শ্মশান কি কবরস্থান নিরূপণ করেন কোন ব্যক্তি সেই স্থানে শব কি শবের কোন অঙ্গ দাহ না করিয়া কি না পুতিয়া অন্য স্থানে ফেলিলে কি ফেলাইলে তাহার ১০৲ টাকার অনধিক জরীমানা হইতে পারিবে।

19 Whoever shall keep carts and bullocks or any cattle in any public place within the limits of Pooree for more than twenty four hours except in some place recognised as a public camping ground shall be liable to a fine not exceeding Rs [illegible] for each day or part of a day for each cart and bullock and for each other beasts of draught or burden which he may so keep No ground shall be considered a public camping ground until a notice board defining its limits shall have been set up thereon

১৯। পুরীর সীমার মধ্যে গাড়ী বলদাদি থাকিবার আড্ডা বলিয়া যে স্থান সকলেরই জানা আছে, কোন ব্যক্তি সেই স্থানভিন্ন সাধারণের যাতায়াত করিবার অন্য স্থানে চব্বিশ ঘণ্টার অধিক কাল গাড়ী কি বলদ কি অন্য পশু রাখিলে প্রতিদিনের ও দিনের অংশের নিমিত্ত প্রত্যেক গাড়ীর ও বলদের কিম্বা গাড়ী টানিবার কি ছালা বহিবার অন্য যে জন্তু তদ্রূপে রাখে তাহার জন্যে তাহার ৫৲ টাকা পর্য্যন্ত জরীমানা হইতে পারিবে। সাধারণের গাড়ীপ্রভৃতি রাখিবার জমীর সীমা নিরূপণ করিয়া সেই সীমানিরূপক নোটিসের তক্তা লটকাইয়া না দেওয়া গেলে সেই জমী গাড়ী বলদাদির আড্ডা বলিয়া জ্ঞান করিতে হইবে না।

20 Any person allowing land or premises occupied by him within the limits, &c, as above, to be used as a camping place for cattle, carts or any beasts of draught or burden, shall be bound to permit such premises to be inspected by the Health Officer or Magistrate, or any officer they may depute, and shall be liable to any penalty

২০। কোন ব্যক্তি উক্ত সীমার মধ্যে আপনার দখলী কোন ভূমি কি বাড়ী বলদাদি কি গাড়ী কি গাড়ী টানিবার কি ছালা বহিবার অন্য জন্তুর আড্ডার মত ব্যবহার হইতে দিলে, স্বাস্থ্যরক্ষক কি মাজিষ্ট্রেট সাহেবকে কিম্বা তাঁহাদের প্রেরিত কার্য্যকারককে তাহাদের সেই ভূমি দিতে গিয়া দৃষ্টি করিবার অনুমতি দিতে হইবে। ও তাহাদের বাড়ীর মধ্যে

provided for any infringement of the law or bye-laws committed on his premises

আইন কি উপবিধি লঙ্ঘন হইলে তাহারা দণ্ডের যোগ্য হইবে।

21. It shall be lawful for the Magistrate, with assent of the Health Officer, to except bathing from the penalties provided in section 31 of the Act, and to appropriate any such tank to domestic purposes and to bathing under such restrictions as may be approved by the committee No such tank shall be considered as legally set apart under that section until a legible notice board shall have been set up

২১। আইনের ৩১ ধারায় যেং কার্য্যের দণ্ডের বিধান হইয়াছে মাজিষ্ট্রেট সাহেব স্বাস্থ্যরক্ষক সাহেবের সম্মতিক্রমে সেইং কার্য্যহইতে স্নান করা বর্জ্জিত করিয়া কমিটী নিষেধসূচক যে বিধির অনুমোদন করেন সেই বিধিমতে গৃহের কার্য্যের ও স্নানাদির নিমিত্ত কোনং পুষ্করিণী নিরূপণ করিতে পারিবেন। সকলেই পাঠ করিতে পারে এমত নোটিস তক্তায় লেখাইয়া সেই তক্তা পুষ্করিণীর ধারে লটকাইয়া দেওয়া না গেলে সেই পুষ্করিণী আইনমতে উক্ত কার্য্যে নিরূপণ হইয়াছে এমত জ্ঞান করিতে হইবে না।

22 The Hindu members of the Committee shall constitute a standing sub-committee for the purpose of inspecting the interior of the temple and bringing to notice any infringement of the laws and bye-laws that may be committed within it, and for proposing any measures for sanitation and proper conservancy within the temple Provided that the Magistrate shall carry out all works of sanitation or conservancy inside the temple through the superintendent

২২। কমিটীর অন্তর্গত যে ব্যক্তিরা হিন্দু, তাঁহারা মন্দিরের অন্তর্ভাগ দৃষ্টি করিবার ও তন্মধ্যে আইন ও উপবিধি লঙ্ঘনপূর্ব্বক কোন কার্য্য করা গেলে তাহা জানাইবার ও মন্দিরের মধ্যে স্বাস্থ্যরক্ষার ও উপযুক্তমতে সৌষ্ঠব করণের কোন উপায়ের প্রস্তাব করিবার নিমিত্ত স্থায়ি সব-কমিটী হইবেন। পরন্তু মন্দিরের মধ্যে স্বাস্থ্য রক্ষার কিম্বা সৌষ্ঠব করণের কোন কার্য্য করিতে হইলে মাজিষ্ট্রেট সাহেব মন্দিরের অধ্যক্ষ বা সেইং কার্য্য করাইবেন।

23 The Magistrate with approval of the Commissioner, may by public proclamation prohibit the sale of fish within the town limited as above, except in certain places specified Whoever shall offer for sale fish unfit for food, or shall offer for sale any fish in any part of the town except the places notified, shall be liable to a fine not exceeding Rs 10

২৩। পূর্ব্বোক্ত সীমার অন্তর্গত নগরের নির্দ্দিষ্ট কেন স্থানভিন্ন অন্য স্থানে মাছ বিক্রয় না হয়, মাজিষ্ট্রেট সাহেব কমিশ্যনর সাহেবের অনুমোদনক্রমে এমত ঘোষণাপত্র প্রকাশ করিতে পারিবেন। কোন ব্যক্তি আহারের অনুপযুক্ত মাছ বিক্রয়ার্থে দেখাইলে কিম্বা নগরের যেং স্থান উক্ত প্রকারে নির্দ্দিষ্ট হয় কোন ব্যক্তি তদ্ভিন্ন কোন স্থানে মাছ বিক্রয়ার্থে দেখাইলে তাহার ১০ টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে।

PART V

Miscellaneous

৫ অধ্যায়।

বিবিধ বিষয়ের বিধি।

24 Every lodging-house keeper taking out a license under this Act shall provide himself with a copy of the Act and with a printed copy of the notice prescribed in section 14, which notice shall be in the form shown in appendix A of these bye-laws.

২৪। যে ব্যক্তি বাসাবাড়ী রাখিবার জন্যে এই আইনমতে লাইসেন্স লন তিনি এই আইনের এক কেতা ও ১৪ ধারার নির্দ্দিষ্ট এককেতা ছাপা নোটিস ক্রয় করিবেন। সেই নোটিস এই উপবিধির A চিহ্নিত ক্রোড়পত্রের পাঠানুসারে লেখা যাইবে।

25 The register referred to in section 15 of the Act shall be in the form shown in appendix B of these bye-laws

২৫। আইনের ১৫ ধারায় যে রেজিষ্টরের উল্লেখ হইয়াছে তাহা এই উপবিধির B চিহ্নিত ক্রোড়পত্রের পাঠানুসারে লিখিত হইবে।

26 There shall be hung up in each compartment of a lodging-house a board on which shall be legibly written in Ooriah, Bengali, and Hindustanee the dimensions of such department and the number of pilgrims it can properly accommodate, and this board shall bear the signature of the Health Officer

২৬। বাসাবাড়ীর প্রত্যেক ঘর কত লম্বা ও চৌড়া ও তাহার মধ্যে কত জন যাত্রী স্বচ্ছন্দে থাকিতে পারে এইং কথা তক্তায় উড়িয়া ও বাঙ্গলা ও হিন্দুস্থানী অক্ষরে স্পষ্ট লিখিত হইয়, সেইং ঘরে লটকান থাকিবে। ও সেই তক্তায় স্বাস্থ্যরক্ষক সাহেবের স্বাক্ষর থাকিবে।

27. Every lodging house keeper shall be bound on requisition by the Health Officer to provide himself with tickets or token bearing consecutive numbers, and to furnish each of his lodgers with one of such tickets or tokens

২৭। স্বাস্থ্যরক্ষক সাহেব আজ্ঞা দিলে বাসাবাড়ীর প্রত্যেক জন রক্ষক কতক গুলিন টিকিট লইয়া নিকট রাখিবেন সেই সকল টিকিটে একাদিক্রমে নম্বর দেওয়া যাইবে। বাসাবাড়ীর মধ্যে যত জন আসিয়া থাকে তাহাদের প্রত্যেক জনকে একং টি টিকিট দিতে হইবে।

[*Government Gazette*, 16*th July* 1871]

28 For the purposes of this Act the year shall be considered to commence from 1st April, and all licenses shall run from that date.

29 Every panda or other person who brings pilgrims to Pooree shall be bound to furnish the Magistrate or Health Officer with any information they may require as to the disposal of such pilgrims in the town of Pooree; any refusal to furnish such information shall be punished with a fine not exceeding Rs 20, and any false information as to such disposal of pilgrims shall render the person giving it liable to prosecution under section 177 of the Indian Penal Code

A MACKENZIE,
Offg Secy to the Govt of Bengal

[Third Publication]

NOTIFICATION

The 22nd June 1872 —Under the power vested in him in Section 2 of Act VI (B C) of 1867, (an Act for the punishment of public gambling and the keeping of common gaming houses) the Lieutenant-Governor has been pleased to extend the provisions of the said Act to the towns of Bauleah and Nattore, in the district of Rajshahye

2 The limits of the towns for the purposes of this Act will be the same as those for the purposes of Act VI (B C) of 1868

A MACKENZIE,
Offg Secy to the Govt of Bengal

[Second Publication]

Circular No 34

JUDICIAL DEPARTMENT

JUDICIAL

To all Commissioners and all Magistrates of Districts — (dated Calcutta the 1st July 1872)

I AM directed to call your very particular attention to the new Code of Criminal Procedure, Act X of 1872, which will come into force on 1st September next

2 The changes in the powers and position of Magistrates effected by the Code are so considerable, that it will be desirable to re gazette all Magistrates with the powers which it is deemed desirable to invest them with under the new law The Lieutenant Governor accordingly wishes to have submitted to him complete lists of Officers and Honorary Magistrates, with the powers for which each is recommended These are to be submitted by Magistrates of districts through the Commissioners

২৮। এই আইনের কার্য্য পক্ষে আপ্রিল মাসের ১ তারিখঅবধি বৎসরের আরম্ভ হইবে। লাইসেন্স সকল সেই তারিখঅবধি চলিবে।

২৯। কোন পাণ্ডা কি অন্য ব্যক্তি পুরীতে যাত্রিদিগকে আনিলে তাহারদিগকে নগরের কোন্‌ স্থানে থাকিতে দেওয়া গেল এই কথা মাজিষ্ট্রেট কি স্বাস্থ্যরক্ষক সাহেবকে ঐ পাণ্ডা প্রভৃতির জানাইতেই হইবে। তাহা জানাইতে অস্বীকার করিলে ২০৲ টাকা পর্য্যন্ত জরীমানা হইতে পারিবে। ও যাত্রিদিগকে যে স্থানে রাখা গেল এই বিষয়ের কোন মিথ্যা সম্বাদ জানান গেলে ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১৭৭ ধারামতে অভিযোগ হইতে পারিবে।

এ ম্যাকিঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

[তৃতীয়বার প্রকাশিত।]

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ২২ জুন।—১৮৬৭ সালের বঙ্গীয় ৬ আইনের (অর্থাৎ সামান্য দ্যূত ক্রীড়া ও সাধারণ দ্যূত গৃহ রাখিবার দণ্ড বিধায়ক আইনের) ২ ধারামতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের প্রতি যে ক্ষমতা অর্পিত হইল তদনুসারে তিনি রাজশাহী জিলার অন্তর্গত বোয়ালিয়া ও নাটোর নগরে উক্ত আইনের বিধান প্রচলিত করিলেন।

২। ১৮৬৮ সালের বঙ্গীয় ৬ আইনের কার্য্যপক্ষে ঐ নগরের যে সীমা নির্দ্দিষ্ট হইয়াছে এই আইনের কার্য্যক্ষেত্রে সেই সীমা থাকিতে হইবে।

এ, ম্যাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

[দ্বিতীয়বার প্রকাশিত]

৩৪ নং সরকুলর।

জুডিশ্যল ডিপার্টমেণ্ট।

জুডিশ্যল।

সকল কমিশ্যনর সাহেব ও সকল জিলার মাজিষ্ট্রেট সাহেব সমীপেষু।—(কলিকাতা ১৮৭২ সাল ১ জুলাই।)

১৮৭২ সালের ১০ আইন অর্থাৎ ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের নূতন আইন আগামি সেপ্টেম্বর মাসের ১ তারিখঅবধি প্রচলিত হইবে। তৎপ্রতি বিশেষমতে তোমার মনোযোগ করাইবার আদেশ হইল।

২। উক্ত আইনদ্বারা মাজিষ্ট্রেটদের ক্ষমতার ও পদসংক্রান্ত অবস্থার অধিক পরিবর্ত্তন হওয়াতে নূতন আইনঅনুসারে যেং মাজিষ্ট্রেটের প্রতি যেং ক্ষমতা প্রদান করা বিহিত বোধ হয় সেইং ক্ষমতা বিশিষ্ট বলিয়া সেইং মাজিষ্ট্রেটের নাম পুনশ্চ গেজেটে প্রকাশ করা উচিত হইবে। অতএব যেং কর্ম্মকারকদের ও অবৈতনিক যেং মাজিষ্ট্রেটের প্রতি যেং ক্ষমতা প্রদান করিবার পরামর্শ হয় শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব সেইং ক্ষমতা নির্দ্দেশক কথার সহিত সেইং কর্ম্মকারকদের নামনির্ঘণ্ট পাইতে চাহেন। জিলার মাজিষ্ট্রেট সাহেবেরা কমিশ্যনর সাহেবদেরদ্বারা ঐ নির্ঘণ্টপত্র পাঠাইবেন।

3. Magistrates will now be first, second, and third class, and Special Magistrates (section 42). Also power is taken, and will be very freely used, for the creation of benches of Magistrates (sections 50 to 56), and powers of summary trial may be conferred on any first class Magistrate and on benches of Magistrates (sections 222 to 230).

৩। এই অবধি মাজিষ্ট্রেটেরা প্রথম ও দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেট ও বিশেষ মাজিষ্ট্রেট হইবেন (৪২ ধারা)। আরো মাজিষ্ট্রেটদের বেঞ্চ (অর্থাৎ একত্র অধিবেশন) নিরূপণ করিবার ক্ষমতা গ্রহণ করা গিয়াছে (৫০ অবধি ৫৬ পর্য্যন্ত ধারা) ও সেই ক্ষমতামতে অতিবিস্তৃতরূপে কার্য্য হইবে। এবং প্রথম শ্রেণীর কোন মাজিষ্ট্রেটের প্রতি ও মাজিষ্ট্রেটদের বেঞ্চের প্রতি সরাসরীমতে বিচার করিবার ক্ষমতা দেওয়া যাইতে পারিবে। (২২২ অবধি ২৩০ পর্য্যন্ত ধারা)

4. The powers of Magistrates of the first and second class are considerably enlarged. Grievous hurt by dangerous weapons, false evidence, and some other offences hitherto exclusively triable by Courts of Sessions, may in future be tried by a Magistrate of the first class, and very large classes of cases of common occurrence, hitherto triable by a first class Magistrate only, are now made triable by a Magistrate of the second class, who has also now power to pass a sentence of solitary confinement.

৪। প্রথম ও দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটদের ক্ষমতা অত্যন্ত বৃদ্ধি করা গিয়াছে। প্রাণাশঙ্কাজনক অস্ত্রদ্বারা গুরুতর আঘাত করণ ও মিথ্যা সাক্ষ্য দেওন প্রভৃতি কএক অপরাধ অদ্যাপি কেবল সেশন আদালতের বিচার্য্য আছে। উত্তরকালে প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেট সেই২ অপরাধের বিচার করিতে পারিবেন। সামান্য প্রকারের অনেক মোকদ্দমা পূর্ব্বাবধি কেবল প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের বিচার্য্য ছিল ইহার পর দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেট তাহার বিচার করিতে পারিবেন। আর তিনি নির্জ্জনে কারাবদ্ধ হওন দণ্ডেরও আজ্ঞা করিতে পারিবেন।

5. In fact, it may be said that almost all offences are now either entered in column 7 of the schedule as triable by the Court of Sessions, or are triable by a Magistrate of the second class. Almost the only cases entered as triable exclusively by a Magistrate of the first class are a very few offences by or relating to public servants (Penal Code, sections 163, 166, 169), and against public justice (sections 204, 208, 209, 210, 211, 215, 216), which are not so much separate offences in themselves as offences occurring in the course of judicial proceedings. Practically, then, all sub-divisional officers and second class Magistrates invested with power to commit for trial will have, either in virtue of their own powers, or as qualified to hold preliminary inquiry in sessions cases, jurisdiction in nearly every case that can occur, and there is not the same necessity as before for giving first class powers, except where an officer is in every way fully qualified for such powers and there is real need for a Magistrate of that rank.

৫। ফলতঃ প্রায় সমস্ত অপরাধ তফসীলের ৭ ঘরে, হয় সেশন আদালতের না হয় দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের বিচার্য্য বলিয়া লেখা গিয়াছে। প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেট ভিন্ন অন্য শ্রেণীর মাজিষ্ট্রেটের অবিচার্য্য বলিয়া যেই অপরাধ লেখা হইয়াছে তন্মধ্যে কেবল রাজকীয় কার্য্যকারকদের কৃত কিম্বা তাঁহারদের সম্পর্কীয় কএকটি অপরাধমাত্র (দণ্ডবিধির আইনের ১৬৩, ১৬৬, ১৬৯ ধারা) এবং সাধারণের ন্যায় বিচারের বিপক্ষ কএক অপরাধ (২০৪, ২০৮, ২০৯, ২১০, ২১১, ২১৫, ২১৬ ধারা)। তাহাও স্বতন্ত্র অপরাধ নয় বরং আদালতের কার্য্যানুষ্ঠানক্রমিক যে অপরাধ হইয়া থাকে তাহাই। ফলিতার্থে সকল মহকুমার কর্ম্মকারক ও দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটেরা বিচারার্থে ব্যক্তিদিগকে সমর্পণ করিবার ক্ষমতাপ্রাপ্ত হইলে, স্বকীয় ক্ষমতার বলে অথবা সেশন আদালতের বিচার্য্য মোকদ্দমার প্রথমসূলীয় তদন্ত লইবার ক্ষমতাপন্ন হওয়াপ্রযুক্ত প্রায় সমস্ত প্রকারেরই মোকদ্দমার বিচারাধিপত্য প্রাপ্ত হইলেন। অতএব পূর্ব্ববৎ প্রথম শ্রেণীর ক্ষমতা প্রদান করিবার আর তাদৃশ আবশ্যক নাই কেবল কোন কর্ম্মকারক সর্ব্বতোভাবে সেই ক্ষমতা পাইবার সম্পূর্ণ যোগ্য হইলে ও সেই শ্রেণীর মাজিষ্ট্রেটের নিতান্ত আবশ্যক থাকিলে ঐ ক্ষমতা প্রদান করা যাইতে পারিবে।

6. A second class Magistrate in charge of a sub-division has, as such, very large powers. Also, when in cases within his jurisdiction he deems a more severe punishment than he can give necessary, he can send on the file for orders to the Magistrate of the district after completing the trial. And in those sessions cases which are also triable by a first class Magistrate, if he deems that the case may best be tried by the latter officer, he can stop the preliminary in-

৬। দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেট মহকুমার কার্য্যাধ্যক্ষতা ভারপ্রাপ্ত হইলে তাঁহার সেই পদপ্রযুক্ত অতিবিস্তৃত ক্ষমতা থাকিবে। আরো আপনার বিচার্য্য কোন মোকদ্দমায় তিনি যে পর্য্যন্ত দণ্ডের আজ্ঞা করিতে পারেন তদধিক দণ্ড হওয়া আবশ্যক বিবেচনা করিলে, তিনি বিচার কার্য্য সমাপ্ত করিলে পর জিলার মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞার জন্যে তাঁহার নিকট মোকদ্দমার নথী পাঠাইতে পারিবেন। এবং সেশন আদালতের বিচার্য্য যে মোকদ্দমা প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটেরও বিচার্য্য হয় শেষোক্ত কার্য্যকারকদ্বারা সেই

quiry at any stage and send the parties and witnesses on to the first class Magistrate

7 All Magistrates in charge of sub-divisions will be able to hear on complaint, and to take up without complaint, cases within their jurisdiction, but the Lieutenant-Governor will invest all Magistrates of districts with power under section 48 to withdraw from any Magistrate subordinate to him the cognizance of any classes of cases which he may think proper to reserve

8 No Magistrate other than the Magistrate of the district or of a sub-division of district has power to entertain any case (not made over to him) unless he is specially authorized to do so

9 It will be observed that in most cases authority to hear complaints and exercise certain powers may be delegated by the Magistrate of the district to his subordinates, but there are some powers which can only be given by the Government and when it is desired to give these powers to any officer, special application must be made That will principally be necessary in the case of Magistrates *not* in charge of sub-divisions, the latter having by the law very large powers, subject to reservation by the Magistrate of the district

10 A new provision of very great importance is that for giving power of summary trial (sections 222-230) This power must only be entrusted to first class Magistrates of approved efficiency and discretion At the same time it will be a very great advantage that competent officers should exercise the power The qualifications of each first class Magistrate must then be very carefully considered, and recommendation made accordingly to give or not to give him this summary power

11 The Lieutenant-Governor hopes that he may be able very freely to use the power of appointing benches of Magistrates and special Magistrates Most of the Honorary Magistrates may probably be utilized under these designations, and many new ones may be created for the purpose The Lieutenant-Governor thinks it most desirable that petty assaults and such cases should be disposed of summarily (under

[গবর্ণমেন্ট গেজেট ৮৭২। ২৬ জুলাই]

মোকদ্দমার বিচার হওয়া শ্রেয় জ্ঞান করিলে, তিনি প্রথম হুলীয় তদন্ত করণের কোন সময়ে সেই তদন্ত কার্য্য স্থগিত রাখিয়া প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের নিকটে বাদি প্রতিবাদিকে ও সাক্ষিদিগকে পাঠাইতে পারিবেন।

৭। মহকুমার কার্য্যাধ্যক্ষতা ভার প্রাপ্ত সকল মাজিষ্ট্রেট আপনার বিচার্য্য মোকদ্দমা নালিশমতে শুনিতে পারিবেন কিম্বা নালিশ না হইলেও বিচার করিতে পারিবেন। কিন্তু জিলার মাজিষ্ট্রেট সাহেব নিজে যে কোন প্রকারের মোকদ্দমা বিচার করা উচিত জ্ঞান করেন তিনি আপনার অধীন কোন মাজিষ্ট্রেটের নিকটহইতে তাহা উঠাইয়া লইয়া যেন আপনি বিচার করেন এই নিমিত্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ৪৮ ধারামতে সকল জিলার মাজিষ্ট্রেট সাহেবকে উক্ত ক্ষমতা প্রদান করিবেন।

৮। জিলার মাজিষ্ট্রেট ও জিলার মহকুমার মাজিষ্ট্রেট ভিন্ন কোন মাজিষ্ট্রেটের প্রতি মোকদ্দমা অর্পণ না করা গেলে তিনি তাহা গ্রাহ্য করিতে পারিবেন না কেবল বিশেষ অনুমতি প্রাপ্ত হইলে গ্রাহ্য করিতে পারিবেন।

৯। ইহাও দৃষ্ট হইবে যে প্রায় সমস্ত স্থলে জিলার মাজিষ্ট্রেট সাহেব আপনার অধীন মাজিষ্ট্রেটদের প্রতি নালিশ শুনিবার ও কোনং ক্ষমতামতে কার্য্য করিবার শক্তি প্রদান করিতে পারিবেন। কোনং ক্ষমতা কেবল গবর্ণমেণ্টহইতে প্রদান করা যাইতে পারিবে। কোন কার্য্যকারকের প্রতি সেই ক্ষমতা প্রদান করা নিশ্চিত বোধ হইলে তদর্থে বিশেষ প্রার্থনা করিতে হইবে। ফলত যে মাজিষ্ট্রেটদের প্রতি মহকুমার কার্য্যাধ্যক্ষতা ভার না থাকে, প্রায়ই কেবল তাঁহারদের পক্ষে তদ্রূপ ক্ষমতা প্রদান করিবার প্রার্থনা করা আবশ্যক হইতে পারিবে। যে হেতুক মহকুমার অধ্যক্ষতা ভারপ্রাপ্ত মাজিষ্ট্রেটদের এথনও বিস্তৃত ক্ষমতা আছে কেবল আইনমতে জিলার মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞাধীনে তাহা খর্ব্ব করা যাইতে পারিবে।

১০। সরাসরীমতে বিচার করিবার ক্ষমতা প্রদান করণসূচক এক নূতন বিধান অত্যন্ত গুরুতর। (২২২ অবধি ২৩০ পর্য্যন্ত ধারা)। প্রথম শ্রেণীর যে মাজিষ্ট্রেটদের কর্ম্মোপযোগিতা ও সদ্বিবেচনা প্রমাণিত হইয়াছে কেবল তাঁহারদেরই প্রতি ঐ ক্ষমতা দেওয়া যাইবে। তথাচ উপযুক্ত অন্য কার্য্যকারকেরাও সেই ক্ষমতামতে কার্য্য করিতে পাইলে অনেক উপকার দর্শিতে পারিবে। অতএব প্রথম শ্রেণীর প্রত্যেক মাজিষ্ট্রেটের যোগ্যতা গুণের অত্যন্ত সূক্ষ্ম বিবেচনা করিলে পর তাঁহাকে সেই সরাসরী ক্ষমতা প্রদান করিবার কি না করিবার পরামর্শ দিতে হইবে।

১১। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি মাজিষ্ট্রেটদের বেঞ্চ ও বিশেষ মাজিষ্ট্রেটদিগকে নিযুক্ত করিবার যে ক্ষমতা প্রদান করা গিয়াছে তাঁহার সেই ক্ষমতামতে অতি বিস্তৃতরূপে কার্য্য করিবার আশা আছে। উক্ত নাম ধরিয়া প্রায় সমস্ত অবৈতনিক মাজিষ্ট্রেটের প্রতি কার্য্যার্পণ করা যাইতে পারিবে ও তদর্থে নূতন অনেক অবৈতনিক মাজিষ্ট্রেটও নিযুক্ত হইতে পারিবেন। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব বোধ করেন যে বেতনভোগি এক জন এবং অবৈতনিক

the provisions of section 225) by a bench sitting say once a week, and composed either of one paid and one or two unpaid Magistrates or wholly of unpaid Magistrates Possibly an arrangement might be made by which a sub-divisional officer or other paid Magistrate should visit by way of circuit several of the most important places in each sub-division, and sitting with the local Magistrates of each place dispose periodically of all the petty cases without any cumbrous procedure or record of evidence.

ময়নাগুড়ি বন। সীমা এইং,—

তণ্ডু পশ্চিম তালুক। তাহার সীমা এইং।

উত্তর।—দালিম কোট শাখাখণ্ডের সীমা।

South.—The junction of the Juldaca and Moortee rivers.

East.—The Juldaca river

West.—The Moortee river

In talooks Burgeela Jhar and Barodighee, a tract bounded on the—

North.—By the Indong nuddee and a line running from that river to the Durlah river

South.—The southern boundary of Barodighee talook, and a line running from it to the Sursuttee nuddee.

East.—The Moortee river, and from it to the Sursuttee nuddee

West.—The Durlah river.

Also three detached pieces, one running along the west bank of the Juldaca river, the second a small piece close to it in Burgeela Jhar talook, the third piece in Barodighee talook near the north of that talook, severally marked Nos 1, 2, and 3 on map

In Dhopo Jhora talook, four pieces of forest, three of them lie along the west bank of the Moortee river, and the fourth, a small detached piece, near the Indong river, severally marked Nos 4, 5, and 6 on map

Area 41,737 acres

Total area of Western Dooars, 219,227½ acres, or 348 square miles nearly

C BERNARD

Offg. Secy to the Govt of Bengal

The following Orders issued by the Government of India, in the Finacial Department, are republished for general information —

NOTIFICATIONS

ACCOUNTS

Simla, the 5th July 1872

No 933

No 886 dated Simla, the 4th July 1872

From—R B CHAPMAN, ESQ Secretary to the Government of India, Financial Department

To—The——— Secretary to the Government of———

I am desired to state that as it was owing to an absolute neglect of rules on the part of the Collector of ——— that the embezzlement of Rs 1 606 11 0 by ———, late Money Order Agent of that station, became possible, the Governor General in Council is compelled to direct that the whole amount of the irrecoverable balance be made good by the Collector

It is absolutely necessary that those officers through whose hands Government money passes should be made to feel such a weighty sense of their individual responsibility in respect thereto as shall prevent carelessness on their part, and shall ensure their maintaining proper supervision over their subordinates

Ordered that the above be published in the *Gazette of India*

[*Government Gazette*, 23rd *July* 1872]

দক্ষিণ।—জলঢাকা ও মুর্ত্তী নদীর সংযোগস্থান।

পূর্ব্ব।—জলঢাকা নদী।

পশ্চিম।—মুর্ত্তী নদী।

বড়গীলা ঝাড় ও বারোদিঘী তালুকের অন্তর্গত এক খণ্ড। তাহার সীমা এই,—

উত্তর।—ইণ্ডোং নদী ও তথা হইতে দরলা নদী পর্য্যন্ত টানা রেখা।

দক্ষিণ।—বারোদিঘী তালুকের দক্ষিণ সীমা ও তথা-হইতে স্বরস্বতী নদী পর্য্যন্ত রেখা টানা গেলে সেই রেখা।

পূর্ব্ব।—মুর্ত্তী নদী ও তথাহইতে স্বরস্বতী নদী পর্য্যন্ত।

পশ্চিম।—দরলা নদী।

আরো পৃথক তিন খণ্ড। একটা জলঢাকা নদীর পশ্চিম তট দিয়া যায়। দ্বিতীয় তাহার নিকট বড়গীলা ঝাড় তালুকের অন্তর্গত ছোট এক খণ্ড। তৃতীয় ঐ তালুকের উত্তরদিগের নিকটস্থ বারোদিঘী তালুকের অন্তর্গত এক খণ্ড। মানচিত্রে তাহার ১, ২ ও ৩ নম্বর দেওয়া গিয়াছে।

ধোপো ঝোড়া তালুকের অন্তর্গত চারি খণ্ড বন, তন্মধ্যে তিন খণ্ড মুর্ত্তী নদীর পশ্চিম তটের ধারে আছে ও চতুর্থ খণ্ড ইণ্ডোং নদীর নিকট স্বতন্ত্র এক ছোট খণ্ড। মানচিত্রে তাহার ৪, ৫, ও ৬ নম্বর দেওয়া গিয়াছে।

কাল্লীতে পরিমাণ ৪১,৭৩৭ একর।

পশ্চিম দুয়ারের মোট পরিমাণ ২১৯,২২৭½ একর অর্থাৎ প্রা ৩৪৩ বর্গ মাইল।

সি, বর্ণার্ড,

বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের নিম্নলিখিত যে আজ্ঞা প্রচার হয় তাহা সর্ব্বসাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল।

বিজ্ঞাপন।

হিসাবসম্পর্কীয়।

সিমলা ৮৭২ সাল ৫ জুলাই।

৯৩৩ নম্বর

৮৮৬ নম্বর, সিমলা ১৮৭২ সাল ৪ জুলাই।

অমুক গবর্ণমেণ্টের সেক্রেটারী শ্রীঅমুক সাহেবের নিকট ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী শ্রীযুত আর বি চাপমান সাহেবের পত্র।

কোন স্থানের ভূতপূর্ব্ব মনি অর্ডর এজেণ্ট তহবীল ভাঙ্গিয়া ১৬০৬।১১/০ টাকা অপহরণ করিয়াছেন কিন্তু তথাকার কালেক্টর সাহেব নিয়মে সম্পূর্ণ অমনোযোগ না করিলে তদ্রূপ কার্য্য হইতে পারিত না, এই হেতুক বাকী যত টাকা ফিরিয়া পাওয়া যাইতে না পারে ঐ কালেক্টর সাহেবের সেই টাকা দিতে হইবে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের এই আজ্ঞা করিতেই হইল।

গবর্ণমেণ্টের টাকা যে কার্য্যকারকদের জিম্মায় থাকে তাঁহাদের সেই টাকা বিষয়ে অমনোযোগ না হয় ও আপনাদের অধীন কর্ম্মকারকদের উপর বিহিতমতে তত্ত্বাবধারণ থাকে এইনিমিত্ত তাঁহারদের নিজের দায় গুরুতর বলিয়া জ্ঞান করা অত্যন্ত আবশ্যক।

আজ্ঞা হইল যে উপরোক্ত পত্র ইণ্ডিয়া গেজেটে প্রকাশ হয়।

MINT AND CURRENCY.

The 3rd July 1872

No 891—In exercise of the power conferred by the twenty fifth Section of the Indian Paper Currency Act, 1871, the Governor-General in Council is pleased to fix the following as the amounts for which notes shall be issued under the said Act, namely —

Five	Government	Rupees
Ten	"	"
Twenty	"	"
Fifty		"
One hundred	"	"
Five hundred	"	"
One thousand	"	

C BERNARD,

Offg Secy to the Govt of Bengal

[Third Publication]

NOTIFICATION

The 2nd July 1872—The following rules for the examination of candidates for civil appointments are published for general information —

Date of examination

1 An examination of candidates for admission into the roll of persons qualified for civil appointments under this Government will be held in the month of February 1873

Preliminary examination

2 A preliminary examination in English and the vernacular, of those candidates who have not already qualified in those subjects will be held on a prior date to be hereafter notified

Persons eligible for admission as candidates for appointments of Rs 100 and upwards

3 The following persons only will be admitted as candidates for appointments of Rs 100 per mensem and upwards —

(*a*) Persons who have been six years in the service of Government

(*b*) Persons who have passed the Entrance examination and have been three years in the service of Government

(*c*) Persons who have passed the First Arts examination and have been one year in the service of Government

Provided that they have in each case attained and have held for not less than one year a responsible permanent appointment above that of copyist in one of the civil departments of the Government service, and can produce a sufficient certificate of ability good conduct, and fitness for promotion from their official superiors

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭২। ২৩ জুলাই।]

টাঁকশাল ও নোট প্রচলন বিষয়ক।

১৮৭২ সাল ৩ জুলাই।

৮৯১ নম্বর।—ভারতবর্ষীয় নোট প্রচলন বিষয়ক ১৮৭১ সালের আইনের ২৫ ধারামতে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রতি যে ক্ষমতা অর্পিত হইয়াছে তদনুসারে তিনি উক্ত আইনমতে নিম্নলিখিত টাকার নোট চালাইবার আজ্ঞা করিয়াছেন।

গবর্ণমেন্টের	পাঁচ	টাকার নোট।
ঐ	দশ	"
ঐ	বিশ	"
ঐ	পঞ্চাশ	"
ঐ	একশত	"
ঐ	পাঁচশত	"
ঐ	একহাজার	"

সি বর্ণার্ড,

বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটারী।

[তৃতীয়বার প্রকাশিত।]

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ২ জুলাই।—সিবিল কর্ম্মে নিযুক্ত হওনেচ্ছুক ব্যক্তিদের পরীক্ষার নিম্নলিখিত বিধি সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল।

যে তারিখে পরীক্ষা হইবে তাহার কথা।

১। কোন ব্যক্তি এই গবর্ণমেন্টের অধীন সিবিল পদে নিযুক্ত হইবার যোগ্য ব্যক্তিদের নাম নির্ঘণ্টে আপন নাম লেখাইতে ইচ্ছুক হইলে ১৮৭৩ সালের ফেব্রুআরি মাসে তাঁহার পরীক্ষা হইবে।

প্রথম পরীক্ষার কথা।

২। ঐ পদাকাঙ্ক্ষি যে ব্যক্তিরা ইতিপূর্ব্বে ইংরেজী ও দেশীয় ভাষায় উত্তীর্ণ হন নাই উক্ত দুই ভাষায় তাঁহাদের প্রথম পরীক্ষা উক্ত তারিখের পূর্ব্ব কোন তারিখে হইবে। ঐ তারিখের নোটিস পরে প্রকাশ করা যাইবে।

যে ব্যক্তিরা ১০০ টাকার ও তাহার উর্দ্ধ বেতনের কার্য্যের নিমিত্ত গ্রাহ্য হইতে পারিবেন তাঁহারদের কথা।

৩। নিম্নলিখিত প্রকারের ব্যক্তিভিন্ন অন্য কোন ব্যক্তি ১০০৲ টাকার ও তাহার উর্দ্ধ বেতনের পদাকাঙ্ক্ষিস্বরূপ গ্রাহ্য হইবেন না।

(ক) যাঁহারা ছয় বৎসর গবর্ণমেন্টের কর্ম্ম করিয়াছেন।

(খ) যাঁহারা এনট্রান্স পরীক্ষায় উত্তীর্ণ হইয়া তিন বৎসর গবর্ণমেন্টের কর্ম্ম করিয়াছেন।

(গ) যাঁহারা ফার্ষ্ট আর্ট পরীক্ষায় উত্তীর্ণ হইয়া এক বৎসর গবর্ণমেন্টের কর্ম্ম করিয়াছেন।

পরন্তু উক্ত প্রত্যেক জনের ইহা প্রয়োজন যে তিনি গবর্ণমেন্টের দেওয়ানী অন্যতর কর্ম্মবিভাগে স্থিরতররূপে কেরাণীর কর্ম্মহইতে উচ্চ কোন দায়সংযুক্ত পদে এক বৎসরের অন্যূন কর্ম্ম করিয়া থাকেন ও আপনার উপরিস্থ কার্য্যকারকের স্থানে কর্ম্মক্ষমতার ও সদাচারিতার ও উচ্চ পদ পাইবার যোগ্যতার বিশিষ্ট সর্টিফিকট দেখাইতে পারেন।

(*d*) Persons who have taken a University degree in Arts, Law, Medicine, or Engineering

(*e*) Persons who may be specially authorized by Government to appear as candidates by a certificate under the hand of a Secretary to Government

4 The following persons will be also admitted as candidates for appointments of less than Rs 100 per mensem —

Persons eligible for admission as candidates for appointments of less than Rs. 100 per mensem

(*a*) Persons who have served Government with credit and efficiency for not less than three years, whose thorough facility in the use of the vernacular is certified, and who pass a preliminary examination in English

(*b*) Natives of Hindustan and of other districts which may be hereafter specially notified, who have served Government with credit and efficiency for not less than three years, and who can show that they have received a thoroughly good education in the vernacular

(*c*) Persons who have passed the Entrance examination in one of the two first divisions

(*d*) Persons who may be specially authorized by Government to appear as candidates by a certificate under the hand of a Secretary to Government

5 A certificate will be required from every candidate of his character, respectability, and general moral fitness,—such certificate being signed by two gentlemen of his own nationality, resident in the district of which he is a native or where he usually resides, and also signed by the Judge or Magistrate of such district The certificate of the two first named is expected to be based upon personal knowledge, and the certificate of the Judge or Magistrate to indicate that the gentlemen who have signed it are qualified by their position and character to give such a certificate, and that the Judge or Magistrate himself knows nothing to the prejudice of the candidate In the case of the town of Calcutta, instead of the signature of the Judge or Magistrate, the certificate should bear that of any Judge of the High Court, or the Commissioner of Police, or the Commissioner of the Presidency Division

Certificate of character, &c

6 Each candidate will be required to produce a certificate from a medical officer, who will be specially elected for the purpose, stating that the candidate is generally a man of sound health, that he has expressed his willingness to serve in any district of the Lower Provinces, and that he (the

Medical certificate.

(ঘ) যাঁহারা আর্ট কি ল কি চিকিৎসা কি ইঞ্জিনিয়রিং বিদ্যায় ইউনিবর্সিটীর উপাধি পাইয়াছেন।

(ঙ) যাঁহারা গবর্ণমেণ্টের অন্যতর সেক্রেটারী সাহেবের স্বাক্ষরিত সর্টিফিকটক্রমে পদাকাঙ্ক্ষিস্বরূপ উপস্থিত হওনার্থে গবর্ণমেণ্টের বিশেষ অনুমতি পান।

৪। নিম্নলিখিত প্রকারের ব্যক্তিরা মাসিক ১০০৲ টাকার কম বেতনের পদাকাঙ্ক্ষিস্বরূপ গ্রাহ্য হইতে পারিবেন।

১০০৲ টাকার কম বেতনের পদাকাঙ্ক্ষিস্বরূপ যাঁহারা গ্রাহ্য হইতে পারিবেন তাঁহাদের কথা।

(ক) যাঁহারা তিন বৎসরের অন্যূন কাল প্রশংসনীয় ও কর্ম্মোপযোগিরূপে গবর্ণমেণ্টের কর্ম্ম করিয়াছেন ও দেশীয় ভাষায় অনায়াসে কথাবার্ত্তা কহিবার সর্টিফিকট পান ও ইঙ্গরেজী ভাষার প্রথম পরীক্ষায় উত্তীর্ণ হন।

(খ) হিন্দুস্থানীয় এবং অন্য যেং প্রদেশের বিশেষ নোটিস পশ্চাৎ প্রচার হইতে পারিবে সেই২ প্রদেশের যে ব্যক্তিরা তিন বৎসরের অন্যূন কাল প্রশংসনীয় ও কর্ম্মোপযোগিরূপে গবর্ণমেণ্টের কর্ম্ম করিয়াছেন, এবং দেশীয় ভাষা অতি উত্তমরূপে শিখিয়াছেন ইহা দেখাইতে পারেন।

(গ) যাঁহারা প্রথম দুই শ্রেণীর অন্যতর শ্রেণীতে এনট্রান্স পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন।

(ঘ) যাঁহারা গবর্ণমেণ্টের অন্যতর সেক্রেটারী সাহেবের স্বাক্ষরিত সর্টিফিকটক্রমে পদাকাঙ্ক্ষিস্বরূপ উপস্থিত হওনার্থে গবর্ণমেণ্টের বিশেষ অনুমতি পান।

৫। পদাকাঙ্ক্ষি প্রত্যেক ব্যক্তির সদাচারিতার ও ভদ্রতার ও নীতিপক্ষে সাধারণ যোগ্যতার সর্টিফিকট দিতে হইবে। তিনি যে প্রদেশের লোক হন কি যে প্রদেশে বাস করেন সেই সর্টিফিকটে তথাকার স্বদেশীয় দুই সম্ভ্রান্ত ব্যক্তির এবং জিলার জজ কি মাজিস্ট্রেট সাহেবের স্বাক্ষর থাকিবে। প্রথমোক্ত দুই ব্যক্তি যে সর্টিফিকট দেন তাহা যেন তাঁহারা নিজে ঐ ব্যক্তির পরিচয় জানিয়া দেন ইহার অপেক্ষা থাকিবে এবং জজ কি মাজিস্ট্রেট সাহেব যে সর্টিফিকট দেন তন্মধ্যে পূর্ব্বোক্ত যে দুই ব্যক্তি ঐ সর্টিফিকটে স্বাক্ষর করিয়াছেন তাঁহাদের অবস্থা ও সুখ্যাতি বিবেচনায় তাঁহারা তদ্রূপ সর্টিফিকট দিবার যোগ্য ব্যক্তি ও জজ কি মাজিস্ট্রেট সাহেব ঐ পদাকাঙ্ক্ষির বিপক্ষ কিছু জানেন না এই মর্ম্মের কথা থাকিবে। কলিকাতার হইলে জজ কি মাজিস্ট্রেট সাহেবের স্বাক্ষরের পরিবর্ত্তে ঐ সর্টিফিকটে হাই কোর্টের অন্যতর জজের কিম্বা পোলীস কমিশ্যনর সাহেবের কি প্রেসীডেন্সী খণ্ডের কমিশ্যনর সাহেবের স্বাক্ষর থাকিবে।

আচারাদির সর্টিফিকটের কথা।

৬। পদাকাঙ্ক্ষি প্রত্যেক ব্যক্তির চিকিৎসকের সর্টিফিকট দেখাইতে হইবে। সেই কার্য্যে চিকিৎসক বিশেষরূপে মনোনীত হইবেন। ঐ পদাকাঙ্ক্ষী সাধারণতঃ সুস্থ শরীর ও তিনি বঙ্গ প্রভৃতি দেশের যে কোন জিলায় কর্ম্ম করিতে স্বীকার করিয়াছেন ও তাঁহার যত দূর বিবেচনা

চিকিৎসকের সর্টিফিকটের কথা।

medical officer) believes him to be capable of doing so, so far as can be judged antecedently.

7 (*a*) Every candidate for an appointment of Rs. 100 per mensem and upwards will also be required to prove that he can ride, and for this purpose he may apply to the Magistrate of the district, who will either satisfy himself on the point, or select some other person he thinks competent for that purpose. The examiner must certify from his own personal observation that the candidate can ride not less than 12 miles at a rapid pace, and is in this respect competent for all practical purposes of district work; and if such examiner be not the Magistrate himself, the certificate must be countersigned by the Magistrate. All candidates presenting themselves without such certificate will be required to appear before some person in Calcutta who will be selected for the purpose.

Certificate of riding or walking.

(*b*) Every candidate for an appointment of less than Rs. 100 will be required to prove either that he can ride as above, or that he can walk twelve miles within 3½ hours without difficulty or prostration, to be certified in the same manner as the riding.

8. Previous to the other examinations, European candidates who have not passed any University examination will be required to pass an examination in English in order to show that they possess a thorough knowledge of reading, writing, and arithmetic. They must be able to write well, quickly, and correctly, from dictation, to compose a report, and to do all ordinary arithmetic correctly and quickly, which must be duly certified by the examiners.

Examination of European candidates in English.

By European is meant any person whose native language is English or any other European tongue.

9. Besides procuring the above certificates, all candidates, subject to certain exceptions hereinafter mentioned, will be required to pass an examination—

Examination for all candidates.

(1) In the Vernacular,
(2) In Drawing, Surveying, and Engineering.

হইতে পারে তত দূর আমি তাঁহাকে তদ্রূপে কর্ম্ম করিবার উপযুক্ত জ্ঞান করি তাঁহার সর্টিফিকটে এই মর্ম্ম হইবে।

৭। (ক)।—১০০ টাকার ও তাহার অধিক মাসিক বেতনের পদাকাঙ্ক্ষি প্রত্যেক ব্যক্তি ঘোড়ায় চড়িতে পারেন ইহারও প্রমাণ দিতে হইবে। এতদর্থে তিনি জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকট প্রার্থনা করিতে পারিবেন তাহা হইলে মাজিষ্ট্রেট সাহেব আপনি দেখিয়া সেই বিষয় স্বচক্ষে জানিয়া লইবেন অথবা অন্য যে ব্যক্তিকে সক্ষম জ্ঞান করেন তাঁহাকে সেই বিষয় দেখিয়া জানিবার নিমিত্ত নিযুক্ত করিতে পারিবেন। যে ব্যক্তি পরীক্ষা করিবেন তিনি আপনি দেখিয়া এই মর্ম্মের সর্টিফিকট দিবেন যে, পদাকাঙ্ক্ষী ঘোড়ায় চড়িয়া অতিবেগে ১২ মাইলের অন্যূন যাইতে পারেন ও এতৎপক্ষে জিলাসংক্রান্ত যত কর্ম্মের আবশ্যক হয় সেই সকল কর্ম্মের উপযুক্ত। মাজিষ্ট্রেট সাহেব নিজে পরীক্ষা না করিলে সেই সর্টিফিকটে তাঁহার ক্রোড়স্বাক্ষর করিতে হইবে। কোন পদাকাঙ্ক্ষী সেই প্রকারের সর্টিফিকট না লইয়া উপস্থিত হইলে কলিকাতায় পরীক্ষা করিবার জন্যে যে ব্যক্তি মনোনীত হন তাঁহার সম্মুখে ঐ পদাকাঙ্ক্ষির উপস্থিত হইতে হইবে।

ঘোড়ায় চড়িবার কি হাঁটিবার সর্টিফিকটের কথা।

(খ) যাঁহারা ১০০ টাকার কম বেতনের পদাকাঙ্ক্ষী তাঁহারা পূর্ব্বোক্তমতে ঘোড়ায় চড়িতে পারেন কিম্বা ৩॥ ঘণ্টার মধ্যে অক্লেশে ও শ্রান্ত না হইয়া ১২ মাইল হাঁটিয়া যাইতে পারেন ইহার প্রমাণ দিতে হইবে। ঘোড়ায় চড়িতে পারিবার সর্টিফিকট যে প্রকারে পাইতে হইবে তাঁহার হাঁটিয়া যাইতে পারিবার সর্টিফিকট সেই প্রকারে পাইতে হইবে।

৮। পদাকাঙ্ক্ষ যে ইউরোপীয় ব্যক্তিরা ইউনিবর্সিটির কোন পরীক্ষায় উত্তীর্ণ হন নাই তাঁহারা উত্তমরূপে পড়িতে ও লিখিতে ও অঙ্ক কসিতে পারেন ইহা দেখাইবার জন্যে তাঁহাদের অন্যান্য পরীক্ষার পূর্ব্বে ইংরেজী ভাষায় পরীক্ষা দিতে হইবে। অন্য ব্যক্তি কোন পদ আওড়াইলে তাঁহাদের উত্তমরূপে ও ত্বরায় ও শুদ্ধরূপে সেই কথা লিখিতে পারা ও রিপোর্ট রচনা করিতে পারা ও সামান্য অঙ্ক শুদ্ধরূপে ও ত্বরায় কসিতে পারা আবশ্যক। এই২ বিষয়ে পরীক্ষকদের নিয়মিতরূপে সার্টিফিকট দিতে হইবে।

ইউরোপীয় পদাকাঙ্ক্ষিদের ইংরেজী ভাষায় পরীক্ষা দিবার কথা।

যাঁহাদের মাতৃভাষা ইংরেজী কি ইউরোপীয় অন্য ভাষা "ইউরোপীয়" শব্দেতে তাঁহারদিগকে বুঝায়।

৯। পশ্চাল্লিখিত যে কএক ব্যক্তিকে বর্জ্জনীয় জ্ঞান করিতে হইবে তদ্ভিন্ন অন্য সকল পদাকাঙ্ক্ষির পূর্ব্বোক্ত সর্টিফিকট আনিবার অতিরিক্ত এই২ বিষয়ের পরীক্ষা দিতে হইবে।

সকল পদাকাঙ্ক্ষির পরীক্ষার কথা।

( )—দেশীয় ভাষায়।
(২)—চিত্রবিদ্যায় ও জরীপ করণ ও ইঞ্জিনিয়রিং বিদ্যায়।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭২। ২৩ জুলাই।]

They may also pass an examination—

(3) In Law,

(4) In the Elements of Botany and Chemistry,

(5) In Gymnastics,

And a qualification in the three last subjects will count *pro tanto* in their favor

10 No candidate who does not pass in Law will be eligible for an appointment of Rs 100 and upwards For all appointments those who pass in the Elements of Botany and Chemistry and in Gymnastics will be preferred if they are otherwise fit

Examination in the Vernacular

11 All native candidates will be required to show that they can read and write office papers and orders in the vernacular with complete facility

Vernacular examination for native candidates

12 All European candidates will be examined as to their ability to speak and understand a vernacular language, to read it in print, and translate it Their knowledge of it must be sufficient to enable them to do business easily immediately on appointment

Vernacular examination for European candidates

13 The vernacular language in which candidates will be required to pass under the two preceding rules may be either Bengali or Hindustani, Ooriya or Assamese

Vernacular languages

Candidates who pass in Bengali only will not be eligible for vacancies in Behar, nor will candidates who pass in Hindustani only be eligible for vacancies in Bengal or Orissa

Examination in Drawing, Surveying, and Engineering

14 Candidates will be examined in the following subjects —

I *Drawing*,

II *Surveying*,

Including (1) Mensuration

(2) Surveying with chain and with compass and chain

(3) Levelling

(4) Construction of field-book, plotting, tracing on the ground

(5) Construction and use of scales

[*Government Gazette*, 23rd *July* 1872]

আরো তাঁহারা এইং বিষয়ে পরীক্ষা দিতে পারিবেন।

(৩)—আইন।

(৪)—উদ্ভিদবিদ্যার ও কিমিয় বিদ্যার উপক্রমণিকা।

(৫)—ব্যায়াম বিদ্যা।

শেষোক্ত তিন বিষয়ের পরীক্ষা দিতে পারিলে ইঁহাদের পক্ষে অপেক্ষাকৃত লাভ হইবে।

১০। পদাকাঙ্ক্ষি কোন ব্যক্তি আইনের পরীক্ষায় উত্তীর্ণ না হইলে ১০০৲ টাকার ও তদূর্দ্ধ বেতনের পদে মনোনীত হইবার যোগ্য হইবেন না। যে পদের হউক যাঁহারা প্রকারান্তরে যোগ্য হইয়া উদ্ভিদ ও কিমিয়া ও ব্যায়াম বিদ্যার উপক্রমণিকায় উত্তীর্ণ হইতে পারেন তাঁহারাই অগ্রগণ্য হইবেন।

দেশীয় ভাষার পরীক্ষা।

১১। পদাকাঙ্ক্ষি এদেশীয় ব্যক্তিরা কাছারির কাগজপত্র ও হুকুম অত্যন্ত সহজেই লিখিতে ও পড়িতে পারেন তাহাদের তাহা দেখাইতে হইবে।

দেশীয় ভাষায় এদেশীয় ব্যক্তিদের পরীক্ষার কথা।

১২। পদাকাঙ্ক্ষি ইউরোপীয় ব্যক্তিরা দেশীয় কোন ভাষা কহিতে ও বুঝিতে ও সেই ভাষার ছাপা কাগজাদি পাঠ ও অনুবাদ করিতে পারেন কি না এই বিষয়ে তাঁহাদের পরীক্ষা লওয়া যাইবে। পদে নিযুক্ত হইলেই তাঁহারা অনায়াসে কর্ম্ম চালাইতে পারেন তাঁহাদের এইপর্য্যন্ত ভাষা জ্ঞান থাকা আবশ্যক।

দেশীয় ভাষায় ইউরোপীয় ব্যক্তিদের পরীক্ষার কথা।

১৩। পূর্ব্বোক্ত দুই নিয়মমত দেশীয় যে ভাষায় পদাকাঙ্ক্ষিদের পরীক্ষা দিতে হইবে তাহা এই। বাঙ্গালা কি হিন্দুস্থানী কি উড়িয়া কি আসামী।

দেশীয় ভাষার কথা।

পদার্থি যে ব্যক্তিরা কেবল বাঙ্গলা ভাষায় উত্তীর্ণ হন বেহারে পদ শূন্য হইলে তাঁহারা নিযুক্ত হইবার যোগ্য হইবেন না ও যাঁহারা কেবল হিন্দুস্থানী ভাষায় উত্তীর্ণ হন বঙ্গ কি উড়িষ্যা দেশে পদ শূন্য হইলে তাঁহারা নিযুক্ত হইবার যোগ্য হইবেন না।

চিত্রবিদ্যা ও জরীপকরণ ও ইঞ্জিনিয়রিং বিদ্যা পরীক্ষার কথা।

১৪। নিম্নলিখিত বিষয়ে পদাকাঙ্ক্ষিদের পরীক্ষা দিতে হইবে।

১। চিত্রবিদ্যা।

২। জরীপী করণ বিদ্যা। তন্মধ্যে

১—ভূমিপরিমাপণ।

২।—শিকল সহিত এবং কোম্পাস ও শিকল সহিত জরীপ।

৩।—লেবেলিং অর্থাৎ সমোচ্চতা।

৪।—খসড়া বহী প্রস্তুতকরণ ও নকশা তোলন ও ভূমিতে চিহ্ন দান।

৫।—স্কেল প্রস্তুত করণ ও ব্যবহার।

III *Engineering*,

Including (1) General knowledge of properties of building materials in most common use, and of constructive trades

(2) Estimating for a simple building or bridge

(3) Construction of simple buildings

(4) Construction of simple roof and bridge trusses for small spans

(5) Elements of road making (including the construction of culverts and small bridges)

15 Candidates for appointments of Rs 100 per mensem and upwards, who have obtained an overseer's certificate, and candidates for appointments under Rs 100 per mensem, who have obtained a sub-overseer's certificate, will be exempted from examination in drawing, surveying, and engineering

Examination in Law

16 Candidates who possess a degree in Indian law will not be required to pass the examination in law

17 All others will be examined in the elements of the law prevailing in Bengal in the following branches —

(*a*) To qualify for the Police and Non-Regulation appointments—

Criminal Law

Penal Code
New Code of Criminal Procedure

Police Act V of 1861
In this examination books will be allowed

(*b*) To qualify for Subordinate Executive Service and other civil appointments—

1 Criminal Law as in (*a*)
2 Revenue and General Law as follows —

Regulations I, XIII, and XLVIII of 1793, and XII of 1817
" I, II, and VIII of 1819
" VII of 1822, IX and XI of 1825, and IX of 1833
Acts IX of 1847, XXXI of 1858, and IV (B C) of 1868
Act XI of 1859
Acts VII (B C) of 1868 and VIII (B C) of 1869
" XXI of 1856, XXIII of 1860
Act V of 1861
" VIII of 1871
" X (B C) of 1871

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৭২। ২৩ জুলাই।]

৩। ইঞ্জিনিয়রিং। তন্মধ্যে

১।—গৃহাদি গাঁথিতে অতি সাধারণ যেহ দ্রব্যের ব্যবহার হয় তাহার ও নির্ম্মাণ ব্যবসায়ের সাধারণ জ্ঞান।

২।—সামান্য ঘর কি সাঁকো প্রস্তুত করিবার ইষ্টিমেট করণ।

৩।—সামান্য ঘর নির্ম্মাণ করণ।

৪।—সামান্য ছাত এবং অল্প ওসার সাঁকোর ট্রেস নির্ম্মাণ করণ।

৫।—পথ ও তন্মধ্যে কলবর্ট ও ক্ষুদ্রং সাঁকো প্রস্তুত করণের সারজ্ঞান।

১৫। মাসিক ১০০৲ টাকার ও তাহার অধিক বেতনের যে পদাকাঙ্ক্ষিরা ওবরসিয়রের সর্টিফিকট পান এবং মাসিক ১০০৲ টাকার ন্যূন যে পদাকাঙ্ক্ষিরা সব-ওবরসিযরের সর্টিফিকট পান, চিত্রবিদ্যা ও জরীপকরণ ও ইঞ্জিনিয়রিং বিদ্যাতে তাঁহারদের পরীক্ষা দিতে হইবে না।

আইনে পরীক্ষার কথা।

১৬। পদাকাঙ্ক্ষ যে ব্যক্তিরা ভারতবর্ষীয় আইন সম্পর্কে উপাধি প্রাপ্ত হন, আইনে তাঁহারদের পরীক্ষা দিতে হইবে না।

অন্য সকল ব্যক্তি নিম্নলিখিত বিষয়ে বঙ্গদেশের প্রচলিত আইনের সারাংশে পরীক্ষা দিবেন।

(ক) পোলীসে এবং আইনবহির্ভূত প্রদেশে পদ পাইবার যোগ্যতা প্রাপণার্থে

ফৌজদারী আইন।

দণ্ডবিধির আইন।
ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের নূতন আইন।
পোলীস বিষয়ক ১৮৬১ সালের ৫ আইন।

এই পরীক্ষায় পুস্তক দেখিবার অনুমতি থাকিবে।

(খ) সবর্ডিনেট একসেকিটিব সার্বিসের ও সিবিল অন্য পদ পাইবার যোগ্য হওনার্থে

১। (ক) প্রকরণমতে ফৌজদারী আইন।
২। রাজস্ব সংক্রান্ত ও সাধারণ নিম্নলিখিত আইন।

১৭৯৩ সালের ১, ১৩ ও ৪৮ আইন এবং ১৮১৭ সালের ১২ আইন।

১৮১৯ সালের ১, ২, ও ৮ আইন।

১৮২২ সালের ৭ আইন ও ১৮২৫ সালের ৯ ও ১১ আইন ও ১৮৩৩ সালের ৯ আইন।

১৮৪৭ সালের ৯ আইন। ১৮৫৮ সালের ৩১ আইন ও ১৮৬৮ সালের বঙ্গীয় ৪ আইন।

১৮৫৯ সালের ১১ আইন।

১৮৬৮ সালের বঙ্গীয় ৭ আইন ও ১৮৬৯ সালের বঙ্গীয় ৮ আইন।

১৮৫৬ সালের ২১ আইন। ১৮৬০ সালের ২৩ আইন।

১৮৬১ সালের ৫ আইন।

১৮৭১ সালের ৮ আইন।

১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইন।

Municipal Acts in force in Lower Bengal

In the examination for Revenue and General Law, books will not be allowed

(*c*) To qualify for the Opium Department—

Act XXI of 1856

„ XIII of 1857

The Board's rules for the guidance of officers in the Opium Department

In this examination books will not be allowed

18 Candidates will not be examined for Police, Non-Regulation, and Opium appointments, without special permission In the absence of such permission, all candidates must be examined in the subjects prescribed for civil appointments generally

19 Every candidate when submitting his application should state the subjects in which he desires to be examined, and annex certificates in the other subjects in which he is required by these rules to show that he is duly qualified He must at the same time tender a fee for each subject in which he has to be examined, computed according to the scale given below, if he is a candidate for the higher class of appointments —

Procedure—Fees

	Rs
Elementary English examination for European candidates	8
Law	8
Surveying and Engineering	8
Each vernacular	4
Medical examination	4
Riding or Walking examination	4

Candidates for appointments of less than Rs 100 per mensem will pay fees at half the above rates

It will be seen that the fee for the medical examination and for examination in one vernacular will be payable by all candidates, and the fee for the English examination by all Europeans liable to it In other subjects no fee will be required when a certificate is produced

20 Classes for teaching the above subjects, including Riding and Gymnastics, will be immediately opened at the Hooghly College, and the best arrangements possible for the same purpose will be made at the Patna College

বঙ্গপ্রভৃতিদেশে যেং মুনিসিপল আইন প্রচলিত আছে।

রাজস্বসংক্রান্ত ও সাধারণ আইনের পরীক্ষা কালে পুস্তক দেখিবার অনুমতি নাই।

(গ) আফীম কর্ম্মবিভাগের নিমিত্ত যোগ্য হওনার্থে।

১৮৫৬ সালের ২১ আইন।

১৮৫৭ সালের ১৩ আইন।

আফীম কর্ম্মবিভাগের কর্ম্মকারকদের কার্য্যপদ্ধতি দর্শাওনার্থে বোর্ডের বিধি।

এই পরীক্ষা কালে পুস্তক দেখিবার অনুমতি নাই।

১৮। বিশেষ অনুমতি না হইলে পোলীসের ও আইন বহির্ভূত প্রদেশের ও আফীমের কর্ম্ম বিভাগের পদাকাঙ্ক্ষিদের পরীক্ষা হইবে না। তদ্রূপ অনুমতি না দেওয়া গেলে দেওয়ানী সাধারণ পদের নিমিত্ত যেং বিষয় নির্দ্দিষ্ট হইয়াছে কেবল সেইং বিষয়ে পদাকাঙ্ক্ষিদের পরীক্ষা হইবে।

১৯। পদাকাঙ্ক্ষী কোনং বিষয়ে পরীক্ষা দিতে চাহেন প্রার্থনাপত্র দেওন সময়ে তিনি ইহা জ্ঞাত করিবেন। এবং এই নিয়মতে অন্যং বিষয়ে তাঁহার যোগ্যতার যেং সর্টিফিকট দেখাইবার বিধান হইল ঐ পত্র সহিত তাহাও দিবেন। আরো উচ্চ শ্রেণীর পদাকাঙ্ক্ষি হইলে যেং বিষয়ে পরীক্ষা দিতে চাহেন সেইং বিষয়ের নিমিত্ত নিম্নলিখিত হারে তাঁহার ফী দিতে হইবে।

কার্য্য প্রণালীর ও ফীর কথা।

ইউরোপীয় পদাকাঙ্ক্ষিদের ইঙ্গলণ্ডীয় ভাষায় উপক্রমণিকার পরীক্ষার ...	৮৲
আইন	৮৲
ভূমিপরিমাপণ ও ইঞ্জিনিয়রং বিদ্যার	৮৲
দেশীয় প্রত্যেক ভাষার	৪৲
চিকিৎসকের পরীক্ষার নিমিত্ত	৪৲
অশ্বারোহণের কি হাঁটিবার ঐ ঐ	৪৲

মাসিক ১০০ টাকার কম বেতনের পদাকাঙ্ক্ষিরা পূর্ব্বোক্ত হারের অর্দ্ধেক ফী দিবেন।

মন্তব্য। চিকিৎসকের পরীক্ষার ও দেশীয় কোন এক ভাষার পরীক্ষার নিমিত্ত প্রত্যেক জন পদাকাঙ্ক্ষির ফী দিতে হইবে। ইঙ্গলণ্ডীয় ভাষায় পরীক্ষার ফী ইউরোপীয় লোকদের দিতে হইবে। অন্যান্য বিষয়ের সর্টিফিকট উপস্থিত করা গেলে ফী লাগিবে না।

২০। পূর্ব্বোক্ত বিষয় এবং অশ্বারোহণ ও ব্যায়াম শিক্ষা করিবার কেলাস অচিরে হুগলী কালেজে খোলা যাইবে এবং পাটনা কালেজেও সাধ্যমতে সেইং বিষয় শিক্ষা করিবার উত্তম নিয়ম করা যাইবে।

21 To every candidate who passes the examinations above prescribed, a certificate will be given stating the subjects in which he has passed, and that he is qualified for a Civil appointment, or for an appointment in the Police, or the Opium Department, as the case may be

Certificate of qualification

N B —This certificate will give no claim to an appointment

C BERNARD,
Offg Secy to the Govt of Bengal

[Third Publication]

RESOLUTION

The 2nd July 1872 —With reference to the notification regarding the examination for civil appointments to be held in February next, and to the promise therein contained that classes for teaching the prescribed subjects will be immediately opened in the Hooghly College, the Lieutenant-Governor, after considering the report of a Committee on the subject, is pleased to sanction the following arrangements, and to direct that the classes shall be opened on 1st August next, or sooner if possible

2 Eventually it is proposed to establish a two years course for the purpose of teaching the prescribed subjects, but in the meantime a short course will be at once undertaken, in order to secure an early supply of candidates fitted for the public service, by adding to a good general education already received by capable and vigorous young men so much of the special subjects now required as may be attainable by earnest students in the time intervening before the examination

3 Under instructions communicated to him, the Director of Public Instruction will at once obtain for the Hooghly College the best man he can find to teach drawing, surveying, and engineering Probably an assistant on Rs 50 or Rs 75 per mensem would suffice, instead of an independent teacher to enable him to carry on the ordinary school classes on these subjects as well as the college classes

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭২। ২৩ জুলাই।]

২১। কোন পদাকাঙ্ক্ষী পূর্ব্বোক্ত পরীক্ষায় উত্তীর্ণ হইলে তাহাকে সর্টিফিকট দেওয়া যাইবে। তাহার মর্ম্ম এই, ইনি অমুকং বিষয়ের পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন, এবং দেওয়ানী পদ কিম্বা বিষয়বিশেষে পোলীসের কি আফিমের কর্ম্ম বিভাগে কর্ম্ম পাইবার যোগ্য।

কর্ম্ম ক্ষমতার সর্টিফিকটের কথা।

মন্তব্য।—এই সর্টিফিকট পাইলেও কর্ম্ম পাইবার কোন দাওয়া হইতে পারিবে না।

সি বর্ণার্ড,
বঙ্গদেশর গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

[তৃতীয়বার প্রকাশিত।]

নির্দ্ধারণ।

১৮৭২ সাল ২ জুলাই।—আগামি ফেব্রুআরি মাসে দেওয়ানী পদাকাঙ্ক্ষিদের পরীক্ষার পূর্ব্বোক্ত জ্ঞাপনপত্রের উপলক্ষে, ও তন্নির্দ্দিষ্ট বিষয় শিক্ষা করিবার জন্যে হুগলী কালেজে অগৌণে কেলাস করিবার যে প্রতিজ্ঞা করা গেল তদুপলক্ষে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব কমটীর ঐ বিষয়ের রিপোর্ট বিবেচনা করিয়া নিম্নলিখিত নিয়ম করিয়াছেন ও আগামি আগষ্ট মাসের ১ তারিখঅবধি কিম্বা সাধ্য হইলে তৎপূর্ব্বে ঐ কেলাস খুলিবার আজ্ঞা করিয়াছেন।

২। ইহার পরে উক্ত নির্দ্দিষ্ট বিষয় শিক্ষা করিবার জন্যে দুই বৎসরের কোর্স স্থাপন করিবার কল্পনা আছে। ইতি মধ্যে ক্ষমতাশীল ও সযত্ন যুবকগণ সাধারণ যে বিদ্যার উত্তম শিক্ষা প্রাপ্ত হইয়াছেন তদতিরিক্ত বিশেষ যেং বিষয় প্রয়োজন বলিয়া নির্দ্দিষ্ট হইল পরীক্ষা দিবার পূর্ব্বে এই কএক মাসে যত্নাধিক্যে যত দূর উক্ত বিষয়ের শিক্ষা গ্রহণ করিতে পারেন তাহারদিগকে তত দূর শিক্ষা দিয়া রাজকার্য্যের উপযুক্ত কর্ম্মকারক ত্বরায় প্রাপ্ত হওয়া যায় এই নিমিত্তে এইক্ষণে অল্পকালের কোর্স আরম্ভ হইবে।

৩। সাধারণের শিক্ষাসংক্রান্ত ডাইরেকটর সাহেবকে যে আদেশ দেওয়া গেল তদনুসারে তিনি চিত্র বিদ্যা ও জরীপ করণ ও ইঞ্জিনিয়রিং বিদ্যা শিক্ষা দিবার জন্যে অতি বিজ্ঞ যে ব্যক্তিকে পাইতে পারেন হুগলী কালেজে তাঁহাকে নিযুক্ত করিবেন। সেই কর্ম্মে স্বতন্ত্র এক জন শিক্ষককে নিযুক্ত না করিয়া মাসে ৫০ কি ৭৫ টাকা দিয়া এক জন আসিষ্টাণ্ট শিক্ষককে নিযুক্ত করিলে বোধ হয় কার্য্য চলিতে পারিবে। তিনি যেমন কালেজের কেলাসে শিক্ষা দিয়া থাকেন তেমনি উক্ত বিষয়ের সাধারণ স্কুল কেলাসেও শিক্ষা দিতে পারিবেন।

4 The Lieutenant-Governor is pleased to sanction the entertainment of a qualified man from the Medical College on a salary of Rs 200 per mensem to teach the elements of Botany and Chemistry, and of a competent Bachelor of Law on Rs 100 per mensem to teach the Criminal, Revenue, and General Law, required for the examination

৪। উদ্ভিদবিদ্যা ও কিমীয় বিদ্যার উপক্রমণিকা শিক্ষা দিবার জন্যে শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব মেডিকাল কালেজের কোন সুযোগ্য ব্যক্তিকে মাসে ২০০৲ বেতন দিয়া নিযুক্ত করিবার অনুমতি দিয়াছেন। এবং ফৌজদারী ও রাজস্ব সংক্রান্ত ও সাধারণ যেং আইনে পরীক্ষা দিতে হইবে সেই আইন শিক্ষা করাইবার জন্যে বাচিলর অফ ল উপাধি প্রাপ্ত সুযোগ্য ব্যক্তিকে মাসে ১০০৲ টাকা দিয়া নিযুক্ত করিবার অনুমতি দিয়াছেন।

5 A suitable gymnasium will be set up immediately in the college, and an allowance of Rs 40 per mensem is sanctioned for a teacher Swimming and other athletic exercises will be included under the title of gymnastics Arrangements will also be made to engage the services of a competent horseman with a couple of horses to teach riding

৫। কালেজে ব্যায়াম বিদ্যা শিক্ষা করিবার প্রয়োজনীয় স্থান ও দ্রব্যাদি অচিরে যোগাইয়া দেওয়া যাইবে ও শিক্ষকের মাসে ৪০৲ টাকা বেতন ধার্য্য হইয়াছে। ব্যায়াম বিদ্যার মধ্যে সাঁতার দেওয়া ও শারীরিক বলবৃদ্ধির অন্যং ক্রীড়া ধরা যাইবে। আরো অশ্বারোহণের শিক্ষা দিবার জন্যে অতি উত্তম এক জন অশ্বারোহিকে নিযুক্ত করিবার ও দুইটা ঘোড়া রাখিবার নিয়ম করা যাইবে।

6 All students of the college and other persons whom the Principal may consider to be fit and eligible, and possessed of a sufficient education, will be admitted to the civil service class on payment of the ordinary college fees as now charged for Mahomedans and others respectively, that is to say, 1 rupee per mensem for Mahomedans, and Rs 5 per mensem for all others Boys of the upper classes of the collegiate school whom the Principal may consider to be fit and to be qualified to pass with credit the next University Entrance Examination may be admitted if they desire it

৬। মুসলমান ও অন্যং ছাত্রের স্থানে কালেজের যে সাধারণ ফী লওয়া গিয়া থাকে কালেজের সকল ছাত্র এবং কালেজের প্রিন্সিপলের বিবেচনায় অন্য যে ব্যক্তিরা যোগ্য ও নিযুক্ত হইবার উপযুক্ত হন ও যথোপযুক্ত শিক্ষা প্রাপ্ত হইয়াছেন তাঁহারাও সেই ফী দিলে সিবিল সর্বিসের কেলাসে গ্রাহ্য হইবেন। ঐ ফী এই হারে লওয়া গিয়া থাকে অর্থাৎ মুসলমান ছাত্রের মাসে ১৲ টাকা ও অন্য সকলের মাসে ৫৲ টাকা। কালেজিয়ট স্কুলের উচ্চ শ্রেণীর যে ছাত্রেরা প্রিন্সিপলের বিবেচনায় সুযোগ্য হন ও ইউনিবর্সিটীর আগামি এনট্রান্স পরীক্ষায় যাঁহারা প্রশংসিতমতে উত্তীর্ণ হইবার উপযুক্ত হন তাঁহারাও ইচ্ছা করিলে গ্রাহ্য হইতে পারিবেন।

7 An extra fee of Rs 10 (once for all) will be charged for instruction in riding

৭। অশ্বারোহণ শিক্ষা করিবার জন্যে ১০৲ টাকা উপরি ফী কেবল একবার লওয়া যাইবে।

8 Students who elect to follow the full civil service course must continue to attend the English classes and any classes in which arithmetic and writing are taught, but attendance in the other classes will be optional with them

৮। যে ছাত্রেরা সিবিল সর্বিসের সম্পূর্ণ কোর্স অধ্যয়ন করিতে মনস্থ করেন ইঙ্গরেজী ভাষা শিক্ষার কেলাসে ও যেং কেলাসে অঙ্ক বিদ্যা ও লিখিবার রীতি শিক্ষা হয় তাঁহাদের সেইং কেলাসে উপস্থিত হইতে হইবে অন্যান্য কেলাসে স্বেচ্ছামতে যাউন বা না যাউন।

9 Permission having been given to the present scholarship holders to attend this course, no special scholarships need at present be provided for

৯। এইক্ষণে যাঁহারা ছাত্রবৃত্তিধারী আছেন তাঁহারদের প্রতি সেই কোর্স শিক্ষা করিবার অনুমতি হইয়াছে অতএব এই সময়ে বিশেষ ছাত্রবৃত্তির বিধান করা প্রয়োজন নাই।

10 The following elementary books on Botany and Chemistry, as proposed by the Committee,

১০। যে ছাত্রেরা সিবিল সর্বিস কেলাসে যান কমিটীর প্রস্তাবানুসারে উদ্ভিদ ও কিমিয়া বিদ্যার উপ-

[*Government Gazette*, 23rd *July* 1872]

will be studied by the students attending the civil service class, viz —

Oliver's Manual of Indian Botany.

Roscoe's Lessons on Elementary Chemistry

11 The following sums are sanctioned for the necessary preparations and apparatus, viz —

	Rs
For adapting the college building for class rooms	1,500
For school furniture	1,500
For a gymnasium, with apparatus	1,000
Apparatus for lectures on Drawing, Surveying, and Engineering	1 000
Apparatus for Botany and Chemistry	1,000
Total	6,000

12 The following allowances are also sanctioned, i e —

	Rs	
For chemicals	25	per mensem
For a mallee	10	,,
For a compounder to assist in lectures on Chemistry	12	,,
Total	47	per mensem

13 An allowance of Rs 100 per mensem is also sanctioned for a lecturer on the prescribed law subjects at Patna

14 Competent teachers of Drawing, Surveying, and Engineering, have already been sent to Patna, Dacca, and Cuttack

C BERNARD,

Offg Secy to the Govt of Bengal

ক্রমণিকার নিম্নলিখিত পুস্তক তাঁহারদের অধ্যয়ন করিতে হইবে

Oliver's manual of Indian Botany

Roscoes Lessons on Elementary Chemistry

১১। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্ত স্থানাদি প্রস্তুত করিবার ও যন্ত্রাদি যোগাইবার জন্যে নিম্নলিখিত টাকা ব্যয় হইবার অনুমতি হইয়াছে।

	টাকা।
কালেজে ক্লাস বসিবার উপযুক্ত ঘর করিবার নিমিত্ত	১৫০০৲
স্কুলের সরঞ্জাম	১৫০০৲
ব্যায়ামের স্থান ও দ্রব্যাদি	১০০০৲
চিত্র ও জরীপ করণ ও ইঞ্জিনিয়রিং বিদ্যার লেকচরের সরঞ্জাম	১০০০৲
উদ্ভিদ ও কিমীয় বিদ্যার নিমিত্ত সরঞ্জাম	১০০০৲
মোটে	৬০০০৲

১২। নিম্নলিখিত টাকাও খরচ করিবার অনুমতি হইল।

	টাকা।
রাসায়নিক দ্রব্যের নিমিত্তে মাসে	২৫৲
মালির বেতন ,,	১০৲
কিমীয় বিদ্যার লেকচর হইলে সহকারিতা করণার্থে এক জন কমপৌণ্ডর মাসে	১২৲
মোটে মাসে	৪৭৲

১৩। আইনসংক্রান্ত যেং বিষয় নির্দ্দিষ্ট হইয়াছে পাটনায় সেই২ বিষয়ের লেকচর দিবার নিমিত্ত মাসে ১০০৲ টাকার অনুমতি হইয়াছে।

১৪। চিত্র বিদ্যা ও জরীপ করণ ও ইঞ্জিনিয়রিং বিদ্যা শিখাইবার অতি যোগ্য শিক্ষকদিগকে পাটনায় ও ঢাকায় ও কটকে প্রেরণ করা গিয়াছে।

সি, বর্ণার্ড,

বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭২। ২৩ জুলাই।]

(Second Publication.)

NOTIFICATION.

The 9th July 1872.—With reference to the Notification and Resolution dated the 2nd instant, published in the *Calcutta Gazette* of the 3rd idem, and republished above, the following detail of the text-books and instructions prescribed for candidates for civil employ in the subjects of drawing, surveying, and engineering, is published for general information :—

Subjects.	Details	Text-books and mode of acquiring.
	Surveying.	
1. Mensuration	Of the line, superficies, and the simpler solids Cubical contents of earth-work in cuttings and embankments	Todhunter's Mensuration
2 Surveying with chain, and with compass and chain	To make a survey of a tract of country 2 or 3 square miles in area	Roorkee papers on surveying, Chapters II, III Also practically taught in the field
3 Levelling	To make all the necessary sections for a supposed road between two given points	Roorkee papers on surveying, Chapters XI, XIII Practical instruction in the field
4 Construction of field book, plotting and tracing on the ground	To lay out the foundations of a simple building on the ground	Instruction by lecture Roorkee papers on surveying
	Drawing	
5 Construction and use of scales	Geometrical figures, orthographic projection as applied to the delineation of simple engineering structures	Ellis Davidson on "Projection" Davidson on "Linear Drawing" Class instruction.
	Engineering	
1 General knowledge of properties of building materials in most common use, and of constructive trades	Stone, brick, timber, lime, mortar, cement	Roorkee Treatise, Volume I, Chapters 1, 2, 4, 5
2 Estimating of a simple building or bridge	To design simple draw-bridges, culverts, and wooden bridges of small span, and to estimate the quantity and cost thereof	Instruction principally by lecture
3 Construction of simple buildings	Stone masonry, brick masonry, masonry in arches and foundations	Roorkee Treatise, Volume I, Chapters 13, 14, 15 to end of paragraph 299, 16 to end of paragraph 322.
4 Construction of simple roofs and bridge trusses for small spans		Instruction by lecture
5. Elements of road-making, including the construction of culverts and small bridges	Laying out roads, formation of cuttings and embankments, construction of road surface, drainage, &c	Roorkee Treatise, Volume I, Section 5, Volume II, Section 8

Candidates are reminded that in addition to the arrangements for teaching in the Hooghly College, notified in the *Calcutta Gazette* of 3rd instant, the special class in the Presidency College fo teaching drawing, surveying, and engineering, as required for the native civil service, has been already advertised, and is now open The fees for this special class will be for those who are not students o the college,—entrance Rs. 5 and a monthly fee of Rs 3 It is believed that instruction in the othe subjects required of candidates may be obtained in Calcutta, but the Lieutenant-Governor will b willing to consider any applications from the Principal of the Presidency College for a special class i any of these subjects for teaching in which there is a demand on the part of a large number c students.

Classes for teaching drawing, surveying, and engineering, have been opened at Patna, Dacc and Cuttack, and a lecturer on the special law subjects has been sanctioned for Patna. In case of great demand for teaching in any of the special subjects at any of the colleges above mentione an application from the Principal will be considered.

The Lieutenant-Governor will be glad if heads of offices can give deserving and capable publ servants leave of absence on favorable terms for the purpose of qualifying in the above special subject

C BERNARD,
Offg Secy to the Govt of Bengal.

[দ্বিতীয়বার প্রকাশিত।]

বিজ্ঞাপন।

১৮৭১ সাল ৯ জুলাই —বর্ত্তমান মাসের ৯ তারিখের যে জ্ঞাপনপত্র ও নির্দ্ধারণপত্র এই মাসের ৯ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তাহা ও পূর্ব্বভাগে পুনঃ প্রকাশ হইল, তাহা লক্ষ করিয়া সিবিল কর্ম্মে নিযুক্ত হওনেচ্ছুক ব্যক্তিদের চিত্রবিদ্যা ও জরীপী ও ইঞ্জিনিয়রি বিদ্যাবিষয়ক যে পুস্তক পাঠ করিতে ও যেং বিষয় শিক্ষা করিতে হইবে সাধারণের জ্ঞানার্থে তাহার বিস্তারিত কথা নিম্নভাগে প্রকাশ করা গেল।

বিষয়	বিস্তারিত কথা	পুস্তক ও শিক্ষা করিবার ধারা।
	সরবেইং	
১। ভূমি পরিমাপণ ..	রেখার ও ধরাতলের ও সামান্য প্রকারের ঘন। নালা কাটিলে ও বাঁধ বাঁধিলে মাটির ঘন কল	Todhunter's Mensuration
২। শিকল এবং কোম্পাস ও শিকল দিয়া জরীপ করণ।	২ কি ৩ বর্গমাইল পরিমাণের দেশ খণ্ড জরীপ করিতে হইবে	জরীপ করণ বিষয়ক রুরকী পত্রের ২ ও ৩ অধ্যায়। এবং মাঠে কার্য্য করিয়া শিক্ষা করিবেন।
৩। লেবেলিং	নির্দ্দিষ্ট এক স্থানহইতে অন্য স্থানপর্য্যন্ত পথ করিবার কল্পনা হইলে যত Section (ভার্গের নক্সা) প্রয়োজন তাহা করিতে হইবে।	জরীপকরণ বিষয়ক রুরকীর পত্রের ১১ ও ১৩ অধ্যায়। এবং মাঠে কার্য্য করিয়া শিক্ষা করিবেন
৪। খসড়া নকশা করণ ও নকশা ভোলন ও মাটিতে চিহ্ন দেওন	মাটি ও সামান্য প্রকারের ঘরের ভিত্তি মূলের আকারাদি দেখাইতে হইবে	লেকচর দ্বারা শিক্ষা পাইবেন। জরীপ করণ বিষয়ক রুরকীর পত্র।
	চিত্রবিদ্যা।	
৫। স্কেল প্রস্তুত ও ব্যবহার করণ	রেখাগণিত আকৃতি। সামান্য গৃহাদি নির্ম্মাণের কার্য্যে যে আলেখ্য করা যায় তৎসম্পর্কীয় সরল রেখার প্রসরণ	Ellis Davidson on Projection Davidson on Linear Drawing কেলাসে শিক্ষা।
	ইঞ্জিনিয়রিং।	
১। গৃহাদি নির্ম্মাণের যে সকল দ্রব্য সামান্যতঃ ব্যবহার হয় তাহার গুণের ও নির্ম্মাণ সংক্রান্ত ব্যবসায়ের স্থূল জ্ঞান।	প্রস্তর, ইট, বাহাদুরী কাষ্ঠ, চূণ সুরকী মশালা	Roorkee Treatise ১ বালম, ১, ২, ৪, ৫, অধ্যায়।
২। সামান্য গাঁথনির কি সাঁকোর ইষ্টিমেট	সামান্য ভোলাসাঁকোর ও কলবর্টের ও অল্প প্রসার কাটের সাঁকোর নকশা ও তাহা করিতে কি প্রকারের কতদ্রব্য ও কত খরচ লাগিবে ইহার ইষ্টিমেট করিতে হইবে	লেকচর দ্বারা ইহার অধিকাংশ শিক্ষা হইবে।
৩। সামান্য ঘর নির্ম্মাণ	প্রস্তরে গাঁথনী, ইটের গাঁথনী ও খিলান ও ভিত্তিমূলের গাঁথনী	Roorkee Treatise, ১ বালম ১৩, ১৪ অধ্যায় ও ৫ অধ্যায়ের ১৯৯ ধারার শেষ পর্য্যন্ত ও ১৬ অধ্যায়ের ৩২২ ধারার শেষ পর্য্যন্ত।
৪। সামান্য ছাদ ও অল্প প্রসার সাঁকোর ট্রেস।		লেকচর দ্বারা শিক্ষা পাইবেন।
৫। পথ প্রস্তুত করিবার স্থূল জ্ঞান। তন্মধ্যে কলবর্ট ও ছোটং সাঁকো নির্ম্মাণ	পথের ডৌল করিয়া দেখান ও নালা ও বাঁধ প্রস্তুত করণের ও রাস্তার উপরিভাগ প্রস্তুত করণ ও নর্দ্দমাপ্রভৃতি করণ	Roorkee Treatise ১ বালম ৫ পরিচ্ছেদ। ২ বালম, ৮ পরিচ্ছেদ।

এই মাসের ৯ তারিখের বাঙ্গলা গেজেটে হুগলী কালেজে শিক্ষা দিবার যে সকল নিয়মের কথা আছে, তদ্ভিন্ন নেটিব সিবিল সর্ব্বিসের পদাকাঙ্ক্ষি ব্যক্তিদের চিত্র বিদ্যা ও সরবেইং ও ইঞ্জিনিয়রিং যেং বিদ্যা শিক্ষা করা প্রয়োজন প্রেসীডেন্সী কালেজেও সেইং বিদ্যা শিক্ষার বিশেষ কেলাস করিবার কথা পূর্ব্বে প্রচারিত হইয়াছিল। সেই কেলাস এখন স্থাপিত হইয়াছে ঐ পদাকাঙ্ক্ষিদিগকে এই কথা স্মরণ করাণ যাইতেছে। যাঁহারা সেই কালেজের ছাত্র নহেন তাঁহারা সেই বিশেষ কেলাসে শিক্ষা করিতে চাহিলে তাঁহাদের এন্ট্রান্স ফী ৫৲ টাকা ও মাসিক ফী ৩৲ টাকা লাগিবে। পদাকাঙ্ক্ষিদের আরং যে বিষয় জানা আবশ্যক তাঁহারা কলিকাতায় তাহারও শিক্ষা পাইতে পারিবেন, এমত বোধ হয়। কিন্তু অনেক ছাত্র উক্ত অন্যতর বিষয়ের শিক্ষা পাইবার প্রার্থনা করিলে যদি প্রেসীডেন্সী কালেজের প্রিন্সিপল বিশেষ কেলাস হইবার প্রার্থনা করেন, তবে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব তাহা বিবেচনা করিতে সম্মত হইবেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭২। ২৩ জুলাই।]

পাটনার ও ঢাকার ও কটকে ফিজ্ জিক্যাল্ এ ভৌগোলিক ও ইঞ্জিনিয়রিং বিদ্যা শিক্ষার কেলাস স্থাপন হইয়াছে ও পাটনার আইনসংক্রান্ত বিশেষ বিষয়ের লেকচর দিবার জন্যে এক ব্যক্তিকে নিযুক্ত করা গিয়াছে। পূর্ব্বোক্ত কোন কালেজে অনেক ব্যক্তি বিশেষ কোন বিষয় শিক্ষা করিতে প্রার্থী হইলে প্রিন্সিপাল প্রার্থনাপত্র লিখিয়া পাঠাইলে তাহার বিবেচনা হইবে।

কোন আফাসে রাজকীয় যে কার্য্যকারকেরা যোগ্য ও সক্ষম হন তাঁহারা উক্ত বিশেষ বিষয় শিক্ষা করিয়া সিবিল সরবিসের যোগ্য হইতে পারেন এই নিমিত্ত আফীসের প্রধান কর্ম্মকারকেরা অনুকূল নিয়ম করিয়া তাহারদিগকে ছুটী দিতে পারিলে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব তাঁহাতে সন্তুষ্ট হইবেন।

সি, বর্ণার্ড,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

[First Publication]

Circular No 24

GENERAL DEPARTMENT

GENERAL

To Heads of Departments,—(dated Calcutta, the 16th July 1872)

In continuation of circular No 27, dated 13th October 1871, I am directed to inform you that the Lieutenant-Governor has been pleased to adopt the following order of arrangement of the districts in Bengal, which is to be observed in the census report and in all future departmental reports or tabular statements of every kind in all departments

2 It will be seen that Commissioners' divisions are grouped into provinces, while districts are arranged geographically, and with reference to their position and importance

BENGAL

Western Districts

Division	No.	District
Burdwan Division	1.	Burdwan
	2	Bancoorah
	3	Beerbhoom
	4	Midnapore
	5	Hooghly with Howrah

Central Districts

Division	No.	District
Presidency Division	6	24-Pergunnahs
	7	Nuddea
	8	Jessore
Rajshahye Division	9	Moorshedabad
	10	Dinagepore
	11	Maldah
	12	Rajshahye
	13	Rungpore
	14	Bograh
	15.	Pubna
Cooch Behar Division	16.	Darjeeling
	17	Julpigooree
		Cooch Behar Tributary State

Eastern Districts

Division	No.	District
Dacca Division	18.	Dacca
	19	Furreedpore
	20	Backergunge
	21	Mymensing
	22	Sylhet
	23	Cachar

[*Government Gazette*, 23rd *July* 1872]

[প্রথমবার প্রকাশিত।]

২৪ নং সরকুলর।

সাধারণ।

সকল কার্য্যবিভাগের প্রধান কার্য্যকারক সমীপেষু। (কলিকাতা ১৮৭২ সাল ১৬ জুলাই)

১৮৭১ সালের অক্টোবর মাসের ১৩ তারিখের ২৭ নং সরকুলরের অতিরিক্ত আমি আজ্ঞাক্রমে জানাইতেছি যে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব বঙ্গদেশের অন্তর্গত জিলাসমূহ নিম্নলিখিত নিয়মমতে শ্রেণীবদ্ধ করিয়াছেন। লোকসংখ্যা গ্রহণের রিপোর্ট ও ইহার পর কার্য্যবিভাগ সম্পর্কীয় সকল রিপোর্টে ও টেবিলের পাঠ লিখিবার সময়ে জিলার শ্রেণীবদ্ধ হওয়ার এই নিয়ম মানিতে হইবে।

২। ইহাতে এই দৃষ্ট হইবে যে কমিশ্যনরের খণ্ডসমূহ প্রদেশঅনুসারে শ্রেণীবদ্ধ করা গিয়াছে। ও জিলাসমূহ স্থানের ক্রমানুসারে এবং স্থিতি ও গুরুত্ব বিবেচনায় শ্রেণীবদ্ধ করা গিয়াছে।

বঙ্গদেশ।

পশ্চিমদিকস্থ জিলা।

খণ্ড	নং	জিলা
বর্দ্ধমান খণ্ড	১।	বর্দ্ধমান
	২।	বাঁকুড়া
	৩।	বীরভূম
	৪।	মেদিনীপুর
	৫।	হাবড়াযুক্ত হুগলী

মধ্যস্থানের জিলা।

খণ্ড	নং	জিলা
প্রেসিডেন্সি খণ্ড	৬।	২৪ পরগনা
	৭।	নদীয়া
	৮।	যশোহর
রাজশাহী খণ্ড	৯।	মুরশিদাবাদ
	১০।	দিনাজপুর
	১১।	মালদহ
	১২।	রাজশাহী
	১৩।	রঙ্গপুর
	১৪।	বগুড়া
	১৫।	পাবনা
কুচবেহার খণ্ড	১৬।	দারজিলিং
	১৭।	জলপাইগুড়ি,
		কুচবেহারের করদ রাজ্য।

পূর্ব্বদিকস্থ জিলা।

খণ্ড	নং	জিলা
ঢাকা খণ্ড	১৮।	ঢাকা
	১৯।	ফরীদপুর
	২০।	বাকরগঞ্জ
	২১।	ময়মনসিংহ
	২২।	শ্রীহট্ট
	২৩।	কাছাড়

Chittagong Division
- 24. Chittagong.
- 25. Noakhally.
- 26. Tipperah.
- Hill Tipperah.

BEHAR

Patna Division
- 27 Patna
- 28 Gya
- 29 Shahabad
- 30 Tirhoot.
- 31 Sarun
- 32 Chumparun

Bhaugulpore Division
- 33 Monghyr
- 34 Bhaugulpore.
- 35 Purneah
- 36 Sonthal Pergunnahs

ORISSA

Orissa Division
- 37 Cuttack
- 38 Pooree
- 39 Balasore
- Cuttack Tributary Mehals

CHOTA NAGPORE

South-West Frontier Agency

- 40 Hazareebaugh
- 41 Loharduggah
- 42 Singbhoom
- 43 Maunbhoom
- Tributary Mehals

ASSAM AND ADJACENT HILLS

- 44 Goalparah
- 45 Kamroop
- 46 Durrung
- 47 Nowgong
- 48. Seebsaugor
- 49 Luckimpore
- 50 Naga Hills
- 51 Khasi and Jynteah Hills
- 52 Garo Hills

C BERNARD,
Offg Secy to the Govt of Bengal

JUDICIAL AND POLITICAL DEPARTMENTS

No 936J

APPOINTMENTS

The 4th July 1872.—The members of the Town Committee of Sherepore, in Bograh, are appointed to form a Committee for the management of the Charitable Dispensary lately established at that place

The 11th July 1872.—Assistant Surgeon Charles John Walford Meadows to be a Municipal Commissioner for the Town of Chittagong

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭২। ২৩ জুলাই।]

চট্টগ্রাম খণ্ড
- ২৪। চট্টগ্রাম
- ২৫। নওয়াখালি
- ২৬। ত্রিপুরা
- ত্রিপুরা পর্ব্বত

বেহার।

পাটনা খণ্ড
- ২৭। পাটনা
- ২৮। গয়া
- ২৯। শাহাবাদ
- ৩০। ত্রিহুত
- ৩১। সারণ
- ৩২। চাম্পারণ

ভাগলপুর খণ্ড
- ৩৩। মুঙ্গের
- ৩৪। ভাগলপুর
- ৩৫। পুরণিয়া
- ৩৬। সাঁওতাল পরগণা

উড়িষ্যা।

উড়িষ্যা খণ্ড
- ৩৭। কটক
- ৩৮। পুরী
- ৩৯। বালেশ্বর
- কটকের পেশকশী মহাল

দক্ষিণ পশ্চিম অঞ্চলের এজেন্টী।

ছোট নাগপুর।

- ৪০। হাজারিবাগ
- ৪১। লোহারডগা
- ৪২। সিংহভুম
- ৪৩। মানভুম
- পেশকশী মহাল

আসাম ও তন্নিকটস্থ পর্ব্বত।

- ৪৪। গোয়ালপাড়া
- ৪৫। কামরূপ
- ৪৬। দরঙ্গ
- ৪৭। নওগাঁ
- ৪৮। শিবসাগর
- ৪৯। লক্ষীপুর
- ৫০। নাগা পর্ব্বত
- ৫১। কাশিয়া ও জয়ন্তী পর্ব্বত
- ৫২। গারো পর্ব্বত

সি, বরনার্ড,
বঙ্গদেশের গবর্ণমেন্টের
একটিং সেক্রেটারী।

জুডিশ্যাল ও পলিটিকল ডিপার্টমেন্ট।

৯৩৬J নম্বর।

নিয়োগ।

১৮৭২ সাল ৪ জুলাই।—বগুড়ার অন্তর্গত শেরপুরের নগরীয় কমিটীর মেম্বরেরা উক্ত স্থানে সম্প্রতি স্থাপিত দাতব্য ঔষধালয়ের কার্য্যসম্পাদনার্থ কমিটীস্বরূপ নিযুক্ত হইয়াছেন।

১৮৭২ সাল ১১ জুলাই।—আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুক্ত চার্লস জান ওয়ালফর্ড মেডোস সাহেব চট্টগ্রাম নগরের মুনিসিপাল কমিশ্যানর হইবেন।

The following gentlemen to be Municipal Commissioners for the Town of Jessore, viz.—

Dr. William Day Stewart.
Babu Rashbehari Bose.

The following gentlemen to be Municipal Commissioners for the Towns of Hooghly and Chinsurah, viz —

Mr E Lethbridge
Moulvi Nasiruddeen Ahmed
Sultan Buseeruddeen Ahmed

Mr Henry John Stedman Cotton, Officiating Judge of the Sealdah Small Cause Court, to officiate temporarily as Judge of the Small Cause Court at Howrah, in addition to his present duties

Babu Jugobundhoo Banerjee, Second Subordinate Judge of Hooghly, to have temporary charge of the Small Cause Court at that station, in addition to his own duties

The 12th July 1872 —Surgeon Robert Lidderdale, M D , to have temporary Medical charge of the Civil Station of Julpigooree, with effect from the 18th ultimo

Babu Medniprosad to be a member of the Committee for the management of the Charitable Dispensary at Begooserai, in Monghyr

The 15th July 1872 —Mr Christopher Henry Vowell to be a Municipal Commissioner, and to be Vice-Chairman of the Municipal Commissioners for the Town of Arrah

The 16th July 1872 —Mr William Barton Savi to officiate as District Superintendent of Police, Cachar, during the absence, on leave, of Mr W W Daly, or until further orders

Leave of Absence

The 11th July 1872 —Mr Henry Slater Thompson, First Subordinate Judge of Hooghly, for fourteen days, from the 8th instant, under Section 3, Supplement F of the Civil Leave Code

The 13th July 1872 —Lieutenant William Francis Trotter, Officiating District Superintendent of Police, Durrung, for one month, under Section 18 of the Civil Leave Code, from the date on which he has availed himself of the leave

The 16th July 1872 —Mr Ambrose William Bushe Power, Political Agent, Hill Tipperah, for six weeks, under Section 18 of the Civil Leave Code, subject to his making the usual declaration under Clause 3 of that Section

Mr William Watt Daly, District Superintendent of Police, Cachar, for two months and ten days, under Section 18 of the Civil Leave Code,

নিম্নলিখিত মহাশয়েরা যশোহর নগরের মুনিসিপাল কমিশ্যনর হইবেন।

ডাক্তর শ্রীযুক্ত উলিয়ম ডে, ষ্টুয়ার্ট সাহেব।
শ্রীযুক্ত বাবু রাসবিহারী বসু।

নিম্নলিখিত মহাশয়েরা হুগলী ও চুঁচড়া নগরের মুনিসিপাল কমিশ্যনর হইবেন।

শ্রীযুক্ত ই লেথব্রিজ সাহেব।
,, মৌলবী নাজীরুদ্দীন আহম্মদ।
,, সুলতান বশীরুদ্দীন আহম্মদ।

শিয়ালদহের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের একটিং জজ শ্রীযুক্ত হেনরি জান ষ্টেডমান কটন সাহেব আপন বর্ত্তমান কর্ম্মাতিরিক্ত কিয়ৎকালের নিমিত্তে হাবড়ার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজের কর্ম্ম করিবেন।

হুগলীর দ্বিতীয় সবর্ডিনেট জজ শ্রীযুক্ত বাবু জগবন্ধু বন্দ্যোপাধ্যায় কিয়ৎকালের নিমিত্তে আপন কর্ম্মাতিরিক্ত উক্ত ক্ষুদ্র মোকদ্দমার আদালতের অধ্যক্ষতা ভার পাইবেন।

১৮৭২ সাল ১২ জুলাই।—সর্জন শ্রীযুক্ত রবর্ট লিডরডল সাহেব, এম, ডি, গত মাসের ১৮ তারিখঅবধি কিয়ৎকালের জন্যে জলপাইগুড়ির দেওয়ানী মোকামের চিকিৎসা কর্ম্মের ভার পাইবেন।

শ্রীযুক্ত মেদিনীপ্রসাদ বাবু মুঙ্গেরের অন্তর্গত বেগুসরাইর দাতব্য ঔষধালয়ের কাৰ্য্যসম্পাদনার্থ কমিটীর মেম্বর হইবেন।

১৮৭২ সাল ১৫ জুলাই।—শ্রীযুক্ত ক্রিষ্টফর হেনরি বৌয়েল সাহেব আরা নগরের মুনিসিপাল কমিশ্যনর ও উক্ত নগরের মুনিসিপাল কমিশ্যনরদের প্রতিনিধি সভাপতি হইবেন।

১৮৭২ সাল ১৬ জুলাই।—শ্রীযুক্ত ডবলিউ, ডবলিউ ডেলি সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে বা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত শ্রীযুক্ত উলিয়ম বার্টন সাবি সাহেব কাছাড়ের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৭২ সাল ১১ জুলাই।—হুগলীর প্রথম সবর্ডিনেট জজ শ্রীযুক্ত হেনরি স্লেটর তামসন সাহেব দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর আইনগত F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে এই মাসের ৮ তারিখঅবধি চৌদ্দ দিন ছুটী পাইয়াছেন।

১৮৭২ সাল ১৩ জুলাই।—দরঙ্গের পোলীসের একটিং ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট লেফ্টেনেণ্ট শ্রীযুক্ত উলিয়ম ফ্রান্সিস ট্রটর সাহেব যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর বিধির ১৮ ধারামতে এক মাস ছুটী পাইয়াছেন।

১৮৭২ সাল ১৬ জুলাই।—ত্রিপুরা পর্ব্বতের পোলিটিকাল এজেণ্ট শ্রীযুক্ত আম্ব্রোস উলিয়ম বুশ পৌয়র সাহেব দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর বিধির ১৮ ধারার ৩ প্রকরণমতে নিয়মিত প্রতিজ্ঞা করণপূর্ব্বক উক্ত বিধির ১৮ ধারামতে ছয় সপ্তাহ ছুটী পাইয়াছেন।

কাছাড়ের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুক্ত উলিয়ম ওয়াট ডেলি সাহেব চলিত মাসের যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি দেও-

from any date within the current month on which he may avail himself of the leave

A MACKENZIE,
Offg Secy to the Govt of Bengal

The following Order issued by the Government of India, in the Home Department, is re-published for general information —

No 1192 —*Simla the 4th July* 1872 —*Notification* —*Judicial* —Leave of absence for three months under Section 18 Chapter VI of the Civil Leave Code is granted to Mr F B Peacock Registrar of the High Court of Judicature at Fort William in Bengal with effect from the 16th instant or from the date on which he may avail himself of the same

A MACKENZIE
Offg Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 28th June 1872 —Under the provisions of Clause 2 Section 8, Regulation VI of 1819, the Lieutenant-Governor is pleased to sanction the undermentioned ferries in the Durrung district being declared public ferries —

Class III —Rotas ferry, at the point where that river intersects the main line between Tezpore and Mungledye

Class III —Kookrakati ferry, at the point where that river intersects the main line in mouzah Orang, between Orang and Koreeapara

There was a bridge here, but it is always swept away

Class III —Mansiri ferry, at the point where that river intersects the line between Bilupara to Tezpore

A MACKENZIE,
Offg Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 12th July 1872 —The Lieutenant-Governor is pleased to extend the operation of Section 31 of Act V of 1861 an Act for the regulation of Police, to the towns of Jamooe and Begooserai, in the district of Monghyr The limits of the towns within which the section will be in force will be the same as defined for the purposes of the Chowkeedaree Act

A MACKENZIE,
Offg Secy to the Govt of Bengal

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭২। ২৩ জুলাই।]

স্থায়ী কার্য্যকারকদের ছুটীর বিধির ১৮ ধারামতে দুই মাস দশ দিন ছুটী পাইয়াছেন।

এ, মাকঞ্জি
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

হোম ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের নিম্ন-লিখিত আজ্ঞা সর্ব্বসাধারণের জ্ঞাতার্থে প্রচার করা গেল।

১১৯২ নম্বর —সিমলা, ১৮৭২ সাল ৪ জুলাই।—বিজ্ঞাপন।—জুডিশ্যাল।—বঙ্গদেশের ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের রেজিষ্ট্রার শ্রীযুক্ত এফ, বি, পীকক সাহেব দেওয়ানী কর্ম্মকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ৮ ধারামতে তিন মাস ছুটী পান। তাহা এই মাসের ১৬ তারিখঅবধি অথবা যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি প্রবল হইবে।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ২৮ জুন।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ১৮১৯ সালের ৬ আইনের ৩ ধারার ২ প্রকরণের বিধানমতে দরঙ্গ জিলার অন্তর্গত নিম্নলিখিত খেয়াঘাট রাজকীয় ঘাট প্রকাশ করিয়াছেন।

তৃতীয় শ্রেণী।—রোটাস নদী তেজপুর ও মঙ্গলদায়ের মধ্যগত প্রধান পথ যে স্থানে ভেদ করে সেই স্থানের খেয়াঘাট।

তৃতীয় শ্রেণী। কুকড়াকাটী নদী ওরাঙ্গ ও কুরিয়াপাড়ার মধ্যগত ওরাঙ্গ মৌজার যে স্থানে প্রধান পথ ভেদ করে সেই স্থানের খেয়াঘাট।

এই স্থানে সেতু ছিল। কিন্তু তাহা সর্ব্বদা জলের বেগে ভাঙ্গিয়া যায়।

তৃতীয় শ্রেণী।—মানশ্রী নদী বালুপাড়া ও তেজপুরের মধ্যগত প্রধান পথ যে স্থানে ভেদ করে সেই স্থানের খেয়াঘাট।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ১২ জুলাই।—শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব পোলীসের বিধান করণার্থ ১৮৬১ সালের ৫ আইনের ৩৪ ধারার বিধান মুঙ্গের জিলার অন্তর্গত জমুই ও বেগুসরাই নগরে প্রচলিত করিয়াছেন। চৌকীদারী আইনের অভিপ্রায় সফল করণার্থে ঐ২ নগরের যে সীমা নির্দ্দিষ্ট হইয়াছে উক্ত ৩৪ ধারাও সেই সীমার মধ্যে প্রবল হইবে।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

[Third Publication.]

The following Bye-laws, under Act IV (B.C.) of 1871 (Sanitation of Pooree, &c.), have been approved by His Honor the Lieutenant-Governor —

Part I.

On the appointment and constitution of a committee to aid in carrying out Act IV (B.C.) of 1871

1. For the purposes of this Act the "town of Pooree" shall be considered all the land within a circle with a radius of five miles from the great temple

2. A committee, consisting of three official and three non-official members, shall be appointed to assist the Magistrate and Health Officer in carrying out the provisions of the Act

3. On the 1st of December in each year the Magistrate shall nominate the members to serve on the committee during the ensuing calendar year, and shall report the nomination for the sanction of the local Government

4. In the event of the death, removal, or resignation of any member of the committee during his year of office, an official member shall be succeeded by the successor to his appointment or any other official, and in the case of a non-official member, his successor shall be appointed by the remainder of the committee

Part II

Rules for the conduct of business

5. That a meeting of the local committee appointed by the local Government to assist the Magistrate and the Health Officer to carry out the provisions of the Act, shall be held for the transaction of business and inspection of accounts at the office of the Magistrate on the fifteenth of every month, not being a Sunday or holiday, in which case the meeting shall be held on the next open office day, provided that it shall be lawful for the Magistrate to call a meeting at any other time during the month, recording his reasons for doing so

6. That notice of every meeting shall be given to each member at least four clear days before the day appointed for the meeting

7. No question shall be finally decided on the first occasion it is brought before the committee, unless the nature of the question has been fully described in the notice prescribed by the last bye-law

[*Government Gazette*, 23rd *July* 1872]

[তৃতীয়বার প্রকাশিত]

মান্যবর শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব পুরী নগরের স্বাস্থ্যরক্ষা প্রভৃতি বিষয়ক ১৮৭১ সালের বঙ্গীয় ৪ আইনমত নিম্নলিখিত উপবিধি অনুমোদন করিয়াছেন।

১ অধ্যায়।

১৮৭১ সালের বঙ্গীয় ৪ আইনের উদ্দেশ্য সফল করণার্থ কমিটীর নিয়োগ ও সংস্থাপনের কথা।

১। এই আইনের কার্য্যপক্ষে বড় মন্দির হইতে চতুর্দ্দিগে ৫ মাইল পর্য্যন্ত যত ভূমি আছে "পুরীনগর" শব্দে সেই সকল ভূমি জানিতে হইবে।

২। এই আইনের বিধান সফল করণ কার্য্যে মাজিষ্ট্রেট ও স্বাস্থ্যরক্ষক সাহেবের উপকার করণার্থে রাজকীয় তিন জন কার্য্যকারককে ও যাঁহারা রাজকীয় কার্য্যকারক নহেন এমত তিন জনকে লইয়া কমিটী হইবে।

৩। ইঙ্গলণ্ডীয় পঞ্জিকামত কোন বৎসরে যেং ব্যক্তি কমিটীর অন্তর্গত থাকিবেন মাজিষ্ট্রেট সাহেব তৎপূর্ব্ব বৎসরের ডিসেম্বর মাসের ১ তারিখে তাঁহাদের নাম লিখিয়া স্থানীয় গবর্ণমেণ্টের অনুমোদনের জন্যে প্রেরণ করিবেন।

৪। কমিটীর অন্তর্গত কোন ব্যক্তি যে বৎসরে পদস্থ থাকেন সেই বৎসরে মরিলে কি স্থানান্তরে গেলে কি পদ ত্যাগ করিলে, তিনি রাজকীয় কার্য্যকারক হইলে যে ব্যক্তি তাঁহার পদ প্রাপ্ত হন তিনি কিম্বা রাজকীয় অন্য কার্য্যকারক তৎস্থানে কমিটীর মেম্বর হইবেন। রাজকীয় কার্য্যকারক না হইলে কমিটীর অবশিষ্ট ব্যক্তিরা তাঁহার পরিবর্ত্তে অন্য ব্যক্তিকে নিযুক্ত করিবেন।

২ অধ্যায়।

কার্য্য চালাইবার বিধি।

৫। আইনের বিধান সফল করা কার্য্যে স্থানীয় গবর্ণমেণ্ট মাজিষ্ট্রেট ও স্বাস্থ্যরক্ষক সাহেবের উপকার করণার্থে যে স্থানীয় কমিটী নিযুক্ত করেন তাঁহারা প্রতি মাসের ১৫ তারিখে কার্য্য নিষ্পাদন করিবার ও হিসাব দেখিবার জন্যে মাজিষ্ট্রেট সাহেবের কাছারীতে অধিবেশন করিবেন সেই ১৫ তারিখ রবিবার কি বন্দের দিন হইলে তৎপশ্চাৎ যে দিনে কাছারী খোলা হয় সেই দিনে অধিবেশন করিবেন। কিন্তু মাজিষ্ট্রেট সাহেব মাসের মধ্যে অন্য কোন দিনে কমিটীর অন্তর্গত ব্যক্তিদিগকে আহ্বান করিতে চাহিলে কারণ লিখিয়া অধিবেশন করাইতে পারিবেন।

৬। অধিবেশনের যে দিন নিরূপণ হয়, তাহার সম্পূর্ণ চারি দিন থাকিতে প্রত্যেক জন মেম্বরকে ঐ অধিবেশনের নোটিস দেওয়া যাইবে।

৭। ইহার পূর্ব্ব উপবিধিতে যে নোটিস দিবার বিধি হইয়াছে তন্মধ্যে অধিবেশন কালীন বিবেচ্য কোন বিষয়ের ভাব সম্পূর্ণরূপে নির্দ্দিষ্ট না থাকিলে, কোন বিষয় প্রথমবার কমিটীর সম্মুখে উপস্থিত করা গেলেই চূড়ান্তরূপে নিষ্পত্তি করা যাইবে না।

8 That the subject or subjects brought before the committee shall be decided by a majority of votes In the event of divisions, the Magistrate or, in his absence, the Health Officer shall have a casting vote

9 The Health Officer shall be ex-officio Secretary to the committee, and the Magistrate, President, the proceedings of every meeting shall be recorded by the Secretary in a book kept for the purpose.

PART III

On the receipt and disbursement of monies under the Act

10 On the 15th of March in each year a budget of probable receipts and of proposed expenditure during the ensuing year shall be submitted for the sanction of the Government

11 It shall be competent for the committee, subject to the orders of Government, to transfer sums from one item of the budget to another, provided that the total expenditure be not exceeded, and provided that an annual review of the same be submitted to the Commissioner

12 In forming every annual estimate an amount not exceeding 25 per cent shall be reserved for emergent contingencies, such as a sudden outbreak of cholera and sickness, and necessity for employment of extra and special establishment

13 At the close of every year the Magistrate shall submit a report on the working of the Act during the year, showing the works of improvement and conservancy carried out, and a detailed account of the receipts and expenditures during the year, and the balance in hand at its close This report shall be forwarded through the Commissioner to Government

PART IV

14 If any person shall carry night-soil or other offensive matter through the town otherwise than in a closely covered receptacle, he shall be liable to a fine not exceeding Rs 5

15 The committee shall open a register of the sweepers engaging for the various quarters of the town, specifying the name or names of the sweepers engaging for each of the limits of the quarter, for whose cleanliness they are responsible, the spots fixed under section 24 of the Act, in which they are bound to deposit dirt, and any other detail may seem necessary Any sweeper neglecting to remove night-soil from any part of the quarter for which he is responsible once in twenty four hours shall be liable for each omission to a fine not exceeding Re 1

৮। কমিটীর সম্মুখে যে কোন বিষয় উপস্থিত করা যায় কমিটীর অন্তর্গত ব্যক্তিদের মতের আধিক্যানুসারে সেই বিষয়ের নিষ্পত্তি হইবে। মত বিভেদ হইয়া সমতুল্য সংখ্যক ব্যক্তির দুই মত থাকিলে মাজিষ্ট্রেট সাহেবের ও তাঁহার অনুপস্থানে স্বাস্থ্যরক্ষক সাহেবের মত প্রবল হইবে।

৯। স্বাস্থ্যরক্ষক সাহেব স্বীয় পদোপলক্ষে কমিটীর সেক্রেটারী ও মাজিষ্ট্রেট সাহেব সভাপতি হইবেন। সেক্রেটারী একখান বহী রাখিয়া তন্মধ্যে প্রত্যেক অধিবেশন কালীন কার্য্যের বিবরণ লিখিবেন।

৩ অধ্যায়।

আইনমতে টাকা জমা ও খরচ করিবার বিধি।

১০। প্রতিবৎসর মার্চ মাসের ১৫ তারিখে আগামি বৎসরের সম্ভাবিত জমার ও প্রস্তাবিত খরচের অনুমানপত্র গবর্ণমেণ্টের অনুমোদনার্থে অর্পণ করা যাইবে।

১১। কমিটী গবর্ণমেণ্টের অনুমতি লইয়া অনুমান পত্রলিখিত কোন টাকা এক দফাহইতে উঠাইয়া অন্য দফায় খরচ করিতে পারিবেন কিন্তু মোট টাকার অধিক খরচ না হয়, ও বৎসর২ তাহার বর্ণনাপত্র কমিশ্যনর সাহেবের সম্মুখে অর্পণ করা যায়।

১২। বৎসরের মধ্যে ওলাউঠা কি অন্য রোগের সঞ্চার হইবার সম্ভাবনাপ্রযুক্ত অতিরিক্ত ও বিশেষ আমলাগণ নিযুক্ত করা আবশ্যক হইতে পারে ইত্যাদি কারণে বৎসরের অনুমানপত্র প্রস্তুত করিতে গেলে, অত্যাবশ্যক স্থলের নৈমিত্তিক খরচ বলিয়া শতকরা ২৫ টাকার অনধিক ধরিতে হইবে।

১৩। বৎসরের মধ্যে আইনমত কার্য্য কিরূপে চলিয়াছে ও নগর উৎকৃষ্ট ও সৌষ্ঠব করণের কিং কার্য্য করা গিয়াছে ও কত টাকা জমা ও খরচ হইয়াছে ও বৎসরের অবসানে কত টাকা উদ্বর্ত্ত থাকিল মাজিষ্ট্রেট সাহেব প্রতি বৎসরের শেষে এই সকল কথার রিপোর্ট অর্পণ করিবেন। ঐ রিপোর্ট কমিশ্যনর সাহেবের দ্বারা গবর্ণমেণ্টের নিকট পাঠান যাইবে।

৪ অধ্যায়।

১৪। কোন ব্যক্তি মলাদি কোন দুর্গন্ধ দ্রব্য উত্তমরূপে বদ্ধ কোন আধারে না রাখিয়া নগরের মধ্য দিয়া লইয়া গেলে তাহার ৫ টাকা পর্য্যন্ত জরিমানা হইতে পারিবে।

১৫। নগরের নানা পল্লিতে ঝাঁইট দিবার নিমিত্ত যে মেহতরদিগকে নিযুক্ত করা যায় কমিটী রেজিষ্টরী বহী রাখিয়া তন্মধ্যে তাহাদের নাম লিখিয়া রাখিবেন ও পল্লির যে সীমাপর্য্যন্ত পরিষ্কার রাখিবার নিমিত্ত যে ব্যক্তিরা দায়ী আছে ও আইনের ২৪ ধারামতে তাহাদের যেং স্থানে মলাদি ফেলিতে হইবে ও অন্য যে বৃত্তান্ত লেখা আবশ্যক তাহাও সেই রেজিষ্টরী বহীতে লিখিবেন। যে মেহতর যে পল্লির যে অংশ পরিষ্কার রাখিতে দায়ী, সে চব্বিশ ঘণ্টার মধ্যে একবার সেই স্থানহইতে মলাদি উঠাইয়া না ফেলিলে যতবার তাহার সেই ত্রুটি হয় ততবার তাহার একং টাকার অনধিক জরিমানা হইতে পারিবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭২। ২০ জুলাই।]

16 The Magistrate may issue notice to any occupier of house or land within the town ordering him to remove any fati privy or urinal that he may have kept within ten feet of any public road or street, such notice shall give a specific term for removal of the privy, &c, or for application to have the notice withdrawn, and except the notice be withdrawn by the Magistrate on due cause shown, the keeper of the privy, &c, shall be liable to a daily fine not exceeding Rs 3 from the date of expiry of the notice, or of final order until the privy, &c, be removed

১৬। নগরের মধ্যে কোন বাড়ীর কি ভুমির কর্ত্তা যদি সরকারী রাস্তা কি পথহইতে দশ ফুটের মধ্য কোন স্থানে কোন টাটী কি মলমূত্র ত্যাগ করিবার স্থান রাখে, তবে মাজিষ্ট্রেট সাহেব তাহাকে সেই টাটী-প্রভৃতি সরাইয়া দিবার নোটিস দিতে পারিবেন। সেই নোটিসে ঐ টাটী প্রভৃতি উঠাইয়া দিবার কিম্বা সেই নোটিস রহিত করিতে প্রার্থনা করিবার সময় নির্দ্দিষ্ট থাকিবে। এবং উপযুক্ত হেতু দর্শান না যাওয়াতে যদি মাজিষ্ট্রেট সাহেব ঐ নোটিস রহিত না করেন, তবে ঐ নোটিসের মিয়াদ কিম্বা শেষ আজ্ঞার মিয়াদ ফুরাইলে পর যত দিন সেই টাটীপ্রভৃতি উঠাইয়া না দেওয়া যায় তত দিন সেই ব্যক্তির দিনপ্রতি ৩৲ টাকা জরীমানা হইতে পারিবে।

17 If any person shall bury or allow to be buried within limits, &c, leave night-soil or other offensive matter within the premises occupied by him, he shall be liable to a fine which may extend to Rs. 20 Provided that this penalty shall not extend to manure heaps until notice to remove them have been issued by the Health Officer The Magistrate may issue notice ordering any person to remove any offensive matter that may be buried on the premises occupied by him within limits, &c, within a specific term Any person neglecting to comply with such notice shall be liable to a daily fine not exceeding Rs 2 from the date of the expiry of notice

১৭। কোন ব্যক্তি উক্ত সীমাপ্রভৃতির অন্তর্গত আপনার দখল করা বাড়ীর মধ্যে মলাদি কোন দুর্গন্ধ দ্রব্য পুঁতিলে কি পোতাইয়া দিলে কি ফেলিয়া রাখিলে তাহার ২০৲ টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবে। কিন্তু সারের ঢিবি থাকিলে স্বাস্থ্য রক্ষক সাহেব তাহা উঠাইয়া দিবার আজ্ঞা না দিলে সেই ঢিবির প্রতি এই দণ্ড খাটিবে না। উক্ত সীমার অন্তর্গত কোন ব্যক্তির দখল করা বাড়ীর মধ্যে কোন দুর্গন্ধ দ্রব্য পোতা গেলে মাজিষ্ট্রেট সাহেব তাহাকে নির্দ্দিষ্ট সময়ের মধ্যে সেই দ্রব্য স্থানান্তর করিবার নোটিস দিতে পারেন। কোন ব্যক্তি ঐ নোটিসের মিয়াদ ফুরাইবার পর সেই নোটিস অনুসারে কার্য্য করিতে শৈথিল্য করিলে তাহার দিনপ্রতি ২৲ টাকার অনধিক জরীমানা হইতে পারিবে।

18 If any person shall dispose, or cause to be disposed of, within the limits of Pooree any corpse or part of a corpse otherwise than by burning or burying it at or in some burning or burial-ground specially set apart for that purpose, fixed by the Magistrate, with the assent of the Health Officer for that purpose, he shall be liable to a fine not exceeding Rs 10

১৮। পুরী নগরের সীমার মধ্যে শবদাহ করিবার কি পুঁতিবার জন্যে মাজিষ্ট্রেট সাহেব স্বাস্থ্যরক্ষক সাহেবের সম্মতিক্রমে যে শ্মশান কি কবরস্থান নিরূপণ করেন কোন ব্যক্তি সেই স্থানে শব কি শবের কোন অঙ্গ দাহ না করিয়া কি না পুতিয়া অন্য স্থানে ফেলিলে কি ফেলাইলে তাহার ১০৲ টাকার অনধিক জরীমানা হইতে পারিবে।

19 Whoever shall keep carts and bullocks or any cattle in any public place within the limits of Pooree for more than twenty-four hours, except in some place recognised as a public camping ground, shall be liable to a fine not exceeding Rs 5 for each day or part of a day for each cart and bullock, and for each other beasts of draught or burden which he may so keep No ground shall be considered a public camping ground until a notice board defining its limits shall have been set up thereon

১৯। পুরীর সীমার মধ্যে গাড়ী বলদাদি থাকিবার আড্ডা বলিয়া যে স্থান সকলেরই জানা আছে, কোন ব্যক্তি সেই স্থানভিন্ন সাধারণের যাতায়াত করিবার অন্য স্থানে চব্বিশ ঘণ্টার অধিক কাল গাড়ী কি বলদ কি অন্য পশু রাখিলে প্রতিদিনের ও দিনের অংশের নিমিত্ত প্রত্যেক গাড়ীর ও বলদের কিম্বা গাড়ী টানিবার কি ছালা বহিবার অন্য যে জন্তু তদ্রূপে রাখে তাহার জন্যে তাহার ৫৲ টাকা পর্য্যন্ত জরীমানা হইতে পারিবে। সাধারণের গাড়ীপ্রভৃতি রাখিবার জমীর সীমা নিরূপণ করিয়া সেই সীমানিরূপক নোটিসের তক্তা লটকাইয়া না দেওয়া গেলে সেই জমী গাড়ী বলদাদির আড্ডা বলিয়া জ্ঞান করিতে হইবে না।

20 Any person allowing land or premises occupied by him within the limits, &c, as above to be used as a camping place for cattle, carts or any beasts of draught or burden, shall be bound to permit such premises to be inspected by the Health Officer or Magistrate, or any officer they may depute, and shall be liable to any penalty

২০। কোন ব্যক্তি উক্ত সীমার মধ্যে আপনার দখলী কোন ভুমি কি বাড়ী বলদাদি কি গাড়ী কি গাড়ী টানিবার কি ছালা বহিবার অন্য জন্তুর আড্ডার মত ব্যবহার হইতে দিলে, স্বাস্থ্যরক্ষক কি মাজিষ্ট্রেট সাহেবকে কিম্বা তাঁহারদের প্রেরিত কার্য্যকারককে তাঁহারদের সেই ভূম্যাদিতে গিয়া দৃষ্টি করিবার অনুমতি দিতে হইবে। ও তাহারদের বাড়ীর মধ্যে

provided for any infringement of the law or bye-laws committed on his premises

21. It shall be lawful for the Magistrate, with assent of the Health Officer, to except bathing from the penalties provided in section 31 of the Act, and to appropriate any such tank to domestic purposes and to bathing under such restrictions as may be approved by the committee. No such tank shall be considered as legally set apart under that section until a legible notice board shall have been set up.

22. The Hindu members of the Committee shall constitute a standing sub-committee for the purpose of inspecting the interior of the temple and bringing to notice any infringement of the laws and bye-laws that may be committed within it and for proposing any measures for sanitation and proper conservancy within the temple. Provided that the Magistrate shall carry out all works of sanitation or conservancy inside the temple through the superintendent.

23. The Magistrate, with approval of the Commissioner, may by public proclamation prohibit the sale of fish within the town limited as above, except in certain places specified. Whoever shall offer for sale fish unfit for food, or shall offer for sale any fish in any part of the town except the places notified, shall be liable to a fine not exceeding Rs. 10.

PART V.

Miscellaneous.

24. Every lodging-house keeper taking out a license under this Act shall provide himself with a copy of the Act and with a printed copy of the notice prescribed in section 14, which notice shall be in the form shown in appendix A of these bye-laws.

25. The register referred to in section 15 of the Act shall be in the form shown in appendix B of these bye-laws.

26. There shall be hung up in each compartment of a lodging house a board on which shall be legibly written in Ooriah, Bengali, and Hindustanee the dimensions of such department and the number of pilgrims it can properly accommodate, and this board shall bear the signature of the Health Officer.

27. Every lodging house keeper shall be bound, on requisition by the Health Officer, to provide himself with tickets or token bearing consecutive numbers, and to furnish each of his lodgers with one of such tickets or tokens.

আইন কি উপবিধি লঙ্ঘন হইলে তাহারা দণ্ডের যোগ্য হইবে।

২১। আইনের ৩১ ধারায় যেং কার্য্যের দণ্ডের বিধান হইয়াছে মাজিষ্ট্রেট সাহেব স্বাস্থ্যরক্ষক সাহেবের সম্মতিক্রমে সেইং কার্য্যহইতে স্নান করা বর্জ্জিত করিবা কমিটী নিষেধপূর্ব্বক যে বিধির অনুমোদন করেন সেই বিধিমতে গৃহের কার্য্যের ও স্নানাদির নিমিত্ত কোনং পুষ্করিণী নিরূপণ করিতে পারিবেন। সকলেই পাঠ করিতে পারে এমত নোটিস তক্তায় লেখাইয়া সেই তক্তা পুষ্করিণীর পারে লটকাইয়া দেওয়া না গেলে সেই পুষ্করিণী আইনমতে উক্ত কার্য্যে নিরূপণ হইয়াছে এমত জ্ঞান করিতে হইবে না।

২২। কমিটীর অন্তর্গত যে ব্যক্তিরা হিন্দু, তাঁহারা মন্দিরের অন্তর্ভাগ দৃষ্টি করিবার ও তন্মধ্যে আইন ও উপবিধি লঙ্ঘনপূর্ব্বক কোন কার্য্য করা গেলে তাহা জানাইবার ও মন্দিরের মধ্যে স্বাস্থ্যরক্ষার ও উপযুক্তমত সৌষ্ঠব করণের কোন উপায়ের প্রস্তাব করিবার নিমিত্ত স্থায়ি সব-কমিটী হইবেন। পরন্তু মন্দিরের মধ্যে স্বাস্থ্য রক্ষার কিম্বা সৌষ্ঠব করণের কোন কার্য্য করিতে হইলে মাজিষ্ট্রেট সাহেব মন্দিরের অধ্যক্ষদ্বারা সেইং কার্য্য করাইবেন।

২৩। পূর্ব্বোক্ত সীমার অন্তর্গত নগরের নির্দ্দিষ্ট কোন স্থানভিন্ন অন্য স্থানে মাছ বিক্রয় না হয়, মাজিষ্ট্রেট সাহেব কমিশ্যনর সাহেবের অনুমোদনক্রমে এমত ঘোষণাপত্র প্রকাশ করিতে পারিবেন। কোন ব্যক্তি আহারের অনুপযুক্ত মাছ বিক্রয়ার্থে দেখাইলে কিম্বা নগরের যেং স্থান উক্ত প্রকারে নির্দ্দিষ্ট হয় কোন ব্যক্তি তদ্ভিন্ন কোন স্থানে মাছ বিক্রয়ার্থে দেখাইলে তাহার ১০ টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে।

৫ অধ্যায়।

বিবিধ বিষয়ের বিধি।

২৪। যে ব্যক্তি বাসাবাড়ী রাখিবার জন্যে এই আইনমতে লাইসেন্স লন তিনি এই আইনের এক কেতা ও ১৪ ধারার নির্দ্দিষ্ট এককেতা ছাপা নোটিস ক্রয় করিবেন। সেই নোটিস এই উপবিধির A চিহ্নিত ক্রোড়পত্রের পাঠানুসারে লেখা যাইবে।

২৫। আইনের ১৫ ধারায় যে-রেজিষ্টরের উল্লেখ হইয়াছে তাহা এই উপবিধির B চিহ্নিত ক্রোড়পত্রের পাঠানুসারে লিখিতে হইবে।

২৬। বাসাবাড়ীর প্রত্যেক ঘর কত লম্বা ও চৌড়া ও তাহার মধ্যে কত জন যাত্রী স্বচ্ছন্দে থাকিতে পারে এইং কথা তক্তায় উড়িয়া ও বাঙ্গলা ও হিন্দুস্থানী ভাষার অক্ষরে স্পষ্ট লিখিত হইয়া সেইং ঘরে লটকান থাকিবে। ও সেই তক্তায় স্বাস্থ্যরক্ষক সাহেবের স্বাক্ষর থাকিবে।

২৭। স্বাস্থ্যরক্ষক সাহেব আজ্ঞা দিলে বাসাবাড়ীর প্রত্যেক জন রক্ষক কএক খানি টিকিট লইয়া নিকট রাখিবেন সেই সকল টিকিটে একাদিক্রমে নম্বর দেওয়া যাইবে। বাসাবাড়ীর মধ্যে যত জন আসিয়া থাকে তাহাদের প্রত্যেক জনকে একং টি টিকিট দিতে হইবে

28. For the purposes of this Act the year shall be considered to commence from 1st April, and all licenses shall run from that date.

29. Every panda or other person who brings pilgrims to Pooree shall be bound to furnish the Magistrate or Health Officer with any information they may require as to the disposal of such pilgrims in the town of Pooree, any refusal to furnish such information shall be punished with a fine not exceeding Rs 20, and any false information as to such disposal of pilgrims shall render the person giving it liable to prosecution under section 177 of the Indian Penal Code

A Mackenzie,
Offg Secy to the Govt of Bengal

[Second Publication]

Circular No 34

JUDICIAL DEPARTMENT

Judicial

To all Commissioners and all Magistrates of Districts,—(dated Calcutta, the 1st July 1872)

I am directed to call your very particular attention to the new Code of Criminal Procedure, Act X of 1872, which will come into force on 1st September next

2 The changes in the powers and position of Magistrates effected by the Code are so considerable, that it will be desirable to re gazette all Magistrates with the powers which it is deemed desirable to invest them with under the new law The Lieutenant Governor accordingly wishes to have submitted to him complete lists of Officers and Honorary Magistrates, with the powers for which each is recommended These are to be submitted by Magistrates of districts through the Commissioners

3 Magistrates will now be first, second, and third class, and Special Magistrates (section 12) Also power is taken, and will be very freely used, for the creation of benches of Magistrates (sections 50 to 56), and powers of summary trial may be conferred on any first class Magistrate and on benches of Magistrates (sections 222 to 230)

4 The powers of Magistrates of the first and second class are considerably enlarged Grievous hurt by dangerous weapons, false evidence, and some other offences hitherto exclusively triable by Courts of Sessions, may in future be tried by

[*Government Gazette*, 23rd *July* 1871]

২৮। এই আইনের কার্য্য পক্ষে আপ্রিল মাসের ১ তারিখঅবধি বৎসরের আরম্ভ হইবে। লাইসেন্স সকল সেই তারিখঅবধি চলিবে।

২৯। কোন পাণ্ডা কি অন্য ব্যক্তি পুরীতে যাত্রিদিগকে আনিলে তাহারদিগকে নগরের কোন্ স্থানে থাকিতে দেওয়া গেল এই কথা মাজিষ্ট্রেট কি স্বাস্থ্যরক্ষক সাহেবকে ঐ পাণ্ডা প্রভৃতির জানাইতেই হইবে। তাহা জানাইতে অস্বীকার করিলে ২০৲ টাকা পর্য্যন্ত জরীমানা হইতে পারিবে। ঐ যাত্রিদিগকে যে স্থানে রাখা গেল এই বিষয়ের কোন মিথ্যা সন্ধান জানান গেলে ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১৭৭ ধারামতে অভিযোগ হইতে পারিবে।

এ ম্যাকিন্সি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

[দ্বিতীয়বার প্রকাশিত]

৩৪ নং সর্কুলর।

জুডিশ্যল ডিপার্টমেণ্ট।

জুডিশ্যল।

সকল কমিশ্যনর সাহেব ও সকল জিলার মাজিষ্ট্রেট সাহেব সমীপেষু।—(কলিকাতা ১৮৭২ সাল ১ জুলাই।)

১৮৭২ সালের ১০ আইন অর্থাৎ ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের নূতন আইন আগামি সেপ্টেম্বর মাসের ১ তারিখঅবধি প্রচলিত হইবে। তৎপ্রতি বিশেষমতে তোমার মনোযোগ করাইবার আদেশ হইল।

২। উক্ত আইনদ্বারা মাজিষ্ট্রেটদের ক্ষমতার ও পদসংক্রান্ত অবস্থার অধিক পরিবর্ত্তন হওয়াতে নূতন আইনঅনুসারে যে২ মাজিষ্ট্রেটের প্রতি যে২ ক্ষমতা প্রদান করা বিহিত বোধ হয় সেই২ ক্ষমতা বিশিষ্ট বলিয়া সেই২ মাজিষ্ট্রেটের নাম পুনশ্চ গেজেটে প্রকাশ করা উচিত হইবে। অতএব যে২ কর্ম্মকারকদের ও অবৈতনিক যে২ মাজিষ্ট্রেটের প্রতি যে২ ক্ষমতা প্রদান করিবার পরামর্শ হয় শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব সেই২ ক্ষমতা নির্দ্দেশক কথার সহিত সেই২ কর্ম্মকারকদের নামনির্ঘণ্ট পাইতে চাহেন। জিলার মাজিষ্ট্রেট সাহেবেরা কমিশ্যনর সাহেবদেরদ্বারা ঐ নির্ঘণ্টপত্র পাঠাইবেন।

৩। এই অবধি মাজিষ্ট্রেটেরা প্রথম ও দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেট ও বিশেষ মাজিষ্ট্রেট হইবেন (১২ ধারা)। আর মাজিষ্ট্রেটদের বেঞ্চ (অর্থাৎ একত্র অধিবেশন) নিরূপণ করিবার ক্ষমতা গ্রহণ করা গিয়াছে (৫০ অবধি ৫৬ পর্য্যন্ত ধারা) ও সেই ক্ষমতামতে অতিবিস্তররূপে কার্য্য হইবে। এবং প্রথম শ্রেণীর কোন মাজিষ্ট্রেটের প্রতি ও মাজিষ্ট্রেটদের বেঞ্চের প্রতি সরাসরীমতে বিচার করিবার ক্ষমতা দেওয়া যাইতে পারিবে। (২২২ অবধি ২৩০ পর্য্যন্ত ধারা)

৪। প্রথম ও দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটদের ক্ষমতা অত্যন্ত বৃদ্ধি করা গিয়াছে। প্রাণাশঙ্কাজনক অস্ত্রদ্বারা গুরুতর আঘাত করণ ও মিথ্যা সাক্ষ্য দেওন প্রভৃতি কএক অপরাধ অদ্যাপি কেবল সেশন আদালতের বিচার্য্য আছে। উত্তরকালে প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেট সেই২

a Magistrate of the first class, and very large classes of cases of common occurrence, hitherto triable by a first class Magistrate only, are now made triable by a Magistrate of the second class, who has also now power to pass a sentence of solitary confinement

5 In fact, it may be said that almost all offences are now either entered in column 7 of the schedule as triable by the Court of Sessions, or are triable by a Magistrate of the second class Almost the only cases entered as triable exclusively by a Magistrate of the first class are a very few offences by or relating to public servants (Penal Code, sections 163, 166, 169), and against public justice (sections 201, 208, 209, 210, 211, 215, 216), which are not so much separate offences in themselves as offences occurring in the course of judicial proceedings Practically, then, all sub divisional officers and second class Magistrates invested with power to commit for trial will have, either in virtue of their own powers, or as qualified to hold preliminary inquiry in sessions cases, jurisdiction in nearly every case that can occur, and there is not the same necessity as before for giving first class powers, except where an officer is in every way fully qualified for such powers and there is real need for a Magistrate of that rank

6 A second class Magistrate in charge of a sub-division has, as such, very large powers Also, when in cases within his jurisdiction he deems a more severe punishment than he can give necessary, he can send on the file for orders to the Magistrate of the district after completing the trial And in those sessions cases which are also triable by a first class Magistrate, if he deems that the case may best be tried by the latter officer, he can stop the preliminary inquiry at any stage and send the parties and witnesses on to the first class Magistrate

7 All Magistrates in charge of sub-divisions will be able to hear on complaint, and to take up without complaint, cases within their jurisdiction, but the Lieutenant-Governor will invest all Magistrates of districts with power under section 48 to withdraw from any Magistrate subordinate to him the cognizance of any classes of cases which he may think proper to reserve

অপরাধের বিচার করিতে পারিবেন। নানাবিধ প্রকারের অনেক মোকদ্দমা পূর্ব্বাবধি কেবল প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের বিচার্য্য ছিল ইহার পর দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেট তাহার বিচার করিতে পারিবেন। আর তিনি নির্জ্জনে কারাবদ্ধ হওন দণ্ডেরও আজ্ঞা করিতে পারিবেন।

৫। ফলতঃ প্রায় সমস্ত অপরাধ তফসীলের ৭ ঘরে, হয় সেশন আদালতের না হয় দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের বিচার্য্য বলিয়া লেখা গিয়াছে। প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেট ভিন্ন অন্য শ্রেণীর মাজিষ্ট্রেটের অবিচার্য্য বলিয়া যেং অপরাধ লেখা হইয়াছে তন্মধ্যে কেবল রাজকীয় কার্য্যকারকদের কৃত কিম্বা তাঁহারদের সম্পর্কীয় কএকটি অপরাধমাত্র (দণ্ডবিধির আইনের ১৬৩ ১৬৬, ১৬৯ ধারা) এবং সাধারণের ন্যায় বিচারের বিপক্ষ কএক অপরাধ (২০৪, ২০৮, ২০৯, ২১০, ২১১, ২১৫, ২১৬ ধারা)। তাহাও স্বতন্ত্র অপরাধ নয় বরং আদালতের কার্য্যানুষ্ঠানক্রমিক যে অপরাধ হইয়া থাকে তাহাই। ফলিতার্থে সকল মহকুমার কর্ম্মকারক ও দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটেরা বিচারার্থে ব্যক্তিদিগকে সমর্পণ করিবার ক্ষমতাপ্রাপ্ত হইলে, স্বকীয় ক্ষমতার বলে অথবা সেশন আদালতের বিচার্য্য মোকদ্দমার প্রথমস্থলীয় তদন্ত লইবার ক্ষমতাপন্ন হওয়াপ্রযুক্ত প্রায় সমস্ত প্রকারেরই মোকদ্দমার বিচারাধিপত্য প্রাপ্ত হইলেন। অতএব পূর্ব্ববৎ প্রথম শ্রেণীর ক্ষমতা প্রদান করিবার আর তাদৃশ আবশ্যক নাই কেবল কোন কর্ম্মকারক সর্ব্বতোভাবে সেই ক্ষমতা পাইবার সম্পূর্ণ যোগ্য হইলে ও সেই শ্রেণীর মাজিষ্ট্রেটের নিতান্ত আবশ্যক থাকিলে ঐ ক্ষমতা প্রদান করা যাইতে পারিবে।

৬। দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেট মহকুমার কার্য্যাধ্যক্ষতা ভারপ্রাপ্ত হইলে তাঁহার সেই পদপ্রযুক্ত অতিবিস্তৃত ক্ষমতা থাকিবে। আরো আপনার বিচার্য্য কোন মোকদ্দমায় তিনি যে পর্য্যন্ত দণ্ডের আজ্ঞা করিতে পারেন তদধিক দণ্ড হওয়া আবশ্যক বিবেচনা করিলে, তিনি বিচার কার্য্য সমাপ্ত করিলে পর জিলার মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞার জন্যে তাঁহার নিকট মোকদ্দমার নথী পাঠাইতে পারিবেন। এবং সেশন আদালতের বিচার্য্য যে মোকদ্দমা প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটেরও বিচার্য্য হয় শেষোক্ত কার্য্যকারকদ্বারা সেই মোকদ্দমার বিচার হওয়া শ্রেয় জ্ঞান করিলে, তিনি প্রথম স্থলীয় তদন্ত লওনের কোন সময়ে সেই তদন্ত কার্য্য স্থগিত রাখিয়া প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের নিকটে বাদি প্রতিবাদিকে ও সাক্ষিদিগকে পাঠাইতে পারিবেন।

৭। মহকুমার কার্য্যাধ্যক্ষতা ভার প্রাপ্ত সকল মাজিষ্ট্রেট আপনং বিচার্য্য মোকদ্দমা নালিশমতে শুনিতে পারিবেন কিম্বা নালিশ না হইলেও বিচার করিতে পারিবেন। কিন্তু জিলার মাজিষ্ট্রেট সাহেব নিজে যে কোন প্রকারের মোকদ্দমা বিচার করা উচিত জ্ঞান করেন তিনি আপনার অধীন কোন মাজিষ্ট্রেটের নিকটহইতে তাহা উঠাইয়া লইয়া যেন আপনি বিচার করেন এই নিমিত্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব ৪৮ ধারামতে সকল জিলার মাজিষ্ট্রেট সাহেবকে উক্ত ক্ষমতা প্রদান করিবেন।

8 No Magistrate other than the Magistrate of the district or of a sub-division of district has power to entertain any case (not made over to him) unless he is specially authorized to do so.

9 It will be observed that in most cases authority to hear complaints and exercise certain powers may be delegated by the Magistrate of the district to his subordinates, but there are some powers which can only be given by the Government and when it is desired to give these powers to any officer, special application must be made That will principally be necessary in the case of Magistrates *not* in charge of sub-divisions, the latter having by the law very large powers, subject to reservation by the Magistrate of the district

10 A new provision of very great importance is that for giving power of summary trial (sections 222-230) This power must only be entrusted to first class Magistrates of approved efficiency and discretion At the same time it will be a very great advantage that competent officers should exercise the power The qualifications of each first class Magistrate must then be very carefully considered, and recommendation made accordingly to give or not to give him this summary power

11 The Lieutenant-Governor hopes that he may be able very freely to use the power of appointing benches of Magistrates and special Magistrates Most of the Honorary Magistrates may probably be utilized under these designations, and many new ones may be created for the purpose The Lieutenant-Governor thinks it most desirable that petty assaults and such cases should be disposed of summarily (under the provisions of section 225) by a bench sitting say once a week, and composed either of one paid and one or two unpaid Magistrates or wholly of unpaid Magistrates Possibly an arrangement might be made by which a sub divisional officer or other paid Magistrate should visit by way of circuit several of the most important places in each sub-division, and sitting with the local Magistrates of each place dispose periodically of all the petty cases without any cumbrous procedure or record of evidence

And whether as benches or as special Magistrates, the Lieutenant-Governor hopes that the leading men of each considerable Municipality

৮। জিলার মাজিষ্ট্রেট ও জিলার মহকুমার মাজিষ্ট্রেট ভিন্ন কোন মাজিষ্ট্রেটের প্রতি মোকদ্দমা অর্পণ না করা গেলে তিনি তাহা গ্রাহ্য করিতে পারিবেন না। কেবল বিশেষ অনুমতি প্রাপ্ত হইলে গ্রাহ্য করিতে পারিবেন।

৯। ইহাও দৃষ্ট হইবে যে প্রায় সমস্ত স্থলে জিলার মাজিষ্ট্রেট সাহেব আপনার অধীন মাজিষ্ট্রেটদের প্রতি নালিশ শুনিবার ও কোনং ক্ষমতামতে কার্য্য করিবার শক্তি প্রদান করিতে পারিবেন। কোনং ক্ষমতা কেবল গবর্ণমেণ্টহইতে প্রদান করা যাইতে পারিবে। কোন কার্য্যকারকের প্রতি সেই ক্ষমতা প্রদান করা বিহিত বোধ হইলে তদর্থে বিশেষ প্রার্থনা করিতে হইবে। ফলতঃ যে মাজিষ্ট্রেটদের প্রতি মহকুমার কার্য্যাধ্যক্ষতা ভার না থাকে, প্রায়ই কেবল তাঁহাদের পক্ষে তদ্রূপ ক্ষমতা প্রদান করিবার প্রার্থনা করা আবশ্যক হইতে পারিবে। যেহেতুক মহকুমার অধ্যক্ষতা ভারপ্রাপ্ত মাজিষ্ট্রেটদের এপর্য্যন্ত বিস্তৃত ক্ষমতা আছে কেবল আইনমতে জিলার মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞাধীনে তাহা খর্ব্ব করা যাইতে পারিবে।

১০। সরাসরীমতে বিচার করিবার ক্ষমতা প্রদান করণসূচক এক নূতন বিধান অত্যন্ত গুরুতর। (২২২ অবধি ২৩০ পর্য্যন্ত ধারা)। প্রথম শ্রেণীর যে মাজিষ্ট্রেটদের কর্ম্মোপযোগিতা ও সদ্বিবেচনা প্রমাণিত হইয়াছে কেবল তাঁহাদেরই প্রতি ঐ ক্ষমতা দেওয়া যাইবে। তথাচ উপযুক্ত অন্য কার্য্যকারকেরাও সেই ক্ষমতামতে কার্য্য করিতে পাইলে অনেক উপকার দর্শিতে পারিবে। অতএব প্রথম শ্রেণীর প্রত্যেক মাজিষ্ট্রেটের যোগ্যতা গুণের অত্যন্ত সূক্ষ্ম বিবেচনা করিলে পর তাঁহাকে সেই সরাসরী ক্ষমতা প্রদান করিবার কি না করিবার পরামর্শ দিতে হইবে।

১১। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের প্রতি মাজিষ্ট্রেটদের বেঞ্চ ও বিশেষ মাজিষ্ট্রেটদিগকে নিযুক্ত করিবার যে ক্ষমতা প্রদান করা গিয়াছে তাঁহার সেই ক্ষমতামতে অতি বিস্তৃতরূপে কার্য্য করিবার আশা আছে। উক্ত নাম ধরিয়া প্রায় সমস্ত অবৈতনিক মাজিষ্ট্রেটের প্রতি কার্য্যার্পণ করা যাইতে পারিবে ও তদর্থে নূতন অনেক অবৈতনিক মাজিষ্ট্রেটও নিযুক্ত হইতে পারিবেন। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব বোধ করেন যে বেতনভোগি এক জন এবং অবৈতনিক এক কি দুই জন মাজিষ্ট্রেট কিম্বা কেবল অবৈতনিক কএক জন মাজিষ্ট্রেট অনুমান সপ্তাহান্তে একবার একত্র বসিয়া (২২৫ ধারার বিধানানুসারে) ক্ষুদ্রং আক্রমণ প্রভৃতির মোকদ্দমা সরাসরীমতে নিষ্পত্তি করিলের উত্তম হয়। অথবা মহকুমার কার্য্যকারক কিম্বা বেতন ভোগি অন্য মাজিষ্ট্রেট নিরূপিত সময়ান্তরে প্রত্যেক মহকুমার অন্তর্গত প্রধানং কএক স্থানে দাওরার মত ভ্রমণ করিয়া প্রত্যেক স্থানের মাজিষ্ট্রেটদের সঙ্গেং বসিয়া, কষ্টকর কার্য্যপ্রণালীবিনা ও সাক্ষ্য লিপিবদ্ধ না করিয়া ক্ষুদ্রং সকল মোকদ্দমা নিষ্পত্তি করিয়া ফেলেন এমত কোন নিয়মও করা যাইতে পারিবে।

আরো বৃহৎ প্রত্যেক মুনিসিপালিটীর প্রধানং ব্যক্তিরাই বেঞ্চ করিয়া কিম্বা বিশেষ মাজিষ্ট্রেটস্বরূপ হইয়া মুনিসিপাল সংক্রান্ত মোকদ্দমা ও ক্ষুদ্র অন্যং

might themselves dispose of the municipal and other petty cases He will therefore freely and readily receive applications for the investing very many respectable men with powers as special Magistrates

Under the provisions of section 52, the Magistrate of the district must make rules for the guidance of the benches of Magistrates sitting in his district, regarding the classes of cases to be tried, the times and places of sitting, the constitution of the bench, and the mode of settling differences of opinion These rules will much depend on local circumstances, and the Lieutenant Governor will therefore await the submission of proposed rules They should be sent to the Commissioner, collated by him, and submitted to Government with his remarks

12 In addition to the above noticed provisions for summary trial there are other provisions of the new Code calculated to diminish the burden of an excessive and laborious record of the evidence

There are some special provisions regarding evidence, sections 327 to 330, but the new section, which will give very great relief to all the Magistrates of the first and second class, is section 333 Under this provision these Magistrates will be relieved from taking full evidence, reading it over to the witnesses &c &c, in all cases of petty theft, house trespass, rioting, mischief &c —in fact in all the common classes of cases and will only be required to keep in all these as well as in all summons cases a mere memorandum or note of the *substance* of the evidence as it proceeds,—a process which ought not to be very long or tedious

13 It is also to be observed that under the provisions of sections 361 and 62 the Magistrate has now a discretion in regard to the summoning of unnecessary witnesses and will thus be able to keep cases within reasonable bounds

14 The full and formal record of evidence will be confined then to exceptionally heinous and important cases That being so the Lieutenant Governor thinks that the work will be quite manageable and he does not propose to alter the present rule requiring Magistrates to take down with their own hands any evidence that must be recorded

15 It is, however, different in regard to Session Judges Except in so far as the enlarged powers of the Magistrates may relieve them of some cases, their procedure is not abbreviated The Lieutenant-Governor has doubts whether

মোকদ্দমা নিষ্পত্তি করিবেন শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের এই বাসনা। অতএব সম্ভ্রান্ত অনেক ব্যক্তির প্রতি বিশেষ মাজিষ্ট্রেটের ক্ষমতা প্রদান করিবার প্রার্থনাপত্র প্রেরণ হইলে তিনি অবাধিতরূপে সানন্দে তাহা গ্রহণ করিবেন।

মাজিষ্ট্রেটদের বেঞ্চ কিং প্রকারের মোকদ্দমার বিচার করিবেন ও কোন্ সময়ে ও স্থানে অধিবিষ্ট হইবেন ও কাঁহাদিগকে লইয়া বেঞ্চ হইবে ও তাঁহাদের মতের বিভেদ হইলে কিরূপে তাহার নিষ্পত্তি হইবে তাঁহারা যে জিলায় অধিবিষ্ট হন ৫২ ধারার বিধানমতে সেই জিলার মাজিষ্ট্রেট সাহেবের সেইং বিষয়ের বিধি করিতে হইবে। স্থানবিশেষের ভাবগতিকানুসারে বিশেষং বিধি হইবার সম্ভাবনা অতএব যেং বিধি করিতে প্রস্তাব হইবে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব তাহার অপেক্ষায় থাকিবেন। সেইং বিধি কমিশনর সাহেবের নিকট পাঠাইতে হইবে তিনি তাহা সংগ্রহ করিয়া আপনার মন্তব্য কথার সহিত গবর্মেণ্টে পাঠাইবেন।

১২। নূতন আইনে সরাসরীমতে বিচার করিবার পূর্ব্বোক্ত বিধানভিন্ন সাক্ষ্য লিপিবদ্ধ করণস্বরূপ অতিরিক্ত ও কষ্টকর কার্য্য ন্যূন করিবার অন্যান্য বিধান আছে।

৩২৭ অবধি ৩৩০ পর্য্যন্ত ধারায় সাক্ষ্যবিষয়ক কএক বিশেষ বিধান আছে। কিন্তু নূতন ধারার মধ্যে ৩৩৩ ধারাক্রমে প্রথম ও দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটদের অত্যন্ত উপকার হইবে। এই বিধানমতে ক্ষুদ্রং দ্রব্য চুরী করণ ও পরগৃহে অনধিকার প্রবেশ করণ ও দাঙ্গা করণ ও অপকার করণপ্রভৃতির মোকদ্দমায়, ফলতঃ সামান্যতঃ যে প্রকারের মোকদ্দমা হইয়া থাকে, সেই মোকদ্দমায় উক্ত মাজিষ্ট্রেটেরা সম্পূর্ণ সাক্ষ্য লিখিয়া লওয়া ও সাক্ষিদের নিকট তাহা পাঠ করা প্রভৃতি কার্য্য হইতে মুক্তি পাইবেন। কেবল সেই মোকদ্দমায় এবং সমনের সকল মোকদ্দমায় তাঁহারা যে সময়ে সাক্ষ্য লন সেই সময়ে তাঁহাদের ঐ সাক্ষ্যের মর্ম্মাত্মক কথামাত্র লিখিয়া রাখিতে হইবে। এক কর্ম্ম বৃহৎ কি ক্লেশজনক হওয়া সম্ভাবনা নাই।

১৩। আরো দেখা যাইবে যে, ৩৬১ ও ৩৬২ ধারার বিধানমতে অনাবশ্যক সাক্ষিদিগকে সমন করা না করা মাজিষ্ট্রেটের বিবেচনাধীন রহিল। এই বিধি হওয়াতে তাঁহারা মোকদ্দমার যুক্তিসিদ্ধ সীমাতিক্রম হওয়া নিবারণ করিতে পারিবেন।

১৪। সাধারণাতীত সঙ্গীন ও গুরুতর মোকদ্দমা না হইলে তাহার সম্পূর্ণ সাক্ষ্য নিয়মমতে লিখিয়া রাখিতে হইবে না। এমত হওয়াতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব সেই কর্ম্ম অনায়াসে সাধ্য জ্ঞান করেন এবং যে সাক্ষ্য লিপিবদ্ধ করা আবশ্যক মাজিষ্ট্রেটদের স্বহস্তে তাহা লিখিয়া রাখিবার বর্ত্তমান যে বিধি আছে তাহা পরিবর্ত্তন করা তাঁহার মনস্থ নাই।

১৫। কিন্তু সেশন জজদের পক্ষে অন্যরূপ বিধান আছে। মাজিষ্ট্রেটদের ক্ষমতা বৃদ্ধি হওয়া প্রযুক্ত তাঁহারা কোনং মোকদ্দমার বিচার করিবার ভার হইতে মুক্তি পাইলেন, তদ্ভিন্ন তাঁহাদের কার্য্য প্রণালীর কিছুমাত্র খর্ব্বতা হয় নাই। সেশন আদালতে ক্রমশঃ দিন

all men are capable of taking down the evidence and conducting the cases efficiently at the same time, when a long trial and succession of trials is carried on from day to day and from week to week in the Sessions Court With reference, therefore, to the provisions of section 335, the Lieutenant Governor will be willing to consider the application of any overburdened Sessions Judge who may desire to be relieved of the duty of taking the full evidence in his own hand, and who would prefer to have a vernacular record of the evidence taken down by a skilled native writer, the Judge himself making only a memorandum of the substance of the evidence This however, will only be possible if a good and quick writer is available to take the evidence down

16 In connection with the subject of evidence, it will be observed that section 126 leaves no doubt of the full power of the criminal courts to make use of the police diaries during a trial

17 It is not necessary to enter here upon many other changes introduced by the new Code The provisions regarding jurisdiction over European British subjects and other matters speak for themselves, and principally involve judicial considerations The Lieutenant-Governor will then only add the hope that all officers will, without delay, make themselves thoroughly masters of the new Code, and he will hope for the early and careful submission of the lists called for by this circular, that he may be able in due time to confer the powers proper to be conferred on each class of officers and unpaid Magistrates and so may at the earliest possible time give full effect to the new Code

A Mackenzie
Offg Secy to the Govt of Bengal

দিন ও সপ্তাহ সপ্তাহ দীর্ঘ২ পরিমাণের মোকদ্দমার পর মোকদ্দমা বিচার করিতে হইলে সকলেই সাক্ষ্য লিখিয়া লইতে ও তৎসমকালে কার্য্যোপযোগি রূপে বিচার কার্য্যও চালাইতে পারেন কি না, এই বিষয়ে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের সন্দেহ আছে। অতএব কোন সেশন জজ সাহেবের হাতে অধিক কর্ম্মের ভার থাকা প্রযুক্ত তিনি স্বহস্তে সাক্ষ্য লিখিবার কার্য্য হইতে ক্ষমা পাইতে চাহিলে এবং এদেশীয় সুপটু লেখকদ্বারা দেশীয় ভাষায় সাক্ষ্য লেখাইয়া লইতে ও আপনি সাক্ষ্যের মর্ম্মাত্মক কথা মাত্র লিখিতে চাহিলে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব ৩৩৫ ধারার বিধান লক্ষ করিয়া তাঁহাদের প্রার্থনাপত্র বিবেচনা করিতে প্রস্তুত থাকিবেন। কিন্তু সাক্ষ্য লিখিবার জন্যে উত্তম যে লেখক ত্বরায় লিখিতে পারেন এমন ব্যক্তিকে না পাইলে উক্ত নিয়ম হইতে পারিবে না।

১৬। সাক্ষ্য বিষয়ক কথা সম্পর্কে ইহাও দৃষ্ট হইবে যে, বিচার করণ সময়ে ফৌজদারী আদালত পোলীসের রোজনামার ব্যবহার করিতে সম্পূর্ণ সক্ষম আছেন ১২৬ ধারার বর্ণনাক্রমে ইহার সন্দেহ মাত্র থাকে না।

১৭। নূতন আইনদ্বারা অন্য যেং বিধানের পরিবর্ত্তন হইয়াছে এই স্থলে তাহার বিস্তারিত লিখিবার প্রয়োজন নাই। ইউরোপীয় ব্রিটিস প্রজাদের উপর বিচারাধিপত্যের ও অন্যান্য বিষয়ের যেং বিধান আছে তাহা স্পষ্ট বুঝা যায় ও তন্মধ্যে বিচারাধিপত্য ঘটিত বিধান মাত্র আছে। অবশিষ্টের মধ্যে ঐ সকল কর্ত্তৃপক্ষ অবিলম্বে এই নূতন আইন সম্পূর্ণরূপে আয়ত্ত করিবেন এবং প্রত্যেক শ্রেণীর কর্ত্তৃপক্ষের ও অবৈতনিক মাজিষ্ট্রেটদের প্রতি যেং ক্ষমতা প্রদান করা উচিত শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব যথাকালে তাঁহাদের প্রতি সেইং ক্ষমতা প্রদান করিয়া যাহাতে ত্বরায় ঐ আইন সম্পূর্ণরূপে ফলবৎ করিতে পারেন এই নিমিত্ত তিনি এই সরক্যুলরে যে নির্ঘণ্টপত্র চাহিয়াছেন তাহা মনোযোগে প্রস্তুত হইয়া শীঘ্র প্রেরণ করা যাইবে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের এই মাত্র প্রত্যাশা করা কর্ত্তব্য।

এ মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

Public Works Department,—Bengal.

Local,—Communications
No 265
The 13th July 1872

Declaration under Section 6 of Act X of 1870 of the Government of India —Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense for a public purpose, viz for the construction of a public road, from the north bank of the Nova Bhangani River in Char Panchkatti to the outpost of Goshair Hât in Pergunnah Idilpur, passing through the following places —

Char Panchkatti, Maujahs Ghatakhan Hatarıa Mohis Kandi, Metrasenpatti, Tengra, Bejmsar,

বঙ্গদেশীয় পবলিক ওকস ডিপার্টমেণ্ট।

স্থানীয় সরণি বিষয়ক।
২৬৫ নম্বর।
১৮৭২ সাল ১৩ জুলাই।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামত বিজ্ঞাপন।—বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব অবগত হইয়াছেন যে সাধারণের উপকারার্থে অর্থাৎ চর পাঁচকাটির অন্তর্গত নয়াভাঙ্গনি নদীর উত্তর তট অবধি ইদিলপুর পরগণার গোসাইর হাট ফাঁড়ি পর্য্যন্ত নিম্নলিখিত স্থান দিয়া,—

অর্থাৎ বাকরগঞ্জ জিলার অন্তর্গত চর পাঁচকাটি ও ঘাটাখাঁ, হাতারিয়া মহিষকান্দি, মেত্রাসেনপাট্টি

Mulgaon, and Goshair Hât in the district of Backergunge, it is hereby declared that, for the above purpose, a piece of land measuring, more or less, in length about 5 miles and in width 80 feet, is required within the aforesaid district of Backergunge

This Declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern

---

COMMUNICATIONS

No 266

The 15th July 1872

Declaration under Section 6 *of Act X of* 1870 *of the Government of India* —Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz for the diversion of the road at the village of Sherite, in Pergunnah Magoorah, Zillah 24-Pergunnahs, it is hereby declared that, for the above purpose, a piece of land measuring, more or less, 5,488 superficial feet, or 7 cottahs and 12 chittacks nearly of standard measurement, bounded on the East by the present Government road, South by the garden land of Koroona Moye Thakooranie, West by the tenanted lands of Nim Chand Roy Chowdry, Bepin Behary Roy Chowdry, and Unnodapersaud Roy Chowdry, and North by the old Tolly Gunge Bazaar and the tenanted lands of Kallypudo Roy Chowdry, Gopaul Chunder Roy Chowdry, and Radhanauth Roy Chowdry and others, is required within the aforesaid village of Sherite

This Declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern

H LEONARD, C E,
Offg Secy to the Govt of Bengal,
P W D

IRRIGATION

NOTIFICATION

No 179

The 15th July 1872

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken at the public expense for a public purpose, viz for the construction of a weir across the Brahminee river at Jenapore, it is hereby declared that, for the above purpose, a strip of land comprising the bed and bank of the river Brahminee, and bounded on the North and South by the river

টেঙ্গ্রা, বেজিমসার, মলগাঁ ও গোঁসাইর হাট দিয়া সাধারণের পথ প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থ ব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত বাকরগঞ্জ জিলায় ন্যূনাধিক ৫ মাইল দীর্ঘ ৮০ ফুট প্রস্থ ভূমির প্রযোজন।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহারদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

বর্ত্মাদিবিষযক।

২৬৬ নম্বর।

১৮৭২ সাল ১৫ জুলাই।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামত বিজ্ঞাপন।—বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ ২৪ পরগনা জিলার অন্তর্গত মাগুড়া পরগনার শেরিট গ্রামে পথ ফিরাইবার নিমিত্ত রাজকীয় অর্থ ব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত শেরিট গ্রামে ন্যূনাধিক ৫,৪৮৮ সুপরফিশ্যল ফুট অর্থাৎ কট্টিমত পরিমাণের প্রায় ৷২৩ ছটাক পরিমিত ভূমির প্রযোজন। উক্ত ভূমির পূর্ব্ব সীমা বর্ত্তমান রাজপথ, দক্ষিণ সীমা করুণাময়ী ঠাকুরাণীর বাগাৎভূমি, পশ্চিম সীমা নিমচাঁদ রায় চৌধুরীর ও বিপিন বেহারী রায় চৌধুরীর ও অন্নদাপ্রসাদ রায় চৌধুরীর বায়তী ভূমি, উত্তর সীমা পুরাতন টালিগঞ্জ বাজার ও কালীপদ রায় চৌধুরীর ও গোপাল চন্দ্র রায় চৌধুরীর ও রাধানাথ রায় চৌধুরী প্রভৃতির বায়তী ভূমি।

উক্ত ভূমিতে যাঁহারদের সম্পর্ক থাকে তাঁহারদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

এচ লেনার্ড সি, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

জলসেচন সম্পর্কীয়।

বিজ্ঞাপন।

১৭৯ নম্বর।

১৮৭২ সাল ১৫ জুলাই।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ জেনাপুরে ব্রাহ্মণী নদীর আড়ভাবে বাঁধ প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে কটক জিলার অন্তর্গত ব্রাহ্মণী নদীর খাতের ও তটের ন্যূনাধিক ৩১৬ একর ২ রুড ২২ পোল ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর ও দক্ষিণ সীমা ব্রাহ্মণী

Brahminee; on the East by Mouzah Kuntia Kona; and on the West by Mouzah Jenapore, in the district of Cuttack, and measuring 316 acres 2 roods 22 poles, more or less, is required.

This Declaration is made, under the provisions of Section 6, Act X of 1870, to all whom it may concern.

No. 180

Amended Declaration under Act X of 1870 in supersession of the Declaration No. 35, dated the 5th May 1868, published at page 895 of the *Calcutta Gazette* of the 6th idem, so far as relates to such portions of the lands mentioned therein as have not yet been marked out or occupied

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up at the public expense for a public purpose, viz. for the making of five distributary and irrigating channels with their branches, and for one branch channel in connection with the main canal between Midnapur and Uluberia, it is hereby declared that, for the above purpose, fourteen strips of land, having a total length of 26¾ miles and an average breadth of 65 feet, more or less, are required. The channels with their branches and terminal stations are mentioned below:—

No. 1*D*.—Total length 4½ miles, remaining to be marked out 1¾ miles, more or less, branching from Chuck Murampur to Rautmanee.

No. 3.—Sultanpur channel, total length 12 miles, and remaining to be marked out 4½ miles, more or less, taking off from the main canals near Kanchdia and running Lutchmatpur.

No. 4*E*.—Total length 7 miles, remaining to be marked out 4 miles, more or less, branching from near Sorah to Pingla.

No. 14.—Panchkura channel, total length 7½ miles, and remaining to be marked out 1 mile, more or less, from Panchkura east to Jayramchook.

No. 14*A*.—Total length 2½ miles, remaining to be marked out 1½ miles, more or less, branching from Panchkura to Gar Purusothampur.

No. 14*B*.—Total length 5 miles, remaining to be marked out 1¼ mile, more or less, branching from Sorosuthoe to near Purusothampur.

No. 14*BBB*.—Total length 2 miles, remaining to be marked out ¼ mile, more or less, branching from Amdohee to Kanunah.

No. 14*BBBB*.—Total length 1 mile, remaining to be marked out ¼ mile, more or less, branching from near Raghunathpur to Kasarbone.

No. 15.—Naranpookria channel, total length 5 miles, and remaining to be marked out 3 miles, more or less, from Naranpookria to Durrachak.

নদী, পূর্ব্ব সীমা কুন্টীয়াকোণা মৌজা, পশ্চিম সীমা জেনাপুর মৌজা।

উক্ত ভূমিতে যাঁহারদের সম্পর্ক থাকে তাঁহারদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

---

১৮০ নম্বর।

১৮৬৮ সালের মে মাসের ৫ তারিখের ৩৫ নং যে বিজ্ঞাপন ঐ সালের ঐ মাসের ১২ তারিখের বাঙ্গলা গেজেটের ৫৬৯ পৃষ্ঠায় প্রকাশ হয় তল্লিখিত ভূমির যেং অংশ অদ্যাপি চিহ্ন কি দখল করা যায় নাই সেই অংশ সম্পর্কে ১৮৭০ সালের ১০ আইনমত সংশোধিত বিজ্ঞাপন প্রকাশ করা যাইতেছে।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ শাখাযুক্ত জল নিঃসরণার্থ ও জল সেচনার্থ পাঁচটী খাল এবং মেদিনীপুর ও উলুবেড়িয়ার মধ্যগত খালের সহিত সংযোগার্থ একটী শাখা খালের নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে মোটে ন্যূনাধিক ২৬৸০ মাইল দীর্ঘ ও গড়ে ৬৫ ফুট প্রস্থ পরিমাণের চৌদ্দ খণ্ড ভূমির প্রয়োজন। ঐ২ খাল ও উপশাখার ও তাহার শেষ সীমার কথা নিম্নে লেখা গেল।

১ D নং।—মোটে ৪।০ মাইল দীর্ঘ, চক মুরামপুর অবধি রৌতমানী পর্য্যন্ত যায়। ইহার মধ্যে ন্যূনাধিক ১৸ মাইল চিহ্ন দিতে বাকী আছে।

৩ নং।—সুলতানপুর খাল, মোটে ১২ মাইল দীর্ঘ, ন্যূনাধিক ৪।০ মাইল চিহ্ন দিতে বাকী আছে। কাঁচদিয়ার নিকট প্রধান খাল হইতে নির্গত হইয়া লচমাৎপুর পর্য্যন্ত যায়।

৪ E।—সোরার নিকট অবধি পিঙ্গলা পর্য্যন্ত মোটে ৭ মাইল দীর্ঘ, ইহার মধ্যে ন্যূনাধিক ৪ মাইল চিহ্ন দিতে বাকী আছে।

১৪ নং।—পাঁচকুড়া অবধি পূর্ব্বমুখে জয়রাম চক পর্য্যন্ত পাঁচকুড়া খাল, মোটে ৭।০ মাইল দীর্ঘ, ইহার মধ্যে ন্যূনাধিক ১ মাইল চিহ্ন দিতে বাকী আছে।

১৪ A নং।—পাঁচকুড়া অবধি গড় পুরুষোত্তমপুর পর্য্যন্ত মোটে ২।০ মাইল দীর্ঘ, ইহার মধ্যে ন্যূনাধিক ১।০ মাইল চিহ্ন দিতে বাকী আছে।

১৪ B নং।—স্বরস্বতী অবধি পুরুষোত্তমপুরের নিকট পর্য্যন্ত মোটে ৫ মাইল দীর্ঘ, ইহার মধ্যে ন্যূনাধিক ১।০ মাইল দিতে বাকী আছে।

১৪ B B B নং।—আমদহী অবধি কাননা পর্য্যন্ত মোটে ২ মাইল দীর্ঘ, ইহার মধ্যে ইহার মধ্যে ন্যূনাধিক ১০ মাইল চিহ্ন দিতে বাকী আছে।

১৪ B B B B নং।—রঘুনাথপুরের নিকট হইতে কশাড়বনি পর্য্যন্ত মোটে ১ মাইল দীর্ঘ, ইহার মধ্যে ন্যূনাধি।০ মাইল চিহ্ন দিতে বাকী আছে।

১৫ নং।—নারায়ণ পুকুরিয়া অবধি দড়াচক পর্য্যন্ত নারায়ণ পুকুরিয়া খাল মোটে ৫ মাইল দীর্ঘ, ইহার মধ্যে ন্যূনাধিক ৩ মাইল চিহ্ন দিতে বাকী আছে।

No. 16.—Sagarbar channel, total length 4 miles, and remaining to be marked out 2 miles, more or less, from Sagarbar to Angur.

No 16*A* —Total length 4 miles, remaining to be marked out 2 miles, more or less, branching from Sagarbar, *viâ* Koodalia to near Angur

No 18 —Kalpa channel, total length 10 miles, and remaining to be marked out 6 miles, more or less, from Kalpa tank to near Jelagurri

No 18*A*.—Total length 3½ miles, remaining to be marked out ½ mile, more or less, branching from Simulhanda to Digabar

This Declaration is made, under the provisions of Section 6 of the said Act X of 1870, to all whom it may concern

---

No 1811

Amended Declaration under the new Act X of 1870, in supersession of the Declaration No 53, dated the 28th November 1868, published at page 1930 of the *Calcutta Gazette* of the 2nd December of that year

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up at the public expense for a public purpose, viz for the making of two distributary and irrigation channels Nos 19 and 20, leading off from the main canal between Uluberia and Midnapur, it is hereby declared that, for the above purpose two strips of land, having a total length of 5 miles, and an average breadth of 60 feet, more or less, in each are required The channels with their terminal stations are mentioned below —

Distributary channel No 19, leading off from the main canal between the 15th and 16th mile from the village of Sagarbar to Padampur, length 2 miles, average breadth 60 feet, estimated quantity of land required is 14 acres 2 roods and 7 poles

Distributary channel No 20, leading off from the main canal between the 48th and 49th mile from the village of Kanchdia to Munigbar, length 3 miles, average breadth 60 feet, estimated quantity of land required is 21 acres 3 roods and 11 poles

This Declaration is made, under the provisions of Section 6 of the said Act X of 1870, to all whom it may concern

---

No 1821

Amended Declaration under the new Act X of 1870, in supersession of the Declaration No 32, dated 4th May 1869, published at page 1034 of the *Calcutta Gazette* of the 5th idem, so far as relates to the land required for an inspection bun-

১৬নং।—সাগরবার [illegible] অবধি আঙ্গুর পর্য্যন্ত সাগর-বার খাল মোট ৪ মাইল দীর্ঘ, ইহার মধ্যে ন্যূনাধিক ২ মাইল চিহ্ন দিতে বাকী আছে।

১৬A নং।—সাগরবার অবধি [illegible] আঙ্গুরের নিকট পর্য্যন্ত মোট ৪ মাইল দীর্ঘ, [illegible] মধ্যে ন্যূনাধিক ২ মাইল চিহ্ন দিতে বাকী আছে।

১৮ নং।—কল্প পুষ্করিণী অবধি জেলাগড়ীর নিকট পর্য্যন্ত কল্পখাল মোট ১০ মাইল দীর্ঘ, ইহার মধ্যে ন্যূনাধিক ৬ মাইল চিহ্ন দিতে বাকী আছে।

১৮A।—সিমুলহান্ডা অবধি দিগাবার পর্য্যন্ত মোট ৩॥ মাইল দীর্ঘ, ইহার মধ্যে ন্যূনাধিক ॥ মাইল চিহ্ন দিতে বাকী আছে।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধান-মতে এইসম্বাদ দেওয়া গেল।

১৮১১ নম্বর।

১৮৬৮ সালের নবেম্বর মাসের ২৮ তারিখের ৫৩ নম্বরের যে বিজ্ঞাপন ঐ সালের ডিসেম্বর মাসের ৮ তারিখের বাঙ্গলা গেজেটের ১৫৪২ পৃষ্ঠায় প্রকাশ হয় তাহা রহিত হইয়া ১৮৭০ সালের নূতন ১০ আইনমতে এই সংশোধিত বিজ্ঞাপন প্রকাশ করা যাইতেছে।

বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ উলুবেড়িয়া ও মেদিনীপুরের মধ্যগত প্রধান খালহইতে জল বিতরণার্থ ও জল সেচনার্থ ১৯ ও ২০ নম্বরের দুই খাল করিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে প্রত্যেক খণ্ডে মোট ৫ মাইল দর্ঘ ও গড়ে ৬০ ফুট প্রস্থ দুই খণ্ড ভূমির প্রয়োজন। ঐ খালের ও তাহার শেষ সীমার কথা নিম্নে প্রকাশ করা গেল।

সাগরবার গ্রাম অবধি পদ্মপুর পর্য্যন্ত ১৫শ ও ১৬শ মাইলের মধ্যগত প্রধান খালহইতে জলবিতরণার্থ ১৯ নং খাল ২ মাইল দীর্ঘ, ও গড়ে ৬০ ফুট প্রস্থ। প্রয়োজনীয় ভূমি অনুমান ১৪ একর ২ রুড্ ৭ পোল পরিমিত।

কাঁচদিয়া গ্রাম অবধি মণিগবার পর্য্যন্ত ৪৮শ ও ৪৯ শং মাইলের মধ্যগত প্রধান খালহইতে জলবিতরণার্থ ২০ নং খাল ৩ মাইল দীর্ঘ ও গড়ে ৬০ ফুট প্রস্থ। প্রয়োজনীয় ভূমি অনুমান ২১ একর ৩ রুড ১১ পোল পরিমিত।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধান-মতে এই সংবাদ দেওয়া গেল।

১৮২১ নম্বর।

দেবরা থানার অর্ন্তগত ইনস্পেক্শন বাঙ্গলা ঘরের ও তথায় গমনের পথের ও খালমোহানার নিকটস্থ জলবিতরণার্থ ৩ নং প্রধান খালের ধারের ইনস্পেক্শন বাঙ্গলাঘরে যাইবার পথের নিমিত্ত ভূমি গ্রহণার্থে ১৮৬৯ সালের মে মাসের ৪ তারিখের ৩২ নং যে বিজ্ঞাপন ঐ

[illegible] the inspection bunga- low on main distributary channel No. 3, near Khana Mohana.

Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up at the public expense for public purposes, viz.—for inspection bungalow and for roads specified below, it is hereby declared that, for the above purposes, 1 rood and 31 poles of land, more or less, are required in the district of Midnapur, being situated as follows:—

Definition of land

	A	R	P.
A plot of land for inspection bungalow on branch Debra near Bunniah, Pargana Sahapur, 3rd mile, 11th pin, length 150 feet, average width 100 feet, estimated area	0	1	15
A strip of land for road at the same place, length 150 feet, average breadth 20 feet, estimated area ..	0	0	11
A strip of land near Khana Mohana, Pargana Sahapur, for road leading to the inspection bungalow on main distributary channel No. 3, length 50 feet, average width 25 feet, estimated area	0	0	5
Total	0	1	31

This Declaration is made, under the provisions of Section 6 of the said Act X of 1870, to all whom it may concern.

F. T. Haig, *Lieut.-Col., R.E.,*
Off. Joint-Secy. to the Govt. of Bengal,
P. W. Dept., Irrgn. Branch.

Circular Orders of the Board of Revenue, L. P.

JUNE 1872.

V. H. Schalch, Esq.

Erratum

The asterisk opposite the Annual Return of Irrigation Statistics, referred to in Circular Order No. 2 of September 1871, should be expunged.

No. 9

In connection with the present system of conducting the settlements of land revenue in the

[*Government Gazette*, 23rd July 1872.]

[illegible] ঐ কার্য্যের [illegible] পুস্তার প্রকাশ [illegible] তাদের দুখন ১০ আইনের [illegible] প্রকাশ করা যাইতেছে।

বঙ্গদেশের শ্রীযুত লেফ্‌টেনেণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ নিম্নলিখিত ইনস্পেকশন বাঙ্গলা ঘরের ও পথের নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অত এব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে মেদিনীপুর জিলার অন্তর্গত নিম্নলিখিত স্থানে ন্যূনাধিক ১ রুড ৩১ পোল পরিমিত ভূমির প্রয়োজন।

ভূমির বিবরণ।

	এ	রু	পো
শাহপুর পরগনার বানিয়ার নিকট দেবরাশাখার ধারে তৃতীয় মাইলের ১১ নং খোঁটার নিকট ইনস্পেকশন বাঙ্গলা ঘরের নিমিত্তে ১৫০ দীর্ঘ ও গড়ে ১০০ ফুট প্রস্থ এক খণ্ড ভূমি কালিতে অনুমান .	০	১	১৫
সেই স্থানে পথের নিমিত্তে ১৫০ ফুট দীর্ঘ ও গড়ে ২০ ফুট প্রস্থ এক খণ্ড ভূমি কালিতে অনুমান ..	০	০	১১
শাহ পরগনার খানা মহনার নিকট জলবিতরণার্থ ৩ নং প্রধান খালের ধারে ইনস্পেকশন বাঙ্গলায় যাইবার পথের নিমিত্তে ৫০ ফুট দীর্ঘ ও গড়ে ২৫ ফুট প্রস্থ এক খণ্ড ভূমি কালিতে অনুমান .	০	০	৫
মোটে	০	১	৩১

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক আছে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের বিধানমতে এই সম্বাদ দেওয়া গেল।

টি, এফ, হেগ, লেপ্টেনেণ্ট কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে জল সেচন শাখার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং জাইণ্ট সেক্রেটারী।

বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সরকুলর অর্ডর।

১৮৭২ সাল জুন মাস।

শ্রীযুত বি এচ শক সাহেব।

অশুদ্ধ শোধন।

১৮৭১ সালের সেপ্টেম্বর মাসের ২ নং সরকুলার অর্ডরে জলসেচনসংক্রান্ত কার্য্যের যে বার্ষিক রিটর্ণের উল্লেখ হইয়াছে তাহার অগ্রভাগে * এইরূপ যে চিহ্ন দেওয়া গেল তাহা ত্যাগ করিতে হইবে।

৯ নম্বর।

বঙ্গপ্রভৃতি দেশের ভূমির রাজস্বের বন্দোবস্ত করিবার যে নিয়ম চলন আছে, তৎসম্পর্কে গবর্ণমেণ্ট

Lower Provinces, the Government have approved of the following amendments being made in Chapter XX of the Board's Rules:—

1*st*. Add a column, headed "Nature of tenure under which land is held," after the last column, in each of the forms Nos. 2 to 7, and after column 8 in form No 8.

2*nd* For the fourth heading of form No 19 substitute —"Persons capable of being admitted to settlement under each of the modes of settlement prescribed in Government Order No 3156 of 21st August 1871, with full explanation of their rights and position, and of the reason for the selection of the mode of settlement proposed to be adopted.

3*rd* With reference to the eleventh heading of the Amin's report, form No 10, add a column in form No 19, thus—"Settlement Officer to make a clear and distinct statement of the rights claimed by each class of tenants in the estate, and to what extent such claims have been admitted, with an expression of his opinions in respect to the mode of settlement which should be adopted, and his reasons for that opinion in full"

4*th* For clause 3, section 9, substitute—"When all the subordinate arrangements have been completed, the settling officer should procure the attendance of the party entitled to settlement, and call upon him to sign the kabulyat, or state in writing his objections These objections, if any, must receive consideration and be obviated if practicable, but should they be such as are not entitled to attention, the reasons for rejecting them and otherwise disposing of the estate should be recorded"

5*th* Add to the above section as Clause 3 A—
"When it is found necessary, in consequence of "the recusance of the party entitled to settlement, "to engage with other parties for the payment of "the Government revenue, the preference should "be given (1) to a farming settlement with one "or more of the head ryots on the estate, (2) "to khas management, (3) to a farming lease "to an outsider"

6*th* Clause 5 in the above section should be corrected thus,—"In effecting the settlement of "alluvial land with the proprietor of a temporarily "settled estate (see Act XXXI of 1858), the "settling officer should, with his consent and with "the consent of the Board of Revenue, incorporate the assessement of the increment with that "of the parent estate, taking one revised "engagement for the amalgamated revenue of the "whole as an integral estate If the parent "estate be permanently settled, or if, in the case

বোর্ডের বিধিপুস্তকের ২০ অধ্যায় নিম্নলিখিতরূপে সংশোধন করিতে অনুমোদন করিয়াছেন।

প্রথম। ২অবধি ৭পর্যন্ত নম্বরের প্রতিলিপির শেষ ঘরের পর ও ৮ নং পাঠের ৮ ঘরের পর আর এক ঘর করিয়া, "ভূমি যে পাট্টাক্রমে ভোগ হইতেছে" এই ঘরের এই শীর্ষক দিতে হইবে।

দ্বিতীয়। ১৯ নং পাঠের ৪ ঘরের শীর্ষক উঠাইয়া এই শীর্ষক দিতে হইবে। "গবর্ণমেণ্টের ১৮৭১ সালের আগষ্ট মাসের ২১ তারিখের ৩১৫৬ নম্বরের আজ্ঞাপত্রে বন্দোবস্ত করিবার যেং নিয়ম নির্দিষ্ট হইয়াছে, তাহার প্রত্যেক নিয়মানুসারে যে ব্যক্তিদের সঙ্গে বন্দোবস্ত করা যাইতে পারিবে ও তাহাদের অধিকারের ও অবস্থার সম্পূর্ণ বৃত্তান্ত ও যে নিয়মমতে বন্দোবস্ত করিবার প্রস্তাব হয় সেই নিয়মমতে করিবার কারণ।"

তৃতীয়। ১০ নং পাঠে আমীনের রিপোর্টের ১১ ঘরের শীর্ষকের উপলক্ষে ১৯ নং পাঠে নূতন এক ঘর করিতে হইবে। তাহার শীর্ষক এই। "মহালের প্রত্যেক শ্রেণীর প্রজা যেং অধিকারের দাওয়া করেন ও সেই দাওয়া যত দূর গ্রাহ্য হইয়াছে, বন্দোবস্তের কার্য্যকারক ইহার স্পষ্ট বর্ণনা লিখিয়া যে নিয়মমতে বন্দোবস্ত করিতে হইবে এই বিষয়ে আপন অভিমত ও সেই অভিমতের সম্পূর্ণ কারণ লিখিবেন।"

চতুর্থ। ৯ পরিচ্ছেদের ৩ ধারার পরিবর্ত্তে এই ধারা দিতে হইবে। "লঘুতর সকল নিয়ম সমাপ্ত হইলে পর যে ব্যক্তির বন্দোবস্ত করিবার অধিকার থাকে বন্দোবস্তের কার্য্যকারক তাঁহাকে ডাকাইয়া কবুলিয়তে স্বাক্ষর করিতে বলিবেন। তিনি স্বাক্ষর না করিলে তাহার আপত্তি লিখিয়া জানাইতে বলিবেন। উক্ত আপত্তির বিবেচনা করিতে হইবে ও খণ্ডন করা যাইতে পারিলে করিতে হইবে। কিন্তু যদি সেই আপত্তি মনোযোগের যোগ্য না হয়, তবে তাহা অগ্রাহ্য করিবার ও মহালের অন্য বিধান করিবার কারণ লিপিবদ্ধ করিতে হইবে।

পঞ্চম। ৩ক ধারা বলিয়া নিম্নলিখিত কথা পূর্ব্বোক্ত ধারায় যোগ করিয়া দিতে হইবে। "যে ব্যক্তির বন্দোবস্ত করিবার অধিকার থাকে তাঁহার অসম্মতিপ্রযুক্ত অন্য ব্যক্তিদের সহিত গবর্ণমেণ্টের রাজস্ব দিবার নিয়ম করিতে হইলে নিম্নলিখিত ব্যক্তিরা ক্রমশ অগ্রগণ্য হইবে। প্রথমতঃ মহালের এক কি অধিক প্রধান রায়তের সঙ্গে ইজারার বন্দোবস্ত করা, বা দ্বিতীয়তঃ খাসে সরবরাহ করা, বা তৃতীয়তঃ অপর কোন ব্যক্তিকে ইজারার পাট্টা দেওয়া যাইতে পারিবে।"

ষষ্ঠ। উপরোক্ত পরিচ্ছেদের ৫ ধারা এইরূপে সংশোধন করিতে হইবে, "মেয়াদী বন্দোবস্তী মহালের স্বামির সহিত পয়বস্তী জমির বন্দোবস্ত করিতে হইলে (১৮৫৮ সালের ৩১ আইন দেখ,) বন্দোবস্তের কার্য্যকারক ঐ স্বামির ও রেবিনিউ বোর্ডের সম্মতি লইয়া পয়বস্তী জমির অবধারিত কর মূল জমির করভুক্ত করিয়া উভয় জমি এক মহালস্বরূপ জ্ঞান করত মোট জমার নিমিত্ত একই সংশোধিত কবুলিয়ত লইবেন। মূল জমি চিরস্থায়ী বন্দোবস্তী মহাল হইলে অথবা মেয়াদী বন্দোবস্তী মহাল হইলেও যদি স্বামী বা বোর্ড উপরোক্ত নিয়মানুযায়ি কার্য্যে অসম্মত হন, তবে পয়বস্তী

"of a temporarily settled estate, either the proprietor or the Board declining to assent to the "course above prescribed, the increment must be "assessed as a distinct estate and be henceforward "held separately liable for the revenue assessed "upon it."

7th Omit clauses 3 and 5, section 10, adding the words "or on expiry of the lease" after the word "lessee" in the second line of clause 4, which will be numbered clause 3

8th The first sentence in clause 1, section 12, should be altered to correspond with the recent orders thus—"The record of every settlement "should be forwarded as soon as it is completed "through the Commissioner's Office to the Board, "and with it must invariably be submitted by the "officer making the settlement, a report in "English in the form of Appendix No 19, and "an abstract of the information contained in the "settlement proceedings in form No 20"

অদি পৃথক মহালের ন্যায় গণ্য হইয়া তাহার কর ধার্য্য হইবে এবং সেই কালাবধি সেই জমির অবধারিত রাজস্বের নিমিত্ত ঐ জমীর উপর পৃথক দায় থাকিবে।

সপ্তম। ১০ পরিচ্ছেদের ৩ ও ৫ ধারা ত্যাগ করিতে হইবে। ৪ ধারা ৩ ধারা বলিয়া গণ্য হইবে। তাহার দ্বিতীয় পংক্তিতে "প্রয়োজন হয়" এই কথার পরে "পাট্টার মেয়াদ ফুরাইলে" এই কথা যোগ করিয়া দিতে হইবে।

অষ্টম। ১২ পরিচ্ছেদের ১ ধারার প্রথম পদ সম্প্রতিকার আজ্ঞানুযায়ি হইবার নিমিত্ত এইরূপ পরিবর্ত্তন করিতে হইবে। "প্রত্যেক বন্দোবস্তের সমস্ত কাগজপত্র প্রস্তুত হইলেই কমিশ্যনর সাহেবের আফিস দিয়া বোর্ডে পাঠাইতে হইবে ও বন্দোবস্তের কার্য্যকারক ১৯ নম্বর আপেণ্ডিক্সের পাঠানুযায়ি ইংরাজী ভাষায় এক রিপোর্ট ও ২০ নম্বরী পাঠে বন্দোবস্তের আনুষ্ঠানিক কার্য্যের বর্ণনাপত্রে যে সন্ধান লেখা আছে তাহার মর্ম্ম ঐ কাগজপত্রের সঙ্গে প্রেরণ করিবেন।

A MONEY, ESQ, C B

শ্রীযুত এ মনি সাহেব, সি, বি,।

No 10

IT is believed that Sub Divisional Officers in Districts within the saliferous tracts are not kept sufficiently informed of the state of salt sales within their jurisdiction The monthly sale returns furnished by salt vendors will henceforth be submitted by them to the Sub Divisional Officer, who, after examination, will forward them, with his remarks, to the Collector

Rule XL of the Salt Manual is therefore amended as follows

For "Collector of the District" read "Sub-Divisional Officer within whose jurisdiction he resides"

After "Abkaree Darogah" read "for transmission to the Sub-Divisional Officer"

At the end of the Rule, add "The Sub-Divisional Officer will forward the returns to the Collector with his remarks"

১০ নম্বর।

যেং জিলার মধ্যে লবণোৎপাদক জমিখণ্ড আছে বোধ হয় সেইং জিলার মহকুমায় কত লবণ বিক্রয় হইয়া থাকে ঐ মহকুমার কর্তৃপক্ষদিগকে এই কথা উপযুক্তমতে জ্ঞাত করা যায় না। লবণ বিক্রেতারা মাসেং বিক্রয়ের যে বিবরণ দিয়া থাকেন তাহা এই অবধি ঐ মহকুমার কর্তৃপক্ষের নিকট পাঠাইতে হইবে তিনি তাহা পরীক্ষা করিয়া দেখিয়া আপন মন্তব্য কথা লিখিয়া কালেক্টর সাহেবের নিকটে পাঠাইবেন

অতএব লবণবিষয়ক বিধিপুস্তকার ৪০ ধারা এইরূপে সংশোধন করা গেল।

"জিলার কালেক্টর" এই শব্দের পরিবর্ত্তে "মহকুমার যে কার্য্যকারকের এলাকায় বাস করেন" এই কথা দিতে হইবে।

"আবকারী দারোগা" এই কথার পূর্ব্বে "মহকুমার কার্য্যকারকের নিকট পাঠাইবার জন্য" এই কথা দিতে হইবে।

উক্ত ধারার শেষে এই কথা আপন মন্তব্যের সহিত যোগ করিয়া দিতে হইবে। "মহকুমার কার্য্যকারক কালেক্টর সাহেবের নিকট ঐং রিটর্ণ পাঠাইবেন"।

No. 11

THE attention of all officers engaged in supervising the working of the Sudder Distillery System is called to the necessity for constant watchfulness on their part over the proceedings of Distillery Establishments.

2. A Sub-Divisional Officer finding lately that the daily sales at a distillery were smaller than at the same period of the preceding year, watched those who removed sprits under pass, and

১১ নম্বর।

সদর ভাটিখানার নিয়ম সম্পর্ক কার্য্য যেরূপে চলিতেছে ইহার তত্ত্বাবধারণার্থে নিযুক্ত কার্য্যকারকদিগকে সেইং ভাটিখানার আমলাগণের কার্য্যের প্রতি সর্ব্বদাই সতর্ক থাকার আবশ্যকতা বিষয়ে মনোযোগ করিতে আদেশ হইল।

২। পূর্ব্ব বৎসরের একই মাসের মধ্যে দিনং যত মদ বিক্রয় হইত পর বৎসরের সেইং মাসে তাহার কম বিক্রয় হইল দেখিয়া যাহারা ছাড়পত্র লইয়া মদ লইয়া যায় থাকে কোন মহকুমার কর্তৃপক্ষ সম্প্রতি

stopping by hazard a man carrying spirits which the pass showed to have paid 8 annas per gallon, had it at once again tested by the same Distillery Officer who had passed it, and found it to be of a strength which should have paid duty at 9 annas per gallon

3. There is no doubt that similar frauds are constantly executed with success, and active vigilance can alone detect them Under the Sudder Distillery System Government is liable to be defrauded in many ways By connivance with the Distillery Establishment the holder of a pass often takes out from the distillery more spirits than are covered by the pass, as well as spirits of a higher strength than that at which the duty paid by him was calculated Again, an old pass may be used with the date altered, to protect a fresh supply of spirits The most common form of fraud is the taking of liquor from the distillery without payment of duty, the Distillery Darogah being paid for his connivance Sometimes the Darogah alone is concerned in the fraud, which consists in not crediting to Government sums received as duty

4 No detailed rules for the check of these malpractices have ever yet been published Attention has been called to the examination of statements, but no amount of such examination will avail to prevent practices as above defined

5 Before issuing rules, the Member in charge would wish to be favoured with the opinion of each Commissioner and Collector as to the best checks

তাহাদের উপর চৌকী রাখিয়া হঠাৎ কোন ব্যক্তিকে ধরিয়া দেখিলেন যে তাহার ছাড়পত্রানুসারে শরাবের গালন প্রতি ৶ আনা হিসাবে শিল্ক অনুমতি হইল। পরে ভাটিখানার যে কর্মকারক ছাড়পত্র দিয়াছিল তাহার দ্বারা ঐ মদ পুনর্বার পরীক্ষা করাইয়া দেখিলেন যে, মদ্যের তীব্রতা বিবেচনা করিয়া তাহার গ্যালন প্রতি ।।/০ নয় আনা দেওয়া উচিত।

৩। উক্ত প্রকারের প্রতারণার কার্য্য নিত্য সফলরূপে করা গিয়া থাকে সন্দেহ নাই। কেবল অত্যন্ত চতুরতাপূর্ব্বক না দেখিলে তাহা ধরা যাইতে পারে না। ভাটিখানার কার্য্যের যে নিয়ম আছে তৎপ্রযুক্ত নানা প্রকারে গবর্ণমেণ্টের প্রাপ্য হরণ হইতে পারে। কোন ব্যক্তি ছাড়চিঠি পাইলে তন্মধ্যে যত শরাব লেখা থাকে ভাটিখানার আমলাগণের সঙ্গে যোগ করিয়া সেই ব্যক্তি তাহার অধিক শরাব লইয়া যায় এবং শরাবের যে তীব্রতা ধরিয়া মাসুল নিরূপণ হইল সে তাহাহইতে অধিক তীব্র শরাব পায়। কোনং লোক পুরাতন ছাড়চিঠির তারিখ বদলাইয়া তাহা দেখাইয়া আরবার শরাব লইয়া যায়। কিন্তু প্রতারণার মধ্যে এই কার্য্য সচরাচর অতি চলিত কোনং লোক দারোগাকে ঘুষ দিয়া মাসুল না দিয়া ভাটিখানাহইতে শরাব লইয়া যায়। কোন স্থানে বা দারোগা মাসুল বলিয়া যে টাকা পায় তাহা গবর্ণমেণ্টের নামে জমা না দিয়া আপনি একা সেই প্রতারণা করে।

৪। এই সকল কুরীতি নিবারণ করিবার কোন বিস্তারিত বিধি অদ্যাপি প্রকাশ করা যায় নাই। বর্ণনাপত্র পরীক্ষা করিয়া দেখিবার আদেশ হইয়াছে বটে কিন্তু যত পরীক্ষা হউক তাহাতেই পূর্ব্বোক্ত কদাচার নিবারণ হইতে পারিবে না।

৫। এই বিষয়ে যে সাহেবের প্রতি অধ্যক্ষতা ভার আছে তিনি বিধি করিবার পূর্ব্বে ঐ কুরীতি নিবারণ করিবার সদুপায় বিষয়ে প্রত্যেক জন কমিশ্যনর সাহেবের ও কালেক্টর সাহেবের অভিমত জানিতে চাহেন।

JOHN ROBINSON, *Bengalee Translator*

Circular Orders of the High Court of Judicature at Fort William in Bengal

No 22

To all Judges, Judicial Commissioners and Magistrates,—(dated Calcutta, the 25th June 1872)

HIGH COURT, &c,
CIVIL SIDE
Present
The Hon'ble Sir R Couch Kt,
Chief Justice
F A Glover
, W Ainslie
Judges of the Court

The Governor-General in Council, in Notification No 1756, dated 8th March last, has in the exercise of the powers conferred by Section 26 of the Courts Fees Act of 1870, directed that the stamps used to denote any fee chargeable under the said Act may be

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের সরকুলর অর্ডর।

২২ নম্বর।

সকল জজ ও জুডিশ্যল কমিশ্যনর ও মাজিষ্ট্রেট সাহেব সমীপেষু।

(কলিকাতা ১৮৭২ সাল,২৫ জুন।

হাই কোর্ট।
দেওয়ানী পক্ষ।
উপস্থিত।
মান্যবর স্যার রিচার্ড কৌচ, নাইট।
চিফ জষ্টিস
, এফ, এ, গ্লবর সাহেব।
,, ডবলিউ এন্সলি সাহেব।
আদালতের জজ।

আদালতের রসুমবিষয়ক ১৮৭০ সালের আইনের ২৬ ধারাক্রমে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের প্রতি যে ক্ষমতা অর্পিত হইয়াছে, তদনুসারে তিনি গত মার্চ মাসের ৮ তারিখের ১৭৫৬ নম্বরের জ্ঞাপনপত্র প্রকাশ

either impressed or adhesive; and the Court have reason to believe that, on the present stock of impressed stamps being exhausted, the exclusive use of adhesive stamps for the above purpose will be enjoined. It is important therefore to provide against stamps of the latter description being affixed to documents written on paper unfitted for the purposes of record It will also be convenient that the component parts of a record should be, as far as possible, of one uniform size

2 The Government of India have approved of a description of paper, which appears well calculated to answer the purpose intended, being supplied to the vendors of Courts Fees Stamps for sale to the public at one pice per sheet The size of this paper is 13½" long by 8½" wide, and samples can be obtained on application to the Superintendent of Stationery

3 It may be a question whether Judicial and Magisterial Officers could refuse to receive an application or a petition merely because it was not written upon paper of a particular size or description, provided that it was of a kind sufficiently durable to be adapted for record, but they clearly would be justified in refusing permission to the filing of a document written upon paper obviously unfitted for this purpose If due notice be given that such a discretion will be exercised whenever necessary, and at the same time that paper of an approved quality can be obtained from the stamp vendor attached to each court, it is not likely that the public will refuse to make use of it

4. The Court direct, therefore, that all Judges, Judicial Commissioners, and Magistrates of districts will have a notice to the above effect, put up in some conspicuous place in their courts, and that they will instruct their respective subordinates to do so likewise The price at which this paper will be sold should be mentioned in the notice above referred to The Superintendent of Stationery should also be communicated with through the Collector of the district, as to the quantity of paper that will be required, which, at the outset, will probably not be large This, however, will mainly depend upon the stock of impressed stamp paper in each district, and on this point the Court have no information

By order of the High Court,
(Sd) F B. PEACOCK,
Registrar

[*Government Gazette*, 23rd *July* 1872]

করিয়া এই আজ্ঞা করিলেন যে, উক্ত আইনের নির্দ্দিষ্ট ফী দেওয়ার চিহ্নস্বরূপ যে ইষ্টাম্পের ব্যবহার হয় তাহা ছাপা কিম্বা আটাল হইতে পারিবে। এইক্ষণে ছাপা ইষ্টাম্পের যে কাগজ আছে তাহা সকল ফুরাইলে পর উক্ত কার্য্যে কেবল আটাল ইষ্টাম্প ব্যবহার হইবার আজ্ঞা হওয়া সম্ভাবনা হাই কোর্ট কোন কারণে এমত অনুভব করিয়াছেন। অতএব যে প্রকারের কাগজ আদালতের কাগজপত্রের মধ্যে গাঁথিয়া রাখিবার উপযুক্ত নয় পাছে এমত কাগজে দলীল লিখিয়া সেই আটাল ইষ্টাম্প দেওয়া যায় ইহার নিবারণের বিধান করা আবশ্যক। আরো যে সকল কাগজ একি নথির মধ্যে রাখা যায় সাধ্যমতে সেই সকল কাগজের একি পরিমাণ থাকিলে সুবিধা হইবে।

২। উক্ত কার্য্যের নিমিত্তে যে প্রকারের কাগজ অতি উপযুক্ত বোধ হয় আদালতের রসুমের ইষ্টাম্পবিক্রেতাদিগকে ফর্দ্দপ্রতি এক পয়সা মূল্যে বিক্রয় করিবার জন্যে সেই প্রকারের কাগজ দেওনবিষয়ে ভারতবর্ষের গবর্ণমেন্ট সম্মতি প্রকাশ করিয়াছেন। সেই কাগজ ১৩॥ ইঞ্চি লম্বা ও ৮॥ ইঞ্চি ওসার। ষ্টেশনরির সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকট প্রার্থন করিলে তাহার প্রতিরূপ পাওয়া যাইতে পারিবে।

৩। কোন প্রার্থনাপত্র কি দরখাস্ত যে কাগজে লেখা যায় তাহা আদালতের কাগজপত্রের মধ্যে গাঁথিয়া রাখিবার নিমিত্ত উপযুক্তরূপ শক্ত হইলে বিশেষ প্রকারের কি বিশেষ পরিমাণের না হইলেও জজ কি মাজিষ্ট্রেটেরা তাহা অগ্রাহ্য করিতে পারেন কি না সন্দেহ আছে। কিন্তু যে কাগজ গাঁথিয়া রাখিবার স্পষ্টই অনুপযুক্ত, এমত কাগজে লেখা কোন দলীল গাঁথিয়া রাখিবার অনুমতি না দিতে তাঁহাদের ক্ষমতা থাকিতেই পারে। প্রয়োজনমতে তাঁহারা সেই ক্ষমতানুসারে কার্য্য করিবেন। এবং যে প্রকারের কাগজ গ্রাহ্য হইবে আদালতের ইষ্টাম্প বিক্রেতার স্থানে সেই প্রকারের কাগজ পাওয়া যাইতে পারিবে এই মর্ম্মের নোটিস রীতিমতে দেওয়া গেলে সাধারণ ব্যক্তিরদের সেই কাগজের ব্যবহার করা সম্ভাবনা।

অতএব হাই কোর্টের এই আজ্ঞা হইল। সকল জিলার জজ ও জুডিশ্যাল কমিশ্যনর ও মাজিষ্ট্রেট সাহেব আপনাং আদালতের কোন প্রকাশ স্থানে সেই মর্ম্মের নোটিস লাগাইয়া দিবেন ও অধীন কর্ম্মকারকদের প্রতি ও সেই প্রকারের নোটিস লাগাইয়া দিতে আজ্ঞা করিবেন। ঐ কাগজ যে মূল্যে বিক্রয় হইবে তাহাও সেই নোটিসে প্রকাশ করিতে হইবে। আরো সেই প্রকারের কত কাগজের প্রয়োজন হইতে পারে এই কথা জিলার কালেক্টর সাহেবের দ্বারা ষ্টেশনরির সুপরিণ্টেণ্ডেণ্টকে জ্ঞাত করা উচিত। বোধ হয় প্রথমে অধিক প্রয়োজন হইবে না, কিন্তু প্রত্যেক জিলায় কত ছাপ ইষ্টাম্প কাগজ আছে তদনুসারে সেই কথা নিরূপণ হইবে কিন্তু হাই কোর্ট তাহা অবগত নন।

হাই কোর্টের আজ্ঞাক্রমে।
এফ, বি, পীকক,
রেজিষ্ট্রার।

No 23.

To all Civil and Criminal Authorities,—(dated Calcutta, the 3rd July 1872)

HIGH COURT
CIVIL SIDE
Present
Hon'ble Sir R Couch Kt., *Chief Justice*
" F A Glover,
" W Ainslie
Judges of the Court

At the instance of His Honor the Lieutenant-Governor of Bengal, the Court is pleased to direct all Civil and Criminal Authorities under their control to submit their annual indents to the Superintendent of Stationery for the authorized judicial forms in use in their own and their subordinate courts during the month of April of each year

2 Unless judicial indents are unusually large, they can, under ordinary circumstances, the Court are assured be all complied with within two months' time of their receipt Emergent indents however can be sent in, and will be complied with at any time of the year The Court, however, expect that the necessity for submitting such indents will only arise under exceptional circumstances, such as could not reasonably have been foreseen at the time of the submission of the annual indent

3 Emergent indent should be sent in through the High Court

By order of the High Court,
F B Peacock,
Registrar

২১ নম্বর।

দেওয়ানী ও ফৌজদারী সকল কর্ত্তৃপক্ষ সমীপেষু।

কলিকাতা ১৮৭২ সাল ৩ জুলাই।

হাই কোর্ট।
দেওয়ানী পক্ষ।
উপস্থিত
মাম্যবর স্যার আর, কৌচ সাহেব, নাইট চীফ জষ্টিস।
" এফ, এ, গ্লবর সাহেব।
" ডবলিউ এন্সলি সাহেব।
আদালতের জজ।

বঙ্গদেশের মান্যবর শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের আদেশানুসারে হাই কোর্টের সাহেবেরা আপনাদের কর্ত্তৃত্বাধীন দেওয়ানী ও ফৌজদারী সকল কর্ত্তৃপক্ষকে এই আজ্ঞা করিতেছেন। তাঁহারদের নিজ আদালতে ও অধীন সকল আদালতে বিচার কার্য্যসংক্রান্ত যেং পাঠের ব্যবহার হইবার অনুমতি আছে তাঁহারা প্রতি বৎসর আপ্রিল মাসে ষ্টেশনরির সুপরিণ্টেণ্ডেন্টের নিকট ঐং পাঠ পাইবার জন্যে বার্ষিক ইণ্ডেণ্ট পাঠাইবেন।

২। বিচারকর্ত্তারা অতি অধিক কাগজের নিমিত্ত ইণ্ডেণ্ট না করিলে সামান্যতঃ তাঁহারদের পত্র পাইবার পর দুই মাসের মধ্যে প্রার্থিত সকল কাগজ পাঠান যাইতে পারে হাই কোর্টের এই দৃঢ় অনুভব হইতেছে। কিন্তু হঠাৎ প্রয়োজন হইলে বৎসরের কোন সময়েই ইণ্ডেণ্ট পাঠান যাইতে পারিবে ও তদনুসারে কার্য্য হইবে। পরন্তু বার্ষিক ইণ্ডেণ্ট পাঠাইবার সময়ে সাধারণাতীত যে গতিকের পূর্ব্বানুভূতি হইতে না পারে কেবল এমত স্থল ছাড়া হাই কোর্টের সাহেবেরা বোধ করেন যে উক্ত প্রকারের হঠাৎ প্রয়োজনীয় ইণ্ডেণ্ট পাঠাইবার আবশ্যক হইবে না।

৩। হঠাৎ প্রয়োজনীয় ইণ্ডেণ্ট হাই কোর্টের দ্বারা পাঠাইতে হইবে।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,
এফ বি পীকক,
রেজিষ্ট্রার।

John Robinson, *Bengalee Translator*

GOVERNMENT ADVERTISEMENT — গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENT. — ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা চট্টগ্রাম।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে, ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা চট্টগ্রামের মধ্যবর্ত্তি নিম্ন লিখিত মহাল সকল ১৮৭২ সালের ২৫ মেই তারিখে প্রাপ্য বাকি মালগুজারী এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আকুচের হুকুম বে বাকা রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৭২ সালের ১৯ আগস্ট তারিখ ঐ জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবে।" সন ১৮৭২ ইংরাজি তারিখ ১৮ জুন।

প্রথম শ্রেণীর কায়েমি মহাল।

বাকি রাজস্ব আদায়ের নিমিত্তে নীলাম হইবেক।

৩৮৮ নং তরফ আহামদল্লা ও মছবতুল্লা মালীক আহামদল্লা ও মছবতুল্লা সমুদায় মহাল নীলাম হইবেক মোট সদর জমা ৭৩৯ ৶৪

বাকি রাজস্ব আদায়ের নিমিত্তে নীলাম হইবেক।

মহাল মোছাদ্দেহা

৩৮৮০ নং তালুক ওবেতুল্লা ও মাহ'র এছি ও আহামদ আলী মালিক আমান খাতুন ও আহামদআলী ও রহিমজান বিবি ও আ তুল্লা খাঁ সমুদায় মহাল নীলাম হইবেক মোট সদর জমা ৬৭৮।৶০

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭২। ২৩ জুলাই।]

বাকি রাজস্ব আদায়ের নিমিত্তে নীলাম হইবেক।

মহাল লাখেরাজ বাজেআপ্তি মৌজে হযেরদ্দি থানে চকরিয়া।

৩৩৫১৪ নং তালুক মোবারেক আলী মালীক লালমাহাৎ দারোগা ও মুনশী আজমুল্লা খাঁর মধ্যে ১৮২৯ সালের ১১ আইনের ১৩ ধারামতে মুনশী আজমুল্লা খাঁর নং ৪৩৭৲৩ পাই জমির আদায় হওয়া হিস্যা বাদে অবশিষ্ট মালীক লালমাহাৎ দারোগার হিস্যা নীলাম হইবেক মোছলব মহালের সদর জমা ৮৭৪৲৬

(F) A L Clay,
Offg Collector

জিলা চট্টগ্রাম।

ইস্তেহারনামা কাছারি কালেক্টরি।

ইহারদ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৬৮ সালের ৭ আইনের ১১ ধারা ও ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার মর্ম্মানুসারে নিম্নের লিখিত, তালুকাদির গত ২৫ মেই শেষ তারিখের সূর্য্যাস্ত পর্য্যন্তের বাকি পরাবাজস্ব আদায়ের নিমিত্তে সন ১৮৭২ ইংরেজির ১৯ আগস্ট মোতাবেক সন ১২৭৯ বাঙ্গালার ৪ ভাদ্র রোজ সোমবার জিলার কালেক্টরি কাছারীতে বিনা ওজরে প্রকাশ্য নীলামে ধরা যাইবে ইতি, সন ১৮৭২ ইং তারিখ ১৮ জুন।

মহাল নওবাবাদ বাকি রাজস্ব আদায়ের নিমিত্তে নীলাম হইবেক।

মৌজে ঢাকবারকুল থানে রামু।

৮৪ নং তালুক মাহাৎকালু ও কমরআলী মালীক মাহাৎকালু ও কমরআলী সমুদয়ে তালুকা নীলাম হইবেক মোট সদর জমা ৮৩৫৷৴৯

বাকি রাজস্ব আদায়ের নিমিত্তে নীলাম হইবেক।

মৌজে ভোমবিআখোনা থানে রামু।

১৬০ নং তালুক কমলা পুরু মালীক বৈদ্যনাথ সেন ও রামকিশোর সেন সমুদয়ে তালুকা নীলাম হইবেক মোট সদর জমা ৫৩১৸৴০

মহালনওবাবাদ বাকি রাজস্ব আদায়ের নিমিত্তে নীলাম হইবেক।

মৌজে ভারু আখালী থানে রামু।

১৭৭ নং তালুক মাহাৎ বাজাজমসের মালীক জাফরআলী মুনশী সমুদয়ে তালুকা নীলাম হইবেক মোট সদর জমা ১০০৲৴

বাকি রাজস্ব আদায়ের নিমিত্তে নীলাম হইবেক।

মৌজে বাকলিয়া গিং চর সাবেক বাকলীয়া থানে শহর।

৫৫৯ নং তালুক আমদালী ও মাহাৎ ইছপ ও কোর্ব্বানআলী ও আজগরআলী ও শ্রীমতী নুর বিবি মালীক আমুদালী ও মাহাৎ ইছপ ও কোর্ব্বানআলী ও আজগরআলী ও শ্রীশ্রীমতী নুর বিবি সমুদয়ে তালুকা নীলাম হইবেক মোট সদর জমা ৬৮৬৷০

(F) A L Clay,
Offg Collector

জিলা মুরশিদাবাদ।

ইস্তাহার দেওয়া যাইতেছে যে সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারা ও সন ১৮৬৮ সালের ৭ আইনের ৫ ধারার মর্ম্মানুযায় জেলা মুরশিদাবাদসংক্রান্ত নিম্নলিখিত মাহাল সন ১৮৭২ সালের ৯াং কিস্তি জুনের রাজস্বের বাকী আদায় কারণ সন ১৮৭২ সালের ২৩ আগস্ট মোতাবেক সন ১২৭৯ সালের ৮ ভাদ্র শুক্রবার জেলা মুরশিদাবাদের কালেক্টরির কাছারিতে অবার্থ নীলাম হইবেক ইতি সন ১৮৭২ সাল ৪ জুলাই মোতাবক সন ১২৭৯ সাল তারিখ ২১ আষাঢ়।

শ্রেণীর নম্বর	মাহালের প্রকরণ	তৌজীর নম্বর	নাম মাহাল	নাম তালুকদার	সদর জমা	তায়দাদ রকম যাহা নীলাম হইবেক।
১	প্রথম শ্রেণীর মাহাল	২৭৩৭	তঃ দাস-দেবগ্রামপং আসদনগ-	বৃন্দাবনচন্দ্র রায়	৫৬১॥৶৫ রোডফণ্ড ৫।৶০	সমুদয় মাহাল।

(F)
Moorshedabad,
11th July 1872

W Wavell,
Offg Collector

জিলা পাবনা।

এস্তাহার নামা কাছারি কালেকটরী জিলা পাবনা।

১৮৫৯। ১১ আইনের ৬ ধারার বিধানানুসারে ইহার দ্বারা সকলকে জানান যাইতেছে যে জিলা পাবনার অন্তর্গত নিম্নলিখিত মহাল সকল উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে বাকি রাজস্ব যে ১৮৭২ সালের ২৮ জুন দিবসে দেয় হইলে প্রচলিত আইনানুসারে আদায় হইবার বিধি আছে তাহা আদায় নিমিত্ত ১৮৭২ সালের ১৬ আগস্ট মোং ১২৭৯ সালের ১ ভাদ্র রোজ শুক্রবার প্রকাশ্য নীলামে অবশ্য বিক্রয় হইবেক ইতি ১৮৭২ সাল তাং ১০ জুলাই।

নম্বর তৌজি।	নাম মহাল	নাম মালিক	সদর জমা।	বাকি	কৈফিয়ত।
৩১	চিরস্থায়ী জমা খারিজ হওয়া মহাল পরগনে ইসলামপুর।	তারিণী চরণ সিংহ শ্যামা সুন্দরী দাস্যা	২৬১৫।১৩	অন্য মহালের বাকি	১১৭২ নং চর সিরপুর দিগর নীলাম হইয়া তাহার মূল্যের টাকা বাদে বক্রী ২৭২০।০ আনা বাকির জন্য।
৯০৭	চর আড়া রামচন্দ্রপুর দিগর মেয়াদী বন্দোবস্তী মহাল।	চন্দ্রকিশোর মজুমদার দিগর ও রমাকান্ত চক্রবর্ত্তি দিগর	৬৮৩৬৵৪	২০৫১।০	এই মিয়াদী বন্দোবস্তী। মহালের ১২৭৬। ৭৭। ৭৮ সালের বাবৎ বাকী

W V G Tayler,
Co'l tor.

(I)

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তির ইশ্‌তিহার।

NOTICE

Bengalee Edition of the Acts of Government

The Acts of the Government of India, and those of the Government of Bengal, will, after publication in the *Bengalee Government Gazette*, be printed, in pamphlet form, for sale to the public at a price which will be fixed in each instance to cover the cost of printing and paper The first of the series will be the Criminal Procedure Act, now in the Press, the price of which will be Rs 1-4 per copy

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭২। ২৩ জুলাই।]

বিজ্ঞাপন।

গবর্ণমেণ্টের আইনসমূহের বাঙ্গলা সংস্করণ।

ভারতবর্ষ ও বঙ্গদেশের গবর্ণমেণ্টের আইন বাঙ্গালা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হইলে পর পুস্তকাকারে মুদ্রিত হইয়া কাগজ ও মুদ্রাঙ্কণের ব্যয় পোষণার্থ নির্দ্দিষ্ট মূল্যে সর্ব্বসাধারণকে বিক্রয় করা যাইবে। তন্মধ্যে প্রথমে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন প্রকাশ হইবে। এই আইন এইক্ষণে ছাপা হইতেছে। মূল্য ১০ মাত্র।

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এডউইন মরিস্ লুইস সাহেবকর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড়পত্র।

TUESDAY, JULY 23, 1872.

মঙ্গলবার ১৮৭২ সাল ২৩ জুলাই।

জিলা বৰ্দ্ধমান।

এতদ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জিলা বর্দ্ধমানের মধ্যবর্ত্তি নিম্নের লিখিত নং, শ্রেণীভুক্ত জমি ইষ্ট ইণ্ডিয়া রেইলওয়ে কোম্পানির আর আবশ্যক না থাকা প্রযুক্ত সন ১৮৭২ সালের ২৯ জুলাই মোতাবেক ১২৭৯ সালের ১৫ শ্রাবণ সোমবার দিবসে জিলা বর্দ্ধমানের কালেক্টরী কাছারিতে বিক্রয় হইবেক।

২। এই ভূমির খরিদার নিম্নলিখিত নিয়মাধীন হইবেন।

১। একশত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবেক।

২। একশত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের একাংশ তৎক্ষণাৎ দিতে হইবেক বিক্রয়ের দিবস এক দিন ধরিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্নকালে কিম্বা সেই দিবস বন্ধের দিন হইলে তৎপরে প্রথমে যে দিন কাছারি খোলা যায় সেই দিবস মধ্যাহ্নকালে যদি অবশিষ্ট দাখিল না হয় তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে ও প্রথমস্থলীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণ পূর্ব্বক ঐ ত্রুটিকারি ক্রেতার ঝুকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবেক।

৩। ঐ জমি সর্ব্ব উচ্চ ডাককারিকে নিষ্কর বিক্রয় করা যাইবেক ইতি।

রাজকীয় মহালের তৌজি-মতের নম্বর	তৌজির নম্বর	মহালের নাম ও পরগনা	একর হিং জমির আন্দাজি পরিমাণ	সদর জমা			নীলামের ডাকের টাকা	মন্তব্য।
				মাফ করা রাজস্ব	রাস্তার টেক্স	মোট		
			এ০ রো০ পে					
৬৭	২৫	সোনাইপুর পং মুজফর-সাহি	৬।০।০	১০/	০	১০/	১০২	

(F)
BURDWAN,
The 5th June 1872

C. METCALFE,
Collector

জিলা বৰ্দ্ধমান।

এক্তাহারনামা কাছারি রেলওয়ে ডিপুটী কালেক্টরি।

এজলাস শ্রীযুক্ত রায় অভয়চরণ মল্লিক বাহাদুর রেলওয়ের ডিপুটী কালেক্টর মোকাম কলিকাতা।

এতদ্দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে বৰ্দ্ধমান জেলার মধ্যবর্ত্তী নিম্নলিখিত বিঃ শ্রেণীভুক্ত জমি ইষ্ট ইণ্ডিয়ান রেলওয়ে কোম্পানির আর আবশ্যক না থাকা প্রযুক্ত সরকার বাহাদুরকর্ত্তৃক পুনঃগ্রহীত হইয়াছে। একনে ঐ জমিতে সরকার বাহাদুরের মালিকি স্বত্ব নিম্নলিখিত নিয়মানুসারে সন ১৮৭২ সালের ২৯ জুলাই মোতাবেক বাঙ্গালা সন ১২৭৯ সালের ১৫ শ্রাবণ সোমবার বেলা ১১ টার সময় জেলা বৰ্দ্ধমানের কালেক্টরি কাছারিতে ডাক নিলামে বিক্রয় হইবে।

এই সকল ভুমির খরিদারগণ নিম্নলিখিত নিয়মাধীন হইবেন।

১। এক শত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবেক।

২। এক শত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের একাংশ তৎক্ষণাৎ দিতে হইবেক।

বিক্রয়ের দিবস এক দিন ধরিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্নকালে কিম্বা সেই দিবস বন্ধের দিন হইলে তৎপরে প্রথম যে দিন কাছারি খোলা যায় সেই দিন মধ্যাহ্নকালে অবশিষ্ট দাখিল না হয় তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে ও প্রথম স্থলীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণ পূর্ব্বক ঐ ক্রটীকারি ক্রেতার ঝুকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবেক।

৩। ঐ জমি সকল সর্ব্বোচ্চ ডাককারিকে নিষ্কর বিক্রয় করা যাইবেক।

অতিরিক্ত নিয়ম এই যে।

শ্রীযুক্ত কালেক্টর সাহেবের মঞ্জুরীতে ক্রেতাদিগকে দখল দেওয়া যাইবে। কিন্তু মহামান্য রেবিনিউ বোর্ডের মেম্বর ইন চার্য্য বাহাদুরের অমত হইলে দখল অখণ্ড ও বলবৎ থাকিবেক না।

নম্বর লাট	নাম জেলা	নাম মৌজা ও পরগণা	নম্বর মাইল বিঃ রেলওয়ের নক্সা	জমির অবস্থিতি রেলওয়ের কোন পার্শ্বে	ইষ্টইণ্ডিয়া রেলওয়ের বিঃ কোম্পানির ফিরৎ দেওয়া জমির একুন পরিমাণ	জমির বাউণ্ডারি	বিঃ জেলা জমির উপরি-স্থিত আওলাতের সংখ্যা	কৈঃ
					এ রো পো			
১	বৰ্দ্ধমান	মৌজে বলাগড়ি পানপাড়া পং মলছি	৪৬	দক্ষিণ	৪ ৩ ৩৩	ইস্তক ৪৫ মাইল ২৪২০ ফুট লাং ৪৬ মাইল মধ্যে, পূর্ব্ব জেলা হুগলীর কোঁচমালি মৌজার সীমানা, পশ্চিম ৪৬ মাইল সরাসর, উত্তর তারের বেড়া, দক্ষিণ মোতাবেক নক্সা	•	
২	ঐ	পানপাড়া পং ঐ	ঐ	উত্তর	১ ৩ ৩৩	ইস্তক ৪৫ মাইল ৩১৩০ ফুট লাং ৪৬ মাইলের মধ্যে ছোটবড় ১১টা চেও আছে, পূর্ব্ব জেলা হুগলীর কোচমালি মৌজার সীমানা, পশ্চিম ৪৬ মাইল সরাসর, দক্ষিণ তারের বেড়া, উত্তর মোতাবেক নক্সা	•	
৩	ঐ	পানপাড়া আলিপুর পং মলছি	৪৭	ঐ	০ ২ ১৬	ইস্তক ৪৬ মাইল লাং ১৭৮০ ফুটের মধ্যে ১২টি চেও আছে, পূর্ব্ব ৪৬ মাইল সরাসর, পশ্চিম ২৭ নং কাটকের রাস্তা, দক্ষিণ তারের বেড়া, উত্তর মোতাবেক নক্সা	•	
৪	ঐ	আলিপুর পং ঐ	ঐ	ঐ	২ ৩ ২২	ইস্তক ৪৬ মাইল ১৮১০ ফুট লাং ৪৭ মাইল শেষ পর্য্যন্ত ইহার মধ্যে ১৭টা চেও আছে, পূর্ব্ব ২৭ নং কাটকের রাস্তা, পশ্চিম ৪৭ নং মাইল সরাসর, দক্ষিণ তারের বেড়া, উত্তর মোতাবেক নক্সা	•	
৫	ঐ	ঐ	ঐ	দক্ষিণ	৩ ৩ ৩৪	ইস্তক ৪৬ মাইল লাং ২২৭৫ ফুটের মধ্যে, পূর্ব্ব ৪৬ মাইল সরাসর, পশ্চিম প্রেমচাঁদ সরকারের জমির সরাসর, উত্তর তারের বেড়া, দক্ষিণ মোতাবেক নক্সা	•	

নম্বর লাট	নাম জেলা	নাম মৌজা ও পরগণা	নম্বর মাইল বিঃ রেলওয়ের নকশা	জমির অবস্থিতি রেলওয়ের কোন পার্শ্বে	ইষ্টইণ্ডিয়া রেলওয়ের বিঃ কোম্পানি জমি মুনাসিব মত একর পরিমাণ (এ রো পো)	জমির বাউণ্ডরি	বিঃ কোম্পানি জমির উপরি-স্থিত গাছের সংখ্যা	[illegible]
৬	বর্দ্ধমান	আলিপুর পং মলছি	৪৭	দক্ষিণ	০ ৩ ১১	ইস্তক ৪৬ মাইল ২২৭৫ ফুট লাং ২৯৫৫ ফুটের মধ্যে, পূর্ব্ব ৫ নং লাটের বি, জমি, পশ্চিম ছাড় দেওয়া জমি, উত্তর তারের বেড়া, দক্ষিণ মোতাবেক নকশা	০	
৭	ঐ	ঐ	ঐ	ঐ	১ ০ ২৫	ইস্তক ৪৬ মাইল ৩০৪৫ ফুট লাং ৩৮২৫ ফুটের মধ্যে, পূর্ব্ব ছাড় দেওয়া জমি, পশ্চিম ৮ নং লাটের বিং জমি, উত্তর তারের বেড়া, দক্ষিণ ভৈরব দাস ও মধুসূদন দাস দিং জমি	০	
৮	ঐ	ঐ	ঐ	ঐ	২ ০ ৯	ইস্তক ৪৬ মাইল ৩৮২৫ ফুট লাং ৫২৮০ ফুটের মধ্যে, পূর্ব্ব সীতানাথ দাসের জমির সরাসর পশ্চিম ৪৭ নং মাইল সরাসর উত্তর তারের বেড়া, দক্ষিণ মে তাবেক নকশা,	০	
৯	ঐ	আলিপুর হেতমপুর চোটখণ্ড কালসি পং মলছি	৪৮	ঐ	৫ ২ ১১	ইস্তক ৪৭ মাইল লাং ৪০০০ ফুটের মধ্যে ২০টা চেও আছে ছোট ১৯টা বড় ১টা আছে তাহার মধ্যেং পতিত জমি পূর্ব্ব ৪৭ নং মাইল সরাসর, পশ্চিম ১৬৩ নং পুলের জল-যাওয়ার নালা, উত্তর তারের বেড়া, দক্ষিণ মোতাবেক নকশা	০	
১০	ঐ	ঐ	ঐ	উত্তর	৩ ১ ১৪	ইস্তক ৪৭ মাইল লাং ৪১০০ ফুটের মধ্যে ২৬টা চেও আছে, পূর্ব্ব ৪৭ মাইল সরাসর, পশ্চিম ১৬৩ নং পুলের জলযাওয়ার নালা দক্ষিণ তারের বেড়া, উত্তর মোতাবেক নকশা	অশ্বত্থবৃক্ষ ১	
১১	ঐ	কালসি পং ঐ	ঐ	ঐ	২ ৩ ১৫	ইস্তক ৪৭ মাইল ৪১০০ ফুট লাং ৫২৮০ ফুটের মধ্যে পূর্ব্ব ১৬৩ নং পুলের জলযাওয়ার নালা, পশ্চিম ৪৮ নং মাইল সরাসর, দক্ষিণ তারের বেড়া, উত্তর মঙ্গল মণ্ডল দিগরের জমি	০	
১২	ঐ	ঐ	ঐ	দক্ষিণ	৩ ২ ৩৪	ইস্তক ৪৭ মাইল ৪০০০ ফুট লাং ৫২৮০ ফুটের মধ্যে, পূর্ব্ব ৯ নং লাটের জমি, পশ্চিম ৪৮ মাইল সরাসর, উত্তর তারের বেড়া, দক্ষিণ ভুবন মণ্ডল দিগরের জমি,	০	
১৩	ঐ	চোটখণ্ড কালসি নন্দীপুর পং মলছি	৪৯	ঐ	১২ ২ ৫	ইস্তক ৪৮ মাইল লাং ৫২৮০ ফুটের মধ্যে, পূর্ব্ব ৪৮ মাইল সরাসর, পশ্চিম ৪৯ মাইল সরাসর, উত্তর তারের বেড়া, দক্ষিণ মোতাবেক নকশা	০	
১৪	ঐ	ঐ ও বাকষি পং ঐ	ঐ	উত্তর	১২ ৩ ২৬	ইস্তক ৪৮ মাইল লাং ৫২৮০ ফুটের মধ্যে, পূর্ব্ব ৪৮ মাইল সরাসর, পশ্চিম ৪৯ মাইল সরাসর, দক্ষিণ তারের বেড়া, উত্তর মোতাবেক নকশা	০	
১৫	ঐ	নন্দীপুর বাকষি পং ঐ	৫০	ঐ	৩ ৩ ৪	ইস্তক ৪৯ মাইল লাং ১৯০০ ফুটের মধ্যে, ছোট ৬টা ও বড় ২টা চেও আছে, পূর্ব্ব ৪৯ মাইল সরাসর, পশ্চিম ১৬৮ নং পুল সরাসর, দক্ষিণ তারের বেড়া, উত্তর মোতাবেক নকশা	০	
১৬	ঐ	ঐ	ঐ	দক্ষিণ	২ ৩ ০	ইস্তক ৪৯ মাইল লাং ১৯০০ ফুটের মধ্যে, ছোট ৬টা ও বড় ২টা চেও আছে, পূর্ব্ব ৪৯ মাইল সরাসর, পশ্চিম ১৬৮ নং পুল সরাসর, উত্তর তারের বেড়া, দক্ষিণ মোতাবেক নকশা	০	

নম্বর লাট	নাম জেলা	নাম মৌজা ও পরগণা	নম্বর মাইল বিঃ রেলওয়ের নক্সা	জমির অবস্থিতি রেলওয়ের কোন পার্শ্বে	ইষ্টইণ্ডিয়া রেলওয়ের বিঃ কোনং জমি মুতাবিক হত একর পরিমাণ	জমির বাউণ্ডারি	বিঃ জমির উপরিস্থিত আওলাতের সংখ্যা	টাকা
					এ রো পো			
১৭	বর্দ্ধমান	মৌজে বাকলি মেমারি পঃ মলহি	৫০	দক্ষিণ	৫ ২ ৩৭	ইস্তক ৪৯ মাইল ১৯০০ ফুট লাঃ ৫২৮০ ফুটের মধ্যে, বড জমি সেওরায় ছোট চেও ৪টা আছে, পূর্ব্ব ১৬৮ পুলের সরাসর, পশ্চিম ৫০ মাইল সরাসর, উত্তর তারের বেড়া, দক্ষিণ মোতাবেক নকসা	০	
১৮	ঐ	ঐ	ঐ	উত্তর	৫ ২ ২৭	ইস্তক ৪৯ মাইল ১৯০০ ফুট লাঃ ৫২৮০ ফুটের মধ্যে, বড় জমি সেওরায় ৪টা ছোট চেও আছে, পূর্ব্ব ১৬৮ নং পুল সরাসর পশ্চিম ৫০ মাইল সরাসর, দক্ষিণ তারের বেড়া, উত্তর মোতাবেক নকস ,	০	
১৯	ঐ	মেমারি পঃ মলহি	৫১	ঐ	৪ ০ ২৭	ইস্তক ৫০ মাইল লাঃ ২৫৬৫ ফুটের মধ্যে, ছোট বড় ১০টা চেও আছে মায় পুষ্করিণীর পাড, পূর্ব্ব ৫০ মাইল সরাসর, পশ্চিম শ্যামলাল বাবুর পুষ্করিণী, দক্ষিণ তারের বেড়া, উত্তর মোতাবেক নকসা,	০	
২০	ঐ	ঐ	ঐ	দক্ষিণ	২ ১ ৩২	ইস্তক ৫০ মাইল লাঃ ২৪৫০ ফুটের মধ্যে, ছোট বড় চেও ১২টা আছে, পূর্ব্ব ৫০ মাইল সরাসর, পশ্চিম গ্রাণ্ড ট্রাঙ্ক রোড, উত্তর তারের বেড়া, দক্ষিণ মোতাবেক নকসা,	০	
২১	ঐ	ঐ	ঐ	ঐ	০ ৩ ১৬	ইস্তক ৫০ মাইল ২৭ ফুট লাঃ ২৫০১ ফুটের মধ্যে পূর্ব্ব দেবীপ্রসাদ দত্তের জমি পশ্চিম মেমারি ইষ্টেসন যাইবার রাস্তা উত্তর গ্রাণ্ড ট্রাঙ্করোড দক্ষিণ দেবীপ্রসাদ দত্তদিগবের জমি ইহার মধ্যে দোকান ও পুষ্করিণী আছে,	০	
২২	ঐ	ঐ	ঐ	উত্তর	০ ৩ ১৪	ইস্তক ৫০ মাইল ৩০৩০ ফুট লাঃ ৩৪৯০ ফুটের মধ্যে পূর্ব্ব গ্রাণ্ড ট্রাঙ্ক রোড পশ্চিম রাধারমণ বিশুইর জমি, উত্তর গ্রাণ্ড ট্রাঙ্ক রোড দক্ষিণ তারের বেড়া,	নারিকেল বৃক্ষ ১৬ আম্রবৃক্ষ ১	
২৩	ঐ	ঐ	ঐ	ঐ	০ ৩ ৩২	ইস্তক ৫০ মাইল ৩৫১০ ফুট লাঃ ৪০৮০ ফুটের মধ্যে পূর্ব্ব রাধারমণ বিশুইর জমি পশ্চিম ঐ ঐ উত্তর ঐ ঐ দক্ষিণ তারের বেড়া ইহার মধ্যে একটী ভাল পুষ্করিণীর কিয়ৎ অংশ আছে,	০	
২৪	ঐ	ঐ	ঐ	ঐ	০ ৩ ২৫	ইস্তক ৫০ মাইল ৪১৭০ ফুট লাঃ ৫২৮০ ফুটের মধ্যে ৮ টা চেও আছে, পূর্ব্ব রাধারমণ বিশুইর জমি, পশ্চিম এক মাইল সরাসর, দক্ষিণ তারের বেড়া, উত্তর মোতাবেক নকশা	০	
২৫	ঐ	ঐ	ঐ	দক্ষিণ	২ ০ ৩৭	ইস্তক ৫০ মাইল ৩১৪০ ফুট লাঃ ৫২৮০ ফুটের মধ্যে ছোট বড় ১১ টা চেও আছে, পূর্ব্ব এঃ জমির তারের বেড়া, পশ্চিম ৫১ মাইল সরাসর, উত্তর তারের বেড়া, দক্ষিণ মোতাবেক নকশা	০	
২৬	ঐ	মেমারি ভাতাবপুর পঃ মলহি	৫২	উত্তর	২ ১ ১৭	ইস্তক ৫১ মাইল লাঃ ২৫৬০ ফুটের মধ্যে ছোট বড় ১৬টি চেও আছে, পূর্ব্ব ৫১ নং মাইল সরাসর, পশ্চিম ১৭৬ নং পুলের সরাসর, দক্ষিণ তারের বেড়া, উত্তর মোতাবেক, নকশা	০	

নম্বর লাট	নাম জেলা	নাম মৌজা ও পরগণা	নম্বর মাইল বিং রেলওয়ের নকশা	জমির অবস্থিতি রেলওয়ের কোন পার্শ্বে	ইষ্ট ইণ্ডিয়া রেলওয়ের বিং কোম্পানির জমি মুতাবিক মত একর পরিমাণ	জমির বাউণ্ডারি	বিং জমির উপরিস্থিত ম্যাও-পাতের সংখ্যা	টিকা
					এ রো পো			
২৭	বর্দ্ধমান	মৌজে মেমারি ভাতারপুর পঃ বলহি	৫২	দক্ষিণ	২ ১ ২৪	ইস্তক ৫১ মাইল লাং ২৫৬০ ফুটের মধ্যে ছোট বড ১৭টি চেও আছে, পূর্ব্ব ৫১ মাইল সরাসর, উত্তর তারের বেড়া, দক্ষিণ মোতাবেক নকশা	০	
২৮	ঐ	ভাতারপুর	ঐ	উত্তর	২ ০ ১২	ইস্তক ৫১ মাইল ২৬৬০ ফুট লাং ৩০১০ ফুটের মধ্যে পূর্ব্ব রেস্কাত সেখদিগরের মোত জমি, পশ্চিম ২৯ নং লাটের জমি, দক্ষিণ তারের বেড়া, উত্তর এম্দাজ ও রেকাত সেখের মোত-জমি	০	
২৯	ঐ	ঐ	ঐ	ঐ	১ ২ ৩৫	ইস্তক ৫১ মাইল ২৬৬০ ফুট লাং ৩১১০ ফুটের মধ্যে পূর্ব্ব ২৮ নং লাটের জমি, পশ্চিম কিনু ও আএমদ্দী সেখের মোত জমি, দক্ষিণ তারের বেড়া, উত্তর ঐ সেখদিগের মোত জমি ইহার মধ্যে পুষ্করিণী আছে	০	
৩০	ঐ	ঐ	ঐ	দক্ষিণ	১ ০ ২৬	ইস্তক ৫১ মাইল ২৬৬০ ফুট লাং ৩৪৮০ ফুটের মধ্যে ছোট বড় চেও ৩টি আছে, পূর্ব্ব কিনু ও ছেকাতুল্লানিগরের জমি পশ্চিম ঐ ঐ, উত্তর তারের বেড়া, দক্ষিণ মোতা-বেক নকশা একটি বড পুষ্করিণীর কিয়দংশ আছে	০	
৩১	ঐ	ভাতারপুর পঃ বলহি	ঐ	ঐ	১ ১ ২৫	ইস্তক ৫১ মাইল ৩৫৬০ ফুট লাং ৫২৮০ ফুটের মধ্যে ছোট বড় ৭টি চেও আছে, পূর্ব্ব বিনু সেখদিগরের জমি, পশ্চিম ৫২ মাইল সরাসর, উত্তর তারের বেড়া, দক্ষিণ মোতাবেক নকশা	০	
৩২	ঐ	ঐ	ঐ	উত্তর	০ ৩ ০	ইস্তক ৫১ মাইল ৩৫৫০ ফুট লাং ৫২৮০ ফুটের মধ্যে ৬টি চেও আছে পূর্ব্ব কিনু সেখদি-গরের মোত জমি, পশ্চিম ৫২ নং মাইল সরাসর, দক্ষিণ তারের বেড়া, উত্তর মোতা বেক নকশা	০	
৩৩	ঐ	ভাতারপুর সাহপুর পঃ বলহি	৫৩	ঐ	১ ০ ১১	ইস্তক ৫২ মাইল লাং ২০৪০ ফুটের মধ্যে চেও ১৪টি আছে, পূর্ব্ব ৫২ মাইল সরাসর পশ্চিম ৩৫ নং ফাটকের রাস্তা, দক্ষিণ তা-রের বেড, উত্তর মোতাবেক নকশা	০	
৩৪	ঐ	ঐ	ঐ	দক্ষিণ	০ ৩ ৩৮	ইস্তক ৫২ মাইল লাং ২০৪০ ফুটের মধ্যে চেও ১৪টি আছে, পূর্ব্ব ৫২ মাইল সরাসর, পশ্চিম ৩৫ নং ফাটকের রাস্তা, উত্তর তা-রের বেড়া, দক্ষিণ মোতাবেক নকশা	০	
৩৫	ঐ	সাহপুর মিমে পঃ ঐ	ঐ	ঐ	১ ১ ৩৩	ইস্তক ৫২ মাইল ২০৫৫ ফুট লাং ৩৩১৫ ফুটের মধ্যে ছোট বড় চেও ৮টি আছে, পূর্ব্ব ৩৫ নং ফাটকের রাস্তা পশ্চিম ৩৮ নং লা-টের জমি, উত্তর তারের বেড়া, দক্ষিণ মো-তাবেক নকশা	০	
৩৬	ঐ	ঐ	ঐ	উত্তর	০ ৩ ৩১	ইস্তক ৫২ মাইল ২০৮০ ফুট লাং ৩৩১৫ ফুটের মধ্যে ছোটবড় ৮টি চেও আছে পূর্ব্ব ১৭৯ নং পুলের সরাসর, পশ্চিম ৩৭ নং লাটের জমি, দক্ষিণ তারের বেড়া, উত্তর মোতাবেক নকশা	০	

নম্বর লাট	নাম জেলা	নাম মৌজা ও পরগণা	নম্বর মাইল বিঃ রেলওয়ের নক্সা	জমির অবস্থিতি রেলওয়ের কোন পার্শ্বে	ইষ্টইণ্ডিয়া রেলওয়ের বিঃ কোম্পানী জমি দামাদিক মত একর পরিমাণ	জমির বাউণ্ডরি	বিঃ কোম্পানী জমির উৎপত্তি স্থিত আডলাতের সংখ্যা	টিকা
					এ রো পো			
৩৭	বর্দ্ধমান	সাকপুর মিমে পং মলদি	৫৩	উত্তর	০ ৩ ০	ইস্তক ৫২ মাইল ৩৪৬৫ ফুট লাং ৪৫৩৫ ফুটের মধ্যে ৭টি চেও আছে, পূর্ব্ব ৩৬ নং লাটের জমি, পশ্চিম ৪০ নং লাটের জমি, দক্ষিণ তারের বেড়া, উত্তর মোতাবেক নকশা	০	
৩৮	ঐ	ঐ	ঐ	দক্ষিণ	০ ২ ২৫	ইস্তক ৫২ মাইল ৩৩৯৫ ফুট লাং ৪৫৩৫ ফুটের মধ্যে ৭ টী চেও আছে পূর্ব্ব, ৩৫ নং লাটের জমি পশ্চিম, ৩৯ নং লাটের জমি উত্তর তারের বেড়া, দক্ষিণ মোতাবেক নকসা	০	
৩৯	ঐ	কেষাত-পুর ও মিমে পং মলদি	ঐ	দক্ষিণ	০ ১ ৩৮	ইস্তক ৫২ মাইল ৪৫৩৫ ফুট লাং ৫২৮০ ফুটের মধ্যে ৬ টী চেও আছে পূর্ব্ব, ৩৮ নং লাটের জমি পশ্চিম, ৫৩ নং মাইল সরাসর উত্তর তারের বেড়া দক্ষিণ, মোতাবেক নকসা	০	
৪০	ঐ	ঐ	ঐ	উত্তর	০ ১ ৩৬	ইস্তক ৫২ মাইল ৪৫৩৫ ফুট লাং ৫২৮০ ফুটের মধ্যে ৬ টা চেও আছে পূর্ব্ব, ৩৭ নং লাটের জমি পশ্চিম, ৫৩ নং মাইল সরাসর দক্ষিণ, তারের বেড়া উত্তর, মোতাবেক নক্সা	০	
৪১	ঐ	সাকপুর মিমে পং ঐ	৫৪	উত্তর	১ ০ ২৭	ইস্তক ৫৩ মাইল লাং ১৭৫০ ফুটের মধ্যে ১০ টী চেও আছে পূর্ব্ব, ৫৩ মাইল সরাসর পশ্চিম ১৮১ নং পুলের সরাসর দক্ষিণ, তারের বেড়া উত্তর, মোতাবেক নকসা	০	
৪২	ঐ	মাসভাঙ্গা পং ঐ	ঐ	দক্ষিণ	০ ৩ ২৭	ইস্তক ৫৩ মাইল লাং ১৭৫০ ফুটের মধ্যে ১০টী ছোট বড় চেও আছে পূর্ব্ব, ৫৩ নং মাইল সরাসর পশ্চিম, ১৮১ নং পুলের সরাসর উত্তর, তারের বেড়া দক্ষিণ মোতাবেক নকসা	০	
৪৩	ঐ	ঐ	ঐ	উত্তর	০ ২ ৮	ইস্তক ৫৩ মাইল ১৭৫০ ফুট লাং ২৫০০ ফুটের মধ্যে ৪টী চেও আছে পূর্ব্ব, ১৮১ নং পুলের সরাসর পশ্চিম, ৪৬ নং লাটের জমি, দক্ষিণ তারের বেড়া উত্তর মোতাবেক নকসা	০	
৪৪	ঐ	সাকপুর মিমে পং ঐ	ঐ	দক্ষিণ	০ ১ ২১	ইস্তক ৫৩ মাইল ১৭৫০ ফুট লাং ২৪০০ ফুটের মধ্যে ৪ টী চেও আছে পূর্ব্ব, ১৮১ নং পুলের সরাসর পশ্চিম, ৪৫ লাটের জমি ও কাঠাল গাছি মৌজার সীমানা উত্তর, তারের বেড়া দক্ষিণ, মোতাবেক নকসা	০	
৪৫	ঐ	কাঠাল গাছি পং মলদি	ঐ	দক্ষিণ	০ ২ ৯	ইস্তক ৫৩ মাইল ২৪০০ ফুট লাং ৩৮৫০ ফুটের মধ্যে ৯ টী চেও আছে পূর্ব্ব, ৪৪ নং লাটের জমি পশ্চিম, কাঠাল গাছি মৌজার সীমানা উত্তর তারের বেড়া দক্ষিণ মোতাবেক নকসা	০	
৪৬	ঐ	ঐ	ঐ	উত্তর	০ ২ ৩৩	ইস্তক ৫৩ মাইল ২৪০০ ফুট লাং ৩৮৫০ ফুটের মধ্যে ৮ টী চেও আছে পূর্ব্ব ৪৩ নং লাটের জমি পশ্চিম কাঠালগাছি মৌজার সীমানা দক্ষিণ তারের বেড়া, উত্তর মোতাবেক নকসা	০	০

নম্বর লাট	নাম জেলা	নাম মৌজা ও পরগণা	নম্বর মাইল রিঃ রেলওয়ের নক্সা	জমির অবস্থিতি রেলওয়ের কোন পার্শ্বে	ইষ্টইণ্ডিয়া রেলওয়ের রিঃ কোম্পানী জমি মুনাফিক মত একর পরিমাণ	জমির বাউণ্ডারি	রেঃ জমির উপরিস্থিত কাত-লপ্তের সংখ্যা	কৈং
					এ রো পো			
৪৭	বর্দ্ধমান	রসুলপুর পঃ মলন্দি	৫৪	উত্তর	১ ০ ১৩	ইস্তক ৫৩ মাইল ৩৮৫০ ফুট লাঃ ৫২৮০ ফুটের মধ্যে ১০ টী চেও আছে পূর্ব্ব ৪৬ নং লাটের জমি, পশ্চিম ৫৪ মাইল সরাসর, দক্ষিণ তারের বেড়া, উত্তর মোতাবেক নকসা	০	
৪৮	ঐ	ঐ	ঐ	দক্ষিণ	১ ০ ২৬	ইস্তক ৫৩ মাইল ৩৮৫০ ফুট লাঃ ৫২৮০ ফুটের মধ্যে ১০টী চেও আছে পূর্ব্ব ৪৫ নং লাটের জমি, পশ্চিম ৫৪ মাইল সরাসর উত্তর তারের বেড়া, দক্ষিণ মোতাবেক নকসা	০	
৪৯	ঐ	ঐ	৫৫	ঐ	০ ৩ ৮	ইস্তক ৫৪ মাইল ১৫ ফুট লাঃ ৪৯০ ফুটের মধ্যে পূর্ব্ব জমিদারি জমি, পশ্চিম ঐ, উত্তর গ্রাণ্ডট্রাঙ্ক রোডের নয়ানজুলি, দক্ষিণ শ্রীরাম ও হারাধনের যোত জমি	০	
৫০	ঐ	ঐ	ঐ	উত্তর	২ ১ ১৪	ইস্তক ৫৪ মাইল ৬৩০ ফুট লাঃ ২১৭০ ফুটের মধ্যে পূর্ব্ব গ্রাণ্ড ট্রাঙ্ক রোডের নয়ানজুলি, পশ্চিম গোবিন্দ বিশ্বাসের জমি, দক্ষিণ তারের বেড়া, উত্তর মোতাবেক নকসা	০	
৫১	ঐ	রসুলপুর দলুইবাজার পঃ মলন্দি	ঐ	ঐ	১ ১ ১৩	ইস্তক ৫৪ মাইল ২১৩০ ফুট লাঃ ৪৩৩০ ফুটের মধ্যে ছোট বড় ১৩ টী চেও আছে পূর্ব্ব ৫০ নং লাটের জমি, পশ্চিম ৫৪ নং লাটের জমি, দক্ষিণ তারের বেড়া, উত্তর মোতাবেক নকসা	০	
৫২	ঐ	ঐ	ঐ	দক্ষিণ	১ ০ ২৭	ইস্তক ৫৪ মাইল ২১৮৫ ফুট লাঃ ৪৮৮৫ ফুটের মধ্যে, ছোট বড় ১৫ টা চেও আছে পূর্ব্ব জমীদারের জমি পশ্চিম ঐং, উত্তর তারের বেড়া, দক্ষিণ মোতাবেক নকসা	০	
৫৩	ঐ	দলুইবাজার	ঐ	ঐ	২ ১ ২৫	ইস্তক ৫৪ মাইল ৪৪৩৫ ফুট লাঃ ৫২৬৫ ফুটের মধ্যে, পূর্ব্ব জমিদারি জমি, পশ্চিম ঐং, উত্তর তারের বেড়া, দক্ষিণ মোতাবেক নকসা ইহার মধ্যে দুইটী পুষ্করিণীর কীয়ৎ অংশ আছে	০	
14. In addition to the Commissioners appointed or elected, the Magistrate of the district and the Magistrate of the division shall be ex-officio Commissioners of every Municipality situated within their respective jurisdictions, and it shall further be competent to the Lieutenant-Governor to appoint as a Commissioner of any such Municipality any officer in the service of Government holding a salaried office (the salary of which shall not be less than Rs 100 a month) in the district in which the same is situate provided that the persons holding such salaried offices, who are appointed by the Lieutenant-Governor, shall not exceed one-third of the whole number of Commissioners

Official members

Appointment of members

১৪ ধারা। যে কমিশ্যনরেরা নিযুক্ত কি মনোনীত হন, তাঁহারদের ছাড়া জিলার মাজিষ্ট্রেট সাহেব এবং জিলার খণ্ডের মাজিষ্ট্রেট স্বং পদোপলক্ষে আপনং ক্ষমতাধীন স্থানের অন্তর্গত প্রত্যেক মুনিসিপালিটীর কমিশ্যনর হইবেন। তাহ্নন্ন উক্ত কোন মুনিসিপালিটী যে জিলায় থাকে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব সেই জিলার মধ্যে ১০০ টাকার অন্যূন বেতনের পদধারি গবর্ণমেণ্টের কোন কার্য্যকারককে ঐ মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত করিতে সক্ষম হইবেন। কিন্তু গবর্ণমেণ্টের বেতনভোগী ঐ পদধারি যত ব্যক্তি শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কর্ত্তৃক নিযুক্ত হন তাঁহারদের সংখ্যা সমুদয় কমিশ্যনরদের সংখ্যার তৃতীয়াংশের অধিক হইবে না ইতি।

রাজকীয় যে কার্য্যকারক কমিশ্যনর হইবেন তাঁহারদের কথা।

অন্য ব্যক্তিদিগকে নিযুক্ত করিবার কথা।

15 If at any time it shall appear to the Lieutenant-Governor to be advisable that a certain number of the Commissioners of any Municipality shall be elected by the tax-payers, it shall be competent to the said Lieutenant-Governor to direct such election accordingly, subject to such rules in regard to qualification, election, and discharge, as he may think fit Provided that until taxes have been imposed within a Municipality, such election shall be made by the house-holders therein It shall be lawful for the Lieutenant-Governor to appoint the Vice-Chairman and Commissioners holding office in any place under the District Municipal Improvement Act, 1864, or the District Towns Act, 1868, at the time of the extension of this Act to such place, or any other persons, to be *ad interim* Vice Chairman and Commissioners pending the election of Commissioners under this section

Election of Commissioners by the tax payers

Appointment pending election

১৫ ধারা। যাঁহারা টাকস দিয়া থাকেন কোন মুনিসিপালিটীর কমিশ্যনরদের কএক জন তাঁহারদের দ্বারা মনোনীত হওয়া উচিত শ্রীযুত গবর্ণর সাহেবের এমত বিবেচনা হইলে, তিনি তাঁহারদের যোগ্যগুণাদির ও তাঁহারদের মনোনীত হওনের ও অবসর হওনের যে বিধি বিহিত বোধ করেন তদনুসারে ঐ ব্যক্তিদের দ্বারা কমিশ্যনরদের মনোনীত হইবার আজ্ঞা করিবেন। কিন্তু মুনিসিপালিটীর মধ্যে যত কাল টাকস ধার্য্য না হয় তত কাল ঐ মুনিসিপালিটীর অন্তর্গত গৃহস্থেরাই ঐ কমিশ্যনরদিগকে মনোনীত করিবেন। এই আইন কোন স্থানে প্রচলিত হলে সময়ে যে ব্যক্তিরা প্রদেশস্থ নগরের সৌষ্ঠব করণার্থ ১৮৬৪ সালের কিম্বা প্রদেশীয় নগর বিষয়ক ১৮৬৮ সালের আইনমতে সেই স্থানের প্রতিনিধি সভাপতি ও কমিশ্যনর হন, এই ধারামতে কমিশ্যনরদিগকে মনোনীত না করণ পর্য্যন্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহারদিগকে কিম্বা অন্য ব্যক্তিদিগকে প্রতিনিধিসভাপতির ও কমিশ্যনরদের পদে নিযুক্ত করিতে পারিবেন ইতি।

টাক্স দাতাদের দ্বারা কমিশ্যনরদের মনোনীত হইবার কথা।

মনোনীত না করণ পর্য্যন্ত কমিশ্যনরদের নিয়োগের কথা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭২। ৩০ জুলাই।]

16. **When Municipal Commissioners or any Ward Committee shall be for the first time appointed or elected in any Municipality, one-third of the whole shall retire at the end of one year, and another third at the end of two years, and the rest at the end of three years, to be computed from the first day of the Municipal year next following the date of the appointment or election of such Commissioners or Committee The members who shall retire at the end of the first and second years respectively shall be decided by lot But the official members appointed under Section 14 of this Act shall not be liable to retirement under this section Any person appointed or elected to any vacancy caused by the withdrawal, or discharge, or removal, or death, of another member, shall fill such vacancy for the unexpired remainder of the term for which the out going member may have been elected or appointed**

Rotation of members

১৬ ধারা। কোন মুনিসিপালিটীর মধ্যে মুনিসিপল কমিশ্যনরেরা কিম্বা কোন পল্লির কমিটী প্রথমবার নিযুক্ত বা মনোনীত হইলে পর, তাঁহারদের ঐরূপে নিযুক্ত বা মনোনীত হইবার তারিখের পশ্চাৎ যে মুনিসিপল বৎসর আইসে তাহার প্রথম দিবসাবধি ধরিয়া এক বৎসরের শেষে তাঁহারদের তৃতীয়াংশ ব্যক্তি, দুই বৎসরের শেষে আর তৃতীয়াংশ ব্যক্তি ও তিন বৎসরের শেষে অবশিষ্ট ব্যক্তিরা পদত্যাগ করিবেন। প্রথম ও দ্বিতীয় বৎসরের শেষে কে২ পদত্যাগ করিবেন ইহা গুলিবাঁট করণদ্বারা নিষ্কার্য্য হইবে। কিন্তু এই আইনের ১৪ ধারামতে রাজকীয় যে কার্য্যকারকেরা কমিশ্যনরী পদে নিযুক্ত হন তাঁহারা এই ধারামতে পদত্যাগ করিবার যোগ্য নহেন। কোন ব্যক্তি স্বেচ্ছামতে পদত্যাগ করিলে কিম্বা অবসৃত হইলে কি স্থানান্তরে গেলে কি মরিলে তিনি অবশিষ্ট যত দিনের নিমিত্ত কার্য্য করিতে মনোনীত কি নিযুক্ত ছিলেন তাঁহার শূন্যপদে যে ব্যক্তি মনোনীত বা নিযুক্ত হন তিনি সেই অবশিষ্ট কাল ঐ শূন্যপদে কর্ম্ম করিবেন ইতি

ক্রমান্বয়ে কমিশ্যনর প্রভৃতির পদ ত্যাগ করিবার কথা।

17. The Magistrate of the district if the Municipality be at the sudder station, or the Magistrate in charge of a division thereof if the Municipality be situated within such division, shall be ex-officio Chairman of the Commissioners thereof The Magistrate of the district may, with the sanction of the Lieutenant Governor, delegate to any Magistrate subordinate to him at a sudder station any of the powers vested by this Act in the Chairman of the Commissioners and may withdraw such powers In the absence of the Magistrate of a division of the district, the Magistrate of the district may appoint any Magistrate subordinate to him to officiate as Chairman of the Commissioners within such division

Appointment of Chairman

১৭ ধারা। সদর মোকামে মুনিসিপালিটী হইলে জিলার মাজিষ্ট্রেট সাহেব কিম্বা জিলার খণ্ডের মধ্যে মুনিসিপালিটী থাকিলে সেই খণ্ডের কার্য্যাধ্যক্ষ মাজিষ্ট্রেট স্বপদোপলক্ষে তথাকার কমিশ্যনরদের সভাপতি হইবেন। এই আইনদ্বারা কমিশ্যনরদের সভাপতির প্রতি যে সকল ক্ষমতার্পণ হইয়াছে জিলার মাজিষ্ট্রেট সাহেব শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের অনুমতি ক্রমে সদর মোকামে আপনার অধীন কোন মাজিষ্ট্রেটের প্রতি সেই অন্যতর ক্ষমতা প্রদান করিতে পারিবেন এবং সেই২ ক্ষমতা রহিত করিতে পারিবেন। জিলার খণ্ডের মাজিষ্ট্রেটের অনুপস্থানে জিলার মাজিষ্ট্রেট সাহেব ঐ খণ্ডের মধ্যে কমিশ্যনরদের সভাপতির কর্ম্ম করিবার জন্যে আপন অধীন কোন মাজিষ্ট্রেটকে নিযুক্ত করিতে পারিবেন ইতি।

সভাপতিকে নিযুক্ত করিবার কথা।

18 The Commissioners shall elect their own Vice-Chairman, subject to the approval of the Lieutenant-Governor, he shall hold office for one year from the date of his election, and shall be eligible for re-election at the end of each year Provided that it shall be lawful for the Lieutenant-Governor to sanction the election permanently or for a term of years of a salaried Vice-Chairman if proposed by the Commissioners Provided also that the present salaried Vice-Chairman of any municipality who has been appointed by the Lieutenant-Governor under the provisions of section 8 of the District Municipal Improvement Act, 1864, shall continue to hold the office till he resigns or is removed

Appointment of Vice Chairman

Proviso as to vested interests

১৮ ধারা। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের অনুমোদনের অপেক্ষায় কমিশ্যনরেরা নিজে আপনারদের প্রতিনিধি সভাপতিকে মনোনীত করিবেন। তিনি মনোনীত হইবার তারিখ অবধি এক বৎসর ঐ পদে থাকিবেন। বৎসরের শেষে তাঁহাকে পুনরায় মনোনীত করা যাইতে পারিবে। কিন্তু কমিশ্যনরেরা প্রস্তাব করিলে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব চিরকালের কিম্বা কএক বৎসরের নিমিত্ত বেতন ভোগি প্রতিনিধি সভাপতি নিযুক্ত হইবার অনুমতি দিতে পারিবেন। পরন্তু প্রদেশীয় নগরের সৌষ্ঠব করণার্থ ১৮৬৪ সালের আইনের ৮ ধারামতে কোন মুনিসিপালিটীর বেতন ভোগি যে প্রতিনিধি সভাপতি শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবকর্ত্তৃক নিযুক্ত হইয়া এখন বর্ত্তমান আছেন, তিনি যত

প্রতিনিধি সভাপতিকে নিযুক্ত করিবার কথা।

বর্ত্তমান ব্যক্তির স্বার্থ রক্ষার কথা।

with the sanction of the Lieutenant Governor It shall be lawful for the Chairman by a written order to delegate to the Vice-Chairman all or any of the duties or powers of a Chairman as defined in this Act, subject to such restrictions as may seem fit to him and at any time by a written order to withdraw the same

Delegation of Chairman's duties

19 The Commissioners shall have use of a common seal, and shall have the name of the Municipality engraved thereon in legible characters in the English language, and also in the vernacular language of the district All contracts entered into in respect of any sum exceeding twenty rupees shall be in writing, and shall be sealed with the common seal of the Commissioners, and on their behalf, in the presence of at least two of the Commissioners, one of whom shall be the Chairman or the Vice Chairman, who shall certify the same by affixing their signatures as witnesses at the foot of the instruments All such contracts shall be varied or cancelled in a similar manner

Mode of entering into contract

20 The Commissioners shall sue and be sued in the name of their Chairman by the description of "The Chairman of the Commissioners of ," and in such name so described, they shall be competent to hold property, movable and immovable, to them and their successors as a body corporate, and to convey the same, and to enter into all necessary contracts for the purposes of this Act

Commissioners incorporated

CHAPTER 2

Property and Contracts of the Commissioners

21 All roads, bridges, embankments, and drains, in any Municipality (not being private property) existing at the time this Act comes into operation or which shall afterwards be made, and the pavements, stones, and other materials thereof and also all erections, materials, implements, and other things provided therefor, shall vest in and belong to the Commissioners But it shall be competent to the Lieutenant Governor from time to time, by notification, to exclude any road, bridge embankment, or drain from the operation of this Act, unless the cost of the original construction of the same shall have been paid from the Municipal Fund, and to cancel such notification wholly or in part

Public road &c vested in the Commissioners

কাল সেই পদ ত্যাগ না করেন কিম্বা শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের অনুমতিক্রমে অবসৃত না হন তত কাল ঐ পদে থাকিবেন। এই আইনেতে সভাপতির কর্ত্তব্য যেং কর্ম্ম ও যেং ক্ষমতা নির্ণীত হইয়াছে সভাপতি আজ্ঞাপত্র লিখিয়া সেই সকল কি তন্মধ্য কোনং ক্ষমতা প্রতিনিধি সভাপতির প্রতি অর্পণ করিতে পারিবেন ও তৎসঙ্গে ক্ষমতা সঙ্কোচার্থক কোন নিয়ম করা উচিত বোধ করিলে তাহাও করিতে পারিবেন ও সময়ান্তরে আজ্ঞাপত্র লিখিয়া দিয়া সে ক্ষমতা রহিতও করিতে পারিবেন ইতি।

সভাপতির কর্ত্তব্য কর্ম্ম অন্যের প্রতি অর্পণ করিবার কথা।

১৯ ধারা। কমিশ্যনরগণ সাধারণ মোহর ব্যবহার করিবেন। সেই মোহরে মুনিসিপালিটীর নাম ইঙ্গরেজী ভাষার ও জিলার চলিত ভাষার সুপাঠ্য অক্ষরে ক্ষোদিত থাকিবে। বিশ টাকার অধিক মূল্যের যে চুক্তি করা যায় তাহা লিখিয়া করা যাইবে। ও সেই লিপিতে কমিশ্যনরদের পক্ষে ও তাঁহারদের মধ্যে অন্যূন দুই ব্যক্তির সাক্ষাৎ কমিশ্যনরদের সাধারণ মোহর দেওয়া যাইবে। উক্ত দুই জনের মধ্যে সভাপতি কিম্বা প্রতিনিধি সভাপতি এক জন হইবেন। তাঁহারা ঐ লিপির নিম্নভাগে সাক্ষিস্বরূপে স্বাক্ষর করিয়া ঐ পত্র প্রশংসিত করিবেন। উক্ত প্রকারের চুক্তি পরিবর্ত্তন বা রহিত করণকালেও সেই প্রকারের কার্য্য হইবে ইতি।

চুক্তি করিবার নিয়মের কথা।

২০ ধারা। কমিশ্যনরেরা "অমুক স্থানের কমিশ্যনরদের সভাপতি" এই বর্ণনামতে সভাপতির নাম ধরিয়া নালিশ করিতে পারিবেন ও সেই বর্ণনানুসারে তাঁহারদের নামে নালিশ হইতে পারিবে। ও তদ্রূপ বর্ণিত নামানুসারে তাঁহারা সমবায়িত সমাজস্বরূপ আপনারদের পক্ষে ও আপনারদের উত্তরপদধারিদের পক্ষে স্থাবর ও অস্থাবর সম্পত্তি অধিকার করিতে ও হস্তান্তর করিতে পারিবেন ও এই আইনের কার্য্যহেতুক আবশ্যক সকল চুক্তি করিতে পারিবেন ইতি।

কমিশ্যনরদের সমবায়িত হইবার কথা।

২ অধ্যায়।

কমিশ্যনরদের সম্পত্তির ও চুক্তির কথা।

২১ ধারা। এই আইন প্রচলিত হইবার সময়ে, মুনিসিপালিটীর মধ্যে কোন ব্যক্তির স্বকীয় সম্পত্তিভিন্ন যত পথ ও সাঁকো ও বাঁধ ও নর্দ্দমা থাকে বা পরে যত প্রস্তুত করা যায় তাহা ও তৎসংযুক্ত যত শানপাত্থর ও পাতর ও অন্য সরঞ্জাম থাকে এবং ঐং পথ প্রভৃতি করিবার নিমিত্ত ঘর ও সরঞ্জাম ও হাতিয়ার প্রভৃতি যত দ্রব্য থাকে তাহা কমিশ্যনরদের প্রতি বর্ত্তিবে ও তাঁহারদেরই হইবে। কিন্তু সেই পথ কি সাঁকো কি বাঁধ কি নর্দ্দমা নির্ম্মাণ করিবার খরচ যদি প্রথমেই মুনিসিপল ফণ্ডহইতে না দেওয়া গিয়া থাকে তবে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব সময়েং জ্ঞাপন পত্র প্রকাশ করিয়া তাহা এই আইনের বিধানের বহির্ভূত করিতে পারিবেন এবং উক্ত জ্ঞাপনপত্র সম্পূর্ণরূপে বা অংশতঃ রহিতও করিতে পারিবেন ইতি।

রাজপথপ্রভৃতি কমিশ্যনরদের প্রতি বর্ত্তিবার কথা।

Commissioners may with consent of owners take over and repair certain roads

22 It shall be lawful for the Commissioners at a meeting to agree with the person or persons, in whom the property in any road is vested, to take over the property therein, and after such agreement to declare, by notice in writing put up in any part of such road, that the same has become a municipal road. Thereupon such road shall vest in the Commissioners and shall thenceforth be repaired and kept up out of the Municipal Fund.

স্বামিদের সম্মতিক্রমে কমিশ্যনরদের কএক পথ লইয়া মেরামত করিতে পারিবার কথা।

২২ ধারা। কোন পথের স্বামিত্ব কোন ব্যক্তির বা ব্যক্তিদের প্রতি বর্ত্তিলে কমিশ্যনরেরা অধিবিষ্ট হইয়া তাঁহাদের সঙ্গে ঐকাবাক্যে ঐ পথের স্বামিত্ব গ্রহণ করিবার নিয়ম করিতে পারিবেন। ও তদ্রূপ নিয়ম করিলে তাঁহারা নোটিস লেখাইয়া ঐ পথের কোন স্থানে লটকাইয়া সেই পথ মুনিসিপল পথ বলিয়া প্রকাশ করিতে পারিবেন। তাহা হইলে সেই পথ কমিশ্যনরদের প্রতি অর্শিবে ও তদবধি তাহার মেরামত করিবার ও তাহা পরিপাটীরূপে রাখিবার খরচ মুনিসিপল ফণ্ড হইতে দেওয়া যাইবে ইতি।

Existing hospitals, schools, rest-houses, &c. to be vested in the Commissioners

23 All or any hospitals, dispensaries, schools, rest-houses, markets, tanks, and wells, not being private property, or the property of a religious institution or society, and all medicines, furniture, and other articles appurtenant thereto, not being private property, which at the time this Act comes into operation in any place shall be found therein, may, by order of the Lieutenant-Governor, duly published, be vested in the Commissioners as a body corporate, and thereupon all endowments or funds belonging thereto shall be transferred to, and vested in, the Commissioners as trustees, to hold and apply the same to the purposes to which such endowments and funds were lawfully applicable at the time of such transfer: Provided always that no such order shall be issued until one month after the intention to transfer such property shall have been published in the *Calcutta Gazette*, and within the Municipality in the vernacular language of the district.

বর্ত্তমান হাস্পাতাল ও পাঠশালা ও চটীপ্রভৃতি কমিশ্যনরদের প্রতি বর্ত্তিবার কথা।

২৩ ধারা। এই আইন যে সময়ে কোন স্থানে প্রচলিত করা যায় সেই সময়ে কোন ব্যক্তির স্বকীয় সম্পত্তিভিন্ন কিম্বা ধর্ম্মার্থ কোন সভার কি সমাজের সম্পত্তিভিন্ন ঐ স্থানে যত হাস্পাতাল কি ঔষধালয় কি বিদ্যালয় কি পাঠশালা কি চটী কি হাট বাজার কি পুকুর কি কূপ ও তন্মধ্যে কোন ব্যক্তির স্বকীয় সম্পত্তিভিন্ন যত ঔষধ ও কাষ্ঠসামগ্রী ও তৎসংক্রান্ত অন্য যত দ্রব্য থাকে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের রীতিমতে প্রকাশিত আজ্ঞাক্রমে তাহা সমাবায়িত সমাজরূপে ঐ কমিশ্যনরদের প্রতি বর্ত্তিতে পারিবে। তাহা হইলে উক্ত হাস্পাতাল প্রভৃতির ব্যয়পোষণার্থে প্রদত্ত সকল বিষয় ও ফণ্ড ট্রষ্টিস্বরূপে কমিশ্যনরদের হস্তে অর্পিত হইবে ও তাঁহাদের প্রতি অর্শিবে। ও হস্তান্তর করণকালে ঐ দত্ত ধনাদি ও ফণ্ড বৈধমতে যে কর্ম্মে প্রয়োগ হইতে পারিত তাঁহারা সেই ধনাদি রাখিয়া সেই২ কর্ম্মে প্রয়োগ করিবেন। কিন্তু ঐ সম্পত্তি হস্তান্তর করিবার মনস্থের জ্ঞাপনপত্র কলিকাতা গেজেটে এবং মুনিসিপালিটীর মধ্যে জিলার চলিত ভাষায় এক মাস পর্য্যন্ত প্রকাশ না হইলে পূর্ব্বোক্ত আজ্ঞা প্রচারিত হইবে না ইতি।

Transfer to be conditional in certain cases

24 If the Commissioners at a meeting shall, after publication of a notice as aforesaid, object to the transfer to themselves of any hospital, dispensary, or school not being an elementary vernacular school, on the ground that their funds cannot bear the charge, then such transfer shall not be made save under such conditions as the Commissioners at a meeting may agree to accept.

স্থলবিশেষে হস্তান্তর করণ নিয়মাধীন হইবার কথা।

২৪ ধারা। পূর্ব্বোক্ত জ্ঞাপনপত্র প্রকাশ করা গেলে পর কমিশ্যনরদের তহবিল হইতে ঐ হাস্পাতালের কি ঔষধালয়ের খরচ কিম্বা দেশীয় ভাষায় নানা বিদ্যাদির উপক্রমণিক শিক্ষা করিবার পাঠশালাভিন্ন অন্য ইস্কুলের খরচ দিলে অকুলান হইবে বলিয়া যদি ঐ কমিশ্যনরেরা অধিবিষ্ট হইয়া সেই হাস্পাতাল প্রভৃতি আপনাদের হাতে অর্পণ হওয়ার বিষয়ে আপত্তি করেন তবে কমিশ্যনরেরা অধিবিষ্ট হইয়া যে নিয়ম স্বীকার করেন কেবল সেই নিয়মমতে ঐ হস্তান্তর করা হইতে পারিবে নতুবা হইবে না ইতি।

Power to purchase and sell lands

25 The Commissioners at a meeting may purchase or take on lease any land for the purposes of this Act, and may sell any land not required for such purposes either together or in parcels, and the proceeds of such sale shall be applied for the purposes of this Act.

ভূমি ক্রয় ও বিক্রয় করিবার ক্ষমতার কথা।

২৫ ধারা। কমিশ্যনরেরা অধিবিষ্ট হইয়া এই আইনের কার্য্য পক্ষে কোন ভূমি ক্রয় করিতে কিম্বা পাট্টা করিয়া লইতে পারিবেন এবং ঐ কার্য্যের নিমিত্তে যে ভূমির আবশ্যক না থাকে তাহা একত্র কিম্বা খণ্ড২ করিয়া বিক্রয় করিতে পারিবেন। ও তদ্দ্বারা যে টাকা পাওয়া যায় তাহা এই আইনের কার্য্যে প্রয়োগ করিবেন ইতি।

[*Government Gazette, 30th July* 1871.]

CHAPTER 3.

Their mode of transacting business.

26 The Commissioners shall have a fixed office where the records shall be kept, orders published, and money received. They shall meet for the transaction of business at least once in every month, and as often as a meeting shall be called by the Chairman, or in his absence by the Vice Chairman, and all questions which may come before them at any meeting shall be decided by a majority. The Chairman, or in his absence the Vice-Chairman, shall be bound to call a meeting on the requisition of three Commissioners signed by them.

Commissioners to keep an office for the transaction of business.

27 The Chairman, or in his absence the Vice Chairman, shall preside at every such meeting, and, in the absence of both the Chairman and Vice-Chairman, the Commissioners shall choose some one of their number to preside. In cases of equality of votes, the President shall have a casting vote.

Who to preside at meetings of the Commissioners.

28 No business shall be transacted at a meeting unless called by the Chairman or Vice-Chairman, and unless, at least, in case of a first class Municipality five, and in the case of a second class Municipality three, Commissioners be present.

Quorum.

29 Minutes of the proceedings of all meetings of the Commissioners shall be entered in a book to be kept for the purpose, and shall be signed by the President of the meeting, and such books shall be open to the inspection of the tax payer.

Minutes of proceedings.

30 The Chairman, or, in his absence, the Vice-Chairman, shall exercise all the powers vested by this Act in the Commissioners, save that he shall not contravene any resolution or order passed by the Commissioners at a meeting. Provided that it shall not be lawful for the Chairman or the Vice-Chairman to exercise any power which it is by this Act expressly declared shall be exercised by the Commissioners at a meeting, unless expressly authorized by them in that behalf. Any Chairman

The Chairman or Vice Chairman to exercise with certain exceptions the powers of the Commissioners.

৩ অধ্যায়।

তাঁহারদের কার্য্যনিষ্পাদনের নিয়মের কথা।

২৬ ধারা। কমিশ্যনরদের অবধারিত কার্য্যালয় থাকিবে তথায় তাঁহারদের কাগজপত্র রাখা যাইবে ও তাঁহারদের আজ্ঞা সকল প্রচার করা যাইবে ও টাকা আদায় হইবে। তাঁহারা কর্ম্ম নিষ্পাদন করিবার জন্যে মাসে ন্যূনকল্পে একবার এবং সভাপতি বা তাঁহার অনুপস্থানে প্রতিনিধি সভাপতি আর যতবার তাঁহারদিগকে আহ্বান করেন ততবার একত্র হইবেন। অধিবেশন কালে তাঁহারদের সম্মুখে যেং বিষয় উপস্থিত করা যায়, তাহা অধিকাংশ ব্যক্তির মতানুসারে নির্দ্ধার্য্য হইবে। তিন জন কমিশ্যনর সভার অধিবেশন হইবার আদেশপত্র লিখিয়া স্বাক্ষর করিলে সভাপতির কিম্বা তাঁহার অনুপস্থানে প্রতিনিধি সভাপতির সভার অধিবেশন করাইতেই হইবে।

কমিশ্যনরদের কার্য্য নিষ্পাদন করিবার কার্য্যালয় রাখিবার কথা।

২৭ ধারা। উক্ত প্রত্যেক অধিবেশনে সভাপতি ও তাঁহার অনুপস্থানে প্রতিনিধি সভাপতি আধিপত্য করিবেন। সভাপতি ও প্রতিনিধি সভাপতি উভয়ে অনুপস্থিত থাকিলে কমিশ্যনরেরা আধিপত্য করিবার জন্যে আপনারদের অন্যতর ব্যক্তিকে মনোনীত করিবেন। কোন বিষয়ে সমান সংখ্যার লোক পরস্পর বিপক্ষ মতাবলম্বী হইলে সভাপতির মত প্রবল হইবে ইতি।

কমিশ্যনরদের অধিবেশনকালে কে সভাপতি হইবেন ইহার কথা।

২৮ ধারা। সভাপতি কিম্বা প্রতিনিধি সভাপতি সভার অধিবেশন না করাইলে এবং প্রথম শ্রেণীর মুনিসিপালিটী হইলে কমিশ্যনরদের মধ্যে পাঁচ জনের ও দ্বিতীয় শ্রেণীর মুনিসিপালিটী হইলে তিন জনের কম উপস্থিত থাকিলে কোন কার্য্য চলিবে না ইতি।

যত ব্যক্তির উপস্থানে কার্য্য চলিতে পারে তাহার কথা।

২৯ ধারা। কমিস্যনরেরা এক খান বহী রাখিয়া অধিবেশন কালে যে কার্য্যের অনুষ্ঠান হয় তাহার মর্ম্ম ঐ বহীতে লিখিয়া রাখিবেন। অধিবেশন কালে যিনি সভাপতি হন তিনি সেই বৃত্তান্তে স্বাক্ষর করিবেন ও যাঁহারা টাক্স দিয়া থাকেন তাঁহারা সর্ব্বদা ঐ বহী দেখিতে পারিবেন ইতি।

আনুষ্ঠানিক কার্য্যের বিবরণ লিখিবার কথা।

৩০ ধারা। এই আইনে কমিশ্যনরদের প্রতি যে ক্ষমতা অর্পিত হইল সভাপতি ও তাঁহার অনুপস্থানে প্রতিনিধি সভাপতি সেই সকল ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন। কিন্তু কমিশ্যনরেরা অধিবিষ্ট হইয়া যে বিষয় নির্দ্ধার্য্য করেন কি যে আজ্ঞা করেন তিনি তাহার অন্যথা করিতে পারিবেন না। আরো কমিশ্যনরেরা অধিবিষ্ট হইয়া অমুক ক্ষমতাক্রমে কার্য্য করিবেন এই আইনের এমত স্পষ্ট বিধান থাকিলে ও তাঁহারা সভাপতিকে কি প্রতিনিধি সভাপতিকে আপনারদের

বিশেষ স্থলভিন্ন কমিশ্যনরদের ক্ষমতামতে সভাপতির বা প্রতিনিধি সভাপতির কার্য্য করিবার কথা।

or Vice Chairman acting under the first clause of this section shall report his proceedings to the Commissioners at the next meeting held thereafter, and thereupon it shall be competent to the Commissioners at a meeting to disallow such proceedings prospectively

31 The Commissioners at a meeting shall from time to time decide what number of overseers, clerks, registrars of births and deaths, subordinate officers or servants, and collectors of taxes, duties, or tolls, may be necessary for the Municipality, and shall fix from time to time the salaries to be paid to such persons respectively out of the Municipal Fund, and the allowances to be granted to such persons during absence on leave Subject to such decision, the Chairman shall have power to appoint such persons as he may think fit, and from time to time to remove such persons and appoint others in their places Provided that no person shall be appointed to or removed from any office, the monthly salary of which exceeds Rs 50, without the sanction of the Commissioners at a meeting, and provided that no salary amounting to more than Rs 100 a month in a second class Municipality, or to more than Rs 150 a month in a first class Municipality, shall be assigned to any clerk or other servant without the previous sanction of the Magistrate of the district The Commissioners shall also take from every collector of municipal taxes, duties, or tolls, such security for the sums collected by him as they may think proper Every person appointed under this section shall be deemed to be a public servant within the meaning of the Indian Penal Code All officers and servants who may, at the time of the extension of this Act to any place, hold office therein under the provisions of the District Municipal Improvement Act, 1864, or of the District Towns Act, 1868, shall be deemed to have been duly appointed under this Act, and shall continue to hold office subject to any action which may be taken under this section

Appointment of overseers clerks, and subordinate officers

Chapter 4

Ward Committees

32 It shall be lawful for the Commissioners at a meeting to divide any Municipality into wards, and thereupon to appoint, or cause to be elected, under such rules as shall

Power to appoint Ward Committees

পক্ষ হইয়া কর্ম্ম করিতে স্পষ্ট অনুমতি না দিলে সভাপতি কি প্রতিনিধি সভাপতি সেই ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন না। কোন সভাপতি বা প্রতিনিধি সভাপতি এই ধারার প্রথম প্রকরণমতে কর্ম্ম করিলে তৎপশ্চাৎ অধিবেশনকালে কমিশ্যনরদিগকে আপনার আনুষ্ঠানিক কার্য্যের রিপোর্ট করিবেন। তাহা হইলে কমিশ্যনরেরা অধিবিষ্ট হইয়া ভাবিকালের পক্ষে সেই আনুষ্ঠানিক কার্য্য অগ্রাহ্য করিতে সক্ষম হইবেন ইতি।

৩১ ধারা। মুনিসিপালিটীর কার্য্যের জন্য ওবরসিয়র ও কেরাণী জন্মের ও মৃত্যুর রেজিষ্ট্রার ও অধীন কর্ম্মকারক ও চাকর প্রভৃতি কত জনকে এবং টাক্স ও মাসুল ও কর আদায় করিবার জন্যে কত জনকে রাখা আবশ্যক কমিশ্যনরেরা সময়ে২ অধিবিষ্ট হইয়া এই কথা নির্ণয় করিবেন ও মুনিসিপল সঞ্চয় হইতে সেই২ ব্যক্তির কত করিয়া বেতন দিতে হইবে ও তাহারা ছুটী লইলে সেই ছুটীর সময়ে কত করিয়া পাইবেন এই কথাও সময়ে২ নিরূপণ করিবেন। উক্ত কথা নির্ণয় হইবার অপেক্ষা না করিয়া সভাপতি যাহারদিগকে উপযুক্ত জ্ঞান করেন তাহারদিগকে নিযুক্ত করিতে পারিবেন এবং সময়ে২ সেই ব্যক্তিদিগকে অবসর করিয়া তাহারদের স্থানে অন্য ব্যক্তিদিগকে নিযুক্ত করিতে পারিবেন। কিন্তু যে ব্যক্তির মাসে ৫০ টাকার অধিক বেতন হয়, অধিবিষ্ট কমিশ্যনরদের অনুমতিবিনা এমত কোন ব্যক্তিকে নিযুক্ত কি কোন পদ হইতে অবসর করা যাইবে না। আরো জিলার মাজিষ্ট্রেট সাহেব সম্মত না হইলে দ্বিতীয় শ্রেণীর মুনিসিপালিটীতে কোন কেরাণীর কি অন্য কর্ম্মকারকের মাসে ১০০৲ টাকার অধিক বেতন ও প্রথম শ্রেণীর মুনিসিপালিটীতে ১৫০ টাকার অধিক বেতন নিরূপণ হইবে না। আর যে ব্যক্তি মুনিসিপল টাক্স ও মাসুল ও কর আদায় করণার্থে নিযুক্ত হন কমিশ্যনরেরা তাঁহারদের সংগৃহীত ঐ টাকার প্রতিভূস্বরূপ যে জামিন লওয়া উচিত বোধ করেন তাহা লইবেন। এই ধারামতে কোন ব্যক্তিকে নিযুক্ত করা গেলে তিনি ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের অর্থানুসারে রাজকীয় কার্য্যকারক বলিয়া জ্ঞান হইবেন এই আইন যে সময়ে কোন স্থানে প্রচলিত করা যায় সেই সময়ে প্রদেশীয় নগরের সৌষ্ঠব করণার্থ ১৮৬৪ সালের কিম্বা প্রদেশীয় নগর বিষয়ক ১৮৬৮ সালের আইনের বিধানমতে যে সকল কর্ম্মকারক ও চাকর পদস্থ থাকেন তাঁহারা এই আইনমতে নিয়মিতরূপে নিযুক্ত হইয়াছেন এমত জ্ঞান হইবে এবং এই ধারামতে যে কার্য্য করা যায় তাঁহারা তদধীনে স্ব২ পদে থাকিবে ইতি।

ওবরসিয়র ও কেরাণী ও অধীন আমলাদিগকে নিযুক্ত করিবার কথা।

৪ অধ্যায়।

পাড়ার কমিটীর কথা।

৩২ ধারা। অধিবিষ্ট কমিশ্যনরেরা কোন মুনিসিপালিটী পাড়া২ করিয়া বিভক্ত করিতে পারিবেন। তাহা হইলে এই আইনের ১৫ ধারামতে যে বিধি করা যায় কমিশ্যনরেরা সেই বিধিমতে ঐ২

পাড়ার কমিটী নিযুক্ত করিবার ক্ষমতার কথা।

have been made under Section 15 of this Act, for each ward, not less than three qualified persons, whether such persons be or be not Commissioners for the time being, to be members of the Ward Committee, and the said Commissioners at a meeting may define the limits of the ward for which any Ward Committee may be appointed or elected All questions regarding the removal, resignation, and filling up vacancies among the members of Ward Committees shall be settled by the Commissioners at a meeting

Election of Chairman of Ward Committees

33. Each Ward Committee for each year may, if they see fit, elect their own Chairman from among their own number

Powers of Ward Committees

34 A Ward Committee within the limits of their ward, as defined by the Commissioners at a meeting, shall exercise all the powers, and shall be bound to perform all the duties, of Commissioners as defined in this Act, which the Commissioners at a meeting shall have delegated to them All acts done, orders issued, and assessments made by Ward Committees, shall be subject to the control and revision of the Commissioners, who may at any time withdraw all or any of such powers and duties

CHAPTER V

General Provisions

No Commissioner to be personally liable for contracts &c but only for wilful misapplication &c of money

35 No Commissioner or Member of a Ward Committee shall be personally liable for any contract made or expense incurred by or on behalf of the Commissioners Every Commissioner or Member of a Ward Committee shall be personally liable for any wilful misapplication of money entrusted to the Commissioners to which he shall have been a party, and he shall be liable to be sued for the same

Penalty on Commissioners and others interested in contract

36 No Commissioner or Member of a Ward Committee, or servant of the Commissioners or Committee, shall be interested, directly or indirectly, in any contract made with the Commissioners And if any such person be so interested, he shall thereby become incapable of continuing in office or employment, and shall be liable to a fine not exceeding five hundred rupees Provided always that no person by being a shareholder in, or member of, any

পল্লির কমিটীর অন্তর্গত থাকিবার যোগ্য অন্যূন তিনং ব্যক্তিকে নিযুক্ত করিতে কি মনোনীত করাইতে পারিবেন। ঐ ব্যক্তিরা তৎ কালে কমিশ্যনরী পদে নিযুক্ত হউন বা না হউন তাঁহারা পল্লির কমিটীর মেম্বর স্বরূপ নিযুক্ত হইতে পারিবেন। এবং পল্লির যে কমিটী যে পল্লির নিমিত্ত নিযুক্ত বা মনোনীত হন, কমিশ্যনরেরা অধিবিষ্ট হইয়া সেইং পল্লির সীমা নির্ণয় করিবেন। পল্লির কমিটীর অন্তর্গত ব্যক্তিদের অবসর কি কর্ম্মত্যাগ করণ কিম্বা শূন্য পদে অন্য ব্যক্তিকে নিযুক্ত করণ বিষয়ে কোন কথা উপস্থিত হইলে অধিবিষ্ট কমিশ্যনরেরা তাহা নিষ্পত্তি করিবেন ইতি।

পল্লির কমিটীর সভাপতি মনোনীত হইবার কথা।

৩৩ ধারা। প্রত্যেক পল্লির কমিটী উচিত বোধ করিলে প্রতিবৎসর আপনা২দের মধ্যে হইতে এক ব্যক্তিকে সভাপতি পদে মনোনীত করিতে পারিবেন ইতি।

পল্লির কমিটীর ক্ষমতার কথা।

৩৪ ধারা। এই আইনে কমিশ্যনরদের যেং ক্ষমতা ও তাঁহারদের কর্ত্তব্য যেং কর্ম্ম নির্দ্দিষ্ট হইয়াছে অধিবিষ্ট কমিশ্যনরেরা পল্লির কমিটীর প্রতি তন্মধ্যে যেং ক্ষমতা ও কর্ম্ম অর্পণ করেন তাঁহারা অধিবিষ্ট কমিশ্যনরদের নির্দ্দিষ্ট সেই পল্লির সীমার মধ্যে সেই সকল ক্ষমতামতে কার্য্য করিবেন ও তাঁহারদের কর্ত্তব্য সেই সকল কর্ম্ম করিতেই হইবে। পল্লির নানা কমিটী যে সকল কার্য্য করেন ও যে আজ্ঞা দেন ও যে টাক্স ধার্য্য করেন তাহা কমিশ্যনরদের তত্ত্বাধীনে থাকিবে ও তাঁহারা তাহা সংশোধন করিতে পারিবেন এবং তাঁহারা কোন সময়ে ঐ কমিটীর প্রতি অর্পিত উক্ত সকল কি কোনং ক্ষমতা ও কর্ত্তব্য কর্ম্ম উঠাইয়া লইতে পারিবেন ইতি।

৫ অধ্যায়।

সাধারণ বিধি।

চুক্তিপ্রভৃতির নিমিত্ত কোন কমিশ্যনরের দায়ী না হইবার কথা কিন্তু ইচ্ছাপূর্ব্বক অবিহিতরূপে টাকা ব্যয় প্রভৃতি করিলে তজ্জন্যে দায়ী হইবার কথা।

৩৫ ধারা। কমিশ্যনরদের দ্বারা কিম্বা তাঁহারদের পক্ষে যে চুক্তি করা যায় বা যে ব্যয় বর্ত্তে কোন কমিশ্যনর কিম্বা পল্লির কমিটীর অন্তর্গত কোন ব্যক্তি স্বয়ং তাহার দায়ী হইবেন না। কমিশ্যনরদের হস্তে যে টাকা ন্যস্ত থাকে তাহা ইচ্ছাপূর্ব্বক অবিহিতরূপে ব্যয় করা গেলে, যে কমিশ্যনর কিম্বা পল্লির কমিটীর অন্তর্গত যে ব্যক্তি ঐ কার্য্যের অংশী হন তিনি স্বয়ং দায়ী হইবেন ও তজ্জন্যে তাঁহার নামে নালিশ হইতে পারিবে ইতি।

চুক্তিতে কমিশ্যনরদের ও অন্য ব্যক্তিদের স্বার্থ থাকিলে দণ্ডের কথা।

৩৬ ধারা। কমিশ্যনরদের সঙ্গে যে চুক্তি করা যায় তাহাতে স্পষ্টরূপে কি চক্রান্তে কোন কমিশ্যনরের কিম্বা পল্লির কমিটীর অন্তর্গত কোন ব্যক্তির কিম্বা কমিশ্যনরদের কি কমিটীর কোন চাকরের স্বার্থ না থাকে। উক্ত কোন ব্যক্তির তদ্রূপ স্বার্থ থাকিলে তিনি তৎপ্রযুক্ত স্বীয় পদে কি কর্ম্মে থাকিতে পাইবেন না ও তাঁহার পাঁচ শত টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে। কিন্তু কমিশ্যনরে বা সমাবায়িত কিম্বা রেজিষ্টরী করা কোন কোম্পানির সহিত চুক্তি করিলে,

incorporated or registered company, shall be disqualified from acting as a Commissioner or Member of a Ward Committee by reason of any contract entered into between such company and the Commissioners. Nevertheless, it shall not be lawful for such shareholder or member to act as a Commissioner or Member of a Ward Committee in any matter relating to any contract entered into between the Commissioners and such company.

কোন কমিশ্যনর কিম্বা পল্লির কমিটীর অন্তর্গত কোন ব্যক্তি সেই কোম্পানির অংশী বা তদন্তর্গত ব্যক্তি হইলেও তিনি তৎপ্রযুক্ত স্বীয় পদে কর্ম্ম করিতে অযোগ্য হইবেন না, তথাপি সেই কোম্পানির সহিত উক্ত কমিশ্যনরদের যে চুক্তি থাকে ঐ অংশী কিম্বা ঐ কোম্পানির অন্তর্গত ব্যক্তি কমিশ্যনরস্বরূপ কিম্বা পল্লির কমিটীর অন্তর্গত ব্যক্তিস্বরূপ সেই চুক্তি সংক্রান্ত কোন ব্যাপারে কার্য্য করিতে পারিবেন না ইতি।

Disqualification.

37. No Commissioner or Member of a Ward Committee shall vote on any question which regards exclusively the assessment of himself or the valuation of his property or his liability to any tax.

অযোগ্যতার কথা।

৩৭ ধারা। কোন কমিশ্যনরের কিম্বা পল্লির কমিটীর অন্তর্গত কোন ব্যক্তির নিজ কত টাকা টাকুস ধার্য্য করিতে হইবে এই কথা কি তাঁহার সম্পত্তির মূল্যের কথা কি তিনি কোন টাকুসের দায়ী হন কি না এই কথা উপস্থিত হইলে তিনি সেই বিষয়ে আপনার অভিমত জানাইতে পারিবেন না ইতি।

PART III.—MUNICIPAL TAXATION.

তৃতীয় খণ্ড।—মুনিসিপল টাকুস ধার্য্যকরণের কথা।

Power of the Commissioners to impose Taxes, Duties, and Tolls.

CHAPTER I.

১ অধ্যায়।

কমিশ্যনরদের টাকুস ও কর ও মাসুল ধার্য্য করিবার ক্ষমতার কথা।

Power to impose taxes.

38. It shall be lawful for the Commissioners of any Municipality at a meeting to impose, within the limits of such Municipality, any one or more of the following taxes, duties, and tolls, so far as the same are applicable therein, at such rate as the Commissioners shall see fit, not exceeding the maximum hereinafter mentioned and prescribed. But no proceeding shall be taken in or towards levying any tax, duty, toll, or fee, imposed by the Commissioners under this Part, until the sanction of the Lieutenant-Governor shall have been obtained.

টাকস ধার্য্য করিবার ক্ষমতার কথা।

৩৮ ধারা। কোন মুনিসিপালিটীতে নিম্নলিখিত যে প্রকারের টাকুস ও কর ও মাসুল বর্ত্তিতে পারে সেই মুনিসিপালিটীর কমিশ্যনরেরা অধিবিষ্ট হইয়া তাহার মধ্যে কোন এক কি অধিক প্রকারের টাকুস প্রভৃতি যে হারে ধার্য্য করা উচিত বোধ করেন ধার্য্য করিতে পারিবেন। কিন্তু নিম্নভাগে ঐ টাকুস ও কর ও মাসুলের যত উচ্চ হার উল্লিখিত ও নির্দ্দিষ্ট হইল তাহার অধিক হারে ধার্য্য করিবেন না। আরো কমিশ্যনরেরা এই খণ্ডমতে যে টাকস ও কর ও মাসুল ও ফী ধার্য্য করেন শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব অনুমতি না দিলে তাহা আদায় করণার্থে কোন কার্য্যানুষ্ঠান করিবেন না।

On persons.

(*a*).—In any Municipality in which the hereinafter-mentioned tax on holdings has not been imposed, an annual tax on persons residing or owning property therein, according to the means and the property within the limits thereof of the persons liable to pay the same: Provided that no person who resides outside the limits thereof shall be assessed according to his means derivable from property outside the limits thereof, but only in regard to the property which he possesses therein.

ব্যক্তিদের উপর।

(ক) যে মুনিসিপলিটীতে যোতের উপর নিম্নলিখিত টাকস ধার্য্য করা যায় নাই সেই মুনিসিপলিটীর মধ্যে যে ব্যক্তিরা বাস করেন কিম্বা যাঁহারদের সম্পত্তি থাকে টাকুস দিবার যোগ্য এমত ব্যক্তিদের সঙ্গতি বিবেচনায় ও সেই সীমার অন্তর্গত সম্পত্তি বিবেচনায় ঐ ব্যক্তিদের উপর বার্ষিক টাকস। কিন্তু কোন ব্যক্তি মুনিসিপালিটীর সীমার বহির্ভূত স্থানে বাস করিলে সেই সীমার বহির্ভূত সম্পত্তিহইতে তাহার যে সঙ্গতি হয় তদনুসারে তাঁহার উপর টাকস ধার্য্য হইবে না কেবল মুনিসিপালিটীর মধ্যে তাঁহার যে সম্পত্তি থাকে তৎসম্পর্কে তাঁহার টাকস ধার্য্য হইবে।

On holdings.

(*b*).—In any Municipality in which the hereinbefore-mentioned tax on persons has not been imposed, a tax on all holdings situated therein, not exceeding 7½ per cent. on the annual value, such annual value being not less than Rs. 6.

যোতের উপর।

(খ) মুনিসিপালিটীর অন্তর্গত ব্যক্তিদের উপর পূর্ব্ব লিখিত টাকস ধার্য্য না হইলে সেই সীমার অন্তর্গত যে যোতের বার্ষিক মূল্য ৬৲ টাকার কম না হয় তাহার মূল্যের উপর শতকরা ৭৷৷০ টাকা পর্য্যন্ত টাকস।

[*Government Gazette*, 30*th July* 1872.]

(c)—In any Municipality a tax on carriages and animals kept or used therein, and a fee on the registration of vehicles without springs

On carriages

(d)—In any Municipality to which the hereinbefore-mentioned tax on persons has not been imposed, a tax on trades and callings carried on and exercised within the said limits

On trades

(e)—In any Municipality a tax on processions conducted within the said limits

On processions

(f)—In any Municipality duties on articles entering the limits thereof, or brought into markets within the said limits

On articles

(g)—In any Municipality tolls on ferries within or adjacent to the limits thereof, and tolls on roads and navigable channels entering the said limits.

On ferries &c

(h)—In any Municipality duties on boats moored within the limits thereof

On boats moored

Provided that the total amount raised by taxation of all kinds in Howrah and the suburbs of Calcutta shall not exceed a sum equal to two rupees per head of the total population thereof, and save in such suburbs and Howrah in a first class Municipality shall not exceed a sum equal to one and a half rupee per head of the total population thereof, and in a second class Municipality shall not exceed a sum equal to twelve annas per head of the total population thereof, exclusive of the profits derivable from tolls on all ferries, roads, and channels, which may have been made over to the Commissioners by the Lieutenant-Governor under sections 83, 96 and 108, and from duties on boats moored

Total amount of taxation

CHAPTER 2

Tax on persons

39 When it shall have been determined that an annual tax on persons, according to their means and property, shall be imposed under this Act, the Commissioners shall from time to time prepare an assessment list which shall specify the name of each person liable to be assessed, and the holding, trade, busi-

Duty of Commissioners assessing

(গ) কোন মুনিসিপালিটীর মধ্যে যে গাড়ী ও ঘোড়াপ্রভৃতি রাখা যায় বা ব্যবহার হয় তাহার উপর টাকস এবং ইসপ্রিং বিনা সকল গাড়ী রেজিষ্টরী করিবার ফী।

গাড়ীর উপর।

(চ) যে মুনিসিপালিটীতে ব্যক্তির উপর পূর্ব্বোক্ত টাকস ধার্য্য না হয়, সেই মুনিসিপালিটীর সীমার মধ্যে যে বাণিজ্য ও ব্যবসায়াদি করা যায় তাহার উপর টাক্স।

ব্যবসায়াদির উপর।

(ছ) কোন মুনিসিপালিটীর সীমার মধ্যে লোকযাত্রা হইলে তাহার উপর টাকস।

লোকযাত্রাদির উপর।

(জ) কোন মুনিসিপালিটীর সীমার মধ্যে যেং দ্রব্য আইসে কিম্বা উক্ত সীমার অন্তর্গত হাটে আনা যায় তাহার উপর মাসুল।

দ্রব্যাদির উপর।

(ঝ) কোন মুনিসিপালিটীর সীমার মধ্যে কি তাহার সন্নিহিত স্থানে যে খেয়া থাকে তাহার উপর মাসুল এবং যে রাস্তা ও নৌকাদি যাইবার যে পথ ঐ সীমার মধ্যে দিয়া যায় তাহার উপর মাসুল।

খেয়া ঘাটপ্রভৃতির উপর।

(ঞ) কোন মুনিসিপালিটীর সীমার মধ্যে যে নৌকা বদ্ধ থাকে তাহার উপর মাসুল।

যে নৌকা বদ্ধ থাকে তাহার উপর।

পরন্তু হাবড়ায় এবং কলিকাতার শাখানগরে সর্ব্বশুদ্ধ যত লোকের নিবাস থাকে তাহার প্রত্যেক জনের উপর ২৲ টাকা ধরিলে যত টাকা হয় সর্ব্বপ্রকারের টাকস দ্বারা সেইং স্থানে তাহার অধিক টাকা তুলিতে হইবে না। এবং ঐ শাখানগর ও হাবড়াভিন্ন প্রথম শ্রেণীর মুনিসিপালিটীতে সর্ব্বশুদ্ধ যত লোকের নিবাস থাকে সকল প্রকারের টাকস দ্বারা তাহারদের জন প্রতি ১।।০ টাকার অধিক, ও দ্বিতীয় শ্রেণীর মুনিসিপালিটীতে যত লোকের নিবাস থাকে তাহারদের জন প্রতি ৸০ বারো আনার অধিক তুলিতে হইবে না। কিন্তু শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব ৮৩ ও ৯৬ ও ১০৮ ধারামতে কমিশ্যনরদের প্রতি যে সকল খেয়া ও পথ ও জলপথ অর্পণ করেন তাহাতে মাসুল বলিয়া যত টাকা উৎপন্ন হয় এবং বদ্ধ থাকা নৌকাহইতে যে মাসুল আদায় হয় তাহা ঐ টাকসের মধ্যে ধরিতে হইবে না ইতি।

সর্ব্বশুদ্ধ যত টাকস ধার্য্য হইবে তাহার কথা।

২ অধ্যায়।

ব্যক্তির উপর টাকসের কথা।

৩৯ ধারা। ব্যক্তিদের সঙ্গতি ও সম্পত্তি বিবেচনায় তাঁহারদের উপর বার্ষিক টাকস বসাইতে স্থির করা গেলে ঐ টাকস দিবার যোগ্য প্রত্যেক ব্যক্তির নাম ও যে যোতের কি ব্যবসায়ের কি কর্ম্মের বা অন্য সঙ্গতির উপলক্ষে ঐ টাকস দিবার যোগ্য হন তাহা ও উক্ত ব্যক্তিদের তিনং মাসে কত করিয়া দিতে হইবে,

টাক্স ধার্য্য করণে কমিশ্যনরদের কর্ত্তব্য কর্ম্মের কথা।

ness, and other means in respect of which he is liable to be assessed, and the amount payable quarterly by such person. It shall be competent to the Commissioners to omit from the list prepared under this section any person who may by them be deemed too poor to be assessed to the said tax.

Assessment to be published

40. When the assessment shall have been prepared, the Chairman shall sign the assessment list, which shall be in form set forth in Schedule (B) to this Act annexed, and shall cause the same to be published He shall also serve a notice, in the vernacular of the district, on each person declared liable to be assessed, containing an extract from such list of the entries affecting such person

Assessment to stand good for three years

41. Subject to any provisions to the contrary in this Act contained, every assessment, when published, shall be valid for three years, and until the beginning of the municipal year next after the date on which a new assessment may have been made.

Application to review assessment

42 Any person who shall be dissatisfied with his assessment, or who shall dispute his occupation of any holding, or his liability to be assessed, may apply to the Commissioners to review the same.

Power to alter assessment

43. The Commissioners may, at any time after the publication of the said assessment list, assess any person who was without authority omitted therefrom, or whose liability to assessment has accrued thereafter Notice of such assessment shall be given to the person assessed, who may apply to the Commissioners to review the same.

Power to apply for reduction of assessment in altered circumstances

44. Any person mentioned in the said assessment list who shall at any time after the publication thereof have ceased to occupy any holding in respect of which he has been assessed, or whose means and property in respect of which he has been so assessed shall have been reduced, may apply to the Commissioners to revise his assessment Such application may be made at any time and shall be dealt with in

কমিশ্যনরগণ সমরে২ এই২ কথা নির্দ্দেশ করিয়া টাকুস নিরূপণের নির্দ্দিষ্টপত্র প্রস্তুত করিবেন। কমিশ্যনারেরা কোন ব্যক্তির দৈন্য দশাপ্রযুক্ত তাহাকে সেই টাকুস দিবার অক্ষম জ্ঞান করিলে এই ধারামতে প্রস্তুত নির্দ্দিষ্টপত্রে তাঁহার নাম ত্যাগ করিতে পারিবেন ইতি।

টাকস নিরূপণপত্র প্রকাশ করিবার কথা।

৪০ ধারা। টাকসনিরূপণপত্র প্রস্তুত করা গেলে সভাপতি টাকুস নিরূপণের ঐ নির্দ্দিষ্ট পত্রে স্বাক্ষর করিবেন ঐ পত্র এই আইনের B তফসীলের পাঠানুসারে লেখা যাইবে। ও তিনি তাহা প্রকাশ করাইবেন। এবং যে প্রত্যেক জন ঐ টাকুস দিবার যোগ্য বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছেন জিলার চলিত ভাষায় তাঁহাকে নোটিস দিবেন, নির্দ্দিষ্টপত্রে ঐ ব্যক্তির বিষয় যে কথা লেখা থাকে তাহা ঐ নোটিসে লিখিয়া দেওয়া যাইবে ইতি।

নির্দ্ধারিত টাকস তিন বৎসর প্রবল থাকিবার কথা।

৪১ ধারা। এই আইনে প্রকারান্তরের কোন বিধান থাকিলে সেই বিধান বশে টাকুস নিরূপণপত্র প্রকাশ করা গেলে পর তিন বৎসর প্রবল থাকিবে। এবং নূতন টাকুস নিরূপণপত্র যে তারিখে প্রস্তুত করা যাইবে তাহার পশ্চাৎ মুনিসিপল সালের আরম্ভ পর্য্যন্ত প্রবল থাকিবে ইতি।

টাকসনিরূপণপত্র পুনর্দৃষ্টি হইবার প্রার্থনার কথা।

৪২ ধারা। কোন ব্যক্তির নামে যত টাকা টাকুস ধার্য্য হইয়াছে তিনি তাহাতে অসন্তুষ্ট হইলে, কিম্বা কোন যোত তাহার অধিকারে নাই বলিয়া কিম্বা তিনি টাকুস দিবার যোগ্য নহেন বলিয়া প্রতিবাদ করিলে তিনি কমিশ্যনরদের নিকট সেই নিরূপণপত্র পুনর্দৃষ্টি করিতে প্রার্থনা করিতে পারিবেন ইতি।

টাকসনিরূপণপত্র পরিবর্ত্তন করিবার ক্ষমতার কথা।

৪৩ ধারা। ঐ টাকুসনিরূপণপত্রে অনুমতি বিনা কোন ব্যক্তির নাম লিখিতে ত্রুটি হইলে কিম্বা সেই নিরূপণপত্র প্রকাশ করিবার পর কোন ব্যক্তির টাকুস দিবার যোগ্যতা বর্ত্তিলে কমিশ্যনরেরা ঐ টাকুস নিরূপণপত্র প্রকাশ করিলে পর কোন সময়ে ঐ ব্যক্তির টাকুস ধার্য্য করিতে পারিবেন। যে ব্যক্তির ঐ টাকুস ধার্য্য হয় তাঁহাকে সেই টাকুস ধার্য্য হইবার নোটিস দেওয়া যাইবে ও তিনি কমিশ্যনরদের নিকট তাহা পুনর্দৃষ্টি করিবার প্রার্থনা করিতে পারিবেন ইতি।

অবস্থা পরিবর্ত্তন হওয়াতে টাকস কম করিতে প্রার্থনা করিবার ক্ষমতার কথা।

৪৪ ধারা। উক্ত টাকুস নিরূপণপত্রে যাহার নাম লেখা থাকে যে যোতের উপলক্ষে তাঁহার সেই টাকুস ধার্য্য হইল ঐ টাকুস নিরূপণপত্র প্রকাশ হইলে পর কোন সময়ে সেই যোত তাঁহার অধিকারে আর না থাকিলে কিম্বা যে সঙ্গতির কি সম্পত্তির উপলক্ষে তাঁহার সেই টাকুস ধার্য্য হইল তাহা কমিয়া গেলে তিনি কমিশ্যনরদের নিকট আপনার পক্ষে নির্দ্ধারিত সেই টাকুস সংশোধন হইবার প্রার্থনা করিতে পারিবেন।

the manner provided in respect of an application for review

Chapter 3
Tax on holdings

Tax on holdings

45. When it shall have been determined that a tax on holdings shall be imposed, such tax shall be paid by the owners of such holdings, by quarterly instalments, except as hereinafter provided The Commissioners shall from time to time prepare a valuation list which shall specify every holding within the Municipality, being of the annual value of not less than six rupees, the name of the owner, the name of the occupier, and the value thereof Houses used exclusively as places of public worship, or applied solely to charitable purposes, shall not be liable to the tax

Annual value of holdings how to be ascertained

46. The gross annual rent at which any holding may be reasonably expected to be let, shall be deemed to be the annual value thereof, and such value shall accordingly be fixed by the Commissioners Provided that the annual value of any arable land shall be deemed to be one half of the annual rent at which such land may be reasonably expected to be let

Power to assess upon a house consolidated tax for house and land on which it stands

47 Whenever any house belongs to one owner, and the land on which it stands, and the adjacent land which is usually occupied therewith, belong to another, the Commissioners may assess such house and land together at one consolidated rate The total amount of the assessment shall be payable by the owner of the house, who shall thereafter be entitled to deduct from the rent which he pays for the land such proportion of the tax so paid by him as is equal to the proportion which his rent bears to the annual value of the whole property assessed If the owner of the house and the owner of the land do not agree in respect of the proportion of the tax so deducted by the owner of the house, the Commissioners at a meeting shall on the application of either party make an award declaring the amount payable by each, and such award shall be final

Tax due from non resident owner may be recovered from occupier and deducted by him from his rent

48. If the sum due from the owner of any holding remains unpaid after the notice of demand has been duly served, and such owner be not resident within the Municipality, or the place of abode of such owner be unknown, the same may be recovered from the

তদ্রূপ প্রার্থনা যে কোন সময়ে করা যাইতে পারিবে। এবং পুনর্দৃষ্টি করিবার প্রার্থনা লইয়া যদ্রূপ কার্য্য হইবার বিধান আছে সেই প্রার্থনা লইয়া তদ্রূপ কার্য্য করা যাইবে ইতি।

৩ অধ্যায়।
যোতের উপর টাক্সের কথা।

যোতের উপর টাক্সের কথা।

৪৫ ধারা। যোতের উপর টাক্স বসাইতে স্থির করা গেলে, নিম্নলিখিত বিধানের বর্জ্জিত স্থলভিন্ন ঐ২ যোতের স্বামিরদের কিস্তি করিয়া তিন২ মাসান্তর ঐ টাক্স দিতে হইবে। কমিশ্যনরেরা সময়ে২ ঐ সকল যোতের মূল্য নিরূপণপত্র প্রস্তুত করিবেন। মুনিসিপালিটীর মধ্যে ৬৲ টাকার অন্যূন বার্ষিক মূল্যের যত যোত থাকে তাহা ও তৎস্বামির নাম ও দখীলকারের নাম ও তাহার মূল্য এই২ কথা ঐ নিরূপণপত্রে নির্দ্দিষ্ট থাকিবে। কেবল সাধারণ লোকের ঈশ্বরারাধনার নিমিত্ত ও কেবল পরোপকারের কার্য্যার্থে যে গৃহাদির ব্যবহার হয় তাহার-উপর টাক্স লাগিবে না ইতি।

যোতের বার্ষিক মূল্য নির্ণয় করিবার বিধি।

৪৬ ধারা। বৎসর২ যুক্তিমতে যোতের মোটে যত টাকা ভাড়া কি খাজানা হইতে পারে তাহাই ঐ যোতের বার্ষিক মূল্য বলিয়া ধরা যাইবে। কমিশ্যনরেরা সেই নিয়মানুসারে ঐ যোতের মূল্য নিরূপণ করিবেন কিন্তু কৃষিযোগ্য ভূমি হইলে যুক্তিমতে তাহার বৎসর যত টাকা খাজানা হইতে পারে তাহার অর্দ্ধেক ঐ ভূমির বার্ষিক মূল্য বলিয়া জ্ঞান হইবে ইতি।

ঘর যে ভূমিতে থাকে সেই ভূমির টাক্স সুদ্ধ ঘরের টাক্স ধরিবার কথা।

৪৭ ধারা। ঘর এক স্বামির হইলে ও তাহা যে ভূমিতে থাকে কিম্বা নিয়ত যে ভূমির সহিত তাহার ভাড়া দেওয়া গিয়া থাকে সেই ভূমি অন্য ব্যক্তির হইলে, কমিশ্যনরেরা মোটে সেই ঘরের ও ভূমির টাক্স ধরিতে পারিবেন। তাহা হইলে ঘরের স্বামী ঐ অবধারিত টাক্স দিবেন। পরে সম্পূর্ণ সম্পত্তির বার্ষিক যত মূল্য ধরিয়া টাক্স ধার্য্য হইল ঐ ভূমির ভাড়া সেই মূল্যের যে অংশ হয় তিনি সেই হারানুসারে ভূমির টাক্সের হিসাব ধরিয়া ভূমির ভাড়াহইতে কাটিয়া লইতে পারিবেন। ঘরের স্বামী যে হারানুসারে ঐ টাক্স কাটিয়া লন তদ্বিষয়ে যদি ভূমির ও ঘরের স্বামী উভয়ে ঐক্য না হয়, তবে একতর ব্যক্তির প্রার্থনা হইলে কাহার কত দিতে হইবে কমিশ্যনরেরা অধিবেশন কালে ইহা মীমাংসা করিবেন ও সেই মীমাংসা চূড়ান্ত হইবে ইতি।

স্বামী মুনিসিপালিটীতে বাস না করিলে প্রজার স্থানে টাক্স লইবার ও তাহাহইতে তাহা কাটিয়া লইবার কথা।

৪৮ ধারা। যোতের স্বামির স্থানে টাক্সের টাকা পাওনা হইলে ও দাওয়ার নোটিস উচিতমতে দেওয়া গেলে পর যদি টাকা না দেওয়া যায় ও সেই স্বামী নিজে সেই মুনিসিপালিটীর মধ্যে বাস না করেন

occupier for the time being of such holding, who may deduct, from the next and following payments of his rent, the amount which may be so paid by or recovered from him. Provided that no arrear of tax, which has remained due from the owner of any holding for more than one year, shall be so recovered from the occupier thereof Provided also that if the tax so deducted is a consolidated tax payable by the owner of a house under the next preceding section, the same shall, after such deduction, be deemed to have been paid by such owner within the meaning of the said section

কিম্বা সেই স্বামির বাসস্থান জানা না যায় তবে ঐ যোত যে সময়ে যাঁহার দখলে থাকে তাঁহার স্থানে ঐ টাকা আদায় করিয়া লওয়া যাইতে পারিবে। প্রজা সেই টাক্স দিলে কিম্বা তাঁহার স্থানে তাহা আদায় করা গেলে তৎপশ্চাৎ তাঁহার যে ভাড়া দেনা হয় তাহাহইতে তিনি ঐ টাকা কাটিয়া লইতে পারিবেন। কিন্তু যোতের স্বামির স্থানে এক বৎসরের অধিক কালের টাক্স বাকী থাকিলে প্রজার স্থানে আদায় করা যাইতে পারিবে না। আরো তাহাহইতে যে টাক্স উক্ত প্রকারে কাটিয়া লওয়া যায় তাহা যদি ইহার পূর্ব্ব ধারামতে ঘরের স্বামির দাতব্য মোটে ধরা টাক্স হইয়া থাকে, তবে কাটিয়া লওয়া গেলে পর উক্ত ধারার অর্থানুসারে স্বামী সেই টাক্স দিলেন এমত জ্ঞান হইবে ইতি।

What returns may be required for ascertaining annual value

49. The Commissioners, in order to prepare a valuation list, may, whenever they think fit, by notice, require the respective owners or occupiers of all holdings to furnish them with returns of the rent or annual value thereof, and they, or any person appointed by them for that purpose, at any time between sun rise and sun-set, may enter, inspect, and measure, any such holding after having given forty-eight hours' previous notice of their intention to the occupier thereof

Power to enter houses, &c

Publication of list

When the valuation of the holdings shall have been completed, the Chairman shall prepare the valuation list in the form set forth in Schedule C (of which the last column will remain blank), and shall sign the same, and cause it to be published

বার্ষিক মূল্য নির্ণয় করিবার জন্যে যে২ বিটণ দিবার আজ্ঞা হইতে পারে তাহার কথা।

৪৯ ধারা। কমিশ্যনরেরা মূল্য নিরূপণপত্র প্রস্তুত করণার্থে তাঁহারা উচিত বোধ করিলে নোটিস দিয়া সকল যোতের স্বামি বা প্রজাদিগকে ঐ২ যোতের খাজানার কি বার্ষিক মূল্যের বিটণ দিবার আদেশ করিতে পারিবেন। এবং তাঁহারা কিম্বা এই কর্ম্মে তাঁহাদের নিযুক্ত কোন ব্যক্তি আটচল্লিশ ঘণ্টা থাকিতে যোতের প্রজাকে জানাইয়া সূর্য্যের উদয় ও অস্ত হওনের মধ্য কোন সময়ে ঐ যোতে প্রবেশ করণপূর্ব্বক তাহা দৃষ্টি করিয়া মাপিতে পারিবেন।

গৃহাদিতে প্রবেশ করিবার ক্ষমতার কথা।

মূল্য নিরূপণপত্র প্রকাশ করিবার কথা।

সকল যোতের মূল্য নিরূপণ কার্য্য সমাপ্ত হইলে পর সভাপতি C চিহ্নিত তপসীলের পাঠানুসারে মূল্য নিরূপণের নির্ঘণ্টপত্র প্রস্তুত করাইয়া তাহাতে স্বাক্ষর করিয়া প্রকাশ করাইবেন। ঐ পাঠের শেষ ঘর খালি রাখিবেন ইতি।

New valuation

50 Subject to any provisions to the contrary in this Act contained, every valuation when published shall be valid for three years, and until the beginning of the municipal year next after the date on which a new valuation shall have been made

মূল্য নূতন নিরূপণের কথা।

৫০ ধারা। এই আইনে প্রকারান্তরের বিধান থাকিলে সেই বিধান বশে, মূল্য নিরূপণপত্র প্রকাশ করা গেলে পর তিন বৎসর প্রবল থাকিবে। ও মূল্য নিরূপণের নূতন পত্র যে তারিখে করা যাইবে তৎপশ্চাৎ মুনিসিপাল বৎসরের আরম্ভ পর্য্যন্ত প্রবল থাকিবে ইতি।

Review

51. Any person, who shall be dissatisfied with the valuation of any holding of which he is the owner, may apply to the Commissioners to review the same

পুনঃদৃষ্টির কথা।

৫১ ধারা। কোন যোতের যে মূল্য নিরূপণ হইয়াছে ঐ যোতের স্বামী তাহাতে সন্তুষ্ট না হইলে তাহা পুনর্দৃষ্টি করিবার জন্যে কমিশ্যনরদের নিকট প্রার্থনা করিতে পারিবেন ইতি।

Assessment of tax

52. The Commissioners at a meeting shall determine the rate of such annual tax, to be levied from the date on which such tax shall have been imposed; and at a meeting to be held not less than fifteen days before the expiration of each municipal year, shall determine the rate of such tax for the ensuing year

টাক্স ধার্য্য করিবার কথা।

৫২ ধারা। বার্ষিক টাক্স যে তারিখে ধার্য্য হয় সেই তারিখঅবধি তাহা কি হারে আদায় করিতে হইবে কমিশ্যনরেরা অধিবেশন কালে ইহা নির্ণয় করিবেন ও প্রত্যেক মুনিসিপাল বৎসরের অবসানের পূর্ব্বে অন্যূন পঞ্চদশ দিন থাকিতে তাঁহারা অধিবেশন করিয়া আগামি বৎসরে কি হারে সেই টাক্স লওয়া যাইবে এই কথা নির্ণয় করিবেন ইতি।

[*Government Gazette, 30th July* 1872]

half-year, he shall forward a statement as above required and shall pay the tax for the unexpired portion of the half-year calculated from the date on which he acquired possession

60 On receiving the amount of the tax as aforesaid, the Commissioners, or some person duly authorized by them in that behalf, shall give to the person paying the same a license for the several carriages and animals for the period in respect of which the money is received Such person shall, at all reasonable times during the said period, be bound to produce such license when called upon to do so by the Commissioners, or any person duly authorized in writing by them to demand its production

On payment of tax Commissioners to give a license

61. If the owner of any such carriage or animal shall not have duly taken out a license for it, he shall be liable to a fine in lieu of the license fee not exceeding three times the tax which would have been payable for the entire half-year

Penalty for keeping a carriage &c, without license

62 Whenever the owner of such carriage or animal is not resident within the limits of the Municipality wherein the same is kept, the person in whose premises it is for the time being kept shall be bound to take out a license under this Chapter

Carriage &c, liable to the tax although the owner be absent

63 The Commissioners at their discretion may compound, for any period not exceeding one year, with livery stable keepers and other persons keeping carriages and horses for hire, for a certain sum to be paid for the carriages and animals so kept by such person, in lieu of the rates specified in the schedule

Commissioners may compound with livery stable keepers

64 The Commissioners shall from time to time cause to be prepared and entered in distinct columns in a book, to be kept by them, and to be open to the inspection of any person interested therein, a list of the persons who during the then current period of six months shall have received a license under this Chapter, and of the carriages and animals in respect of which they may have paid

List of persons licensed to be prepared

65. It shall be lawful for the Commissioners, or any person or persons appointed by them for that purpose, at any time between sun-rise and sun-set, to enter and inspect any stable or coach-house, or any

Power to inspect stable &c and to summon persons liable to the payment of the tax

সেই গাড়ী ও ঘোড়াপ্রভৃতি পাইলেন সেই তারিখ অবধি ধরিয়া ঐ অর্দ্ধ বৎসরের অবশিষ্ট কালের টাকস দিবেন ইতি।

৬০ ধারা। কমিশ্যনরেরা পূর্ব্বোক্ত মতে টাকসের টাকা পাইলে যে ব্যক্তি যে কালের নিমিত্ত ঐ টাকা দিলেন কমিশ্যনরেরা কিম্বা তৎকর্ম্মে তাঁহাদের নিয়মিতরূপে নিযুক্ত অন্য ব্যক্তি তাঁহাকে সেই কালের নিমিত্ত আপন গাড়ীর ও ঘোড়াপ্রভৃতির লাইসেন্স দিবেন। সেই কালের মধ্যে কমিশ্যনরেরা কিম্বা তাঁহাদের লিখনদ্বারা উপযুক্ত ক্ষমতাপন্ন কোন ব্যক্তি উপযুক্ত কোন সময়ে উক্ত ব্যক্তিকে লাইসেন্স দেখাইতে বলিলে তাঁহার দেখাইতেই হইবে ইতি।

টাকস দেওয়া গেলে কমিশ্যনরদের লাইসেন্স দিবার কথা।

৬১ ধারা। উক্ত প্রকারের গাড়ী কি ঘোড়াপ্রভৃতির কোন স্বামী নিয়মমতে লাইসেন্স গ্রহণ না করিলে, সম্পূর্ণ অর্দ্ধ বৎসরের লাইসেন্সের যত টাকস লাগিত তৎপরিবর্ত্তে তাহার তিনগুণপর্য্যন্ত তাঁহার অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

লাইসেন্সবিনা গাড়ীপ্রভৃতি রাখিবার দণ্ডের কথা।

৬২ ধারা। উক্ত প্রকারের গাড়ী কি ঘোড়াপ্রভৃতি যে মুনিসিপালিটীর মধ্যে রাখা যায়, স্বামী সেই মুনিসিপালিটীতে বাস না করিলেও তাহা যৎকালে যে ব্যক্তির বাড়ীর মধ্যে রাখা যায় এই অধ্যায়মত সেই ব্যক্তির লাইসেন্স লইতেই হইবে ইতি।

স্বামির অনুপস্থানেও গাড়ীপ্রভৃতির টাকস লাগিবার কথা।

৬৩ ধারা। আড়গড়াওয়ালারা ও অন্য যে ব্যক্তিরা ভাড়া দিবার জন্যে গাড়ী ও ঘোড়া রাখেন কমিশ্যনরেরা তাঁহারদের সেই গাড়ীর ও ঘোড়াপ্রভৃতির নিমিত্ত তফসীলের নির্দ্দিষ্ট হারানুসারে টাকস না লইয়া আপনারদের বিবেচনামতে তাঁহাদের সঙ্গে এক বৎসরের অনধিক কালের নিমিত্ত নিরূপিত কতক টাকা দিবার চুক্তি করিতে পারিবেন ইতি।

আড়গড়াওয়ালাদের সঙ্গে কমিশ্যনরদের চুক্তি করিবার কথা।

৬৪ ধারা। কমিশ্যনরেরা একখানি বহী রাখিয়া যে ব্যক্তিরা তৎকালের চলিত ছয় মাসের নিমিত্ত এই অধ্যায়মত লাইসেন্স পান তাঁহারদের নামের ও তাঁহারা যে২ প্রকারের গাড়ীর ও ঘোড়াপ্রভৃতির টাকস দিয়াছেন তাহার নির্ঘণ্ট প্রস্তুত করাইয়া ঐ বহীতে স্বতন্ত্র ঘর করিয়া লেখাইবেন। উক্ত বিষয়ে যাঁহারদের স্বার্থ থাকে তাঁহারা তাহা দেখিতে পাইবেন ইতি।

যে ব্যক্তিদিগকে লাইসেন্স দেওয়া গেল তাঁহারদের নাম নির্ঘণ্ট করিবার কথা।

৬৫ ধারা। এই অধ্যায়মতে যে গাড়ীর কি ঘোড়াপ্রভৃতির উপর টাকস লাগিতে পারে তাহার নিমিত্ত নিয়মমতে লাইসেন্স না লইয়া কোন আস্তাবলে কি গাড়ীর ঘরে কি অন্য স্থানে

আস্তাবলপ্রভৃতি দেখিবার ও যাঁহারা টাকসদায়ী হন তাঁহারদিগকে সমন করিবার ক্ষমতার কথা।

place wherein they may have reason to believe that there is any carriage or animal liable to taxation under this Chapter, for which a license has not been duly taken out, and the Commissioners may summon any person whom they have reason to believe to be liable to the payment of any tax under this chapter or any servant of such person, and may examine such person or servant as to the number and description of the carriages and animals in respect of which such person is liable to be taxed Whoever being so summoned shall, without lawful excuse, fail to appear in pursuance of the summons, and whoever hinders or obstructs the Commissioners, or any person appointed by them as aforesaid, from or in entering or inspecting any such stable, coach-house, or place, shall be liable to a penalty not exceeding fifty rupees

Registration of vehicles without springs

Registration and number of hackeries &c

66 It shall be lawful for the Commissioners at a meeting to make and publish an order that every cart, hackery, and other vehicle without springs, kept and used within, or let for hire within or without such places and used within it, shall be registered by the Commissioners with the name and residence of the owner, and shall bear the number of registration in such manner as the said Commissioners shall direct Provided that this section shall not apply to, or include, carts, hackeries, or other such vehicles as aforesaid, kept at more than two miles' distance from the Municipality, and only used occasionally for the purpose of carrying goods or persons to any place within or through such Municipality, or to carts, hackeries, or other vehicles without springs, the property of Government or of the Commissioners as a corporate body

Fee for registration

67 The registration of carts, hackeries, and other vehicles under the last preceding section shall be made, and the numbers assigned half-yearly upon such days as the Commissioners shall notify, and such fee as they shall fix, not exceeding one rupee, shall be paid for each registration Any person becoming possessed of any such cart, hackery, or other vehicle which has not been registered for the then current municipal half-year, shall register the same, and the Commis-

সেই প্রকারের গাড়ী ঘোড়াপ্রভৃতি আছে কমিশ্যনর-দের কিম্বা সেই কর্ম্মে তাঁহারদের নিযুক্ত কোন ব্যক্তির কি ব্যক্তিদের এমত জানিবার কারণ থাকিলে তাঁহারা সূর্য্যের উদয় ও অস্ত হইবার সময়ের মধ্য কোন সময়ে সেই স্থানে প্রবেশ করিয়া দেখিতে পারিবেন। এবং কমিশ্যনরেরা যে কোন ব্যক্তিকে এই অধ্যায়মতে টাক্সের দায়ী বলিয়া জ্ঞান করেন তাঁহাকে কিম্বা তাঁহার কোন চাকরকে সমন করিয়া যে গাড়ী প্রভৃতির নিমিত্ত ঐ ব্যক্তি টাক্স দায়ী হইতে পারেন তাঁহার এমত কত ও কি প্রকারের গাড়ী ও ঘোড়া আছে ঐ ব্যক্তির কি তাঁহার চাকরের নিকট এই কথা জিজ্ঞাসাবাদ করিতে পারিবেন। তদ্রূপে কোন ব্যক্তিকে সমন করা গেলে যদি তিনি ন্যায্য কারণ বিনা ঐ সমনমতে উপস্থিত না হন, তবে তাঁহার পঞ্চাশ টাকাপর্য্যন্ত দণ্ড হইতে পারিবে। এবং কমিশ্যনরেরা কিম্বা পূর্ব্বোক্তমতে তাঁহারদের নিযুক্ত কোন ব্যক্তি কোন আস্তাবলে কি গাড়ীর ঘরে কি স্থানে প্রবেশ করিয়া দেখিতে চাহিলে কিম্বা প্রবেশ করিয়া দেখিতেছেন এমন সময়ে কোন ব্যক্তি তাঁহাকে নিষেধ করিলে কি বাধা দিলে তাহারও পঞ্চাশ টাকাপর্য্যন্ত দণ্ড হইতে পারিবে ইতি।

বিনা ইসপ্রিঙ্গের গাড়ী রেজিষ্টরী করণের কথা।

গোরুর গাড়ি প্রভৃতি রেজিষ্টরী করণের ও নম্বর দেওনের কথা।

৬৬ ধারা। কমিশ্যনরেরা অধিবিষ্ট হইয়া এই আজ্ঞা করিয়া প্রকাশ করিতে পারিবেন যে, উক্ত স্থানের মধ্যে যত গরুর গাড়ী ও ইসপ্রিং বিনা অন্য যত গাড়ী রাখা যায় ও ব্যবহার হয় কিম্বা সেই স্থানের মধ্যে কি বাহিরে ভাড়া হইয়া ঐ স্থানের মধ্যে ব্যবহার হয় তাহা এবং স্বামির নাম ও বাসস্থান কমিশ্যনরদের দ্বারা রেজিষ্টরী করা যায় এবং উক্ত কমিশ্যনরেরা রেজিষ্টরীর যে নম্বর নিরূপণ করেন তাহা সেই গাড়ী প্রভৃতিতে দেওয়া যায়। কিন্তু কোন গাড়ী কিম্বা উক্ত অন্য যান সেই মুনিসিপালিটী-হইতে দুই মাইলের অধিক দূরে রাখা গিয়া ও কখন২ ঐ মুনিসিপালিটীর অন্তর্গত কোন স্থানে মাল কি ব্যক্তিদিগকে আনিবার জন্য কি মুনিসিপালিটীর মধ্য দিয়া লইয়া যাইবার জন্যে ব্যবহার হইলে সেই গাড়ীর প্রতি ও গবর্ণমেণ্টের কিম্বা সমবায়িত সমাজস্বরূপ কমিশ্যনরদের ইসপ্রিং বিনা যে গোরুর গাড়ী কিম্বা উক্ত অন্য যান থাকে এই ধারার বিধান তাহার পক্ষে খাটিবে না ও তাহা এই ধারার কথার মধ্যে ধরিতে হইবে না ইতি।

রেজিষ্টরী করিবার ফীর কথা।

৬৭ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে উক্ত গোরুর গাড়ী ও অন্য গাড়ী ছয়২ মাসান্তর রেজিষ্টরী করা যাইবে ও তাহার নম্বর দেওয়া যাইবে। কমিশ্যনরেরা রেজিষ্টরী করিবার দিনের সম্বাদ দিবেন। ও প্রত্যেকবার রেজিষ্টরী করিলে ১ টাকার অনধিক যত ফী নিরূপণ করেন তাহা দেওয়া যাইবে। কোন ব্যক্তি তদ্রূপ কোন গোরুর গাড়ী কি অন্য গাড়ী পাইলে মুনিসিপাল বৎসরের যে অর্দ্ধবৎসর চলিতেছে যদি তন্নিমিত্ত তাহা রেজিষ্টরী না হইয়া থাকে, তবে ঐ গাড়ী পাইলে পর এক সপ্তাহের

sioners shall grant registration in any such case on payment of a proportional fee for the unexpired portion of the current half-year calculated from the date on which he acquired possession When the ownership of any registered cart, hackery, or other vehicle is transferred within any half-year it shall be registered anew in the name of the person to whom it has been transferred, and a fee not exceeding four annas shall be paid for every such last-mentioned registration

Penalty for not registering a cart or hackery

68. Whoever owns or keeps any cart, hackery, or other wheeled vehicle without springs, required under the provisions of this Act to be registered without having caused the same to be registered under the last preceding section, shall be liable on conviction to a fine in lieu of the registration fee not exceeding three times the usual registration fee, and the Commissioners may before or after the conviction seize and detain the vehicle If the vehicle seized be not claimed, and the fine be not paid within ten days, such vehicle, together with the animals seized with it (if any), may be sold by auction by order of the convicting Magistrate, and the proceeds applied to the payment of the fine and to the costs and charges incurred on account of the seizure, detention, and sale, and the surplus (if any) if not claimed by the owner or the person keeping such cart, hackery, or other vehicle within a further period of twelve months, shall become vested in the Commissioners and be transferred to the Municipal Fund

CHAPTER 5

Tax on trades and callings

Tax on trades and callings

69. When it shall have been determined that a tax on trades and callings shall be imposed in any Municipality, such determination shall be published, and thereafter every person, unless he shall be exempted by the Commissioners on the ground of poverty, and unless he shall have taken out a license for the same purpose and for the same period under Bengal Act II of 1866 (*for the better regulation of the police within the suburbs of the town of Calcutta*), who shall therein regularly exercise any of the professions, trades, or callings specified in Schedule (F) to this Act annexed, shall take out a license and shall pay for the same by quarterly instalments an annual fee not exceeding such sum as in the said schedule is mentioned The table

মধ্যে তাঁহার সেই গাড়ী রেজিষ্টরী করিতে হইবে। এমন স্থলে ছয় মাসের যত ফী দিতে হয় কমিশ্যনরেরা তাহার হিসাবমতে ঐ ব্যক্তির ঐ গাড়ীপ্রভৃতি পাইবার তারিখঅবধি ঐ ছয় মাসের বাকী কএক দিনের উপযুক্ত ফী লইয়া তাহা রেজিষ্টরী করিবেন। গোরুর গাড়ী কি অন্য গাড়ী রেজিষ্টরী করা গেলে পর অন্য ব্যক্তির হস্তগত হইলে যাঁহার হাতে যায় তাঁহার নামে তাহা পুনরায় রেজিষ্টরী করা যাইবে। এই প্রকারে পুনশ্চ রেজিষ্টরী করিলে চারি আনার অধিক ফী লাগিবে না ইতি।

গোরুর গাড়ী রেজিষ্টরী না করিলে দণ্ডের কথা।

৬৮ ধারা। এই আইনের বিধানমতে যে গোরুর গাড়ী কিম্বা ইস্প্রিং ভিন্ন চাকাওয়ালা অন্য গাড়ী রেজিষ্টরী করিতে হইবে কোন ব্যক্তি ইহার পূর্ব্ব বিধানমতে তাহা রেজিষ্টরী না করাইয়া রাখিলে বা সেই গাড়ী তাঁহার নিকট আছে ইহার প্রমাণ হইলে রেজিষ্টরী করিবার ফীর পরিবর্ত্তে রেজিষ্টরী করিবার নির্দ্ধারিত ফীর তিন গুণ পর্য্যন্ত তাঁহার অর্থদণ্ড হইতে পারিবে এবং কমিশ্যনরেরা সেই দোষ প্রমাণ হইবার পূর্ব্বে কি পরে সেই গাড়ী ক্রোক করিয়া রাখিতে পারিবেন। কোন ব্যক্তি দশ দিনের মধ্যে সেই ক্রোক করা গাড়ীর দাওয়া না করিলে ও উক্ত অর্থদণ্ড না দিলে সেই গাড়ী ও তাহার সঙ্গে গোরু কি ঘোড়া ক্রোক করা গেলে তাহা ঐ দোষ প্রমাণকারি মাজিষ্ট্রেটের আজ্ঞামতে নীলাম করা যাইতে পারিবে। তাহাতে যে টাকা পাওয়া যায় তাহাহইতে উক্ত অর্থদণ্ড এবং ঐ গাড়ীপ্রভৃতি ক্রোক করিবার ও রাখিবার ও নীলাম করিবার সকল খরচ কাটিয়া লওয়া যাইবে। উদ্বর্ত্ত থাকিলে, ঐ গোরুর গাড়ীর কি অন্য গাড়ীর স্বামী কিম্বা তাহা অন্য যে ব্যক্তির জিম্মায় থাকে তিনি আর বারো মাসের মধ্যে ঐ উদ্বর্ত্ত টাকার দাওয়া না করিলে তাহা কমিশ্যনরদের প্রতি বর্ত্তিবে ও মুনিসিপল ফণ্ডে জমা করিয়া দেওয়া যাইবে ইতি।

৫ অধ্যায়।

বাণিজ্যাদি ব্যবসায়ের উপর টাক্সের কথা।

ব্যবসায়াদির উপর টাক্সের কথা।

৬৯ ধারা। কোন মুনিসিপালিটীতে যদি ব্যবসায়ের ও কর্ম্মের উপর টাক্স বসাইতে স্থির করা যায় তবে ঐ কথা প্রকাশ করা যাইবে। তদবধি উক্ত নগরের মধ্যে যে কোন ব্যক্তি এই আইনের E চিহ্নিত তফসীলের নির্দ্দিষ্ট কোন বৃত্তি কি ব্যবসায় কি কর্ম্ম চালান তিনি লাইসেন্স অর্থাৎ অনুমতি লইবেন। উক্ত তফসীলে যত টাকা ফী নির্দ্দিষ্ট হইয়াছে তিনি ঐ লাইসেন্সের নিমিত্ত তিন২ মাসের কিস্তি করিয়া তাহার অনধিক বার্ষিক ফী দিবেন। এই অধ্যায়মতে কত টাকা ফী আদায় হইবে কমিশ্যনরেরা অধিবিষ্ট হইয়া সময়ে২ ইহার এক নির্ঘণ্টপত্র প্রস্তুত করাইবেন। কিন্তু কমিশ্যনরেরা কোন ব্যক্তিকে দরিদ্র বলিয়া মুক্ত করিলে তাহার ঐ লাইসেন্স লইতে হইবে না এবং কোন ব্যক্তি ১৮৬৬ সালের বঙ্গীয় ২ আইন অর্থাৎ কলিকাতা নগরের শাখা নগরে পোলীসের সুবিধান করণার্থ আইনমতে

of fees leviable under this Chapter shall be fixed from time to time by the Commissioners at a meeting

70. The Commissioners shall determine under which of the classes mentioned in the Schedule (E) to this Act annexed every person to whom a license may be granted shall be assessed The Commissioners at a meeting shall from time to time declare what are to be considered bazars, haths, or public markets, within the meaning of the said schedule, and in which class of the said schedule they shall be deemed to be included

Commissioners to classify all persons required by this Act to be licensed

71. Every license under this Chapter shall be granted by the Commissioners, or by some person duly authorized by them in that behalf, and shall specify the date of the grant thereof, the name of the person to whom the license is granted, the period for which it is granted, the rate of the annual fee, and the sum paid for such license Any person who may be dissatisfied with the terms on which the said license is granted may apply to the Commissioners to review the same

Licenses

72 Every license shall have effect and continue in force from the day of the date thereof until the day therein appointed for the expiration thereof Any holder of a license may at the expiration of a quarter bring in his license to be cancelled, and thereafter nothing shall accrue due thereon

Duration of license

73. If any person, after the beginning of the Municipal year, commences any profession, trade, or calling, for the exercise of which a license is hereby required, such person not having before taken out a license for the exercise of such profession, trade, or calling, the Commissioners may grant such license for the remainder of the current Municipal year in which it is taken out, upon payment of such proportional part of the annual fee as is hereinafter mentioned (that is to say)

Licenses to persons commencing business

If the profession, trade, or calling be commenced at any time in the first quarter of the Municipal year, the person taking out the license shall pay the whole annual fee ,

সেই কালের নিমিত্ত সেই ব্যবসাযাদির লাইসেন্স গ্রহণ করিয়া থাকিলে তাহার এই অধ্যায়মতে লাইসেন্স লইতে হইবে না ইতি।

৭০ ধারা। যেং ব্যক্তিকে লাইসেন্স দেওয়া যায় এই আইনের E তফসীলের লিখিত নানা শ্রেণীর মধ্যে তাঁহাকে কোন্ শ্রেণীভুক্ত করিয়া তাঁহার টাকস ধার্য্য করিতে হইবে কমিশ্যনরেরা ইহা নিণয় করিবেন। উক্ত তফসীলের তাৎপর্য্যানুসারে কোন্২ স্থান বাজার কি হাট কি সাধারণের ক্রয় বিক্রয়ের স্থান বলিয়া জানিতে হইবে ও ঐ তফসীলের কোন শ্রেণীর মধ্যে ঐ২ স্থান ধরিতে হইবে কমিশ্যনরেরা ইহাও নির্দ্দিষ্ট করিবেন ইতি।

এই আইনমতে যাহরাদের লাইসেন্স লইতে হইবে তাহারদিগকে কমিশ্যনরদের শ্রেণীবদ্ধ করিবার কথা।

৭১ ধারা। এই অধ্যায়মত প্রত্যেক লাইসেন্স কমিশ্যনরদের স্থানে কিম্বা তাঁহারা এই কর্ম্মের নিমিত্ত যে ব্যক্তিকে নিয়মমতে অনুমতি দেন তাঁহার স্থানে পাওয়া যাইবে। তন্মধ্যে ঐ লাইসেন্স দিবার তারিখ ও যাঁহাকে দেওয়া গেল তাঁহার নাম ও যত কালের নিমিত্ত দেওয়া গেল, তাহা ও বার্ষিক ফীর হার ও তন্নিমিত্ত যত টাকা দেওয়া যায় এই২ কথা বিশেষ করিয়া লেখা থাকিবে। উক্ত লাইসেন্স যে নিয়মমতে দেওয়া যায় তাহাতে কোন ব্যক্তি অসন্তুষ্ট হইলে তিনি কমিশ্যনরদের নিকটে তাহার পুনর্ব্বিবেচনা হইবার প্রার্থনা করিতে পারিবেন ইতি।

লাইসেন্সের কথা।

৭২ ধারা। লাইসেন্সে যে তারিখ লেখা যায় সেই তারিখ অবধি তাহার মিযাদ ফুরাইবার যে দিন নির্দ্দিষ্ট হয় সেই দিন পর্য্যন্ত ঐ লাইসেন্স সফল হইবে ও প্রবল থাকিবে। লাইসেন্স প্রাপ্ত কোন ব্যক্তি কোন তিন মাসের অবসানে আপনার লাইসেন্স রহিত করিবার জন্যে আনিতে পারিবেন তাহা হইলে ঐ লাইসেনসের উপর তাঁহার আর টাকা দেনা হইবে না ইতি।

লাইসেন্স কত দিন চলিবে তাহার কথা।

৭৩ ধারা। মুনিসিপল বৎসর আরম্ভ হইবার পর কোন ব্যক্তি কোন বৃত্তি কি ব্যবসায় কি কর্ম্ম করিতে আরম্ভ করিলে ও তজ্জন্যে এই আইনমতে তাঁহার লাইসেন্স পাওয়া প্রয়োজন হইলেও যদি তিনি পূর্ব্বে সেই বৃত্তি কি ব্যবসায় কি কর্ম্ম চালাইবার লাইসেন্স গ্রহণ না করিয়া থাকেন, তবে তৎকালের চলিত যে মুনিসিপল বৎসরের মধ্যে তিনি লাইসেন্স লন নিম্নলিখিত মতে সেই বৎসরের অবশিষ্ট অংশের নিমিত্ত বার্ষিক ফীর উপযুক্ত অংশ দিলে কমিশ্যনরেরা সেই বৎসরের অবশিষ্টাংশের নিমিত্ত লাইসেন্স দিতে পারিবেন। বিশেষতঃ

যাঁহারা কর্ম্ম আরম্ভ করেন তাঁহারদের লাইসেন্সের কথা।

মুনিসিপল বৎসরের প্রথম তিন মাসের মধ্যে কোন সময়ে বৃত্তি কি ব্যবসায় কি কর্ম্ম চালাইতে আরম্ভ করিলে ঐ লাইসেন্স পাওনেচ্ছুক ব্যক্তির ঐ বৎসরের সম্পূর্ণ ফী দিতে হইবে।

If the profession, trade, or calling be commenced at any time in the second quarter of the Municipal year, he shall pay three-fourths of the annual fee,

If the profession, trade, or calling be commenced at any time in the third quarter of the Municipal year, he shall pay one-half of the annual fee,

If the profession, trade, or calling be commenced at any time in the fourth quarter of the Municipal year, he shall pay one-fourth only of the annual fee

Licenses to be renewed on expiring

74 Every person to whom such license shall be granted, and who shall be desirous of continuing to exercise his profession, trade, or calling after the expiration thereof, shall take out a fresh license for that purpose for the following year, and shall renew the same from year to year so long as he shall desire to continue such profession, trade, or calling

Penalty for not taking out a license

75. If at any time after three months have elapsed from the date of the publication mentioned in Section 69, any person shall exercise his profession, trade, or calling without having duly taken out a license, he shall be liable to a penalty in lieu of the license fee not exceeding three times the amount which, in the judgment of the convicting Magistrate, would have been payable by such person in respect of a license duly taken out as aforesaid

Penalty for not producing license when called on to do so by an officer of the Commissioners &c

76 Any person required by this Chapter to take out a license, who shall, without reasonable excuse neglect or refuse to produce and show his license when required so to do by an officer in each case specially empowered in writing by the Commissioners to make such requisition, shall be liable to a penalty not exceeding thirty rupees

CHAPTER 6

Tax on processions.

Tax on processions

77 When it shall have been determined that a tax shall be levied on processions in any Municipality, such determination shall be duly published, and from the date of such publication no person shall organize or conduct, or cause to be organized or conducted, a procession for which a license is required under this Chapter otherwise than at a funeral or in performance of a religious ceremony other than a marriage, without first taking out a license from the Commissioners

মুনিসিপল বৎসরের দ্বিতীয় তিন মাসের মধ্য কোন সময়ে বৃত্তি কি ব্যবসায় কি কর্ম্ম চালাইতে আরম্ভ করিলে তাঁহার বার্ষিক ফীর চারিভাগের তিন ভাগ দিতে হইবে।

মুনিসিপল বৎসরের তৃতীয় তিন মাসের মধ্য কোন সময়ে বৃত্তি কি ব্যবসায় কি কর্ম্ম চালাইতে আরম্ভ করিলে তাঁহার বার্ষিক ফীর অর্দ্ধেক দিতে হইবে।

মুনিসিপল বৎসরের চতুর্থ তিন মাসের মধ্য কোন সময়ে বৃত্তি কি ব্যবসায় কি কর্ম্ম চালাইতে আরম্ভ করিলে তাঁহার বার্ষিক ফীর কেবল চতুর্থাংশ দিতে হইবে ইতি।

মিয়াদ ফুরাইলে নূতন লাইসেন্স লইবার কথা।

৭৪ ধারা। যে ব্যক্তিকে তদ্রূপ লাইসেন্স দেওয়া যায় তিনি ঐ লাইসেন্সের মিয়াদ ফুরাইলে পর আপনার সেই বৃত্তি কি ব্যবসায় কি কর্ম্ম চালাইতে ইচ্ছুক হইলে তজ্জন্যে আগামি বৎসরের নিমিত্ত নূতন লাইসেন্স লইবেন। সেই প্রকারে যত কাল ঐ বৃত্তি কি ব্যবসায় কি কর্ম্ম চালাইতে চাহেন ততকাল তাঁহার বৎসর২ নূতন লাইসেন্স লইতে হইবে ইতি।

লাইসেন্স না লইবার দণ্ডের কথা।

৭৫ ধারা। ৬৯ ধারার উল্লিখিত জ্ঞাপনপত্রের তারিখ অবধি তিন মাস গত হইলে পর যদি কোন ব্যক্তি নিয়মিতরূপে লাইসেন্স না লইয়া আপনার বৃত্তি কি ব্যবসায় কি কর্ম্ম চালান তবে মাজিষ্ট্রেটের সম্মুখে সেই কথার প্রমাণ হইলে, পূর্ব্বোক্তমতে লাইসেন্স নিয়মিতরূপে গ্রহণ করিলে মাজিষ্ট্রেটের বিবেচনামতে তাঁহার যত টাকা ফী দিতে হইত লাইসেন্স ফীর পরিবর্ত্তে ঐ ব্যক্তির সেই টাকার তিন গুণ পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে ইতি।

কমিশ্যনরদের কর্ম্মকারক লাইসেন্স দেখাইতে আদেশ করিলে না দেখাইবার দণ্ডের কথা।

৭৬ ধারা। এই অধ্যায়মতে যে ব্যক্তির লাইসেন্স লইতে হইবে, কোন কর্ম্মকারক প্রত্যেক স্থলে কমিশ্যনরদের লিখিত পত্রদ্বারা বিশেষমতে ক্ষমতাপ্রাপ্ত হইয়া তাঁহাকে আপন লাইসেন্স দেখাইতে আদেশ করিলে, যদি যুক্তিযুক্ত কারণ না থাকিলেও তিনি সেই লাইসেন্স বাহির করিয়া না দেখান বা দেখাইতে অস্বীকার করেন তবে তাঁহার ত্রিশ টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

৬ অধ্যায়।

লোকযাত্রার উপর টাক্সের কথা।

লোকযাত্রার উপর টাক্সের কথা।

৭৭ ধারা। কোন মুনিসিপালিটীর মধ্যে লোকযাত্রার উপর যদি টাক্স ধার্য্য করিতে স্থির করা যায়, তবে সেই কথার সম্বাদ নিয়মিতরূপে প্রচার করা যাইবে। সেই জ্ঞাপনপত্রের তারিখের পর কোন ব্যক্তি কমিশ্যনরদের স্থানে লাইসেন্স না লইয়া ঐ মুনিসিপালিটীর সীমার মধ্যে সমাধিক্রিয়াছাড়া কিম্বা বিবাহভিন্ন ধর্ম্ম ক্রিয়াসংক্রান্ত ছাড়া কোন যাত্রার বিধান করিবেন ও করাইবেন না ও আপনি কি অন্যের দ্বারা সেই যাত্রাদি চালাইবেন না। কমিশ্যনরেরা অধিবিষ্ট হইয়া নিম্ন লিখিত হারের

Licenses under this section shall be granted on payment of such fees as the Commissioners at a meeting may think fit, not exceeding the following rates, namely —

	Rate of fee
License for a procession whereat fire works are to be displayed or guns fired	Rs 30 for each day
License for a procession whereat one or more elephants are used	„ 15 „
License for a procession whereat more than four musicians are employed	„ 2 „

Provided that a license granted at a higher fee shall be deemed to confer all authority conferred by a license at a lower fee

Penalty for organizing procession without license.

78 Any person, who may organize or conduct a procession within the limits of such Municipality without first obtaining a license, shall be liable to a fine not exceeding three times the amount of the license fee payable in respect thereof under the next preceding section Any police officer above the grade of constable may call upon the conductor or organizer of a procession to produce his license, and if the license be not produced shall report the circumstances to the Commissioners or to the Magistrate, but he shall not stop any procession on the ground that it is unlicensed He may detain the conductor until he shall have ascertained his name and address Any person who causes a procession to be organized or conducted, or who pays for the same, shall be deemed to be the conductor or organizer under this section

Travellers and traders exempted

79 Nothing in this Chapter shall be deemed applicable to a company of travellers, or traders, or other persons proceeding in the course of their ordinary pursuits

CHAPTER 7

Duties on articles

Duties on articles

80 When it shall have been determined that duties shall be levied on articles entering within the limits of any Municipality, or on articles entering any hath or market within such limits, the Commissioners at a meeting shall prepare and submit for the Lieutenant-Governor's approval a schedule of the rates of duties proposed to be levied and bye laws which shall provide for the

অনধিক যে হারানুসারে ফী লওন উচিত বোধ করেন সেই হারানুসারে ফী দেওয়া গেলে এই ধারামত লাইসেন্স পাওয়া যাইতে পারিবে।

	ফীর হার।
যে যাত্রাদিতে আতশবাজী পুড়িবে কি বন্দুক ছোড়া যাইবে সেই যাত্রাদির লাইসেন্সের	দিন প্রতি ৩০ টাকা।
যে যাত্রাদিতে এক কি অধিক হস্তী সঙ্গে যায় তাহার লাইসেন্সের	ঐ ১৫ টাকা।
যে যাত্রাদিতে চারি জনের অধিক বাদ্যকর থাকে তাহার লাইসেন্সের	ঐ ২ টাকা।

কিন্তু ইহার মধ্যে অল্প ফীর লাইসেন্সের বলে যেং বিষয় লইবার অনুমতি হয় তদপেক্ষা উচ্চ হারের ফী দিলে সেইং বিষয়ও লইবার অনুমতি থাকিবে ইতি।

লাইসেন্স না লইয়া লোকযাত্রাদির বিধান করিবার দণ্ডের কথা।

৭৮ ধারা। যদি কোন ব্যক্তি লাইসেন্স না লইয়া ঐ মুনিসিপালিটীর সীমার মধ্যে লোকযাত্রার বিধান করেন কিম্বা লোকযাত্রাদি চালান, তবে ইহার পূর্ব্ব ধারামতে তাহার লাইসেন্সের যত টাকা ফী লাগিতে পারে ঐ ব্যক্তির তাহার তিন গুণপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে। পোলীস কনষ্টেবলের উচ্চ শ্রেণীর কোন কর্ম্মকারক ঐ লোকযাত্রার কর্ত্তাকে কি বিধানকর্ত্তাকে আপনার লাইসেন্স দেখাইবার আদেশ করিতে পারিবেন। ও লাইসেন্স দেখান না গেলে তিনি কমিশ্যনরদের কিম্বা মাজিষ্ট্রেটের নিকট ঐ কথার রিপোর্ট করিবেন। কিন্তু লাইসেন্স লওয়া যায় নাই বলিয়া তিনি ঐ লোকযাত্রা থামাইয়া রাখিবেন না। লোকযাত্রার বিধানকর্ত্তার নাম ও বাসস্থান যত কাল নিশ্চয়মতে না জানিতে পান ততকাল তাঁহাকে আটক করিয়া রাখিতে পারিবেন। যে ব্যক্তি লোকযাত্রার বিধান করেন কি তাহার কর্ম্ম চালান কি তাহার খরচ দেন তাঁহাকেই এই ধারামতে ঐ যাত্রার কর্ত্তা বা বিধানকর্ত্তা বলিয়া জ্ঞান হইবে ইতি।

পথিক ও ব্যবসায়িগণ মুক্ত হইবার কথা।

৭৯ ধারা। পথিকেরা কি ব্যবসায়িরা কি অন্য ব্যক্তিরা সাধারণ কার্য্যক্রমে দলবদ্ধ হইয়া যাত্রা করিলে এই অধ্যায়ের কোন কথা তাহারদের প্রতি খাটে এমত জ্ঞান করিতে হইবে না ইতি।

৭ অধ্যায়।

দ্রব্যাদির উপর মাসুলের কথা।

দ্রব্যের উপর মাসুলের কথা।

৮০ ধারা। কোন মুনিসিপালিটীর সীমার মধ্যে কিম্বা সেই সীমার অন্তর্গত কোন হাটে কি বাজারে যেং দ্রব্য আনা যায় তাহার উপর মাসুল বসাইতে স্থির করা গেলে যেং হারে ঐ মাসুল বসাইবার প্রস্তাব হয় কমিশ্যনরেরা অধিবিষ্ট হইয়া তাহার তফশীল প্রস্তুত করিয়া শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অনুমোদনের জন্যে অর্পণ করিবেন। এবং ঐ মাসুল

collection and realization of such duties, for penalties for non-payment, and for exempting all through traffic from taxation and for refunding the duty levied on duty-paid goods which are taken out of the municipal limits It shall be lawful for the Lieutenant-Governor to approve, to modify, or to reject such rates and bye laws, provided that no duty shall be levied on any article of food entering such limits at a rate exceeding one per cent on the value thereof, or on any other article entering such limits at a rate exceeding two per cent on the value thereof, or on any article brought into a hath or market on a market-day at a rate exceeding one quarter of an anna in every rupee of the value thereof, or half a seer in each maund of such article The rates and bye-laws for any Municipality shall, when finally approved, be published therein in such manner as the Lieutenant-Governor may direct

Punishment for unlawfully levying duty or excessive duty

81 Any person other than the persons authorized by the commissioners to levy such duties who shall demand any such duty, and any person authorized to levy such duties who shall demand or take anything which the rate sanctioned or any bye-law does not entitle him to demand, or under color of this Act seize any property knowing such seizure to be unlawful, or in any manner unlawfully extort money or any valuable thing from any person under color of this Act, shall be liable to simple or rigorous imprisonment, which may extend to six months, or to fine, or both Any portion of such fine may be awarded by the convicting Magistrate to the person aggrieved

Lease of duties

82 The Commissioners may, with the sanction of the Lieutenant-Governor, grant a lease of any such duties for a term not exceeding three years, provided that the lessee shall be bound by any bye-law which may have been or may be thereafter duly published

CHAPTER 8

Tolls on ferries

Existing public ferries

83 The Lieutenant-Governor may make over to the Commissioners any existing public ferry within or adjacent to the limits of the Municipality, such ferry shall thenceforward be deemed to be a

যেরূপে আদায় করা যাইবে ও না দেওয়া গেলে যে দণ্ডের বিধান হইবে ইহার উপবিধি ও দ্রব্য নগর দিয়া অন্যত্র গেলে তাহার উপর মাসুল না লইবার ও নগরের সীমার মধ্যে দ্রব্য আনা গেলে ও তাহার উপর মাসুল লওয়া গেলেও তাহা নগরের বাহিরে আবার চালান হইলে ঐ মাসুল ফিরিয়া দিবার উপবিধি পূর্ব্বোক্তমতে প্রস্তুত করিয়া অর্পণ করিবেন। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব উক্ত মাসুলের হার ও উপবিধি অনুমোদন কি মতান্তর করিতে কিম্বা অগ্রাহ্য করিতে পারিবেন। কিন্তু উক্ত সীমার মধ্যে আহারীয় যে দ্রব্য আনা যায় তাহার মূল্যের উপর শতকরা এক টাকার অধিক হারে ও সেই সীমার মধ্যে অন্য যে দ্রব্য আনা যায় তাহার মূল্যের উপর শতকরা দুই টাকার অধিক হারে মাসুল আদায় করিতে হইবে না। এবং হাট বসিবার দিনে যে কোন দ্রব্য হাটে কি বাজারে আনা যায় তাহার মূল্যের একং টাকার উপর এক২ পয়সার অধিক কিম্বা একং মণের উপর আধং সেরের অধিক হারে মাসুল লওয়া যাইবে না। কোন মুনিসিপালিটীর মাসুলের হার ও উপবিধি চূড়ান্তরূপে অনুমোদিত হইলে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব যদ্রূপ আজ্ঞা করেন তাহা ঐ মুনিসিপালিটীতে তদ্রূপ প্রকাশ করা যাইবে ইতি।

বেআইনীমতে মাসুল লইবার কিম্বা অধিক মাসুল লইবার দণ্ডের কথা।

৮১ ধারা। কমিশ্যনরেরা যে ব্যক্তিদিগকে উক্ত মাসুল আদায় করিবার ক্ষমতা দেন তাহারদের ছাড়া কোন ব্যক্তি সেই প্রকারের মাসুলের দাওয়া করিলে এবং উক্ত প্রকারের মাসুল আদায় করিবার ক্ষমতাপন্ন কোন ব্যক্তি অনুমতিমতে কিম্বা কোন উপবিধিমতে যে হারে মাসুল আদায় করিতে পারেন তদ্ভিন্ন কোন হারে মাসুলের দাওয়া করিলে কি কিছু লইলে, কিম্বা কোন দ্রব্য ক্রোক করা বেআইনী কার্য্য জানিয়া এই আইনমতে ক্ষমতা পাইবার ছলে সেই দ্রব্য ক্রোক করিলে কিম্বা এই আইনমতে ক্ষমতা পাইবার ছলে কোন ব্যক্তিকে ভয় দেখাইয়া তাঁহার স্থানে বেআইনীমতে টাকা কি মূল্যবান কোন দ্রব্য লইলে, তাহার ছয় মাস পর্য্যন্ত সামান্য কি কঠিন কারাদণ্ড কি অর্থদণ্ড কিম্বা ঐ দুই দণ্ড হইতে পারিবে। যে মাজিষ্ট্রেট ঐ অপরাধ নির্ণয় করেন তিনি ঐ দণ্ডের টাকার কোন অংশ ক্ষতিগ্রস্ত ব্যক্তিকে দিবার আজ্ঞা করিতে পারিবেন।

ইজারা দিবার ক্ষমতার কথা।

৮২ ধারা। কমিশ্যনরেরা শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অনুমতি লইয়া তিন বৎসরের অনধিক কোন কালের নিমিত্তে পূর্ব্বোক্ত মাসুলের ইজারা দিতে পারিবেন। কিন্তু তৎপূর্ব্বে বা তৎপরে তদ্বিষয়ের যে উপবিধি নিয়মিতরূপে প্রকাশ করা যায় ঐ ইজারদারের সেই বিধি মানিতেই হইবে ইতি।

৮ অধ্যায়।

খেয়ার মাসুলের কথা।

রাজকীয় যে খেয়া আছে তাহার কথা।

৮৩ ধারা। কোন মুনিসিপালিটীর সীমার মধ্যে কি তন্নিকটে যে রাজকীয় খেয়া থাকে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহা কমিশ্যনরদের প্রতি অর্পণ করিতে

Municipal ferry, and the profits derivable therefrom shall be carried to the credit of the Municipal Fund

পারিবেন। তদবধি সেই খেয়া মুনিসিপল খেয়া বলিয়া জ্ঞান হইবে। ও তাহাহইতে যে লাভ হয় তাহা মুনিসিপল ফণ্ডে জমা করিয়া দেওয়া যাইবে ইতি।

Ferries may be declared to be Municipal

84. The Commissioners may also, with the sanction of the Lieutenant-Governor, declare that any other ferry within or adjacent to the limits of the Municipality is a municipal ferry, and the profits derivable therefrom shall thenceforward be carried to the credit of the Municipal Fund, provided that due compensation shall have been awarded to any person for the loss which he may have sustained in consequence of such ferry being declared Municipal The amount of compensation due in such cases shall be ascertained and awarded by the Magistrate under the provisions of section 4, Bengal Act I of 1866 (*to amend certain provisions of Regulation VI of* 1819)

খেয়া মুনিসিপল খেয়া বলিয়া নিদ্দেশ করিবার কথা।

৮৪ ধারা। আরো কোন মুনিসিপালিটীর সীমার মধ্যে কি তন্নিকটে অন্য যে খেয়া থাকে কমিশ্যনরেরা শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের অনুমতি লইয়া সেই খেয়াও মুনিসিপল খেয়া বলিয়া নিদ্দেশ করিতে পারিবেন। তদবধি ঐ খেয়া হইতে যে লাভ হয় তাহা মুনিসিপল ফণ্ডে জমা করিয়া দেওয়া যাইবে। কিন্তু কোন খেয়া মুনিসিপল খেয়া বলিয়া নিদ্দেশ করা প্রযুক্ত কোন ব্যক্তির হানি হইলে তাহার সেই হানিপুরণের উপযুক্ত টাকা দিতে হইবে। উক্ত স্থলে হানি পুরণ স্বরূপ কত টাকা দিতে হইবে মাজিষ্ট্রেট ১৮৬৬ সালের বাঙ্গালা ১ আইনের অর্থাৎ ১৮০৯ সালের ৬ আইনের কোনং বিধান সংশোধন করণার্থ আইনের ৪ ধারামতে সেই কথা নির্ণয় করিয়া তদ্বিষয়ের আজ্ঞা দিবেন ইতি।

Duties of Commissioners in regard to such ferries

85 After assuming the management of such ferries, the Commissioners shall be bound to maintain them and to provide, or cause to be provided, strong and commodious boats in order to secure the safety and convenience of travellers, and to facilitate commercial intercourse

উক্ত খেয়া লইয়া কমিশ্যনরদের কর্তব্য বাক্যর কথা।

৮৫ ধারা। কমিশ্যনরেরা উক্ত প্রকারের খেয়ার অধ্যক্ষতা কার্য্য গ্রহণ করিলে পর তাঁহাদের উপযুক্তমতে তাহা রাখিতে হইবে, এবং লোক সকল নিরাপদে ও স্বচ্ছন্দে পারাপার হইতে পারে ও বানিজ্য দ্রব্যের অনায়াসে আনাগুণা হইতে পারে এই নিমিত্ত তাঁহাদের শক্ত ও পরিসর নৌকা করিয়া বা করাইয়া রাখিতে হইবে ইতি।

Rate of tolls to be established and published

86 When it shall have been determined to impose tolls on such ferries, the Commissioners at a meeting shall make and publish an order specifying the ferries and, with the sanction of the Lieutenant-Governor, the rates at which such tolls shall be levied Such rates may from time to time be varied with the like sanction

মাসুলের হার স্থাপন করিয়া প্রকাশ করিবার কথা।

৮৬ ধারা। তদ্রূপ খেয়ার উপর মাসুল বসাইতে স্থির করা গেলে, কমিশ্যনরেরা অধিবিষ্ট হইয়া ঐ সকল খেয়া নির্দ্দিষ্ট করিয়া এবং শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের সম্মতিক্রমে ঐ মাসুল যে হারে লওয়া যাইবে ইহার আজ্ঞা করিয়া প্রকাশ করিবেন। উক্ত সাহেবের অনুমতি লইয়া ঐ মাসুলের হার সময়েং পরিবর্ত্তনও করা যাইতে পারিবে ইতি।

Leases

87 The Commissioners may grant a lease of a municipal ferry for any period not exceeding three years

ইজারার কথা।

৮৭ ধারা। কমিশ্যনরেরা তিন বৎসরের অনধিক মিয়াদে মুনিসিপল খেয়ার ইজারা দিতে পারিবেন ইতি।

Table of tolls

88 A table of tolls legibly written or printed in the English and vernacular languages shall be affixed in some conspicuous place at either end of every such ferry, so as to be easily read by all persons using the ferry

মাসুলের ফর্দ্দের কথা।

৮৮ ধারা। মাসুলের ফর্দ্দ ইংরাজী ও দেশীয় ভাষার সুপাঠ্য অক্ষরে লেখা কি ছাপা হইয়া উক্ত প্রত্যেক খেয়ার এপার ও ওপারের কোন প্রকাশ স্থানে এমন করিয়া লাগাইয়া দিতে হইবে যেন খেয়ার নৌকায় যাহারা যাওয়া আসা করে তাহারা অনায়াসে পাঠ করিতে পারে ইতি।

Compounding for tolls

89. The Commissioners, or the ferry-lessee, may compound for any period not exceeding one year with any person for a certain sum, to be paid by such person for himself, or for any vehicle or

মাসুল চুরণ করিয়া লইবার কথা।

৮৯ ধারা। কোন ব্যক্তি মাসুলের ফর্দ্দ লিখিত হারানুসারে মাসুল না দিয়া এক বৎসরের অনধিক কোন কালের নিমিত্ত নিজের কিম্বা আপন গাড়ী বলদাদির পারাপার হইবার নি-

animal kept by him, in lieu of the rates of toll specified in the table of tolls

Penalty for neglecting to put up a table of tolls

90 Every ferry toll-collector, or lessee, or his assistant in charge of a ferry, who neglects to affix in a conspicuous place and keep in good order and repair such table of tolls, or who wilfully removes, alters, or defaces the same, or allows it to become illegible, shall be liable to a penalty not exceeding ten rupees

Persons and things exempted

91 No tolls shall be paid for the passage of troops on their march, or of military or Government stores, or of the persons in charge of them, or of military or police officers, or any public or municipal officer on duty, or of any person or property in their custody, or of any vehicle employed by such persons, or for the transport of such things, or of conservancy carts or other vehicles belonging to the Commissioners or of the persons in charge of them, but no other exemption from payment of the tolls levied under this chapter shall be allowed

Punishment for unlawfully levying toll or excess toll

92 Any person other than the persons authorized by the Commissioners to collect tolls, who levies or demands any toll at any municipal ferry, and also every ferry toll-collector, lessee, or his assistant, who unlawfully demands or takes any other or higher toll than the toll recorded in the said table of tolls, or under color of this Act, detains any person or seizes any property, knowing such detention or seizure to be unlawful, or in any manner unlawfully extorts money or any valuable thing from any person under color of this Act, shall be liable to imprisonment of either description for a term which may extend to six months, or to fine, or both Any portion of such fine may be awarded by the convicting Magistrate to the person aggrieved

Toll must be prepaid

93 Any collector or lessee of tolls, or his assistant, may refuse to convey any person or goods across a ferry until the proper toll recorded in the aforesaid table of tolls has been paid, and may require any person who refuses to pay the toll to leave the boat and to remove his goods from it Any person who refuses compliance with such

মিত্ত নির্দ্দিষ্ট কতক টাকা দিবার নিয়মে কমিশ্যনরের-দের কিম্বা খেয়ার ইজারদারের সঙ্গে চুক্তি করিতে পারিবেন ইতি।

মাসুলের ফর্দ্দ লটকাইয়া না রাখিবার দণ্ডের কথা।

৯০ ধারা। যে ব্যক্তি খেয়ার মাসুল আদায় করিয়া থাকেন তিনি কিম্বা ইজারদার কিম্বা তাঁহার সহকারি যে ব্যক্তির জিম্মায় খেয়া থাকে তিনি মাসুলের উক্ত ফর্দ্দ প্রকাশ স্থানে ও সুবিধামতে ও উপযুক্ত ভাবে রাখিতে ত্রুটি করিলে কিম্বা ইচ্ছা করিয়া তাহা স্থানান্তর করিয়া দিলে কি পরিবর্ত্তন করিলে কি তাহার কোন অক্ষর মুছিয়া দিলে কিম্বা তাহা অপাঠ্য হইতে দিলে, তাহার দশ টাকাপর্য্যন্ত দণ্ড হইতে পারিবে ইতি।

যে ব্যক্তিদের ও যে দ্রব্যের মাসুল লাগিবে না তাহার কথা।

৯১ ধারা। সৈন্যদের কুচ করিয়া যাওনকালে তাহারদিগকে ও সৈনিক কি গবর্ণমেণ্টের মাল সরঞ্জাম ও তাহা যে ব্যক্তিদের জিম্মায় থাকে তাহারদিগকে ও সৈনিক কি পোলীস কর্ম্মকারক কিম্বা রাজকীয় কি মুনিসিপল কর্ম্মকারক রাজকর্ম্মে গেলে তাহারদিগকে ও তাহারদের জিম্মায় যে ব্যক্তি কি দ্রব্য থাকে তাহা ও তাহারদের কর্ম্মে যে গাড়ী নিযুক্ত থাকে তাহা পার করিবার ও কমিশ্যনরদের সেই প্রকারের দ্রব্য কি নগর পরিষ্কার রাখিবার কার্য্যের গাড়ী কি অন্য যান ও তাহা যে ব্যক্তিদের জিম্মায় থাকে তাহারদিগকে পার করিবার মাসুল লইতে হইবে না। কিন্তু এই অধ্যায়-মতে অন্য যে মাসুল আদায় হইতে পারে তাহার ক্ষমা হইবার অনুমতি নাই ইতি।

বেআইনীমতে কি অতিরিক্ত মাসুল লইবার দণ্ডের কথা।

৯২ ধারা। কমিশ্যনরেরা যে ব্যক্তিদিগকে মাসুল আদায় করিবার ক্ষমতা দেন তাঁহারাভিন্ন কোন ব্যক্তি কোন মুনিসিপল খেয়াতে কোন মাসুল আদায় কি দাওয়া করিলে, এবং খেয়ার মাসুল আদায় করিতে যে ব্যক্তি নিযুক্ত হন তিনি কি ইজারদার কি তাহার সহ-কারি ব্যক্তি বেআইনীমতে উক্ত মাসুলের ফর্দ্দের লি-খিত মাসুলের অধিক কি তদ্ভিন্ন পয়সা লইলে কিম্বা কোন ব্যক্তিকে কি কোন দ্রব্য আটক করিয়া রাখা কি ক্রোক করা অন্যায় জানিয়া আটক করিয়া কি ক্রোক করিয়া রাখিলে কিম্বা এই আইনমতে ক্ষমতা পাইবার ছলে কোন ব্যক্তিকে ভয় দেখাইয়া বেআইনী মতে তাহার স্থানে পয়সা কি মূল্যবান কোন দ্রব্য কোন প্রকারেই লইলে তাহার ছয় মাসপর্য্যন্ত অন্যতর প্রকারে কারাদণ্ড কিম্বা অর্থদণ্ড কি ঐ দুই প্রকারের দণ্ড হইতে পারিবে। যে মাজিষ্ট্রেট অপরাধ নির্ণয় করেন তিনি ঐ দণ্ডের টাকার একাংশ ক্ষতিগ্রস্ত ব্যক্তিকে দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

মাসুল অগ্রিম দিবার কথা।

৯৩ ধারা। মাসুলের পূর্ব্বোক্ত ফর্দ্দে উপযুক্ত মাসুল বলিয়া যত পয়সা লেখা থাকে কোন ব্যক্তি পার হই-বার কিম্বা মাল পার করিবার জন্যে তত মাসুল অগ্রে না দিলে মাসুল আদায়কারি ব্যক্তি কি ইজারদার কি তাঁহার সহকারি ব্যক্তি তাহাকে কিম্বা তাহার দ্রব্য পার করিয়া দিতে অস্বীকার করিতে পারিবেন, ও কোন ব্যক্তি মাসুল দিতে না চাহিলে তাহাকে নৌকাহইতে

order, or who otherwise obstructs any toll collector or any of his assistants in any way in the execution of their duty, and any person who maliciously damages any boat or any other thing employed in or about any municipal ferry, or who maliciously removes, alters, destroys or damages any table of tolls exhibited as hereinbefore directed, shall be liable to a penalty not exceeding fifty rupees over and above the value of the damage, if any, which he has done

Police to assist the ferry toll collectors

94 In all cases of resistance to the lawful authority of the officer appointed or duly authorized to collect the toll, all police officers shall be bound to assist him when required, and for that purpose shall have the same powers which they have in the exercise of their ordinary police duties

Penalty for keeping unauthorized ferry

95 No person shall keep a ferry-boat for the purpose of plying for hire within a distance of two miles above or below any municipal ferry without the previous sanction of the Commissioners if he plies within the limits of the Municipality, or the previous sanction of the Magistrate of the district if without such limits, or the previous sanction of the Magistrate of the district and the Commissioners if one of the two banks between which he plies is within, and the other bank is without, such limits Any person who wilfully acts in contravention of this rule shall be liable to a fine not exceeding fifty rupees

Tolls on roads

Existing toll gates

96 The Lieutenant-Governor may make over to the Commissioners any existing toll-bar or gate within the limits of the Municipality, and the profits derivable from it shall thenceforward be carried to the credit of the Municipal Fund

Toll gates may be established

97 The Commissioners may also under the authority of the Lieutenant-Governor establish toll-bars or gates upon any road or bridge within the limits of the Municipality for the purpose of levying tolls on vehicles and beasts of burden entering such limits, and the profits derivable therefrom shall thenceforward be carried to the credit of the Municipal Fund

[*Government Gazette*, 30*th July* 1872.]

নামিয়া যাইতে কিম্বা আপনার মাল তুলিয়া লইতে আদেশ করিতে পারিবেন। কোন ব্যক্তি সেই আদেশ মতে কর্ম্ম করিতে স্বীকার না করিলে, কিম্বা মাস্থল আদায়কারি কিম্বা তাঁহার সহকারি কোন ব্যক্তি আপনাং কর্ত্তব্য কর্ম্ম করিতেছেন এমন সময়ে কেহ অন্য প্রকারে তাঁহাদের বাধা দিলে, ও কোন ব্যক্তি ঈর্ষাপূর্ব্বক কোন নৌকার কিম্বা মুনিসিপল খেয়ার কর্ম্মে নিযুক্ত কি তৎসম্পর্কীয় অন্য দ্রব্যের হানি করিলে কিম্বা পূর্ব্বোক্তমতে মাস্থলের যে ফর্দ্দ লটকান থাকে কেহ ঈর্ষাপূর্ব্বক তাহা স্থানান্তর করিয়া দিলে কি পরিবর্ত্তন কি নষ্ট করিলে কি তাহার হানি করিলে তাহার দ্বারা যে হানি হয় তাহার সেই হানিপূরণের অতিরিক্ত পঞ্চাশ টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

খেয়ার মাস্থল আদায়কারিদিগকে পোলীসের সাহায্য করিবার কথা।

৯৪ ধারা। যে কর্ম্মকারক মাস্থল আদায় করিতে নিযুক্ত হন কি নিয়মিতরূপে ক্ষমতা পান আইনমতে তাঁহার যে ক্ষমতা থাকে কোন ব্যক্তি তাহার বাধা দিলে ও তিনি সেই কারণে পোলীসের সাহায্য চাহিলে পোলীস কর্ম্মকারকদের তাঁহার সাহায্য করিতেই হইবে ও পোলীসসংক্রান্ত আপনাদের চলিত কর্ম্ম করণার্থে তাহাদের যদ্রূপ শক্তি থাকে সেই কার্য্যপক্ষেও তাহাদের তত্তুল্য শক্তি থাকিবে ইতি।

অনুমতিবিনা খেয়া রাখিবার দণ্ডের কথা।

৯৫ ধারা। কোন মুনিসিপল খেয়া যে স্থানে থাকে তথাহইতে উজানে কি ভাটিদিগে দুই মাইলের অন্তর কোন স্থানে কোন ব্যক্তি পারাণি পয়সা লইয়া পার করিবার নৌকা রাখিতে চাহিলে যে স্থানে পারাপার হয় তাহা মুনিসিপালিটীর সীমার মধ্যে থাকিলে কমিশ্যনরদের অনুমতি লইতে হইবে, সেই স্থান ঐ সীমার বাহিরে থাকিলে জিলার মাজিষ্ট্রেটের অনুমতি লইতে হইবে কিম্বা এক পাড় ঐ সীমার মধ্যে অন্য পাড় ঐ সীমার বাহিরে থাকিলে জিলার মাজিষ্ট্রেটের এবং কমিশ্যনরদের অনুমতি লইতে হইবে। না লইলে ঐ খেয়ার নৌকা রাখিতে পাইবে না। কোন ব্যক্তি ইচ্ছা করিয়া এই বিধির বিপরীত কার্য্য করিলে তাহার পঞ্চাশ টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে ইতি।

রাস্তার মাস্থলের কথা।

মাস্থলের যে ফাটক আছে তাহার কথা।

৯৬ ধারা। মুনিসিপালিটীর সীমার মধ্যে মাস্থল আদায়ের যে বার কি ফাটক থাকে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব কমিশ্যনরদের প্রতি তাহা অর্পণ করিতে পারিবেন। তদবধি তাহাহইতে যে লাভ হয় তাহা মুনিসিপল ফণ্ডে জমা করিয়া দেওয়া যাইবে ইতি।

মাস্থল আদায়ের ফাটক করিবার কথা।

৯৭ ধারা। আরো মুনিসিপালিটীর সীমার মধ্যে গাড়ী ও ভারবাহি বলদাদি আইলে তাহার উপর মাস্থল আদায় করিবার জন্যে কমিশ্যনরেরা শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের অনুমতিক্রমে সেই সীমার অন্তর্গত কোন পথে কি সাঁকোতে মাস্থল আদায়ের বার কি ফাটক করিয়া রাখিতে পারিবেন। তদবধি তাহাহইতে যে লাভ হয় তাহা মুনিসিপল ফণ্ডে জমা করিয়া দেওয়া যাইবে ইতি।

98 When it shall have been determined that tolls shall be levied on vehicles and beasts of burden entering the Municipality, the Commissioners at a meeting shall make and publish an order with the sanction of the Lieutenant-Governor specifying the rates at which such tolls shall be levied. Such rates may from time to time be varied with the like sanction.

Rates of tolls to be established and published

99 The Commissioners may grant a lease of a municipal toll-bar or gate for any period not exceeding three years.

Lease of toll gate

100 A table of tolls legibly written or printed in the English and vernacular languages shall be affixed in some conspicuous place near such toll-bar or gate so as to be easily read by all persons who are required to pay such tolls.

Table of tolls

101 The Commissioners, or the lessee of such tolls, may compound for any period not exceeding one year with any person for a certain sum to be paid by such person for any vehicle or animal kept by him in lieu of the rates of toll specified in the table of tolls.

Compounding for tolls

102 Every toll-keeper, or lessee, or his assistant in charge of a toll-bar or gate, who neglects to affix in a conspicuous place and keep in good order and repair such table of tolls, or who wilfully removes, alters, or defaces the same, or allows it to become illegible, shall be liable to a fine not exceeding fifty rupees.

Punishment for neglecting to exhibit &c., table of toll

103 No tolls shall be paid for vehicles or beasts of burden engaged in the transport of troops on their march, or of military or Government stores, or of military or police officers, or of any public or municipal officer on duty, or of any person or property in their custody, or of conservancy carts or other such vehicles or beasts of burden belonging to the Commissioners as a corporate body; but no other exemption from payment of the tolls levied under this Act shall be allowed.

Troops, military stores, police &c. exempt

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৭১ । ৩০ জুলাই ।]

৯৮ ধারা। যেং গাড়ি ও ছালাবোঝাই গোকপ্রভৃতি মুনিসিপালিটীতে প্রবেশ করে তাহার উপর মাস্থল আদায় কবিতে স্থির করা গেলে ঐ মাস্থল যে হারে লওয়া যাইবে কমিশ্যনরেরা অধিবিষ্ট হইয়া শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের অনুমতিক্রমে তদ্বিষয়ের আজ্ঞা করিয়া প্রকাশ করিবেন। সমযান্তরে তাঁহার অনুমতি লইয়া ঐ হার পরিবর্ত্তন করা যাইতে পারিবে ইতি।

মাস্থলের হার নির্ণয় করিয়া প্রকাশ করিবার কথা।

৯৯ ধারা। কমিশ্যনরেরা তিন বৎসরের অনধিক মিযাদে মাস্থল আদায়ের মুনিসিপল ব.রের কি ফাটকের ইজারা দিতে পারিবেন ইতি।

মাস্থল আদায়ের ফাটক ইজারা দিবার কথা।

১০০ ধারা। মাস্থল আদাযের উক্ত বারের কি ফাটকের নিকট কোন স্থানে ঐ মাস্থলের ফর্দ্দ ইঙ্গরেজী ও দেশীয ভাষায় সুপাঠ্য অক্ষরে লেখা কি ছাপা হইয়া কোন প্রকাশ স্থানে এমন করিয়া লাগাইয়া দেওয়া যাইবে যেন ঐ মাস্থল যাহারদের দিতে হয তাঁহারা সকলেই তাহা অনায়াসে পড়িতে পারেন ইতি।

মাস্থলের ফর্দ্দের কথা।

১০১ ধারা। মাস্থলের ফর্দ্দে যে হার নির্দ্দিষ্ট থাকে কোন ব্যক্তি সেই হারানুসারে মাস্থল না দিয়া আপনার কোন গাড়ীর কি বলদাদির যাইবার জন্যে এক বৎসরের অনধিক কোন কালের নিমিত্ত নির্দ্দিষ্ট কতক টাকা দিবার নিয়মে কমিশ্যনরদের কিম্বা মাস্থলের ইজারদারের সঙ্গে রফা করিতে পারিবেন ইতি।

মাস্থল ফুরণ করিবার কথা।

১০২ ধারা। মাস্থল রক্ষক কি ইজারদার কিম্বা মাস্থল আদায়ের বার কি ফাটক তাঁহার সহকারি যে ব্যক্তির জিম্মায থাকে তিনি ঐ মাস্থলের ফর্দ্দ প্রকাশ স্থানে লটকাইয়া রাখিতে ও সুবিধারূপে ও উপযুক্তমতে রাখিতে ক্রটি করিলে কিম্বা ইচ্ছা করিয়া স্থানান্তর করিয়া দিলে কি পরিবর্ত্তন করিলে কি অক্ষরাদি মুছিয়া ফেলিলে কিম্বা অপাঠ্য হইতে দিলে তাহার পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

মাস্থলের ফর্দ্দ লটকাইয়া রাখনপ্রভৃতি কার্য্যের ক্রটি হইলে দণ্ডের কথা।

১০৩ ধারা। সৈন্যদের কুচ করিয়া যাওনকালে তাহারদের দ্রব্যাদি কিম্বা সৈনিক কি গবর্ণমেণ্টের দ্রব্যাদি কিম্বা সৈনিক কি পোলীসের কর্ম্মকারকেরদের কিম্বা রাজকীয কি মুনিসিপল কার্য্যকারকদের কর্ত্তব্য কর্ম্ম করণ কালে তাঁহারদের দ্রব্যাদি ও তৎকালে তাঁহারদের রক্ষিত কোন ব্যক্তিকে কি সম্পত্তি লইয়া যাইবার জন্যে যে গাড়ী কি বলদাদি নিযুক্ত থাকে তাহার উপর ও সমবায়িত সমাজস্বরূপ কমিশ্যনরদের নগর পরিষ্কার রাখিবার কার্য্যের গাড়ীর কি উক্ত অন্য গাড়ীর কি ছালাবোঝাই বলদাদির উপর মাস্থল লাগিবে না। কিন্তু এই আইনমতে যে মাস্থল আদায় হয় অন্য কোন গাড়ীপ্রভৃতি তাহাহইতে মুক্তি পাইবে না ইতি।

সৈন্যদের ও যুদ্ধ সরঞ্জাম ও পোলীসপ্রভৃতির মুক্ত হওয়ার কথা।

104. Every person, other than persons appointed or authorized by the Commissioners to collect the municipal tolls, who levies or demands any toll, and also every toll-collector, lessee, or his assistant, who unlawfully demands or takes any other or higher toll than the toll recorded in the said table of tolls, or who under color of this Act seizes or sells any property, knowing such seizure or sale to be unlawful, or in any manner unlawfully extorts money or any valuable thing from any person under color of this Act, shall be liable to imprisonment of either description for a term which may extend to six months or to fine, or both Any portion of the fine may be awarded by the convicting Magistrate to the person aggrieved

Illegal collection of tolls

১৪৯ ধারা। মুনিসিপালিটীর মধ্যে কোন ব্যক্তি মরিলে তদ্বিষয়ের যেং কথা এই আইনমতে অবগত হইয়া রেজিষ্টরী করিবার আজ্ঞা হইল ঐ ব্যক্তির মরণ সময়ে তাঁহার আসন্ন যে বন্ধু উপস্থিত ছিলেন কিম্বা পীড়ার চরমাবস্থায় তাঁহার সুশ্রূষা করিলেন তাঁহারদের অন্যতর ব্যক্তি ও সেই বন্ধুর অনুপস্থানে যে ঘরে ঐ ব্যক্তির মৃত্যু হয় সেই ঘরের দখীলকার ও সেই দখীলকারেরই মৃত্যু হইলে তাহার মরণকালে অন্য যে পুরুষ ঐ ঘরে থাকিতেন তিনি ঐ ব্যক্তির মরণের পর আট দিনের মধ্যে আপন জ্ঞান ও বিশ্বাসানুসারে পল্লির রেজিষ্ট্রারকে সেইং কথা জানাইবেন। পরন্তু কোন ব্যক্তি আত্মীয়া স্ত্রীর নাম জানাইতে আপত্তি করিলে তাহা জানাইতে আবদ্ধ হইবেন না। এই ধারামতে কোন সন্ধান জ্ঞাত করা যে ব্যক্তির কর্ত্তব্য তিনি তাহা জানাইতে অস্বীকার কি ত্রুটি করিলে তাঁহার বিশ টাকাপর্য্যন্ত দণ্ড হইতে পারিবে। উক্ত কোন এক অপরাধের জন্যে একি ব্যক্তির দণ্ড হইতে পারিবে অধিকের ইতি।

মৃত্যুর সম্বাদ দিবার কথা।

150. Every police constable and chokidar shall report to the officer in charge of the police station every birth and death which occurs within his beat and which comes to his knowledge, and the police inspector shall make a weekly report of all such births and deaths to the Registrar of the district. On the receipt of such report the Registrar shall compare it with the entries made in his register, and, if he finds any discrepancy, or if any birth or death has not been reported to him as above required, he shall personally make enquiry and shall correct or make the proper entries in his register.

Duties of the police.

১৫০ ধারা। পোলীস কনষ্টাবল ও চৌকীদার আপন পাড়ার মধ্যে সন্তানাদির জন্ম হইবার কিম্বা কোন ব্যক্তির মৃত্যুর কথা জানিতে পাইলে তিনি পোলীস থানার অধ্যক্ষের নিকট সেই কথার রিপোর্ট করিবেন। ও পোলীস ইনস্পেক্টর সপ্তাহেং পল্লির রেজিষ্ট্ররের নিকট ঐং জন্মের ও মৃত্যুর রিপোর্ট দিবেন। রেজিষ্টার সেই রিপোর্ট পাইলে আপনার রেজিষ্টরী বহীর সঙ্গে মিলাইয়া দেখিবেন এবং কোন কথার অমিল দেখিতে পাইলে কিম্বা পূর্ব্বোক্ত আজ্ঞামত কোন সন্তানের জন্মের কি কোন ব্যক্তির মৃত্যুর কথা তাঁহার নিকট রিপোর্ট করা যায় নাই দেখিলে তিনি নিজে সেই বিষয়ের সন্ধান লইয়া আপন রেজিষ্টরী বহীর কথা সংশোধন করিবেন কিম্বা ঐ বহীতে ঐ জন্মের ও মৃত্যুর কথা লিখিবেন ইতি।

পোলীসের কর্ত্তব্যকর্ম্মের কথা।

151. Any Registrar, who shall refuse or neglect to register any birth or death occurring within his district within a reasonable time after he shall have been duly informed thereof, shall be liable to a penalty not exceeding fifty rupees for each such refusal or neglect

Penalty for Registrar refusing to register

১৫১ ধারা। রেজিষ্ট্রারের পল্লির মধ্যে কোন সন্তানাদির জন্ম কি কোন মৃত্যু হওয়ার সম্বাদ তাঁহাকে নিয়মমতে জানান গেলে তিনি যদি যথোচিত সময়ের মধ্যে তাহা রেজিষ্টরী করিতে অস্বীকার কি ত্রুটি করেন, তবে তাঁহার প্রত্যেকবার উক্ত প্রকারে চাহেন কি গ্রহণ করেন উক্ত অস্বীকার করণ কি ত্রুটি করণ প্রযুক্ত তাহার পঞ্চাশ টাকাপর্য্যন্ত দণ্ড হইতে পারিবে ইতি।

রেজিষ্ট্রার রেজিষ্টরী করিতে স্বীকার না করিলে তাঁহার দণ্ডের কথা।

152 Whoever wilfully gives false information to a Registrar regarding any birth or death shall be liable to a penalty not exceeding fifty rupees

Penalty for giving false information

১৫২ ধারা। কোন ব্যক্তি ইচ্ছা করিয়া কোন রেজিষ্ট্রারকে সন্তানাদির জন্মের কি কোন ব্যক্তির মৃত্যুর মিথ্যা সম্বাদ দিলে তাহার পঞ্চাশ টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে ইতি।

মিথ্যা সম্বাদ দিবার দণ্ডের কথা।

PART VII.—MUNICIPAL POLICE

৭ খণ্ড।—মুনিসিপল পোলীসের বিধি।

153 This Part shall not apply to any portion of the suburbs of the Town of Calcutta to which Bengal Act II of 1866 (*to provide for the better regulation of the Police within the Suburbs of the Town of Calcutta*) has been extended, or to any third class municipality

Operation of this Part

১৫৩ ধারা। ১৮৬৬ সালের বঙ্গীয় ২ আইন (অর্থাৎ কলিকাতার শাখানগরের পোলীসের সুবিধান করণার্থ আইন) কলিকাতা শাখানগরের যে অংশে প্রচলিত হইয়াছে সেই অংশে ও তৃতীয় শ্রেণীর কোন মুনিসিপালিটীতে এই খণ্ডের বিধান খাটিবে না ইতি।

এই খণ্ডের বিধানের কথা।

154. In every municipality the Commissioners shall maintain a police force sufficient for preserving the peace by day and night, for preventing the commission of offences, for apprehending offenders, and for performing generally the duties of inferior officers of police

Police force

১৫৪ ধারা। দিবারাত্র শান্তিরক্ষা করিবার ও অপরাধ নিবারণ করিবার ও অপরাধিদিগকে ধরিবার জন্য এবং সাধারণমতে পোলীসের নিম্নতর শ্রেণীর কর্ম্মকারকদের কর্ম্ম নির্ব্বাহ করিবার জন্যে যত জনের আবশ্যক হয় প্রত্যেক মুনিসিপালিটীর মধ্যে কমিশ্যনরেরা তত জনের পোলীসদল রাখিবেন ইতি।

পোলীসদলের কথা।

155 All police officers maintained by the Municipality shall be formally enrolled under the provisions of Act V of 1861 (*for the regulation of police*), and shall be deemed to be members of the police establishment of the district but they shall not be subject to the authority of the Inspector-General of Police, or of any Deputy Inspector General, or Assistant Inspector-General, appointed under the provisions of the said Act, except for the purpose of making inspections and reports and obtaining returns, and for the performance of such other duties as the Lieutenant Governor may from time to time specially direct All powers and authorities conferred on such officers by sections 7, 8, 10, and 12 of the said Act shall, so far as regards all members of the municipal police force, be vested in the Chairman of the Commissioners subject to the general control and direction of the Magistrate of the district

Control thereof

১৫৫ ধারা। মুনিসিপালিটীর দ্বারা পোলীসের যত জন কর্ম্মকারক রাখা যায় পোলীসের বিধান করণার্থ ১৮৬১ সালের ৫ আইনের বিধানানুসারে তাহাদের নাম দাঁড়ামতে লেখা যাইবে ও তাহারা জিলার পোলীসের আমলাগণের অন্তর্গত ব্যক্তি বলিয়া জ্ঞান হইবে। কিন্তু তাহারা উক্ত আইনের বিধানমতে নিযুক্ত পোলীসের ইনস্পেক্টর জেনরলসাহেবের কিম্বা কোন ডেপুটী ইনস্পেক্টর জেনরলের কিম্বা আসিষ্টাণ্ট ইনস্পেক্টর জেনরলের আজ্ঞাধীন হইবে না, কেবল পরিদর্শন কার্য্যের নিমিত্ত কিম্বা রিপোর্ট করিবার ও ফিটা আনাইয়া দিবার নিমিত্ত এবং শ্রীযুক্ত লেফ্টেনেণ্ট গবর্নর সাহেব সময়ে২ অন্য যে কর্ম্মের বিশেষ আজ্ঞা করেন সেই কর্ম্মের নিমিত্ত তাহারা উক্ত সাহেবদের অধীন থাকিবে। উক্ত আইনের ৭, ৮, ১০ ও ১২ ধারামতে উক্ত কর্ত্তৃপক্ষদের প্রতি যে সকল শক্তি ও ক্ষমতা প্রদান করা গেল, মুনিসিপল পোলীসের দলভুক্ত সকল ব্যক্তির সম্পর্কে সেই শক্তি ও ক্ষমতা জিলার মাজিষ্ট্রেট সাহেবের সাধারণ কর্ত্তৃত্ব ও আজ্ঞাধীনে কমিশ্যনরদের সভাপতির প্রতি বর্ত্তিবে ইতি।

পোলীসদলের কর্ত্তৃত্বের কথা।

156 At such time or times and in such form as the Lieutenant-Governor shall direct, the Commissioners at a meeting shall prepare a statement of the strength and payment and distribution of the police force required for their Municipality, and such statement, when passed at a meeting of the Commissioners, shall be forwarded through the Magistrate of the district to the Commissioner of the division The said Commissioner shall forward the same to the Lieutenant-Governor for sanction or amendment, or, if authorized thereto by the Lieutenant-Governor, shall himself sanction or amend the same The police force, according to such statement shall be the police force of the Municipality for the year next ensuing, and its cost shall be included in the estimates of expenditure to be prepared under this Act, and published under section 136

Strength thereof

157 When the strength and the payment and distribution of the police of any Municipality shall have been settled under the next preceding section, no alteration shall be made therein during the year to which such statement referred, save on the recommendation of the Commissioners and with the sanction of the Lieutenant-Governor of Bengal, or of the Commissioner of the division if authorized in that behalf by the said Lieutenant-Governor

Alteration thereof

158 No member of the municipal police force shall be liable to serve beyond the limits of the Municipality, save in execution of duties imposed on him in respect of his employment as a police officer of such Municipality

Police paid under this Act not to be employed beyond Municipality

159 As soon as possible after the close of each month, the Chairman shall cause to be prepared a bill showing the actual expenses incurred during the month in the payment of the said force, and the contingent expenses thereof, and, so far as the same is in accordance with the estimate, shall cause the amount thereof to be paid from the Municipal Fund

Police to be paid monthly

160 The total annual amount which shall be chargeable for the cost of the municipal police force, including the contingent expenses thereof, shall not

Maximum amount chargeable on account of police

১৫৬ ধারা। কোন মুনিসিপালিটীর মধ্যে পোলীস সংক্রান্ত কত জনের আবশ্যক ও তাহাদের কত বেতন ও কি প্রকারে তাহারদিগকে বিলি করিয়া দেওয়া যাইবে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব যেং সময় ও যে পাঠে নির্দ্দিষ্ট করেন কমিশ্যনরেরা অধিবিষ্ট হইয়া সেইং সময়ে সেই পাঠে ইহার বর্ণনাপত্র প্রস্তুত করিবেন। কমিশ্যনরেরা অধিবিষ্ট হইয়া সেই বর্ণনাপত্র গ্রাহ্য করিলে জিলার মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা খণ্ডের কমিশ্যনর সাহেবের নিকট পাঠাইবেন। উক্ত কমিশ্যনর সাহেব অনুমোদন কি সংশোধন করিবার জন্যে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের নিকট পাঠাইবেন কিম্বা তিনি আজ্ঞা করিলে কমিশ্যনর সাহেব আপনি তাহার অনুমোদন কি সংশোধন করিবেন। ঐ বর্ণনাপত্রানুসারে যে পোলীস দল নিরূপিত হয় তাহা আগামি বৎসরের নিমিত্ত ঐ মুনিসিপালিটীর পোলীসদল বলিয়া থাকিবে ও এই আইনমতে ব্যয়ের যে অনুমানপত্র প্রস্তুত করা যায় তন্মধ্যে ঐ পোলীসদলের খরচ ধরিতে হইবে ও তাহা ১৩৬ ধারামতে প্রকাশ করা যাইবে ইতি।

পোলীসদলে যত জন থাকিবে তাহার কথা।

১৫৭ ধারা। কোন মুনিসিপালিটীতে পোলীসদলের কত জন থাকিবে ও তাহারদের কত বেতন দিতে হইবে ও কোন্ পল্লিতে কেং থাকিবে ইহার পূর্ব্ব ধারামতে এই সকল কথা নির্দ্ধারিত হইলে পর যে বৎসর লক্ষ করিয়া ঐ বর্ণনাপত্র করা যায় সেই বৎসরে তাহার আর পরিবর্ত্তন হইবে না। কিন্তু কমিশ্যনরদের পরামর্শমতে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের অনুমোদন হইলে, কিম্বা শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব দেশখণ্ডের কমিশ্যনর সাহেবের প্রতি তৎপক্ষে ক্ষমতা অর্পণ করিলে ঐ কমিশ্যনর সাহেবের অনুমোদনক্রমে পরিবর্ত্তন হইতে পারিবে ইতি।

এই দলের পরিবর্ত্তনের কথা।

১৫৮ ধারা। মুনিসিপল পোলীসদলের অন্তর্গত কোন ব্যক্তি ঐ মুনিসিপালিটীর পোলীসের কর্ম্মকারক হওয়া প্রযুক্ত মুনিসিপালিটীর সীমার বহির্ভূত স্থানে তাঁহার প্রতি যে কর্ম্ম নির্দ্ধারিত হয় তদ্ভিন্ন তিনি ঐ সীমার বহির্ভূত স্থানে কোন কর্ম্ম করিতে পাইবেন না ইতি।

এই আইনমতে পোলীসের যে কর্ম্মকারকেরা বেতন পান মুনিসিপালিটীর বাহিরে তাহারদের কর্ম্ম করিতে না হইবার কথা।

১৫৯ ধারা। সভাপতি প্রতি মাসের অবসানে সাধ্যমতে ত্বরায় এক খানি বিল প্রস্তুত করাইবেন। পূর্ব্ব মাসে ঐ পোলীসদলের বেতন দেওনে ও নৈমিত্তিক কার্য্যে যত টাকা খরচ হইল তাহা সেই বিলে লেখা থাকিবে। এবং ঐ বিল অনুমানপত্রের সঙ্গে যত দূর মিলে তত দূর মুনিসিপল ফণ্ড হইতে ঐ বিলের টাকা দেওয়াইবেন ইতি।

মাসেং পোলীসের বেতন দিবার কথা।

১৬০ ধারা। হাবড়া মুনিসিপালিটীভিন্ন কোন মুনিসিপালিটীর মধ্যে যত জনের নিবাস থাকে তাহারদের সহস্র জনপ্রতি গড়ে ৩০০ টাকা ধরিলে যত টাকা

পোলীসের নিমিত্ত যত টাকার অধিক খরচ করিতে না হইবে তাহার কথা।

exceed the average rate of Rs 300 for every thousand inhabitants, except in the municipality of Howrah

PART VIII —Municipal Police

In the Suburbs of the Town of Calcutta

Operation of this Part

161. This Part shall apply only to such portions of the Suburbs of the Town of Calcutta to which Bengal Act II of 1866 (*to provide for the better regulation of the police within the Suburbs of the Town of Calcutta*) shall have been extended

Estimate of expense of police force

162 At such times and in such form as the Lieutenant-Governor may direct, the Commissioner of Police for the Town of Calcutta shall prepare in detail an estimate of the expense of the police force of the Suburbs of the Town of Calcutta, appointed under the provisions of the said Act II of 1866, for the ensuing municipal year, and shall forward it to the Chairman of the Commissioners, by whom it shall be transmitted, with any remarks which any Commissioner or the Commissioners at a meeting may desire to record, to the Commissioner of the division for submission to the Lieutenant Governor The amount which may be finally settled shall be inserted in the estimates to be published under section 136

Cost thereof

163 The total annual amount which shall be chargeable to the Municipal Fund for the cost of the police force, including the contingent expenses thereof, shall not exceed the average rate of 400 rupees of every thousand inhabitants as shown in the last census return

Payment

164 The Commissioners shall cause to be paid to the Lieutenant-Governor, or to such officer as he may direct, the portion of the expense of the police force payable from the Municipal Fund by equal quarterly instalments on such dates as may be fixed by the Lieutenant Governor

PART IX —Intervention by the Government

Operation of Part

165 The provisions of this Part shall not apply to any third class municipality

Administration of municipality may be transferred to Magistrate if Commissioners fail to maintain roads and pay for police

166 If the Commissioners of any municipality fail to effect the repairs and maintenance within the limits thereof of any roads which without the said limits are for the time being maintained by the District Committee appointed for carrying out the purposes of the district Road

[*Government Gazette*, 30*th July* 1872]

হয় মুনিসিপল পোলীসদলের নৈমিত্তিক খরচসুদ্ধ তাহার অধিক খরচ হইবে না ইতি।

অষ্টম খণ্ড।—মুনিসিপল পোলীসের বিধি।

(কলিকাতার শাখানগরে)

এই খণ্ডের বিধানের কথা।

১৬১ ধারা। ১৮৬৬ সালের বঙ্গীয় ২ আইন (অর্থাৎ কলিকাতার শাখানগরের পোলীসের সুবিধান করণার্থ আইন) কলিকাতার শাখানগরের যে অংশে খাটে এই খণ্ড কেবল সেই অংশে প্রচলিত হইবে ইতি।

পোলীসদলের খরচের অনুমানপত্রের কথা।

১৬২ ধারা। ১৮৬৬ সালের উক্ত ২ আইনের বিধান মতে কলিকাতা শাখানগরের যে পোলীস দল নিযুক্ত হয় আগামি মুনিসিপল বৎসরে তাহার নিমিত্ত যত টাকা খরচ হওয়া সম্ভাবনা শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব যে২ সময়ে ও যে পাঠানুসারে তাহার অনুমানপত্র প্রস্তুত করিতে আজ্ঞা করেন কলিকাতা নগরের পোলীসের কমিশ্যনর সাহেব সেই২ সময়ে ও সেই পাঠানুসারে তাহার বিস্তারিত অনুমানপত্র প্রস্তুত করিয়া কমিশ্যনরদের সভাপতির নিকট পাঠাইবেন। পরে কোন কমিশ্যনর কিম্বা কমিশ্যনরেরা অধিবিস্ট হইয়া তদ্বিষয়ের কোন মন্তব্য কথা লিখিতে চাহিলে সভাপতি সেই কথা সহিত ঐ অনুমান পত্র শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবকে দেখাইবার নিমিত্ত দেশ খণ্ডের কমিশ্যনর সাহেবের নিকট পাঠাইবেন। শেষে যত টাকা খরচ করিতে স্থির করা যায় তাহা ১৩৬ ধারামতে প্রকাশিত অনুমানপত্রে লেখা যাইবে ইতি।

তাহার খরচের কথা।

১৬৩ ধারা। লোকদের শেষ যে সংখ্যাপত্র প্রস্তুত করা যায় তদনুসারে যত জনের নিবাস থাকে তাহার সহস্র জনপ্রতি গড়ে ৪০০৲ টাকা ধরিলে যত টাকা হয়, বৎসর২ পোলীস দলের নৈমিত্তিক খরচশুদ্ধ সমস্ত খরচের নিমিত্ত মুনিসিপল ফণ্ডহইতে তাহার অধিক টাকা লওয়া যাইবে না ইতি।

টাকা দিবার কথা।

১৬৪ ধারা। পোলীস দলের খরচের যে অংশ মুনিসিপল ফণ্ডহইতে দিতে হইবে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব তিন২ মাসের কিস্তি করিয়া ঐ টাকা দিবার যে২ তারিখ নিরূপণ করেন কমিশ্যনরেরা সেই২ তারিখে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবকে কিম্বা তাঁহার আজ্ঞামতে অন্য কর্ম্মকারককে সেই টাকা দেওয়াইবেন ইতি।

নবম খণ্ড —গবর্ণমেণ্টের হস্তক্ষেপ করণের কথা।

এই খণ্ডের বিধানের কথা।

১৬৫ ধারা। এই খণ্ড তৃতীয় শ্রেণীর কোন মুনিসিপালিটীর প্রতি খাটিবে না ইতি।

কমিশ্যনরেরা পথ সকল সারাইয়া না রাখিলে ও পোলীসের বেতন না দিলে মাজিষ্ট্রেটের প্রতি মুনিসিপালিটীর কার্য্যাধিকার অর্পণ হইতে পারিবার কথা।

১৬৬ ধারা। প্রদেশীয় পথকর বিষয়ক ১৮৭১ সালের আইনের উদ্দেশ্য সফল করিবার জন্যে প্রদেশীয় যে কমিটী নিযুক্ত হন তাঁহারা কোন মুনিসিপালিটীর সীমার বহির্ভূত স্থানে যৎকালে যে পথ সারাইয়া রাখেন সেই মুনিসিপালিটীর কমি-

Cess Act, 1871, or to pay for the police, it shall be lawful for the Commissioner of the division in which such Municipality is situated to convene a committee, consisting of the magistrate of the district, the Magistrate of the division of the district, the Executive Engineer of the division, the Civil Surgeon, and two members, one of whom shall be nominated by the Commissioner of the division, and the other by the Municipal Commissioners, and such committee shall inquire into and report upon the state of such municipality and the Lieutenant Governor may on the report of such committee, call upon the Commissioners, by requisition in writing forwarded to the Chairman and published in the *Gazette*, to raise the necessary funds and carry out the purposes of this Act, and thereupon, if the Commissioners neglect, for the space of three months from the date of publication, to comply with the said requisition, the Lieutenant Governor may direct the Magistrate of the district to raise the necessary funds under the provisions of this Act, and carry out in respect of roads and police the purposes thereof. Thereupon the said Magistrate shall have all the powers of the Commissioners in respect of such purposes.

167. When it shall appear to the Lieutenant-Governor in regard to any first class municipality, or to any officer to whom he may delegate authority under this section in regard to any second class municipality, that elementary education is not available at a fair cost for children of the residents, it shall be lawful for the Lieutenant-Governor, or such delegate officer as aforesaid, to call upon the Commissioners to provide the means of elementary education, and, in case they shall not within three months make due provision for the same, the Lieutenant Governor may direct the Magistrate of the district to raise the necessary funds under the provisions of this Act, and apply the same to such purpose. Thereupon the said Magistrate shall have all the powers of the Commissioners in respect of such purpose.

On if Commissioners fail to provide means of elementary education.

168. It shall be lawful for the Lieutenant-Governor to direct the Commissioners of any municipality to contribute the whole or a part of the expenses of any elementary school established within such municipality, provided that in no case shall the contribution made under this section for any one year exceed one-sixth part of the balance of the

Commissioners may be required to contribute towards the expenses of elementary schools.

শ্যনরেরা সেই সীমার অন্তর্গত সেই পথ মেরামত না করিলে ও সারাইয়া না রাখিলে কিম্বা পোলীসের বেতন না দিলে, ঐ মুনিসিপালিটী যে দেশখণ্ডের অন্তর্গত থাকে সেই খণ্ডের কমিশ্যনর সাহেব জিলার মাজিষ্ট্রেট সাহেবকে ও জিলার খণ্ডের মাজিষ্ট্রেটকে ও দেশখণ্ডের একসেকিউটিব ইঞ্জিনিয়রকে ও সিবিল চিকিৎসক সাহেবকে এবং দুই জন কমিশ্যনরকে লইয়া কমিটী করিবেন ঐ দুই জন কমিশ্যনরের মধ্যে দেশখণ্ডের কমিশ্যনর সাহেব এক জনকে ও মুনিসিপল কমিশ্যনরেরা অন্য জনকে মনোনীত করিবেন। ও সেই কমিটী ঐ মুনিসিপালিটীর অবস্থার অনুসন্ধান করিয়া তদ্বিষয়ের রিপোর্ট করিবেন। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ঐ কমিটীর রিপোর্ট পাইলে উক্ত কমিশ্যনরদের নামে অনুজ্ঞাপত্র লিখিয়া সভাপতির নিকট পাঠাইয়া ও কলিকাতা গেজেটে প্রকাশ করিয়া তাঁহাদিগকে এই আইনমত কার্য্য নির্ব্বাহ করিবার উপযুক্ত টাকা তুলিতে ও সেই কার্য্য নির্ব্বাহ করিতে আদেশ করিবেন। কমিশ্যনরেরা ঐ পত্র প্রকাশ হইবার তারিখঅবধি তিন মাসের মধ্যে ঐ আদেশমতে কর্ম্ম করিতে শৈথিল্য করিলে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব জিলার মাজিষ্ট্রেট সাহেবকে এই আইনের বিধানমতে প্রয়োজনীয় টাকা তুলিয়া পথের ও পোলীসের উপলক্ষে এই আইনমত কার্য্য সম্পাদন করিবার আজ্ঞা দিতে পারিবেন। তাহা হইলে উক্ত কার্য্যের উপলক্ষে মাজিষ্ট্রেট সাহেব কমিশ্যনরদের সকল ক্ষমতাপ্রাপ্ত হইবেন ইতি।

১৬৭ ধারা। প্রথম কি দ্বিতীয় শ্রেণীর মুনিসিপালিটীর নিবাসিরদের স্থানে ন্যায্যমতে খরচ লইয়া তাহাদের সন্তানাদির বিদ্যার উপক্রমণিকা শিক্ষার উপায় করা যায় নাই প্রথম শ্রেণীর মুনিসিপালিটীর পক্ষে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ইহা দেখিতে পাইলে, ও তিনি এই ধারামতে যে কর্ম্মকারকের প্রতি ক্ষমতা প্রদান করেন দ্বিতীয় শ্রেণীর মুনিসিপালিটীর পক্ষে তিনি ইহা দেখিতে পাইলে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কিম্বা উক্ত ক্ষমতাপ্রাপ্ত কর্ম্মকারক কমিশ্যনরদিগকে প্রথম বিদ্যা শিক্ষার তদ্রূপ উপায় করিতে আজ্ঞা করিবেন। তাঁহারা তিন মাসের মধ্যে উক্ত কার্য্যের উপযুক্ত বিধান না করিলে, তিনি জিলার মাজিষ্ট্রেট সাহেবকে এই আইনের বিধানমতে প্রয়োজনীয় টাকা তুলিয়া উক্ত কার্য্যে প্রয়োগ করিবার আজ্ঞা দিতে পারিবেন। তাহা হইলে উক্ত কার্য্যের উপলক্ষে মাজিষ্ট্রেট সাহেব কমিশ্যনরদের সকল ক্ষমতাপ্রাপ্ত হইবেন।

কিম্বা কমিশ্যনরেরা প্রথম শিক্ষা দিবার উপায় না করিলে।

১৬৮ ধারা। উক্ত কোন মুনিসিপালিটীর মধ্যে বিদ্যাদির উপক্রমণিকা শিক্ষা করিবার যে পাঠশালা স্থাপিত আছে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব সেই মুনিসিপালিটীর কমিশ্যনরদিগকে ঐ পাঠশালার সমুদয় খরচ কিম্বা তাহার একাংশ দিবার আদেশ করিতে পারিবেন। কিন্তু পোলীসের খরচ দিলে পর এই আই-

কমিশ্যনরদের প্রতি প্রথম শিক্ষাদানের বিদ্যালয়ের খরচের একাংশ দিবার আজ্ঞা হইতে পারিবার কথা।

Municipal Fund, after the cost of police has been deducted, available for carrying out the purposes of this Act

169. The expression "elementary school" in the last section means a vernacular school, or a school with a vernacular department, or a *patshala*, provided that the fee for each scholar at such school or in the vernacular department of such school be not more than one anna per month, and the expression "elementary education" in section 167 means such education as is imparted in an elementary school

Definition of elementary school and education

PART X —MUNICIPAL REGULATIONS

170. No provision of this Part shall apply to any municipality until it shall have been extended thereto by order of the Lieutenant-Governor, published in the *Calcutta Gazette*

Operation of Part

The Lieutenant-Governor may, by like order, withdraw any municipality from the operation of all or any of the said provisions

The Lieutenant-Governor shall not extend the provisions of Chapter 1 of this Part to any third class municipality

171 The non residence within the municipality of the owner of any holding shall not be deemed to relieve him from the discharge of the duties and liabilities described in this Part unless he has let such holding to a resident occupier

Non residence of the owner

172. Whenever it is directed in this Part that any expense incurred or fee chargeable by the Commissioners shall be paid by the owner of any holding, house, land, well, wall, or other premises, or by the occupier thereof, or by either of them, the same shall be recoverable as an arrear of tax by distress and sale in the manner provided by Part IV Such distress shall not be made within ten days from the demand made in writing of the amount due Such demand shall be made within one month from the date on which such amount shall have been ascertained

•

মের নির্দ্দিষ্ট অন্যং কার্য্যের নিমিত্ত মুনিসিপল ফণ্ডের অবশিষ্ট যত টাকা থাকে কোন বৎসর এই ধারার নির্দ্দিষ্ট কার্য্যে তাহার ষষ্ঠ ভাগের অধিক দিতে হইবে না ইতি।

১৬৯ ধারা। ইহার পূর্ব্ব ধারায় প্রথম বিদ্যাদির উপক্রমণিকা শিক্ষার পাঠশাল," যে কথা আছে তাহাতে দেশীয় ভাষা শিক্ষা করিবার ইস্কুল কিম্বা যে ইস্কুলে দেশীয় ভাষা শিক্ষা করণের কর্ম্মবিভাগ থাকে তাহা কিম্বা পাঠশালা বুঝায়। কিন্তু সেই ইস্কুলে কিম্বা উক্ত ইস্কুলের দেশীয় ভাষা শিক্ষা করণের কর্ম্মবিভাগে শিক্ষা করিবার ফী /০ এক আনার অধিক না হয়। এবং বিদ্যাদির উপক্রমণিকা শিক্ষার পাঠশালায় যেং বিষয়ের শিক্ষা হইয়া থাকে ১৬৭ ধারায় বিদ্যার উপক্রমণিকা শব্দে সেইরূপ শিক্ষা বুঝায় ইতি।

উপক্রমণিকা শিক্ষার-পাঠশালা ও বিদ্যা শিক্ষা ইহার অর্থের কথা।

দশম খণ্ড। মুনিসিপল বিধানের কথা।

১৭০ ধারা। শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব কলিকাতা গেজেটে অনুজ্ঞাপত্র প্রকাশ করিয়া কোন মুনিসিপালিটীর প্রতি এই খণ্ডের বিধান না বর্ত্তাইলে তাহা কোন মুনিসিপালিটীতে প্রচলিত হইবে না।

এই খণ্ডের বিধানের কথা।

শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব সেই প্রকারে আজ্ঞা করিয়া কোন মুনিসিপালিটীতে উক্ত বিধানের সকল কি কোন বিধান রহিত করিতে পারিবেন।

শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব এই খণ্ডের ১ অধ্যায়ের বিধান তৃতীয় শ্রেণীর কোন মুনিসিপালিটীতে প্রচলিত করিবেন না ইতি।

১৭১ ধারা। এই অধ্যায়ে স্বামির কর্ত্তব্য যে কর্ম্ম ও যে দায় নিদ্ধারিত হইয়াছে কোন যোতের স্বামী মুনিসিপালিটীর মধ্যে বাস না করিলেও সেই কর্ম্ম ও দায় হইতে মুক্ত হইলেন এমত জ্ঞান করিতে হইবে না। কিন্তু তৎস্থান বাসি রায়তকে পাট্টা করিয়া যোত দিলে তাহার সেই দায় থাকিবে না।

স্বামী নগরে বাস না করিলে তাঁহার কথা।

১৭২ ধারা। কমিশ্যনরেরা কোন কার্য্যের নিমিত্ত যে টাকা খরচ করেন কিম্বা যে ফী লইতে পারেন এই খণ্ডের কথানুসারে কোন যোতের কি ঘরের কি জমীর কি কুপের কি দেয়ালের কি বাড়ীর স্বামির কি রায়তের কিম্বা তাহাদের একতর ব্যক্তির সেই টাকা কি ফী দিতে হইলে, তাহা বাকী টাকসের ন্যায় চতুর্থ খণ্ডের বিধানমতে ক্রোক ও নিলাম করণ দ্বারা আদায় করিয়া লওয়া যাইতে পারিবে। ঐ পাওনা টাকার দাবিপত্র লিখিয়া দেওয়া গেলে পর দশদিনের মধ্যে সেই ক্রোক করিতে হইবে না। যত টাকা পাওনা হয় ইহা যে তারিখে নির্দ্দেশ করা যায় সেই তারিখ অবধি এক মাসের মধ্যে ঐ টাকার দাওয়া করিতে হইবে ইতি।

স্বামির কি রায়তের দেয় টাকা আদায় করিবার কথা।

Recovery of sums payable by owner or occupier

CHAPTER 1

Offensive Matter, Rubbish, Privies, and Drains

173. The Commissioners may provide all cattle, carts, and implements required for the removal of offensive matter, and shall from time to time provide places convenient for the deposit thereof

Places of deposit for offensive matter

174 The Commissioners at a meeting shall from time to time appoint the hours within which it shall be lawful to remove offensive matter and the manner in which the same shall be removed, and may remove the same at the expense of the occupier from any house if the occupier thereof fails to do so in accordance with this Act They shall make and publish an order notifying the places and hours appointed under this and the next preceding section

Removal of offensive matter

175 The Commissioners at a meeting may order that an establishment shall be maintained for the purpose of daily removing offensive matter from houses in their municipality Any occupier in that case may apply to the Commissioners to effect such removal, and shall be chargeable with such fee as may be fixed by a bye-law duly published But no occupier shall be compelled to pay such fee, if he does not wish to employ such establishment, and the Commissioners shall not be bound to maintain such an establishment if it be found that the expense thereof is not covered by the fees realized

Establishment may be maintained for such purpose

176 All drains, privies, and cess-pools, shall be under the survey and control of the Commissioners, and shall be repaired and made efficient at the cost of the owners or occupiers of the holdings to which the same belong If any such owner or occupier neglect, during fifteen days after notice in writing, to repair and make the same efficient, the Commissioners shall cause such drain, privy, or cess-pool to be made efficient, or, if necessary, shall remove the same, and the expense of such removal or repair shall be paid by the owner or occupier so making default

Drains, privies, &c under control of Commissioners

177. The Commissioners, or any officer appointed by them for that purpose, may inspect all privies, drains, and cess-pools at any time between sun-rise and sun-set, after

Inspection of drains, privies, cess pools

১ অধ্যায় ।

দুর্গন্ধ দ্রব্য ও রাবিশ ও পাইখানা ও নর্দ্দমার কথা ।

১৭৩ ধারা । দুর্গন্ধ দ্রব্য লইয়া যাইবার জন্যে যে জন্তুর ও গাড়ির ও হাতিয়ারের আবশ্যক কমিশ্যনরেরা তাহা যোগাইয়া দিবেন এবং সময়ে২ ঐ দুর্গন্ধ দ্রব্য ফেলিবার উপযুক্ত স্থান নিরূপণ করিবেন ইতি ।

দুর্গন্ধ দ্রব্য ফেলিবার স্থানের কথা ।

১৭৪ ধারা । দুর্গন্ধ দ্রব্য যেং ঘণ্টার মধ্যে ও যে প্রকারে স্থানান্তর করিয়া দেওয়া যাইবে কমিশ্যনরেরা অধিবিষ্ট হইয়া সময়েং সেই কথা নিরূপণ করিতে পারিবেন । কোন ঘরের দখীলকার এই আইনের বিধানমতে তাহা স্থানান্তর করিয়া না দিলে কমিশ্যনরেরা তাহা করাইয়া দখিলকারের স্থানে খরচ লইতে পারিবেন । এই ধারা ও ইহার পূর্ব্ব ধারামতে যেং স্থান ও সময় নির্দ্ধারিত হয় তাঁহারা সেই স্থান ও সময় জানাইবার আজ্ঞাপত্র প্রস্তুত করিয়া প্রকাশ করিবেন ইতি ।

দুর্গন্ধ দ্রব্য লইয়া যাইবার কথা ।

১৭৫ ধারা । কমিশ্যনরেরা অধিবিষ্ট হইয়া মুনিসিপালিটীর অন্তর্গত নানা ঘরহইতে দিনং দুর্গন্ধ দ্রব্য স্থানান্তর করিয়া দিবার নিমিত্ত লোকাদি রাখিবার আজ্ঞা করিতে পারিবেন । তাহা হইলে কোন দখিলকার সেই দ্রব্য স্থানান্তর করিয়া লইবার জন্যে কমিশ্যনরদের নিকট দরখাস্ত করিতে পারিবেন । ও নিয়মমতে প্রকাশিত উপনিয়মে যত ফী ধার্য্য হয় ঐ দখিলকারের তত ফী দিতে হইবে । কিন্তু যদি কোন দখীলকার সেই লোকাদির দ্বারা ঐ দ্রব্য স্থানান্তর করাইতে না চাহেন তবে তাঁহার স্থানে জোর করিয়া ঐ ফী লওয়া যাইবে না । উক্ত প্রকারে যত ফী আদায় হয় তাহাহইতে সেই প্রকারের লোকাদি রাখিবার খরচ পোষাইবে না দৃষ্ট হইলে কমিশ্যনরেরা সেই লোক রাখিতে বদ্ধ নহেন ইতি ।

সেই কার্য্যের নিমিত্ত লোকাদি রাখিবার কথা ।

১৭৬ ধারা । সকল নর্দ্দমা ও পাইখানা ও আঁস্তাকুড় কমিশ্যনরদের তত্ত্ব ও কর্তৃত্বাধীনে থাকিবে, ও তাহা যে যোতের মধ্যে থাকে সেই যোতের স্বামির কি দখীলকারের খরচে মেরামত করা যাইবে ও কর্ম্মের উপযুক্ত ভাবে রাখা যাইবে । ঐ স্বামী কি দখীলকার ঐ নর্দ্দমা প্রভৃতি মেরামত করিবার ও কর্ম্মের উপযুক্ত ভাবে রাখিবার লিখিত নোটিস পাইলে পর যদি পনের দিনের মধ্যে তাহা না করেন, তবে কমিশ্যনরেরা সেই নর্দ্দমা কি পাইখানা কি আঁস্তাকুড় কর্ম্মের উপযুক্ত করাইয়া দিবেন অথবা আবশ্যক হইলে তাহা উঠাইয়া দিবেন ও যে স্বামির কি দখিলকারের পূর্ব্বোক্ত ত্রুটি হইয়াছে তাঁহারই সেই নর্দ্দমা প্রভৃতি উঠাইয়া দিবার কি মেরামত করিবার খরচ দিতে হইবে ইতি ।

নর্দ্দমা পাইখানাপ্রভৃতি কমিশ্যনরদের তত্ত্বাধীন থাকার কথা ।

১৭৭ ধারা । যে বাড়ীর মধ্যে পাইখানা কি নর্দ্দমা কি আঁস্তাকুড় থাকে কমিশ্যনরেরা কিম্বা এতৎকার্য্যে তাঁহারদের নিযুক্ত অন্য কর্ম্মকারক ছয় ঘণ্টা থাকিতে সেই বাড়ীর স্বামিকে কি

নর্দ্দমা ও পাইখানা ও আঁস্তাকুড় দেখিবার কথা ।

six hours' notice in writing to the owner or occupier of any premises in which such privies, drains, or cess-pools are situated, and may, if necessary, cause the ground to be opened where they or he think fit for the purpose of preventing or removing any nuisance arising from such privies, drains, or cess-pools, and the expense incurred thereby shall be paid by the owner or occupier

Allowing sewerage to flow on road

178. Whoever causes or allows the water of any sewer, or any other offensive liquid matter, belonging to him or being on his land, to run, drain, or be thrown or put upon any road, or causes or allows any offensive matter from any sewer or privy to run, drain, or be thrown into a surface drain in any such road, shall be liable to a penalty not exceeding ten rupees for each offence

Penalty on occupier of a house not removing offensive matter

179. Whoever, being the occupier of a house, keeps or allows to be kept for more than forty-eight hours, or otherwise than in some proper receptacle, any offensive matter in or upon such house, or in or upon any out-house, or in any yard or ground attached to such house, shall be liable to a penalty not exceeding ten rupees for each offence

Filthy houses

180. Whoever, being the owner or occupier of any holding whether tenantable or otherwise, suffers the same to be in a state injurious to health or offensive to the neighbourhood, shall be liable to a penalty not exceeding ten rupees, and to a further penalty not exceeding ten rupees for every day after conviction for such offence during which the offence is continued.

Penalty for keeping sheep pen, &c, in a filthy state

181. Whoever, being the owner or keeper of any cattle, sheep, pigs, or other animals, suffers the stall, pen, or place in which they are kept, to be in a state injurious to health, or offensive to the neighbourhood, or neglects to employ proper means to remove the filth therefrom, shall be liable to a fine not exceeding twenty rupees, and to a fine not exceeding three rupees for every day after conviction for such offence during which the offence is continued

Places of deposit for rubbish

182 The Commissioners at a meeting shall from time to time appoint the hours, and the manner in which rubbish shall be temporarily deposited in or in the vicinity of the

দখীলকারকে লিখনক্রমে সম্বাদ দিয়া সূর্য্যের উদয় ও অস্ত হইবার মধ্য কোন সময়ে সেই পাইখানা ও নর্দ্দমা ও আঁস্তাকুড় দেখিয়া লইতে পারিবেন। এবং সেই পাইখানা কি নর্দ্দমা কি আঁস্তাকুড় দ্বারা অনিষ্ট না হয় কিম্বা অনিষ্টের নিবৃত্তি হয় এই নিমত্ত তাঁহারা আবশ্যক জ্ঞান করিলে যে স্থানে উচিত বোধ করেন সেই স্থানের মাটি তুলিয়া ফেলিতে পারিবেন। ইহাতে যে খরচ লাগে তাহা ঐ স্বামির কি দখীলকারের দিতে হইবে ইতি।

রাস্তায় ময়লা জল পড়িতে দিবার কথা।

১৭৮ ধারা। কোন ব্যক্তি আপনার কি আপন ভূমির নর্দ্দমার ময়লা জল কি দুর্গন্ধ অন্য তরল বস্তু আসিলে কি অন্যেরদ্বারা কোন পথে পড়িতে কি নিঃসরিতে দিলে কি ফেলিলে কি রাখিলে কিম্বা সেই পথের ধারে যে খোলা নরদ্দমা থাকে আপনি কি অন্যের দ্বারা সেই নরদ্দমায় কোন ময়লা নরদ্দমার কি পাইখানার কোন দুর্গন্ধ দ্রব্য পড়িতে কি নিঃসরিতে কি ফেলিতে দিলে তাহার উক্ত প্রত্যেক অপরাধের জন্যে দশ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

ঘরের প্রজা দুর্গন্ধ দ্রব্য স্থানান্তর করিয়া না দিলে তাহার দণ্ডের কথা।

১৭৯ ধারা। কোন ব্যক্তি ঘরের দখিলকার হইয়া উপযুক্ত আধার ভিন্ন সেই ঘরের কোন বাহির ঘরে কি তাহার উপরে কিম্বা ঐ ঘর-সংযুক্ত প্রাঙ্গণে কি জমিতে আটচল্লিশ ঘন্টার অধিক কালকোন দুর্গন্ধ দ্রব্য রাখিলে কি থাকিতে দিলে, তাহার সেই প্রত্যেক অপরাধের জন্যে দশ টাকাপর্য্যন্ত দণ্ড হইতে পারিবে ইতি।

ময়লা ঘরের কথা।

১৮০ ধারা। কোন যোত প্রজার বাস করিবার উপযুক্ত হইলে বা না হইলেও সেই যোতের স্বামী কি দখিলকার তাহা অস্বাস্থ্য জনক কি প্রতিবাসিদের অনিষ্ট জনক ভাবে থাকিতে দিলে তাহার দশ টাকাপর্য্যন্ত দণ্ড হইতে পারিবে ও সেই অপরাধ নির্ণয় হইলে পর যত দিন সেই অপরাধ হইয়া থাকে তাহার দিন প্রতি তাঁহার আর দশ২ টাকা দণ্ড হইতে পারিবে ইতি।

মেষের খোঁয়াড়িপ্রভৃতি ময়লা রাখিবার দণ্ডের কথা।

১৮১ ধারা। কোন ব্যক্তি গো মেষ শুকর প্রভৃতি জন্তুর স্বামী কি রক্ষক হইয়া তাহারদের থাকিবার ঘর কি খোঁয়াড় কি স্থান অস্বাস্থ্য-ভাবে কি প্রতিবাসিদের অনিষ্টজনক ভাবে থাকিতে দিলে কিম্বা তাহাহইতে ময়লা বাহির করিয়া ফেলিবার উপযুক্ত উপায় না করিলে তাহার বিশ টাকা পর্য্যন্ত দণ্ডহইতে পারিবে ও সেই অপরাধ নির্ণয় হইলে পর যত দিন সেই অপরাধ হইয়া থাকে তাহার দিন প্রতি তাহার আর তিন২ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে ইতি।

রাবিশ ফেলিবার স্থানের কথা।

১৮২ ধারা। রাবিশ যত কাল স্থানান্তর করিয়া না লওয়া যায় ততকাল বাড়ির মধ্যে কি তাহার নিকট কোন স্থানে যে সময়ে ও যে প্রকারে ফেলিয়া রাখিতে হইবে কমিশ্যনররেরা অধি-

premises until removed and carried away, and shall make and publish an order notifying the same.

Penalty.

183. Whoever accumulates rubbish in his premises or removes it in contravention of the published order of the Commissioners shall be liable to a penalty not exceeding ten rupees.

Depositing rubbish in roads, &c.

184. Whoever deposits, or permits his servants to deposit, rubbish on any road or in any public place, or on any part of a river bank, whether above or below high water mark, except in such places and in such manner and at such hours as shall be fixed by the Commissioners, shall be liable to a penalty not exceeding ten rupees for each offence.

Throwing rubbish and offensive matter into sewers.

185. Whoever throws, or puts, or permits his servants to throw or put, any rubbish or offensive matter into any sewer not specially appropriated for such purpose by the Commissioners, shall be liable to a penalty not exceeding ten rupees for each offence.

Common privies.

186. The Commissioners may provide and maintain, in sufficient numbers and in proper situations, common privies and urinals for the separate use of both sexes, and shall cause the same to be kept in proper order and to be daily cleansed. No fee shall be charged in respect of the use thereof. In any Municipality in which such privies are not maintained the expense of removing offensive matter shall not be recovered from the occupier under section 174, and he shall not be liable to any penalty under section 179.

Penalty for nuisance.

187. Whoever commits a nuisance by the side of any road, or where such privies have been established in any place other than a privy, shall be liable to a fine not exceeding one rupee.

Concealment of privy.

188. Every owner or occupier of a holding shall cause the privy belonging thereto to be shut out by wall or fence from the view of persons passing by or residing in the neighbourhood, and any such owner or occupier failing to shut the same out from public view in the manner hereinbefore directed shall be liable to a fine not exceeding ten rupees, and to a further fine not exceeding ten rupees a day for each day of default or breach of the provision of this section after written notice

বিষ্ট হইয়া সময়েং ইহা নিরূপণ করিয়া সেই কথা জানাইবার আজ্ঞা করিয়া প্রকাশ করিবেন ইতি।

দণ্ডের কথা।

১৮৩ ধারা। কোন ব্যক্তি আপন বাড়ীর মধ্যে রাবিশ জমা হইয়া থাকিতে দিলে কিম্বা কমিশ্যনরদের প্রকাশিত আজ্ঞার বিপক্ষভাবে তাহা স্থানান্তর করিয়া দিলে তাহার দশ টাকাপর্য্যন্ত দণ্ড হইতে পারিবে ইতি।

পথপ্রভৃতি স্থানে রাবিশ ফেলিবার কথা।

১৮৪ ধারা। কমিশ্যনরেরা রাবিশ ফেলিবার যেং স্থান যে নিয়ম ও যেং সময় নির্দ্ধার্য্য করেন কোন ব্যক্তি তদ্ভিন্ন স্থানে ও প্রকারে ও সময়ে কোন পথে কি সাধারণের যাইবার স্থানে কিম্বা নদীর তীরে জোয়ারের জল যত উচ্চ উঠে তাহার ঊর্দ্ধ কি নিম্ন কোন স্থানে রাবিশ ফেলিলে কি আপন চাকরদিগকে ফেলিতে দিলে তাহার সেই প্রত্যেক অপরাধের জন্যে দশ টাকাপর্য্যন্ত দণ্ড হইতে পারিবে ইতি।

রাবিশ ও দুর্গন্ধ দ্রব্য নর্দ্দমায় ফেলিবার কথা।

১৮৫ ধারা। কমিশ্যনরেরা ময়লা জলাদি ফেলিবার যে নর্দমা বিশেষমতে নিরূপণ করেন, কোন ব্যক্তি তদ্ভিন্ন কোন নর্দমায় রাবিশ কি দুর্গন্ধ দ্রব্য ফেলিলে কি রাখিলে কিম্বা আপন চাকরদিগকে ফেলিতে কি রাখিতে দিলে তাহার সেই প্রত্যেক অপরাধের জন্যে দশ টাকাপর্য্যন্ত দণ্ড হইতে পারিবে ইতি।

সাধারণ পাইখানার কথা।

১৮৬ ধারা। পুরুষ ও স্ত্রীলোকের স্বতন্ত্র ব্যবহারের জন্যে সাধারণ যত পাইখানা ও মূত্র ত্যাগ করিবার স্থান করা আবশ্যক কমিশ্যনরেরা উপযুক্ত স্থানেং তাহা প্রস্তুত করিয়া রাখিতে পারিবেন ও তাহা উপযুক্ত ভাবে রাখিবার ও প্রতিদিন পরিষ্কার করিবার নিয়ম করিবেন। তাহার ব্যবহারের জন্যে ফী লাগিবে না। কোন মুনিসিপালিটীর মধ্যে যদি সেই প্রকারের পাইখানা করিয়া না রাখা যায়, তবে দখিলকারের স্থানে ১৭৪ ধারামতে দুর্গন্ধ দ্রব্য স্থানান্তর করিয়া দিবার খরচ লওয়া যাইবে না ও ১৭৯ ধারামতে তাহার দণ্ড হইবে না ইতি।

অনিষ্টজনক কার্য্যের দণ্ডের কথা।

১৮৭ ধারা। কোন ব্যক্তি রাস্তার ধারে মলমূত্র ত্যাগ করিলে কিম্বা পাইখানা স্থাপন করা গেলে পাইখানাভিন্ন কোন স্থানে তাহা করিলে তাহার এক টাকাপর্য্যন্ত দণ্ড হইতে পারিবে ইতি।

পাইখানা গোপন রাখিবার কথা।

১৮৮ ধারা। কোন যোতের মধ্যে পাইখানা থাকিলে যাহারা পথ দিয়া যায় তাহারা ও প্রতিবাসিগণ তাহা দেখিতে না পায় এই নিমিত্ত ঐ যোতের স্বামী কি দখলিকার বেড়া কি দেয়াল দিয়া তাহা আবৃত করিবেন। স্বামী কি দখিলকার সাধারণের দৃষ্টিহইতে তাহা পূর্ব্বোক্তমতে আবৃত করিয়া না রাখিলে তাহার দশ টাকাপর্য্যন্ত দণ্ড হইতে পারিবে। এবং কমিশ্যনরেরা তাহাকে উপযুক্তমতে নোটিস লিখিয়া দিলে পর যত দিন এই ধারার বিধান মানিতে ত্রুটি করেন কিম্বা এই ধারার বিধান লঙ্ঘন করেন

duly given by the Commissioners to such owner or occupier

Power to clear noxious vegetation and to improve bad drainage

189. Whenever any land or premises, being private property or within any private enclosure, appears to the Commissioners to be, by reason of thick or noxious vegetation, or jungle affording facilities for the commission of a nuisance, or want of drainage, in a state injurious to health or offensive to the neighbourhood, it shall be lawful for the Commissioners to require the owner or occupier of such land or premises, by notice addressed to him in writing, or if there be any doubt as to the ownership by notification published on the spot, to clear and remove such vegetation or drain such land or premises, and if he do not within one week after such notice begin to cut, clear, and remove such vegetation, or to drain such land, and do not complete such work with due diligence, the Commissioners or any persons authorized by them in that behalf may, after forty-eight hours' notice, enter into the said premises, and do all necessary acts for the purposes aforesaid as they shall think fit, and the expense incurred thereby shall be paid by the owner or occupier of such premises

All rubbish collected to be the property of Municipal Commissioners

190. All rubbish and offensive matter collected by the Commissioners from the roads, houses, privies, sewers, cess-pools, and other places, shall be held to be the property of the said Commissioners, who shall have power to sell or otherwise dispose of the same, and the money arising from the sale thereof shall be carried to the credit of the Municipal Fund.

Sewers, drains, &c, under control of the Commissioners

191. All existing public sewers, drains, and other conservancy works, shall be under the direction and control of the Commissioners, who shall have power to construct any further works of that nature which they may consider necessary

Chapter 2

Bathing and Washing Places, Tanks, and Excavations

All public streams, &c, to be under direction and control of the Commissioners

192. All streams, channels, water-courses, tanks, reservoirs, springs, and wells, not being private property, shall, for the purposes of this Act, be under the direction and control of the Commissioners

তাহার দিনপ্রতি ঐ ব্যক্তির আর দশ২ টাকা দণ্ড হইতে পারিবে ইতি।

রোগজনক জঙ্গল পরিষ্কার করিবার ও জল নির্গত হইবার সদুপায় না থাকিলে তাহা করিবার কথা।

১৮৯ ধারা। সাধারণ ব্যক্তির সম্পত্তির কি সাধারণ ব্যক্তির আবৃতস্থানের অন্তর্গত কোন ভূমির কি বাড়ীর মধ্যে ভারি কি রোগজনক জঙ্গল থাকাতে কিম্বা সেই জঙ্গল থাকাপ্রযুক্ত লোকদের মলমূত্র ত্যাগ করিবার সুবিধা হওয়াতে কিম্বা জল বাহির হইবার সদুপায় না থাকাতে ঐ স্থান কমিশ্যনরদের বিবেচনায় অস্বাস্থ্যজনক কিম্বা প্রতিবাসিদের অনিষ্টজনক হইলে, তাঁহারা সেই বাটীর কি ভূমির স্বামির কি দখিলকারের নামে নোটিস লিখিয়া, অথবা সেই স্থানের স্বামি কে হয় এই বিষয়ের সন্দেহ থাকিলে ঐ স্থানেই জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া ঐ জঙ্গল পরিষ্কার করিয়া ফেলিতে কিম্বা ঐ ভূমির কি বাড়ীর জল নির্গত হইবার উপায় করিতে আজ্ঞা করিবেন। স্বামী কি দখিলকার ঐ নোটিস পাইলে পর এক সপ্তাহের মধ্যে ঐ জঙ্গল কাটিয়া পরিষ্কার করিয়া ফেলিতে কিম্বা ঐ ভূমির জল নির্গত হইবার বিধান করিতে আরম্ভ না করিলে ও উপযুক্ত যত্নক্রমে সেই কার্য্য সমাপ্ত না করিলে কমিশ্যনরেরা কিম্বা সেই কার্য্যপক্ষে তাহাদের অনুমতি প্রাপ্ত কোন ব্যক্তিরা আটচল্লিশ ঘন্টার নোটিস দিয়া উক্ত বাড়ীতে প্রবেশ করিয়া পূর্ব্বোক্ত অভিপ্রায় সফল করিবার জন্যে আবশ্যক যে কার্য্য করা উচিত বোধ করেন তাহা করিবেন। ইহাতে যে খরচ হয় ঐ বাড়ীর স্বামির কি দখীলকারের তাহা দিতে হইবে ইতি।

যত রাবিশ জমা হয় তাহা কমিশ্যনরদের সম্পত্তি হইবার কথা।

১৯০ ধারা। কমিশ্যনরেরা পথ ও ঘর ও পাইখানা ও নরদমা ও আঁস্তাকুড় প্রভৃতি স্থানহইতে যত রাবিশ ও দুর্গন্ধ দ্রব্য জমা করিয়া লন তাহা তাঁহারদেরই সম্পত্তি বলিয়া জ্ঞান হইবে ও তাঁহারা তাহা বিক্রয় করিতে কিম্বা তাহা লইয়া যাহা ইচ্ছা তাহাই করিতে পারিবেন ও তাহাহইতে যে টাকা পাওয়া যায় তাহা মুনিসিপল ফণ্ডে জমা করিয়া দেওয়া যাইবে ইতি।

নরদমা ও জলপ্রণালী প্রভৃতি কমিশ্যনরদের তত্ত্বাধীন থাকার কথা।

১৯১ ধারা। রাজকীয় যত নরদমা ও জল প্রণালী ও নগর পরিপাটী করিবার যত বিষয় থাকে তাহা সকলই কমিশ্যনরদের আজ্ঞার ও তত্ত্বের অধীনে থাকিবে তাঁহারা সেই প্রকারের অন্য যে বিষয় করা আবশ্যক জ্ঞান করেন তাহাও প্রস্তুত করিয়া দিতে পারিবেন ইতি।

২ অধ্যায়।

স্নানাদি করিবার স্থানের ও পুকুরের ও ডোবার কথা।

সাধারণ স্রোতাদি কমিশ্যনরদের আজ্ঞার ও কর্ত্তৃত্বের অধীন থাকিবার কথা।

১৯২ ধারা। সাধারণ ব্যক্তির সম্পত্তি ভিন্ন যত জলস্রোত ও নালা ও জলধারা ও পুকুর ও জলাশয় ও উনুই ও কূপ থাকে তাহা এই আইনের কার্য্যের নিমিত্ত কমিশ্যনরদের আজ্ঞার ও কর্ত্তৃত্বের অধীন থাকিবে ইতি।

Bathing places, &c

193. The Commissioners may set apart a sufficient number of convenient tanks, or parts of rivers, streams, or channels, not being private property, for the inhabitants to bathe in, and similarly set apart a sufficient number of the same for washing animals or clothes, or for any other purpose connected with the health, cleanliness, or comfort of the inhabitants They shall make and publish an order notifying the same

স্নান করিবার স্থানের কথা।

১৯৩ ধারা। কমিশ্যনরেরা ব্যক্তিবিশেষের পুষ্করিণী প্রভৃতিভিন্ন নগর নিবাসিদের সংখ্যা বিবেচনায় তাহারদের স্নান করিবার উপযুক্ত পুষ্করিণী কিম্বা নদীর কি স্রোতের কি নালার একং অংশ নিরূপণ করিতে পারিবেন। তদ্রূপও পশুর গাধুইবার ও কাপড কাচিবার ও নগর নিবাসিদের সুস্থ ও পরিষ্কার ও স্বচ্ছন্দ থাকা সংক্রান্ত অন্যং উদ্দেশ্য পুষ্করিণীপ্রভৃতির অন্য যত আবশ্যক হয় তাহা নিরূপণ করিতে পারিবেন তাঁহারা সেই কথা জানাইবার আজ্ঞা করিয়া প্রকাশ করিবেন ইতি।

Fouling water by bathing &c

194. Whoever bathes or washes animals or clothes in any stream, channel, or other water which has been set apart for other purposes, or in any other manner fouls the same, shall be liable to a fine not exceeding ten rupees for each offence

স্নানাদি করিয়া জল ময়লা করিবার কথা।

১৯৪ ধারা। যে জলস্রোত কি নালা কি অন্য জল বিশেষ কর্ম্মের নিমিত্ত নিরূপিত থাকে কোন ব্যক্তি সেই জলে স্নান করিলে কি পশুর গা ধুইলে কি কাপড কাচিলে কি অন্য কোন প্রকারে জল ময়লা করিলে তাহার সেই প্রত্যেক অপরাধের জন্যে দশ টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে ইতি।

Power to require unwholesome tanks on private premises to be cleansed or drained

195. It shall be lawful for the Commissioners at a meeting to require the owner of any premises, by notice addressed to him in writing, or if there be any doubt as to the ownership by notification published on the spot, to cleanse any private tank or pool or pond therein, and to drain off and remove any waste or stagnant water which may appear to be injurious to health or offensive to the neighbourhood, and, if such owner refuse or neglect to comply with such requisition during eight days from the service thereof, the Commissioners, or any persons authorized by them in that behalf, may enter such premises and do all such necessary acts for all or any of the purposes aforesaid as they shall think fit, and the expense incurred thereby shall be paid by the owner of such premises so making default

কোন ব্যক্তির বাড়ির মধ্যে অস্বাস্থ্যজনক পুকুর থাকিলে তাহা পরিষ্কার করাইবার ও জল বাহির করিয়া দিবার ক্ষমতার কথা।

১৯৫ ধারা। কোন ব্যক্তির বাড়ীর মধ্যে তাঁহার নিজ পুকুরে কিম্বা ডোবাতে ময়লা কি মরা জলে প্রতিবাসিদের স্বাস্থ্যের হানি হয় কি অনিষ্ট জন্মে এমত বোধ হইলে, কমিশ্যনরেরা অধিবিষ্ট হইয়া সেই বাড়ীর স্বামির নামে নোটিস লিখিয়া দিয়া কিম্বা স্বামিকে এই বিষয়ের সন্দেহ থাকলে তৎস্থানে জ্ঞাপন পত্র প্রকাশ করিয়া তাঁহাকে সেই পুকুর কি ডোবা পরিষ্কার করিবার এবং নালা কাটাইয়া সেই মরা জল বাহির করিয়া দিবার আজ্ঞা দিতে পারিবেন। স্বামী ঐ নোটিস পাইলে পর আট দিনের মধ্যে সেই আদেশানুসারে কার্য্য করিতে অস্বীকার কি শৈথিল্য করিলে কমিশ্যনরেরা কিম্বা তৎকার্য্যে তাঁহারদের নিযুক্ত কোন ব্যক্তি সেই বাড়ীতে প্রবেশ করিয়া পূর্ব্বোক্ত সকল কি অন্যতর অভিপ্রায়ে যে কার্য্য আবশ্যক হয় তাহা আপনারদের বিবেচনামতে করিবেন। ইহাতে যত টাকা খরচ লাগে বাড়ীর যে স্বামী ঐ কার্য্য করিতে ত্রুটি করিলেন তাঁহার সেই খরচ দিতে হইবে ইতি।

Power to drain off and cleanse stagnant pools in open place

196. The Commissioners may from time to time, as they see fit, drain off and cleanse or fill up, or otherwise abate, any stagnant pool, ditch, tank, or pond, (the same not being private property) which shall appear to them to be useless or unnecessary, or likely to prove injurious to the health of the inhabitants

অনাবৃত স্থানে ডোবার বদ্ধ জল বাহির করিয়া দিবার ও তাহা পরিষ্কার করিবার ক্ষমতার কথা।

১৯৬ ধারা। বদ্ধ জলের কোন জলাশয় কি খাই কি পুকুর কি ডোবা কোন বিশেষ ব্যক্তির সম্পত্তি না হইলে তাহা মুনিসিপল কমিশ্যনরদের বিবেচনায় অকর্ম্মণ্য কি অনাবশ্যক কি নিবাসি লোকদের স্বাস্থ্যের বিঘ্নজনক হইবার সম্ভাবনা হইলে, তাঁহারা সময়েং যেমন উচিত বোধ করেন তেমনি তাহাতে নালা কাটাইয়া তাহার জল চালাইয়া দিতে, ও সেই পুকুরপ্রভৃতি পরিষ্কার করিতে ও বুজাইয়া ফেলিতে কিম্বা অন্য প্রকারে রহিত করিতে পারিবেন ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭২। ৩০ জুলাই।]

197. The Commissioners may cause to be filled up any excavation which is likely in their opinion to be injurious to the health of the neighbourhood If such excavation shall have been made in any place after the extension thereto of this section within any private premises without the consent of the Commissioners, the cost of refilling it may be recovered from the occupier or owner of such premises

Excavations

Chapter 3

Obstructions and Encroachments on Roads

198 The Commissioners may grant permission to any person to deposit building materials, or materials for the repair of the road, or other movable property, on any road, or to make an excavation in a road, or to enclose the whole or any part of a road, provided that such person undertakes to erect sufficient fences to protect the public from injury, danger, or annoyance, and to light such fences from sunset to sunrise sufficiently for such purpose

Leave to deposit materials on a road

199. It shall be lawful for the Commissioners to close temporarily any road or part of a road for the purpose of repairing such road, or for the purpose of constructing any sewer, drain, culvert, or bridge, or for any other public purpose Provided that notice of the intention to close such road or part of a road shall be published not less than three days previously by a notification affixed in some conspicuous position at the place where it is intended to close the same, and provided that sufficient barriers or fences shall be erected for the security of life and property, and that such barriers or fences shall be sufficiently lighted from sunset to sunrise

Power to close a road or part of a road for repairs or other public purpose

notice to be given,

and barriers to be erected and lighted

200. Whoever without the authority of the Commissioners shall wilfully remove any portion of such barrier or fence, or shall extinguish any light attached thereto between sunset and sunrise, shall be liable to a fine not exceeding fifty rupees Any officer of the Commissioners or police officer may detain any person guilty of such offence unless and until he is acquainted with his name and place of residence, and in such case such person shall be immediately conveyed to the nearest police station

Penalty for removing such barrier

১৯৭ ধারা। কোন গর্ত্ত কমিশ্যনরদের বিবেচনামতে প্রতিবাসিদের স্বাস্থ্যের বিঘ্নজনক হইবার সম্ভাবনা হইলে কমিশ্যনরেরা তাহা বুজাইয়া দিতে পারিবেন এই ধারার বিধান কোন স্থানে প্রচলিত হইলে পর কোন ব্যক্তি কমিশ্যনরদের অনুমতি না লইয়া নিজ ডোবা করিলে তাহা পুর্ণ করিবার যত খরচ লাগে ঐ বাড়ীর দখীলকারের কি স্বামির স্থানে সেই খরচ আদায় করিয়া লওয়া যাইবে ইতি।

অনুমতি বিনা গর্ত্ত খনন করিবার দণ্ডের কথা।

৩ অধ্যায়।

পথাবরোধ ও পথে স্থানযোড় করিবার কথা।

১৯৮ ধারা। কমিশ্যনরেরা কোন ব্যক্তিকে কোন পথে নিম্নলিখিত কোন বিষয় রাখিবার কি কোন কর্ম্ম করিবার অনুমতি দিলে সাধারণ লোকদের অপকার কি আশঙ্কা কি কষ্ট না হয় এই নিমিত্ত সেই ব্যক্তি উপযুক্ত বেড়া দিয়া সেই বিষয় ঘেরিয়া রাখিবেন এই নিয়মে কমিশ্যনরেরা তাঁহাকে পথে ঘর নির্ম্মান করিবার সরঞ্জাম কিম্বা রাস্তা মেরামত করিবার সরঞ্জাম কিম্বা অন্য অস্থাবর দ্রব্য পথে ফেলিয়া রাখিবার কিম্বা পথে কোন গর্ত্ত করিবার কিম্বা পথের সমুদয় কি একাংশ ঘেরিয়া রাখিবার অনুমতি দিতে পারিবেন ইতি।

পথে সরঞ্জাম রাখিবার অনুমতির কথা।

১৯৯ ধারা। কমিশ্যনরেরা কোন রাস্তা সারাইবার জন্যে কিম্বা জল প্রণালী কি নর্দ্দমা কি কলবর্ট কি সাঁকো করিবার জন্যে কিম্বা সাধারণের ব্যবহার্য্য অন্য কার্য্যের জন্যে কিয়ৎকালের নিমিত্ত কোন পথে কিম্বা পথের কোন অংশ বন্ধ রাখিতে পারিবেন। কিন্তু যে স্থানে পথ বন্ধ করিবার কল্পনা থাকে তাহার নিকট কোন প্রকাশ স্থানে তিন দিনের অন্যূন থাকিতে ঐ পথ কি পথের একাংশ বন্ধ করিবার কল্পনার নোটিস প্রকাশ করা যাইবে। এবং কাহারও প্রাণের কি সম্পত্তির হানি না হয় এই কারণে উপযুক্তমতে বাঁশ কি বেড়া দিয়া রাখিতে হইবে ও সূর্য্যাস্তকালাবধি সূর্য্যোদয় পর্য্যন্ত ঐ বেড়াতে উপযুক্ত আলো দিতে হইবে।

মের মতপ্রভৃতি কার্য্যের জন্যে রাস্তা কি রাস্তার এক অংশ বন্ধ করিবার ক্ষমতার কথা।

নোটিস দিবার কথা।

ও বেড়া ও আলো দিবার কথা।

২০০ ধারা। কোন ব্যক্তি কমিশ্যনরদের অনুমতি বিনা ইচ্ছা করিয়া ঐ বাঁস কি বেড়ার কোন অংশ স্থানান্তর করিয়া দিলে কিম্বা তাহাতে যে আলো দেওয়া যায় সূর্য্যাস্ত হইবার পর ও সূর্য্যোদয় হওনের পূর্ব্বে কোন সময়ে তাহা নিবাইয়া ফেলিলে তাহার পঞ্চাশ টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে। কোন ব্যক্তি উক্ত কোন অপরাধ করিলে কমিশ্যনরদের কোন কর্ম্মকারক কিম্বা পোলীস কর্ম্মকারক যত কাল তাহার নাম ও বাসস্থান জানিতে না পান তাহাকে তত কাল আটক করিয়া রাখিতে পারিবেন। তাহা হইলে সেই ব্যক্তিকে তৎকালেই অতিনিকট পোলীস থানায় লইয়া যাইবেন ইতি।

সেই বাঁশাদি সরাইয়া লইবার দণ্ডের কথা।

[*Government Gazette*, 30*th July* 1872]

201. Whoever builds any wall or erects or sets up any fence, rail, post, or other obstruction or encroachment, in or on any road or open drain, sewer, or aqueduct, along the side of any road, shall be liable to a fine not exceeding fifty rupees, and the Commissioners shall have power to remove any such obstruction or encroachment, and the expense of such removal shall be paid by the person erecting the same.

Future obstructions in road

২০১ ধারা। কোন ব্যক্তি পথে কিম্বা পথের পার্শ্বস্থ কোন খোলা পয়োনালাতে কি নরদমাতে কি জল প্রণালীতে কি তাহার উপরে প্রাচীর গাঁথিলে কিম্বা বেড়া কি গরাদিয়া কি থাম কি অবরোধক কি স্থানযোড়াকারি অন্য দ্রব্য বসাইলে কি স্থাপন করিলে তাহার পঞ্চাশ টাকা-পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে। এবং সেই অবরোধক কি স্থানযোড়াকারি কোন দ্রব্য মুনিসিপাল কমিশ্যনরদের স্থানান্তর করিবার ক্ষমতা থাকিবে। ও যে ব্যক্তি তাহা স্থাপন করিবেন সেই দ্রব্য স্থানান্তর করিবার খরচ তাঁহার দিতে হইবে ইতি।

রাজপথ অবরোধের কথা।

202 Whoever displaces, takes up, or makes any alteration in the pavement or other materials, or in the fences or posts of any road, without the consent in writing of the Commissioners, or without other lawful authority, shall be liable to a fine not exceeding ten rupees

Taking up pavements

২০২ ধারা। কোন ব্যক্তি মুনিসিপাল কমিশ্যনরেরদের লিখিত অনুমতি কিম্বা আইনসিদ্ধ অন্য ক্ষমতা না পাইয়া, কোন পথে পাতা প্রস্তর কি অন্য দ্রব্য কি রাজপথের বেড়া কি থাম স্থানান্তর করিলে কি তুলিয়া ফেলিলে কি কোন প্রকারে পরিবর্ত্তন করিলে সেই ব্যক্তির দশ টাকা-পর্য্যন্ত অর্থ দণ্ড হইতে পারিবে ইতি।

পাথ পাতরাদি তুলিয়া লওনের কথা।

203 The Commissioners may give notice in writing to the owner or occupier of any house to remove or alter any projection, encroachment, or obstruction, which shall, after this Act shall have been extended to the place, be erected or placed against or in front of such house if the same overhangs the road at a height of less than 12 feet above the level of the ground, or juts into, or in any way projects or encroaches upon, or is an obstruction to the safe and convenient passage along any road, or obstructs or projects or encroaches into or upon any uncovered aqueduct, drain, or sewer in such road, and such owner or occupier shall, within fourteen days after the service of such notice upon him, remove such projection, encroachment, or obstruction, or alter the same in such manner as shall have been directed by the Commissioners, and in default thereof shall be liable to a fine not exceeding fifty rupees, and the Commissioners in such case may remove or alter such projection, encroachment, or obstruction, and the expense of such removal or alteration shall be paid by the owner or occupier so making default

Projections from houses erected in future to be removed

২০৩ ধারা। এই আইন কোন স্থানে প্রচলিত হইবার পরে সেই স্থানের কোন ঘরের আড়ালে কি অগ্রভাগে কোন বাড়া কি স্থানযোড়াকারি কি অবরোধক বিষয় নির্ম্মিত কি স্থাপিত হইলে ও তাহা কোন রাজপথের উপর ঝুঁকিয়া কি বাড়িয়া থাকিলে কিম্বা পথের উপর ১২ ফুটের কম উচ্চ হইয়া কোন প্রকারে ঝুঁকিয়া পড়িলে কি বাড়িয়া থাকিলে কি স্থানযোড়া করিলে কি পথ দিয়া নির্ব্বিঘ্নে ও স্বচ্ছন্দে গমনের বাধা জন্মাইলে কি সেই পথের পার্শ্বের কোন খোলা প্রণালী কি পয়োনালা কি নরদমার বাধা হইলে কি তাহার উপর বাড়িয়া পড়িলে কি স্থানযোড়া করিলে কমিশ্যনরেরা সেই ঘরের স্বামিকে কি দখীলকারকে সেই বিষয় উঠাইয়া দিবার কি পরিবর্ত্তন করিবার নোটিস লিখিয়া দিতে পারিবেন। ও স্বামিকে কি প্রজাকে ঐ নোটিস দেওয়া গেলে পর চৌদ্দ দিনের মধ্যে তিনি ঐ বাড়ান কি স্থানযোড়াকারি কি অবরোধক বিষয় স্থানান্তর করিবেন কিম্বা কমিশ্যনরেরা যদ্রূপ আজ্ঞা করেন তদ্রূপে পরিবর্ত্তন করিবেন। না করিলে তাঁহার পঞ্চাশ টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে। তদ্রূপ স্থলে কমিশ্যনরেরা সেই বাড়ান কি স্থানযোড়াকারি কি অবরোধক বিষয় স্থানান্তর করিতে পারিবেন ও তাহা স্থানান্তর কি পরিবর্ত্তন করিবার খরচ ঐ ত্রুটিকারি স্বামির কি প্রজার দিতে হইবে ইতি।

ঘরের কোন অংশ বাড়িয়া থাকিলে তাহা স্থানান্তর করিবার কথা।

204. The Commissioners may cause any such projection, encroachment, or obstruction, which may have been erected or placed against or in front of any house on any road before this Act shall have been extended to the place, to be

Removal of existing projection from houses

২০৪ ধারা। এই আইন কোন স্থানে প্রচলিত হইবার পূর্ব্বে সেই স্থানের কোন পথের নিকট কোন ঘরের আড়ালে কি সম্মুখ ভাগে তদ্রূপ কোন বাড়ান কি স্থান যোড়াকারি কি অবরোধক বিষয় নির্ম্মিত কি স্থাপিত হইয়া থাকিলে মুনিসিপাল কমিশ্যনরেরা যেমন

ঘরের যে ভাগ এক্ষণে বাড়াইয়া থাকে তাহা স্থানান্তর করিবার কথা।

Notice of removal

removed or altered as they shall think fit, provided that thirty days' previous notice of such intended removal or alteration be given to the owner or occupier of such house, and that they shall make reasonable compensation to every person who suffers damage by such removal or alteration In determining the amount of compensation the value of the land shall not be included

Compensation when to be made

স্থানান্তর করিবার নোটিসের কথা।

উচিত বোধ করেন তেমনি তাহা স্থানান্তর কি পরিবর্ত্তন করাইতে পারিবেন। পরন্তু তাঁহারা ত্রিশ দিন থাকিতে সেই গৃহাদির স্বামিকে কি দখীলকারকে ঐ স্থানান্তর কি পরিবর্ত্তন করিবার মানসের নোটিস দিবেন। এবং ঐ স্থানান্তর কি পরিবর্ত্তন করণেতে কোন ব্যক্তির ক্ষতি হইলে তাঁহারা ঐ ক্ষতির উপযুক্ত প্রতিকার করিবেন। ক্ষতিপুরণস্বরূপ কত টাকা দিতে হইবে ইহার হিসাব করিতে গেলে ভূমির মূল্য ধরিতে হইবে না ইতি।

মূল্য দিবার সময়ের কথা।

205. Whenever any house, part of which projects beyond the regular line of a road, or beyond the front of the house on either side thereof, shall be burnt down or otherwise destroyed, or shall be under repair, the Commissioners may require the same to be set back to, or beyond the line of the road, or the line of the adjoining house, and shall make reasonable compensation to the owner of such house for any damage he may thereby sustain

Houses projecting beyond line of road when taken down to be set back

২০৫ ধারা। যদি কোন ঘরের কোন ভাগ পথের অবধারিত সীমা অতিক্রম করিয়া থাকে, অথবা পার্শ্বের কোন ঘরের অগ্রভাগ অপেক্ষা আগিয়া থাকে, তবে সেই গৃহাদি দগ্ধ হইলে কি প্রকারান্তরে নষ্ট হইলে কি মেরামত হইলে মুনিসিপল কমিশ্যনরেরা তাহা পিছিয়া রাজপথের কি নিকটস্থ ঘরের সীমার রেখার সমান করিবার আজ্ঞা করিতে পারিবেন তাহাতে সেই ঘরের স্বামির কোন ক্ষতি হইলে, মুনসিপল কমিশ্যনরেরা তাঁহার ক্ষতির উপযুক্ত প্রতিকার করিবেন ইতি।

পথের সীমার বাহিরে ঘর থাকিলে, যখন ভাঙ্গা যায় তখন পিছিয়া করিতে হইবার কথা।

206. The Commissioners may give notice to the owner or occupier of any land to cut and trim or reduce the height of any hedges or trees which overhang any road so as to incommode the traffic, or which are so high or so thick as to impede the free circulation of the air, and in the event of such notice not being complied with within eight days from the date of service thereof, the Commissioners may cause the said hedges or trees to be trimmed or reduced in the manner required, and the expense incurred by the Commissioners in respect thereof shall be paid by the owner or occupier

Power to trim hedges and trees bordering roads

২০৬ ধারা। কোন গাছের কি বেড়ার ডাল কোন পথের উপর ঝুলিয়া পড়াতে গমনাগমনের বাধা হইলে কিম্বা উচ্চ কি ঘন হওয়াতে বাতাস খেলিবার বাধা হইলে কমিশ্যনরেরা সেই ভূমির স্বামিকে কি দখীলকারকে তাহা কাটিবার কি ঝুড়িয়া দিবার নোটিস দিতে পারিবেন। সেই নোটিস দেওনের তারিখঅবধি আট দিনের মধ্যে তদনুসারে কর্ম্ম না করা গেলে কমিশ্যনরেরা ঐ বেড়া ও গাছ প্রয়োজনমতে কাটাইয়া ও ঝুড়াইয়া দিতে পারিবেন। ও তাহাতে কমিশ্যনরদের যে খরচা হয় তাহা স্বামির কি দখিলকারের দিতে হইবে।

পথের ধারের গাছ ও বেড়া ঝুড়িয়া দিবার শক্তির কথা।

Chapter 4

Miscellaneous

৪ অধ্যায়।

বিবিধ বিষয়ের বিধি।

207. It shall be lawful for the Commissioners at a meeting, by a bye-law to be made in manner hereinafter provided, to direct that, within certain limits to be fixed by them at a meeting, the external roofs and walls of huts or other buildings which are about to be erected or the roofs or walls of which are about to be wholly renewed in or near any road, shall not be made of grass, leaves, mats, or other such inflammable materials.

Roofs and external walls not to be made of inflammable materials

২০৭ ধারা। কমিশ্যনরেরা অধিবিষ্ট হইয়া পশ্চাৎ লিখিত বিধানমতে উপবিধি করিলে তাঁহারা অধিবেশনে যে সীমা নির্দ্ধার্য্য করেন সেই সীমার অন্তর্গত কোন পথের পার্শ্বে কি নিকটে বাঙ্গলা ঘর কি অন্য ঘর বাঁধিবার কি সারাইবার উদ্যোগ হইলে তাহার উপরিস্থ ছাউনী ও বেড়া খড় কি পাতা কি দর্ম্মা কি আশুজ্বলনীয় অন্য দ্রব্যে করা না যাইবার আজ্ঞা দিতে পারিবেন ইতি।

ঘরের ছাদ ও বেড়া আশুজ্বলনীয় দ্রব্যে নির্ম্মাণ না হইবার কথা।

208. If any well, tank, or other excavation, whether on public or private ground, be, for want of sufficient repairs or protectino, dangerous, the Commissioners shall cause notice in writing to be given to the owner or occupier requiring him forthwith to secure or protect such well, and if he do not, within three days after such notice, begin to comply with the requisition, and do not carry on the work to the satisfaction of the Commissioners, they may cause the well, tank, or excavation, to be secured or protected, so as to prevent danger therefrom, and the expense of such work shall be paid by the owner or occupier so making default

Wells tanks &c, to be secured

209. If in any road any house or wall, or anything affixed thereon, be deemed by the Commissioners to be in a ruinous state, or in any way dangerous, they shall forthwith give notice in writing to the owner or occupier thereof, requiring him to take down or secure the same within a fixed time, and in default the Commissioners by an order passed at a meeting shall cause such repairs to be made or such premises to be removed, and the expenses thereby incurred shall be paid by the owner or occupier of the premises so making default

Houses, &c, in a ruinous or dangerous state

210 The materials of any such house, wall or other structure or of any part of the same, which shall have been pulled down, as provided in the last section, may be sold by the Commissioners, and the proceeds of such sale applied so far as the same will extend to the payment of the expenses incurred Any surplus of such sale proceeds shall on demand be restored to the owner of such house, or wall, or other structure, and if unclaimed shall, after the lapse of one year, be carried to the credit of the Municipal Fund

Sale of materials of ruinous houses, &c

211. Whenever, under the provisions of this Act, any work is required by the Commissioners to be executed, or any alterations or improvements to be made in any holding, and such work, alterations, or improvements are executed by the occupier or by the Commissioners at his expense, the cost thereof may be deducted by such occupier from the next and following payments of his rent due or becoming due to such owner, or may be recovered by him in any court of competent jurisdiction, if the Commissioners shall certify that such cost ought to be borne by the owner Provided

Occupier may recover cost of works executed at his expense from owner and one owner may enforce contribution from other owners

২০৮ ধারা। রাজকীয় কিম্বা ব্যক্তিবিশেষের ভুমিতে কোন পুকুর কি কূপ কি অন্য গর্ত্ত উপযুক্তমতে মেরামৎ না হওয়াতে কিম্বা ঘেরিয়া না দেওয়াতে আশঙ্কাজনক হইলে, কমিশ্যনরেরা স্বামির কি দখিলকারের নিকট লিখিয়া তাঁহাকে অবিলম্বে ঐ কূপ ঘেরিয়া দিবার কি রক্ষা করিবার নোটিস দেওয়াইবেন, তিনি ঐ নোটিস পাইবার পর তিন দিনের মধ্যে তদনুসারে কর্ম্ম করিতে আরম্ভ না করিলে ও কমিশ্যনরদের সন্তোষমতে কর্ম্ম না চালাইলে, ঐ কূপ কি পুকুর কি গর্ত্তহইতে আশঙ্কা না হয় এই নিমিত্তে তাঁহারাই তাহা সুরক্ষা করিয়া কিম্বা ঘেরিয়া দিতে পারিবেন। ও সেই ত্রুটিকারি স্বামির কি দখিলকারের ঐ কার্য্যের খরচ দিতে হইবে ইতি।

কূপ পুকুরাদি ঘেরিয়া রাখিবার কথা।

২০৯ ধারা। রাস্তার ধারের কোন ঘর কি দেওয়াল কিম্বা তৎসংযুক্ত কোন দ্রব্য কমিশ্যনরদের বিবেচনায় ভগ্নাবস্থায় কিম্বা কোন প্রকারে আশঙ্কাজনক হইলে তাঁহারা অবিলম্বে স্বামির কি প্রজার নিকট লিখিয়া নির্দ্দিষ্ট সময়ের মধ্যে ঐ গৃহাদি ভাঙ্গিয়া ফেলিবার কি সুরক্ষা করিবার নোটিস দিবেন। স্বামী কি দখিলকার তাহা না করিলে কমিশ্যনরেরা অধিবেশনকালে আজ্ঞা করিয়া ঐ গৃহাদি মেরামৎ করাইতে কিম্বা ভাঙ্গিয়া ফেলাইতে পারিবেন। ইহাতে যে খরচ লাগে ঐ গৃহাদির ত্রুটিকারি স্বামির কি দখিলকারের তাহা দিতে হইবে ইতি।

গৃহাদি ভগ্ন কি আশঙ্কাজনক অবস্থায় থাকিলে তাহার কথা।

২১০ ধারা। ইহার পূর্ব্ব ধারার বিধানমতে কোন ঘর কি প্রাচীর কি অন্য গাঁথনি কি তাহার কোন অংশ ভাঙ্গিয়া ফেলা গেলে কমিশ্যনরেরা তাহার ইষ্টকাদি বিক্রয় করিতে পারিবেন। ইহাতে যে টাকা পাওয়া যায় তাহাহইতে খরচ যত দূর শোধ হইতে পারিবে শোধ করা যাইবে। তৎপরে উদ্বর্ত্ত থাকিলে ঐ ঘরের কি প্রাচীরের কি অন্য গাঁথনির স্বামী তাহার দাওয়া করিলে তাঁহাকে দেওয়া যাইবে। ঐ টাকার দাওয়া না হইলে বারো মাস পরে মুনিসিপল ফণ্ডে জমা করিয়া দেওয় যাইবে ইতি।

ভগ্নদশার গৃহাদির সরঞ্জাম বিক্রয় করিবার কথা।

২১১ ধারা। এই আইনের বিধানমতে কমিশ্যনরেরা কোন কার্য্য সম্পাদন করিবার কিম্বা যোত পরিবর্ত্তন কি উৎকৃষ্ট করিবার আজ্ঞা করিলে, যদি সেই যোতের দখিলকার সেই কার্য্য করেন কি ঐ গৃহাদি পরিবর্ত্তন কি উৎকৃষ্ট করিয়া থাকেন কিম্বা যদি কমিশ্যনরেরা তাহা করিয়া দখিলকারের স্থানে খরচ লইয়া থাকেন, ও স্বামির সেই খরচ দেওয়া উচিত যদি কমিশ্যনরেরা এই মর্ম্মের সর্টিফিকট দিয়া থাকেন তবে সেই সময়ের পর স্বামির নিকট ঐ দখিলকারের যে খাজানা কি ভাড়া দেনা হয় তিনি তাহাহইতে ঐ খরচের টাকা কাটিয়া লইতে পারিবেন কিম্বা উপযুক্ত

দখিলকার কোন কর্ম্মের খরচ দিলে স্বামির স্থানে তাঁহার সেই খরচ ফিরিয়া লইবার কথা ও এক স্বামির অন্য স্বামিদের স্থানে ফিরিয়া পাইবার কথা।

always, that in case the occupier has a beneficial interest in such holding, he shall deduct or recover such sum only as will bear the same proportion to the entire cost of such work, alteration, or improvement, as the value of the owner's interest bears to the value of the holding And provided also, that in case the rents issuing out of any such holding belong to more persons than one, who are entitled to the same either as being joint proprietors of such holding or as having intermediate and other interests therein, the cost of any work, alteration, or improvement, as aforesaid, payable by the owner, shall be borne by such persons in proportion to their respective interests, and that any one or more of such persons, who may have been compelled to pay more than a just proportion in the first instance, shall be entitled to recover from the others his excess payment

Occupier not to be liable for more than the amount of rent due

212. No occupier of any holding shall be liable to pay more money, in respect of any expenses charged by this Act on the owner thereof, than the amount of rent which is due from him at the time of the demand made, or which at any time thereafter shall have become due, unless he neglect or refuse, upon application made to him for that purpose by the Commissioners, truly to disclose the amount of his rent and the name and address of the person to whom such rent is payable, but the burden of proof that the sum demanded of any occupier is greater than the rent which was due by him at the time of such demand, or which shall have since become due, shall lie upon such occupier, provided that nothing herein contained shall be taken to affect any special contract made between any such owner and occupier respecting the payment of any expenses as aforesaid

Manufacture or possession of gunpowder

213. Whoever manufactures gunpowder, or without a license from the Commissioners has in his possession in any house, at any time, a greater quantity of gunpowder than ten pounds, shall be liable to a fine not exceeding five hundred rupees, and also to forfeit such gunpowder so manufactured or possessed, together with the vessel or receptacle in which it may be contained

Licenses by Commissioners for sale and deposit of gunpowder

214. The Commissioners may grant to any person a license for the sale or keeping in deposit of any quantity of gunpowder not exceeding fifty pounds, on such conditions, and for such term, not exceeding one year, as shall be specified in the license, and

ক্ষমতাপন্ন কোন আদালতে নালিশ করিয়া তাহা আদায় করিতে পারিবেন। কিন্তু ঐ যোতে যদি সেই দখিলকারের লাভজনক স্বার্থ থাকে, তবে স্বামির স্বার্থ ঐ যোতের মূল্যের যে অংশ হয়, ঐ দখিলকার ঐ যোতের পরিবর্ত্তনের কি উৎকৃষ্ট করণের সমুদয় খরচের কেবল সেই অংশানুসারে একাংশ কাটিয়া লইতে কিম্বা আদালতে ফিরিয়া পাইতে পারিবেন। আরো যদি দুই কি তদধিক জন উক্ত যোতের ভাড়া পাইয়া থাকেন ও সাধারণ অধিকারী কিম্বা মৌরাধিকারী বলিয়া কিম্বা অন্য প্রকারের স্বার্থহেতুক যদি সেই ঘরে কি বাড়ীতে কি স্থানে তাঁহাদের অধিকার থাকে, তবে তাঁহাদের মধ্যে যাঁহার যেপর্যন্ত স্বার্থ থাকে তিনি তদনুসারে পূর্ব্বোক্ত কার্য্য করণ কি পরিবর্ত্তন কি উৎকৃষ্ট করণ হেতুক স্বামির দেনা টাকার একং অংশ দিবেন। তাঁহাদের মধ্যে কোন এক কি কএক জনের ন্যায্যমতে যে অংশ দেওয়া উচিত ছিল তিনি কি তাঁহারা যদি প্রথমে তাহার অধিক দিয়া থাকেন, তবে অন্যদের স্থানে আপনং দত্ত অতিরিক্ত টাকা ফিরিয়া পাইতে পারিবেন ইতি।

যত খাজানা পাওয়া হয় তাহার অধিকের নিমিত্ত প্রজার দায়ী না হইবার কথা।

২১২ ধারা। এই আইনমতে যোতের স্বামির দেনা বলিয়া দখিলকারের নিকট খরচের দাওয়া হইলে, সেই দাওয়া করণ সময় তাঁহার স্থানে যত টাকা খাজানা পাওয়া থাকে কিম্বা তৎপরে যাহা পাওনা হয় দখিলকার তাহার অধিকের দায়ী হইবেন না। কিন্তু তিনি কত টাকা খাজানা দিয়া থাকেন ও যাঁহার নিকটে খাজানা দেনা হয় কমিশ্যনরেরা তাঁহার নামধামাদি যথার্থমতে জানাইতে আদেশ করিলে যদি দখিলকার তাহা না জানান কি জানাইতে অস্বীকার করেন তবে অধিকের দায়ী হইতে পারিবেন। আর উক্ত দাওয়া হওন সময়ে দখিলকারের যে খাজানা দেনা ছিল কি তৎপরে দেনা হয় দখিলকারের নিকট দাওয়া করা সেই টাকা ঐ খাজানার অধিক ইহার প্রমাণ করিবার ভার ঐ দখিলকারের প্রতি বর্ত্তে। কিন্তু পূর্ব্বোক্ত খরচ দেওন বিষয়ে যদি স্বামির ও দখিলকারের মধ্যে কোন বিশেষ চুক্তি হইয়া থাকে তবে এই ধারার কোন কথাক্রমে সেই চুক্তির ব্যতিক্রম হইবে না ইতি।

বারুদ প্রস্তুত করিবার কি নিকট রাখিবার কথা।

২১৩ ধারা। কোন ব্যক্তি বারুদ প্রস্তুত করিলে কিম্বা কমিশ্যনরদের স্থানে লাইসেন্স না পাইয়া কোন সময়ে কোন ব্যক্তির ঘরে দশ পৌণ্ডের (অর্থাৎ পাঁচ সেরের) অধিক বারুদ থাকিলে, তাহার ৫০০ শত টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে ও তাহার নির্ম্মিত কিম্বা তাহার অধিকারে থাকা সেই বারুদ যে পাত্রে কি আধারে থাকে তাহাশুদ্ধ ঐ বারুদ জব্দ হইতে পারিবে ইতি।

বারুদ বিক্রয় করিবার ও রাখিবার লাইসেন্স কমিশ্যনরদের দিবার কথা।

২১৪ ধারা। কমিশ্যনরেরা কোন ব্যক্তিকে বারুদ বিক্রয় করিবার ও ৫০ পৌণ্ডের অনধিক বারুদ নিকট রাখিবার লাইসেন্স দিতে পারিবেন। বারুদ যে নিয়মমতে ও এক বৎসরের অনধিক যে কালের নিমিত্তে বিক্রয় করিতে কি নিকট রাখিতে পারা যাইবে তাহা

any person who shall be guilty of a breach of any of such conditions, shall be liable to a fine not exceeding two hundred rupees, and to forfeit all gunpowder so kept in deposit contrary thereto, and the vessels containing it, and also, in the discretion of the convicting Magistrate, or of the Commissioners, to forfeit his license

215. *Clause* 1 Whoever lights any bonfire, or wantonly discharges any fire-arm or air-gun, or sends up any rocket or fire-balloon, within one hundred yards from any public road, or lets off or throws any firework on a road, except at such times and places as shall from time to time be allowed by the Commissioners,

Lighting fires and discharging guns, fireworks, &c

Clause 2 Whoever beats a drum or tom-tom, or blows a horn or trumpet, or beats or sounds any brass or other metal instrument or utensil, at such times and places as shall be from time to time prohibited by the Commissioners at a meeting,

Beating drum, tom tom, &c

Clause 3 Whoever leaves any cart, carriage, or truck, or fastens any horse or other animal, so as to cause any obstruction in any thoroughfare,

Obstructing road or thoroughfare by carriage, &c

Clause 4 Whoever leads or rides any horse or other animal, or draws or drives any cart, carriage, or truck upon any foot-way, or fastens any horse or animal so that it can stand across or upon any foot-way,

Obstructing foot way

shall be liable to a fine not exceeding fifty rupees

216. It shall be lawful for the Commissioners by published order to appoint from time to time certain periods within which any dogs, found straying in the roads or beyond the enclosures of the houses of the owners of such dogs, may be destroyed

Stray dogs to be killed at certain appointed periods

217 The Chairman, from time to time, as occasion may require, may, subject to the orders of the Lieutenant-Governor, make rules for the conduct of all assemblies and processions in the public roads, prescribing the routes by which, and the times at which, such processions may pass, and for keeping order in the public roads, ghats, and

Chairman may make rules for the conduct of assemblies and processions

সেই লাইসেন্সপত্রে নির্দ্দিষ্ট থাকিবে। কোন ব্যক্তি উক্ত কোন নিয়ম ভঙ্গ করিলে তাহার দুই শত টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে, ও সেই নিয়মের বিপক্ষে যত বারুদ নিকট রাখে তাহা যে পাত্রে থাকে সেই পাত্র-শুদ্ধ ঐ বারুদ জব্দ হইবে এবং যে মাজিষ্ট্রেট ঐ অপ-রাধ নির্ণয় করেন তাঁহার কিম্বা কমিস্যনরদের বিবেচ-নামতে ঐ লাইসেন্স রহিত হইতে পারিবে ইতি।

২১৫ ধারা। ১ প্রকরণ।—কোন ব্যক্তি রাজপথহই-তে এক শত গজের মধ্য কোন স্থানে বড় আগুণ ক-রিলে কিম্বা কৌতুকে কোন আগ্নেয়াস্ত্র কি বায়ুপূর্ণ বন্দুক ছুড়িলে কিম্বা হাওয়াই কি অগ্নির বেলুন ছাড়ি-লে, কিম্বা কমিশ্যনরেরা সময়েং আতশবাজী ছুড়িবার যে সময়ের ও স্থানের অনুমতি দেন তদ্ভিন্ন কোন সম-য়ে ও স্থানে রাস্তার উপর আতশবাজী পুড়িলে কি ফেলিলে।

আগুণ করিবার ও বন্দুক আতশবাজীপ্রভৃতি ছুড়ি-বার কথা।

২ প্রকরণ।—কমিশ্যনরেরা অধিবিষ্ট হইয়া সময়েং যে সময়ে ও স্থানে ঢোল প্রভৃতি পিটাইতে নিষেধ করেন, কোন ব্যক্তি সেই সময়ে ও স্থানে ঢোল কি তবলা কি শিঙ্গ কি তুরি বাজাইলে কি পিত্তলের কি অন্য ধাতুর কোন বাদ্যযন্ত্র কি পাত্র পিটাইলে কি বাজাইলে।

ঢোল ঢাকাদি পিটাইবার কথা।

৩ প্রকরণ। কোন পথের অবরোধ যাহাতে হয় কোন ব্যক্তি পথে কোন বলদগাড়ী কি গাড়ী কি ট্রক এমত রাখিয়া গেলে কিম্বা ঘোড়া কি অন্য জন্তুকে এমত বাঁধিয়া রাখিলে,

পথে গাড়ীপ্রভৃতি রা-খিয়া অবরোধ করিবার কথা।

৪ প্রকরণ। কোন ব্যক্তি মানুষের হাঁটিবার পার্শ্ব-পথে ঘোড়া কি অন্য জন্তু ধরিয়া লইয়া কি চড়িয়া গেলে কিম্বা কোন বলদ গাড়ী কি গাড়ী কি ট্রক চালালে, কিম্বা ঘোড়া কি অন্য জন্তু এমত বাঁধিলে যে তাহা মানুষের হাটিবার পথের আড়ে কি ঐ পথের উপর দাঁড়ায়,

হাঁটিবার পথ অবরোধ করিবার কথা।

তাহার ৫০৲ টাকাপর্য্যন্ত দণ্ড হইতে পারিবে ইতি।

২১৬ ধারা। কমিশ্যনরেরা সময়েং আজ্ঞা প্রকাশ করণপূর্ব্বক বেড়ানিয়া কুকুর নষ্ট করিবার কোন সময় নিরূপণ করিতে পারিবেন। সেই সময়ে কোন কুকুরকে রাস্তায় কি স্বামির বাড়ির প্রাচীরের কি বেড়ার বাহিরে বেড়াইতে দেখা গেলে তাহা নষ্ট করা যাইতে পারিবে ইতি।

নির্দ্ধারিত কোনং সময়ে বেড়ানিয়া কুকুর নষ্ট করি-বার কথা।

২১৭ ধারা। সভাপতি সময়েং প্রয়োজন হইলে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আজ্ঞাবশে রাজ-পথে লোকসংগ্রহ হইবার ও লোকযাত্রার বিধান করি-তে পারিবেন। এবং লোক-যাত্রা যে সময়ে যেং পথ দিয়া যাইতে পারিবে ঐ বিধিতে তাহা নির্দ্দিষ্ট থাকিবে। এবং সেই লোকসংগ্রহ বা লোকযাত্রা হইলে রাজপথে ও

লোক জমায়তের ও লো-ক যাত্রার বিধি সভাপতির করিতে পারিবার কথা।

landing places, and all other places of public resort, and preventing obstructions thereof, on the occasion of such assemblies and processions, and in the neighbourhood of places of worship during the time of public worship, and in any case when the roads, ghats, or landing places may be thronged, or may be liable to be obstructed Every person opposing or not obeying the orders so issued by the Chairman, or violating the conditions of such license, shall be liable to a fine not exceeding one hundred rupees

218 On the complaint of three or more householders that a house in their immediate neighbourhood is used as a common brothel or lodging-house for prostitutes or disorderly persons of any description, to the annoyance of the respectable inhabitants of the vicinity the Magistrate may summon the owner or occupier of the house to answer the complaint, and, on being satisfied that the house is so used and is therefore a source of annoyance and offence to the neighbours, may order the owner or occupier to discontinue such use of it, and, if he shall fail to comply with such order within five days, may impose on him a fine to the extent of twenty-five rupees for every day thereafter that the house shall have been so used

Brothels and lodging houses of disorderly persons

219 The Commissioners at a meeting may cause a name to be given to any road and to be affixed in such place or places as they may think fit, and may also cause a number to be affixed to every house, and the Commissioners at a meeting may cause such names and numbers to be altered

Names of roads and numbers of houses

220. Whoever wilfully removes, obliterates, or destroys, any name or number affixed under the next preceding section of this Act, or under the provisions of any Act hereby repealed, shall be liable to a fine not exceeding twenty rupees

Altering names of roads, &c

Chapter 5

Regulation of certain offensive or dangerous trades and of Burial and Burning Grounds

221. Within such local limits as may for the purposes of this section be fixed by the Commissioners at a meeting, no premises shall be used, except with the consent in writing of the Commissioners, for any of the following purposes,

Penalty for establishing certain offensive and dangerous trades within limits to be fixed by the Commissioners

ঘাটে ও নৌকাহইতে লোকদের উত্তরিবার স্থানে ও সাধারণ লোকদের গমনীয় অন্য স্থানে এবং ঈশ্বরের উপাসনা হওনসময়ে উপাসনা গৃহের নিকট ও অন্য যে কোন স্থলে পথে কি ঘাটে কি নৌকাহইতে উত্তরিবার স্থানে লোকসংগ্রহ হইবার কি পথ অবরোধ হইবার সম্ভাবনা থাকে সেই স্থানে দাঙ্গা প্রভৃতি না হইবার ও পথ অবরোধ না হইবার বিধান করিবেন। সভাপতি উক্ত যে আজ্ঞা প্রচার করেন কোন ব্যক্তি তাহার বিপক্ষতা করিলে কি তাহা না মানিলে কিম্বা ঐ লাইসেন্সের নিয়ম ভঙ্গ করিলে তাহার ১০০৲ টাকাপর্যন্ত দণ্ড হইতে পারিবে ইতি।

২১৮ ধারা। আমাদের ঘরের অতিনিকট কোন ঘর সামান্য বেশ্যালয় কিম্বা বেশ্যাদের কিম্বা অত্যাচারি অন্য প্রকার লোকদের বাসাঘরস্বরূপ ব্যবহার হইয়া থাকে ইহাতে প্রতিবাসি লোকদের কষ্ট হয়. তিন কি তদধিক জন গৃহস্থ এই মর্ম্মের দরখাস্ত করিলে মাজিষ্ট্রেট সেই ঘরের স্বামিকে কিম্বা দখীলকারকে ঐ নালিশের উত্তর দেওনার্থে সমন করিতে পারিবেন। ও সেই ঘরের তদ্রূপ ব্যবহার হওয়াতে প্রতিবাসিদের কষ্ট ও অনিষ্টজনক হয় ইহা হৃদ্বোধমতে জানিলে, তিনি ঐ ঘরের স্বামিকে কি দখীলকারকে ঘরের তদ্রূপ ব্যবহার রহিত করিবার আজ্ঞা দিতে পারিবেন। সেই ব্যক্তি পাঁচ দিনের মধ্যে সেই আজ্ঞামতে কর্ম্ম না করিলে, যত দিন ঐ ঘরের তদ্রূপ ব্যবহার হইয়া থাকে তাহার দিনপ্রতি ঐ ব্যক্তির ২৫৲ টাকাপর্যন্ত দণ্ড ধার্য্য করিতে পারিবেন ইতি।

বেশ্যালয়ের ও অত্যাচারি লোকদের বাসার কথা।

২১৯ ধারা। কমিশ্যনরেরা অধিবিষ্ট হইয়া কোন রাস্তার নাম দিতে পারিবেন ও যে স্থানে কি যে২ স্থানে উচিত বোধ করেন সেই২ স্থানে ঐ রাস্তার নাম লাগাইয়া দিতে পারিবেন ও ঘরের২ নম্বর লাগাইতে পারিবেন। এবং কমিশ্যনরেরা অধিবিষ্ট হইয়া ঐ নাম কি নম্বর পরিবর্ত্তন করাইতে পারিবেন ইতি।

রাস্তার নামের ও ঘরের নম্বরের কথা।

২২০ ধারা। এই আইনের এই ধারার পূর্ব্ব ধারামতে কিম্বা এই আইনে যে২ আইন রহিত করা গেল তাহার অন্যতর আইনের বিধানমতে যে নম্বর কি নাম লাগাইয়া দেওয়া গেল কোন ব্যক্তি ইচ্ছা করিয়া তাহা স্থানান্তর করিয়া দিলে কি তাহার অক্ষর মুছাইয়া ফেলিলে কি তাহা নষ্ট করিলে তাহার ২০৲ টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে ইতি।

পথের নাম পরিবর্ত্তন প্রভৃতি করণের কথা।

৫ অধ্যায়।

দুর্গন্ধ ও আশঙ্কাজনক ব্যবসায়ের ও কবর স্থানের ও শ্মশানের বিধান।

২২১ ধারা। এই ধারার উদ্দেশ্য সাধনের জন্যে কমিশ্যনরেরা অধিবিষ্ট হইয়া যে সীমা নিরূপণ করেন সেই সীমার মধ্যে কমিশ্যনরদের লিখিত অনুমতি বিনা চরবি গলাইবার কিম্বা জন্তুর ভাজা অংশ

কমিশ্যনরেরা যে সীমা নিরূপণ করেন সেই সীমার মধ্যে দুর্গন্ধযুক্ত ও আশঙ্কাজনক ব্যবসায় চালাইবার দণ্ডের কথা।

namely, for melting tallow, for boiling offal or blood, or as a soap-house, oil-boiling-house, dyeing house, tannery, sheep pen, piggery, slaughter house, brick kiln, or lime kiln, or as a manufactory of nitric acid, sulphuric acid, or sulphurate of mercury, or other manufactory, from which offensive or unwholesome smells may arise, or as a yard or depôt for trade in hay, straw, wood, coal, charcoal, golpatti, bamboos, thatching grass, or other inflammable material, or as a store house for kerosine, petroleum, naptha, or any inflammable oil, spirit, or explosive substance, and whoever without such written consent uses such premises for any such purpose shall be liable to a fine not exceeding one hundred rupees, and a fine not exceeding twenty rupees for every day after the conviction for such offence during which the said offence is continued. Provided that this section shall not be applicable, for the space of two years next after this Part shall have been extended to the place, to any premises which may have been used for any such purpose before the said Part was so extended. Provided also, that such consent shall not be withheld unless the Commissioners have reason to believe that the business which it is intended to establish or maintain would be offensive or dangerous to persons residing in the immediate neighbourhood.

No burial or burning place henceforth to be formed without leave of Government or of Commissioners.

222. No burial or burning ground, whether public or private, shall be made or formed in any place after the extension of this Act to such place without the consent in writing of the Commissioners, or under the authority of the Lieutenant Governor, and whoever shall bury or burn, or cause, permit, or suffer to be buried or burned, any corpse in any such burial or burning-ground made or formed without such written consent or authority shall be liable to a fine not exceeding one hundred rupees.

Commissioners may order certain burial or burning places to be closed.

223. If it shall appear to the Commissioners at a meeting that any public or private burial or burning-ground is dangerous to health or offensive to the tax payers, and also that a suitable place for interment or burning, as the case may be, exists within a convenient distance and is available, the Commissioners, with the sanction of the Lieutenant-Governor previously obtained, may, by notification to be affixed on some conspicuous part of the ground, appoint a time, not being less than two months, for the closing of

কি রক্ত জ্বাল দিবার নিমিত্ত কিম্বা সাবান প্রস্তুত করিবার কি তৈল পাক করিবার কি কাপড় রঙ্গ করিবার কি চর্ম্ম কশাইবার কারখানা কিম্বা মেষের খোঁয়াড়ী কি শূকর রাখিবার ঘর কি কশাইখানা কি পোয়ান কি ভাটি কিম্বা শোরার দ্রাবক কি গন্ধক দ্রাবক, কি গন্ধকমিশ্রিত পারা প্রস্তুত করিবার ঘর কিম্বা অন্য যে কর্ম্ম দ্বারা কি যে কারখানাহইতে দুর্গন্ধ কি অস্বাস্থ্যজনক গন্ধ নির্গত হয় এমত কর্ম্মের কি কারখানার স্থান কিম্বা শুষ্ক ঘাসের কি বিচালির কি কাষ্ঠের কি পাতুরিয়া কয়লার কি কাটের কয়লার কি গোলপাতার কি বাঁশের কি খড়ের কিম্বা আশুজ্বলনীয় অন্য দ্রব্যের ব্যবসায়ার্থ স্থান কি গোলাস্বরূপ কিম্বা কেরোসিন তৈল কি পিট্রোলিয়ম কি নাফথা কি আশুজ্বলনীয় অন্য তৈল কি সুরা কিম্বা যাহা শব্দ করিয়া জ্বলিয়া উঠে এমত অন্য দ্রব্যের গোলাস্বরূপ কোন বাটীর ব্যবহার করিতে হইবে না। কোন ব্যক্তি লিখিত অনুমতি বিনা উক্ত কোন কার্য্যের নিমিত্ত বাটীর ব্যবাহার করিলে, তাহার ১০০৲ টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে ও সেই অপরাধের প্রমাণ হইলে পর যত দিন তাহার সেই অপরাধ হইতে থাকে দিন প্রতি তাহার ২০০৲ টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে। কিন্তু এই খণ্ড কোন স্থানে প্রচলিত হইবার পূর্ব্বে যদি কোন বাটীর তদ্রূপ ব্যবহার হইয়া থাকে, তবে এই খণ্ড সেই স্থানে প্রচলিত করা গেলে পর দুই বৎসর গত না হইলে এই ধারা সেই স্থানে খাটিবে না। আরো উক্ত যে ব্যবসায় স্থাপন করিবার কি চালাইবার অভিপ্রায় থাকে, তাহা নিকট প্রতিবাসিদের অনিষ্টজনক কি আশঙ্কাজনক, কমিশ্যনরদের এমত জ্ঞান করিবার কারণ না থাকিলে, তাঁহারা অনুমতি দিতে অস্বীকার করিবেন না ইতি।

গবর্ণমেণ্টের কিম্বা কমিশ্যনরদের অনুমতি বিনা কবর স্থান কি শ্মশান না করিতে পারিবার কথা।

২২২ ধারা। এই আইন কোন স্থানে প্রচলিত হইবার পরে কমিশ্যনরদের লিখিত অনুমতি বিনা কিম্বা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রদত্ত ক্ষমতা বিনা সেই স্থানে সাধারণ লোকদের কিম্বা ব্যক্তি বিশেষের কবর স্থান কি শবদাহ করিবার স্থান করিতে হইবে না। তদ্রূপ লিখিত অনুমতি কি ক্ষমতা বিনা কোন কবরস্থান কি শ্মশান করা গেলে যদি কোন ব্যক্তি তাহাতে শব পোতে কি দাহ করে কিম্বা অন্য কাহার দ্বারা শব পোতায় কি দাহ করায় কি পোতিতে কি দাহ করিতে দেয়, তবে তাহার ১০০৲ টাকাপর্য্যন্ত দণ্ড হইতে পারিবে ইতি।

কোন২ কবরস্থান কি শ্মশান কমিশ্যনরদের বন্ধ করিবার কথা।

২২৩ ধারা। সাধারণ কি ব্যক্তি বিশেষের কোন কবরস্থানের কি শ্মশানের যে অবস্থা আছে তদ্ধেতুক স্বাস্থ্যের বিঘ্ন কিম্বা যাঁহারা টাক্স দিয়া থাকেন তাঁহারদের অনিষ্টজনক হইতে পারে, এবং অদূর স্থানে কবর দিবার কিম্বা বিষয়বিশেষে শবদাহ করিবার উপযুক্ত অন্য স্থান আছে ও তাহা পাওয়া যাইতে পারে অধিবিষ্ট কমিশ্যনরেরা ইহা জানিতে পাইলে তাঁহারা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের অনুমতি লইয়া ঐ ভূমির কোন প্রকাশ স্থানে নোটিস লাগাইয়া ঐ কবরস্থানের কি শ্মশানের বন্ধ হইবার

such burial or burning-ground, and whoever, after the time so appointed, buries or burns, or causes or permits to be buried or burned, any corpse therein, shall be liable to a fine not exceeding one hundred rupees Provided that no such ground shall be closed until another ground shall have been opened to the use of the tax-payers for similar purposes Provided also that the execution of the order for the closing of any such burning or burial ground shall be suspended, if ten or more tax payers shall demand by a written requisition addressed to the Commissioners that the expediency of closing it be referred to the tax-payers, and in such case the Commissioners shall fix the place and time for recording the votes of all the tax payers within the municipality, and shall record the votes of all such tax-payers who may present themselves for such purpose, and the ground shall not be closed unless a majority of the votes so taken be in favor of closing it If any building is attached to a burning ground closed under this section, for the purposes thereof, it shall be lawful for the Commissioners at a meeting to devote a portion of the Municipal Fund towards the construction of any new building which may be required in lieu thereof

Tax payers may demand a poll

CHAPTER 6

Vaccination and Inoculation

224 In any Municipality where the Lieutenant-Governor may consider that proper and sufficient arrangements have been made for the vaccination of the inhabitants thereof the practice of inoculation with variolous matter shall be prohibited with effect from such date as may be notified by the Lieutenant Governor

Operation of this chapter

225 Any person, who shall thereafter produce or attempt to produce in any person by inoculation with variolous matter, or by wilful exposure to variolous matter, or to any matter, article, or thing impregnated with variolous matter, or who shall wilfully, by any other means whatsoever, produce the disease of small pox in any person, shall be liable to imprisonment of either description for a period not exceeding three months, or to a fine not exceeding two hundred rupees, or to both

Penalty for inoculating or otherwise producing small pox

[*Government Gazette*, 30*th July* 1872]

দুই মাসের অন্যূন কোন সময় নিরূপণ করিতে পারিবেন। সেই নিরূপিত সময়ের পরে কোন ব্যক্তি সেই ভূমিতে কবর দিলে কি শবদাহ করিলে কি অন্য ব্যক্তির দ্বারা কবর দেওয়াইলে কি দাহ করিলে কিম্বা কবর দিতে কি দাহ করিতে দিলে তাহার ১০০৲ টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবে। কিন্তু টাক্সদায়িদের উক্ত কার্য্যের নিমিত্ত অন্য ভূমি প্রস্তুত না হইলে পূর্ব্বোক্ত ভূমি বন্ধ হইবে না। আরো উক্ত ভূমি বন্ধ করা উচিত কি না এই বিষয়ে টাক্সদায়িদের মত গ্রহণ করা যায়, যাঁহারা টাক্স দিয়া থাকেন এমত দশ কি তদধিক লোক কমিশ্যনরদের নিকট পত্র লিখিয়া এই মর্ম্মের দাওয়া করিলে ঐ শ্মশান কি কবর স্থান বন্ধ করিবার আজ্ঞা স্থগিত থাকিবে। এমন স্থলে মুনিসিপালিটীর মধ্যে যত জন টাক্স দিয়া থাকেন কমিশ্যনরেরা তাঁহারদের মত লিখিয়া লইবার কোন সময় ও স্থান নিরূপণ করিবেন, ও তদর্থে টাক্স দায়ি যত জন উপস্থিত হন তাহারদের সকলের মত লিখিয়া লইবেন এবং ঐ ভূমি বন্ধ করণ বিষয়ে অধিকাংশ ব্যক্তি সম্মত না হইলে ঐ ভূমি বন্ধ করা যাইবে না। এই ধারামতে শবদাহ করিবার স্থান বন্ধ হইলে যদি সেই স্থলে ঐ কার্য্যোপলক্ষে কোটাঘর থাকে, তবে তৎপরিবর্ত্তে নূতন কোটা নির্ম্মাণের যে খরচ হয় কমিশ্যনরেরা অধিবিষ্ট হইয়া সেই খরচ শোধের উপকারার্থে মুনিসিপল ফণ্ডের একাংশ প্রয়োগ করিতে পারিবেন ইতি।

টাক্স দায়ি প্রত্যেক ব্যক্তির মত লইবার বিষয়ে তাঁহারদের দাওয়ার কথা।

৬ অধ্যায়।

গোবীজে ও বসন্তজন্যবীজে টীকা দেওনের কথা।

২২৪ ধারা। কোন মুনিসিপালিটীর মধ্যে গোবীজের দ্বারা নগর নিবাসিদের টীকা দেওনের উপযুক্ত ও যথোচিত নিয়ম করা গিয়াছে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের এমত অনুভব হইলে, তিনি যে তারিখের সম্বাদ দেন সেই তারিখ অবধি বসন্তজন্যবীজে টীকা দেওয়ার নিষেধ হইবে ইতি।

এই অধ্যায়ের বিধান যে২ স্থানে চলিবে তাহার কথা।

২২৫ ধারা। তৎপরে কেহ বসন্ত জন্য বীজে টীকা দেওনদ্বারা, কি ইচ্ছাপূর্ব্বক বসন্তজন্য রস স্পর্শ কি বসন্তজন্য রসলিপ্ত কোন পদার্থ কি বস্ত্রাদি স্পর্শ করাওনদ্বারা, কোন ব্যক্তির বসন্ত রোগ জন্মাইলে কি জন্মাইবার উদ্যোগ করিলে কিম্বা কেহ অন্য কোন উপায় দ্বারা ইচ্ছাপূর্ব্বক কোন ব্যক্তির বসন্ত রোগ জন্মাইলে তাহার তিন মাসের অনধিক কাল অন্যতর প্রকারের কারাদণ্ড কি ২০০৲ টাকাপর্য্যন্ত অর্থদণ্ড কি ঐ উভয় দণ্ড হইতে পারিবে ইতি।

বসন্ত জন্য বীজে টীকা দেওনদ্বারা কি প্রকারান্তরে বসন্ত উৎপাদনের দণ্ডের কথা।

226 If any person, having been inoculated with the small-pox in a place to which the provisions of this Part shall not at the time be applicable, shall afterwards enter any Municipality to which the same are applicable before the lapse of forty days from the date of such inoculation, or without a certificate from a qualified medical officer stating that such person is no longer likely to cause contagion, such person shall be liable to imprisonment of either description for a period not exceeding one month, or to a fine not exceeding one hundred rupees, or to both.

Penalty for entering into any place subject to this Act without a proper certificate before forty days from date of inoculation.

227 Whenever a Magistrate shall sentence an offender to fine under this Chapter, it shall be lawful for such Magistrate to award any portion not exceeding one-half of such fine to the person on whose information such offender has been convicted.

Mode of procedure.

PART XI.—MUNICIPAL MARKETS.

228 This Part shall not apply to any third class Municipality. And it shall not apply to any first or second class Municipality until it has been expressly extended thereto by order of the Lieutenant-Governor, published in the *Calcutta Gazette*.

Operation of this Part.

229 The Commissioners at a meeting may, with the sanction of the Lieutenant-Governor, provide places for the purpose of being used as municipal markets, and may, with such sanction, charge rent, tolls, and fees for the right to expose goods for sale in such markets, and for the use of shops, stalls, and standings therein. All such rents, tolls, and fees, may be recovered as arrears of tax under the provisions of Part IV.

Power to construct market.

230 The Commissioners at a meeting may grant a license for the use of any place as a market for the sale of meat, fish, fruits, and vegetables within the Municipality.

Power to grant licenses for markets.

231 Every license granted under this Part shall be granted without fee, and shall be in force until the end of the Municipal year, and the Commissioners may grant such license year by year on the certificate in writing, under the

Duration of license and terms on which granted.

২২৬ ধারা। এই খণ্ডের বিধান যে সময়ে যে স্থানে না বর্ত্তে, এমত স্থানে কোন ব্যক্তির সেই সময়ে বসন্ত জন্য বীজে টীকা দেওয়া গেলে পশ্চাৎ অথচ তাহার টীকা হইবার তারিখঅবধি চল্লিশ দিন অতীত হইবার পূর্ব্বে কিম্বা সেই ব্যক্তির দ্বারা রোগের সঞ্চার হইবার আর কোন সম্ভাবনা নাই উপযুক্ত ক্ষমতাপন্ন চিকিৎসকের লিখিত এই মর্ম্মের সর্টিফিকট বিনা যে মুনিসিপালিটীতে উক্ত বিধান প্রবল থাকে সেই ব্যক্তি তন্মধ্যে প্রবেশ করিলে তাহার এক মাসের অনধিক অন্যতর প্রকারের কারাদণ্ড কি ১০০ টাকার অনধিক অর্থদণ্ড কি ঐ উভয় দণ্ড হইতে পারিবে ইতি।

যাহার বসন্ত জন্য বীজের টীকা হয় এমত ব্যক্তি টীকা হইবার তারিখঅবধি চল্লিশ দিনের মধ্যে এই আইনের অধীন কোন স্থানে প্রবেশ করিলে তাহার কথা।

২২৭ ধারা। মাজিষ্ট্রেট এই অধ্যায়মতে কোন ব্যক্তির অপরাধ নির্ণয় করিয়া অর্থদণ্ডের আজ্ঞা করিলে যে ব্যক্তির স্থানে সন্ধান পাইয়া তিনি সেই অপরাধির দোষ সপ্রমাণ করিলেন সেই ব্যক্তিকে অর্থদণ্ডের অর্দ্ধেক পর্য্যন্ত পুরস্কার দিতে ক্ষমতাপন্ন হইবেন ইতি।

কার্য্যপ্রণালীর কথা।

একাদশ খণ্ড।—মুনিসিপল বাজারের কথা।

২২৮ ধারা। এই খণ্ড তৃতীয় শ্রেণীর কোন মুনিসিপালিটীর প্রতি খাটিবে না। এবং শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব কলিকাতা গেজেটে আজ্ঞাপত্র প্রকাশ করিয়া প্রথম কি দ্বিতীয় শ্রেণীর মুনিসিপালিটীতে এই আইনের বিধান স্পষ্টরূপে না বর্ত্তাইলে সেই২ মুনিসিপালিটীতেও প্রচলিত হইবে না ইতি।

এই খণ্ডের বিধানের কথা।

২২৯ ধারা। কমিশ্যনরেরা অধিবিষ্ট হইয়া শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের অনুমতিক্রমে মুনিসিপল বাজারস্বরূপ ব্যবহার হইবার স্থান নিরূপণ করিতে পারিবেন। এবং তাঁহারা সেই অনুমতি গ্রহণ পূর্ব্বক ঐ বাজারে বিক্রেয় দ্রব্য সাজাইয়া রাখিবার অধিকারের জন্যে ও দোকান ও মাচা ও দাঁড়াইবার স্থানের ব্যবহারের জন্যে ভাড়া ও মাসুল ও ফী বসাইতে পারিবেন। ৪ খণ্ডের বিধান মতে বাকী টাকস যেরূপে আদায় হইতে পারে ঐ ভাড়া ও মাসুল ও ফী সেইরূপে আদায় হইতে পারিবে ইতি।

বাজার প্রস্তুত করিবার ক্ষমতার কথা।

২৩০ ধারা। কমিশ্যনরেরা অধিবিষ্ট হইয়া মুনিসিপালিটীর মধ্যে মাংস ও মাচ ও ফল ও শাকসবজী বিক্রয়ের বাজার করিবার জন্যে কোন স্থানের লাইসেন্স দিতে পারিবেন ইতি।

বাজারের লাইসেন্স দিবার কথা।

২৩১ ধারা। এই খণ্ডমতে কোন লাইসেন্স দেওয়া গেলে তাহার ফী লাগিবে না ও তাহা মুনিসিপল বৎসরের শেষ পর্য্যন্ত প্রবল থাকিবে। কমিশ্যনরদের সভাপতি অমুক স্থান বাজার করিবার উপযুক্ত স্থান বলিয়া বৎসর২ সর্টিফিকট লিখিয়া স্বাক্ষর

লাইসেন্স যত কালের নিমিত্ত ও যে নিয়মমতে দেওয়া যাইবে তাহার কথা।

hand of the Chairman annually renewed, that such place is fit to be used as a market

Chairman bound to certify fit places.

232. The Chairman, upon the application in writing of the owner of any such place, shall grant such certificate unless such place be defective as a market in drainage, ventilation, water-supply, or proper width of paths and ways therein

Penalty on permitting unauthorized places to be used as markets.

233. Whoever, being the owner or lessee of any place, wilfully or negligently permits such place to be used as a market for the sale of meat, fish, fruit, or vegetables, without a license under this Part, shall be liable to a penalty not exceeding two hundred rupees, and to a further penalty not exceeding fifty rupees, for every day during which the said offence shall be continued

Power to close unlicensed places

234 It shall be lawful for the Magistrate on the application of the Commissioners, to order any place in respect of which a conviction shall have been obtained under the last preceding section to be closed, and thereupon to appoint persons, or otherwise take order, to prevent such place being so used, and every person who shall sell or expose for sale meat, fish, fruit, or vegetables in any place which shall have been so closed, shall be liable, for each offence, to a fine which may extend to ten rupees

Existing markets

235. The owner or lessee of every place used as a market at the time of the extension of this Part to the Municipality, shall be entitled to receive a license for the current Municipal year without the certificate required by Section 231, but in subsequent years the license shall not be renewed without such certificate.

Licenses to be registered.

236 All licenses shall be registered in a book to be kept for that purpose by the Commissioners in their office, in which shall be stated the name of the owner thereof, the name of the lessee, the extent and boundary of the market, and the description of articles sold therein

Transfers to be registered.

237. Every transfer of interest in any such market shall be registered within two months after the date of transfer

করিয়া দিলে কমিশ্যনরেরা বৎসরং ঐ লাইসেন্স দিতে পারিবেন ইতি।

উপযুক্ত স্থানের বিষয়ে সভাপতির সর্টিফিকট দিতেই হইবার কথা।

২৩২ ধারা। উক্ত কোন স্থানের স্বামী লিখিয়া প্রার্থনা করিলে জলনিঃসরণের ও বায়ু চলনের ও জল সংস্কারের উপায় সম্বন্ধে কিম্বা তাহার অন্তর্গত পথপ্রভৃতির উপযুক্ত প্রশস্ততা সম্বন্ধে সেই স্থান বাজার করিবার অনুপযুক্ত নহে সভাপতি ইহা জানিলে উক্ত সর্টিফিকট দিবেন ইতি।

বিনানুমতির স্থানে বাজার করিতে দিবার দণ্ডের কথা।

২৩৩ ধারা। কোন ব্যক্তি কোন স্থানের স্বামী কি পাট্টাদার হইয়া এই খণ্ডমতে লাইসেন্স না পাইয়া স্বেচ্ছাক্রমে কিম্বা শৈথিল্য হেতুক সেই স্থান মাংস কি মাচ কি ফল কি শাকসবজী বিক্রয়ের স্থানস্বরূপ ব্যবহার করিতে দিলে তাহার ২০০৲ দুই শত টাকাপর্য্যন্ত দণ্ড হইতে পারিবে ও যত দিন সেই অপরাধ চলিতে থাকে তাহার দিনপ্রতি ঐ ব্যক্তির ৫০৲ টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে ইতি।

বিনানুমতির স্থান বন্ধ করিবার ক্ষমতার কথা।

২৩৪ ধারা। কোন স্থানের বিষয়ে ইহার পূর্ব্বধারামতে দোষ প্রমাণ হইলে, কমিশ্যনরদের প্রার্থনামতে মাজিষ্ট্রেট সেই স্থান বন্ধ হইবার আজ্ঞা করিতে পারিবেন ও উক্তমতে ঐ স্থানের ব্যবহার করিতে না পারিবার জন্যে তথায় লোক নিযুক্ত করিবেন কিম্বা অন্য উপায়ের বিধান করিবেন। কোন স্থান উক্ত প্রকারে বন্ধ হইলে পর কোন ব্যক্তি তথায় মাংস কি মাচ কি ফল কি শাকসবজী বিক্রয় করিলে তাহার উক্ত প্রত্যেক অপরাধের জন্যে ১০৲ টাকাপর্য্যন্ত দণ্ড হইতে পারিবে ইতি।

এইক্ষণে যে বাজার আছে তাহার কথা।

২৩৫ ধারা। এই খণ্ড কোন মুনিসিপালিটীতে প্রচলিত হইবার সময়ে যে স্থান বাজারস্বরূপ ব্যবহার হইয়া থাকে সেই স্থানের স্বামী কি পাট্টাদার ২৩১ ধারার আজ্ঞামত সর্টিফিকট বিনা চলিত মুনিসিপল সনের নিমিত্ত লাইসেন্স পাইতে পারিবেন। কিন্তু তৎপশ্চাৎ কোন বৎসরে ঐ সর্টিফিকট না পাইলে ঐ লাইসেন্স নূতন করিয়া দেওয়া যাইবে না ইতি।

লাইসেন্স রেজিষ্টরী করিবার কথা।

২৩৬ ধারা। কমিশ্যনরদের কার্য্যালয়ে সকল লাইসেন্স রেজিষ্টরী করা যাইবে। তাহার জন্যে উক্ত কমিশ্যনরদের কার্য্যালয়ে বহী থাকিবে। তন্মধ্যে বাজারের স্বামির ও পাট্টাদারের নাম ও বাজারের আয়তন ও সীমা ও তথায় কিং প্রকারের দ্রব্য বিক্রয় হয় এইং কথা লেখা যাইবে ইতি।

হস্তান্তর কার্য্য রেজিষ্টরী করিবার কথা।

২৩৭ ধারা। উক্ত বাজারে কোন ব্যক্তির যে স্বার্থ থাকে তাহা হস্তান্তর করা গেলে হস্তান্তর করিবার তারিখের পর দুই মাসের মধ্যে তাহাও রেজিষ্টরী করিতে হইবে ইতি।

238. Any market which, or the transfer of which, shall not have been duly registered under the preceding sections, shall be deemed to be a place used as a market without a license

Penalty on omission to register

PART XII

THIRD CLASS MUNICIPALITIES

239. The provisions of this Part shall not apply to any first or second class Municipality created under this Act

Power to extend this Part

240. In and for every third class Municipality the Magistrate of the district shall by a writing under his hand and seal appoint not less than three persons to be a punchayet Or he may permit or cause the election of a punchayet under such rules as the Lieutenant-Governor may from time to time prescribe

Appointment of punchayets.

241. The said Magistrate shall have power to accept resignations and to fill up vacancies in punchayets either by election or by appointment Every member of a punchayet shall hold office for the period of three years, and until a successor be elected or appointed, and shall be eligible for re-election or re-appointment. But no person shall be eligible for membership of the punchayet of any place, unless he be a resident in such place, or the owner or occupier of land therein, or the local agent of such owner, or occupier and resident within one mile from some part of such place It shall be competent to the Magistrate of the district, at the request of one-third of the tax-payers, to remove any member of the punchayet from office

Members of the Punchayet

The Magistrate of the district may delegate the powers vested in him by this section to the Magistrate of the division of the district in which such Municipality is situated

242 The punchayet may impose the tax described at section 38, clause (*a*), of this Act, provided that the tax for any one year shall not exceed twenty-five rupees for every 100 inhabitants

Municipal taxation

২৩৮ ধারা। ইহার পূর্ব্ব কএক ধারামতে বাজার কিম্বা তাহার হস্তান্তর করণ কার্য্য নিয়মিতরূপে রেজিষ্টরী করা না গেলে তাহা লাইসেন্স বিনা বাজারস্বরূপ ব্যবহার হইবার স্থান বলিয়া জ্ঞান হইবে ইতি।

রেজিষ্টরী না করিবার দণ্ডের কথা।

দ্বাদশ খণ্ড।

তৃতীয় শ্রেণীর মুনিসিপালিটীর বিধি।

২৩৯ ধারা। এই আইনমতে প্রথম কি দ্বিতীয় শ্রেণীর যে মুনিসিপালিটী করা যায় তাহার প্রতি এই আইনের বিধান খাটিবে না ইতি।

এই খণ্ড প্রচলিত করিবার ক্ষমতার কথা।

২৪০ ধারা। তৃতীয় শ্রেণীর প্রত্যেক মুনিসিপালিটীতে ও তন্নিমিত্তে জিলার মাজিষ্ট্রেট সাহেব আপনার স্বাক্ষরিত ও মোহরাঙ্কিত লিপিদ্বারা তিন জনের অন্যূন ব্যক্তিকে ঐ স্থানের পঞ্চায়ৎ বলিয়া নিযুক্ত করিবেন। অথবা শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব সময়ে২ যে বিধি নির্দ্দিষ্ট করেন তিনি সেই বিধিমতে পঞ্চায়ৎ মনোনীত করিবার অনুমতি দিবেন বা মনোনীত করাইবেন ইতি।

পঞ্চায়ত নিযুক্ত করিবার কথা।

২৪১ ধারা। পঞ্চায়তের কোন ব্যক্তি আপনার ঐ কর্ম্ম ত্যাগ করিতে চাহিলে উক্ত মাজিষ্ট্রেট সাহেব সেই ত্যাগকরণ পত্র গ্রাহ্য করিতে পারিবেন এবং শূন্য পদে মনোনীত করণ দ্বারা কিম্বা নিযুক্ত করণ দ্বারা অন্য ব্যক্তিকে নিযুক্ত করিতে পারিবেন। পঞ্চায়তের অন্তর্গত প্রত্যেক ব্যক্তি তিন বৎসর পর্য্যন্ত উত্তরপদধারী যত কাল মনোনীত কি নিযুক্ত না হন তত কাল সেই পদে থাকিবেন। তৎপরে তাঁহাকে পুনরায় মনোনীত বা নিযুক্ত করা যাইতে পারিবে। কোন ব্যক্তি যে স্থানে বাস না করেন, কিম্বা যে স্থানের ভূম্যধিকারী কি দখীলকার না হন কিম্বা তাদৃশ ভূম্যধিকারির কি দখীলকারের তৎস্থানীয় গোমাশতা না হন এবং ঐ গ্রামের কোন স্থানহইতে এক মাইলের মধ্যে বাস না করেন তিনি সেই স্থানের পঞ্চায়তের পদে মনোনীত হইতে পারিবেন না। যে ব্যক্তিরা টাক্স দিয়া থাকেন তাঁহারদের তৃতীয়াংশ ব্যক্তির প্রার্থনা হইলে জিলার মাজিষ্ট্রেট সাহেব পঞ্চায়তের অন্তর্গত কোন ব্যক্তিকে ঐ পদহইতে অবসর করিতে পারিবেন।

পঞ্চায়তের অন্তর্গত ব্যক্তিদের কথা।

এই ধারাক্রমে জিলার মাজিষ্ট্রেট সাহেবের প্রতি যে২ ক্ষমতা অর্পিত হইল জিলার যে খণ্ডে মুনিসিপালিটী থাকে তিনি সেই খণ্ডের মাজিষ্ট্রেটের প্রতি সেই২ ক্ষমতা অর্পণ করিতে পারিবেন ইতি।

২৪২ ধারা। পঞ্চায়ৎ এই আইনের ৩৮ ধারার (ক) প্রকরণের নির্দ্দিষ্ট টাক্স ধার্য্য করিতে পারিবেন। কিন্তু যত জনের বসতি থাকে তাহাদের শত২ জন প্রতি কোন বৎসর ২৫ টাকার অধিক টাক্স হইবে না ইতি।

মুনিসিপল টাক্স ধার্য্য করিবার কথা।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭২। ৩০ জুলাই।]

243. The assessment of such tax shall be made subject to the provisions of Part III., Chapter 2, of this Act by the punchayet, who shall discharge all the powers and duties therein vested in the Commissioners

Manner of assessment

244. Every punchayet shall appoint one of their number to be their President, to receive and collect the tax, and to grant receipts for the same, and to keep the accounts thereof, and the punchayet may permit him to retain any sum not exceeding six per cent of the amount collected by him in order to meet the costs of such collection

Appointment and duty of the President

245. The tax due every quarter shall be payable in advance on the first day thereof

Tax payable in advance

246. Immediately after the tenth day of each quarter the President shall prepare a list of the persons who may have failed to pay their respective instalments of the tax for such quarter showing the amount due from each of such defaulters, and shall publish such list in some conspicuous place in the Municipality

List of defaulters to be made out

247. The President shall thereupon issue a writing in the form in Schedule (I) signed by him, authorizing such person as may be therein named to levy, by distress and sale of a sufficient portion of the movable property of such defaulters, the amount of their respective arrears

Power to distress for taxes

248. The person so authorized shall seize such movable property of each of such respective defaulters as he shall deem sufficient, and shall be responsible for the due custody thereof He shall make an inventory thereof, and shall at the same time give notice, by beat of drum, of the time and place where such movable property shall be sold Such time of sale shall be not less than two days, nor more than five days, from the time of the notice thereof

Manner of executing distress

249. In case any defaulter shall not, within the time specified by such notice, pay the amount due by him, the movable property distrained, or such portion of it as may be necessary,

Sale in execution of warrant

২৪৩ ধারা। পঞ্চায়ত এই আইনের তৃতীয় খণ্ডের ২ অধ্যায়ের বিধান বশে ঐ টাকস ধার্য্য করিবেন ও সেই অধ্যায়ে কমিশনরদের প্রতি যে সকল ক্ষমতা ও কর্ত্তব্য কর্ম্ম বর্ত্তে পঞ্চায়তের প্রতি তাহা বর্ত্তিবে ইতি।

টাকস ধার্য্য করিবার নিয়মের কথা।

২৪৪ ধারা। প্রত্যেক পঞ্চায়ত আপনারদের সভাপতি হইবার জন্যে এবং টাকস গ্রহণ ও আদায় করিবার ও তাহার রসীদ দিবার ও তাহার হিসাব রাখিবার কর্ম্মে আপনারদের এক ব্যক্তিকে নিযুক্ত করিতে পারিবেন। ঐরূপে যে ব্যক্তি নিযুক্ত হন তিনি যত টাকা আদায় করেন পঞ্চায়ত তাঁহাকে সেই টাকাহইতে ঐ টাকস আদায় করিবার খরচের জন্যে বরিশা শতকরা ৬৲ টাকার অনধিক রাখিবার অনুমতি দিতে পারিবেন ইতি।

সভাপতির নিযুক্ত হওনের ও কর্ত্তব্য কর্ম্মের কথা।

২৪৫ ধারা। তিনং মাসে যে টাকস দেনা হয় তাহা ঐ তিন মাসের প্রথম দিবসে অগ্রিম দিতে হইবে ইতি।

টাকস অগ্রিম দিবার কথা।

২৪৬ ধারা। কোন তিন মাসে টাকসের যে কিস্তি পাওনা হয় যাঁহারা সেই কিস্তি দিতে ত্রুটি করিয়াছেন সভাপতি সেই তিন মাসের দশম দিনের পর তাঁহারদের নাম নির্ঘণ্ট ও যাঁহার স্থানে যত টাকা পাওনা থাকে ইহার ফর্দ্দ প্রস্তুত করিয়া মুনিসিপালিটীর কোন প্রকাশ্য স্থানে ঐ ফর্দ্দ প্রকাশ করিবেন ইতি।

বাকীদারদের নামনির্ঘণ্ট করিবার কথা।

২৪৭ ধারা। সভাপতি তাহা করিলে পর (I) চিহ্নিত তফসীলের পাঠানুসারে এক লিপি স্বাক্ষর করিয়া প্রচার করিবেন। সেই লিপি যে ব্যক্তির নামে লিখিয়া দেওয়া যায় তাহার প্রতি এই ক্ষমতা দিবেন যে, উক্ত বাকীদার প্রত্যেক জনের অস্থাবর যত দ্রব্য ক্রোক ও বিক্রয় করিলে তাহারদের বাকী আদায় হইতে পারে তাহারদের তত দ্রব্য ক্রোক ও বিক্রয় করিয়া ঐ বাকী আদায় করিয়া লন ইতি।

টাকসের নিমিত্ত ক্রোক করিবার ক্ষমতার কথা।

২৪৮ ধারা। যে ব্যক্তির প্রতি উক্ত ক্ষমতা দেওয়া যায় তিনি প্রত্যেক জন বাকীদারের অস্থাবর যত দ্রব্য বাকীশোধের উপযুক্ত জ্ঞান করেন তাহা ধরিয়া লইবেন ও ঐ দ্রব্য উপযুক্ত মতে রাখিবার বিষয়ে তিনিই দায়ী হইবেন। তিনি ঐ সকল দ্রব্যের নির্ঘণ্টপত্র লিখিয়া তাহা যে সময়ে ও স্থানে বিক্রয় করা যাইবে ঢেঁড়রা দিয়া তাহার নোটিস দিবেন। ঐ নোটিস দিবার সময়াবধি দুই দিনের ন্যূন ও পাঁচ দিনের অনধিক ঐ দ্রব্য বিক্রয়ের দিন ধার্য্য হইবে ইতি।

ক্রোক করিবার নিয়মের কথা।

২৪৯ ধারা। ঐ নোটিসে যে সময় নির্দ্দিষ্ট থাকে কোন বাকীদার সেই সময়ের মধ্যে আপনার দেনা টাকা না দিলে ক্রোক করা অস্থাবর দ্রব্য কিম্বা তাহার যে অংশ আবশ্যক হয় তাহা

পরওয়ানাক্রমে বিক্রয় হইবার কথা।

shall be sold by auction at the place and time specified in the most public manner possible, and the proceeds shall be applied in discharge of such amount, and the surplus, if any, shall be returned on demand to the person in possession of the movable property at the time of the seizure, or, if unclaimed for a period of twelve months, shall be transferred to the Municipal Fund

Objections how to be made.

250. Whenever any person whose name has been included in any list of defaulters may dispute his liability to pay the amount mentioned in such list or any portion thereof, he may apply to the Magistrate, either orally or in writing, stating the grounds of his objection, and the Magistrate shall examine his objection and pass such order thereon as to him shall seem proper

What property may be distrained

251. All movable property, except ploughs, plough-cattle, tools, and implements of trade or agriculture, found in or upon any house or land occupied by any defaulter, shall be deemed to be his property, and shall be liable to be distrained and sold for the recovery of the arrear If the movable property distrained belong to any person other than the defaulter, the defaulter shall be liable to indemnify the owner of such movable property for any damage he may sustain by reason of such distress, or by reason of any payment he may make to avoid such distress or any sale under the same.

Distress not to be levied after six months

252. No arrears shall be recovered by distress after the expiration of six months from the day on which the same shall have become due

Appeal against distress

253 Any person whose property has been distrained or sold contrary to the provisions of the two last preceding sections, may apply to the Magistrate, either orally or in writing, and the Magistrate, after hearing the applicant's statement and making such inquiry as he may see fit, shall pass such order as he may deem proper on the application

Application of tax

254 The proceeds of the tax, together with any fines and other money realized under this Part, shall constitute a fund which shall be called "The Municipal Fund" The punchayet shall apply such fund in the first instance to the payment of chokidars, and may apply the surplus thereof within the limits of the Municipality to the supply of drinking water for the residents or for their

নির্দ্দিষ্ট সময়ে ও স্থানে সাধ্যমতে প্রকাশরূপে নীলাম করা যাইবে ও তদ্দ্বারা যে টাকা পাওয়া যায় তাহা ঐ পাওনার পরিশোধে প্রযোগ হইবে। উদ্বর্ত্ত থাকিলে ঐ অস্থাবর দ্রব্য ক্রোক করিবার সময়ে যাহার অধিকারে ছিল তিনি চাহিলে ঐ উদ্বর্ত্ত তাঁহাকে দেওয়া যাইবে। বারো মাসপর্য্যন্ত ঐ উদ্বর্ত্ত টাকার দাওয়া না হইলে তাহা মুনিসিপল ফণ্ডে জমা করিয়া দেওয়া যাইবে ইতি।

আপত্তি যেরূপে করা যাইবে তাহার কথা।

২৫০ ধারা। বাকীদারদের কোন নির্ঘণ্টপত্রে যাহার নাম লেখা থাকে এমত কোন ব্যক্তি ঐ নির্ঘণ্টপত্রলিখিত টাকার কিম্বা তাহার কোন এক অংশের দায়ী হওনবিষয়ে প্রতিবাদ করিলে তিনি মাজিষ্ট্রেটের নিকট লিখনদ্বারা কিম্বা বাচনিক প্রার্থনা করিয়া আপনার আপত্তির হেতু জানাইবেন। মাজিষ্ট্রেট তাঁহার আপত্তি পরীক্ষা করিয়া দেখিয়া তদ্বিষয়ের যে আজ্ঞা উচিত বোধ করেন করিবেন ইতি।

যেং প্রকারের দ্রব্য ক্রোক হইতে পারে তাহার কথা।

২৫১ ধারা। বাকীদারের দখল করা কোন ঘরে কি জমীতে কি তাহার উপরে লাঙ্গল ও হালিয়া গোরু-প্রভৃতি ও ব্যবসায়ের কি কৃষিকার্য্যের হাতিয়ার বা যন্ত্র ছাড়া অস্থাবর যে দ্রব্য পাওয়া যায় তাহা তাঁহার দ্রব্য বলিয়া জ্ঞান হইবে ও বাকী আদায়ের জন্যে তাহা ক্রোক ও নীলাম হইতে পারিবে। অস্থাবর যে দ্রব্য ক্রোক করা যায় তাহা যদি বাকীদারভিন্ন অন্য ব্যক্তির দ্রব্য হইয়া থাকে, তবে ঐ ক্রোক করণদ্বারা ঐ অন্য ব্যক্তির কোন প্রকারের হানি হইলে কিম্বা ঐ দ্রব্য ক্রোক করা না যায় কিম্বা ক্রোক হইয়া বিক্রয় না হয় এই নিমিত্তে তিনি টাকা দিলে তাঁহার নিকট ঐ বাকীদার সেই হানিপূরণের দায়ী হইবে ইতি।

ছয় মাসের পর ক্রোক হইতে না পারিবার কথা।

২৫২ ধারা। বাকী যে দিনে পাওনা হয় সেই দিনের পর ছয় মাস গত হইলে ঐ বাকী আদায়ের জন্যে ক্রোক হইতে পারিবে না ইতি।

ক্রোকের উপর আপীলের কথা।

২৫৩ ধারা। ইহার পূর্ব্ব দুই ধারার বিধানের বিপক্ষে কোন ব্যক্তির দ্রব্য ক্রোক কি নীলাম করা গেলে তিনি মাজিষ্ট্রেটের নিকট লিখনক্রমে কি বাচনিক আপীল করিতে পারিবেন। মাজিষ্ট্রেট তাঁহার কথা শুনিয় ও যদ্রূপ অনুসন্ধান করা বিহিত বুঝেন তাহা করিয়া ঐ আপীলের বিষয়ে যে আজ্ঞা উচিত বোধ করেন করিবেন ইতি।

টাক্স যে বর্গে প্রয়োগ হইবে তাহার কথা।

২৫৪ ধারা। এই খণ্ডমতে টাক্স আদায় হইয়া যত টাকা তোলা যায় ও অর্থদণ্ডের ও অন্য যে টাকা আদায় হয় তাহা সমুদয় লইয়া মুনিসিপল ফণ্ড নামে এক তহবীল করা যাইবে। সেই ফণ্ডহইতে পঞ্চায়ত প্রথমে চৌকীদারদের বেতন দিবেন; অবশিষ্ট যাহা থাকে তাহা মুনিসিপালিটীর সীমার অন্তর্গত গৃহ বাসিদের কিম্বা গোমেষাদির খাইবার জলসম্পাদ্যের কার্য্য ও পাঠশালার ব্যয় পোষণ

cattle, to the support of *patshalas* or village schools, and to conservancy purposes

Payment of chokidar before taxes are raised

255. Every person who, at the time of the extension of this Part to any place, is the chokidar thereof, or whose duty it is under any other designation to keep watch and ward therein, shall continue to perform such duty until the day fixed by the Magistrate as the date on which the first instalment of any tax imposed under the provisions of this Act shall become payable, and shall be remunerated for such services according to the usage which may prevail at that time in such place

Appointment of chokidars

256 The punchayet shall appoint such persons to be chokidars as they may deem fit The number of such chokidars shall not exceed on the average one to every 300 inhabitants, provided that the punchayet may appoint one chokidar in excess of such average, if such appointment shall seem to them expedient with reference to the number of the inhabitants or the location of the houses

Salary

The salary of each chokidar shall not be less than three rupees a month

Present chokidars to be retained

257 Subject to the above provision any person who, at the time of the extension of this Part to any place, is the chokidar thereof, or whose duty it is under any other designation to keep watch and ward therein, shall be appointed by the punchayet to be a chokidar therein, provided that in the opinion of the Magistrate he is competent to perform the duties set forth in section 270 Provided also that if the number of such persons in any place is greater than the maximum number fixed by the last preceding section, the Magistrate of the district may select from the whole number and may relieve from the duty of watch and ward so many as are in excess of the fixed number, and the persons so relieved shall be deemed to have ceased to hold such office

If incompetent

258. If such person is in the opinion of the Magistrate incompetent to perform such duties, the punchayet shall appoint a proper person in his room, provided that the Magistrate of the district shall dispose of any chakaran land which he may have held under the provisions hereinafter contained

কর্ম্যে ও গ্রাম পরিপাটীভাবে রাখিবার সামান্য কার্য্যে প্রয়োগ হইবে ইতি।

টাক্স তুলিবার পূর্ব্বে চৌকীদারদের বেতনের কথা।

২৫৫ ধারা। এইখণ্ড কোন স্থানে প্রচলিত করিবার সময়ে যে ব্যক্তি তথাকার চৌকীদার হয় কিম্বা তাহার অন্য কোন খ্যাতি থাকিলে ও সেই স্থানে চৌকী দেওয়া ও প্রহরির কর্ম্ম করা যাহার কর্ত্তব্য এই আইনের বিধানমতে অবধারিত কোন টাক্সের প্রথম কিস্তি দেনা হইবার তারিখ বলিয়া মাজিষ্ট্রেট যে তারিখ নির্দ্ধার্য্য করেন ঐ ব্যক্তি সেই তারিখপর্য্যন্ত ঐ কর্ম্ম করিতে থাকিবে ও তৎকালে সেই স্থানের রীত্যনুসারে সে ঐ কর্ম্মের বেতন তাহা পাইবে ইতি।

চৌকীদারদিগকে নিযুক্ত করিবার কথা।

২৫৬ ধারা। পঞ্চায়ত যাহারদিগকে চৌকীদারী কর্ম্মের উপযুক্ত বোধ করেন তাহারদিগকে নিযুক্ত করিবেন। গ্রামের যত জনের বসতি থাকে তাহারদের তিন২ শত জন প্রতি এক২ জন চৌকীদারের অধিক হইবে না। কিন্তু সেই হিসাবমতে যত জনকে নিযুক্ত করা যায় পঞ্চায়ত, নিবাসি লোকদের সংখ্যা কিম্বা ঘর সকল স্থানে২ যদ্রূপে থাকে তদ্বিবেচনায় যদি অধিক লোককে নিযুক্ত করা বিহিত বোধ করেন, তবে আর এক জন চৌকীদারকে নিযুক্ত করিতে পারিবেন।

বেতনের কথা।

চৌকীদারের বেতন তিন টাকার কম হইবে না ইতি।

এইক্ষণে যাহারা চৌকীদার আছে তাহারদিগকে রাখিবার কথা।

২৫৭ ধারা। এই খণ্ড যে সময়ে কোন স্থানে প্রচলিত করা যায়, পূর্ব্বোক্ত বিধানের বশে যে ব্যক্তি সেই সময়ে ঐ স্থানের চৌকীদার হয়, কিম্বা তাহার অন্য খ্যাতি থাকিলে ঐ স্থানে চৌকী দেওয়া কি প্রহরির কর্ম্ম করা যাহার কর্ত্তব্য হয় মাজিষ্ট্রেটের বিবেচনায় সেই ব্যক্তি ২৭০ ধারার নির্দ্দিষ্ট কর্ম্ম করিতে সক্ষম হইলে পঞ্চায়ত তাহাকে সেই গ্রামের চৌকীদারী কর্ম্মে নিযুক্ত করিবেন। পরন্তু ইহার পূর্ব্ব ধারায় উক্ত প্রকারের লোকদের অত্যুচ্চ যে সংখ্যা নির্দ্ধারিত হইয়াছে সেই স্থানে তদধিক জন চৌকীদার থাকিলে, মাজিষ্ট্রেট সাহেব তাহারদের হইতে কএক জনকে বাছিয়া লইবেন ও উক্ত সংখ্যার অধিক যত জন থাকে তিনি তাহারদিগকে চৌকী দেওন কার্য্যহইতে ছাড়াইয়া দিতে পারিবেন ও যত জনকে ছাড়াইয়া দেওয়া যায় তাহারদের সেই কর্ম্ম রহিত হইল জ্ঞান হইবে ইতি।

কর্ম্মের অক্ষম হইলে তাহারদের কথা।

২৫৮ ধারা। তদ্রূপ কোন ব্যক্তি মাজিষ্ট্রেটের বিবেচনায় উক্ত কর্ম্ম নির্ব্বাহ করিতে অক্ষম হইলে, পঞ্চায়ত তাহার স্থানে উপযুক্ত ব্যক্তিকে নিযুক্ত করিবেন। কিন্তু যদি সেই ব্যক্তির দখলে পশ্চাৎলিখিত বিধানমত চাকরাণ জমী থাকে তবে জিলার মাজিষ্ট্রেট সাহেব সেই ভূমি লইয়া স্বেচ্ছামতে কর্ম্ম করিতে পারিবেন ইতি।

If chokidar holds sufficient chakaran land

259. If such person is remunerated by the enjoyment of chakaran land, whether held rent-free or on the payment of a quit-rent, and it shall appear to the punchayet that the amount of the net annual profits derivable by such person from such land, which amount shall be deemed to be the probable annual letting value of such land minus any quit-rent payable thereon, is not less than the amount of the salary fixed by the punchayet, such person shall be bound to perform the duties of a chokidar as defined in this Part without further remuneration.

If less than sufficient

If it shall appear in such case that the said amount is less than the fixed amount of the salary, the punchayet shall pay to such person the difference between the said amount and the amount of the said salary by equal monthly instalments.

When a chokidar is dismissed

260. Whenever any such person, who has been remunerated by the enjoyment of chakaran land, shall cease to hold such office, the Magistrate of the district, subject to such rules as the Lieutenant-Governor may from time to time prescribe, shall place the chokidar who is appointed in the room of such person in possession of such chakaran land, or shall dispose of it in either of the following ways, that is to say,

the chakaran land may be left in his possession

he may permit such person to retain possession of the land, subject to the payment to the punchayet of one-half of the annual letting value thereof minus one-half of any quit-rent payable thereon, and also subject to any duties in addition to those of watch and ward which he is bound to perform for or under the orders of the zemindar or other person entitled to demand them, or subject to such other settlement as may be lawfully made between them.

or may be made over to the zemindar

or he may make the land over to the zemindar, or other person who is entitled to the services of the holder thereof, subject to the payment to the punhayet of one-half of the annual letting value hereof minus one-half of any quit-rent due to himself, and subject also to any right or interest which may be vested in the holder thereof.

চৌকীদারের দখলে বিশিষ্ট চাকরাণ জমী থাকিলে তাহার কথা।

২৫৯ ধারা। যদি নিষ্কর কিম্বা অল্পখাজানাদিয়া চাকরাণ ভূমি ভোগ করণদ্বারা সেই ব্যক্তির মেহনতানাব নিয়ম থাকে হয়, ও বৎসর২ খরচাবাদে ঐ ভূমিহইতে ঐ ব্যক্তিব যত টাকা উৎপন্ন হয়, তাহা পঞ্চাযতের নির্দ্ধারিত বেতনের কম পঞ্চায়ত এমত বোধ করিলে অন্য পারিশ্রমিক না লইয়া সেই ব্যক্তির এই খণ্ডের নির্দ্দিষ্ট চৌকীদারেব কর্ম্ম করিতেই হইবে। ঐ ভূমি হইতে কত টাকা প্রাপ্তি হয ইহা নিরূপণ করিতে হইলে ভূমিব যে অল্প খাজানা দেওয়া যায তাহা বাদ দিয়া বৎসর২ যত টাকা খাজানায ঐ ভূমি পাট্টা কবিয়া দেওয়া যাইতে পারে তত টাকাই তাহার প্রাপ্তি বলিয়া জ্ঞান হইবে।

বিশিষ্ট না হইলে তাহার কথা।

উক্ত প্রকারের কোন স্থলে ঐ প্রাপ্তি নির্দ্ধারিত বেতনের কম বোধ হইলে ঐ প্রাপ্তির ও নির্দ্ধারিত বেতনের যত টাকা বিশেষ হয পঞ্চাযত মাসে২ কিস্তি কবিয়া তাহাকে তত টাকা দিবেন ইতি।

চৌকীদারকে অবসর করা গেলে তদ্বিষয়ের কথা।

২৬০ ধারা। চাকরাণ ভূমি ভোগ দ্বারা উক্ত প্রকার ব্যক্তির মেহনতানা দেওয়া গেলে, যদি সেই ব্যক্তির ঐ পদ রহিত হয, তবে শ্রীযুত লেপ্টনেন্ট গবর্ণর সাহেব সময়ে২ যে বিধি নির্দ্দিষ্ট করেন জিলাব মাজিষ্ট্রেট সাহেব ঐ বিধির বশে কর্ম্ম কবিয়া উক্ত ব্যক্তির পরিবর্ত্তে যে চৌকীদার নিযুক্ত হয তাহাকে ঐ চাকরাণ ভূমিব দখল দিতে পারিবেন অথবা ঐ ভূমি লইযা নিম্নলিখিত অন্যতর প্রকারে কার্য্য করিবেন। বিশেষতঃ

চাকরাণ ভূমি সেই ব্যক্তির অধিকারে থাকিবার কথা।

ঐ ভূমির উপর তাহার যে অল্প খাজানা দিতে হয তাহার অর্দ্ধেক বাদ দিযা ঐ ভূমি বৎসর যত টাকা খাজানায পাট্টা করিয়া দেওয়া যাইতে পারে ঐ ব্যক্তি তাহার অর্দ্ধেক পঞ্চাযতকে দিলে, এবং জমিদারের কি অন্য যে ব্যক্তি তাহার স্থানে চাকরীর দাওয়া করিতে পারেন তাঁহার নিমিত্ত কি তাঁহার আজ্ঞাক্রমে চৌকীদারীর অতিরিক্ত তাহার অন্য যে কার্য্য করিতে হইবে তাহাও করিলে, কিম্বা জমীদার প্রভৃতির সঙ্গে সেই ব্যক্তি আইনমতে অন্য যে বন্দোবস্ত করিতে পারে সেই বন্দোবস্তমতে কর্ম্ম করিলে সেই ভূমি ঐ ব্যক্তির ভোগ দখলে থাকিতে পারিবে।

কিম্বা জমিদারকে সমর্পণ করিবার কথা।

অথবা ঐ ভূমির উপর জমীদারের যে অল্প খাজানা দিতে হয় তাহার অর্দ্ধেক বাদ দিযা ঐ ভূমি বৎসর যত টাকা খাজানায পাট্টা করিয়া দেওয়া যাইতে পারে পঞ্চাযৎকে তাহার অর্দ্ধেক দিবার নিয়মে এবং ঐ ভূমি ভোগির প্রতি যে অধিকার কি সম্পর্ক বর্ত্তে মাজিষ্ট্রেট সাহেব তাহা মানিয়া জমীদারকে কিম্বা ঐ ভূমি ভোগির পরিবর্ত্তে অন্য যে ব্যক্তির চাকরী পাইবার অধিকার থাকে তাহাকে ঐ ভূমি অর্পণ করিতে পারিবেন ইতি।

261. The Magistrate of the district may cause a survey to be made of such chakaran land, and shall find after inquiry made by himself, or by any Magistrate whom he may depute for such purpose, the amount from time to time of the annual letting value of such land An appeal shall lie from such finding, if preferred within thirty days to the Commissioner of division, whose decision shall be final

Survey of chakaran land

262. Any arrear of the amount due to the punchayet, on account of the annual letting value of such land, may be recovered as an arrear of tax by proceedings taken under the rules contained in this part, or as an arrear of rent by suit in a competent Court

Arrear how to be recovered

263. Whenever by the usage existing in any place before the extension thereto of this Act the chokidar or other person appointed to keep watch and ward therein is remunerated by contributions of money or grain realized by himself or other person from the inhabitants, or in any other way whatsoever, it shall be lawful for the punchayet, with the sanction of the Magistrate of the district, to maintain such usage or at any time to discontinue it

If chokidar has been paid in kind

If it shall be determined to maintain such usage, the punchayet shall ascertain and record, subject to the supervision of the Magistrate of the district, the classes of the inhabitants by whom such remuneration is contributed, and the nature and amount or estimated value of the contribution for which each of such inhabitants is liable, and may from time to time recover any arrears of such contributions under the rules contained in this part for the recovery of arrears of such contribution or the value thereof, and shall be responsible for the punctual payment of such remuneration to the chokidar In any such case a sum equivalent to the contribution recorded as payable by any such inhabitant shall be deducted from any assessment imposed on him under section 242

Such usage may be maintained

Proviso

Provided that whenever such usage is maintained, the punchayet shall pay to such chokidar by equal monthly instalments the difference between the total amount or estimated value of the contri-

২৬১ ধারা। জিলার মাজিষ্ট্রেট সাহেব তদ্রূপ চাকরাণ ভূমি জরীপ করাইয়া লইতে পারেন। ও ঐ ভূমি বৎসর যত টাকা খাজানায় পাট্টা করিয়া দেওয়া যাইতে পারে আপনি সময়২ তদন্ত লইয়া কিম্বা তৎকার্য্যে যে কোন মাজিষ্ট্রেটকে নিযুক্ত করেন তাঁহার দ্বারা তদন্ত লইয়া ইহা নির্ণয় করিবেন। তাঁহার সেই নির্ণয়ের উপর খণ্ডের কমিশ্যনর সাহেবের নিকট আপীল হইতে পারিবে কিন্তু ত্রিশ দিনের মধ্যে ঐ আপীল উপস্থিত করিতে হইবে তাঁহার নিষ্পত্তি চূড়ান্ত হইবে ইতি।

চাকরাণ ভূমির জরীপ করিবার কথা।

২৬২ ধারা। ঐ ভূমি বৎসর যত টাকা খাজানায় পাট্টা করিয়া দেওয়া যাইতে পারে তদুপলক্ষে পঞ্চায়তের কোন বাকী পাওনা থাকিলে এই খণ্ডের নির্দ্দিষ্ট বিধিমতে কার্য্যানুষ্ঠান করিয়া বাকী টাকুসের ন্যায় ঐ বাকী আদায় হইতে পারিবে অথবা উপযুক্ত ক্ষমতাপন্ন আদালতে মোকদ্দমা করিয়া বাকী খাজানার ন্যায় আদায় হইতে পারিবে ইতি।

বাকী যেরূপে আদায় করা যাইবে তাহার কথা।

২৬৩ ধারা। কোন স্থানে এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে সেই স্থানের আচারমতে চৌকীদার কিম্বা চৌকী রাখিবার কার্য্যে নিযুক্ত অন্য ব্যক্তি যদি আপনি কি অন্য ব্যক্তির দ্বারা নিবাসিলোকদের স্থানে টাকা কি শস্য আদায় করিয়া কিম্বা অন্য কোন প্রকারে মেহনতানা পাইত, তবে পঞ্চায়ত জিলার মাজিষ্ট্রেট সাহেবের অনুমতি লইয়া সেই আচার প্রবল রাখিতে পারিবেন। অথবা কোন সময়ে তাহা রহিত করিতে পারিবেন।

শস্যাদি দিয়া চৌকীদারের বেতন দেওয়া গেলে তাহার কথা।

ঐ রীতি প্রবল রাখিতে স্থির করা গেলে, ঐ স্থাননিবাসি যে২ শ্রেণীর লোক ঐ প্রকারে মেহনতানা দিয়া থাকে ও প্রত্যেক জন কি প্রকারের দ্রব্য বা কত টাকা দিয়া থাকেন বা যাহা দিয়া থাকেন তাহার কত মূল্য অনুমান হয়, পঞ্চায়ত জিলার মাজিষ্ট্রেট সাহেবের তত্ত্বাবধানে ইহা নিরূপণ করিয়া লিপিবদ্ধ করিবেন। ও তদ্রূপ শস্যাদি দেওয়া বাকী পড়িলে এই খণ্ডে ঐ শস্যাদির কি তাহার মূল্যের বাকী আদায়ের যে বিধি আছে পঞ্চায়ত সময়ে২ সেই বিধিমতে ঐ দ্রব্যাদি আদায় করিবেন ও ঠিক সময়মতে চৌকীদারের সেই মেহনতানা পাইবার বিষয়ে দায়ী হইবেন।

ঐ রীতি প্রবল রাখিবার কথা।

উপবিধি। উক্ত কোন স্থলে উক্ত স্থাননিবাসি কোন ব্যক্তির দেনা বলিয়া শস্যাদির যত মূল্য লিপিবদ্ধ হয় ২৪২ ধারামতে তাহার অবধারিত টাকুসহইতে সেই মূল্য বাদ দেওয়া যাইবে।

আরো যদি সেই প্রকারের রীতি প্রবল রাখা যায়, তবে তদ্রূপ দত্ত টাকা কি শস্যাদির মূল্য চৌকীদারের নির্দ্ধারিত বেতনের কম হইলে মোটে সেই দত্ত টাকা কি শস্যাদির আনুমানিক মূল্য ঐ বেতনের

butions and the fixed amount of the salary, if the amount or value of the contributions is less than the amount of the salary

If the zemindar has been realizing chokidari duties.

264 If it shall appear to the Magistrate of the district, after inquiry duly made by him or by any other Magistrate, that in any such Municipality the landholder has, before the extension of this Act thereto, realized from the tenants, whether as a part of the annual rental of their tenures, or under any other denomination, any money or duties for the purpose of remunerating the chokidar or other person keeping watch and ward therein, and if the amount so realized cannot be distinguished from the rental or payment made under other denomination, he shall certify his finding to the punchayet, and it shall be lawful for the punchayet to maintain or to discontinue such usage Provided that an appeal shall lie from such finding of the Magistrate of the district to the Commissioner of the division if preferred within sixty days

Such usage may be maintained

Such usage shall not be maintained unless the landholder consents to pay monthly to the punchayet the full amount of the salary of the chokidar which may be fixed by the punchayet In such case the punchayet shall ascertain and record the names of the tenants from whom the chokidari duty is being realized by such landholder, and shall be responsible for the punctual payment of the salary of such chokidar, and shall have power to recover from the landholder any arrear of such salary under the rules provided in this Part for the recovery of arrears of tax When such usage is maintained, the tax imposed on such tenants under the provisions of section 242 shall not exceed the rate of ten rupees per annum for every one hundred inhabitants, and the proceeds of such tax shall be applied to the purposes set forth in section 251

or may be discontinued

If it shall be determined to discontinue such usage, the assessment imposed under section 242 shall be made without reference to the amount realized by the landholder, and one-half of the amount assessed on each tenant shall be deducted from his annual rental, and the landholder shall not be entitled to recover such portion of the annual rental or to demand payment of any duty on such account under any denomination whatsoever

যত কম হয় পঞ্চায়ত মাসিক সমান কিস্তি করিয়া ঐ কমী পূর্ণ করিয়া দিবেন ইতি ।

জমীদার চৌকীদারী মাসুল আদায় করিয়া থাকিলে তদ্বিষয়ের কথা ।

২৬৪ ধারা । উক্ত মুনিসিপালিটীতে এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে চৌকীদারের কিম্বা গ্রামের মধ্যে অন্য যে ব্যক্তি চৌকী রাখে কি প্রহরির কর্ম্ম করে তাহার বেতন দিবার জন্যে জমীদার বার্ষিক খাজানার একাংশ বলিয়া কিম্বা অন্য কোন নামানুসারে ঐ প্রজাদের স্থানে কিছু টাকা কি মাসুল লইয়া থাকেন, জিলার মাজিষ্ট্রেট সাহেব নিজে কিম্বা অন্য কোন মাজিষ্ট্রেটের দ্বারা উপযুক্ত মতে তদন্ত লইয়া ইহা জানিতে পাইলে, ও তদ্রূপে যে টাকা আদায় হয় তাহার মধ্যে কত টাকা খাজানা হয় ও অন্য কোন নাম বলিয়া কত টাকা লওয়া গিয়া থাকে ইহার বিশেষ নিরূপণ করা যাইতে না পারিলে, তিনি উক্তরূপে যাহা নির্ণয় করিলেন তাহা পঞ্চায়তকে শংসিত মতে জানাইবেন । পঞ্চায়ত সেই রীতি প্রবল রাখিতে কি রহিত করিতে পারিবেন । কিন্তু জিলার মাজিষ্ট্রেট সাহেবের সেই নির্ণয়ের উপর দেশখণ্ডের কমিশ্যনর সাহেবের নিকট আপীল হইতে পারিবে । ষাইট দিনের মধ্যে আপীল উপস্থিত না করিলে গ্রাহ্য হইবে না ।

ঐ রীতি প্রবল রাখিতে পারিবার কথা ।

পঞ্চায়ত চৌকীদারের যে বেতন নির্দ্ধার্য্য করেন জমীদার মাসে২ পঞ্চায়তকে সেই বেতনের সমুদয় টাকা দিতে স্বীকার না করিলে সেই রীতি প্রবল করিয়া রাখা যাইবে না । এমন স্থলে জমীদার যে২ রায়তের স্থানে চৌকীদারী মাসুল আদায় করিয়া থাকেন পঞ্চায়ত তাহারদের নাম জানিয়া লইয়া লিখিয়া রাখিবেন । ও সেই চৌকীদারের বেতন ঠিক সময়মতে দিবার বিষয়ে পঞ্চায়ত দায়ী হইবেন । এবং এই খণ্ডে বাকী টাক্স আদায় করিবার যে বিধি আছে তাঁহারা জমীদারের স্থানে সেই বিধিমতে ঐ বেতনের বাকী আদায় করিতে পারিবেন । উক্ত রীতি প্রবল রাখা গেলে ২৪২ ধারার বিধানমতে ঐ প্রজাদের উপর যে টাক্স ধার্য্য হয় তাহা গ্রামনিবাসিদের শত জন প্রতি বৎসর ১০৲ টাকার অধিক হইবে না । ঐ টাক্সের যে টাকা পাওয়া যায় তাহা ২৫৪ ধারার নির্দ্দিষ্ট কার্য্যে প্রয়োগ হইবে ।

অথবা রহিত হইতে পারিবার কথা ।

সেই রীতি রহিত করিতে স্থির করা গেলে জমীদার যে টাকা আদায় করেন তাহার প্রতি দৃষ্টি না রাখিয়া ২৪২ ধারামতে টাক্স ধার্য্য হইবে । প্রত্যেক প্রজার উপর যত ধার্য্য হয় তাহার অর্দ্ধেক তাহার বার্ষিক খাজানাহইতে কাটিয়া লওয়া যাইবে ও বার্ষিক খাজানার সেই অংশ আদায় করিতে কিম্বা উক্ত কার্য্যের নিমিত্ত কোন নামানুসারে মাসুলের দাওয়া করিতে জমীদারের অধিকার থাকিবে না ইতি ।

Lieutenant Governor may appoint a commission

265 It shall be lawful for the Lieutenant-Governor, by an order to be published in the *Calcutta Gazette*, to appoint a commission, consisting of one or more persons, to ascertain and determine the chakaran and other service lands which may be found in any place to which this Act shall have been extended.

Power to refer to commission question relating to chakaran land

Whenever in any place in which such commission shall have been appointed, any question shall arise whether any or what lands are chakaran or other service lands, it shall be lawful for such commission to inquire into such question

Powers of commission

In inquiring into such question the commission shall, as far as may be necessary for the purposes of this Act, exercise all such and the same powers as are conferred by Regulation VII of 1822 and the Regulations and Acts amending the same upon a Collector making a settlement of land revenue

Duties of commission

Such commission shall demarcate the boundaries of any lands which they may determine to bee chakaran or other service lands, and shall make orders setting forth such lands and the boundaries thereof, and the name of the village for the benefit of which such lands are assigned

Appeal to District Judge

The zemindar or other person interested, or the Magistrate of the district, may appeal from any such order to the court of the District Judge, whose decision thereon shall be final Every appeal under this section shall be presented within the time and in the manner, and subject, as far as may be, to the rules provided by the Code of Civil Procedure for regular appeals in suits

Proceedings to be recorded Magistrate may revise orders

266 All the proceedings and orders of the punchayet regarding the appointment and payment of the chokidars shall be recorded, and a copy of such record shall be forwarded to the Magistrate of the district, who shall confirm, or disallow, or amend such orders as he may deem fit

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের কমিশ্যন নিযুক্ত করিবার কথা।

২৬৫ ধারা। এই আইন যে কোন স্থানে প্রচলিত হয় সেই স্থানের মধ্যে চাকরাণ কি চাকরী সম্পর্কীয় অন্য যে ভূমি পাওয়া যায় তাহা নিশ্চয়মতে জানিয়া নির্দ্দেশ করিবার জন্যে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব কলিকাতা গেজেটে আজ্ঞাপত্র প্রকাশ করিয়া এক কি অধিক ব্যক্তি লইয়া কমিশ্যন নিযুক্ত করিতে পারিবেন।

চাকরাণ জমির বিষয়ে বিবাদ হইলে কমিশ্যনের প্রতি অর্পণ করিবার কথা।

কোন স্থানে তদ্রূপ কমিশ্যন নিযুক্ত করা গেলে পর কোন জমী ও কোন২ খণ্ড জমী চাকরাণ কি চাকরী সম্পর্কীয় জমী হয়, এই বিষয়ের কোন কথা উত্থাপন হইলে ঐ কমিশ্যন সেই কথার তদন্ত লইতে পারিবেন।

কমিশ্যনের ক্ষমতার কথা।

কালেক্টর সাহেব ভূমির রাজস্বের বন্দোবস্ত করিলে ১৮২২ সালের ৭ আইনমতে এবং অন্য যে২ আইনক্রমে সেই আইন সংশোধন করা যায় সেই২ আইনমতে তাঁহার প্রতি যে সকল ক্ষমতা অর্পণ করা গেল এই আইনের কার্য্যপক্ষে যত দূর আবশ্যক হয় উক্ত কমিশ্যন সেই কথার তদন্ত লওন সময়ে তত দূর তদ্রূপেও সেই সকল ক্ষমতানুসারে কার্য্য করিতে পারিবেন।

কমিশ্যনের কর্ত্তব্য কর্ম্মের কথা।

উক্ত কমিশ্যন চাকরাণ কি চাকরী সম্পর্কীয় অন্য জমী বলিয়া যে২ জমী নির্দ্দেশ করেন, তাহার সীমার চিহ্ন দিবেন, এবং সেই২ ভূমি ও তাহার সীমা ও যে গ্রামের উপকারার্থে ঐ জমী নিরূপণ করা যায় সেই গ্রামের নাম প্রকাশার্থে আজ্ঞা করিবেন।

জিলার জজ সাহেবের নিকট আপীলের কথা।

জমীদার কিম্বা সেই বিষয়ে অন্য যে ব্যক্তির স্বার্থ থাকে তিনি কিম্বা জিলার মাজিষ্ট্রেট সাহেব উক্ত কোন আজ্ঞার উপর জিলার জজ সাহেবের আদালতে আপীল করিতে পারিবেন, তাঁহার নিষ্পত্তি চূড়ান্ত হইবে। দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনে মোকদ্দমার উপর জাবেতামত আপীল করিবার যে বিধি আছে এই ধারামত আপীল সেই বিধির নির্দ্দিষ্ট সময়ে ও প্রকারে ও সাধ্যমতে সেই বিধির বশে করিতে হইবে ইতি।

আনুষ্ঠানিক কার্য্য লিপিবদ্ধ করিবার কথা। মাজিষ্ট্রেটের সেই আজ্ঞা সংশোধন করিতে পারিবার কথা।

২৬৬ ধারা। চৌকীদারদিগকে নিযুক্ত করণ ও বেতন দেওন বিষয়ে পঞ্চায়ত যে সকল কার্য্যানুষ্ঠান করেন ও যে আজ্ঞা করেন তাহা লিপিবদ্ধ করা যাইবে সেই লিপির প্রতিলিপি জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকট পাঠান যাইবে তিনি যেমন বিহিত বোধ করেন তেমনি তাহা স্থির রাখিতে কিম্বা অগ্রাহ্য কি সংশোধন করিতে পারিবেন ইতি।

267. Whenever the salary of any month shall not be paid in full to any chokidar on or before the 15th of the month following, such chokidar may apply to the Magistrate, who after calling upon the President for an explanation shall pass such order as he may deem fit

Application by chokidar for payment of his salary

২৬৭ ধারা। চৌকীদার কোন মাসের ১৫ তারিখ পর্য্যন্ত পূর্ব্ব মাসের সম্পূর্ণ বেতন না পাইলে মাজিষ্ট্রেটের নিকট প্রার্থনা করিতে পারিবে। তিনি সভাপতিকে ইহার হেতু জানাইবার আজ্ঞা করিবেন ও যেই আজ্ঞা উচিত বোধ করেন তাহা করিবেন ইতি।

চৌকীদারদের বেতন দিবার নিয়মের কথা।

268. Every chokidar on his appointment shall receive a certificate signed by the President by virtue of which he shall be vested with the powers, functions, and privileges of a chokidar The rate of salary shall be specified therein The President shall within seven days send information of such appointment to the police station within the limits of which the Municipality may be situate, and the officer in charge of such station shall cause such certificate to be registered in a book to be kept for that purpose, and shall report the same to the Magistrate

Registry of chokidars by the police

২৬৮ ধারা। চৌকীদার নিযুক্ত হইলে, পঞ্চায়ত তাহার নিযুক্ত হওয়ার ও সে যে হারে বেতন পাইবে এই কথার সর্টিফিকট দিবেন। সেই পত্রে তাঁহারদের স্বাক্ষর থাকিবে। গ্রাম যে থানার সীমার মধ্যে থাকে চৌকীদার নিযুক্ত হইবার পর সাত দিনের মধ্যে সেই থানায় ঐ সর্টিফিকট দেখাইবে। ও সেই থানায় চৌকীদারের নাম রেজিষ্টরী করিয়া রাখিবার যে বহী থাকে ঐ থানার অধ্যক্ষ সেই বহীতে ঐ সর্টিফিকটের কথা লেখাইয়া মাজিষ্ট্রেট সাহেবের নিকট রিপোর্ট করিবেন ইতি।

পোলীসে চৌকীদারদের রেজিষ্টরী হইবার কথা।

269 The Magistrate may, if he see fit, fine or dismiss any chokidar for misconduct or neglect of duty, and in case of dismissal the punchayet shall appoint a successor The punchayet may dismiss or fine to the extent of one month's salary any chokidar for neglect of duty or misconduct, provided that such chokidar may within thirty days appeal to the Magistrate against such dismissal or fine, and the Magistrate shall thereupon make such inquiry and pass such order as he may see fit

Dismissal and fine of chokidars

২৬৯ ধারা। কোন চৌকীদার অহিতাচার করিলে কিম্বা কর্ম্মে শৈথিল্য করিলে মাজিষ্ট্রেট উচিত বিবেচনায় তাহার অর্থদণ্ড কি তাহাকে অবসর করিতে পারিবেন। অবসর করিলে পঞ্চায়ত সেই পদে অন্য ব্যক্তিকে নিযুক্ত করিবেন। চৌকীদার কর্ম্মে শৈথিল্য কি অহিতাচার করিলে পঞ্চায়ত তাহাকে অবসর করিতে কিম্বা এক মাসের বেতন পর্য্যন্ত তাহার অর্থদণ্ড করিতে পারিবেন। কিন্তু অবসর করণের কি অর্থদণ্ডের সেই আজ্ঞার উপর চৌকীদার ত্রিশ দিনের মধ্যে মাজিষ্ট্রেটের নিকট আপীল করিতে পারিবে। তাহা করিলে মাজিষ্ট্রেট সেই বিষয়ের অনুসন্ধান লইয়া যে আজ্ঞা বিহিত বোধ করেন করিবেন ইতি।

চৌকীদারদিগকে অবসর করিবার ও তাহারদের অর্থ দণ্ড করিবার ক্ষমতার কথা।

270 The duty of every chokidar shall be to preserve the peace by day and by night, to prevent the commission of offences, and to apprehend offenders within the limits of his ward In the discharge of such duties he shall—

Duty of chokidar

(*a*)—keep such watch by day and night as the punchayet may direct, and obey such orders as he may receive from the punchayet, the Magistrates, and the superior officers of police,

(*b*)—apprehend all proclaimed offenders, and all persons whom he may find in the act of committing, or attempting to commit, or abetting the commitment of any of the following offences—*viz* —

being members of an unlawful assembly,

২৭০ ধারা। চৌকীদারের কর্ত্তব্য এইং। আপন পল্লির সীমার মধ্যে দিবারাত্র শান্তিরক্ষা করিবে ও অপরাধ নিবারণ করিবে ও অপরাধিদিগকে ধরিবে। তাহার সেই কর্ত্তব্য কর্ম্ম করণে,

চৌকীদারের কর্ত্তব্য কর্ম্মের কথা।

(ক) পঞ্চায়ত যদ্রূপে আজ্ঞা করেন তদ্রূপে দিবারাত্র চৌকী দিবে ও পঞ্চায়তের ও মাজিষ্ট্রেটদের ও পোলীসের উপরিস্থ কর্ম্মকারকদের স্থানে যেং আজ্ঞা পায় সেইং আজ্ঞামতে কর্ম্ম করিবে।

(খ) যেং অপরাধির নাম ঘোষণা হইয়াছে তাহারদিগকে ধরিবে ও যে ব্যক্তিদিগকে নিম্নলিখিত অপরাধ করিতে কি করিবার উদ্যোগ করিতে কি করিবার সহায়তা করিতে দেখে তাহারদিগকে ধরিবে। অপরাধ এইং।

বেআইনীমত জনতার অন্তর্গত থাকা।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭২। ৩০ জুলাই।]

rioting,
personating a public servant,
escaping from lawful custody,
counterfeiting coin, or Government stamps, or possessing counterfeit coins, or stamps,
culpable homicide,
causing grievous hurt,
wrongfully confining or restraining any person,

kidnapping,
rape,
unnatural offence,
theft,
robbery,
dacoity,
receiving or retaining possesion of stolen property,

mischief by fire, or dealing with fire or other combustible matter so as to endanger human life,
lurking house-trespass and house breaking,

(c)—give immediate information to the officer in charge of the police station, within the limits of which his ward lies, of all offences;

of every unnatural, suspicious, or sudden death which may occur,
of all disputes likely to lead to any serious breach of the peace,
of the movements of all bad characters,
of the arrival of any suspicious characters in the neighbourhood, and
of the state of any public road which requires repairs,

(d)—supply any local information which the Magistrate or any officer of police, or other public officer, may require,

(e)—and present himself at the police station twice in each week, if such station be within two miles from his ward, or if it be more remote once in each week or fortnight as the Magistrate may direct.

271 Whenever the chokidar shall have arrested any person, or shall have received charge of a person lawfully arrested, he shall forthwith take the person so arrested to the police station, provided that, if the arrest is made at night, such person shall be detained by the chokidar and taken, as soon as convenient, on the following morning

Procedure on arrest by chokidar

[*Government Gazette*, 30*th July* 1872]

হঙ্গামা করণ।
আপনাকে রাজকীয় কার্য্যকারকের ন্যায় দেখান।
আইনমত হেফাজতহইতে পলায়ন।
মুদ্রা কি গবর্ণমেন্টের ইষ্টাম্প কৃত্রিম করণ, কিম্বা কৃত্রিম মুদ্রা কি ইষ্টাম্প নিকট রাখণ।
অপরাধ ঘটিত নরহত্যা করণ।
গুরুতর পীড়া জন্মাওন।
কোন ব্যক্তিকে অন্যায়মতে কয়েদ করণ কি আটক করিয়া রাখণ।
মনুষ্য চুরি করণ।
বলাৎকার করণ।
অস্বাভাবিক অপরাধ করণ।
চুরি করণ।
দস্যুতা করণ।
ডাকাইতী করণ।
চোরা দ্রব্য গ্রহণ কি নিকটে রাখণ।

অগ্নিদ্বারা অপকার করণ কিম্বা যাহাতে মনুষ্যের প্রাণের আশঙ্কা হয় অগ্নি কিম্বা আশু জ্বলনীয় কোন দ্রব্য লইয়া এমত কার্য্য করণ।

(গ) তাহার পল্লি যে থানার অন্তর্গত থাকে সেই থানার অধ্যক্ষকে অবিলম্বে সকল অপরাধের সম্বাদ দিবে। এবং

অস্বাভাবিক কি সন্দিগ্ধ কি অকস্মাৎ যে মৃত্যু হয় তাহার।
যে সকল বিবাদদ্বারা গুরুতররূপে শান্তিভঙ্গ হওয়ার সম্ভাবনা তাহার।
সকল কুচরিত্র লোকের গতিবিধির।
নিকট কোন স্থানে সন্দিগ্ধ চরিত্রের কোন লোকের আসিবার ও
রাজকীয় যে পথের মেরামত করা প্রয়োজন তাহার অবস্থার সম্বাদ দিবে।

(ঘ) মাজিষ্ট্রেট কি পোলীসের কি রাজকীয় অন্য কর্ম্মকারক স্থানীয় কোন সন্ধান জানিতে চাহিলে তাহা জানাইবে।

(ঙ) তাহার পল্লিহইতে থানা দুই মাইলের মধ্যে থাকিলে সপ্তাহে দুইবার থানায় উপস্থিত হইবে। দুই মাইলের অধিক দূর থাকিলে সপ্তাহে কিম্বা মাজিষ্ট্রেট আজ্ঞা করিলে দুই সপ্তাহে একবার উপস্থিত হইবে ইতি।

২৭১ ধারা। চৌকীদার কোন ব্যক্তিকে ধৃত করিলে কিম্বা আইনমতে কোন ব্যক্তিকে ধরা গিয়া তাহার জিম্মায় দেওয়া গেলে তাহাকে একেবারে পোলীস থানায় লইয়া যাইবে। কিন্তু রাত্রিকালে ধৃত করিলে চৌকীদার তাহাকে আটক রাখিয়া প্রাতঃকালে সুবিধামতে ত্বরায় তাহাকে লইয়া যাইবে ইতি।

চৌকীদার ব্যক্তিকে ধৃত করিলে যাহা করিবে তাহার কথা।

272. The punchayet shall exercise a general control over the chokidars, and every member of such punchayet who may know or be informed of the commission within the Municipality of any offence specified in section 270 of this Part, shall forthwith cause the same to be reported by the chokidar to the officer in charge of the said police station, and on failure of the chokidar such member shall himself report the same to such officer

Control of chokidars by punchayet

273. Whenever the punchayet neglect to perform their duties under this Part, the Magistrate of the district shall call upon them to discharge such duties, and thereupon if they neglect to do so, for the space of fifteen days, all powers vested in them under this Part may be exercised by the said Magistrate or any person whom he may by any writing under his hand authorize in that behalf for so long a period as may be requisite for the due discharge of such duties The said Magistrate shall be bound to inquire into any matter concerning the due observance of the provisions of this Part in any Municipality, whenever ten persons assessed therein may make a representation to the effect that the punchayet's proceedings require supervision or amendment

Intervention of the Magistrate of the district

274. The punchayet shall be bound to affix once in every quarter on a conspicuous place in the Municipality an account, in the vernacular, of the receipts and expenditure of the quarter next preceding Any ten persons assessed may, if the accounts are not published, or if they are dissatisfied with such accounts, make a representation to the Magistrate, who shall be bound to inquire into the same and make such order as to him shall seem fit

Accounts

PART XIII

MISCELLANEOUS

275 The several offences created by this Act shall be tried by any Magistrate having jurisdiction, or by one or more of the Commissioners or of the punchayet, who may be invested with magisterial powers by the Lieutenant Governor under the provisions of Part II of the Code of Criminal Procedure

Jurisdiction

276 Every bill, notice, or summons, mentioned in this Act shall be served personally upon the person to whom the same is addressed or upon some adult male member of his family residing with him,

Service of notice

২৭২ ধারা। চৌকীদারদের উপর পঞ্চায়তের সাধারণ কর্তৃত্ব থাকিবে। এবং পঞ্চায়তের কোন ব্যক্তি মুনিসিপালিটীর মধ্যে এই খণ্ডের ২৭০ ধারার নির্দ্দিষ্ট কোন অপরাধ হইবার কথা জানিলে কি তাহার সন্ধান পাইলে চৌকীদারের দ্বারা উক্ত পোলীস থানার অধ্যক্ষের নিকট তৎক্ষণাৎ সেই কথার রিপোর্ট করাইবেন। চৌকীদার তাহা না করিলে পঞ্চায়তের ঐ ব্যক্তি আপনি ঐ কর্ম্মকারকের নিকটে রিপোর্ট করিবেন ইতি।

চৌকীদারের উপর পঞ্চায়তের কর্তৃত্বের কথা।

২৭৩ ধারা। পঞ্চায়ত এই খণ্ডমতে আপনাদের কর্ত্তব্য কর্ম্ম করিতে শৈথিল্য করিলে জিলার মাজিষ্ট্রেট সাহেব তাঁহারদিগকে সেই কর্ম্ম করিতে আজ্ঞা দিবেন। ও তাঁহারা পনেরো দিনপর্য্যন্ত তাহা করিতে শৈথিল্য করিলে, সেই কর্ম্ম উপযুক্তমতে নির্ব্বাহ করিবার জন্যে যত কাল লাগিতে পারে এই খণ্ডমতে তাঁহারদের প্রতি যে ক্ষমতার্পণ হইল উক্ত মাজিষ্ট্রেট কিম্বা তিনি আপন স্বাক্ষরিত লিপি দ্বারা অন্য যে ব্যক্তিকে নিযুক্ত করেন সেই ব্যক্তি তত কাল সেই ক্ষমতানুসারে কার্য্য করিবেন। পঞ্চায়তের কার্য্যের অনুসন্ধান লওয়া বা তাহা সংশোধন করা উচিত কোন মুনিসিপালিটীর মধ্যে যাঁহারদের টাক্স ধার্য্য হইল এমত দশ জন সেই মর্ম্মের আবেদন করিলে এই খণ্ডের বিধান সকল উপযুক্তমতে মানা যায় কি না মাজিষ্ট্রেটের সেই বিষয়ের অনুসন্ধান লইতে হইবে ইতি।

জিলার মাজিষ্ট্রেট সাহেবের হস্তক্ষেপ করিবার কথা।

২৭৪ ধারা। কোন তিন মাসে কত টাকা আয় ও কত টাকা ব্যয় হয় ইহার হিসাব পত্র তাহার পশ্চাৎ তিন মাসের মধ্যে মুনিসিপালিটীর প্রকাশ স্থানে পঞ্চায়তের লাগাইয়া দিতে হইবে। ঐ হিসাব প্রকাশ না করা গেলে কিম্বা যাহারদের টাক্স ধার্য্য হইয়াছে এমত কোন দশ জন সেই হিসাবে সন্তুষ্ট না হইলে তাঁহারা মাজিষ্ট্রেটের নিকট আবেদন করিতে পারিবেন ও তাঁহার সেই বিষয়ের তত্ত্ব লইয়া যে আজ্ঞা বিহিত বোধ করেন তাহা করিতেই হইবে ইতি।

হিসাবের কথা।

ত্রয়োদশ খণ্ড।

বিবিধ বিষয়ের বিধি।

২৭৫ ধারা। এই আইনমতে যে কর্ম্ম অপরাধ বলিয়া নির্দ্ধারিত হইল উপযুক্ত ক্ষমতাপন্ন কোন মাজিষ্ট্রেট তাহার বিচার করিতে পারিবেন। কিম্বা ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের আইনের দ্বিতীয় খণ্ডের বিধানমতে কমিশ্যনরদের এক কি কএক ব্যক্তিকে কি পঞ্চায়তকে মাজিষ্ট্রেটের ক্ষমতা প্রদান করিলে তাঁহারা সেই অপরাধের বিচার করিতে পারিবেন ইতি।

বিচারাধিপত্যের কথা।

২৭৬ ধারা। এই আইনের লিখিত বিল কি নোটিস কি সমন যে ব্যক্তির নামে বাহির হয় তাহাকেই দেওয়া যাইবে কিম্বা তাঁহার পরিবারস্থ বয়ঃপ্রাপ্ত যে পুরুষ তাঁহার সঙ্গে বাস করেন

নোটিস জারী করিবার কথা।

or, if it cannot be so served, may be put up on some conspicuous part of his dwelling-house, and shall thereby be deemed to be duly served If the owner of any holding be not resident within the Municipality, the bill, notice, or summons shall be deemed to have been duly served if one copy thereof be transmitted to him by post and another copy be affixed to some conspicuous part of such holding If the place in which such owner is to be found or his dwelling be unknown, the service shall be deemed to have been duly made if one copy be served upon the occupier of such holding, and another be affixed to some conspicuous part of such holding If the place in which such owner is to be found or his dwelling be unknown, and there be no such occupier, the service shall be deemed to have been duly made if one copy be affixed to some conspicuous part of such holding Provided that whenever the dwelling of such owner* be known one copy shall be transmitted to him by post, and provided also that one copy shall in the case of a non-resident owner be served on the occupier of such holding if it be tenanted

277. Where any notice is required by this Act to be given to the owner or occupier of any holding, such notice addressed to the owner or occupier shall be served upon the occupier and it shall not be necessary in such notice to name the occupier or the owner Provided that when the owner and his residence are known such notice shall also be served on the owner

Service of notice on owner or occupier

278. Every order, list, bye-law, or other document by this Act directed to be published shall be written in the language of the district and deposited in the Municipal office, and a copy shall be put up in some conspicuous place on each police station or outpost in the Municipality or in the ward to which such document relates Thereupon public proclamation shall be read throughout such Municipality or ward by beat of a drum, notifying that such copies have been so put up and deposited and that the same are open to inspection

Publication of orders &c

279. Every application to review any order of assessment, list, or other proceeding in respect of the amount of the assessment or demand, or of the liability of the person assessed or required to pay such amount, shall be heard and determined by not less than three Commissioners one of whom shall be the Chairman or Vice-

Review of orders, &c.

তাহাকে দিতে হইবে। তদ্রূপে দেওন যাইতে না পারিলে তাহার বাস স্থানের কোন প্রকাশ স্থানে লাগাইয়া দেওয়া যাইবে। তাহা হইলে তাহা নিয়মমতে দেওয়া গিয়াছে বলিয়া জ্ঞান হইবে। কোন * যোতের স্বামী মুনিসিপালিটীর মধ্যে বাস না করিলে ঐ বিলের কি নোটিসের কি সমনের এক কেতা নকল তাঁহার নিকট ডাকযোগে পাঠান গেলে ও আর এক কেতা তাঁহার সেই যোতের কোন প্রকাশ স্থানে লাগাইয়া দেওয়া গেলে তাহা নিয়মমতে দেওয়া গিয়াছে বলিয়া জ্ঞান করিতে হইবে। ঐ স্বামিকে যে স্থানে পাওয়া যাইতে পারিবে তাহা কিম্বা তাঁহার বাসস্থান জানা না গেলে ঐ যোতের দখীলকারকে এক কেতা নকল দেওয়া গেলে ও আর এক কেতা নকল ঐ যোতের প্রকাশ স্থানে লাগাইয়া দেওয়া গেলে তাহা নিয়মমতে দেওয়া গিয়াছে বলিয়া জ্ঞান হইবে। ঐ স্বামিকে যে স্থানে পাওয়া যাইতে পারিবে তাহা কিম্বা তাঁহার বাসস্থান না জানা গেলে ও উক্ত প্রকারের দখিলকার না থাকিলে ঐ যোতের কোন প্রকাশ স্থানে এক কেতা নকল লাগাইয়া দেওয়া গেলে তাহা নিয়মমতে জারী হইয়াছে বলিয়া জ্ঞান হইবে কিন্তু ঐ স্বামির বাসস্থান জানা গেলে এক কেতা নকল ডাকযোগে তাঁহার নিকট পাঠান যাইবে। আরো স্বামী যোতে বাস না করিলে ও যোতে রায়ত থাকিলে সেই রায়তকে এক কেতা নকল দিতেই হইবে ইতি।

উপবিধি।

২৭৭ ধারা। এই আইনমতে যদি যোতের স্বামিকে কিম্বা দখীলকারকে কোন নোটিস দিবার আজ্ঞা হয় তবে স্বামির কিম্বা দখিলকারের নামে ঐ নোটিসে লিখিত হইয়া দখীলকারকে দেওয়া যাইবে। সেই নোটিসে দখীলকারের কিম্বা স্বামির নাম নির্দ্দেশ করিয়া লিখিবার প্রয়োজন নাই। কিন্তু স্বামিকে ও তাঁহার বাসস্থান জানা গেলে তাঁহাকেও ঐ নোটিস দিতে হইবে ইতি।

স্বামিকে কিম্বা দখীলকারকে নোটিস দিবার কথা।

২৭৮ ধারা। এই আইনমতে আজ্ঞাপত্র কি নির্ঘণ্টপত্র কি উপবিধি কি অন্য দলীল প্রকাশ করিবার আজ্ঞা থাকিলে তাহা জিলার চলিত ভাষায় লিখিত হইয়া মুনিসিপল আফিসে রাখা যাইবে ও সেই দলীল যে মুনিসিপালিটী কি যে পল্লি-সম্পর্কীয় হয় তাহার অন্তর্গত পোলীসথানার কি ফাঁড়ীর কোন প্রকাশ স্থানে ঐ দলীলের এক কেতা-নকল লাগাইয়া দেওয়া যাইবে। তাহা হইলে সেই নকল তদ্রূপে লাগাইয়া দেওয়া গেল ও রাখা গেল ও যাঁহার ইচ্ছা হয় তিনি তাহা দেখিতে পারিবেন মুনিসিপালিটীর কিম্বা পল্লির সর্ব্বস্থানে ঢেঁড়রা দিয়া এই কথা ঘোষণা হইবে ইতি।

আজ্ঞাপ্রভৃতি প্রকাশ করিবার কথা।

২৭৯ ধারা। টাকস নিরূপণের কোন আজ্ঞা কি নির্ঘণ্টপত্র কিম্বা যত টাকা টাকস ধার্য্য কি দাওয়া হইল তদ্বিষয়ের কিম্বা যে ব্যক্তির টাকস ধার্য্য হইল কিম্বা যাহার প্রতি সেই টাকা দিবার আজ্ঞা হয় তাঁহার সেই টাকা দেওনের যোগ্যতা বিষয়ের আনুষ্ঠানিক অন্য কার্য্য পুনর্ব্বিবেচনা করিবার প্রার্থনা হইলে, তিন জনের অন্যূন কমিশ্যনর তাহা শুনিয়া

আজ্ঞাপ্রভৃতি পুনর্ব্বিবেচনা হইবার কথা।

* [*Government Gazette*, 30*th July* 1872]

Chairman, or by not less than three members of a punchayet one of whom shall be the president, who, after making such inquiries as they may deem necessary, may confirm or amend the same. In case the said Commissioners confirm the same, they may order that the applicant shall pay such reasonable costs as may have been incurred in respect of his application. The decision of the said Commissioners or punchayet, or of a majority thereof, in such cases shall be final. No such application shall be received after the expiration of two months from the time when publication under section 278 has been completed, unless good grounds be shown to the satisfaction of the said Commissioners or punchayet, and in no case shall such application be received after the expiration of ten days from the service, under section 276, of the first bill or other demand for payment. No objection shall be taken to any assessment, nor shall the liability of any person to be assessed be questioned, in any other manner or by any other authority than in this Act is provided.

নির্ণয় করিবেন তাঁহাদের মধ্যে সভাপতি কি প্রতিনিধি সভাপতি এক জন হইবেন। অথবা পঞ্চায়তের মধ্যে তিন জনের অন্যূন তাহা শুনিয়া নির্ণয় করিবেন তাঁহাদের মধ্যে এক জন সভাপতি হইবেন। তাঁহারা যদ্রূপ অনুসন্ধান লওয়া আবশ্যক জ্ঞান করেন তাহা লইয়া সেই আজ্ঞাপ্রভৃতি স্থির রাখিতে কি সংশোধন করিতে পারিবেন। উক্ত কমিশ্যনরেরা তাহা স্থির রাখিলে, প্রার্থকের সেই প্রার্থনাপত্রের উপলক্ষে তাঁহাদের যুক্তিমত যত খরচ লাগে প্রার্থকের সেই খরচ দিবার আজ্ঞা করিতে পারিবেন। উক্ত স্থলে উক্ত কমিশ্যনরদের কি পঞ্চায়তের কিম্বা তাঁহারদের অধিকাংশ ব্যক্তির মত চূড়ান্ত হইবে। ২৭৮ ধারামতে উক্ত আজ্ঞাপ্রভৃতি প্রকাশ করা যাইবার সময়াবধি দুই মাস গত হইলে পর উক্ত কমিশ্যনরদের কি পঞ্চায়তের হৃদ্বোধমতে ঐ প্রার্থনা গ্রাহ্য করিবার বিশিষ্ট কারণ দর্শান না গেলে গ্রাহ্য হইবে না। ২৭৬ ধারামতে টাকা পাইবার বিল কি অন্য দাবিপত্র দেওয়া গেলে পর দশ দিন গত হইলে তদ্রূপ দরখাস্ত গ্রাহ্য হইবেই না। নির্দ্ধারিত কোন টাক্সের বিষয়ে আপত্তি কিম্বা কোন ব্যক্তির উপর টাক্স ধার্য্য হইতে পারিবার কোন প্রতিবাদ এই আইনের বিধানমতে গ্রাহ্য হইতে পারিবে নতুবা অন্য কোন প্রকারে কি অন্য ক্ষমতামতে গ্রাহ্য হইবে না ইতি।

280. No assessment and no charge or demand of a tax made under the authority of this Act shall be impeached or affected by reason of any mistake in the name of any person liable to pay the tax, or in the description of any property or thing liable to the tax, or any mistake in the amount of assessment, provided the directions of this Act be in substance and effect complied with, and no proceedings under this Act shall, for want of form, be quashed or set aside in any court of justice.

Assessment not to be impeached if the directions of the Act are in substance complied with.

২৮০ ধারা। যে ব্যক্তি টাক্স দিবার যোগ্য তাহার নাম লিখিতে কিম্বা কোন সম্পত্তির কি দ্রব্যের বর্ণনা লিখিতে কোন ভুল হইলেও কিম্বা যত টাকা টাক্স নিরূপন হইল ইহা লিখিতে ভুল হইলেও যদি এই আইনের আদেশের মর্ম্ম ও অনুভাবমতে কার্য্য হইয়া থাকে, তবে এই আইনের ক্ষমতাক্রমে নির্দ্ধারিত কর কিম্বা সেই করের কি টাক্সের দাওয়া কি দাবী উক্ত ভুলপ্রযুক্ত দূষিত হইবে না ও তাহার ব্যাঘাতও হইবে না। এবং এই আইনমতে আনুষ্ঠানিক কোন কার্য্য কেবল দাঁড়ামতে হয় নাই বলিয়া কোন আদালতে ব্যর্থ কি অসিদ্ধ করা যাইবে না ইতি।

আইনের আদেশের মর্ম্মানুসারে কার্য্য হইলে নিরূপিত করের দোষ ধরিতে না পারিবার কথা।

281. No distress or sale made under this Act shall be deemed unlawful, nor shall any party making the same be deemed a trespasser on account of any defect or want of form in the bill, notice, summons, warrant of distress, inventory, or other proceeding relating thereto.

Distress or sale not unlawful for want of form.

২৮১ ধারা। এই আইনের বলে যে ক্রোক কি বিক্রয় কার্য্য হয়, বিলের কি নোটিসের কি সমনের কি ক্রোকী পরওয়ানার কি নির্ঘণ্টপত্রের কিম্বা তৎসম্পর্কীয় অন্য আনুষ্ঠানিক কার্য্যের কোন দোষ কি দাঁড়ার ব্যতিক্রম হইলেও সেই নোটিসপ্রভৃতি অবৈধ বলিয়া জ্ঞান হইবে না ও যে ব্যক্তি ঐ দোষ করেন তিনি তদ্ধেতুক অনধিকার প্রবেশকারি বলিয়া জ্ঞান হইবেন না ইতি।

দাঁড়ামত কার্য্য না হইলে ক্রোক করা কি বিক্রয় অবৈধ না হইবার কথা।

282. Instead of proceeding by distress and sale, or in case of failure to realize thereby the whole or any part of any tax, expenses, or charges, recoverable under the provisions of this Act, the Commissioners or punchayet may sue the person liable

Commissioners may bring suit instead of distraining, or on failure of distress.

২৮২ ধারা। এই আইনের বিধানমতে যে টাক্স কি খরচা কি দাবী হইতে পারে কমিশ্যনরেরা কি পঞ্চায়ত তৎসমুদয় কি তাহার একাংশ ক্রোক ও নীলাম করণ দ্বারা আদায় না করিয়া কিম্বা আদায়

ক্রোক না করিয়া কিম্বা ক্রোক করিতে না পারিলে কমিশ্যনরদের মোকদ্দমা উপস্থিত করিতে পারিবার কথা।

to pay the same in any court of competent jurisdiction.

283. If money be due to the Commissioners or punchayet in respect of any holding, the owner of which is unknown or the ownership of which is disputed, on account of any tax, expenses, or charges, recoverable under the provisions of this Act, it shall be lawful for the Commissioners or punchayet to publish twice at an interval of three months a notification of sale of such property, and after the expiry of not less than three months from the date of the last publication, unless the amount recoverable be paid, to sell such property to the highest bidder, who shall at the time of sale deposit the full amount of the purchase money Such sale shall have the effect of a conveyance of such property to the purchaser free of all encumbrances The Chairman or President shall furnish to the purchaser a certificate stating the particulars of the property purchased, and such certificate shall be full evidence of title Any person may pay the amount due at any time before the completion of the sale, and may recover such amount by a suit in a court of competent jurisdiction from any person beneficially interested in such property After payment of the amount recoverable by the Commissioners or punchayet, the surplus, if any, shall be paid on demand to any person who establishes his right to the satisfaction of the Commissioners or punchayet or in a court of competent jurisdiction, or, if unclaimed for a period of one year, shall become vested in the Commissioners or punchayet and be transferred to the Municipal Fund.

Power to sell unclaimed holdings for money due

284 The Commissioners or punchayet may make compensation out of the Municipal Fund to any person sustaining any damage by reason of the exercise of any of the powers conferred by this Act

Power to make compensation out of the Municipal Fund

285 No action shall be brought against the Commissioners, or against a punchayet, or any of their officers, or any person acting under their direction, for any thing done in pursuance of this Act until the expiration of one month next after notice in writing shall have been delivered or left at the office of the Commissioners, or in the case of a third class Municipality affixed at some conspicuous place therein, or delivered or left at the place of abode of such person, explicitly stating

No action to be brought against the Commissioners or their officers, until after one month's notice of cause of action

[Government Gazette, 30th July 1872]

করিতে না পারিলে ঐ টাকা দাবি ব্যক্তির নামে উপযুক্ত ক্ষমতাপন্ন কোন আদালতে নালিশ করিতে পারিবেন ইতি।

২৮৩ ধারা। এই আইনের বিধানমতে যে টাক্স কি খরচ কি দাবীর টাকা আদায় হইতে পারে কোন যোতের উপলক্ষে কমিশ্যনরদের কি পঞ্চায়তের সেই টাকা পাওনা হইলে ও সেই যোতের স্বামির পরিচয় পাওয়া না গেলে কিম্বা স্বামিত্বের বিষয়ে বিবাদ হইলে, ঐ কমিশ্যনরেরা কি পঞ্চায়ত তিন২ মাসান্তরে দুইবার ঐ সম্পত্তি নীলাম হইবার নোটিস প্রকাশ করিতে পারিবেন ও সেই পাওনা টাকা না দেওয়া গেলে ঐ নোটিস শেষবার প্রকাশ হইবার তারিখ অবধি অতি ন্যূন তিন মাস গত হইলে পর ঐ সম্পত্তির নিমিত্ত যে ব্যক্তি উচ্চ মূল্য ডাকেন তাঁহার নিকট ঐ দ্রব্য বিক্রয় করিবেন সেই ব্যক্তি বিক্রয় কালেই খরিদের সমুদয় টাকা গচ্ছিত করিয়া দিবেন সেই বিক্রয়টী ক্রেতার নিকট কোন দায়ভিন্ন ঐ সম্পত্তির হস্তান্তর করণপত্রের ন্যায় ফলদ হইবে। কমিশ্যনরদের কিম্বা পঞ্চায়তের সভাপতি ক্রেতাকে ঐ ক্রীত সম্পত্তির বর্ণনার সর্টিফিকট দিবেন ও সেই সর্টিফিকট তাঁহার অধিকারের সম্পূর্ণ প্রমাণ হইবে। নীলাম সমাপ্ত হইবার পূর্ব্বে কোন সময়ে কোন ব্যক্তি ঐ পাওনা টাকা শোধ করিয়া দিতে পারিবেন। করিলে সেই সম্পত্তিতে যে ব্যক্তির উপকার জন্য স্বার্থ থাকে উপযুক্ত ক্ষমতাপন্ন আদালতে মোকদ্দমা উপস্থিত করিয়া তাঁহার স্থানে ঐ টাকা ফিরিয়া পাইতে পারিবেন। কমিশ্যনরদের বা পঞ্চায়তের প্রাপ্য টাকা দেওয়া গেলে পর উদ্বর্ত্ত থাকিলে, কোন ব্যক্তি তাহা দাওয়া করিয়া কমিশ্যনরদের কিম্বা পঞ্চায়তের হৃদ্বোধমতে অথবা উপযুক্ত ক্ষমতাপন্ন আদালতে আপনার সেই টাকা পাইবার অধিকার স্থাপন করিলে তাঁহাকে দেওয়া যাইবে। এক বৎসরপর্য্যন্ত দাওয়া না হইলে সেই উদ্বর্ত্ত টাকা কমিশ্যনরদের কিম্বা পঞ্চায়তের প্রতি বর্ত্তিবে ও মুনিসিপল ফণ্ডে জমা করিয়া দেওয়া যাইবে ইতি।

যোতের দাওয়া না হইলে পাওনা টাকার নিমিত্ত তাহা বিক্রয় করিবার ক্ষমতার কথা।

২৮৪ ধারা। এই আইনমতে যে ক্ষমতা অর্পণ করা গেল সেই ক্ষমতামতে কার্য্য হওয়াপ্রযুক্ত কোন ব্যক্তির হানি হইলে কমিশ্যনরেরা কিম্বা পঞ্চায়ত মুনিসিপল ফণ্ডহইতে সেই হানিপূরণ করিতে পারিবেন ইতি।

মুনিসিপল ফণ্ডহইতে হানিপূরণ করিবার ক্ষমতার কথা।

২৮৫ ধারা। এই আইনমত কোন কার্য্যহেতুক কমিশ্যনরদের কি পঞ্চায়তের কিম্বা তাঁহাদের অন্যতর কর্ম্মকারকের কি আজ্ঞাকারি কোন ব্যক্তির নামে নালিশ হইবার মানস থাকিলে যে ব্যক্তি বাদী হইতে চাহেন তাঁহার নাম ও বাসস্থান ও নালিশ করিবার হেতু স্পষ্ট লিখিত হইয়া এক মাস থাকিতে কমিশ্যনরদের আফিসে তদ্বিষয়ের নোটিস না দেওয়া গেলে কিম্বা তৃতীয় শ্রেণীর মুনিসিপালিটী হইলে তথাকার কোন প্রকাশ স্থানে লাগাইয়া না দেওয়া গেলে

কমিশ্যনরদের কি তাঁহারদের কার্য্যকারকদের নামে এক মাস থাকিতে মোকদ্দমার হেতুর নোটিস না দিলে নালিশ হইতে না পারিবার কথা।

the cause of action and the name and place of abode of the intended plaintiff, and unless such notice be proved the court shall find for the defendant Every such action shall be commenced within three months next after the accrual of the cause of action, and not afterwards, and no plaintiff shall recover more than the amends tendered in any such action if tender of sufficient amends shall have been made before such action brought, or if a sufficient sum of money shall have been paid into court after such action brought and before the day fixed for the final hearing of the same by or on behalf of the defendant, and if judgment shall be given for the defendant, or the plaintiff become nonsuit, or discontinue any such action after issue joined, the defendant shall recover his full costs incurred after tender or payment as aforesaid

286 The Commissioners may direct any prosecution for any public nuisance, and may order proceedings to be taken for the recovery of any penalties under the provisions of this Act and for the punishment of any persons offending against the same, and may order the expenses of such prosecution or other proceedings to be paid out of the Municipal Fund No charge of an offence created by this Act or any bye-law made in pursuance thereof shall be instituted without the order or consent of the Commissioners, and no such charge shall be instituted except within three months next after the commission of such offence

No charge to be instituted under this Act without consent of Commissioners

287 All the proceedings other than judicial proceedings of the Chairman or of the Vice-Chairman, or of the Municipal Commissioners, or of the punchayet or of the president thereof, or of the Magistrate of the district, except as otherwise specially provided, shall be subject to the control of the Commissioner of the division, and all the proceedings of the Commissioner of the division shall be subject to the control of the Lieutenant-Governor

Control of proceedings

288 It shall be lawful for the Commissioners or punchayet with the sanction of the Lieutenant-Governor, to make bye-laws, and to repeal, alter, or amend the same, as to them shall seem meet, for carrying out the purposes of this Act, and for the prosecution and suppression of all such nuisances as are not punishable under this Act or any other law, and to appoint by such

Commissioners empowered to make bye laws

ও যাহাকে প্রতিবাদী করা যাইবে ঐ ব্যক্তির বাসস্থানে দেওয়া না গেলে নালিশ করিতে পারা যাইবে না। ও সেই নোটিস দেওয়ার প্রমাণ না হইলে আদালত প্রতিবাদির সপক্ষ আজ্ঞা করিবেন। নালিশের হেতু হইবার পর তিন মাসের মধ্যে উক্ত প্রকারের মোকদ্দমার আরম্ভ করিতে হইবে তাহার পর নয়। উক্ত মোকদ্দমা উপস্থিত হইবার পূর্ব্বে বাদির উপযুক্ত ক্ষতিপূরণের প্রস্তাব হইলে কিম্বা নালিশ করা গেলে পর ও শেষবার শ্রবণের নিরূপিত দিনের পূর্ব্বে প্রতিবাদির দ্বারা বা তাহার সপক্ষে আদালতে উপযুক্ত টাকা দেওয়া গেলে ঐ বাদী তাহার অধিক পাইতে পারিবে না ও যদি প্রতিবাদির সপক্ষে নিষ্পত্তি হয় কিম্বা বাদিকে ননসুট করা যায় কিম্বা ইসু নিণয় হইবার পর যদি ঐ মোকদ্দমা উঠাইয়া লওয়া যায় তবে পূর্ব্বোক্ত মতে টাকা দিবার প্রস্তাব হইলে পর কি টাকা গচ্ছিত করা গেলে পর প্রতিবাদির যত খরচ হয় তিনি তাহা ফিরিয়া পাইতে পারিবেন ইতি।

২৮৬ ধারা। সাধারণের অনিষ্টকর কোন কার্য্য হেতুক কমিশ্যনরেরা অভিযোগ উপস্থিত করিবার আদেশ করিতে পারিবেন এবং এই আইনের বিধানমতে অর্থদণ্ড আদায় করিবার ও কোন ব্যক্তি আইনের বিপক্ষে অপরাধ করিলে তাহার দণ্ড হইবার কার্য্যানুষ্ঠানের আজ্ঞা করিতে পারিবেন এবং মুনিসিপল ফণ্ড হইতে সেই অভিযোগের ও কার্য্যানুষ্ঠানের খরচ দিবার আজ্ঞা করিতে পারিবেন। কমিশ্যনরদের আজ্ঞা কি অনুমতি না হইলে এই আইনের কিম্বা তদনুযায়ি উপবিধির উল্লিখিত অপরাধের অভিযোগ উপস্থিত করিতে হইবে না। এবং তদ্রূপ অপরাধ করিবার পর তিন মাসের মধ্যে অভিযোগ উপস্থিত করিতে হইবে তাহার পর নয় ইতি।

কমিশ্যনরদের অনুমতি বিনা এই আইনমতে কোন অভিযোগ উপস্থিত না করিবার কথা।

২৮৭ ধারা। প্রকারান্তরের বিশেষ বিধান না থাকিলে সভাপতির কি প্রতিনিধি সভাপতির কি মুনিসিপল কমিশ্যনরদের কি পঞ্চায়তের কিম্বা তাঁহাদের সভাপতির কিম্বা জিলার মাজিষ্ট্রেট সাহেবের বিচার কার্য্যভিন্ন তাঁহাদের আনুষ্ঠানিক সকল কার্য্য দেশখণ্ডের কমিশ্যনর সাহেবের কর্ত্তৃত্বাধীন থাকিবে। দেশখণ্ডের কমিশ্যনর সাহেবের আনুষ্ঠানিক সকল কার্য্য বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের কর্ত্তৃত্বাধীন থাকিবে ইতি।

কার্য্য কর্ত্তৃত্বাধীন থাকার কথা।

২৮৮ ধারা। এই আইনের লিখিত সমস্ত কার্য্য যেরূপে নির্ব্বাহ হইবে এবং এই আইনমতে ও অন্য কোন আইনমতে যে অনিষ্ট কার্য্যের দণ্ড হইতে না পারে তৎসম্পর্কে যদ্রূপ নালিশ করিতে হইবে ও তাহা যেরূপে নিবারণ হইবে কমিশ্যনরেরা বা পঞ্চায়ত শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের অনুমতিক্রমে ইহার উপবিধি করিতে পারিবেন। ও সেই উপবিধি রহিত ও পরিবর্ত্তন ও সংশো-

কমিশ্যনরদের উপবিধি করিবার ক্ষমতার কথা।

bye-laws such fines as they shall deem necessary for the punishment of any infringement thereof

Provided that no fine so to be appointed shall exceed the sum of fifty rupees, or of five rupees per diem in case of a continuing infringement,

Provided that no such bye-laws shall be made, repealed, altered, or amended unless at least two-thirds of the whole number of the Commissioners or punchayet shall be present,

Provided that every such bye-law shall be reasonable and not inconsistent with any law in force, or contrary to the provisions of this Act,

Provided that no such bye-law, nor the repeal, alteration, or amendment of any such bye-law, shall be of any force until the expiration of one month after the same shall have been published in the manner directed in section 278 with the sanction of the Lieutenant-Governor

Bye laws until repealed or altered, to be of like effect as if inserted in this Act.

289. All bye-laws, when the same shall have been duly confirmed and published, shall, until the same be repealed or altered, be of the like effect as if they were inserted in this Act

Power of Lieutenant Governor to make rules

290 It shall be lawful for the Lieutenant-Governor, by an order published in the *Calcutta Gazette* and within the Municipality as prescribed in section 278, to make such rules as he may consider expedient for carrying out the provisions of this Act, and at any time to revoke or amend the same, provided that no such rule shall be inconsistent with the provisions of this Act. Any such rule shall have the same force and effect in any Municipality from the date of its publication therein as if it had been inserted in this Act

(SCHEDULE A —REFERRED TO IN SECTION 8)

Number of Act	*Title.*	*Extent of repeal*
Act XXVI of 1850	To enable improvements to be made in towns	The whole
Act XX of 1856	To make better provision for the appointment and maintenance of police chowkeedars in cities towns stations, suburbs, and bazaars in the Presidency of Fort William in Bengal	Ditto
Act XXI of 1857	To make better provision for the order and good government of the suburbs of Calcutta and the station of Howrah	Ditto

ধন করিতে পারিবেন। এবং ঐ উপবিধি লঙ্ঘনের যে অর্থদণ্ড আবশ্যক জ্ঞান করেন ঐ উপবিধিক্রমে তাহাও নিরূপণ করিতে পারিবেন।

পরন্তু তদ্রূপে যে অর্থদণ্ড নিরূপণ করা যায় তাহা পঞ্চাশ টাকার অধিক না হয় ও নিয়ত উপবিধি লঙ্ঘন হইলে দিনপ্রতি পাঁচ টাকার অধিক দণ্ড না হয়।

আরো কমিশনরদের কিম্বা পঞ্চায়তের ন্যূনকল্পে তিন অংশের দুই অংশ ব্যক্তি উপস্থিত না থাকিলে কোন উপবিধি করা না যায় ও রহিত না হয় ও তাহার পরিবর্ত্তন কি সংশোধন না হয়।

আরো উক্ত প্রত্যেক বিধি যুক্তিসিদ্ধ হয় ও প্রচলিত কোন আইনের অসঙ্গত কি এই আইনের বিধানের বিপক্ষ না হয়।

আরো কোন উপবিধি কিম্বা তাহার রহিত কি পরিবর্ত্তন কি সংশোধন করিবার আজ্ঞা শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের অনুমতিক্রমে ২৭৮ ধারার বিধানমতে প্রকাশ করিবার পর এক মাস গত না হইলে তাহা বলবৎ হইবে না ইতি।

উপবিধি যত কাল রহিত কি পরিবর্ত্তন করা না যায় তত কাল এই আইনের বিধানের তুল্য প্রবল থাকিবার কথা।

২৮৯ ধারা। কোন উপবিধি নিয়মমতে অনুমোদিত ও প্রকাশিত হইলে পর যত কাল রহিত কি পরিবর্ত্তন করা না যায় তৎকাল এই আইনে লিখিত হওয়ার ন্যায় প্রবল থাকিবে ইতি।

শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের বিধি করিবার ক্ষমতার কথা।

২৯০ ধারা। শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব এই আইনের বিধান সফল করিবার জন্যে যে কোন বিধি প্রণয়ন করা বিহিত বোধ করেন, তিনি ২৭৮ ধারামতে কলিকাতা গেজেটে এবং মুনিসিপালিটীর মধ্যে আজ্ঞাপত্র প্রকাশ করিয়া তাহা করিতে পারিবেন ও সময়ান্তরে তাহা অন্যথা কি সংশোধন করিতে পারিবেন কিন্তু সেই বিধি এই আইনের বিধানের অসঙ্গত না হয়। কোন মুনিসিপালিটীতে তদ্রূপ কোন বিধি যে তারিখে প্রকাশ করা যায় সেই তারিখঅবধি তাহা এই আইনের অন্তর্গত হওয়ার ন্যায় প্রবল ও সফল করা যাইবে ইতি।

(৮ ধারার উল্লিখিত)

A তফসীল।

আইনের নম্বর।	তাৎপর্য্য।	যত দূর রদ হইল
১৮৫০ সা ২৬ আ	শহরের উন্নতা করণের ক্ষমতা দেওনের আইন।	সম্পূর্ণ
১৮৫৬ সা ২০ আ	বাঙ্গলা দেশের ফোর্ট উইলিয়ম রাজধানীর অন্তঃপাতি শহরে ও নগরে ও সদর স্টেশনে ও শহরতলীতে ও বাজারে পোলীসের চৌকীদার দিগকে নিযুক্ত ও প্রতিপালন করিবার আরো উত্তম বিধান করিবার আইন।	ঐ
১৮৫৭ সা ২১ আ	কলিকাতার শহরতলীর ও হাবড়া মোকামের সুধার ও সুশাসন হইবার জন্যে আরো উত্তম বিধান করিবার আইন।	ঐ

Number of Act	*Title*	*Extent of repeal*
Act XII of 1868	For raising funds for making and repairing roads in the suburbs of Calcutta and the station of Howrah	The whole
Act III (B C) of 1864 or District Municipal Improvement Act	For the appointment of Municipal Commissioners in towns and other places in the provinces under the control of the Lieutenant Governor of Bengal and to make better provision for the conservancy improvement and watching thereof and for the levying of rates and taxes thereon	Ditto
Act IV (B C) of 1865	For the prohibition of the practice of inoculation in the town and suburbs of Calcutta and in towns to which Act III of 1864 has been or shall hereafter be extended	Ditto except so much of it as relates to the town of Calcutta or to any town or place to which this Act shall not have been extended
Act VI (B C) of 1867	For the better regulation of the police in towns and Municipalities in the territories under the control of the Lieutenant Governor of Bengal	The whole
Act VII (B C) of 1867	For amending Act III of 1864	Ditto
Act II (B C) of 1868	For amending the District Municipal Improvement Act	Ditto
Act VI (B C) of 1868 District Towns Act 1868	For providing for the better regulation of the police in towns under the control of the Lieutenant Governor of Bengal and for the conservancy and improvement thereof	Ditto
Act VI (B C) of 1870 (Village Chowkeedaree Act 1870)	To provide for the appointment dismissal and maintenance of village Chowkeedars	Ditto
Act VII of 1870 (B C) (Dacca Conservancy Act 1870)	For improving the sanitary condition of the town of Dacca	Ditto
Act I of 1871 (B C)	To amend the village Chowkeedaree Act 1870	Ditto
Act IV of 1871 (B C) (The Pooree Lodging house Act 1871)	For the better sanitation of Pooree and other towns in Orissa and regulation of Lodging houses therein	Sections 24 to 34 both inclusive

আইনের নম্বর।	আখ্যা।	যত দুর রুহিত হইল।
১৮৬৮ সা ১২ আ	কলিকাতার শহরতলীতে ও হাবড়া ষ্টেশনে রাস্তা করিবার ও মেরামৎ করিবার জন্যে তহবীল করিবার আইন।	সম্পূর্ণ
১৮৬৪ সা বঙ্গীয় ৩ আ অর্থাৎ মফঃসলের নগরাদির পৌষ্ঠব করণের আইন।	বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের অধীনস্থ প্রদেশের নগর প্রভৃতি স্থানে মুনিসিপল কমিশ্যনরদিগকে নিযুক্ত করণের এবং সেই নগরাদির পারিপাট্য ও শ্রীবৃদ্ধি করিবার ও তাহাতে চৌকী দিবার ও তাহাতে কর ও টাক্স আদায় করিবার অপেক্ষাকৃত সুবিধান করিবার আইন।	ঐ
১৮৬৫ সা বঙ্গীয় ৪ আ	কলিকাতা নগরে ও তাহার শাখানগরে এবং ১৮৬৪ সালের ৩ আইন যে২ নগরে প্রবল করা গিয়াছে কি ইহার পরে প্রবল করা যাইবে সেইং নগরে বসন্ত জন্য টীকা দিবার প্রথা নিষেধ করণার্থ আইন।	কিন্তু কলিকাতা নগরের সঙ্কে কিম্বা এই আইন অন্য যে নগরে কি স্থানে প্রচলিত হয় না হই তাহার সঙ্কে ঐ আইনের যত দুর সম্পর্ক থাকে তত দুর প্রবল থাকিবে।
১৮৬৭ সা বঙ্গীয় ৬ আ	বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের শাসিত দেশের অন্তর্গত নগরের ও মুনিসিপালিটির পোলীসের অপেক্ষাকৃত সুবিধান করিবার আইন।	সম্পূর্ণ
১৮৬৭ সা বঙ্গীয় ৭ আ	১৮৬৪ সালের ৩ আইন সংশোধন করিবার আইন।	ঐ
১৮৬৮ সা বঙ্গীয় ২ আ	প্রাদেশীয় নগরাদির সৌষ্ঠব করণের আইন সংশোধনার্থ আইন।	ঐ
১৮৬৮ সা বঙ্গীয় ৬ আ অর্থাৎ প্রাদেশীয় নগরাদির বিষয়ক ১৮৬৮ সালের আইন।	বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন নগরে পোলীসের সুবিধান ও সেইং নগরের পারিপাট্য ও সৌষ্ঠব করণের বিধান করণার্থ আইন।	ঐ
গ্রামীয় চৌকীদারী বিষয়ক ১৮৭০ সালের বঙ্গীয় ৬ আইন	গ্রাম্য চৌকীদারদিগকে নিযুক্ত ও অবসর করণের ও তাহাদের ব্যয়পোষের বিধান করণার্থ আইন	ঐ
ঢাকা নগর পরিপাটী করণ বিষয়ক ১৮৭০ সালের বঙ্গীয় ৭ আইন	ঢাকা নগরের স্বাস্থ্য বর্দ্ধনার্থ আইন	ঐ
১৮৭১ সালের বঙ্গীয় ১ আইন।	গ্রামীয় চৌকীদারী বিষয়ক ১৮৭০ সালের আইন সংশোধনার্থ আইন	ঐ
পুরীর বাসাগৃহ বিষয়ক ১৮৭১ সালের বঙ্গীয় ৪ আইন।	পুরী ও উড়িষ্যার অন্তর্গত অন্যান্য নগরের স্বাস্থ্য বর্দ্ধনার্থ ও তত্রত্য বাসাঘরের বিধান করণার্থ আইন	২৪ অবধি ৩৪ পর্য্যন্ত সমস্ত ধারা।

SCHEDULE B.—(REFERRED TO IN SECTION 40)

BENGAL MUNICIPALITIES' ACT, 1872,

MUNICIPALITY OF

Assessment List

Name of road	No of holding	Name of persons assessed	Description of property and of profession or business	Annual valuation of means and property	Amount of annual assessment

Whereas the above assessment has been duly made pursuant to the Bengal Municipalities' Act, 1872, the several persons whose names are included in the said assessment are hereby required to pay the quarterly instalments set opposite to their names with regularity at the office appointed by the Commissioners for the receipt of the same, the first payment on the first day of (   ) and every subsequent payment on or before the first day of (   ), the first day of (   ), and the first day of (   ), or in default thereof, any arrear that may be due will be realized by distress and sale of the movable property belonging to the defaulter, or which may be found on the holding in respect of which such defaulter is assessed, and by such other proceedings as are allowed by law

Dated this   day of

A B

Chairman of Commissioners

SCHEDULE C.—(REFERRED TO IN SECTION 53)

BENGAL MUNICIPALITIES' ACT, 1872

MUNICIPALITY OF

Assessment List

Name of road	Number of holding	Annual value of holding	Name of owners	Name of occupant other than owner	Names of agent of owner (if any)	Annual assessment payable by owners

(৪০ ধারার উল্লিখিত) B তফসীল।

বঙ্গদেশের মুনিসিপালিটী বিষয়ক ১৮৭২ সালের আইন।

অমুক স্থানের মুনিসিপালিটী।

টাক্স নিরূপণের নির্ঘণ্টপত্র।

রাস্তার নাম	হোল্ডিংর নম্বর	যে ব্যক্তির উপর টাক্স ধার্য্য হইল তাহার নাম	সম্পত্তি ও ব্যবসায়ের বর্ণনা	সম্পত্তির ও উপার্জ্জনের বার্ষিক মূল্য	বৎসরে কত টাক্স দিতে হইবে

বঙ্গদেশের মুনিসিপালিটীর ১৮৭২ সালের আইনমতে উক্ত টাক্স নিয়মিতরূপে ধরা গিয়াছে। উক্ত টাক্সপত্রের মধ্যে যেই ব্যক্তির নাম লেখা থাকে তাঁহাদিগকে এতদ্দ্বারা এই আজ্ঞা করা গেল, কমিশনরদের ঐ টাকা আদায়ের যে কাছারী নিরূপণ হয় ঐ২ ব্যক্তির নামের পার্শ্বে যত টাকা লেখা থাকে তাঁহারা তিন২ মাসের কিস্তি করিয়া এ কাছারীতে তত টাকা নিয়মমত দিবেন। অমুক মাসের অমুক তারিখে প্রথমবার ঐ টাকা দিবেন ও তৎপরে অমুক মাসের প্রথম তারিখে কি তৎপূর্ব্বে ও অমুক মাসের প্রথম তারিখে কি তৎপূর্ব্বে ও অমুক মাসের প্রথম তারিখে কি তৎপূর্ব্বে দিতে থাকিবেন। না দিলে বাকীদারের অস্থাবর সম্পত্তি কি যে হোল্ডিংর জন্যে ঐ বাকীদারের উপর টাক্স বসান গিয়াছে তন্মধ্যে অস্থাবর যে দ্রব্য পাওয় যায় তাহা ক্রোক ও নীলাম করিয়া ও সেই টাকা আদায় করিবার জন্যে আইনমতে অন্যান্য যে কার্য্য অনুষ্ঠান করিবার অনুমতি থাকে তাহা করিয়া ঐ বাকী টাকা আদায় করা যাইবে।

সাল   তাং

শ্রী অমুক,

কমিশ্যনরদের সভাপতি।

(৫৩ ধারার উল্লিখিত) C তফসীল।

বঙ্গদেশের মুনিসিপালিটী বিষয়ক ১৮৭২ সালের আইন।

অমুক স্থানের মুনিসিপালিটি

টাক্স নিরূপণের নির্ঘণ্টপত্র।

রাস্তার নাম	হোল্ডিংর নম্বর	হোল্ডিংর বার্ষিক মূল্য	মালিকের নাম	মালিক ভিন্ন দখলকারের নাম	মালিকের কোন এজেণ্ট থাকিলে তাহার নাম	মালিককে বৎসরে কত টাক্স দিতে হইবে

Whereas the above assessment has been duly made pursuant to the Bengal Municipalities' Act, 1872, the several persons whose names are included in the said assessment are hereby required to pay the quarterly instalments set opposite to their names with regularity at the office appointed by the Commissioners for the receipt of the same, the first payment on the first day of ( ) and every subsequent payment on or before the first day of ( ), the first day of ( ), and the first day of ( ), or in default thereof, any arrear that may be due will be realized by distress and sale of the movable property belonging to the defaulter, or which may be found on the holding in respect of which such defaulter is assessed and by such other proceedings as are allowed by law

Dated this day of

A B
Chairman of Commissioners

বঙ্গদেশের মুনিসিপালিটীর ১৮৭২ সালের আইন-মতে উক্ত টাক্স নিয়মিতরূপে ধরা গিয়াছে। উক্ত টাক্সপত্রের মধ্যে যেং ব্যক্তির নাম লেখা থাকে তাঁহা-দিগকে এতদ্দ্বারা এই আজ্ঞা করা গেল, কমিশ্যনরেরা ঐ টাকা আদায়ের জন্যে যে কাছারী নিরূপণ করেন ঐ ব্যক্তিদের নামের পার্শ্বে যত টাকা লেখা থাকে তাঁহারা তিনং মাসের কিস্তি করিয়া ঐ কাছারীতে নি-য়মমতে তত টাকা দিবেন। অমুক মাসের অমুক তা-রিখে প্রথমবার ঐ টাকা দিবেন ও তাহার পর অমুক মাসের প্রথম তারিখে কি তৎপূর্ব্বে ও অমুক মাসের প্রথম তারিখে কি তৎপূর্ব্বে ও অমুক মাসের প্রথম তা-রিখ কি তৎপূর্ব্বে দিতে থাকিবেন। না দিলে বাকীদা-রের অস্থাবর সম্পত্তি কিম্বা যে যোতের জন্যে বাকী-দারের উপর টাক্স বসান গিয়াছে তন্মধ্যে যে দ্রব্য পাওয়া যায় তাহা ক্রোক ও নীলাম করিয়া ও সেই টাকা আদায় করিবার জন্যে আইনমতে অন্যান্য যে কার্য্য অনুষ্ঠান করিবার অনুমতি থাকে তাহা করিয়া ঐ বাকী টাকা আদায় করা যাইবে।

সাল তাং

শ্রীঅমুক
কমিশ্যনরের সভাপতি।

SCHEDULE D.—(REFERRED TO IN SECTIONS 58 AND 59.)

Tax on Carriages and Animals

	Per quarter Rs	A
For every 4-wheeled carriage on springs drawn by two horses	4	8
For every 4-wheeled carriage on springs drawn by one horse or a pair of ponies under thirteen hands	3	0
For every 2-wheeled carriage on springs	2	8
For every horse	2	0
For every pony under thirteen hands or mule or donkey	0	12
For every elephant	6	0
For every camel	2	0
For every pair of bullocks	1	0

Ponies under eleven hands, and children's carriages, the wheels of which do not exceed twenty-four inches in diameter, are exempted.

(৫৮ ও ৫৯ ধারার উল্লিখিত) D তফসীল।—
গাড়ি ও ঘোড়াপ্রভৃতির উপর টাক্সের ফর্দ্দ

	তিনং মাসের দেয়।
চারি চাকার ও দুই ঘোড়ার ইস্প্রিংযুক্ত প্রত্যেক গাড়ির .	৪।।০
চারি চাকার ও এক ঘোড়ার কি টাটুর কি ৪ ফুট ৪ ইঞ্চির ন্যূন উচ্চ এক ঘোড়ার ইস্প্রিংযুক্ত প্রত্যেক গাড়ির ...	৩৲
দুই চাকার ইস্প্রিংযুক্ত প্রত্যেক গাড়ির	২।।০
প্রত্যেক ঘোড়ার .	২৲
৪ ফুট ৪ ইঞ্চ ন্যূন উচ্চ টাটুর কি খচ্চরের কি গর্দ্দভের	৸০
হস্তির প্রতি	৬৲
উষ্ট্র প্রতি	২৲
একং যোড়া বলদের	১৲

৪৪ ইঞ্চির ন্যূন উচ্চ টাটুর ও ছেলেদের গাড়ির চাকা আড়ে ২৪ ইঞ্চির অধিক না হইলে তাহার টাক্স নাই।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭২। ৩০ জুলাই।]

SCHEDULE E —(REFERRED TO IN SECTIONS 69 AND 70)

License on Professions, Trades, and Callings

CLASS I

	Yearly Rs
Every Registered Joint-Stock Company	100

CLASS II

	Rs
Every servant or agent employed by Government, not being engaged in military duty, or by any private person, whose annual salary or the annual emoluments of whose office may amount to Rs 10,000 Every Merchant, Banker, Shraff, Banian, Wholesale Trader, and Commission Agent, and every practising Surgeon, Physician, Dentist, Architect, Civil Engineer, Barrister, Attorney, and Pleader of the High Court Every Owner or Farmer of a hath or bazar Every Owner of Cotton, Jute, Hide, or other Screws, and every Auctioneer .. Every Hotel-keeper, Boarding-house keeper, Shop-keeper, Manufacturer, or Trader, the annual letting value of whose shop or place of business is deemed to be more than 100 rupees a month	32

CLASS III

Every servant or agent employed by Government, not being engaged in military duty, or by any private person, whose annual salary or the annual emoluments of whose salary may amount to Rs 5,000 Every Broker or Dalal employed in the wholesale transfer or purchase of imports or exports, or in the sale of Government securities, shares, hoondees, and bills of exchange, or in procuring freight Every Practising Licentiate of Medicine, Apothecary, and Veterinary Surgeon	16
Every Hotel-keeper, Boarding-house-keeper, Shop-keeper, Manufacturer or Trader, the annual letting value of whose shop or place of business is deemed to be more than Rs 25 or less than 100 Rs a month	

(৬৯ ও ৭০ ধারার উল্লিখিত) E তফসীল।

বৃত্তি ও বাণিজ্য ও ব্যবসায়াদির লাইসেন্স।

প্রথম শ্রেণী।

	বৎসর।
প্রত্যেক রেজিস্টরী জাইন্টষ্টক কোম্পানির	১০০৲

দ্বিতীয় শ্রেণী।

যাহার বার্ষিক বেতন বা বেতনস্বরূপ বার্ষিক আয় ১০,০০০ টাকাপর্যান্ত হয় সৈনিক কার্য্যে নিযুক্ত ব্যক্তিভিন্ন গবর্ণমেণ্টের কিম্বা সাধারণ ব্যক্তির অধীনে কর্ম্মচারির বা গোমশতার পদে নিযুক্ত এমত প্রত্যেক ব্যক্তি। প্রত্যেক সওদাগর ও বণিক ও পোদ্দার ও বেনিয়া ও থোকে বিক্রেতা ও কমিশ্যন এজেন্ট ও স্বং কর্ম্মানুষ্ঠায়ি অস্ত্র চিকিৎসক ও বৈদ্য ও দন্তরোগের চিকিৎসক ও গৃহনির্ম্মাতা ও সিবিল ইঞ্জিনিয়র ও বারিষ্টর ও আটর্নি এবং হাই কোর্টের উকীল ভিন্ন প্রত্যেক জনের হাটের কি বাজারের স্বামী কি ইজারদার তুলার কি পাটের কি চর্ম্মের কিম্বা অন্য কলের পেঁচের স্বামী এবং নীলামদার যে ব্যক্তির দোকানের কি কর্ম্ম স্থানের বার্ষিক ভাড়া ১০০ টাকার অধিক জ্ঞান হইতে পারে এমত প্রত্যেক হোটেল কীপর ও বোর্ডিং হৌস কীপর ও দোকানদার ও কারিগর ও ব্যাপারি	৩২৲

তৃতীয় শ্রেণী।

যাহার বার্ষিক বেতন বা বেতন স্বরূপ বার্ষিক আয় ৫০০০৲ টাকাপর্য্যান্ত হয় সৈনিক কার্য্যে নিযুক্ত ব্যক্তি ভিন্ন গবর্ণমেণ্টের কিম্বা সাধারণ ব্যক্তির অধীনে কর্ম্মচারির বা গোমশতার পদে নিযুক্ত এমত প্রত্যেক ব্যক্তি যাঁহারা আমদানী কি রপ্তানী দ্রব্য মোটে হস্তান্তর কি ক্রয় করেন কিম্বা কোম্পানির কাগজ ও শ্যার ও হুণ্ডী ও বিল অফ একসচেঞ্জ ক্রয় বিক্রয় করেন কিম্বা মাল রপ্তানী করিবার ভাড়ার নিয়ম জাহাজে করেন এমত প্রত্যেক দালাল চিকিৎসা করণের লাইসেন্স প্রাপ্ত ও ঔষধ প্রস্তুত করণের ও অশ্বাদির রোগের চিকিৎসক যে প্রত্যেক ব্যক্তি ঐ কর্ম্ম করেন যে ব্যক্তির দোকানের কি কর্ম্মস্থানের বার্ষিক ২৫৲ টাকার অধিক কিন্তু এক শত টাকার অনধিক ভাড়া হইতে পারে এমত প্রত্যেক হোটেল কিপর ও বোর্ডিং হৌস কিপর ও দোকানদার ও কারিগর ও ব্যাপারি	১৬৲

			বৎসর
Every Pawnbroker and every person having a shop or place of business for any of the purposes described in Section 223 Every Pleader, Mokhtar, or Law Agent, not included in Class II Every Owner or Farmer of a hath or bazar	16	বন্ধকী দ্রব্যের প্রত্যেক মহাজন ও ২২৩ ধারার উল্লিখিত কোন কারণে যাহার দোকান কি কর্ম্মস্থান থাকে এমত প্রত্যেক ব্যক্তি যে প্রত্যেক উকীল কি মোক্তার কি লাএজেন্ট দ্বিতীয় শ্রেণীর মধ্যে গণ্য নহেন তিনি হাটের কি বাজারের স্বামী কি ইজারাদার	১৬৲

CLASS IV

চতুর্থ শ্রেণী।

Every servant or agent employed by Government, not being engaged in military duty, or by any private person, whose annual salary or the annual emoluments of whose office may amount to Rs 1,500 Every Hotel keeper, Boarding and Lodging house-keeper, Shop-keeper, Manufacturer or Trader, whose shop or place of business is kept in a brick-house, but not included in Class II or Class III Every Keeper of a permanent stall at a daily public market or in a chouk Every Podar or Money-changer Every Hakim, Kabiraj, and Native Doctor, not included in any other Class	6	যাহার বার্ষিক বেতন বা বেতনস্বরূপ বার্ষিক আয় ১৫০০৲ টাকার অধিক নহে সৈনিক কার্য্যে নিযুক্ত ব্যক্তিভিন্ন গবর্ণমেন্টের কিম্বা সাধারণ ব্যক্তির অধীনে কর্ম্মচারির বা গোমশতার পদে নিযুক্ত এমত প্রত্যেক ব্যক্তি। যাহারা হোটেল কি লোকদের আহার করিবার ও থাকিবার ঘর রাখেন, ও দোকানদার ও কারিগর কি ব্যাপারী হইয়া যাহাদের দোকান কি কর্ম্মস্থান কোটাঘরে হয় কিন্তু দ্বিতীয় কি তৃতীয় শ্রেণীর মধ্যে গণ্য নহে তাহারা প্রতি দিনের বাজারে কি চকে যে প্রত্যেক ব্যক্তির মাচা প্রভৃতি থাকে প্রত্যেক পোদ্দার প্রত্যেক হাকিম, ও কবিরাজ ও এদেশীয় যে ডাক্তরেরা অন্য শ্রেণীর মধ্যে গণ্য নহে	৬৲

CLASS V

পঞ্চম শ্রেণী।

Every Keeper of a shop not included in any other class, and every Dalal not included in Class III Every Pedlar, Hawker, Box-wallah, and Keeper of a shop at a periodical market or hath	3	যে প্রত্যেক দোকানদারের দোকান অন্য শ্রেণীতে গণ্য নহে ও যে প্রত্যেক দালাল তৃতীয় শ্রেণীর মধ্যে গণ্য নহে প্রত্যেক ফেরীওয়ালা ও পাইকার ও বাক্সওয়ালা এবং সাময়িক বাজারের ও হাটের দোকানদার	৩৲

CLASS VI

ষষ্ঠ শ্রেণী।

All other itinerant dealers and keepers of stalls at periodical markets or haths	1	যাহারা সাময়িক বাজারে ও হাটে মাচা রাখে ও ভ্রমণ করিয়া অন্যান্য ব্যবসায় করে এমত সকলের	১৲

NOTE —A person who carries on several kinds of business, and may come under more than one of the designations in this schedule, shall be chargeable only under one of such designations at the discretion of the Chairman or of the Sub Committee, as the case may be, and in the case of a firm consisting of two or more persons, payment by any one of such persons shall be considered to be payment by the firm

মন্তব্য।—কোন ব্যক্তি পূর্ব্বোক্ত দুই কি তদধিক প্রকারের ব্যবসায় করিয়া এই২ তফসালের নির্দ্দিষ্ট দুই কি তদধিক নামে খ্যাত হইতে পারিলে, সভাপতির কিম্বা বিষয়বিশেষে সব-কমিটীর বিবেচনামতে উক্ত কোন এক খ্যাতি অনুসারে তাঁহার উপর টেক্স ধার্য্য হইতে পারিবে। কর্ম্মের যে কুঠিতে দুই কি তদাধিকজন অংশী থাকেন, তাহারদের কোন এক জন ঐ টেক্স দিলে কুঠীদ্বারা টেক্স দেওনের ন্যায় জ্ঞান হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭২। ৩০ জুলাই।]

SCHEDULE F

FORM A.—(REFERRED TO IN SECTION 121.)

To   of

Municipality of

Take notice that the sum of Rs   , being the amount of assessment due from you as above, is hereby demanded from you, and that if you do not within ten days pay the same with two annas as the cost of this notice into the office of   , the same with costs will be levied by distress and sale of your goods and chattels.

A. B.

Chairman of

Note.—If within the said ten days you apply to the Commissioners to review the said assessment, the amount due by you with such further costs (if any) as the Commissioners may direct will be levied after ten days from the date of the order made thereon, unless previously paid. But if you have already paid a tax under this assessment, except under distraint, you will not be allowed to apply.

FORM B.—(REFERRED TO IN SECTIONS 122 and 123.)

Table of Fees payable upon distraints under this Act

Sums distrained for				Fee Rs	A
Under 1 Rupee				0	4
1 and under 5 Rupees				0	8
5	„	10	„	1	0
10	„	15		1	8
15	„	20	„	2	0
20	„	25	„	2	8
25	„	30	„	3	0
30	„	35	„	3	8
35	„	40	„	4	0
40	„	45	„	4	8
45	„	50	„	5	0
50	„	60	„	6	0
60	„	80	„	7	8
80		100	„	9	0
Above		100	„	10	0

The above charge includes all expenses including the service of notice of demand, except when peons are kept in charge of property distrained, in which case three annas must be paid daily for each man.

FORM C.—(REFERRED TO IN SECTION 123.)

Warrant of Distraint

To (here insert the name of the officer charged with the execution of the warrant.)

Whereas   of

has not paid or shown sufficient cause for the non-

F তফসীল।

(১২১ ধারার উল্লিখিত) A পাঠ।

অমুক মুনিসিপালিটীর

অমুক স্থানবাসি শ্রী অমুক সমীপেষু।

তোমার স্থানে উপরোক্ত এত টাকা টাক্স পাওনা আছে এইক্ষণে তোমার নিকট সেই টাকার দাওয়া হইতেছে। অমুকের কার্য্যালয়ে দশ দিনের মধ্যে দুই আনা খরচ সুদ্ধ ঐ টাকা না দিলে তোমার মাল ও দ্রব্য ক্রোক ও নীলাম করণদ্বারা খরচা সহিত ঐ টাকা আদায় করা যাইবে।

শ্রী অমুক

কমিশানরদের সভাপতি।

মন্তব্য।—উক্ত নির্দ্ধারিত টাক্স যেন পুনর্ব্বিবেচনা হয় এই নিমিত্ত কমিশানরদের নিকটে উক্ত দশ দিনের মধ্যে প্রার্থনা করিলে তাহার উপর যে আজ্ঞা হয় সেই আজ্ঞার তারিখ অবধি দশ দিনের পূর্ব্বে তোমার ঐ দেনা টাকা না দেওয় গেলে সেই দশ দিবসের পর কমিশানরেরা অধিক খরচ ধরিলে তাহা শুদ্ধ ঐ টাকা আদায় হইবে। কিন্তু যদি ক্রোক না হইয়াও তুমি পূর্ব্বে টাক্স নিরূপণের এই পত্রানুসারে টাক্স দিয়া থাক, তবে প্রার্থনা করিতে পাইবা না।

(১২২ ও ১২৩ ধারার উল্লিখিত) B পাঠ।

এই আইনমতে ক্রোক করিলে যে ফী দিতে হইবে তাহার ফর্দ্দ।

যত টাকার নিমিত্ত ক্রোক হয়।				ফী। টাকা।
১৲ টাকার কম				।০
১৲ টাকা অবধি ৫৲ টাকা পর্য্যন্ত				।।০
৫৲	ঐ	১০৲	ঐ	১৲
১০৲	ঐ	১৫৲	ঐ	১।।০
১৫৲	ঐ	২০৲	ঐ	২৲
২০৲	ঐ	২৫৲	ঐ	২।।০
২৫৲	ঐ	৩০৲	ঐ	৩৲
৩০৲	ঐ	৩৫৲	ঐ	৩।।০
৩৫৲	ঐ	৪০৲	ঐ	৪৲
৪০৲	ঐ	৪৫৲	ঐ	৪।।০
৪৫৲	ঐ	৫০৲	ঐ	৫৲
৫০৲	ঐ	৬০৲	ঐ	৬৲
৬০৲	ঐ	৮০৲	ঐ	৭।।০
৮০৲	ঐ	১০০৲	ঐ	৯৲
১০০৲ টাকার উর্দ্ধ				১০৲

উক্ত ফীর মধ্যে সকল দাওয়ার নোটিস জারী করিবার খরচ শুদ্ধ খরচ ধরা গেল। কিন্তু ক্রোক করা সম্পত্তি পেয়াদাদের জিম্মায় রাখা গেলে তাহাদের একং জনের ৵ আনা রোজ লাগিবে।

(১২৩ ধারার উল্লিখিত) C পাঠ

ক্রোকী পরওয়ানা।

শ্রী (যে কার্য্যকারককে পরওয়ানা জারী করিতে দেওয়া যায় তাহার নাম এই স্থানে লিখিতে হইবে) সমীপেষু,

অমুক স্থানবাসি শ্রী অমুকের স্থানে পার্শ্বে লিখিত টাক্সের নিমিত্ত এত টাকা প্রাপ্য হওয়াতে তাঁহার নি-

payment of the sum of rupees due for taxes mentioned in the margin, although the said sum has been duly demanded in writing from the said , and ten days have elapsed since the service of the notice of demand This is to command you to distrain the movable property of the said to the amount of the said sum of rupees, and the further sum of rupees to defray the charges of taking, keeping, and selling such property , and if within ten days next after such distress the said sum of rupees shall not be paid, to sell the said property, and having paid and deducted out of the proceeds of the sale the said sum of rupees and the charges of taking, keeping, and selling such property, to return the surplus (if any) on demand to the person whom you shall have found in possession of the said property, and if no demand be made, to pay the same to the Commissioners If distress cannot be made of sufficient property of the said you are to certify the same to us, together with this warrant

A B

Chairman of

FORM D —(REFERRED TO IN SECTION 123)

Form of Inventory and Notice (state particulars of goods seized)

Take notice that I have this day seized the property specified in the above inventory for the sum of rupees due for the taxes mentioned in the margin, and that unless you pay into the office of the Commissioners of the sum of rupees, within ten days from the day of the date of this notice, the property will be sold

(*Signature of the officer executing the warrant of distress*)

Date

FORM E —(REFERRED TO IN SECTION 124)

Returns of Sales

1	2	3	4	5	6	7	8	9	10	11
District	Name of defaulter	Amount of defalcation	Amount cost or penalty	Inventory of property seized under distress	Date of distress	Date of sale	Property sold	Amount realized on each article	Purchaser's name	Balance

কট নিয়মিতরূপে লিখিয়া দাওয়া হইলেও এবং সেই দাওয়ার নোটিস তাঁহাকে দেওয়া গেলে পর দশ দিন গত হইলেও উক্ত অমুক সেই টাকা দেন নাই ও না দিবার উপযুক্ত হেতু দর্শান নাই, অতএব তোমাকে এতদ্দারা এই আজ্ঞা করা গেল যে তুমি উক্ত অমুকের উক্ত এত টাকা মূল্যের অস্থাবর দ্রব্য ক্রোক কর ও সেই দ্রব্য লইবার ও রাখিবার ও বিক্রয় করিবার খরচ শোধ করণের উপযুক্ত টাকার দ্রব্যও লও, ও উক্ত দ্রব্য ক্রোক করণের পর দশ দিনের মধ্যে উক্ত এত টাকা না দেওয়া গেলে সেই দ্রব্য নীলাম কর এবং নীলামের উৎপন্ন টাকাহইতে প্রাপ্য উক্ত এত টাকা এবং ক্রোকী দ্রব্য লইবার ও রাখিবার ও নীলাম করিবার খরচের টাকা কাটিয়া বাদ দিলে পর, উক্ত দ্রব্য যাঁহার অধিকারে পাওয়া গিয়াছিল তাঁহার দাওয়ামতে তাঁহাকে অবশিষ্ট টাকাদেও এবং তিনি কোন দাওয়া না করিলে তাহা কমিশ্যনরদিগকে দেও। যদি উক্ত ব্যক্তির ক্রোক করিবার উপযুক্ত দ্রব্য না পাওয যায় তবে সেই কথা লিখিয়। এই পরওয়ানার সহিত আমাদিগকে জ্ঞাত কর।

শ্রী অমুক সভাপতি।

(১২৩ ধারার উল্লিখিত) D পাঠ।

নির্ঘণ্টের ও নোটিসের পাঠ (যেং দ্রব্য ক্রোক করা গেল তাহার বিবরণ)

পার্শ্বের লিখিত টাক্সের জন্যে অমুক সালের অমুকং মাসের প্রাপ্য এত টাকা আদায়ের নিমিত্ত আমি অদ্য উক্ত নির্ঘণ্টের নির্দিষ্ট দ্রব্য ক্রোক করিয়াছি ইহা জানিও। এবং তুমি এই নোটিসের তারিখঅবধি দশ দিনের মধ্যে অমুক স্থানের কমিশ্যনরদের কার্য্যালয়ে এত টাকা না দিলে সেই দ্রব্য নীলাম করা যাইবে।

(ক্রোকী পরওয়ানা জারী করণার্থে নিযুক্ত কার্য্যকারকের স্বাক্ষর।

তারিখ

(১২৪ ধারার উল্লিখিত E পাঠ।)

নীলামের রিটর্ণ।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
জিলা	বাকীদারের নাম	যত টাকা বাকী	খরচ কি দণ্ড	ক্রোক করা সম্পত্তির বিবরণ	ক্রোক করিবার তারিখ	নীলামের তারিখ	যে দ্রব্য নীলাম হয়	প্রত্যেক দ্রব্যের উপর যে মূল্য পাওয়া গেল	খরিদারের নাম	বাকী

SCHEDULE G.—(REFERRED TO IN SECTION 146.)

18 *Births in the Municipality of*

No.	When born	Nationality or caste	Name if any	Sex.	Name of Father	Profession of Father	Description and residence of informant	When registered	Signature of Registrar

SCHEDULE H.—(REFERRED TO IN SECTION 146.)

18 *Deaths in the Municipality of*

No.	When died	Nationality or caste	Name	Sex	Age	Profession	Cause of death	Description and residence of informant	When registered	Signature of Registrar

(১৪৬ ধারার উল্লিখিত)—G তফসীল।

১৮ সাল। অমুক মুনিসিপালিটীর অন্তর্গত স্থানে সন্তানাদির জন্মের নির্ঘণ্ট।

নম্বর	যে দিনে জন্মে	যে দেশের কি জাতির	নাম থাকিলে তাহার নাম	পুরুষ কি স্ত্রী	পিতার নাম	পিতার ব্যবসায়	সংবাদদাতার পরিচয়ার্থ বর্ণনা ও বাসস্থান	যে সময়ে রেজিষ্টর হয়	রেজিষ্ট্রারের স্বাক্ষর

(১৪৬ ধারার উল্লিখিত)—H তফসীল।

১৮ সাল। অমুক মুনিসিপালিটীর অন্তর্গত স্থানে মৃত্যুর নির্ঘণ্ট।

নম্বর	যে দিনে মরে	যে দেশের কি জাতির	নাম	পুরুষ কি স্ত্রী	বয়স	ব্যবসায়	যাহাতে মৃত্যু হয়	সংবাদদাতার পরিচয়ার্থ বর্ণনা ও বাসস্থান	যে সময়ে রেজিষ্টর হয়	রেজিষ্ট্রারের স্বাক্ষর

SCHEDULE I.—(REFERRED TO IN SECTION 247.)

Form of Distraining Warrant

BENGAL MUNICIPALITIES' ACT, 1872.

On behalf of the punchayet of ( )

Whereas the several persons named in the list at foot hereof have made default in payment to the said punchayet of the sums in the said list set opposite to their respective names, you are hereby authorized and required to levy by distress and sale of a sufficient portion of the movable property of the said defaulters, the said several sums set opposite to their respective names.

Dated day of

(Sd.) R. B.

President of the Punchayet.

Name and description	Amount Rs.	When due	Penalty of
B. G.	1 0	1st Bysack	1 0
K. B.	0 2	1st "	0 2

HERBERT COWIE,

Asst. Offg. Secy. to the Govt. of Bengal, Legislative Department.

২৪৭ ধারার উল্লিখিত—I তফসীল।

ক্রোকের পরওয়ানার পাঠ।

বঙ্গদেশের মুনিসিপালিটী বিষয়ক ১৮৭২ সালের আইন।

অমুক গ্রামের পঞ্চায়তের পক্ষে।

নিম্নলিখিত তফসীলে যেং ব্যক্তিদের নাম আছে তাহারা আপনং নামের পার্শ্বলিখিত টাকা উক্ত পঞ্চায়তকে দিতে ত্রুটি করিয়াছে। এই প্রযুক্ত ঐ ত্রুটিকারিদের স্বং নামের পার্শ্বলিখিত ঐং টাকা উক্ত ত্রুটিকারিদের উপযুক্ত অস্থাবর সম্পত্তির ক্রোক ও নীলামদ্বারা আদায় করিতে তুমি অমুক তোমাকে এতদ্দ্বারা ক্ষমতা দেওয়া গেল।

সাল তাং

শ্রী অমুক,

পঞ্চায়তের সভাপতি।

নাম ও বর্ণনা।	টাকা।	যে সময়ে দিতে হইবে তাহা।	জরিমানা।
শ্রী অমুক	১৲	১ বৈশাখ ...	১৲
শ্রী অমুক	৵	১ ঐ	৵

হরবর্ট কৌয়েল,

ব্যবস্থাপক কর্ম্মবিভাগে বঙ্গদেশের গবর্ণমেন্টের আসিস্টান্ট সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

Orders by the Lieutenant-Governor of Bengal.

REVENUE AND GENERAL DEPARTMENTS.

No. 1385R.

APPOINTMENTS.

The 11th July 1872.—The following gentlemen are appointed to be members of the District Road Committee in the Noakhally district, viz.—

The Magistrate and Collector, Noakhally.
Babu Ram Manik Roy.
Mr. C. Wood.
Babu Turruck Chunder Chowdhuri.
Moulvi Abdool Aziz Khan.
Babu Luchmon Persad Tewary.
Mahomed Pana Meah.
Babu Bogola Prosonno Mozoomdar.
Mr. E. Paxwell.
Mamomed Arshad Chowdhuri.
Babu Chundro Nath Chowdhuri.
" Brijo Kishore Sein.
" Ram Chunder Shah.
" Rhedoy Krishto Mitter.
Mahamood Monohur Meah.
Babu Khettro Nath Doss.
" Nobin Kishore Roy.
" Kali Kishore Gooho.
Hasson Ali Chowdhuri.

• [*Government Gazette, 30th July* 1872.]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আজ্ঞা।

রেবিনিউ ও জেনরল ডিপার্টমেণ্ট।

১৩৮৫R নম্বর।

নিয়োগ।

১৮৭২ সাল ১১ জুলাই।—নিম্নলিখিত মহাশয়েরা নওয়াখালী জিলাতে প্রদেশীয় পথের কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইয়াছেন।

নওয়াখালীর মাজিস্ট্রেট ও কালেক্টর সাহেব।
শ্রীযুত বাবু রামমাণিক রায়।
" সি উড সাহেব।
" বাবু তারকচন্দ্র চৌধুরী।
" মৌলবী আবদুল আজিজ খাঁ।
" বাবু লক্ষ্মণ প্রসাদ তেওয়ারি।
" মহম্মদ পানা মিঞা।
" বাবু বগলাপ্রসন্ন মজুমদার।
" ই, পাক্সওয়েল সাহেব।
" মহম্মদ আরশাদ চৌধুরী।
" বাবু চন্দ্রনাথ চৌধুরী।
" " ব্রজকিশোর সেন।
" " রামচন্দ্র শাহা।
" " হৃদয়কৃষ্ণ মিত্র।
" মহম্মদ মনোহর মিঞা।
" বাবু ক্ষেত্রনাথ দাস।
" " নবীনকিশোর রায়।
" " কালীকিশোর গুহ।
" হাসন আলী চৌধুরী।

The following gentlemen are appointed to be members of the District Road Committee in the Chittagong district, viz —

The Magistrate and Collector, Chittagong
The Joint-Magistrate
Babu Hurry Choitomio Ghose
Mr W R Johnston
Moulvi Abdoolla Khan
Mr W E Campbell
Babu Tripura Churn Rai
„ Romesh Churn Rai
„ Ramsoonder Sein
„ Kanta Prosad Hazari
Mr R Macalpine
Moulvi Asanulla Chowdhuri
Babu Lall Chand Chowdhuri
„ Gopee Mohun Ghosh

The following gentlemen are appointed to be members of the Sub-divisional Road Committee at Cox's Bazar, viz —

The Assistant Magistrate and Collector, Cox's Bazar
Mya Ashrof Ali
Nazir Ali Chowdhuri
Mr R Windram
Chuiphroo Chowdhuri
Ashrof Mya

The 17th July 1872 —Mr James Kelleher, Assistant Magistrate and Collector, to have charge of the Sub-division of Narail, in Jessore

Babu Bemolanund Mookerjee, Deputy Magistrate and Deputy Collector, Maunbhoom, is transferred to Dinagepore

The following officiating Extra Assistant Commissioners in the Sonthal Pergunnahs are appointed to be Extra Assistant Commissioners of the Seventh Grade —

Mr Laurence Barlow Roberts
„ John Reginald Hand

Babu Rajmohun Dey, B L, is appointed to be an Extra Assistant Commissioner of the Seventh Grade in Assam, and is vested with the powers of a Moonsiff He will also exercise the powers of a Subordinate Magistrate of the Second Class

The following gentlemen are appointed to officiate as Deputy Magistrates under Act XV of 1843, and Deputy Collectors under Regulation IX of 1833, in the places mentioned against their names, and are vested with the powers of a Subordinate Magistrate of the Second Class —

Babu Medini Prasad, Patna Division
„ Harimohun Sen, Backergunge
„ Kalinath Dev, Tipperah

[দি ক্যালকাটা গেজেট। ১৮৭২। ২৩ জুলাই।]

নিম্নলিখিত মহাশয়েরা চট্টগ্রাম জিলাতে প্রদেশীয় পথের কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইয়াছেন।

চট্টগ্রামের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেব।
জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেব।
শ্রীযুত বাবু হরিচৈতন্য ঘোষ।
শ্রীযুত ডবলিউ আর, জানষ্টন সাহেব।
„ মৌলবী আবদুল্লা খাঁ।
„ ডবলিউ, ই, কাম্বেল সাহেব।
„ বাবু ত্রিপুরা চরণ রায়।
„ বাবু রমেশচরণ রায়।
„ বাবু রামসুন্দর সেন।
„ বাবু কান্তপ্রসাদ হাজারি।
„ আর, মাকালপিন সাহেব।
„ মৌলবী আসানুল্লা চৌধুরী।
„ বাবু লালচাঁদ চৌধুরী।
„ বাবু গোপী মোহন ঘোষ।

নিম্নলিখিত মহাশয়েরা কক্সবাজারে শাখাখণ্ডের পথের কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইয়াছেন।

কক্সবাজারের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেব।
শ্রীযুত মীয়া আশরফ্ আলী।
„ নাজীর আলী চৌধুরী।
„ আর উইণ্ড্রাম সাহেব।
„ চাহিফ্রু চৌধুরী।
„ আশরফ্ মীয়া।

১৮৭২ সাল ১৭ জুলাই —আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জেমস্ কেলিহার সাহেব যশোহরের অন্তর্গত নড়াইল শাখাখণ্ডের অধ্যক্ষতা ভার পাইবেন।

মানভূমের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু বিমলানন্দ মুখোপাধ্যায় দিনাজপুরে প্রেরিত হইয়াছেন।

সাঁওতাল পরগনার নিম্নলিখিত একটিং অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিশ্যনরেরা সপ্তম শ্রেণীর অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিশ্যনরের পদে নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত লরেন্স বার্লো রবর্টস্ সাহেব।
„ জান রেজিনালড্ হাণ্ড্ সাহেব।

শ্রীযুত বাবু রাজমোহন দে, বি, এল আসামে সপ্তম শ্রেণীর অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিশ্যনরের পদে নিযুক্ত হইয়া মুনসেফের ক্ষমতা পাইয়াছেন। তিনি দ্বিতীয় শ্রেণীর সবর্ডিনেট মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমেও কর্ম্ম করিবেন।

নিম্নলিখিত মহাশয়েরা আপনং নামের পার্শ্বের লিখিত স্থানে ১৮৪৩ সালের ১৫ আইনমতে ডেপুটী মাজিষ্ট্রেটের ও ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টরের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইয়া দ্বিতীয় শ্রেণীর সবরডিনেট মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত মেদিনীপ্রসাদ বাবু পাটনা খণ্ডে।
„ বাবু হরিমোহন সেন বাকরগঞ্জে।
„ বাবু কালীনাথ দে ত্রিপুরায়।

The 19*th* *July* 1872 —Mr. Herbert John Reynolds to be a Magistrate and Collector of the First Grade, with effect from the 14th June last

Mr Frederick George Millett to be Magistrate and Collector of Bancoorah in the Second Grade, but to continue to officiate as Magistrate and Collector of Rungpore in the First Grade

The 20*th* *July* 1872 —Babu Radha Kissen Sen, B L, Moonsiff of Sundeep, Chittagong, is vested with the powers of a Subordinate Magistrate of the Second Class

Baboo Kedar Nath Mullick, Deputy Magistrate and Deputy Collector, on leave, to have temporary charge of the Sub-division of Magoorah

The 23*rd* *July* 1872 —The following gentlemen to be members of the Local Committee of Public Instruction at Midnapore, viz —

Babu Mohendra Lall Khan
,, Kali Prosonno Roy Chowdhuri
,, Jodu Nath Mukerji
,, Bhuban Chunder Banerji
,, Baburam Banerji
,, Pyari Mohun Mitter

Dr Henry Charles Bowser to be a Member of and Secretary to the Local Committee of Public Instruction at Deoghur, Sonthal Pergunnahs

Babu Nil Chunder Chuckerbutty is appointed to officiate as a Deputy Magistrate under Act XV of 1843, and a Deputy Collector under Regulation IX of 1833, in Maldah, and is vested with the powers of a Subordinate Magistrate of the Second Class

LEAVE OF ABSENCE

The 17*th* *July* 1872 —Mr William George Deare, Deputy Magistrate and Deputy Collector of Narail, is allowed six months' leave under Section 7, Supplement F of the Civil Leave Code, together with twenty days' subsidiary leave from the date on which he may be relieved

Captain William Hopkinson, Assistant Commissioner of Hazareebaugh, for two months, under Section 18 of the Civil Leave Code, from the date on which he may be relieved.

The 19*th* *July* 1872 —Captain William George Maitland, Assistant Commissioner, Seebsaugor, for twenty-one days, under Section 18 of the Civil Leave Code.

The 20*th* *July* 1872 —Mr Daniel Walter McMullen Testro, B A, Assistant Magistrate, Backergunge, is allowed furlough for two years, under Section 7 (*a*), clause 2 of the Civil Leave Code, together with subsidiary leave for a period

১৮৭২ সাল ১৯ জুলাই।—শ্রীযুত হর্বর্ট জান রেনলডস সাহেব গত জুন মাসের ১৪ তারিখ অবধি প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

শ্রীযুত ফ্রেড্রিক জর্জ মিলেট সাহেব দ্বিতীয় শ্রেণীমতে বাঁকুড়ার মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন কিন্তু প্রথম শ্রেণীমতে রঙ্গপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিতে থাকিবেন।

১৮৭২ সাল ২০ জুলাই —চট্টগ্রামের অন্তর্গত সন্দীপের মুনসেফ শ্রীযুত বাবু রাধাকৃষ্ণ সেন বি, এল, দ্বিতীয় শ্রেণীর সবরডিনেট মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কেদারনাথ মল্লিক কিয়ৎকালের নিমিত্তে মাগুরা শাখাখণ্ডের অধ্যক্ষতা ভার পাইবেন। ইনি ছুটী লইয়াছেন।

১৮৭২ সাল ২৩ জুলাই।—নিম্নলিখিত মহাশয়েরা মেদিনীপুরে সাধারণের শিক্ষা সংক্রান্ত কমিটীর মেম্বর হইবেন।

বাবু মহেন্দ্রলাল খাঁ।
,, কালীপ্রসন্ন রায় চৌধুরী।
,, যদুনাথ মুখোপাধ্যায়।
,, ভুবনচন্দ্র বন্দ্যোপাধ্যায়।
,, বাবুরাম বন্দ্যোপাধ্যায়।
,, পেয়ারিমোহন মিত্র।

ডাক্তর শ্রীযুত হেনরি চার্লস বৌসর সাহেব সাঁওতাল পরগনার অন্তর্গত দেবগড়ে সাধারণের শিক্ষা সংক্রান্ত কমিটীর মেম্বর ও সেক্রেটারী হইবেন।

শ্রীযুত বাবু নীলচন্দ্র চক্রবর্ত্তী মালদহে ১৮৪৩ সালের ১৫ আইনমতে ডেপুটী মাজিষ্ট্রেট ও ১৮৩৩ সালের ৯ ক্ষ্ম আইনমতে ডেপুটী কালেক্টরের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইয়া দ্বিতীয় শ্রেণীর সবরডিনেট মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

ছুটী।

১৮৭২ সাল ১৭ জুলাই —নড়াইলের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত উলিয়ম জর্জ ডিয়র সাহেব দেওয়ানী কার্য্যকারকদের ছুটী বিষয়ক আইনের F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৭ ধারামতে ছয় মাস ছুটী পাইয়াছেন তদ্ভিন্ন তিনি যে তারিখে অন্যের প্রতি কার্য্যের ভারার্পণ করেন সেই তারিখ অবধি বিশ দিন উপকরণার্থ ছুটী পাইয়াছেন।

হাজারীবাগের আসিষ্টান্ট কমিশ্যনর কাপ্তান শ্রীযুত উলিয়ম হপকিন্সন সাহেব যে তারিখে অন্যের প্রতি কর্ম্মের ভারার্পণ করেন সেই তারিখ অবধি দেওয়ানী কার্য্যকারকদের ছুটী বিষয়ক আইনের ১৮ ধারামতে দুই মাস ছুটী পাইয়াছেন।

১৮৭২ সাল ১৯ জুলাই।—শিবসাগরের আসিষ্টান্ট কমিশ্যনর কাপ্তান শ্রীযুত উলিয়ম জর্জ মেট ল সাহেব দেওয়ানী কার্য্যকারকদের ছুটী বিষয়ক আইনের ১৮ ধারামতে একবিংশতি দিন ছুটী পাইয়াছেন।

১৮৭২ সাল ২০ জুলাই।—বাকরগঞ্জের আসিষ্টান্ট মাজিষ্ট্রেট শ্রীযুত ডানিয়েল ওয়ালটর মাকমলেন টেষ্ট্রো সাহেব বি, এ, দেওয়ানী কার্য্যকারকদের ছুটী বিষয়ক আইনের ৭ (A) ধারার ২ প্রকরণমতে দুই বৎসর নিয়মিত ছুটী পাইয়াছেন। তদ্ভিন্ন তিনি বরিশালে আ-

not exceeding thirty days, commencing from the date on which he made over charge of his office at Burrisaul

The 22nd July 1872 —Sir William James Herschel, Officiating Commissioner of Dacca, for fourteen days, to enable him to appear before the Standing Medical Committee at the Presidency

Dr Charles Palmer, Marine Surgeon, for three months, under Section 18 of the Civil Leave Code

C Bernard,
Offg Secy. to the Govt of Bengal

NOTIFICATION

The 22nd July 1872 —Under the provisions of Section 35, Act V (B C) of 1870 (an Act to appoint Commissioners for making Improvements in the Port of Calcutta), the Lieutenant-Governor has been pleased to sanction the metalling of the jetty enclosure between the tramway and the railing on the Strand Road according to an estimate submitted by the Commissioner, amounting to Rs 12,377-11 9

C Bernard,
Offg. Secy to the Govt of Bengal.

NOTIFICATION

The 23rd July 1872 —For the encouragement of candidates for the Native Civil Service it is notified that arrangements have been made for employing in the Subordinate Executive Service all the candidates who passed the examinations in February last It must not be supposed from the above that all future successful candidates are to expect such immediate and high employment It only shows that as yet the supply does not exceed the demands of the public service It is hoped that many new appointments of the character described in the Resolution on Local Establishments dated 20th March last, (and published with the Provincial Budget for 1872-73 in the Supplement to the *Calcutta Gazette* of the 27th idem), will be available to candidates who pass at the next examination It is to be understood that qualified candidates accepting appointments of less than Rs 100 per mensem will be eligible for promotion to the higher grades on showing their practical efficiency by good service, and on passing any further tests that may be required

C Bernard,
Offg. Secy to the Govt of Bengal.

পর কার্য্যালয়ের কর্ম্মের ভার যে তারিখে অন্যের প্রতি অর্পণ করেন সেই তারিখ অবধি ত্রিশ দিন পর্য্যন্ত উপকরণার্থ ছুটি পাইয়াছেন।

১৮৭২ সাল ২২ জুলাই।—ঢাকার একটিং কমিশ্যনর শ্রীযুত সর উলিয়ম জেমস হর্শেল সাহেব রাজধানীস্থ স্থায়ি চিকিৎসক সভায় উপস্থিত হইতে পারিবার নিমিত্ত চৌদ্দ দিন ছুটী পাইয়াছেন।

মেরিন সর্জন ডাক্তর শ্রীযুত চার্লস পামার সাহেব দেওয়ানী কার্য্যকারকদের ছুটী বিষয়ক আইনের ১৮ ধারামতে তিন মাস ছুটী পাইয়াছেন।

সি, বর্ণার্ড,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটারী।

বিজ্ঞাপন।

এদেশীয় রাজ্যাধিকারের তাম্র মুদ্রা কৃত্রিম করিবার প্রথা নিবারণ করা এই পাণ্ডুলিপির মুখ্য উদ্দেশ্য । কৃত্রিম মুদ্রা ব্রিটনীয় ভারতবর্ষের স্থানে বাহুল্যরূপে চলিত হওয়াতে আমাদের চলিত মুদ্রার ক্ষতি হইতেছে এমত কথিত আছে । দণ্ডবিধির আইনে মুদ্রা কৃত্রিম করা নিষিদ্ধ । কিন্তু উক্ত আইনে "যে ধাতু মুদ্রিত হইয়া কোন গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে চলন হয়" মুদ্রা শব্দের এই অর্থ করা গেল । এবং ১৭ ধারামতে "যে ব্যক্তি বা ব্যক্তিরা ব্রিটনীয়দের অধিকৃত ভারতবর্ষের শব কোন স্থানের রাজকার্য্য নির্ব্বাহ করিতে আইনমতে ক্ষমতাপন্ন হন" গবর্ণমেণ্ট শব্দে তাঁহাকে বা তাঁহাদিগকে বুঝায় । এই প্রকারে এদেশীয় রাজ্যাধিকারের মুদ্রা ঐ আইনের অর্থমতে মুদ্রা নয় । কিন্তু এই ভ্রম আকস্মিক হইল সন্দেহ নাই । ঐ দোষ সংশোধন করা উদ্দেশ্য ।

এই সুযোগে অন্য এক বিষয়েরও সংশোধন করা গেল । ২৩০ ধারামতে "মুদ্রা" শব্দে মুদ্রার ন্যায় "ব্যবহৃত" ধাতু বুঝায় । এই অর্থ ধরিলে গ্রীকো বাকট্রীয় "ষ্টেটর" প্রভৃতি অতি প্রাচীন২ যে মুদ্রা পূর্ব্ব কালে মুদ্রা স্বরূপ ব্যবহৃত হইলেও এইক্ষণে আশ্চর্য্য দ্রব্যমাত্র বলিয়া জ্ঞান হয় তাহাও ঐ অর্থের

as a curiosity. The Bill, therefore, proposes to introduce before 'used' the words 'for the time being.'

A. HOBHOUSE

SIMLA,
The 26th June 1872

WHITLEY STOKES,
Secy to the Govt of India

মধ্যে ধরা যাইতে পারে এই অদ্ভুত তরবাতে এই পাণ্ডুলিপিতে "ব্যবহৃত" শব্দের পূর্ব্বে "তৎকালে তাহা মুদ্রাস্বরূপ" এই শব্দ দিতে প্রস্তাব হইয়াছে।

এ হবহৌস্‌।

সিমলা
১৮৭২ সাল ২৬ জুন।

হুইটলি ষ্টোক্‌স,
ভারতবর্ষের গবর্ণমেন্টের সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator*

Government of Bengal.

LEGISLATIVE DEPARTMENT

THE following Report of the Select Committee on the Bill to provide for the due appropriation of certain educational and charitable endowments, with the amended Bill, is, by order of the President, published for general information —

We, the Select Committee appointed to consider the Bill "to provide for the due appropriation of certain educational and charitable endowments" and the list of endowment funds presented to us, have the honor to make the following report —

We have proposed to limit the number of trustees to five We have provided for trustees framing a scheme for the administration of an endowment in the event of its purposes being vague or unascertainable

We have defined the securities in which trustees may invest endowment funds

We have adopted a provision of Act XX of 1863 providing for the Court throwing out *in limine* a groundless complaint against a trustee or manager

We have provided against the inconvenience of having to re-endorse such securities on the appointment of new trustees

We recommend that the Bill as amended by us be passed

C BERNARD.
ABDOOL LUTEEF.
DEGUMBER MITTER.
B. D COLVIN

The 17th July 1872.

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

বিদ্যাদান ও পরোপকার্থে নিরূপিত ধন বিহিত মতে প্রয়োগ করিবার বিধান করণার্থ আইনের পাণ্ডুলিপি বিবেচনা করণার্থে মনোনীত কমিটীর এই রিপোর্ট সংশোধিত পাণ্ডুলিপির সহিত সভাপতি সাহেবের আজ্ঞাক্রমে সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল।

বিদ্যাদান ও পরোপকারার্থে নিরূপিত ধন বিহিতমতে প্রয়োগ করিবার বিধান করণার্থ আইনের পাণ্ডুলিপি ও নিরূপিত ধনের নির্দ্দিষ্টপত্র বিবেচনা করিবার জন্যে মনোনীত কমিটী আমরা নিম্ন লিখিত রিপোর্ট করিলাম।

ন্যাসধারিদের সংখ্যা নিরূপণ করিয়া পাঁচ জন নিযুক্ত হইবার প্রস্তাব করিলাম। ধন যে কার্য্যার্থে নিরূপিত হয় তাহা অস্পষ্ট হইলে কিম্বা নিশ্চয়মতে জানা যাইতে না পারিলে ন্যাসধারিদের দ্বারা তৎকার্য্য সম্পাদনের নিয়মের পাণ্ডুলেখ্য প্রণয়ন হইবার বিধান করিলাম।

ন্যাসধারিরা ঐ দত্ত ধন দ্বারা যে২ প্রকারের সিক্যুরিটী ক্রয় করিতে পারিবেন তাহা নির্ণয় করিলাম।

ন্যাসধারির কি কার্য্যাধ্যক্ষর নামে অমূলক অভিযোগ হইলে আদালত প্রথমেই তাহা অগ্রাহ্য করিতে পারিবেন ১৮৬৩ সালের ২০ আইনের এই বিধান গ্রহণ করিলাম।

নূতন ন্যাসধারি যত বার নিযুক্ত হন উক্ত সিক্যুরিটীপত্রের পৃষ্ঠে তাঁহার নাম ততবার লিখিতে গেলে যে কষ্ট হয় তাহার প্রতিবিধান করিলাম।

এতদ্রূপে সংশোধিত ঐ পাণ্ডুলিপি প্রচলিত করা যায় এই প্রস্তাব করিলাম।

সি, বর্ণাড।
আবদুল লতীফ।
দিগম্বর মিত্র।
বি, ডি, কলবিন।

১৮৭২ সাল ১৭ জুলাই।

AMENDED BILL.

A Bill to provide for the due appropriation of certain Educational and Charitable Endowments

Preamble

WHEREAS there are at present endowments granted in money or in land for certain educational and charitable purposes, in respect of which either no person has been originally nominated a trustee, or there is now no trustee living or capable of being appointed under the instrument of endowment, and whereas it is expedient to provide for the due appropriation and management of all such endowments, It is enacted as follows —

Vesting of endowment

1 All moneys or lands heretofore granted, or which may be hereafter granted by any person or persons for any charitable or educational purposes, not being purely religious, within any district within the territories subject to the Lieutenant-Governor of Bengal, for which no person or persons have been nominated trustees or trustee, or for which there may not be any living trustee, or any power of appointing a trustee under the instrument of endowment, are hereby vested in such trustees as the said Lieutenant-Governor shall, as soon as possible after the passing of this Act, nominate, as hereinafter provided

Appointment of trustees

2. For every district in respect of which any such endowments have been made, whereof at the time of the passing of this Act or thereafter there shall not be any trustee living or capable of being appointed under the instrument of endowment, the said Lieutenant Governor shall nominate not more than five trustees in whom such endowments shall vest, provided that the chief executive officer for the time being of such district shall be nominated as one of the trustees in respect of such endowments Such trustees shall have in all respects the same powers as if they had been appointed by the donor under the instrument of endowment Where there is no instrument of endowment it shall be their duty to draw up a scheme for the management and appropriation of the estate, and submit the same for the sanction of the Lieutenant Governor, who shall have power to alter and amend the same After such scheme has been sanctioned, the endowment shall be administered in all respects under the provisions

সংশোধিত পাণ্ডুলিপি।

বিদ্যাদান ও পরোপকারের নিমিত্ত নিরূপিত ধন বিহিতমতে প্রয়োগ করিবার বিধান করণার্থ আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

বিদ্যাদানার্থ ও পরোপকারার্থ কোনং কার্য্য হেতুক ধন কি ভূমি নিরূপিত হইলে প্রথমাবধি ন্যাসধারিস্বরূপ কোন ব্যক্তি নিযুক্ত হন নাই কিম্বা এইক্ষণে সেই ধনাদি নিরূপণ পত্রানুসারে ন্যাসধারি নাই কিম্বা যাঁহাকে ন্যাসধারিস্বরূপ নিযুক্ত করা যাইতে পারে এমত ব্যক্তিও নাই ✱ সেই ধনাদি উপযুক্তমতে প্রয়োগ করিবার ও তাহার কার্য্যধ্যক্ষতা করিবার সুবিধান করা বিহিত এই হেতুক নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

নিরূপিত ধনাদি ন্যস্ত থাকিবার কথা।

১ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের শাসিত দেশের অন্তর্গত কোন জিলায় কোন ব্যক্তি কি ব্যক্তিরা কেবল ধর্ম্মসম্বন্ধীয় কার্য্য ভিন্ন ইতিপূর্ব্বে পরোপকারার্থে কি বিদ্যাদানার্থে যে টাকা কি ভূমি নিরূপণ করিয়াছেন কিম্বা ইতঃপরে করেন তাহার ন্যাসধারিস্বরূপ কোন ব্যক্তিকে কি ব্যক্তিদিগকে নিযুক্ত করা না গেলে কিম্বা সেই ধননিরূপণপত্রানুসারে ন্যাসধারী বর্ত্তমান না থাকিলে কিম্বা ন্যাসধারিকে নিযুক্ত করিবার ক্ষমতা না থাকিলে, উক্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব এই আইন প্রচলিত হইবার পর সাধ্যমতে ত্বরায় নিম্নলিখিত বিধানানুসারে ন্যাসধারিদিগকে মনোনীত করিলে ঐ ধন তাঁহারদের নিকট ন্যস্ত থাকিবে ইতি।

ন্যাসধারিদিগকে নিযুক্ত করিবার কথা।

২ ধারা। এই আইন প্রচলিত হইবার সময়ে কিম্বা তাহার পরে পূর্ব্বোক্ত প্রকারের নিরূপিত ধনের কোন ন্যাসধারী বর্ত্তমান না থাকিলে ও ধননিরূপণপত্রানুসারে কোন ন্যাসধারী নিযুক্ত হইতে না পারিলে, যেং জিলার উপলক্ষে ঐ ধন নিরূপণ করা যায় উক্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব সেইং জিলায় পাঁচ জনের অনধিক ন্যাসধারিকে মনোনীত করিবেন ও তাঁহারদের নিকট ধন ন্যস্ত থাকিবে। কিন্তু যৎকালে যিনি সেই জিলার প্রধান কর্ম্মকারি কর্ত্তৃপক্ষ হন তিনি ঐ নিরূপিত ধন সম্পর্কে অন্যতর ন্যাসধারী হইবেন। ধনদাতা ধননিরূপণপত্রানুসারে সেই ন্যাসধারিদিগকে নিযুক্ত করিলে সেই ধন সম্পর্কে তাঁহারদের যে ক্ষমতা থাকিত উক্ত প্রকারের মনোনীত ন্যাসধারিদের সর্ব্বতোভাবে সেই ক্ষমতা থাকিবে। যদি ধন নিরূপণ পত্র না থাকে, তবে তাঁহারা ধনের কার্য্যাধ্যক্ষতার ও ধন প্রয়োগ করণের নিয়মের পাণ্ডুলিপি প্রস্তুত করিয়া শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের অনুমোদনার্থে অর্পণ করিবেন। তিনি তাহা পরিবর্ত্তন ও সংশোধন করিতে পারিবেন। সেই নিয়মের অনুমোদন হইলে পর সর্ব্বতোভাবে তাহার বিধানানুসারে ঐ ধনের কার্য্যাধ্যক্ষতা চলিবে ও সেই নিয়মপত্রে

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭২। ৬ আগষ্ট।]

thereof, and the trustees shall have such powers as are in the said scheme provided It shall be lawful for the Lieutenant-Governor, on the recommendation of the trustees, from time to time, to modify such scheme

ন্যাসধারিদের যেং ক্ষমতার বিধান হয় তাঁহারদের সেইং ক্ষমতা থাকিবে। ন্যাসধারিদের পরামর্শমতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব সময়ান্তরে ঐ নিয়ম মতান্তর করিতে পারিবেন ইতি।

Appropriation of endowments

3. It shall be the duty of such trustees to take order that all endowments so vested in them as aforesaid shall be duly appropriated to the purposes for which they were destined by the respective donors thereof, or by virtue of any scheme sanctioned under the next preceding section, so far as the same can be ascertained, and to invest the same in securities of the Government of India or in stock or shares of railways guaranteed by the Government of India, and to apply the yearly proceeds or income thereof to the purposes aforesaid, provided that the trustees may, with the sanction of the said Lieutenant-Governor, devote any portion of the capital sum or value of the said funds to any especial object for the furtherance of the above-mentioned purposes

নিরূপিত ধন প্রয়োগের কথা।

৩ ধারা। ধনদাতারা যেং কার্য্যে ঐ ধন প্রয়োগ হইবার মনস্থ করিলেন কিম্বা ইহার পূর্ব্ব ধারা মতে অনুমোদিত কোন নিয়মের বলে ঐ মনস্থ নিশ্চয়মতে যত দূর জানা যাইতে পারে, সেই ধন সেই কার্য্যে নিয়মিতরূপে ততদূর প্রয়োগ করা যায়, যে ন্যাসধারিদের নিকট উক্ত ধন পূর্ব্বোক্তমতে ন্যস্ত থাকে তাঁহারদের এই বিষয়ের বিধান করা কর্ত্তব্য। ও সেই ধনে ভারতবর্ষের গবর্ণমেণ্ট সিকুরিটী কিম্বা যে রেলওয়ের বিষয়ে ভারতবর্ষের গবর্ণমেণ্ট প্রতিভূ হন সেই রেলওয়ের ইষ্টাক কি শ্যার ক্রয় করিয়া পূর্ব্বোক্ত কার্য্যে তাহার বার্ষিক উৎপন্ন কি আয় প্রয়োগ করা তাঁহারদের কর্ত্তব্য। কিন্তু উক্ত ন্যাসধারিরা উক্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের অনুমতি লইয়া পূর্ব্বোক্ত অভিপ্রায় সাধন করিবার কোন বিশেষ কার্য্যে মূল ধনের কোন অংশ কিম্বা ঐ ফণ্ডের মূল্য প্রয়োগ করিতে পারিবেন ইতি।

Suits in court

4 Any person interested in the purposes to which any endowment, not being for a purely religious purpose, may have been intended, may, without joining as plaintiff any of the other persons interested therein, sue before the civil court the trustee, manager, or superintendent by whom such endowment may be administered, or any trustee appointed under this Act, for any misfeasance, breach of trust, or neglect of duty, committed by such trustee, manager, or superintendent in respect of the trusts vested in, or confided to, them respectively, and the civil court may direct the specific performance of any act by such trustee, manager, or superintendent, and may give such relief and make such orders and directions in relation to the matter of such suit as appear to it proper, and may decree damages and costs against such trustee, manager, or superintendent and may also direct the removal of such trustee, manager, or superintendent The interest required in order to entitle a person to sue under this section need not be a pecuniary or a direct or immediate interest, or such an interest as would entitle the person suing to take any part in the management or superintendence of the trusts Provided that any trustee nominated under this Act, shall not be liable for damages on account of any act done or omitted by him *bonâ fide* for the

আদালতে মোকদ্দমার কথা।

৪ ধারা। ঐ নিরূপিত ধনঘটিত কার্য্য যে ন্যাসধারির কি কার্য্যাধ্যক্ষের কি তত্ত্বাবধারকের দ্বারা সম্পাদন হইয়া থাকে তাঁহার কিম্বা এই আইনমতে নিযুক্ত কোন ন্যাসধারির নিকট কেবল ধর্ম্মসম্পর্কীয় কার্য্য ভিন্ন অন্য যে কার্য্যের নিমিত্ত নিরূপিত যে ধন ন্যস্ত থাকে কিম্বা তাঁহার প্রতি বিশ্বাসপূর্ব্বক যে ধন অর্পিত হয় তিনি তৎকার্য্যভিন্ন অন্য কার্য্যে ঐ ধন প্রয়োগ করিলে কিম্বা বিশ্বাসঘাতক হইলে কি কার্য্যে ত্রুটি করিলে, ঐ কার্য্যে যে কোন ব্যক্তির স্বার্থ থাকে তিনি সেই কার্য্যের স্বার্থযুক্ত অন্য ব্যক্তিকে সহবাদি না করিয়া আপনি দেওয়ানী আদালতে নালিশ করিতে পারিবেন। এবং দেওয়ানী আদালত ঐ ন্যাসধারি কি কার্য্যাধ্যক্ষ কি তত্ত্বাবধারককর্ত্তৃক বিশেষ কোন কার্য্য সাধন হইবার আজ্ঞা করিতে এবং ঐ মোকদ্দমার প্রসঙ্গ বিষয়ে যদ্রূপ উপকার ও যদ্রূপ আজ্ঞা ও আদেশ করা বিহিত বোধ করেন তাহা করিতে পারিবেন এবং সেই ন্যাসধারির কি কার্য্যাধ্যক্ষের কি তত্ত্বাবধারকের বিপক্ষে ক্ষতিপূরণের ও খরচার ডিক্রী করিতে ও সেই ন্যাসধারির কি কার্য্যাধ্যক্ষের কি তত্ত্বাবধারকের অবসর হওয়ার আজ্ঞা করিতে পারিবেন। যে প্রকারের স্বার্থ থাকিলে কোন ব্যক্তির এই ধারামতে নালিশ করিবার অধিকার হয়, ধনঘটিত কিম্বা সাক্ষাৎ কি অব্যবহিত স্বার্থ না থাকিলেও এবং যে স্বার্থের বলে সেই ন্যস্ত ধনের অধ্যক্ষতা কি তত্ত্বাবধারকতা কার্য্যে ঐ ব্যক্তির অংশী হওয়ার স্বত্ব হয় এমত স্বার্থ না থাকিলেও তাহার নালিশ করিবার অধিকার হইতে পারিবে। পরন্তু এই আইনমতে যে ন্যাসধারী মনোনীত হন তিনি সরলভাবে ধন নিরূ-

[*Government Gazette*, 6*th August* 1872]

urtherance of the objects of the trust; and provided also that any cost which may be awarded against any trustee as aforesaid in a suit instituted under this section may, if the said trustee be found to have acted *bonâ fide*, be defrayed from the endowment vested in such trustee under this Act

পণের অভিপ্রায় সাধন করিবার জন্যে যে কার্য্য করেন বা যে কার্য্যে নিরস্ত হন তজ্জন্য তিনি হানিপূরণের দায়ী হইবেন না। আরো এই ধারামতে মোকদ্দমা উপস্থিত হইয়া পূর্ব্বোক্ত কোন ন্যাসধারির খরচা দিবার আজ্ঞা হইলেও তিনি সরলভাবে কর্ম্ম করিয়াছেন ইহা যদি দৃষ্ট হয়, তবে এই আইনমতে ঐ ন্যাসধারির নিকট নিরূপিত যে ধন ন্যস্ত থাকে তাহাহইতে উক্ত খরচা দেওয়া যাইবে ইতি।

Preliminary application for leave to institute suit

5 No suit shall be entertained under this Act without a preliminary application being first made to the court for leave to institute such suit The court, on the perusal of the application, shall determine whether there are sufficient *primâ facie* grounds for the institution of a suit, and if in the judgment of the court there are such grounds, leave shall be given for its institution. In calculating the costs at the termination of the suit, the stamp duty on the preliminary application shall be estimated, and shall be added to the costs of the suit If the court shall be of opinion that the suit has been for the benefit of the trust, and that no party to the suit is in fault, the court may order the costs, or such portion as it may consider just, to be paid out of the estate

মোকদ্দমা উপস্থিত করিবার অনুমতি প্রার্থনা করিবার কথা।

৫ ধারা। আদালতের নিকট প্রথমে এই আইনমত মোকদ্দমা উপস্থিত করিবার প্রার্থনা না হইলে সেই মোকদ্দমা গ্রাহ্য হইবে না। আদালত ঐ প্রার্থনাপত্র পাঠ করিয়া আপাততঃ মোকদ্দমা উপস্থিত করিবার বিশিষ্ট হেতু আছে কি না ইহা নির্ণয় করিবেন এবং আদালতের বিবেচনায় তদ্রূপ হেতু থাকিলে তাহা উপস্থিত করিবার অনুমতি দেওয়া যাইবে। মোকদ্দমা সমাপ্ত হইলে পর খরচার হিসাব করিতে গেলে ঐ প্রার্থনাপত্রের উপর ইষ্টাম্পের যত মাসুল লাগিবে তাহা নিরূপণ করা যাইবে ও মোকদ্দমার খরচার সঙ্গে সেই মাসুল ধরিতে হইবে। ঐ মোকদ্দমা ন্যস্ত সম্পত্তির উপকারার্থে করা গিয়াছে ও মোকদ্দমার কোন পক্ষের দোষ হয় নাই আদালতের এই অভিমত থাকিলে আদালত ঐ সম্পত্তিহইতে ঐ খরচা কিম্বা তাহার যে অংশ ন্যায্য বোধ করেন সেই অংশ দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

New trustees

6. The Lieutenant Governor may at any time nominate and appoint a new trustee or trustees for any endowment which by virtue of this Act has been vested as aforesaid, and also may at any time remove any trustee so appointed as aforesaid

নূতন ন্যাসধারিদের কথা।

৬ ধারা। এই আইনের বলে যে নিরূপিত ধন পূর্ব্বোক্তমতে ন্যস্ত করা যায় শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব কোন সময়ে সেই ধনের নূতন ন্যাসধারিকে কি ন্যাসধারিদিগকে মনোনীত ও নিযুক্ত করিতে পারিবেন ও পূর্ব্বোক্তমতে নিযুক্ত কোন ন্যাসধারিকে কোন সময়ে অবসর করিতে পারিবেন ইতি।

Estates and securities to vest in successor on appointment

7. Upon any trustee ceasing to hold office, whether by resignation, removal, or death, all estates and securities which vested in him as such trustee shall cease to be vested in him, and shall vest in his successor in office immediately upon his appointment thereto

উক্ত পদধারী নিযুক্ত হইলে সম্পত্তি ও সিকুরিটী তাঁহার প্রতি বর্ত্তিবার কথা।

৭ ধারা। কোন ন্যাসধারির পদ ত্যাগ করা কি স্থানান্তর হওয়া কিম্বা মৃত্যু হওয়াপ্রযুক্ত আর পদস্থ না থাকিলে ন্যাসধারিস্বরূপ তাঁহার প্রতি যে সম্পত্তি ও সিকুরিটী বর্ত্তিল তাহা আর তাঁহার প্রতি বর্ত্তিবে না, তাঁহার উত্তর পদধারী যে সময়ে ঐ পদে নিযুক্ত হন সেই সময়েতেই তাঁহার প্রতি বর্ত্তিবে ইতি।

HERBERT COWELL,
Asst Secy to the Govt of Bengal,
Legislative Department.

হরবর্ট কৌয়েল,
ব্যবস্থাপন কর্ম্ম বিভাগে বঙ্গদেশের গবর্ণমেণ্টের,
আসিষ্টাণ্ট সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭২। ৬ আগষ্ট।]

Orders by the Lieutenant-Governor of Bengal.

REVENUE AND GENERAL DEPARTMENTS

No 1413R

APPOINTMENTS

The 18th July 1872 —The following gentlemen are appointed to be members of the Road Cess Committee in the Maunbhoom district, under Sections 49 and 51 of Act X (B C) of 1871 for the purpose of giving effect to the provisions of the Act —

The Deputy Commissioner of Maunbhoom
The First Assistant Commissioner
The Moonsiff of Purulia
The Government Vakil
Babu Chunder Mohun Ghose
,, Hira Chand Banerjea
,, Kailas Chakravarti
,, Kalipersaud Banerjea
,, Kesab Lal Misser
,, Kirti Nauth Chowdhuri
,, Nafar Chunder Sein
,, Rajadhar Manjhi
,, Ramdhan Mookerjea
,, Rasbehari Lal Singh
,, Tara Chand Manjhi
,, Umakanta Sarkar

The following gentlemen are appointed to be members of the Road Cess Committee in the Tipperah district, under Sections 49 and 51 of Act X (B C) of 1871, for the purpose of giving effect to the provisions of the Act —

The Magistrate and Collector of Tipperah
The Senior Covenanted Officer under the Magistrate and Collector
Mr J P Delauney,
Moonshee Aftabuddin
Babu Sir Chundra
Mahomed Ghasi Chowdhuri
Mr. W. F. Campbell
Babu Uma Lochan Mozoomdar
,, Ram Dulub Roy
Moonshee Lal Meah
Mr E Delauney

The 24th July 1872 —Mr Alfred Corbyn Brett, Officiating Joint-Magistrate and Deputy Collector, First Grade, to have charge of the Sub-division of Begoo Serai during the absence on leave of Mr C A. Wilkins, or until further orders

The 25th July 1872 —Mr Alexander Abercrombie to officiate as Commissioner of Revenue

বঙ্গদেশের শ্রীযুক্ত লেফ্টেনেন্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

রেবিনিউ ও জেনরল ডিপার্টমেন্ট।

১৪১৩R নম্বর।

নিয়োগ।

১৮৭২ সাল ১৮ জুলাই।—নিম্নলিখিত মহাশয়েরা ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনের বিধান সফল করণার্থে ঐ আইনের ৪৯ ও ৫১ ধারামতে মানভূম জিলার পথকর কমিটির মেম্বর বলিয়া নিযুক্ত হইয়াছেন।

মানভূমের ডেপুটী কমিশানর সাহেব।
প্রথম আসিস্টাণ্ট কমিশানর সাহেব।
পুরুলিয়ার মুনসেফ।
গবর্ণমেণ্টের উকীল।
বাবু চন্দ্রমোহন ঘোষ।
,, হীরাচাঁদ বন্দ্যোপাধ্যায়।
,, কৈলাস চক্রবর্ত্তী।
,, কালীপ্রসাদ বন্দ্যোপাধ্যায়।
,, কেশবলাল মিশ্র।
,, কীর্ত্তিনাথ চৌধুরী।
,, নফরচন্দ্র সেন।
,, রাজাধর মাঝি।
,, রামধন মুখোপাধ্যায়।
,, রাসবেহারী লাল সিংহ।
,, তারাচাঁদ মাঝি।
,, উমাকান্ত সরকার।

নিম্নলিখিত মহাশয়েরা ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনের বিধান সফল করণার্থে ঐ আইনের ৪৯ ও ৫১ ধারামতে ত্রিপুরা জিলার পথকর কমিটীর মেম্বর বলিয়া নিযুক্ত হইয়াছেন।

ত্রিপুরার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেব।
মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের অধীন জ্যেষ্ঠ চিহ্নিত কার্য্যকারক।
শ্রীযুত জে পি ডিলানি সাহেব।
,, মুনশী আফতাব উদ্দীন।
,, শ্রীচন্দ্র রায়
,, মহম্মদ ঘাসি চৌধুরী।
,, ডবলিউ এফ কাম্বেল সাহেব।
,, বাবু উমালোচন মজুমদার।
,, ,, রামদুর্লভ রায়।
,, মুনশী লাল মীঞা।
,, ই ডিলানি সাহেব

১৮৭২ সাল ২৪ জুলাই।—শ্রীযুত সি এ উইলকিন্স সাহেব ছুটী লওয়াতে তাঁহার অনুপস্থানকালে কিম্বা অন্য হুকুম না হওন পর্য্যন্ত প্রথম শ্রেণীর একটিং জইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর শ্রীযুত আলফ্রেড কার্বাইন ব্রেট সাহেব বেগুসরাই শাখাখণ্ডের কার্য্যাধ্যক্ষ হইবেন।

১৮৭২ সাল ২৫ জুলাই।—শ্রীযুত আলেকজাণ্ডর আবরক্রম্বি সাহেব ঢাকা খণ্ডের রাজস্বের ও দায়ের-

and Circuit of the Dacca Division as a temporary arrangement

Mr Thomas Bruce Lane to officiate as Commissioner of Revenue and Circuit of the Burdwan Division during the absence on leave of Mr C T Buckland, or until further orders

Mr Thomas Walton, B A, to officiate as a Secretary to the Board of Revenue during the absence on duty of Mr T B Lane, or until further orders

The 26th July 1872—Moulvie Abdul Karim, Deputy Magistrate and Deputy Collector, Pubna, is transferred to Sylhet

The following gentlemen to be members of the Local Committee of Public Instruction at Comillah, viz—

Babu Ganes Chandra Chowdhuri
„ Ram Jiban Ray

The 27th July 1872—Mr James Ernest Hand to officiate as an Assistant Sub-Deputy Opium Agent in the Benares Agency

Mr Henry Jesse Lloyd to officiate temporarily as Sub-Deputy Opium Agent of Azimgurh, with effect from the forenoon of the 15th ultimo

Mr Richardson Walter Nicholson officiated as Sub Deputy Opium Agent of Fyzabad from the 6th to the 21st June 1872

The 29th July 1872—Mr Arthur Hutton James to officiate as Deputy Commissioner of the Naga Hills in the Fourth Grade during the absence, on privilege leave, of Lieutenant J Butler, or until further orders

The 30th July 1872—Mr E Lethbridge, M A, Professor, Hooghly College, is transferred to the Presidency College, and is appointed to officiate in Mr C H Tawney's place during the latter's absence on leave, or until further orders

Mr F J Rowe, B A, Professor, Dacca College, is transferred to the Hooghly College

Mr John Chamberlain Williamson, Deputy Magistrate and Deputy Collector, under suspension, is restored to his appointment and posted to the Rajshahye Division Mr Williamson is vested with the powers of a Subordinate Magistrate, First Class

Major William Henry Joseph Lance to officiate as Deputy Commissioner of Kamroop, in the Second Grade, during the absence on leave of Major T Lamb, or until further orders

LEAVE OF ABSENCE

The 24th July 1872—Mr G Bellett, M A, Inspector of Schools, North-East Division, is

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭২। ৬ আগষ্ট।]

সাহেবের কমিশ্যনরের কর্ম্ম করিবেন। এই নিয়ম কিয়ৎ কালীন।

শ্রীযুত সি টি বকলণ্ড সাহেব ছুটী লওয়াতে তাঁহার অনুপস্থানকালে কিম্বা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত শ্রীযুত তামস ক্রস লেন সাহেব বর্দ্ধমান খণ্ডের রাজস্বের ও দায়েরসায়েরীর কমিশ্যনরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত টি বি লেন সাহেব অন্য কর্ম্মে নিযুক্ত হওয়াতে তাঁহার অনুপস্থানকালে কিম্বা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত তামস ওয়ালটন সাহেব, বি, এ, রেবিনিউ বোর্ডের সেক্রেটারীর কর্ম্ম করিবেন।

১৮৭২ সাল ২৬ জুলাই।—পাবনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী আবদুল করিম ছিলটে প্রেরিত হইয়াছেন।

নিম্নলিখিত মহাশয়েরা কমিল্লাতে সাধারণের শিক্ষা সংক্রান্ত কমিটীর মেম্বর হইবেন।

শ্রীযুত বাবু গণেশচন্দ্র চৌধুরী।
„ „ রামজীবন রায়।

১৮৭২ সাল ২৭ জুলাই।—শ্রীযুত জেমস অর্ণষ্ট হ্যাণ্ড সাহেব বারাণসীর এজেন্টীতে আফিমের আসিষ্টাণ্ট সব-ডেপুটী এজেন্টের কর্ম্ম হইবেন।

শ্রীযুত হেনরি জেসি লয়ড সাহেব কিয়ৎকালের নিমিত্ত আজিমগড়ের অহীফেনর সব-ডেপুটী এজেণ্টের কর্ম্ম করিবেন। এই আজ্ঞা গত মাসের ১৫ তারিখের পূর্ব্বাহ্ণ অবধি প্রবল হইবে।

শ্রীযুত রিচর্ডসন ওয়ালটর নিকলসন সাহেব ১৮৭২ সালের জুন মাসের ৬ তারিখঅবধি ২০ তারিখপর্য্যন্ত ফয়জাবাদের আফিমের সব ডেপুটী এজেন্টের কর্ম্ম করিলেন।

১৮৭২ সাল ২৯ জুলাই।—লেপ্টেনেণ্ট শ্রীযুত জে বটলর সাহেব অনুগ্রহের ছুটী লওয়াতে তাঁহার অনুপস্থানকালে কিম্বা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত আর্থর হটন জেমস সাহেব চতুর্থ শ্রেণীমতে নাগাপর্ব্বতের ডেপুটী কমিশ্যনরের কর্ম্ম করিবেন।

১৮৭২ সাল ৩০ জুলাই—হুগলী কালেজের অধ্যাপক শ্রীযুত ই লেথব্রিজ সাহেব এম, এ, প্রসীডেন্সী কালেজে প্রেরিত হইয়াছেন ও শ্রীযুত সি এচ টানি সাহেব ছুটী লওয়াতে তাঁহার অনুপস্থানকালে কিম্বা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত তাঁহার স্থানে কর্ম্ম করিতে নিযুক্ত হইয়াছেন।

ঢাকা কালেজের অধ্যাপক শ্রীযুত এফ জে রো সাহেব বি, এ, হুগলী কালেজে প্রেরিত হইয়াছেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জান চেম্বরলেন উলিয়মসন সাহেবের কর্ম্ম স্থগিত ছিল তিনি আপন পদে পুনশ্চ নিযুক্ত হইয়া রাজশাহী খণ্ডে অবস্থিত হইয়াছেন ও প্রথম শ্রেণীর সবর্ডিনেট মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

মেজর শ্রীযুত টি লাম সাহেব ছুটী লওয়াতে তাঁহার অনুপস্থানকালে কি অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত মেজর শ্রীযুত উলিয়ম হেনরি জোসেফ লান্স সাহেব দ্বিতীয় শ্রেণীমতে কামরূপের ডেপুটী কমিশ্যনরের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৭২ সাল ২৪ জুলাই—উত্তরপূর্ব্ব বিভাগের স্কুল ইনস্পেক্টর শ্রীযুত জি বেলেট সাহেব, এম, এ, চিকিৎ-

allowed one year's furlough on medical certificate under Section 8 (*a*) of the Civil Leave Code

Mr Cecil Ansdell Wilkins, Assistant Magistrate and Collector of Begoo Serai, for three months, under Section 18 of the Civil Leave Code, from the date of his being relieved

The 25th July 1872 —Lieutenant Leopold James Henry Grey, Assistant Commissioner, Lohardugga, for one month, under Section 18 of the Civil Leave Code

The 27th July 1872 —Mr A L W Jerdon, Officiating Special Sub-Registrar of Assurances at Chupra, for fourteen days, under Clause 1, Section 12, Supplement F of the Civil Leave Code, with effect from the afternoon of the 8th instant

Mr John Whitmore, Assistant Magistrate and Collector, Chittagong, for fifteen days, to enable him to present himself for examination in Hindustani by the high proficiency test at the examination which will be held in Calcutta in October next

The 29th July 1872 —Lieutenant John Butler, Officiating Deputy Commissioner Naga Hills, for two months, under Section 18 of the Civil Leave Code, from any date after the 12th September next on which he may avail himself of the leave

Sir William James Herschel, Officiating Commissioner of Dacca, is allowed furlough for eighteen months, under Section 7 (*a*), Clause (2), Chapter III of the Civil Leave Code

The 30th July 1872 —Major Thomas Lamb, Deputy Commissioner of Kamroop, for two months, under Section 18 of the Civil Leave Code, from the 6th September next, or any other day within one month of that date on which he may take the leave

NOTIFICATION

The 26th July 1872 —Mr Anthony Patrick MacDonnell, C S, reported his departure from India on furlough on the 5th instant

C BERNARD,
Offg Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 30th July 1872 —On the report of the Central Examination Committee, the following

• [*Government Gazette, 6th August* 1872]

সকের সর্টিফিকটক্রমে দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর বিধির ৮ (ক) ধারামতে এক বৎসর ছুটী পাইয়াছেন।

বেগু সরাইর আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত সিসিল আন্সডেল উইলকিন্স সাহেব যে তারিখে অন্যের প্রতি আপন কর্ম্ম অর্পণ করেন সেই তারিখ অবধি দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর বিধির ১৮ ধারামতে তিন মাস ছুটী পাইয়াছেন।

১৮৭২ সাল ২৫ জুলাই।—লোহারডাগার আসিষ্টান্ট কমিশ্যনর লেপ্টেনেন্ট শ্রীযুত লাইপোলড জেমস হেনরি গ্রে সাহেব দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর বিধির ১৮ ধারামতে এক মাস ছুটী পাইয়াছেন।

১৮৭২ সাল ২৭ জুলাই।—ছাপরার নিদর্শনপত্রের একটিং বিশেষ সব-রেজিষ্ট্রার শ্রীযুত এ এল ডবলিউ জেরডন সাহেব দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ১২ ধারার এক প্রকরণমতে চৌদ্দ দিন ছুটী পাইয়াছেন এই ছুটী বর্ত্তমান মাসের ৮ তারিখের অপরাহ্ন অবধি চলিবে।

আগামি অক্টোবর মাসে কলিকাতায় যে পরীক্ষা হইবে চট্টগ্রামের আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জান উইটমোর সাহেব অতিউচ্চ কষ্টিমতে হিন্দুস্থানী ভাষায় পরীক্ষা দিবার জন্যে পনের দিন ছুটী পাইয়াছেন।

১৮৭২ সাল ২৯ জুলাই।—নাগাপর্ব্বতে একটিং ডেপুটী কমিশ্যনর লেপ্টেনেন্ট শ্রীযুত জান টেলর সাহেব আগামি সেপ্টেম্বর মাসের ১২ তারিখের পর যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর বিধির ১৮ ধারামতে দুই মাস ছুটী পাইয়াছেন।

ঢাকার একটিং কমিশ্যনর শ্রীযুত সর উলিয়ম জেমস হর্শল সাহেব দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর বিধির ৩ অধ্যায়ের ৭ (ক) ধারার (২) প্রকরণমতে আঠারো মাস ছুটী পাইয়াছেন।

১৮৭২ সাল ৩০ জুলাই —কামরূপের ডেপুটী কমিশ্যনর মেজর শ্রীযুত তামস লাম সাহেব আগামি সেপ্টেম্বর মাসের ৬ তারিখঅবধি কিম্বা তৎপরে এক মাসের মধ্যে যে দিনে ছুটী লন সেই দিনাবধি দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর বিধির ১৮ ধারামতে দুই মাস ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ২৬ জুলাই।—সিবিল সর্বিসের শ্রীযুত আন্টনি পাট্রিক মাকডনেল সাহেব ছুটীহেতুক বর্ত্তমান মাসের ৫ তারিখে ভারতবর্ষহইতে গমন করেন এমত রিপোর্ট করিলেন।

সি বর্ণার্ড,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটারী।

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ৩০ জুলাই।—১৮৭২ সালের জুন মাসের যে ষাণ্মাসিক পরীক্ষা হইল সদর পরীক্ষক কমিটীর

result of the half-yearly examinations held in June 1872 is published for general information —

I —SECOND OR HIGHER STANDARD

(1) The following officers, who had passed partially at previous examinations, have now passed in the remaining subjects, as mentioned against their names, viz —

(a) —*Judicial Officers*

Mr Charles Frederick Magrath, in Bengali
,, Herbert Mosley, in Bengali
,, John Chamberlain Williamson, in Law
,, Francis William Badcock, in Law and Hindustani
,, Henry Blunt Beames, in Bengali
,, Frank Hunter Barrow, in Hindustani
,, Charles Frederick Manson, in Hindustani
,, Richard Lea, in Bengali
,, Henry Giraud Cooke, in Law
Babu Tarini Coomar Ghose, B A, in Hindustani

(b) —*Police Officers*

Mr William Victor Bertlesen, in Bengali
Babu Mohendronath Hazra, in Hindustani

রিপোর্ট অনুসারে তাহার, নিম্নলিখিত ফল সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল।

১ —উচ্চতর কষ্টিমতে।

( ) নিম্নলিখিত কার্য্যকারকেরা পূর্ব্বর পরীক্ষায় অংশতঃ উত্তীর্ণ হইয়াছিলেন এইক্ষণে তাঁহারা আপনং নামের পার্শ্বলিখিত অবশিষ্ট বিষয়ে পরীক্ষোত্তীর্ণ হইয়াছেন।

(ক) বিচারকর্ত্তারা।

শ্রীযুক্ত চার্লস ফ্রেড্রিক মাগ্রাথ সাহেব বাঙ্গলা ভাষায়।
,, হরবর্ট মোসলি সাহেব বাঙ্গলা ভাষায়।
,, জান চেম্বরলেন উলিয়মসন সাহেব ব্যবস্থায়।
,, ফ্রান্সিস উলিয়ম বাডকক সাহেব ব্যবস্থা ও হিন্দুস্থানী ভাষায়।
,, হেনরি ব্লণ্ট বীমস সাহেব বাঙ্গলা ভাষায়।
,, ফ্রাঙ্ক হণ্টর বারো সাহেব হিন্দুস্থানী ভাষায়।
,, চার্লস ফ্রেড্রিক মানসন সাহেব হিন্দুস্থানী ভাষায়।
,, রিচর্ড লী সাহেব বাঙ্গলা ভাষায়।
,, হেনরি জিরো কুক সাহেব ব্যবস্থায়।
,, বাবু তারিণীকুমার ঘোষ বি এ হিন্দুস্থানী ভাষায়।

(খ) পোলীসের কর্ম্মকারক।

শ্রীযুক্ত উলিয়ম বিক্টর বর্টলসন সাহেব বাঙ্গলা ভাষায়।
,, বাবু মহেন্দ্রনাথ হাজরা হিন্দুস্থানী ভাষায়।

(2)—The following officers have passed partially, and are still liable to a further examination in the remaining subjects, viz —

NAMES	Previously passed or exempted in	Passed at the examination of June 1872	Still subject to examination in
		(a)—*Judicial Officers*	
Mr E R Middleton		Bengali	Law and Hindustani
,, Romesh Chunder Dutt, C S		Ditto	Ditto
,, Joseph Posford, C S		Bengali and Hindustani	
,, Soorendro Nath Banerjee, B A	Bengali	Law	Law
,, Behary Lall Gupta, C S	Ditto	Hindustani	Hindustani
,, John Barlow, C S	Hindustani	Bengali	Law
,, Charles Archibald Samuells, C S	Ditto	Ditto	Ditto
,, James Austin Bourdillon, C S	Ditto	Ditto	Ditto
,, Alfred Wallis Paul, B A		Law	Bengali and Hindustani
,, William Henry Maffett Gun, C S		Ooriah	Law and Hindustani
,, Robert Douglas Hare	Bengali	Hindustani	Law
,, Robert Cornish, B A		Bengali	Law and Assamese
Babu Bogolanund Mookerjee		Ditto	Law and Hindustani
,, Okhoy Coomar Sen		Law and Bengali	Hindustani
,, Sharoda Persad Chatterjee		Law and Hindustani	Bengali
,, Kashi Kinkur Sen		Law and Bengali	Hindustani
		(b)—*Police Officers*	
Mr Patrick Scanlan		Bengali	Law and Hindustani
,, Malcolm Fulcher Beamish	Law	Ditto	Hindustani

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭২। ৬ আগষ্ট।]

(১) নিম্নলিখিত মহাশয়েরা অংশতঃ উত্তীর্ণ হইয়াছেন নিম্নলিখিত বর্ত্তি বিষয়ে তাঁহাদের পরীক্ষা দিবার অপেক্ষা আছে।

নাম।	যে২ বিষয়ে পূর্ব্বে উত্তীর্ণ হয় কি উত্তীর্ণ হওয়া ক্ষমা হইয়াছে	১৮৭২ সালের জুন মাসে পরীক্ষোত্তীর্ণ হয়	যে বিষয়ের পরীক্ষা দিবার অপেক্ষা আছে।
	(ক) বিচার কর্ত্তারা।		
শ্রীযুত ই আর মিডলটন সাহেব		বাঙ্গলা	ব্যবস্থা ও হিন্দুস্থানী
শ্রীযুত রমেশচন্দ্র দত্ত, সি, এস		ঐ	ঐ ঐ
,, যোসেফ পসকর্ড সাহেব সি এস		বাঙ্গলা ও হিন্দুস্থানী	ব্যবস্থা।
,, সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় বি এ	বাঙ্গলা	ব্যবস্থা	হিন্দুস্থানী।
,, বেহারীলাল গুপ্ত সি এস	ঐ	হিন্দুস্থানী	ব্যবস্থা।
,, জাম বারলো সাহেব সি এস	হিন্দুস্থানী	বাঙ্গলা	ঐ
,, চার্লস আরচিবাল্ড সামুয়েলস সাহেব সি এস	ঐ	ঐ	ঐ।
,, জেমস আষ্টিন বুরডিলং সি এস,	ঐ	ঐ	ঐ
,, আলফ্রেড ওয়ালিস পাল সাহেব বি, এ		ব্যবস্থা	বাঙ্গলা ও হিন্দুস্থানী।
,, উলিয়ম হেনরি মার্কেট গম সাহেব সি, এস,		উড়িয়া	ব্যবস্থা ও হিন্দুস্থানী।
,, রবর্ট ডগলস হ্যার সাহেব	বাঙ্গলা	হিন্দুস্থানী	ব্যবস্থা।
,, রবর্ট কর্নিশ সাহেব বি এ		বাঙ্গলা	ব্যবস্থা ও আসামী।
বাবু বগলানন্দ মুখোপাধ্যায়		ঐ	ব্যবস্থা ও হিন্দুস্থানী।
,, অক্ষয়কুমার সেন		ব্যবস্থা ও বাঙ্গলা	হিন্দুস্থানী।
,, শারদাপ্রসাদ চট্টোপাধ্যায়		ব্যবস্থা ও হিন্দুস্থানী	বাঙ্গলা।
,, কালীকিঙ্কর সেন		ব্যবস্থা ও বাঙ্গলা	হিন্দুস্থানী।
	(খ) পোলীসের কর্ম্মকারকেরা।		
শ্রীযুত প্যাট্রিক ক্যামলান সাহেব		বাঙ্গলা	ব্যবস্থা ও হিন্দুস্থানী।
,, মালকম কলকর রীমিশ সাহেব	ব্যবস্থা	ঐ	হিন্দুস্থানী।

II.—First or Lower Standard

(1.)—The following officers of the Covenanted Civil Service have passed in the languages mentioned against their names, viz.—

Mr. Ernest Montague Money, in Bengali.
,, Henry Gillon, in Bengali.
,, Arthur Clifford Tute, in Hindustani.

(2.)—The following officers have passed in all subjects, viz.—

(a).—Judicial Officers.

Mr. Herbert Maitland Hinde.
Babu Sreenath Bhadro.
,, Omullo Churn Mullick.
,, Raj Gopal Roy.
,, Nund Kishore Das.
Moulvie Ikram Russool.

(b).—Police Officer.

Mr. Charles Emile Tonnere.

(3.)—The following officers, who were exempted in the Government notification dated the 8th May 1872 from the departmental examination in the vernacular by the lower standard, have

২।—নিম্নতর কষ্টি।

( ) চিহ্নিত সিবিল সরবিসের নিম্নলিখিত কার্য্যকারকেরা আপনাদের নামের পার্শ্বে লিখিত ভাষার পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন।

শ্রীযুত অর্নষ্ট মন্টেগু মনি সাহেব, বাঙ্গলা।
,, হেনরি গিলন সাহেব, বাঙ্গলা।
,, আর্থর ক্লিফর্ড টুট সাহেব হিন্দুস্থানী।

(২) নিম্নলিখিত কার্য্যকারকেরা সকল বিষয়ে উত্তীর্ণ হইয়াছেন।

(ক) বিচার কর্ত্তারা।

শ্রীযুত হর্বর্ট মেটলণ্ড হাইণ্ড সাহেব।
শ্রীযুত বাবু শ্রীনাথ ভাদ্র।
,, ,, অমূল্যচরণ মল্লিক।
,, ,, রাজগোপাল রায়।
,, ,, নন্দকিশোর দাস।
,, মৌলবী ইকরাম রসুল।

(খ) পোলীসের কর্ম্মকারক।

শ্রীযুত চারলস এমিল্ টনের সাহেব।

(৩) নিম্নলিখিত মহাশয়েরা গবর্ণমেণ্টের ১৮৭২ সালের ৮ মের জ্ঞাপনপত্রমতে নিম্নতর কষ্টিমতে দেশীয় ভাষায় ডিপার্টমেণ্টের পরীক্ষা হইতে মুক্ত হইলেন। তাঁহারা এইক্ষণে ব্যবস্থায় উত্তীর্ণ

now passed in law, and are declared to have passed completely by that standard, viz —

Babu Luchminarain
,, Rojoninath Chatterjee
, Amarnath Bhuttacharjea
Babu Mohendronath Gupta
Moulvie Abdul Hye

(4)—The following officers, who had passed partially at previous examinations, have now passed in the remaining subjects, viz —

Judicial Officer

Lieutenant William Alexander Holcombe, in Law

Police Officer

Mr James Parsons Sneyd, in Bengali

হইয়াছেন। ও সেই কষ্টিমতে সম্পূর্ণরূপে উত্তীর্ণ হইলেন ইহা ব্যক্ত করা গিয়াছে।

শ্রীযুত লক্ষ্মীনারায়ণ বাবু।
,, বাবু রজনীনাথ চট্টোপাধ্যায়।
,, ,, অমরনাথ ভট্টাচার্য্য।
,, ,, মহেন্দ্রনাথ গুপ্ত।
,, মৌলবী আবদুল হাই।

(৪) নিম্নলিখিত কার্য্যকারকেরা পূর্ব্বে পরীক্ষায় অংশতঃ উত্তীর্ণ হইয়াছিলেন এইক্ষণে অবশিষ্ট বিষয়ে উত্তীর্ণ হইয়াছেন।

বিচার কর্ত্তা।

লেপ্টেনেন্ট শ্রীযুত উলিয়ম আলেকজাণ্ডর হোলকম সাহেব। ব্যবস্থায়।

পোলীসের কর্ম্মকারক।

শ্রীযুত জেমস পারসন্স স্নেড সাহেব বাঙ্গলা ভাষায়।

(5)—The following Judicial Officers having passed partially by the First or Lower Standard, are still liable to a further examination in the remaining subjects, viz —

Names	Previously passed in	Passed at the examination of June 1872	Still liable to a further examination in
Babu Kadernath Das		Bengali	Law
,, Uma Churn Bose		Bengali and Hindustani	Ditto
Syud Mohamed Ismail		Bengali	Ditto
Moulvi Abdul Kadir		Ditto	Ditto
Babu Dhonesh Chunder Roy		Law	Hindustani

(6)—Lieutenant William Alexander Lawrence, Assistant Commissioner, Assam, has passed the examination for admission into the Civil Department of the Administration according to the test laid down in the Notification of the Government of India, in the Home Department, No 3101, dated 5th October 1864

C Bernard,
Offg Secy to the Govt of Bengal

---

(৫) নিম্নলিখিত বিচারকর্ত্তারা নিম্নতর কষ্টিমতে অংশতঃ পরীক্ষোত্তীর্ণ হইয়াছেন অবশিষ্ট বিষয়ে তাঁহাদের পরীক্ষা দেওনের অপেক্ষা আছে।

নাম	পূর্ব্বে যে বিষয়ে পরীক্ষা দিলেন।	১৮৭২ সালের জুন মাসের পরীক্ষায় যে২ বিষয়ে উত্তীর্ণ হন।	অবশিষ্ট যে২ বিষয় পরীক্ষা দিবার অপেক্ষা আছে।
বাবু কেদারনাথ দাস		বাঙ্গলা	ব্যবস্থা।
, উমাচরণ বসু		বাঙ্গলা ও হিন্দুস্থানী	ঐ
সৈয়দ মহম্মদ ইস্মাইল		বাঙ্গলা	ঐ
মৌলবী আবদুল কাদির		ঐ	ঐ
বাবু ধনেশচন্দ্র রায়		ব্যবস্থা	হিন্দুস্থানী।

(৬) হোম ডিপার্টমেণ্ট ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৬৪ সালের ৫ অক্টোবরের ৩১০১ নম্বরের জ্ঞাপনপত্রে দেওয়ানী কর্ম্মবিভাগে প্রবেশ কার্য্যাধ্যক্ষদের যে পরীক্ষায় উত্তীর্ণ হইবার বিধান হইল আসামের আসিষ্টান্ট কমিশনর লেপ্টেনেন্ট শ্রীযুত উলিয়ম আলেকজাণ্ডর লারেন্স সাহেব সেই পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন।

সি, বর্ণার্ড,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭২। ৬ আগষ্ট।]

NOTIFICATION

The 26th July 1872 —Under the provisions of Act IV (B C) of 1864, it is hereby notified that from and after the 1st September 1872, the right or southern bank of the deep stream of the Pudda or Kirtinassa river in the dry weather, (in the month of February,) for so much of its course as lies between the districts of Backergunge and Dacca, shall be the common boundary of those districts

C BERNARD,
Offg Secy to the Govt of Bengal

[Second Publication]
NOTIFICATION

The 23rd July 1872 —For the encouragement of candidates for the Native Civil Service it is notified that arrangements have been made for employing in the Subordinate Executive Service all the candidates who passed the examinations in February last It must not be supposed from the above that all future successful candidates are to expect such immediate and high employment It only shows that as yet the supply does not exceed the demands of the public service It is hoped that many new appointments of the character described in the Resolution on Local Establishments dated 20th March last, (and published with the Provincial Budget for 1872-73 in the Supplement to the *Calcutta Gazette* of the 27th idem), will be available to candidates who pass at the next examination It is to be understood that qualified candidates accepting appointments of less than Rs 100 per mensem will be eligible for promotion to the higher grades on showing their practical efficiency by good service, and on passing any further tests that may be required

C BERNARD,
Offg Secy to the Govt of Bengal

[Second Publication]
NOTIFICATION

The 22nd July 1872 —It is hereby notified that under the provisions of Section 5 of the Indian Registration Act III of 1871, the Lieutenant-Governor has been pleased, in modification of the notification published in the *Calcutta Gazette* of 21st June 1871 (pages 1238 to 1248), to sanction the following changes in the limits of the districts and sub districts under the Act

The sub district of Bancoorah will be conterminous with the district, and will comprise—

Thannah Bancoorah
,, Chatna

[*Government Gazette*, 6*th August* 1872]

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ২৬ জুলাই।—১৮৬৪ সালের বঙ্গীয় ৪ আইনের বিধানমতে এই সম্বাদ দেওয়া গেল। পদ্মা বা কীর্ত্তিনাশা নদীর যে অংশ বাকরগঞ্জ ও ঢাকা জিলার মধ্যে চলে সেই অংশ পক্ষে শুষ্ক কালে অর্থাৎ ফেব্রুআরি মাসে ঐ নদীর যে গভীর স্রোত থাকে তাহার দক্ষিণ তীর ঐ দুই জিলার সীমান্ত স্থান হইবে।

সি বর্ণার্ড,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটারী।

[দ্বিতীয়বার প্রকাশিত।]
বিজ্ঞাপন।

১৮৭২ সাল ২৩ জুলাই —এদেশীয় সিবিল সর্বিসে যে ব্যক্তিরা পদ পাইবার আকাঙ্ক্ষী হন তাঁহাদের উৎসাহ বর্দ্ধনার্থে এই সম্বাদ দেওয়া গেল। গত ফেব্রুআরি মাসে উক্ত পদাকাঙ্ক্ষ যত ব্যক্তি পরীক্ষোত্তীর্ণ হইয়াছেন নিম্নশ্রেণীর একজেকিটিব সর্বিসে তাঁহাদের সকলের কর্ম্ম পাইবার নিয়ম করা গিয়াছে। কিন্তু ইহার পর যত জন পরীক্ষোত্তীর্ণ হন তাঁহারা সকলেই যে ত্বরায় উচ্চ পদ পাইবেন এমত অনুভব করিতে হইবে না। পূর্ব্বোক্ত কথার দ্বারা এই মাত্র দৃষ্ট হইল যে রাজকীয় কার্য্যের নিমিত্ত যত ব্যক্তির প্রয়োজন অদ্যাপি তত ব্যক্তিকে পাওয়া গেল না। স্থানীয় কর্ম্মকারকদের বিষয়ে গত মার্চ মাসের ২০ তারিখের যে নির্দ্ধারণপত্র ঐ মাসের ২৭ তারিখের কলিকাতা গেজেটের পরিশিষ্ট পত্রে এই প্রদেশের ১৮৭২।৭৩ সালের বজেটের সঙ্গে প্রকাশ করা যায়, সেই নির্দ্ধারণপত্রে যে নূতন কর্ম্ম নির্দ্দিষ্ট হইয়াছে আগামি বারের পরীক্ষায় যাঁহারা উত্তীর্ণ হন তাঁহারা তদ্রূপ অনেক নূতন কর্ম্ম পাইবেন এই আশা হইতেছে। যোগ্যতাপ্রাপ্ত যে কর্ম্মাকাঙ্ক্ষীরা মাসে ১০০ টাকার ন্যূন বেতনের পদ গ্রহণ করেন তাঁহারা উত্তমরূপে কর্ম্ম করিয়া আপনাদের কর্ম্মদক্ষতা প্রমাণ করিলে ও অন্য যে পরীক্ষা দেওয়ার প্রয়োজন হয় সেই২ পরীক্ষাতে উত্তীর্ণ হইলে উচ্চ২ পদে নিযুক্ত হইতে পারিবেন ইহা জানিতে হইবে।

সি বর্ণার্ড,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটারী।

[দ্বিতীয়বার প্রকাশিত।]
বিজ্ঞাপন।

১৮৭২ সাল ২২ জুলাই।—ভারতবর্ষীয় রেজিষ্টরী করণ বিষয়ক ১৮৭১ সালের ৩ আইনের ৫ ধারার বিধানমতে এই সম্বাদ দেওয়া গেল ১৮৭১ সালের জুন মাসের ২১ তারিখের বাঙ্গলা গেজেটের ১২৩৯—১২৫০ পৃষ্ঠায় যে বিজ্ঞাপন প্রকাশ করা যায় তাহার মত ন্যূন করিয়া শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব উক্ত আইনমতে ডিষ্ট্রিক্ট ও সব-ডিষ্ট্রিক্টের সীমা নিম্নলিখিতমতে পরিবর্ত্তন হইবার অনুমতি দিয়াছেন।

বাঁকুড়া সব ডিষ্ট্রিক্টের সীমা ঐ ডিষ্ট্রিক্টের সীমার সহিত মিলিবে। ও তন্মধ্যে

বাঁকুড়া থানা
চাটনা ,,

„ Gangajalghati
„ Onda
„ Nizamutpur (south of the river Damoodah)
„ Bishenpur (transferred from Gurbetta)

Pergunnah Mahesrah

The sub-district of Gurbetta is transferred from the district of Bancoorah to that of Midnapore, and will consist of—

Thannah Gurbetta,	Transferred from the Jehanabad sub-district
„ Ghatal,	
„ Chunderkonah,	

The sub-district of Jehanabad is transferred from the district of Hooghly to that of Burdwan, and will comprise—

Thannah Jehanabad
„ Goghat
„ Rayna
„ Kotulpore (transferred from Bancoorah)
„ Khanakul

This Notification shall take effect on and from 1st August 1872

C BERNARD,
Offg Secy to the Govt of Bengal

Second Publication]
NOTIFICATION

The 23rd July 1872 —The Lieutenant Governor is pleased to extend the special privilege allowed by the rule of 2nd July, quoted in the margin, to natives of Hindustan who have not passed an examination in English, but can show that they have received a thoroughly good education in the vernacular, to the following classes —

4 The following persons will be also admitted as candidates for appointments of less than Rs 100 per mensem

* * * * * *

(*b*) Natives of Hindustan and of other districts which may be hereafter specially notified who have served Government with credit and efficiency for not less than three years and who can show that they have received a thoroughly good education in the vernacular

Natives of Orissa
„ of Assam
„ of Bengal of Mahomedan families

This privilege is limited to three years from this date, and it must be understood that such persons cannot expect advancement unless they qualify in English, that being the language of official correspondence in Bengal

C BERNARD,
Offg Secy to the Govt of Bengal,

[গবর্নমেণ্ট গেজেট । ১৮৭২ । ৬ আগষ্ট ।]

গঙ্গাজলঘাটী „
ওন্দা „
নিজ মৎপুর (দামোদর নদের দক্ষিণ ”)
বিষ্ণুপুর (গড়বেটা হইতে উঠিয়া গিয়াছে ”)।

মাহেশড়া পরগনা ।

গরবেটা সব ডিষ্ট্রিক্ট বাঁকুড়া ডিষ্ট্রিক্টহইতে উঠিয়া গিয়া মেদিনীপুরভুক্ত হইয়াছে । তন্মধ্যে,

গরবেটা থানা	জাহানাবাদ সব-ডিষ্ট্রিক্ট হইতে উঠিয়া গিয়াছে ।
ঘাটাল „	
চন্দ্রকোণা „	

জাহানাবাদ সব-ডিষ্ট্রিক্ট হুগলী ডিষ্ট্রিক্ট হইতে উঠিয় বর্দ্ধমান ভুক্ত হইয়াছে তন্মধ্যে ।

জাহানাবাদ থানা
গোঘাট „
রায়না „
কোতলপুর „ (বাঁকুড়া হইতে উঠিয়া গিয়াছে)
খানাকুল „

এই বিজ্ঞাপন ১৮৭২ সালের আগস্ট মাসের ১ তারিখঅবধি প্রবল হইবে ।

সি, বর্নাড,
বঙ্গদেশের গবর্নমেণ্টের একটিং সেক্রেটারী ।

[দ্বিতীয়বার প্রকাশিত ।]

বিজ্ঞাপন ।

১৮৭২ সাল ২৩ জুলাই ।—জুলাই মাসের ২ তারিখে পার্শ্বে লিখিত নিয়মিত হিন্দুস্থান যে লোকেরা ইংরেজী ভাষায় উত্তীর্ণ হন নাই কিন্তু দেশীয় ভাষা উত্তমরূপে শিক্ষা করিয়াছেন ইহা দেখাইতে পারেন তাঁহাদের প্রতি যে বিশেষ অনুগ্রহ প্রদান করা গেল শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব নিম্নলিখিত প্রকারের লোকদের প্রতিও সেই অনুগ্রহ প্রদান করিয়াছেন বিশেষতঃ

৪ । নিম্নলিখিত ব্যক্তিরা মাসিক ১০০ টাকার ন্যূন বেতনের পদাকাঙ্ক্ষিস্বরূপ গ্রাহ্য হইতে পারিবেন ।

* * * *

খ । হিন্দুস্থানীয় এবং অন্য যেই প্রদেশের বিশেষ নোটিস পশ্চাৎ প্রচার হইতে পারিবে সেই২ প্রদেশের যে ব্যক্তিরা তিন বৎসরের অন্যূন কাল প্রশংসনীয় ও কর্ম্মোপযোগিরূপে গবর্নমেণ্টের কর্ম্ম করিয়াছেন, এবং দেশীয় ভাষা অতি উত্তমরূপে শিখিয়াছেন ইহা দেখাইতে পারেন ।

উড়িষ্যা দেশীয় লোক
আসাম দেশীয় লোক
বঙ্গদেশীয় মুসলমান কুলের লোক ।

এই অনুগ্রহ অদ্যকার তারিখ অবধি তিন বৎসর প্রবল থাকিবে । বঙ্গদেশে রাজকীয় সকল পত্রাদির লিখন পঠন ইংরেজী ভাষায় হইয়া থাকে অতএব উক্ত ব্যক্তিরা ইংরেজী ভাষাজ্ঞানে সুযোগ্য না হইলে উচ্চ পদ পাইতে পারিবেন না; তাঁহাদের ইহা জানিতে হইবে ।

সি, বর্নার্ড,
বঙ্গদেশের গবর্নমেণ্টের একটিং সেক্রেটারী

[Third Publication]

The 16th July 1872.—The following revised Notification is published in supersession of the Notification on this subject dated the 11th June 1872:—

NOTIFICATION.

The forest tracts specified below with their boundaries are hereby declared to be Government forests, in accordance with the provisions of Section 2, Act VII of 1865.

Under Rule 13, Part III of the forest rules for the Lower Provinces of Bengal, they are declared to be "open" forests, the following trees being "reserved" trees within the forest boundaries:—

Sal, sissoo, chelownee, khair.

Eastern Dooars.

In Bynee Dooars.—A tract called the Khairbunna, bounded as follows:—

North.—Bhutan frontier.

South.—The boundary of Khairbunna mouzah.

East.—Ditto ditto.

West.—The Kookoloong nuddee.

Area 8,039 acres.

In Sidlee Dooar.—Two tracts of forests, bounded as follows:—

No. 1.—*North.*—Boundary, Cheerung Dooar.

South.—The Gourung nuddee and portions of Bhogamgooree and Pursongaon mouzahs, as demarcated by the Revenue Survey Department.

East.—The Chumpa Muttee river, Long Soong nuddee, portions of Bansbaree and Salbaree Kareegaon, as demarcated by the revenue survey, and the Tarong nuddee.

West.—By the Sowmoka river.

Area 10,854 acres.

No. 2.—*North.*—Cheerung Dooar.

South and West.—By the Kashakoree nuddee.

East.—By the Sowmoka nuddee.

Area 6,716 acres.

In Cheerung Dooar.—A tract of forest, divided into two pieces, severally bounded as follows:—

No. 1.—*North.*—The Bhutan frontier.

South.—Boundary, Sidlee Dooar.

East.—By the Boro Bhoor nuddee for some distance, then along the southern boundary of Bhoomeegaon Jhar mouzah in a westerly direction, and then along the Chumpa Muttee river.

West.—The Sowmoka nuddee and the western boundary of Lymotee Jhar mouzah.

Area 69,205 acres.

No. 2.—*North.*—The Bhutan frontier.

South.—The southern boundary of Jamgaon mouzah, then along the Hal nuddee in a northerly direction, along the southern boundary of

[তৃতীয়বার প্রকাশিত।]

১৮৭২ সাল ১৬ জুলাই।—১৮৭২ সালের জুন মাসের ১১ তারিখের এই বিষয়ের বিজ্ঞাপন রহিত করিয়া নিম্নলিখিত সংশোধিত বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

বিজ্ঞাপন।

যে বনপ্রদেশ নিম্নলিখিত ভাগে সীমা সহিত নির্দিষ্ট হইল এতদ্দ্বারা তাহা ১৮৬৫ সালের ৭ আইনের ২ ধারার বিধানমতে গবর্ণমেণ্টের বন বলিয়া প্রকাশ করা গেল।

বঙ্গ প্রভৃতি দেশের বন বিষয়ক বিধির তৃতীয় খণ্ডের ১৩ ধারামতে ঐ২ বন "মুক্ত" বন বলিয়া প্রকাশ করা গেল। বন সীমার অন্তর্গত নিম্নলিখিত প্রকারের বৃক্ষ "রক্ষিত" বৃক্ষ বলিয়া জ্ঞান করিতে হইবে যথা,—

শাল, শিশু, চেলৌনি, খয়ের।

পূর্ব্ব ডুয়ার।

বিজনী ডুয়ারে—খয়েরবনা নামে খ্যাত প্রদেশের সীমা এই,

উত্তর।—ভূটান সীমান্ত স্থান।

দক্ষিণ।—খয়েরবনা মৌজার সীমা।

পূর্ব্ব।— ঐ ঐ

পশ্চিম।—কুকোলুং নদী।

কালিতে পরিমাণ ৮০৩৯ একর।

সিদলি ডুয়ারে।—দুই খণ্ড বন তাহার সীমা এই২,

১ নং। উত্তর—চিরঙ্গ ডুয়ারের সীমা।

দক্ষিণ।—গৌরাঙ্গ নদী ও ভোগামগুরি ও পরসন গাঁ মৌজার একং অংশ। রাজস্বের জরীপী কার্য্য বিভাগ দ্বারা তাহার চিহ্ন দেওয়া গেল।

পূর্ব্ব।—চম্পামতী নদী, লংসুং নদী ও বাঁশবাড়ীর ও সালবাড়ী কারিগাঁওর একং অংশ। রাজস্বের জরীপী কার্য্যকারক দ্বারা ইহার চিহ্ন দেওয়া গেল। এবং তারঙ্গ নদী।

পশ্চিম।—সাওমোক নদী।

কালিতে পরিমাণ ১০৮৫৪ একর।

২ নং। উত্তর।—চিরঙ্গ ডুয়ার।

দক্ষিণ ও পশ্চিম।—কাশাকোরী নদী।

পূর্ব্ব।—সাওমুখা নদী।

কালিতে পরিমাণ ৬৭১৬ একর।

চিরঙ্গ ডুয়ারে।—এক বনখণ্ড দ্বিভাগে বিভক্ত। তাহার স্বতন্ত্র সীমা এই২,—

১ নং। উত্তর ভূটান সীমান্ত স্থান।

দক্ষিণ সীমা।—সিদলী ডুয়ার।

পূর্ব্ব সীমা।—কতক দূর পর্য্যন্ত বড় ভুর নদী, পরে পশ্চিমমুখে ভূমিগাঁও ঝাড় মৌজার দক্ষিণ সীমা দিয়া গিয়া ও শেষে চম্পামতী নদী।

পশ্চিম।—সাওমোকা নদী ও লাইমতী ঝাড় মৌজার পশ্চিম সীমা।

কালিতে পরিমাণ ৬৯২০৫ একর।

২ নং উত্তর।—ভূটান সীমান্ত স্থান।

দক্ষিণ সীমা জামগাঁ মৌজার দক্ষিণ সীমা, পরে উত্তরমুখে হাল নদী ও নিম্ন হাঙ্গারি মৌজার দক্ষিণ সীমা [illegible] কতক দূর পর্য্যন্ত সাপের ডাঙ্গা নদী এবং

Singmaijanee mouzah, down the Saral-bhanga river for a short distance, and through Gobdagaon Aphal mouzah, as demarcated by the revenue survey

East—The Sowmoka nuddee, and west boundary of Lymatee Jhar mouzah, which is also the eastern boundary of Kochoobaree Jhar Totpara mouzah

West—The Polo and Gungea nuddees, and the western boundary of Janagaon Salbaree mouzah.

Area 88,088 acres

In Reepoo Dooar—A tract of forest, bounded as follows —

North—By the Bhutan frontier

South—By the main road, then down the Jakatee nuddee to the southern boundary of Notogaon Jhar mouzah, along that boundary to the Pekoor nuddee, up that stream to the point where it meets the Kochoogaon Jhar mouzah boundary, and along that boundary to the Gungea river

East—The Polo and Gungea nuddees, and the western boundary of Janagaon Salbaree mouzah, which is also the eastern boundary of Kochoogaon Jhar

Area 41,635 acres

In Gooma Dooar—A tract of forest, bounded as follows —

North—By high land as demarcated by the revenue survey

South—Moorchoong Jhora and Pergunnah of Purbutjhoar

East—The Tepkai Jhora and Pergunnah of Purbutjhoar

West—The Powaye nuddee

Area 15,779 acres

Total area of forests in Eastern Dooars, 270,316 acres or 422 square miles

Western Dooars

The Bholka Forest—A tract of forest "Salbaree," bounded as follows —

North—By the Huldebaree talook boundary

South—By the Joraie nuddee and the boundary of Salbaree talook

East—By the Sunkoos river

West—By the Kookoolee nuddee and the west boundary of Salbaree talook, except a small portion in the north west corner

Area 8,104 acres

In the Bhatteebaree Forests—Ten detached pieces, severally numbered on map, in talooks Chukeerbas, Chukeerbas Jhar, Mahakalgooree, and Seebhatta Oosribaree, as follows —

In Chukeerbas, six pieces

In Chukeerbas Jhar one piece

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৭২ ৬ আগষ্ট।]

গোবদাগাঁ আফাল মৌজার মধ্য দিয়া যায়। রাজস্বের জরীপী কার্য্যকারকেরা ইহার চিহ্ন দিয়াছেন।

পূর্ব্ব।—সাওমোকা নদী ও লাইমতী ঝাড় মৌজার পশ্চিম সীমা। তাহা কচুবাড়ী ঝাড় তোতপাড়া মৌজার পূর্ব্ব সীমা।

পশ্চিম।—পোলো ও গঙ্গিয়া নদী ও জানাগাঁ সালবাড়ী মৌজার পশ্চিম সীমা।

কালীতে পরিমাণ ৮৮০৮৮ একর।

রিপুদুয়ারে।—এক খণ্ড বন। সীমা এইং,—

উত্তর।—ভুটান সীমান্ত স্থান।

দক্ষিণ।—রাজপথ, পরে নটগাঁ ঝাড় মৌজার দক্ষিণ সীমা পর্য্যন্ত জাকাটী নদীর ধারেং যায় ও পেকুর নদী পর্য্যন্ত ঐ সীমা ও ঐ নদী উজানদিগে কচুগাঁ ঝাড় মৌজার সীমার সঙ্গে যে স্থানে মিলে সেই স্থান পর্য্যন্ত ও ঐ সীমার সঙ্গেং গঙ্গীয়া নদী পর্য্যন্ত যায়।

পূর্ব্ব।—পোলো ও গঙ্গিয়া নদী ও জানগাঁ সালবাড়ী মৌজার পশ্চিম সীমা এই সীমা কচুগাঁ ঝাড়েরও পূর্ব্ব সীমা।

কালীতে পরিমাণ ৪১৬৩৫ একর।

গুমা দুয়ারে।—একখণ্ড বন। সীমা এইং,—

উত্তর।—রাজস্বের জরীপী কার্য্যকারকের চিহ্ন দেওয়া ডাঙ্গ ভূমি।

দক্ষিণ।—মুরচুঙ্গ ঝোরা ও পর্ব্বত ঝোরার পরগনা।

পূর্ব্ব।—তেপটৈ ঝোরা ও পর্ব্বত ঝোরার পরগনা

পশ্চিম।—বৌনাই নদী।

কালিতে পরিমাণ ১৫,৭৭৯ একর।

পূর্ব্ব দুয়ারের বন কালিতে মোট পরিমাণ ২৭০,৩১৬ একর অর্থাৎ ৪২২ বর্গমাইল।

পশ্চিম দুয়ার।

যে	নৌকায়	১০ টনের অধিক না ধরে তাহার মাঝি লইয়া					৩ জন।
"	"	১০ টনের অধিক ও ১৫ টনের অনধিক ধরে তাহার মাঝি লইয়া					৪ জন।
"	"	১৫	ঐ	২০	ঐ	ঐ	৫ জন।
"	"	২০	ঐ	২৫	ঐ	ঐ	৬ জন।
"	"	২৫	ঐ	৩০	ঐ	ঐ	৭ জন।
"	"	৩০	ঐ	৩৫	ঐ	ঐ	৮ জন।
"	"	৩৫	ঐ	৪০	ঐ	ঐ	৯ জন।
		৪০ টনের অধিক ধরিলে মাঝি শুদ্ধ					১০ জন।

দ্বিতীয় শ্রেণী।—ডিঙ্গির ডৌলে তড।

যে	নৌকায়	১০ টনের অধিক না ধরে তাহার মাঝি লইয়া					৩ জন।
"	"	১০ টনের অধিক ২০ টনের অনধিক ধরিলে মাঝি লইয়া					৪ জন।
"	"	২০	ঐ	৩০	ঐ	ঐ	৫ জন।
"	"	৩০	ঐ	৪০	ঐ	ঐ	৬ জন।
		৪০ টনের অধিক ধরিলে মাঝি শুদ্ধ					৭ জন।

৯। লাইসেন্সপত্রে যে নিয়ম লেখা থাকে কোন তড় সেই নিয়ম না মানিয়া যাওয়া আসা করিলে ও লাইসেন্সপত্রে যত জন দাঁড়ি মাঝি নির্দ্দিষ্ট হইল তাহার কম থাকিলে ঐ লাইসেন্স রহিত করা যাইতে পারিবে।

সি বর্ণার্ড,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটীং সেক্রেটরী।

[*Government Gazette, 6th August 1872*]

JUDICIAL AND POLITICAL DEPARTMENTS

No 978J

APPOINTMENTS

The 26th July 1872 —Babu Surbessur Mozoomdar to officiate as Moonsiff of Nitrokona, in Mymensing during the absence on leave of Babu Nundocoomar Bose, or until further orders

The 27th July 1872 —Mr Marcus Burgh Rochfort to officiate as District Superintendent of Police, Rajshahye during the absence on furlough of Major W T Fagan, or until further orders Mr Rochfort will officiate in the Third Grade of District Superintendents of Police

Babu Prosonno Koomar Sen, M A and B L, to officiate as Moonsiff of Phenchoogunge, in Sylhet, during the absence on leave of Babu Nilmony Das, or until further orders

Babu Ram Chunder Chakee to officiate as Moonsiff of Ghosegong, in Mymensing, during the absence on leave of Babu Ram Chunder Dhur, or until further orders

The 29th July 1872 —Mr Arthur Hutton James, who has been, under separate orders of this date, appointed to officiate as Deputy Commissioner of the Naga Hills, is vested with the powers of a District and Sessions Judge and the powers of a District Superintendent of Police during Captain Butler's absence on leave

Mr William Thornhill Tucker to be Additional District and Sessions Judge of Burdwan, retaining his present appointment as District and Sessions Judge of Bancoorah

The 30th July 1872 —Major William Henry Joseph Lance, who has, under separate orders of this date, been appointed to officiate as Deputy Commissioner of Kamroop during Major T Lamb's leave, will also officiate as Subordinate Judge of that district during that period

The Hon'ble Francis Lestock Beaufort is appointed, with his own consent, and as a special and temporary arrangement, to officiate as Superintendent and Remembrancer of Legal Affairs, until further orders

LEAVE OF ABSENCE

The 26th July 1872 —Babu Norottum Mullick, Subordinate Judge and Judge of the Small Cause Courts of Moorshedabad for two months, under Section 3, Supplement F of the Civil Leave Code, in extension of the leave which was allowed to him in orders of the 22nd ultimo.

জুডিশ্যাল ও পলিটিকল ডিপার্টমেন্ট।

৯৭৮J নম্বর।

নিয়োগ।

১৮৭২ সাল ২৬ জুলাই।—শ্রীযুত বাবু নন্দকুমার বসু ছুটী লওয়াতে তাঁহার অনুপস্থানকালে কিম্বা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত শ্রীযুত বাবু সার্ব্বেশ্বর মজুমদার ময়মুনসিংহের অন্তর্গত নেত্রকোণায় মুনসেফের কর্ম্ম করিবেন।

১৮৭২ সাল ২৭ জুলাই।—মেজর শ্রীযুত ডবলিউ টি ফেগন সাহেব ছুটী লওয়াতে তাঁহার অনুপস্থান কালে কিম্বা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত শ্রীযুত মারকস বর্গ রচফর্ট সাহেব রাজশাহীর পোলীসের ডিষ্ট্রিকট সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন। তিনি পোলীসের ডিসট্রিক সুপরিণ্টেণ্ডণ্টদের তৃতীয় শ্রেণীমতে কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু নিলমণি দাস ছুটী লওয়াতে তাহার অনুপস্থানকালে কিম্বা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত শ্রীযুত বাবু প্রসন্নকুমার সেন, এম, এ, ও বি, এল, ছিলটের অন্তর্গত ফেঞ্চুগঞ্জের মুনসেফের কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু রামচন্দ্র ধর ছুটী লওয়াতে তাহার অনুপস্থানকালে কিম্বা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত শ্রীযুত বাবু রামচন্দ্র চাকী ময়মুনসিংহের অন্তর্গত ঘোষগাঁয়ের মুনসেফের কর্ম্ম করিবেন।

১৮৭২ সাল ২৯ জুলাই।—অদ্যকার তারিখের অন্য আজ্ঞাক্রমে শ্রীযুত আর্থর হটন জেমস সাহেব নাগা পর্ব্বতের ডেপুটী কমিশ্যনরের কর্ম্ম নির্ব্বাহার্থে নিযুক্ত হওয়াতে তিনি কাপ্তান বটলর সাহেবের ছুটী হেতুক অনুপস্থানকালে ডিস্ট্রিকট ও সেশন জজের ক্ষমতা এবং পোলীসের ডিষ্ট্রিকট সুপরিণ্টেণ্ডেণ্টের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত উলিয়ম থর্ণহিল টকর সাহেব বাঁকুড়ার ডিষ্ট্রিকট ও সেশন জজের স্বীয় বর্ত্তমান পদধারণ করিয়া বর্দ্ধমানের আডিশ্যনল ডিষ্ট্রিকট ও সেশন জজ হইবেন।

১৮৭২ সাল ৩০ জুলাই।—মেজর শ্রীযুত টি লাম সাহেবের ছুটীর কালে মেজর শ্রীযুত উলিয়ম হেনরি জোসেফ লান্স সাহেব অদ্যকার অন্য আজ্ঞাক্রমে কামরূপের ডেপুটী কমিশ্যনরের কর্ম্ম নির্ব্বাহ করণার্থে নিযুক্ত হইয়া উক্ত কালপর্য্যন্ত ঐ জিলার সব-ডিনেট জজেরও কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

মান্যবর শ্রীযুত ফ্রানসিস লেষ্টক বোফর্ট সাহেব আপনার সম্মতিক্রমে বিশেষ ও কিয়ৎকালীন নিয়মস্বরূপে অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত মোকদ্দমাসংক্রান্ত রাজকীয় ব্যাপারের তত্ত্বাবধারক ও প্রয়োজকের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৭২ সাল ২৬ জুলাই।—মুরশিদাবাদের সবডিনেট জজ ও ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ শ্রীযুত বাবু নরোত্তম মল্লিক গত মাসের ২২ তারিখের আজ্ঞাক্রমে যে ছুটী পান তদতিরিক্ত দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে দুই মাস ছুটী পাইয়াছেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭২। ৬ আগষ্ট।]

The [illegible] July 1872.—Surgeon [illegible] Thornton, Civil Surgeon of Shahabad, for one month, under Section 18 of the Civil Leave Code, from the 1st proximo, or any subsequent date on which he may avail himself of the leave. Sub-Assistant Surgeon Nobogopal Ghosal will be in charge of the Civil Medical duties of the station during Dr. Thornton's absence.

Surgeon Theobald Mathew, M D, Civil Surgeon of Monghyr, is allowed subsidiary leave of absence from the 15th to the 30th instant, preparatory to applying for furlough on medical certificate.

NOTIFICATIONS.

The 24th July 1872 —Mr Henry Slater Thompson, First Subordinate Judge of Hooghly, having returned to duty on the forenoon of the 16th instant, the unexpired portion of the leave granted to him under orders of the 11th idem is cancelled

The 27th July 1872.—Mr Hector Munro, of the Bengal Police, reported his departure from India on medical leave on the 22nd ultimo.

The 29th July 1872 —The Lieutenant-Governor is pleased to accept the resignation tendered by Mr John Stanley Carr Larminie of his appointment as an Assistant Superintendent of Police in Bengal

A MACKENZIE,
Offg. Secy to the Govt of Bengal.

NOTIFICATION

The 27th July 1872 —It is hereby notified under Section 1, Act II (B C) of 1872 (the Jute Warehouse and Fire-Brigade Act), that the said Act shall commence and take effect within the limits of the municipality of Howrah from the 1st day of August 1872.

A. MACKENZIE,
Offg. Secy, to the Govt. of Bengal.

[First Publication.]
NOTIFICATION

The 24th July 1872.—The following changes in the sub-divisional arrangements of the Gya district have been sanctioned by the Lieutenant-Governor, and will take effect from the 1st September next. In lieu of the Sub-Division with Head-Quarters at Shergotty, there will be a

[illegible] জুলাই।—শাহাবাদের সিবিল সি-বিলসর শ্রীযুত কেনস হোবার্ড থর্নটন সাহেব আগামি মাসের ১ তারিখঅবধি কিম্বা তৎপশ্চাৎ যে দিনে ছুটী লন সেই দিনাবধি দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর বিধির ১৮ ধারামতে এক মাস ছুটী পাইয়াছেন। তাঁহার অনুপস্থানকালে সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত নবগোপাল ঘোষাল ঐ স্থানের চিকিৎসা কার্য্যের অধ্যক্ষ হইবেন।

মুঙ্গেরের সিবিল চিকিৎসক শ্রীযুত থিওবল্ড মাথিউ সাহেব, এম, ডি, চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছুটী লইয়া যাইবার পূর্ব্বে বর্ত্তমান মাসের ১৫ তারিখঅবধি ৩০ তারিখপর্য্যন্ত উপকরণার্থ ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ২৪ জুলাই।—হুগলীর প্রথম সবরডিনেট জজ শ্রীযুত হেনরি সেলেটর তামসন সাহেব বর্ত্তমান মাসের ১৬ তারিখের পূর্ব্বাহ্ণে আপন কর্ম্মে প্রত্যাগত হওয়াতে ঐ মাসের ১১ তারিখের আজ্ঞামতে তাহাকে যে ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল রহিত হইল।

১৮৭২ সাল ২৭ জুলাই। বাঙ্গাল পোলীসের শ্রীযুত হেকটর মনরো সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছুটী পাইয়া গত মাসের ২২ তারিখে ভারতবর্ষহইতে গমন করেন এমত রিপোর্ট করিলেন।

১৮৭২ সাল ২৯ জুলাই।—শ্রীযুত জান ষ্টানলি কার লারমিনি সাহেব বঙ্গদেশের পোলীসের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্টের পদ ত্যাগ করিবার অনুমতি প্রার্থনা করাতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব সেই প্রার্থনা গ্রাহ্য করিয়াছেন।

এ মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ২৭ জুলাই।—পাটের গুদাম ও ফাইর ব্রিগেডের আইন নামক ১৮৭২ সালের বঙ্গীয় ২ আইনের ১ ধারামতে এই সম্বাদ দেওয়া গেল। হাবড়ার মুনিসিপালিটীর সীমার মধ্যে উক্ত আইন ১৮৭২ সালের আগষ্ট মাসের ১ তারিখঅবধি প্রচলিত হইয়া প্রবল করা যাইবে।

এ মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী

প্রথমবার প্রকাশিত।
বিজ্ঞাপন।

১৮৭২ সাল ২৪ জুলাই।—গয়া জিলার অন্তর্গত সাব্‌ মহকুমার নিম্নলিখিত নিয়মবিষয়ে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের সম্মতি হওয়াতে তাহা আগামি সেপ্টেম্বর মাসের ১ তারিখঅবধি প্রবল হইবে। শেরঘাটিতে যে মহকুমার সদর স্থান আছে তৎপরিবর্ত্তে অন্য মহকুমা হইবে তাহার সদর স্থান জাহানা-

Su b Division with Head-Quarters at Jehanabad and the Thannahs of the district will be distributed between the various Sub-Divisions as shown below —

Sub-Divisions.	*Thannahs*
Gya	Gya, Tikari, Utree, and Burra Chuttee
Nowadah	Nowadah and Rugowlee
Aurungabad	Daodnuggur, Aurungabad, and Nubbeenuggur
Jehanabad	Urwal and Jehanabad.

A MACKENZIE,
Offg Secy to the Govt of Bengal

[Second Publication]
NOTIFICATION

The 17th July 1872 —Under the power vested in him by Section 2 of Act II (B C) of 1867 (an Act to provide for the punishment of public gambling and the keeping of common gaming-houses in the territories subject to the Lieutenant Governor of Bengal), the Lieutenant-Governor has been pleased to extend the provisions of the said Act to the Khogowl union in the district of Patna

A MACKENZIE,
Offg Secy to the Govt of Bengal

[Second Publication]
DECLARATION

The 18th July 1872 —Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is needed to be taken up by Government at the public expense for a public purpose, viz for a site for extending the communication to the Peeritparah latrine from Shambazar, it is hereby declared that for the above purpose a parcel of land is required, measuring about 4 cottahs, more or less, situated in Mohullah Peeritparah within the municipal limits of the town of Burdwan, and bounded as follows —

North, East, and West by Peeritparah Lane, and South by a Cocoanut garden, the property of Gooroodass Baboo

This Declaration is made, under the provisions of Section 6, Act X of 1870, to all whom it may concern

A MACKENZIE,
Offg Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 23rd July 1872 —The under-mentioned villages, situated in "Ghât Bhedooa Pedda,"

বাদ ও জিলার সকল থানা নিম্নলিখিতমতে নানা মহকুমায় বিলি করিয়া দেওয়া যাইবে।

মহকুমা	থানা।
গয়া	গয়া, টিকারি, উত্তরী ও বড় চটী।
নওয়াদহ	নওয়াদহ ও রগৌলী।
আরঙ্গাবাদ	দাউদনগর আরঙ্গাবাদ ও নবীনগর।
জাহানাবাদ	অরওয়াল ও জাহানাবাদ।

এ মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

[দ্বিতীয়বার প্রকাশিত।]
বিজ্ঞাপন।

১৮৭২ সাল ১৭ জুলাই।—১৮৬৭ সালের বঙ্গীয় ২ আইনের (অর্থাৎ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের শাসনাধীন দেশে সামান্য দ্যূতক্রীড়ার ও সাধারণ দ্যূতগৃহ রাখিবার দণ্ডবিধায়ক আইনের) ২ ধারামতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের প্রতি যে ক্ষমতা অর্পিত হইয়াছে তদনুসারে তিনি উক্ত আইনের বিধান পাটনা জিলার অন্তর্গত খগৌল্ গ্রাম সমাহারে প্রচলিত করিয়াছেন।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের এটিং সেক্রেটারী।

[দ্বিতীয়বার প্রকাশিত।]
বিজ্ঞাপন।

১৮৭২ সাল ১৮ জুলাই।—বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ শ্যামবাজারহইতে পীরিতপাড়ার পায়খানায় যাইবার পথ বৃদ্ধি করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে বর্দ্ধমান নগরের মুনিসিপল সীমার অন্তর্গত পীরিতপাড়া মহল্লায় ন্যূনাধিক /৪ কাঠা পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির সীমা এই২,

উত্তর ও পূর্ব্ব ও পশ্চিমসীমা পীরিতপাড়ার গলিপথ, ও দক্ষিণ সীমা গুরুদাস বাবুর নারিকেল বাগান।

উক্ত ভূমিতে যাহারদের সম্পর্ক থাকে তাঁহারদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ২৩ জুলাই।—বেরাই নদী অবধি মুরার কাঁড়িপর্য্যন্ত পথ ও কোলাচিয়া কাঁড়ি অবধি বিষ্ণুপুর

(including the road from "Berae Nuddee" to "Murar Phari," and the branch road from "Kolechua Phari" to "Bishenpore,") are transferred from Thannah Ondah, in district Bancoorah, to Thannah Bishenpore in the said district .—

Dadusbaree
Koosumbunee, &c
Bunkatee
Baoreedanga.
Jhuria.
Pedda
Bhedooa.
Khureekasoolee.
Khoolıamooree, &c
Moogeemoora.
Bridbaree
Ghooghemoora
Kurra
Harabutee
Dengasol
Pocrragora, &c
Heekimdanga.
Loharee
Choorkoondee
Bhalookkholay
Gooabaree, Moldanga, Dalaldanga, Fukeerdanga } Uninhabited

A. Mackenzie,
Secy to the Govt of Bengal,

পর্য্যন্ত শাখাপথ সমেত বাট ভেছুয়া পেদাদ নিম্নলিখিত সকল গ্রাম বাঁকুড়ার জিলার অন্তর্গত ওন্দখানা হইতে উঠাইয়া ঐ জিলার বিষ্ণুপুরের থানাভুক্ত করা গেল।

দাদশ বাড়ী।
কুসমবনী প্রভৃতি।
বনকাটি।
বাউরিডাঙ্গা।
বারিয়া।
পেদ্দা।
ভেছুয়া।
খুরিকাসুলি।
খুলিযামুরি প্রভৃতি।
মুগিমুরা।
বৃদবাড়ী।
ঘুঘেমুরা।
কররা।
হাবাবুটি।
ডাঙ্গাসোল।
পিররাগোরা প্রভৃতি।
হিকিমডাঙ্গা।
লোহারি।
চুরকুণ্ডি।
ভালুকখোলাই।
গুয়াবাড়ী, মোলডঙ্গা, দালালডাঙ্গা, ফকিরডাঙ্গা } জন শূন্য গ্রাম।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটারী।

Public Works Department,—Bengal

Military

No 280
The 29th July 1872.

Declaration under Section VI of Act X, 1870, of the Government of India —Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that two houses are required to be taken up by Government at Dum-Dum at the public expense for a public purpose, viz for the accommodation of Warrant Officers attached to the Ordnance Department at Dum-Dum, it is hereby declared that for the above purpose the two houses mentioned below are required.

1 House situated in the Cantonment of Dum-Dum, and belonging to Raja Kalikrishna, with the following boundaries .—

North-East —Hedge and ditch 810 feet long, abutting on Sir John Horsford's estate.

বঙ্গদেশীয় পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সৈনিক।

২৮০ নম্বর।
১৮৭২ সাল ২৯ জুলাই।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামত জ্ঞাপনপত্র।—দমদমায় রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ দমদমায় আডনান্স ডিপার্টমেণ্টের ওয়ারণ্ট আফিসরদের থাকিবার নিমিত্ত রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের দুই ঘর লওয়া আবশ্যক বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট ইহা ব্যক্ত হওয়াতে উক্ত কার্য্যের নিমিত্ত নিম্নলিখিত দুই ঘর লওয়া প্রয়োজন বলিয়া প্রকাশ করা গেল।

১। দমদমা সেনানিবেশে রাজা কালীকৃষ্ণের এক ঘর। তাহার সীমা এই২।

উত্তরপূর্ব্বদিগে—সর জান হর্সফর্ড সাহেবের সম্পত্তির ধারে ৮১০ ফুট দীর্ঘ বেড়া খানা।

South-West—Hedge 330 feet and brick wall 575 feet close to Military Cantonment land

South East side—Front of house bounded by compound wall 553 feet long

North-West side—Boundary hedge 600 feet long, abutting on Military Cantonment land

2 House No 14, situated on the Calcutta and Jessore roads, the property of Mr McLeod, with the following boundaries —

North-East side—Hedge 287 feet, pucca wall 115 feet, shallow trench 493 feet, total 895 feet

South-West side—Compound wall separating it from No 13, 392 feet 9 inches, shallow trench 480 feet

South-East side—152 feet low paddy fields

North-West side—Front of house boundary, pucca wall 154 feet long

This Declaration is made, under the provisions of Act X of 1870, to all whom it may concern

---

LOCAL—COMMUNICATIONS

No 281

The 29th July 1872

Declaration under Section 6 of Act X of the Government of India—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz for constructing a road running from Mouzah Nugdirgram in Pergunnah Bunraj to the Monierkhal tea garden in the district of Cachar, it is hereby declared that for the above purpose a piece of land, measuring more or less 8½ miles in length and 50 feet in breadth, or about 11 hals 10 kears, is required within the aforesaid district of Cachar

This Declaration is made under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern

By order of the Lieut-Governor of Bengal,

H LEONARD, C E,
Offg Secy to the Govt of Bengal,
P W. D.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭২। ৬ আগষ্ট।]

দক্ষিণ পশ্চিমদিগে—সেনানিবেশের অন্তর্গত ভূমির ধারে ৩৩০ ফুট পরিমাণের বেড়া ও ইটের ৫৭৫ ফুট দীর্ঘ প্রাচীর।

দক্ষিণপূর্ব্ব দিগে—৫৫৩ ফুট দীর্ঘ প্রাচীরে বেষ্টিত ঘরের সম্মুখভাগ।

উত্তরপশ্চিম দিগে—সেনানিবেশের অন্তর্গত ভূমির ধারে ৬০০ ফুট দীর্ঘ সীমার বেড়া।

২। কলিকাতা ও যশোহরের পথে শ্রীযুত মাকলীড সাহেবের ১৪ নং বাটী। তাহার সীমা এইং

উত্তর পূর্ব্বদিগে ২৮৭ ফুট বেড়া, ১১৫ ফুট পাকা প্রাচীর, ৪৯৩ ফুট অল্পগভীর খানা। মোটে ৮৯৫ ফুট।

দক্ষিণ পশ্চিম দিগে—ঐ বাড়ীর ও ১৩ নং বাড়ীর মধ্য ৩৯২ ফুট ৯ ইঞ্চি লম্বা প্রাচীর ও ৪৮০ ফুট দীর্ঘ খানা।

দক্ষিণ পূর্ব্ব দিগে ১৫২ ফুট দীর্ঘ ধান্য ভূমি।

উত্তরপশ্চিম দিগে—বাড়ীর সম্মুখভাগ ১৫৪ ফুট লম্বা এক পাকা প্রাচীর।

এই বিষয়ে যাহারদের স্বার্থ থাকে ১৮৭০ সালের ১০ আইনের বিধানমতে তাহারদের নিকট এই কথা প্রকাশ করা গেল।

স্থানীয় বর্ত্মাদির কথা।

---

২৮১ নম্বর।

১৮৭২ সাল ২৯ জুলাই।

ভারতবর্ষের গবর্ণমেন্টের ১০ আইনের ৬ ধারামত জ্ঞাপন পত্র। রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ পরগনা বনরাজের অন্তর্গত নগদির গ্রাম মৌজাহইতে কাছাড় জিলার অন্তর্গত মনিয়ের খালের চাবাড়ী পর্য্যন্ত পথ প্রস্তুত করিবার নিমিত্ত রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া প্রয়োজন বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের নিকট ইহা ব্যক্ত হওয়াতে উক্ত কার্য্যের নিমিত্ত পূর্ব্বোক্ত কাছাড় জিলার মধ্যে ন্যূনাধিক ৮॥ মাইল দীর্ঘ ও ৫০ ফুট প্রশস্ত বা ১১ হাল ১০ কেয়ার পরিমিত ভূমি লওয়া প্রয়োজন বলিয়া প্রকাশ করা গেল।

এই বিষয়ে যাঁহাদের স্বার্থ থাকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামতে তাঁহারদের জ্ঞানার্থ এই কথা প্রকাশ করা গেল।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের আজ্ঞাক্রমে।

এচ লেনার্ড, সি, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেন্টে,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটারী।

Orders by the High Court of Judicature at Fort William in Bengal

The 22nd July 1872

In supersession of the lists of subjects notified at page 2206 of the *Calcutta Gazette* of the 29th December 1869, and all previous orders or notifications of the Court, the following lists of subject are hereby notified as those in which the candidates for the higher and lower grade pleaderships respectively will be examined under the rules passed by the High Court under Section 4, Act XX of 1865

HIGHER GRADE

Subjects	*Regulations, enactments, and Text Books*
1st —The law of property current in Bengal	
A With reference to the permanent settlement, to the Government lien on land, to claims to hold lands exempt from the payment of revenue, and to the mode in which estates can be brought to sale for arrears of revenue	Regulations (Bengal) I, VIII, X, XIV, XIX, and XLIV of 1793, and the Regulations and Acts by which the same have been altered Act XI of 1859 and the preamble to Regulation (Bengal) II of 1793
B The law of under-tenures and the mode in which the same can be brought to sale for arrears of rent	Regulation (Bengal) VIII of 1819, Act VIII of 1865 (Bengal Council), Act VIII of 1869, B C, except as to candidates to practise in Orissa Chota Nagpore, and Assam, who will be required, as heretofore, to pass in Act X of 1859)
C The relation of Landlord and Tenant	Act VIII of 1869 (B C) except as above
D Mortgages, Registration of Assurances	Macpherson on Mortgages, Act VIII of 1871
E The Hindoo Law of Inheritance, Succession, and Adoption	Dayabhaga and Mitakshara, Dattaka Chandrika, or Macnaghten's Principles of Hindoo Law, first seven chapters
F Mahomedan Law	Macnaghten's Principles of Mahomedan Law, except chapter 9
G The Indian Succession Act	Act X of 1865, Act XXI of 1870
2nd —Obligations arising from contracts	Macpherson on Contracts, Act IX of 1872
3rd —Civil Procedure	Act VIII of 1859, Act XXIII of 1861, Act XI of 1865
4th —The Law of Evidence	Act I of 1872
5th —The Law relating to stamps	Act XVIII of 1869, Act VII of 1870
6th —The Law of Limitation	Act IX of 1871
7th —Criminal Law and Procedure	The Indian Penal Code (Act XLV of 1860) and the Code of Criminal Procedure, Act X of 1872

LOWER GRADE

Subjects	*Regulations, Enactments, and Text Books*
1st —Hindoo Law	Macnaghten's Principles of Hindoo Law, first seven chapters,
2nd —Mahomedan Law	Macnaghten's Principles of Mahomedan Law, except chapter 9
3rd —Law of Contracts	Macpherson on Contracts, Act IX of 1872
4th —The law of property current in Bengal with reference to the permanent settlement, to the Government lien on land to claims to hold lands exempt from the payment of Government revenue, and to the mode in which estates can be brought to sale for arrears of revenue	Regulations (Bengal) I, VIII, X, XIV, XIX, and XLIV of 1793, and the Regulations and Acts by which the same have been altered, Act XI of 1859, and the preamble to Regulation (Bengal) II of 1793
5th —The relation of Landlord and Tenant	Act VIII of 1869 (Bengal Council), except as to candidates in Orissa, Chota Nagpore, and Assam, who will be required to pass, as heretofore, in Act X of 1859
6th —The Law relating to Putnee Talooks	Regulation (Bengal) VIII of 1819, Act VIII of 1865 (Bengal Council)
7th —The Law of Limitation	Act IX of 1871
8th —The Law relating to Stamps	Act XVIII of 1869, Act VII of 1870
9th —Civil Procedure, including the Small Cause Court Act	Act VIII of 1859, Act XXIII of 1861, Act XI of 1865
10th —The Law of Evidence	Act I of 1872
11th —Criminal Law and Procedure	Penal Code (Act XLV of 1860), Code of Criminal Procedure (Act X of 1872)

By order of the High Court,

W CORNELL,
Officiating Registrar.

বঙ্গদেশস্থ কোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্ট।

১৮৭২ সাল ২২ জুলাই।

১৮৬৯ সালের ডিসেম্বর মাসের ২১ তারিখের বাঙ্গলা গেজেটের ১৬৩৬ পৃষ্ঠার পরীক্ষা সম্পর্কীয় যেং বিষয়ের নির্ঘণ্টপত্র প্রকাশ করা গিয়াছে তাহা এবং এই আদালতের পূর্ব্বকৃত সকল আজ্ঞা ও বিজ্ঞাপন রহিত করিয়া ১৮৬৫ সালের ২০ আইনের ৪ ধারামতে হাই কোর্টের যেং বিধি প্রচারিত হয় তদনুসারে প্রথম ও দ্বিতীয় শ্রেণীর ওকালতী পরীক্ষার্থিদের যেং বিষয়ের পরীক্ষা করা যাইবে তাহার নিম্নলিখিত নির্ঘণ্টপত্র এতদ্দ্বারা প্রকাশ করা গেল।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,

ডবলিউ কনেল।

একটীং রেজিষ্ট্রার।

উচ্চতর শ্রেণী।

বিষয়।	আইন, বিধি ও পাঠ্য পুস্তক।
১। সম্পত্তি বিষয়ক বঙ্গদেশের প্রচলিত ব্যবস্থা। A চিরকালীন বন্দোবস্তের উপলক্ষে—ও ভূমির উপর গবর্ণমেণ্টের দাওয়া—ও ভূমি নিষ্করূপে ভোগ করিবার দাওয়া—ও বাকী রাজস্বের জন্যে মহালের নীলামের নিয়ম।	বঙ্গদেশীয় ১৭৯৩ সালের ১, ৮, ১০, ১৪, ১৯, ও ৪৪ আইন ও তাহা যেং আইনদ্বারা পরিবর্ত্তিত হইয়াছে সেইং আইন। ১৮৫৯ সালের ১১ আইন ও ১৭৯৩ সালের বঙ্গদেশীয় ২ আইনের হেতুবাদ।
B পত্তনী তালুকের ব্যবস্থা ও বাকী করের নিমিত্তে যে নিয়মে নীলাম হইতে পারে তাহা।	১৮১৯ সালের বঙ্গদেশীয় ৮ আইন। বঙ্গদেশীয় মন্ত্রিসভার ১৮৬৫ সালের ৮ আইন। ১৮৬৯ সালের বঙ্গীয় ৮ আইন। কিন্তু যে ব্যক্তিরা উড়িষ্যা ও ছোট নাগপুর ও আসামে ওকালতী করিতে আকাঙ্ক্ষা করেন তাঁহাদের পূর্ব্ববৎ ১৮৫৯ সালের ১০ আইনে পরীক্ষা দিতে হইবে।
C ভূম্যধিকারি ও প্রজার পরস্পর সম্বন্ধ	উক্ত প্রকারের ব্যক্তি ছাড়া ১৮৬৯ সালের ৮ আইন।
D বন্ধক ও নিদর্শনপত্রের রেজিষ্টরী করণ	বন্ধক বিষয়ে মাকফরসন সাহেবের পুস্তক। ১৮৭১ সালের ৮ আইন।
E দায়ভাগ ও উত্তরাধিকারিত্ব ও দত্তকগ্রহণ বিষয়ে হিন্দু ব্যবস্থা	দায়ভাগ ও মিতাক্ষরা ও দত্তকচন্দ্রিকা কি হিন্দু ব্যবস্থার মূল নিয়ম বিষয়ে মাকনাটন সাহেবের পুস্তকের ১—৭ অধ্যায়।
F মহম্মদীয় শরা	মহম্মদীয় শরার মূল নিয়ম বিষয়ে মাকনাটন সাহেবের পুস্তকের ৯ অধ্যায়ভিন্ন সমস্ত অধ্যায়।
G ভারতবর্ষীয় উত্তরাধিকারিত্ব বিষয়ক আইন	১৮৬৫ সালের ১০ আইন ও ১৮৭০ সালের ২১ আইন।
২। চুক্তিক্রমে উৎপন্ন দায়	চুক্তি বিষয়ে মাকফরসন সাহেবের পুস্তক ও ১৮৭২ সালের ৯ আইন।
৩। দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধান	১৮৫৯ সালের ৮ আইন। ১৮৬১ সালের ২৩ আইন ১৮৬৫ সালের ১১ আইন।
৪। প্রমাণ বিষয়ক ব্যবস্থা	১৮৭২ সালের ১ আইন।
৫। ইষ্টাম্প বিষয়ক আইন	১৮৬৯ সালের ১৮ আইন। ১৮৭০ সালের ৭ আইন।
৬। মিয়াদবিষয়ক আইন	১৮৭১ সালের ৯ আইন।
৭। ফৌজদারী আইন ও মোকদ্দমার কার্য্যবিধান	ভারতবর্ষীয় দণ্ডবিধির (১৮৬০ সালের ৪৫) আইন, এবং ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের (১৮৭২ সালের ১০) আইন।

নিম্নতর শ্রেণী।

বিষয়।	আইন, বিধি, ও পাঠ্য পুস্তক।
১। হিন্দু ব্যবস্থা	মাকনাটন সাহেবের কৃত হিন্দুব্যবস্থার মূল নিয়ম বিষয়ক পুস্তকের ১—৭ অধ্যায়।
২। মহম্মদীয় শরা	মহম্মদীয় শরার মূল নিয়ম বিষয়ে মাকনাটন সাহেবের পুস্তকের ৯ অধ্যায় ভিন্ন সমস্ত অধ্যায়।
৩। চুক্তি বিষয়ক ব্যবস্থা	চুক্তিবিষয়ে মাকফরশন সাহেবের পুস্তক ও ১৮৭২ সালের ৯ আইন।
৪। সম্পত্তিবিষয়ক বঙ্গদেশের প্রচলিত ব্যবস্থা অর্থাৎ চিরকালীন বন্দোবস্ত সম্পর্কে ও ভূমির উপর গবর্ণমেণ্টের দাবে ও নিষ্করূপে ভূমি ভোগ করিবার দাওয়া এবং বাকী রাজস্বের নিমিত্তে সম্পত্তি যেরূপে নীলাম হইতে পারে তৎসম্পর্কে উক্ত ব্যবস্থা।	বঙ্গদেশীয় ১৭৯৩ সালের ১, ৮, ১০, ১৪, ১৯, ও ৪৪ আইন ও তাহা যেং আইন দ্বারা পরিবর্ত্তিত হইয়াছে সেইং আইন। ১৮৫৯ সালের ১১ আইন এবং ১৭৯৩ সালের বঙ্গদেশীয় ২ আইনের হেতুবাদ।
৫। ভূম্যধিকারি ও প্রজার পরস্পর সম্বন্ধ	বঙ্গদেশীয় মন্ত্রিসভার ১৮৬৯ সালের ৮ আইন। কিন্তু যে ব্যক্তিরা উড়িষ্যা ও ছোটনাগপুর ও আসামে কর্ম্মাকাঙ্ক্ষী হন তাঁহারা পূর্ব্ববৎ ১৮৫৯ সালের ১০ আইনে পরীক্ষা দিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭২। ৬ আগষ্ট।]

নিম্নতর শ্রেণী।

বিষয়।	আইন, বিধি, ও পাঠ্য পুস্তক।
৬। পত্তনী তালুক বিষয়ক আইন	বঙ্গদেশীয় ১৮১৯ সালের ৮ আইন ও বঙ্গদেশীয় মন্ত্রিসভার ১৮৬৫ সালের ৮ আইন।
৭। মিয়াদ বিষয়ক আইন	১৮৭১ সালের ৯ আইন।
৮। ইষ্টাম্প বিষয়ক আইন।	১৮৬৯ সালের ৮ আইন ও ১৮৭০ সালের ৭ আইন
৯। ক্ষুদ্র মোকদ্দমার আদালতের আইনসহিত দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইন	১৮৫৯ সালের ৮ আইন। ১৮৬১ সালের ২৩ আইন ১৮৬৫ সালের ১১ আইন।
১০। প্রমাণবিষয়ক আইন	১৮৭২ সালের ১ আইন।
১০। ফৌজদারী আইন ও মোকদ্দমার কার্য্যবিধান	দণ্ডবিধির ১৮৬০ সালের ৪৫ আইন ও ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৭২ সালের ১০ আইন।

TRANSFER OF MOONSIFFS

The 16*th July* 1872 —Baboo Protap Chunder De, from Bilmariah, Zillah Rajshahye, to Hemtabad, Zillah Dinagepore

Baboo Koylas Chunder Mookerjee, from Hemtabad, Zillah Dinagepore, to Bilmariah, Zillah Rajshahye

The 25*th July* 1872 —Moulvie Dedar Buksh, from Futtickcherry, Zillah Chittagong, to Bhaugulpore, as an Additional Moonsiff in that District

Baboo Poornoo Chunder Rai Chowdhury, from Aosgram, Zillah East Burdwan, to Backergunge, as an Additional Moonsiff in that District

The 27*th July* 1872 —Baboo Anantoram Ghose, from Bammunnarah, Zillah East Burdwan, to Futtickcherry, Zillah Chittagong

Baboo Dwarka Nauth Mitter, from Selimabad to the Sudder Station, Zillah East Burdwan

Baboo Kali Churn Ghosal, from Borobaree, Zillah Rungpore, to Jessore, as Additional Moonsiff in that District

Moulvie Khadem Hossein, from Kandeiah, Zillah East Burdwan, to Borobaree, Zillah Rungpore, but to continue to act as Subordinate Judge of Dacca until further orders

Baboo Bhugwan Chunder Chatterjee, from Bhotmaree, Zillah Rungpore, to Tipperah, as Additional Moonsiff in that District

Moulvie Abul Munsoor, from Kytee, Zillah East Burdwan, to Bhotmaree, Zillah Rungpore

Baboo Sham Chand Dhur, from Chittagong to Backergunge, as an Additional Moonsiff in that District

Baboo Ananda Kumara Surbadhikari, from Kotulpore, Zillah East Burdwan, to Chittagong, as an Additional Moonsiff in that District

[*Government Gazette*, 6*th August* 1872]

মুনসেফদের স্থানান্তরে নিযুক্ত হওয়ার কথা।

১৮৭২ সাল ১৬ জুলাই। শ্রীযুত বাবু প্রতাপচন্দ্র দে রাজশাহী জিলার অন্তর্গত বিলমারিয়া হইতে দিনাজপুর জিলার অন্তর্গত হেমতাবাদে।

শ্রীযুত বাবু কৈলাসচন্দ্র মুখোপাধ্যায় দিনাজপুর জিলার অন্তর্গত হেমতাবাদহইতে রাজশাহী জিলার অন্তর্গত বিলমারিয়াতে।

১৮৭২ সাল ২৫ জুলাই। শ্রীযুত মৌলবী দেদারবক্স চট্টগ্রাম জিলার অন্তর্গত ফটিকচেরিহইতে ভাগলপুর জিলার আডিশ্যানল মুনসেফ হইবার নিমিত্তে ঐ জিলায় প্রেরিত হইয়াছেন।

শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র রায় চৌধুরী পূর্ব্ব বর্দ্ধমান জিলার অন্তর্গত আউশগ্রামহইতে বাকরগঞ্জ জিলার আডিশ্যনল মুনসেফ হইবার নিমিত্ত ঐ জিলায় প্রেরিত হইয়াছেন।

১৮৭২ সাল ২৭ জুলাই। শ্রীযুক্ত বাবু অনন্তরাম ঘোষ পূর্ব্ব বর্দ্ধমান জিলার বামনআড়িয়াহইতে চট্টগ্রাম জিলার ফটিকচেরিতে প্রেরিত হইয়াছেন।

শ্রীযুক্ত বাবু দ্বারকানাথ মিত্র পূর্ব্ব বর্দ্ধমান জিলার সলীমাবাদ হইতে সদর মোকামে প্রেরিত হইয়াছেন।

শ্রীযুত বাবু কালীচরণ ঘোষাল রঙ্গপুর জিলার বড়বাড়ী হইতে যশোহরের আডিশ্যনল মুনসেফ হই-বার নিমিত্ত ঐ জিলায় প্রেরিত হইয়াছেন।

শ্রীযুত মৌলবী খাদিম হুসেন পূর্ব্ব বর্দ্ধমান জিলার কান্দেরা হইতে রঙ্গপুর জিলার অন্তর্গত বড়বাড়ীতে নিযুক্ত হইলেন কিন্তু অন্য আজ্ঞা না লওন পর্য্যন্ত ঢাকার সবরডিনেট জজের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত বাবু ভগবানচন্দ্র চট্টোপাধ্যায় রঙ্গপুর জিলার ভোটমারি হইতে ত্রিপুরার আডিশ্যনল মুনসেফ হইবার নিমিত্ত ঐ জিলায় প্রেরিত হইলেন।

শ্রীযুত মৌলবী আবল মনসুর পূর্ব্ববর্দ্ধমান জিলার কাইতি হইতে রঙ্গপুর জিলার অন্তর্গত ভোটমারিতে নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত বাবু শ্যামচাদ ধর বাকরগঞ্জের আডিশ্যানল মুনসেফ হইবার নিমিত্ত চট্টগ্রাম হইতে ঐ জিলায় প্রেরিত হইয়াছেন।

শ্রীযুত বাবু আনন্দকুমার সর্ব্বাধিকারী চট্টগ্রাম জিলার আডিশ্যানল মুনসেফ হইবার নিমিত্ত পূর্ব্ব বর্দ্ধমান জিলার অন্তর্গত কোতলপুর হইতে ঐ জিলায় প্রেরিত হইয়াছেন।

Baboo Bhoobun Mohun Rai, from Soonamookhee, Zillah East Burdwan, to Mymensingh, as an Additional Moonsiff in that District

শ্রীযুত বাবু ভুবনমোহন রায় ময়মনসিংহ জিলার আডিশ্যনল মুনসেফ হইবার নিমিত্ত পূর্ব্ব বর্দ্ধমান জিলার সোণামুখী হইতে ঐ জিলায় প্রেরিত হইয়াছেন।

NOTIFICATION

Leave of Absence

The 16th July 1872—Baboo Judoo Nath Mookerjee, Moonsiff of Bhangah, Zillah Dacca, for fifteen days, under Section 18, Chapter VI of the Civil Leave Code

The leave of absence for one month, under Section 18, Chapter VI of the Civil Leave Code, granted to Baboo Prem Chand Paul, Moonsiff of Lechragunge, Zillah Dacca, is hereby cancelled at his own request

The 22nd July 1872—Baboo Nilmony Dass Moonsiff of Penchoogunge, Zillah Sylhet, for two months only, under Section 18, Chapter VI of the Civil Leave Code

Baboo Nundo Coomar Bose, Moonsiff of Nitrokona, Zillah Mymensingh, for three months, under Section 18, Chapter VI of the Civil Leave Code

The 25th July 1872—Baboo Ram Chunder Dhur, Moonsiff of Ghosegong, Zillah Mymensingh, for one month under Section 18, Chapter VI of the Civil Leave Code

The 29th July 1872—Baboo Kally Prosono Mookerjee, Moonsiff of Serajgunge Zillah Rajshahye, for the ensuing Dusserah Vacation, under Section 18, Chapter VI of the Civil Leave Code

By order of the High Court,

W Cornell,

Offg Registrar

বিজ্ঞাপন।

ছুটী।

১৮৭২ সাল ১৬ জুলাই। ঢাকা জিলার অন্তর্গত ভাঙ্গার মুন্‌সেফ শ্রীযুত বাবু যদুনাথ মুখোপাধ্যায় দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ১৮ ধারামতে পনেরো দিন ছুটী পাইয়াছেন।

ঢাকা জিলার অন্তর্গত লেচরাগঞ্জের মুন্‌সেফ শ্রীযুত বাবু প্রেমচাঁদ পাল দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ১৮ ধারামতে যে এক মাস ছুটী পান তাহা তাঁহার প্রার্থনামতে রহিত করা গেল।

১৮৭২ সাল ২২ জুলাই। ছিলট জিলার অন্তর্গত পেঞ্চুগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু নীলমনি দাস দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ১৮ ধারামতে দুই মাস ছুটী পাইয়াছেন।

ময়মনসিংহ জিলার অন্তর্গত নেত্রকোণার মুনসেফ শ্রীযুত বাবু নন্দকুমার বসু দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ১৮ ধারামতে তিন মাস ছুটী পাইয়াছেন।

১৮৭২ সাল ২৫ জুলাই। ময়মনসিংহ জিলার অন্তর্গত ঘোষ গাঁয়ের মুনসেফ শ্রীযুত বাবু রামচন্দ্র ধর দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ১৮ ধারামতে এক মাস ছুটী পাইয়াছেন।

১৮৭২ সাল ২৯ জুলাই। রাজশাহী জিলার অন্তর্গত সেরাজগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু কালীপ্রসন্ন মুখোপাধ্যায় দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ১৮ ধারামতে আগামি দশহরা বন্দে ছুটী পাইয়াছেন।

হাই কোর্টের আজ্ঞাক্রমে,

ডব্লিউ কর্ণেল,

এক্টিং রেজিষ্ট্রার।

GOVERNMENT ADVERTISEMENT

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENT

ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা নদীয়া।

"ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে, ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা নদীয়ার মধ্যবর্ত্তী নিম্নলিখিত মহাল সকল ১৮৭২ সালের ২৮ জুন তারিখে প্রাপ্য বাকী মালগুজারী এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আকুটের অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৭২ সালের ১৬ সেপ্টেম্বর তারিখ ঐ জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবে।" ইতি সন ১৮৭২ সাল তারিখ ২৩ জুলাই।

ইস্তমুরারি ধার্য্য হওয়া মহাল।

৪৭৭।০ নং তাং শ্যামপুর পরগনে হাওয়ালখালি মালিক কালাচাঁদ চক্রবর্ত্তী ও নফরচন্দ্র পাল চৌধুরীদিগর স্বতন্ত্র হিসাব বাদে অবশিষ্ট সদর জমা ৫৫৩।০ টাকা বাকী খাজানা ৮।৶৯ টাকা।

টেম্পরারি মহাল।

২৭৬৯ নং চর নতিডেঙ্গা গোডভাঙ্গা পরগনে বাল্লপুর মালিক দীননাথ মুখোপাধ্যায়দিগর সদর জমা ৫২৭৶ ০ টাকা বাকী খাজানা ২।৷৶১ টাকা।

(F)

W Oldham, *Offg Collector.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭২। ৬ আগষ্ট।]

জিলা মেদিনীপুর।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার বিধানানুসারে ইহা দ্বারা সকলকে জানান যাইতেছে যে জিলা মেদিনীপুরের অন্তর্গত নিম্নলিখিত মহাল সকল উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে বাকী রাজস্ব এবং যে সকল দাবী ৮৭২ সালের ২৮ জুন দিবসে দেয় হইলে বাকী রাজস্বের ন্যায় প্রচলিত আইনঅনুসারে আদায় হইবার বিধি আছে তাহা আদায় নিমিত্ত ১৮৭২ সালের ২৫ সেপ্টেম্বর মোতাবেক ব জলা ১০ আশ্বিন ১২৭৯ সাল আমলি ১১ আশ্বিন .২৮০ সাল বুধবার দিবসে প্রকাশ্য নীলামে নিববশেষে বিক্রয় হইবে। ১৮৭২ সাল তারিখ জুলাই।

তফসীল।

তৌজীর নং	রেঃ সুঃ নং	নাম মহাল	নাম পরগনা	নাম মালিক	সদর জমা	বাকী যাহার জন্য নীলাম হইবে	কৈফিয়ৎ।
		দশসালা বন্দবস্তী মহাল।	দন্ত্রমুঠা				
৫৫৩	৯৬৬	দন্ত্রমুঠ ওরফে এরেন্দা, মেয়াদী বন্দবস্তী মহাল		ভবতচরণ সৎপতি	.০২৯।/.	৭৪/৩	
২১০	২০ ০	লাভুবামুঠা জালপাই খাস পতিত বানিযোড জালপাই শরিফাবাদ জালপাই মাজনামুঠা জালপাহ খাস পতিত কশবা হিজলী জাল-পাই খাস পতিত।	মাজনামুঠা জমীদারী সংক্রান্ত	রাধিকাপ্রসন্ন চন্দ্র	৮৩২৭।/	১৪৩৯৵১	রসীদ বন্দবস্তমতে এই মহালের জমা আমলি ১২৮০ সালে ১০২৩০৸০ টাকাহইয়া সন ১২৮৭ সালপর্য্যন্ত চলিয়া মেয়াদঅতীত হইবেক।

J A. HOPKINS,
Covenanted Deputy Collector,
for Collector

(F)

জিলা চট্টগ্রাম।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে, ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারানুসারে জেলা চট্টগ্রামের মধ্যবর্ত্তি নিম্নলিখিত মহাল সকল ১৮৭২ সালের ২৫ মেই তারিখে প্রাপ্য বাকি মালগুজারী এবং অন্যান্য দাওয়া চলিত আইন এবং আকুটের অনুসারে বাকী রাজস্বের ন্যায় আদায় করা যাইতে পারে তাহা আদায় নিমিত্ত ১৮৭২ সালের ১৯ আগষ্ট তারিখ ঐ জিলার কালেক্টর সাহেবের কাছারিতে বিনা ওজরে ও প্রকাশ্য নীলামে ধরা যাইবে।" সন ১৮৭২ ইংরাজি তারিখ ১৮ জুন।

প্রথম শ্রেণীর কায়েমি মহাল।

বাকি রাজস্ব আদায়ের নিমিত্তে নীলাম হইবেক।

৩৮৮ নং তরফ আহামদল্লা ও নছরতুল্লা মালীক আহামদল্লা ও নছরতুল্লা সমুদায় মহাল নীলাম হইবেক মোট সদর জমা ৭৩৯।৶৪

বাকি রাজস্ব আদায়ের নিমিত্তে নীলাম হইবেক।

মহাল মোতালেকা

৩৮৮০ নং তালুক ওবেদুল্লা ও মাহাৎ এছি ও আহামদ আলী মালিক আমান খাতুন ও আহামদআলী ও বন্নিজান বিবি ও আবদুল্লা খাঁ সমুদায় মহাল নীলাম হইবেক মোট সদর জমা ৬৭৮।৶০

বাকি রাজস্ব আদায়ের নিমিত্তে নীলাম হইবেক।

মহাল লাখেরাজ বাজেআপ্তি মৌজে করেরহিল্ল থানে চকরিয়া।

৩৩৫১৪ নং তালুক মোবারেক আলী মালীক লালমাহাৎ দারোগা ও মুনশী আজমুল্লা খাঁর মধ্যে ১৮২৯ সালের ১১ আইনের ১৩ ধারানতে মুনশী আজমুল্লা খাঁর নং ৪৩৭৲৩ পাই জমির আদায় হওয়া হিস্যা বাদে অবশিষ্ট মালীক লালমাহাৎ দারোগার হিস্যা নীলাম হইবেক মোছলম মহালের সদর জমা ৮৭৪৲৬

A L CLAY,
Offg Collector

(F)

জিলা চট্টগ্রাম।

ইস্তেহারনামা কাছারি কালেক্টরি।

ইহাদ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৬৮ সালের ৭ আইনের ১১ ধারা ও ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার মর্ম্মানুসারে নিম্নের লিখিত, তালুকাদির গত ২৫ মেই শেষ তারিখের সূর্য্যাস্ত পর্য্যন্তের বাকি পড়া রাজস্ব আদায়ের নিমিত্তে সন ১৮৭২ ইংরেজির ১৯ আগস্ট মোতাবেক সন ১২৭৯ বাঙ্গালার ৪ ভাদ্র রোজ সোমবার জিলার কালেক্টরি কাছারিতে বিনা ওজরে প্রকাশ্য নীলামে ধরা যাইবে ইতি সন ১৮৭২ ইং তারিখ ১৮ জুন।

মহাল নওয়াবাদ বাকি রাজস্ব আদায়ের নিমিত্তে নীলাম হইবেক।

মৌজে চাকমারকুল থানে রামু।

৮৪ নং তালুক মাহাংকালু ও কমরআলী মালীক মাহাংকালু ও কমরআলী সমুদয়ে তালুকা নীলাম হইবেক মোট সদর জমা ৮৩৫ ৵৯

বাকি রাজস্ব আদায়ের নিমিত্তে নীলাম হইবেক।

মৌজে ভোমরিআখোলা থানে রামু।

১৬০ নং তালুক কমলাচরণ মালীক বৈদ্যনাথ সেন ও রামকিশোর সেন সমুদয়ে তালুকা নীলাম হইবেক মোট সদর জমা ৫৩১৶৴০

মহালনওয়াবাদ বাকি রাজস্ব আদায়ের নিমিত্তে নীলাম হইবেক।

মৌজে ভারুআখালী থানে রামু।

১৭৭ নং তালুক মাহাং রাজারামসেব মালীক জাফরআলী মুনশী সমুদয়ে তালুকা নীলাম হইবেক মোট সদর জমা ১০০৶/

বাকি রাজস্ব আদায়ের নিমিত্তে নীলাম হইবেক।

মৌজে বারলিয়া ফিং চর সাবেক বাকলীয়া থানে শহর।

৫৫৯ নং তালুক আমদালী ও মাহাং ইছপ ও কোরবানআলী ও তাজগরআলী ও শ্রীমতী নুর বিবি মালীক আমুদালী ও মাহাং ইছপ ও কোরবানআলী ও তাজগরআলী ও শ্রীশ্রীমতী নুর বিবি সমুদয়ে তালুকা নীলাম হইবেক মোট সদর জমা ৬৮৬।০

(F)

A L CIAY,
Offg Collector

জিলা মুরশিদাবাদ।

ইস্তাহার দেওয়া যাইতেছে যে সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারা ও সন ১৮৬৮ সালের ৭ আইনের ৫ ধারার মর্ম্মানুযায় জেলা মুরশিদাবাদস্থ ক্রান্ত নিম্নলিখিত মাহাল সন ৮৭২ সালের লাং কিস্তি জুনের রাজস্বের বাকী আদায় কারণ সন ১৮৭২ সালের ২৩ আগস্ট মোতাবক সন ১২৭৯ সালের ৮ ভাদ্র শুক্রবার জেলা মুরশিদাবাদের কালেক্টরির কাছারিতে প্রকাশ্য নীলাম হইবেক ইতি সন ১৮৭২ সাল ৪ জুলাই মোতাবক সন ১২৭৯ সাল তারিখ ২০ আষাঢ।

শ্রেণীর নম্বর	মাহালের প্রকরণ	তৌজীর নম্বর	নাম মাহাল	নাম তালুকদার	সদর জমা	তাগদাদ রকম যাহা নীলাম হইবেক।
১	প্রথম শ্রেণীর মাহাল	২৭৩৭	ত০ দাস-দেবগ্রামপং আসদনগর	বৃন্দাবনচন্দ্র রায়	৫৮৩॥৶৫ রোডফণ্ড ৫।৵০	সমুদয় মাহাল।

(F)
Moorshedabad,
11th July 1872

W WAVELL,
Offg Collector.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭২। ৬ আগস্ট।]

জিলা পাবনা।

এস্তাহার নামা কাছারি কালেক্টরী জিলা পাবনা।

১৮৫৯। ১১ আইনের ৬ ধারার বিধানানুসারে ইহার দ্বারা সকলকে জানান যাইতেছে যে জিলা পাবনার অন্তর্গত নিম্নলিখিত মহাল সকল উক্ত জিলার কালেক্টর সাহেবের আফিসে বাকি জন্য যে ১৮৭২ সালের ২৮ জুন দিবসে দেয় হইলে প্রচলিত আইনানুসারে আদায় হইবার বিধি আছে তাহা আদায় নিমিত্ত ১৮৭২ সালের ১৬ আগস্ট মোং ১২৭৯ সালের ১ ভাদ্র রোজ শুক্রবার প্রকাশ্য নীলামে অবশ্য বিক্রয় হইবেক ইতি ১৮৭২ সাল তাং ১০ জুলাই।

নম্বর। তৌজি।	নাম মহাল	নাম মালিক	সদর জমা	বাকি	কৈফিয়ত।
৩১	চিরস্থায়ী জমা দাখিলা হওয়া মহাল পরগনে ইসলামপুর।	ত্রিপুরী চরণ সিংহ শ্যামা সুন্দরী দাস্য	২৬৫৭।৩	অন্য মহালের বাকি	১০৭২ নং চর সিবপুর দিগর নীলাম হইয়া তাহার মূল্যের টাকা বাদে বক্রী ২৭১০।০ আনা বাকির জন্য।
৯০৭	চর আড়া রামচন্দ্রপুর দিগর মেহাদী বন্দোবস্তী মহাল।	চন্দ্রকিশোর মজুমদার দিগর ও রমাকান্ত চক্রবর্ত্তি দিগর	৬৮২৬/৪	২০৫১।০	এই মিয়াদী বন্দোবস্তী। মহালের ১২৭৬। ৭৭। ৭৮ সালের বাবৎ বাকী

(F)

W V G Taylor,
Collector

জিলা ত্রিপুরা।

এস্তাহারনামা কাছারি কালেক্টরি জিলা ত্রিপুরা

এই যে,

১৮৫৯ ইং ১১ আইনের ৬ দফামতে এতদ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জিলা ত্রিপুরার এই মহাল বাকী জমার নিমিত্তে ১৮৭২ ইং ৪ সেপ্তামবর মোকাম সন ১২৭৯ বাং ২০ ভাদ্র রোজ বুধবার এজিলার কালেক্টরী কাছারিতে বিনা আপত্ত্যে বিক্রয় হইবেক ইতি সন ১৮৭২ ইং ১১ জুলাই মোং ১২৭৯ বাং ২৮ আষাঢ়।

তপসিল মহাল।

নম্বর রেজিষ্টরি	নাম মহাল	নাম মালীক	সদর জমা	বাকী সন ১২৭৮ সাল
৭৫৮	পং আমিরাবাদ কালীয়াচর ৪৩ নং ১৮১৯ ইং ২ কানুনের ডিক্রী	দুর্গাদাস ভট্টাচার্য্য অলীজানিরে গোলাম হয়দর মিঞা ও গোলাম কাদের মিঞা গোলাম হয়দর মিঞা ও গোলাম রাজা মিঞা নাবালগান ললিতচন্দ্র সেন শ্রীমতী স্বর্ণময়ী কালিদাস সোম দুর্গাদাস সোম মাহাম্মদ রাজা চৌধুরি আজিমদ্দি সরকার রবিউল্লা সরকার দিলুবিবিজি দৌলত সরকার সরিপউল্লামুন্সী শ্রীমতী সাজু বিবি শ্রীমতী পুনা বিবি ও শ্রীমতী রাণী ভবানী ও শ্রীমতী রাণী কমলকুমারী ও শ্রীমতী কমলা চন্দ্রনাথ সেন নবীনচন্দ্র মজুমদার।	১৫০৩৬০ রাস্তাখরচ—১৫/০ ১৫২৫৬/০	৪৬৮৬৯/৩

G S. Park,
Collector.

(F)

[*Government Gazette, 6th August* 1872

NOTICE

Bengalee Edition of the Acts of Government.

The Acts of the Government of India, and those of the Government of Bengal, will, after publication in the *Bengalee Government Gazette,* be printed, in pamphlet form, for sale to the public, at a price which will be fixed in each instance to cover the cost of printing and paper The first of the series will be the Criminal Procedure Act, now in the Press, the price of which will be Rs 1-4 per copy

বিজ্ঞাপন।

গবর্ণমেণ্টের আইনসমূহের বাঙ্গলা সংস্করণ।

ভারতবর্ষ ও বঙ্গদেশের গবর্ণমেণ্টের আইন বাঙ্গাল গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হইলে পর পুস্তকাকারে মুদ্রিত হইয়া কাগজ ও মুদ্রাঙ্কণের ব্যয় পোষণার্থ নির্দ্দিষ্ট মূল্যে সর্ব্বসাধারণকে বিক্রয় করা যাইবে। তন্মধ্যে প্রথমে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন প্রকাশ হইবে। এই আইন এইক্ষণে ছাপা হইতেছে। মূল্য ১।০ মাত্র।

MISCELLANEOUS ADVERTISEMENT

সাধারণ ব্যক্তির ইশ্তিহার।

কলিকাতা বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এডউইন মরিস্ লুইস সাহেবকর্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড়পত্র।

TUESDAY, AUGUST 6, 1872.

মঙ্গলবার ১৮৭২ সাল ৬ আগষ্ট।

জিলা বাঁকুড়া।

ইস্তাহারদ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা বাঁকুড়ার মধ্যবর্ত্তি নিম্নলিখিত মহালে সরকার বাহাদুরের মালিকি স্বত্ব সন ১৮৭২ সালের ২৮ সেপ্টেম্বর মোতাবেক সন ১২৭৯ সালের ১৩ আশ্বিন শনিবার জিলা বাঁকুড়ার কালেক্টরির কাছারিতে বিক্রয় হইবেক।

২। এই মহালের খরিদারগণ নিম্নলিখিত বিক্রয়ের নিয়মাধীন হইবেন।

১। একশত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবেক।

২। একশত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের একাংশ তৎক্ষণাৎ দিতে হইবেক।

বিক্রয়ের দিবস এক দিন ধরিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্নকালে কিম্বা সেই দিবস বন্ধের দিন হইলে তৎপরে প্রথমে যে দিন কাছারি খোলা যায় সেই দিবস মধ্যাহ্নকালে অবশিষ্ট যদি দাখিল না হয়, তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে ও প্রথম স্থলীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণপূর্ব্বক ত্রুটিকারী ক্রেতার ঝুঁকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবেক।

৩। এই মহাল সর্ব্বোচ্চ ডাককারিকে নিষ্কর বিক্রয় করা যাইবেক।

কালেক্টরীর মহালের তৌজি-বহির নম্বর	তৌজির নম্বর	মহালের নাম ও পরগণা	একর কিং জমির আন্দাজি পরিমাণ	সদর জমা। খাজনা জমা টাকা	রাস্তার টাকা	মোট	নীলামের প্রথম ডাক	মন্তব্য।
০	৯১৮	সাতঘাট (এক পুরাতন রাস্তার জমি) পঃ বিষ্ণুপুর	১ একর	৸৵৬	০	৸৵৬	৮৸০	

(F) (Sd) W. R. LARMINIE,
Offg. Collector.

বাঁকুড়ার কালেক্টরি কাছারি,
সন ১৮৭২। ১৮ মে।

জিলা বর্দ্ধমান।

এক্তাহারনামা কাছারি রেলওয়ে ডেপুটী কালেক্টরি।

এজলাস শ্রীযুক্ত রায় অভয়চরণ মল্লিক বাহাদুর রেলওয়ে ডিপুটী কালেক্টর মোকাম কলিকাতা।

এতদ্দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা বর্দ্ধমানের মধ্যবর্ত্তি নিম্নলিখিত বিং শ্রেণীভুক্ত জমি ইষ্টইণ্ডিয়ন্‌ রেলওয়ে কোম্পানির আর আবশ্যক না থাকা প্রযুক্ত সরকার বাহাদুর কর্তৃক পুনঃগ্রহীত হইয়াছে এক্ষণে ঐ জমিতে সরকার বাহাদুরের মালিকী স্বত্ব নিম্নলিখিত নিয়মানুসারে ১৮৭২ সালের ২১ আগষ্ট মোতাবেক বাঙ্গালা ১২৭৯ সালের ৬ ভাদ্র বুধবার বেলা ১১ টার সময় জেলা বর্দ্ধমানের কালেক্টরি কাছারিতে বিক্রয় হইবেক।

১। এক শত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবেক।

২। এক শত টাকার অধিক হইলে ডাক পণের চারি অংশের একাংশ তৎক্ষণাৎ দিতে হইবেক।

বিক্রয়ের দিবস এক দিন ধরিয়া গণনা করিলে বিক্রয়ান্তর পঞ্চদশ দিনের মধ্যাহ্নকালে কিম্বা সেই দিবস বন্ধের দিন হইলে তৎপরে প্রথম যে দিন কাছারি খোলা যায় সেই দিন মধ্যাহ্নকালে অবশিষ্ট দাখিল না হয় তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে ও প্রথম স্থলীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপন প্রকাশ করণপূর্ব্বক ঐ ক্রটীকারী ক্রেতার ঝুঁকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবেক।

৩। ঐ জমি সকল সর্ব্ব উচ্চ ডাককারিকে নিষ্কর বিক্রয় করা যাইবেক।

অতিরিক্ত নিয়ম এই যে।

শ্রীযুক্ত কালেক্টর সাহেবের মঞ্জুরিতে ক্রেতাদিগকে দখল দেওয়া যাইবে। কিন্তু মহামান্য রেবিনিউ বোর্ডের মেম্বর ইন চার্য্য বাহাদুরের অমত হইলে দখল অমত ও বলবৎ থাকিবেক না।

নম্বর লাট	নাম জেলা	নাম মৌজা পরগনা	নম্বর মাইল বিং রেলওয়ের নকশা	জমির অবস্থিতি রেলওয়ের কোন পার্শ্বে	বিং জমি আনুমানিক মত একর পরিমাণ	জমির বাউণ্ডরি	বিং জমির উপরিস্থিত ছাপ্রাদির সংখ্যা	[illegible]
					এ রো পো			
৭৩	বর্দ্ধমান	মৌজে ছিরাগাছি পরগণা, হবাদ	৬০	উত্তর	২ ১ ২৫	ইস্তক ৫৯ মাইল লাং ২৫২০ ফুটের মধ্যে ১৭টী চেণ্ড আছে, পূর্ব্ব ৫৯ মাইলের সরাসর, পশ্চিম ৭৫ নং লাটের জমি, দক্ষিণ তারের বেড়া, উত্তর মোতাবেক নক্সা।	০	
৭৪	ঐ	ঐ	ঐ	দক্ষিণ	২ ২ ২	ইস্তক ৫৯ মাইল লাং ২৫২০ ফুটের মধ্যে ১৭টী চেণ্ড আছে, পূর্ব্ব ৫৯ মাইল সরাসর, পশ্চিম ৭৬ নং লাটের জমি, উত্তর তারের বেড়া দক্ষিণ মোতাবেক নক্সা।	০	
৭৫	ঐ	ভাতখণ্ড পরং ঐ	ঐ	উত্তর	০ ১ ৩৩	ইস্তক ৫৯ মাইল ২৫২০ ফুট লাং ৩০৩০ ফুটের মধ্যে ৩টী চেণ্ড আছে, পূর্ব্ব ৭৩ নং লাটের জমি, পশ্চিম ১৯৬ নং পুলের সরাসর ও ভাতখণ্ড মৌজার সীমানা, দক্ষিণ তারের বেড়া, উত্তর মোতাবেক নকসা।	০	
৭৬	ঐ	ঐ	ঐ	দক্ষিণ	০ ১ ২৮	ইস্তক ৫৯ মাইল ২৫২০ ফুট লাং ৩০৩০ ফুটের মধ্যে ৩টী চেণ্ড আছে, পূর্ব্ব ৭৪ নং লাটের জমি, পশ্চিম ১৯৬ নং পুলের সরাসর ও ভাতখণ্ড মৌজার, সীমানা, উত্তর তারের বেড়া, দক্ষিণ মোতাবেক নক্সা।	০	
৭৭	ঐ	কোত চক্র বর্ত্তী পরংশাহবাদ	ঐ	উত্তর	২ ১ ১৯	ইস্তক ৫৯ মাইল ৩০৩০ ফুট লাং ৫২৮০ ফুটের মধ্যে ১৫টী চেণ্ড আছে, পূর্ব্ব ৭৫ নং লাটের জমি ও ১৯৬ নং পুলের সরাসর, পশ্চিম ৬০ নং মাইল সরাসর, দক্ষিণ তারের বেড়া, উত্তর মোতাবেক নক্সা।	০	
৭৮	ঐ	ঐ	ঐ	দক্ষিণ	২ ১ ১৮	ইস্তক ৫৯ নং মাইল ৩০৩০ ফুট লাং ৫২৮০ ফুটের মধ্যে ১৫টী চেণ্ড আছে, পূর্ব্ব ভাতখণ্ড মৌজার সীমানা ও ১৯১ নং পুলের সরাসর, পশ্চিম ৬০ নং মাইল সরাসর, উত্তর তারের বেড়া, দক্ষিণ মোতাবেক নকসা।	০	

নম্বর লাট	নাম জেলা	নাম মৌজা পরগণা	নম্বর মাইল কিং রেলওয়ের নক্সা	জমির অবস্থিতি রেলওয়ের কোন পার্শ্বে	কিং জমি মুনাধিক মত একর পরিমাণ	জমির বাউণ্ডারি	কিং জমির উপরিস্থিত গাছের সংখ্যা	কৈং
					এঃ রো পো			
৭৯	বর্দ্ধমান	মৌজে জোতচক্রবর্ত্তী পং শাহবাদ	৬১	উত্তর	২ ১ ২২	ইস্তক ৬০ মাইল লাং ২৯৫০ ফুটের মধ্যে ২০টী চেণ্ড আছে, পূর্ব্ব ৬০ মাইল সরাসর, পশ্চিম জোতচক্রবর্ত্তী মৌজার সীমানা, দক্ষিণ তারের বেড়া, উত্তর মোতাবেক নক্সা।	•	
৮০	ঐ	ঐ	ঐ	দক্ষিণ	২ ১ ৩০	ইস্তক ৬০ মাইল লাং ২৯৫০ ফুটের মধ্যে ২০টী চেণ্ড আছে, পূর্ব্ব ৬০ নং মাইল সরাসর পশ্চিম জোতচক্রবর্ত্তী মৌজার সীমানা, উত্তর তারের বেড়া, দক্ষিণ মোতাবেক নক্সা।	•	
৮১	ঐ	কান্দর-গোমা পং ঐ	ঐ	উত্তর	১ ৩ ১৮	ইস্তক ৬০ মাইল ২৯৫০ ফুট লাং ৫২৮০ ফুটের মধ্যে ১৬টী চেণ্ড আছে, পূর্ব্ব জোতচক্রবর্ত্তী মৌজার সীমানা, পশ্চিম ৬১ নং মাইল সরাসর, দক্ষিণ তারে বেড়া, উত্তর মোতাবেক নক্সা।	•	
৮২	ঐ	ঐ	ঐ	দক্ষিণ	১ ৩ ৩৪	ইস্তক ৬০ মাইল ২৯৫০ ফুট লাং ৫২৮০ ফুটের মধ্যে ১৬টী চেণ্ড আছে, পূর্ব্ব জোতচক্রবর্ত্তী মৌজার সীমানা, পশ্চিম ৬১ নং মাইল সরাসর, উত্তর তারের বেড়া, দক্ষিণ মোতাবেক নক্সা।	•	
৮৩	ঐ	ঐ	৬২	উত্তর	১ ২ ৩৭	ইস্তক ৬১ নং মাইল লাং ১৮১০ ফুটের মধ্যে ১২টী চেণ্ড আছে, পূর্ব্ব ৬১ নং মাইল সরাসর পশ্চিম কান্দর গোমা মৌজার সীমানা, দক্ষিণ তারের বেড়া, উত্তর মোতাবেক নক্সা।	•	
৮৪	ঐ	ঐ	ঐ	দক্ষিণ	১ ২ ১৯	ইস্তক ৬১ নং মাইল লাং ১৯১০ ফুটের মধ্যে ১১টী চেণ্ড আছে, পূর্ব্ব ৬১ নং মাইল সরাসর, পশ্চিম কান্দর গোমা মৌজার সীমানা, উত্তর তারের বেড়া, দক্ষিণ মোতাবেক নকসা।	•	
৮৫	ঐ	জোতরাম পং ঐ	ঐ	উত্তর	১ ০ ৩২	ইস্তক ৬১ নং মাইল ১৮১০ ফুট লাং ৩৪০০ ফুটের মধ্যে ১১টী চেণ্ড আছে, পূর্ব্ব ৮৩নং লাটের জমি, পশ্চিম ২০৪নং পুলের সরাসর, দক্ষিণ তারের বেড়া, উত্তর মোতাবেক নকসা।	•	
৮৬	ঐ	ঐ	ঐ	দক্ষিণ	১ ১ ৩	ইস্তক ৬১নং মাইল ১৯১০ ফুট লাং ৩৪০০ ফুটের মধ্যে ১০টী চেণ্ড আছে পূর্ব্ব কান্দর গোমা মৌজার সীমানা পশ্চিম ২০৪ নং পুলের সরাসর উত্তর তারের বেড়া দক্ষিণ মোতাবেক নকসা।	•	
৮৭	ঐ	আলিনিয়া পং ঐ	ঐ	ঐ	১ ১ ৩৭	ইস্তক ৬১ মাইল ৩৪০০ ফুট লাং ৫২৮০ ফুটের মধ্যে ১৩টী চেণ্ড আছে পূর্ব্ব ২০৪ নং পুল পশ্চিম ৬২ নং মাইল সরাসর উত্তর তারের বেড়া দক্ষিণ মোতাবেক নকসা।	•	
৮৮	ঐ	ঐ	ঐ	উত্তর	১ ১ ৩৬	ইস্তক ৬১ নং মাইল ৩৪০০ ফুট লাং ৫২৮০ ফুটের মধ্যে ১৩টী চেণ্ড আছে পূর্ব্ব ২০৪ নং পুল পশ্চিম ৬২ নং মাইল সরাসর দক্ষিণ তারের বেড়া উত্তর মোতাবেক নকসা।	•	
৮৯	ঐ	ঐ	৬৩	দক্ষিণ	০ ২ ৩৮	ইস্তক ৬২ নং মাইল লাং ১০০০ ফুটের মধ্যে ৭টী চেণ্ড আছে পূর্ব্ব ৬২ মাইল সরাসর পশ্চিম ২০৬ নং পুলের সরাসর উত্তর তারের বেড়া দক্ষিণ মোতাবেক নকসা।	•	

নম্বর লাট	নাম জেলা	নাম মৌজা পরগণা	নম্বর মাইল কিঃ রেলওয়ের নকসা	জমির অবস্থিতি রেলওয়ের কোন পার্শ্বে	কিঃ জমি আন্দাজিক মত একর পরিমাণ	জমির বাউণ্ডরি	কিঃ জমির উপরিস্থিত আফ-লাতের সংখ্যা	টিঃ
					এ রো পো			
৯০	বর্দ্ধমান	মৌজে আলিশিয়া পং শাহবাদ	৬৩	উত্তর	০ ২ ৩৩	ইস্তক ৬২ মাইল লাং ১০০০ ফুটের মধ্যে ৭টী চেও আছে পূর্ব্ব ৬২ মাইল সরাসর পশ্চিম ২০৬ নং পুলের সরাসর দক্ষিণ তারের বেড়া উত্তর মোতাবেক নকসা	০	
৯১	ঐ	গাঙ্গপুর পং বর্দ্ধমান	ঐ	দক্ষিণ	১ ০ ২৪	ইস্তক ৬২ নং মাইল ১০০০ ফুট লাং ২০৯০ ফুটের মধ্যে ৭টী চেও আছে পূর্ব্ব ১০৬ নং পুল সরাসর পশ্চিম ৪৯ নং ফাটকের রাস্তা উত্তর তারের বেড়া দক্ষিণ মোতাবেক নকসা	০	
৯২	ঐ	ঐ	ঐ	উত্তর	১ ১ ১৮	ইস্তক ৬২ মাইল ১০০০ ফুট লাং ২০৯০ ফুটর মধ্যে, ৭টী চেও আছে ও এক কেতা জমি আছে পূর্ব্ব ২০৬ নং পুল সরাসর, পশ্চিম ৪৯ নং ফাটকের রাস্তা, দক্ষিণ তারের বেড়া উত্তর মোতাবেক নকসা	০	
৯৩	ঐ	ঐ	ঐ	দক্ষিণ	৭ ৩ ৩৩	ইস্তক ৬২ মাইল ২০৯০ ফুট লাং ৫২৮০ ফুটের মধ্যে, ছোট বড় জমি ও পুষ্করিণী আছে পূর্ব্ব ৪৯ নং ফাটকের রাস্তা, পশ্চিম ৬৩ মাইল সরাসর উত্তর তারের বেড়া দক্ষিণ মোতাবেক নকসা	০	
৯৪	ঐ	ঐ	ঐ	উত্তর	৮ ২ ৩৯	ইস্তক ৬২ মাইল ২০৯০ ফুট লাং ৫২৮০ ফুটের মধ্যে ছোট বড জমি ও পুষ্করিণী আছে পূর্ব্ব ৪৯ নং ফাটকের রাস্তা পশ্চিম ৬৩ নং মাইল সরাসর উত্তর মোতাবেক নকসা দক্ষিণ তারের বেড়া	০	
৯৫	ঐ	ঐ	৬৪	দক্ষিণ	১ ১ ২৭	ইস্তক ৬৩ মাইল লাং ৬৭৫ ফুটের মধ্যে এক লপ্ত জমি আছে পূর্ব্ব ৬৩ নং মাইল সরাসর পশ্চিম বাম মৌজার সীমানা উত্তর তারের বেড়া দক্ষিণ মোতাবেক নকসা	০	
৯৬	ঐ	ঐ	ঐ	উত্তর	০ ৩ ২৮	ইস্তক ৬৩ মাইল লাং ৫৭৫ ফুটের মধ্যে এক লপ্ত জমি পূর্ব্ব, ৬৩ মাইল সরাসর পশ্চিম, বাম মৌজার সীমানা দক্ষিণ তারের বেড়া উত্তর মোতাবেক নকসা	০	
৯৭	ঐ	বাম পং ঐ	ঐ	ঐ	১২ ১ ৩৯	ইস্তক ৬৩ মাইল ৫৭৫ ফুট লাং ৩৭০০ ফুটের মধ্যে একলপ্ত জমি পূর্ব্ব গাঙ্গপুর মৌজার সীমানা পশ্চিম ২০৯ নং পুলের পূর্ব্বমুখ সরাসর দক্ষিণ তারের বেড়া উত্তর মোতাবেক নকসা	০	
৯৮	ঐ	ঐ	ঐ	ঐ	৪ ১ ৩৪	ইস্তক ৬৩ মাইল ৩৭০০০ ফুট লাং ৫২৮০ ফুটের মধ্যে একলপ্ত আবাদী জমি পূর্ব্ব ২০৯ নং পুলের পূর্ব্বমুখ সরাসর পশ্চিম ৬৪ নং মাইল সরাসর দক্ষিণ এঃ জমি উত্তর মোতাবেক নকসা	০	
৯৯	ঐ	ঐ	ঐ	দক্ষিণ	৯ ২ ৩৩	ইস্তক ৬৩ মাইল ৬০০ ফুট লাং ৩৭০০ ফুটের মধ্যে পূর্ব্ব গাঙ্গপুর মৌজার সীমানা পশ্চিম ২০৯ নং পুলের পূর্ব্বমুখ সরাসর উত্তর তারের বেড়া দক্ষিণ মোতাবেক নকসা	০	

নম্বর লাট	নাম জেলা	নাম মৌজা পরগনা	নম্বর মাইল বিঃ রেলওয়ের নক্সা	জমির অবস্থিতি রেলওয়ের কোন পার্শ্বে	বিঃ জমি মুতাবিক মত একর পরিমাণ	জমির বাউণ্ডারি	বিঃ জমির উপরিস্থিত আ-ওলাতের সংখ্যা	কৈঃ
					এ রো পো			
১০০	বর্দ্ধমান	মৌজে বাম পঃ বর্দ্ধমান	৬৪	দক্ষিণ	৪ ১ ৩৬	ইস্তক ৬৩ নং মাইল ৩৭০০ ফুট লাঃ ৫২৮০ ফুটের মধ্যে একলপ্ত আবাদী জমি, পূর্ব্ব ৯৯ নং লাটের জমি, পশ্চিম ৬৪ নং মাইল সরাসর, উত্তর এ. জমি, দক্ষিণ মোতাবেক নকসা	•	
১০১	ঐ	ঐ	৬৫	ঐ	২ ২ ২	ইস্তক ৬৪ মাইল লাঃ ৮২০ ফুটের মধ্যে একলপ্ত আবাদী জমি আছে পূর্ব্ব ৬৪ নং মাইল সরাসর, পশ্চিম বাম মৌজার সীমানা সমাপ্ত, উত্তর এঃ জমি, দক্ষিণ মোতাবেক নক্সা	•	
১০২	ঐ	ঐ	ঐ	উত্তর	২ ২ ১০	ইস্তক ৬৪ মাইল লাঃ ৮২০ ফুটের মধ্যে একলপ্ত আবাদী জমি, পূর্ব্ব ৬৪ নং মাইল সরাসর, পশ্চিম বাম মৌজার সীমানা সমাপ্ত, দক্ষিণ এঃ জমি, উত্তর মোতাবেক নক্সা	•	
১০৩	ঐ	গোপাল বাটী পঃ পঃ ঐ	ঐ	ঐ	৫ ২ ৬	ইস্তক ৬৪ মাইল ৮২০ ফুট লাঃ ২৯৩০ ফুটের মধ্যে একলপ্ত আবাদী জমি, পূর্ব্ব বাম মৌজার সীমানা ও ১০২ নং লাটের জমি, পশ্চিম ২০৯ নং পুলের পশ্চিম মুখ সরাসর, দক্ষিণ এঃ জমি উত্তর মোতাবেক নকসা	•	
১০৪	ঐ	ঐ	ঐ	দক্ষিণ	৫ ১ ২০	ইস্তক ৬৪ মাইল ৮১০ ফুট লাঃ ২৯৩০ ফুটের মধ্যে একলপ্ত আবাদী জমি, পূর্ব্ব বাম মৌজার সীমানা ও ১০১ নং লাটের জমি, পশ্চিম ২০৯ নং পুলের পশ্চিম মুখ সরাসর, উত্তর এ জমি, দক্ষিণ মোতাবেক নকসা	•	
১০৫	ঐ	ঐ	ঐ	ঐ	২ ৩ ০	ইস্তক ৬৪ মাইল ২৯৩০ ফুট লাঃ ৪৫০০ ফুটের মধ্যে একলপ্ত জমি, পূর্ব্ব ১০৪ নং লাটের জমি ও ২০৯ নং পুলের পশ্চিম মুখ সরাসর পশ্চিম বাঁকা নদীর ধার, উত্তর তারের বেড়া, দক্ষিণ মোতাবেক নক্সা ইহার মধ্যে রেলওয়ের জলো জমি বাদ রহিল	•	
১০৬	ঐ	গোপাল বাটী পঃ বর্দ্ধমান	ঐ	উত্তর	৩ ০ ১৮	ইস্তক ৬৪ মাইল ২৯৩০ ফুট লাঃ ৪৫০০ ফুটের মধ্যে, পূর্ব্ব ২০৯ নং পুলের পশ্চিম মুখ সরাসর, পশ্চিম বাঁকা নদীর ধার, দক্ষিণ তারের বেড়া, উত্তর মোতাবেক নকসা	•	
১০৭	ঐ	মুন্সীপাড়া পঃ ঐ	ঐ	দক্ষিণ	১ ০ ২৭	ইস্তক ৬৪ মাইল ৪৫৭০ ফুট লাঃ ৫২৮০ ফুটের মধ্যে, পূর্ব্ব বাঁকা নদীর ধার, পশ্চিম ৬৫ মাইল সরাসর, উত্তর তারের বেড়া, দক্ষিণ মোতাবেক নক্সা ইহার মধ্যে জল যাইবার নালা বাদ রহিল	•	
১০৮	ঐ	ঐ	ঐ	উত্তর	১ ০ ১৯	ইস্তক ৬৪ মাইল ৪৫৭০ ফুট লাঃ ৫২৮০ ফুটের মধ্যে পূর্ব্ব বাঁকা নদীর ধার, পশ্চিম ৬৫ মাইল সরাসর, দক্ষিণ তারের বেড়া, উত্তর মোতাবেক নকসা ইহার মধ্যে জল যাইবার নালা বাদ রহিল	•	
১০৯	ঐ	ঐ	৬৬	ঐ	১ ২ ১৩	ইস্তক ৬৫ মাইল লাঃ ১০৫০ ফুটের মধ্যে পূর্ব্ব ৬৫ মাইল সরাসর পশ্চিম ৫২ নং কাটকের রাস্তা দক্ষিণ তারের বেড়া, উত্তর মোতাবেক নকসা ইহার মধ্যে জল নিকাশী নালা বাদ রহিল	•	

নম্বর লট	নাম জেলা	নাম মৌজা পরগনা	বর্দ্ধমান হইতে মাইল হিঃ রেলওয়ের নকসা	জমির অবস্থিতি রেলওয়ের কোন পার্শ্বে	বিঃ জমি মুনাফিক মত একর পরিমাণ	জমির বাউণ্ডারি	বিঃ জমির উপস্থিতিক জঙ্গলাতের সংখ্যা	টিকা
					এঃ রোঃ পোঃ			
১১০	বর্দ্ধমান	মুন্সীপাড়া ও সাদবাহাদুর পং বর্দ্ধমান	৬৬	দক্ষিণ	৩ ৩ ৪	ইস্তক ৬৫ মাইল লাঃ ১৬৪০ ফুটের মধ্যে পূর্ব্ব ৬৫ মাইল সরাসর পশ্চিম ৫২ নং ফাটকের রাস্তা উত্তর তারের বেড়া, দক্ষিণ মোতাবেক নকসা ইহার মধ্যে জল নিকাশী নালা বাদ রহিল	০	
১১১	ঐ	বারি পং ঐ	ঐ	উত্তর	৫ ১ ১১	ইস্তক ৬৫ মাইল ৮৭০ ফুট লাঃ ২৮৮০ ফুটের মধ্যে পূর্ব্ব ৫২ নং ফাটকের রাস্তা পশ্চিম ২১২ নং পুলের পশ্চিম মুখ সরাসর, দক্ষিণ তারের বেড়া উত্তর মোতাবেক নকসা ইহার মধ্যে জল নিকাশী নালা বাদ রহিল	০	
১১২	ঐ	ঐ	ঐ	দক্ষিণ	৪ ০ ৩০	ইস্তক ৬৫ মাইল ১০৭৫ ফুট লাঃ ২৮৮০ ফুটের মধ্যে পূর্ব্ব ৫২ নং ফাটকের রাস্তা পশ্চিম ২১২ নং পুলের পশ্চিম মুখ সরাসর উত্তর তারের বেড়া দক্ষিণ মোতাবেক নকসা ইহার মধ্যে জল নিকাশী নালা বাদ রহিল	০	
১১৩	ঐ	বারি পং বর্দ্ধমান	ঐ	উত্তর	৬ ০ ২০	ইস্তক ৬৫ মাইল ২৮৮০ ফুট লাঃ ৫২৮০ ফুটের মধ্যে পূর্ব্ব ১১১ নং লাটের জমি পশ্চিম ৬৬ মাইল সরাসর দক্ষিণ তারের বেড়া উত্তর মোতাবেক নকসা ইহার মধ্যে জল নিকাশী নালা বাদ রহিল	০	
১১৪	ঐ	ঐ	৬৭	ঐ	২ ১ ৮	ইস্তক ৬৬ মাইল লাঃ ৭০০ ফুটের মধ্যে পূর্ব্ব ৬৬ মাইল সরাসর পশ্চিম ইষ্টেশন বর্দ্ধমানের পূর্ব্বকার ৫৮ নং ফাটকের রাস্তা, দক্ষিণ তারের বেড়া, উত্তর মোতাবেক নকসা ইহার মধ্যে জল নিকাশী নালা বাদ রহিল	০	
১১৫	ঐ	বাহির সর্ব্ব মঙ্গলা পং ঐ	ঐ	দক্ষিণ	২ ০	ইস্তক ৬৬ মাইল ৩৭১০ ফুট লাঃ ৫২৮০ ফুটের মধ্যে পূর্ব্ব এ. জমির তারের বেড়া, পশ্চিম ৬৭ মাইল সরাসর, উত্তর তারের বেড়া, দক্ষিণ মোতাবেক নকসা	০	
১১৬	ঐ	ঐ	ঐ	উত্তর	২ ০ ৮	ইস্তক ৬৬ মাইল ৩০১০ ফুট লাঃ ৫২৮০ ফুটের মধ্যে পূর্ব্ব এঃ জমির বেড়া, পশ্চিম ৬৭ মাইল সরাসর, দক্ষিণ তারের বেড়া, উত্তর মোতাবেক নকসা	০	
১১৭	ঐ	ঐ ও সরাই টীকা পং ঐ	৬৮	ঐ	৫ ৩ ১৭	ইস্তক ৬৭ মাইল লাঃ ২৩৩০ ফুটের মধ্যে, পূর্ব্ব ৬৭ মাইল সরাসর, পশ্চিম জমিদারি জমি, দক্ষিণ তারের বেড়া, উত্তর মোতাবেক নকসা	০	
১১৮	ঐ	ঐ	ঐ	দক্ষিণ	৫ ৩ ২৮	ইস্তক ৬৭ মাইল লাঃ ১৩৩০ ফুটের মধ্যে পূর্ব্ব ৬৭ মাইল সরাসর, পশ্চিম জমিদারি জমি, উত্তর তারের বেড়া, দক্ষিণ মোতাবেক নকসা	০	
১১৯	ঐ	সরাই টিকা পং ঐ	ঐ	ঐ	১ ১ ০	ইস্তক ৬৭ মাইল ২৩৩০ ফুট লাঃ ৩২২০ ফুটের মধ্যে ৯টা চেও আছে, পূর্ব্ব ১১৮ নং লাটের জমি, পশ্চিম ১২১ নং লাটের জমি, উত্তর তারের বেড়া, দক্ষিণ মোতাবেক নকসা	০	

নম্বর লাট	নাম জেলা	নাম মৌজা পরগণা	নম্বর মাইল বিং রেলওয়ের নক্সা	জমির অবস্থিতি রেলওয়ের কোন পার্শ্বে	বিং জমি মুশাবিক মত একর হিসাব			জমির বাউণ্ডরি	বিং জমির উপরিস্থিত কাড-পাতের সংখ্যা	টেঃ
					এ	রো	পো			
১২০	বর্দ্ধমান	স্বরাই টাক পঃ বর্দ্ধমান	৬৮	উত্তর	১	১	০	ইস্তক ৬৭ মাইল ২৩৩০ ফুট লাং ৩২২০ ফুটের মধ্যে ১টী চেও আছে, পূর্ব্ব ১১৭ নং লাটের জমি, পশ্চিম ১২২ নং লাটের জমি, দক্ষিণ তারের বেড়া, উত্তর মোতাবেক নকসা।	০	
১২১	ঐ	ঐ	ঐ	দক্ষিণ	৪	৩	৩	ইস্তক ৬৭ মাইল ৩২২০ ফুট লাং ৫২৮০ ফুটের মধ্যে একলপ্ত জমি দেওয়ায় ২টী চেও আছে, পূর্ব্ব ১১৯ নং লাটের জমি, পশ্চিম ৬৮ মাইল বরাবর, উত্তর তারের বেড়া, দক্ষিণ মোতাবেক নকসা।	০	
১২২	ঐ	ঐ	ঐ	উত্তর	৫	২	১	ইস্তক ৬৭ মাইল ৩২২০ ফুট লাং ৫২৮০ ফুটের মধ্যে বড় জমি দেওয়ায় ২টী চেও জমি আছে, পূর্ব্ব ১২০ নং লাটের জমি, পশ্চিম ৬৮ মাইল বরাবর, দক্ষিণ তারের বেড়া, উত্তর মোতাবেক নকসা।	০	
১২৩	ঐ	ঐ ও সিওাল	৬৯	ঐ	৪	০	৩১	ইস্তক ৬৮ মাইল লাং ৫২৮০ ফুটের মধ্যে ছোট বড় ৩২টী চেও জমি আছে, পূর্ব্ব ৬৮ মাইল বরাবর, পশ্চিম ৬৯ নং মাইল বরাবর, দক্ষিণ তারের বেড়া, উত্তর মোতাবেক নক্সা।	০	
১২৪	ঐ	ঐ	ঐ	দক্ষিণ	৪	০	৩৬	ইস্তক ৬৮ মাইল লাং ৫২৮০ ফুটের মধ্যে ছোট বড় ৩টী চেওজমী আছে, পূর্ব্ব ৬৮ মাইল বরাবর, পশ্চিম ৬৯ নং মাইল বরাবর, দক্ষিণ তারের বেড়া, উত্তর মোতাবেক নকসা।	০	
১২৫	ঐ	সিওাল ও বীরপুর পঃ ঐ	৭০	ঐ	৩	২	১৯	ইস্তক ৬৯ মাইল লাং ৫২৮০ ফুটের মধ্যে ৩৬টী চেও জমি আছে, পূর্ব্ব ৬৯ নং মাইল বরাবর, পশ্চিম ৭০ নং মাইল বরাবর, উত্তর তারের বেড়া, দক্ষিণ মোতাবেক নকসা।	০	
১২৬	ঐ	ঐ	ঐ	উত্তর	৩	১	৭	ইস্তক ৬৯ মাইল লাং ৫২৮০ ফুটের মধ্যে, ৩৫টী চেও জমি আছে পূর্ব্ব ৬৯ নং মাইল বরাবর, পশ্চিম ৭০ নং মাইল বরাবর, দক্ষিণ তারের বেড়া, উত্তর মোতাবেক নকসা।	০	
১২৭	ঐ	ঐ	৭১	দক্ষিণ	২	৩	২২	ইস্তক ৭০ মাইল লাং ৮৪০ ফুটের মধ্যে পূর্ব্ব ৭০ মাইল বরাবর, পশ্চিম জমিদারি পতিত জমি, দক্ষিণ মাধবদাস বৈরাগীর ও বেহারি গোপের জমি, উত্তর তারের বেড়া।	০	
১২৮	ঐ	ঐ	ঐ	উত্তর	২	১	২২	ইস্তক ৭০ মাইল লাং ৯৩০ ফুটের মধ্যে, পূর্ব্ব ৭০ মাইল বরাবর, পশ্চিম রামধন কুণ্ডুর জমি, উত্তর নারায়ণ পাল ও রামধন কুণ্ডুর জমি, দক্ষিণ তারের বেড়া ইহার মধ্যে একটী পুষ্করিণী আছে	০	
১২৯	ঐ	ঐ	ঐ	ঐ	২	০	১০	ইস্তক ৭০ মাইল ৯৩০ ফুট লাং ৩১৭০ ফুটের মধ্যে ছোট বড় চেও জমি ১২টী আছে, পূর্ব্ব ১২৮ নং লাটের জমি, পশ্চিম গৌর নদী, দক্ষিণ তারের বেড়া, উত্তর মোতাবেক নকসা।	০	
১৩০	ঐ	ঐ	ঐ	দক্ষিণ	৩	২	০	ইস্তক ৭০ মাইল ৮৪০ ফুট লাং ৩২৭০ ফুটের মধ্যে ছোট বড় চেও জমি ১৩টী আছে পূর্ব্ব ১২৭ নং লাটের জমি পশ্চিম গৌর নদী উত্তর তারের বেড়া দক্ষিণ মোতাবেক নকসা।	০	

নম্বর লাট	নাম জেলা	নাম মৌজা পরগণা	নম্বর মাইল বিং রেলওয়ের নকশা	জমির অবস্থিতি রেলওয়ের কোন পার্শ্বে	বিং জমি মুআফিক রুড একর পরিমাণ			জমির চৌহদ্দি	বিং জমির উপরিস্থিত অট্টালিকার সংখ্যা	টিকা
					এ	রো	পো			
১৩১	বৰ্দ্ধমান	ভালিত ও বীরপুর পং বৰ্দ্ধমান	৭১	দক্ষিণ	১	২	২০	ইষ্টক ৭০ মাইল ৩১৮৫ ফুট লাং ৫২৮০ ফুটের মধ্যে, ছোট বড় ১১টী চেও আছে পূৰ্ব্ব গৌর নদী পশ্চিম ৭১নং মাইল সরাসর, উত্তর তারের বেড়া, দক্ষিণ মোতাবেক নক্সা	•	
১৩২	ঐ	বীরপুর পং ঐ	ঐ	উত্তর	১	২	১০	ইষ্টক ৭০ মাইল ৩০০০ ফুট লাং ৫২৮০ ফুটের মধ্যে ছোটবড় ১৩টী চেও আছে পূৰ্ব্ব গৌর নদী পশ্চিম ৭১ মাইল সরাসর, দক্ষিণ তারের বেড়া উত্তর মোতাবেক নকসা	•	
১৩৩	ঐ	ভালিত পং বাগা	৭২	ঐ	৪	৩	৮	ইষ্টক ৭১ মাইল লাং ৫২৮০ ফুটের মধ্যে ছোট বড় ৩০টী চেও আছে পূৰ্ব্ব ৭১ মাইল সরাসর পশ্চিম ৭২ মাইল সরাসর দক্ষিণ তারের বেড়া, উত্তর মোতাবেক নক্সা	•	
১৩৪	ঐ	ঐ	ঐ	দক্ষিণ	৪	৩	৬	ইষ্টক ৭১ মাইল লাং ৫২৮০ ফুটের মধ্যে ছোট বড় ২৮টী চেও জমী আছে পূৰ্ব্ব ৭১ মাইল সরাসর, পশ্চিম ৭২ মাইল সরাসর উত্তর তারের বেড়া, দক্ষিণ মোতাবেক নক্সা	•	
১৩৫	ঐ	ভালিত ও সাইট-মন্দী পং বাগা ও গোপভূম	৭৩	ঐ	৫	১	৪	ইষ্টক ৭২ মাইল লাং ২৩৩০ ফুটের মধ্যে ১১টী চেও জমি ও ১টি বড় পুষ্করিণী আছে পূৰ্ব্ব ৭২ মাইল সরাসর, পশ্চিম ১৩৭ নং লাটের জমি উত্তর তারের বেড়া, দক্ষিণ মোতাবেক নক্সা	•	
১৩৬	ঐ	ঐ	ঐ	উত্তর	৫	০	২৯	ইষ্টক ৭২ মাইল লাং ২৩৩৫ ফুটের মধ্যে, ১১টি চেও ও ১ কেতা বড় জমী আছে পূৰ্ব্ব ৭২ মাইল সরাসর, পশ্চিম ব্রুক পাকার জমী উত্তর ঐ পাকার জমী দক্ষিণ তারের বেড়া	•	
১৩৭	ঐ	সাইটমন্দী পং গোপভূম	ঐ	দক্ষিণ	৩	৩	৭	ইষ্টক ৭২ মাইল ২৩৩০ ফুট লাং ৫২৮০ ফুটের মধ্যে ছোট বড় ১২টি চেও জমী আছে পূৰ্ব্ব ১৩৫ নং লাটের জমি পশ্চিম ৭৩ নং মাইল সরাসর উত্তর তারের বেড়া দক্ষিণ মোতাবেক নকসা	•	
১৩৮	ঐ	ঐ	ঐ	উত্তর	৪	২	৮	ইষ্টক ৭২ মাইল ২৩৩৫ ফুট লাং ৫২৮০ ফুটের মধ্যে ছোট বড় চেও জমী আছে পূৰ্ব্ব ১৩৬ নং লাটের জমি পশ্চিম ৭৩ নং মাইল সরাসর, দক্ষিণ তারের বেড়া, উত্তর মোতাবেক নক্সা ও হাবাধন ও ক্ষেত্র মাকড়ার জমি	•	

OBHOY CHURN MULLICK,
Railway Deputy Collector.

FORT WILLIAM, RAILWAY DEPUTY COLLECTOR'S OFFICE,
The 4th July 1872

বাঙ্গাল সেক্রেটারীয়েট যন্ত্রালয়ে শ্রীযুত এডউইন মরিস লুইস সাহেব কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, AUGUST 13, 1872.   REGISTERED No. 51

মঙ্গলবার ১৮৭২ সাল ১৩ আগস্ট।

Government of India.

LEGISLATIVE DEPARTMENT

THE following Act of the Governor-General of India in Council received the assent of His Excellency the Governor General on the 18th July 1872, and is hereby promulgated for general information:—

ACT No. XV of 1872

THE INDIAN CHRISTIAN MARRIAGE ACT, 1872

ARRANGEMENT OF SECTIONS

Preamble

PRELIMINARY

SECTIONS

1 Short title.
  Extent
  Commencement
2 Enactments repealed
3 Interpretation clause

PART I

THE PERSONS BY WHOM MARRIAGES MAY BE SOLEMNIZED

4. Marriages to be solemnized according to Act

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপক কর্ম্মবিভাগ।

মহিমবর শ্রীযুত গবর্নর জেনরল সাহেব ১৮৭২ সালের জুলাই মাসের ১৮ তারিখে মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল সাহেবের নিম্নলিখিত আইন অনুমোদন করাতে তাহা সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

১৮৭২ সালের ১৫ আইন।

খ্রীষ্টীয়ানদের বিবাহবিষয়ক ভারতবর্ষীয় ১৮৭২ সালের আইন।

ধারার নির্ঘণ্ট।

হেতুবাদ।

পরিভাষা।

ধারা।

১। সংক্ষেপ নামের কথা।
   যতদূর ব্যাপ্ত হইবে তাহার কথা।
   যদবধি চলিবে তাহার কথা।
২। যে২ আইন রহিত করা গেল তাহার কথা।
৩। অর্থ করণের ধারা।

প্রথম অধ্যায়।

যে ব্যক্তিদের দ্বারা বিবাহ সাধন হইতে পারিবে তাঁহাদের বিধি।

৪। এই আইনমতে বিবাহ হইবার কথা।

PART II

TIME AND PLACE AT WHICH MARRIAGES MAY BE SOLEMNIZED

PART III

MARRIAGES SOLEMNIZED BY MINISTERS OF RELIGION LICENSED UNDER THIS ACT

দ্বিতীয় অধ্যায়।

যে সময়ে ও স্থানে বিবাহ সাধন হইবে তদ্বিষয়ের বিধি।

তৃতীয় অধ্যায়।

এই আইনমতে লাইসেন্স প্রাপ্ত ধর্ম্মাচার্য্যদের দ্বারা বিবাহ সাধন হইবার বিধি।

PART IV.

REGISTRATION OF MARRIAGES SOLEMNIZED BY MINISTERS OF RELIGION

SECTIONS

27 Marriages when to be registered

28 Registration of marriages solemnized by Clergymen of Church of England

29. Quarterly returns to Archdeaconry

Contents of returns

30 Registration and returns of marriages solemnized by Clergymen of Church of Rome

31 Registration and returns of marriages solemnized by Clergymen of Church of Scotland

32 Certain marriages to be registered in duplicate

33 Entries of such marriages to be signed and attested

34 Certificate to be forwarded to Marriage Registrar, copied, and sent to Government

35 Copies of certificates to be entered and numbered

36 Registrar to add number of entry to certificate, and send to Government

37 Registration of marriages between Native Christians under Part I or III

Custody and disposal of register book

চতুর্থ অধ্যায়।

ধর্ম্মাচার্য্য যে বিবাহসাধন করেন তাহার রেজিষ্টরী করিবার কথা।

ধারা।

২৭। বিবাহ যে সময়ে রেজিষ্টরী করিতে হইবে তাহার কথা।

২৮। চর্চ অফ ইঙ্গলণ্ডের পাদরীরা যে বিবাহ সাধন করেন তাহার রেজিষ্টরীর কথা।

২৯। আর্চডীকন সাহেবের কার্য্যালয়ে ত্রৈমাসিক রিটর্ণ পাঠাইবার কথা।

রিটর্ণের মর্ম্মের কথা।

৩০। চর্চ অফ রোমের পাদরীরা যে বিবাহ সাধন করেন তাহার রেজিষ্টরীর ও রিটর্ণের কথা।

৩১। চর্চ অফ স্কটলণ্ডের পাদরীরা যে বিবাহ সাধন করেন তাহার রেজিষ্টরীর ও রিটর্ণের কথা।

৩২। কোন২ বিবাহ দোহররূপে রেজিষ্টরী করিবার কথা।

৩৩। বিবাহবিষয়ক কথায় স্বাক্ষর করিবার ও সাক্ষিদের দ্বারা স্বাক্ষর করাইবার কথা।

৩৪। বিবাহের রেজিষ্ট্রারের নিকট সর্টিফিকট পাঠাইবার ও তাহা নকল করিয়া গবর্ণমেণ্টে পাঠাইবার কথা।

৩৫। উক্ত সর্টিফিকটের নকল লিখিয়া রাখিয়া তাহার নম্বর দিবার কথা।

৩৬। বহীতে যে নম্বর দেওয়া যায় সর্টিফিকটে সেই নম্বর দিয়া গবর্ণমেণ্টে রেজিষ্ট্রারের পাঠাইবার কথা।

৩৭। প্রথম বা তৃতীয় অধ্যায়ানুসারে দেশীয় খ্রীষ্টীয়ানদের বিবাহের রেজিষ্ট্রী করণের কথা।

বহী কাহার নিকট থাকিবে ও তাহা লইয়া কি করিতে হইবে ইহার কথা।

PART V

MARRIAGES SOLEMNIZED BY, OR IN THE PRESENCE OF, A MARRIAGE REGISTRAR

38 Notice of intended marriage before Marriage Registrar

39 Publication of notice

40. Notice to be filed and copy entered in Marriage Notice Book

41 Certificate of notice given and oath made

Proviso

42 Oath or declaration to be made before issue of certificate

43 Petition to High Court to order certificate in less than fourteen days

Order on petition

44 Provision as to consent of father or guardian to apply

Protest against issue of certificate

Effect of protest

পঞ্চম অধ্যায়।

বিবাহের রেজিষ্ট্রারের দ্বারা বা তাঁহার সাক্ষাৎ যে বিবাহ সাধন হয় তদ্বিষয়ের বিধি।

৩৮। বিবাহের রেজিষ্ট্রারকে সঙ্কল্পিত বিবাহের নোটিস দিবার কথা।

৩৯। নোটিস প্রচার করিবার কথা।

৪০। বিবাহের নোটিস রাখিবার ও নোটিসের বহীতে নকল করিবার কথা।

৪১। নোটিস দেওয়ার ও শপথ করণের সর্টিফিকট দিবার কথা।

উপবিধি।

৪২। সর্টিফিকট দিবার পূর্ব্বে শপথ কি প্রতিজ্ঞা করিবার কথা।

৪৩। হাই কোর্টে চতুর্দ্দশ দিনের মধ্যে সর্টিফিকট দিবার আজ্ঞা প্রার্থন করিবার কথা।

দরখাস্তমতে আজ্ঞার কথা।

৪৪। পিতামাতার কি অভিভাবকের সম্মতিবিষয়ক বিধি খাটিবার কথা।

সর্টিফিকট দেওয়া নিষেধ হইবার কথা।

আপত্তির ফলের কথা।

[*Government Gazette*, 13*th August* 1872.]

SECTIONS.

45 Petition where person whose consent is necessary is insane, or unjustly withholds consent

Procedure on petition

46 Petition when Marriage Registrar refuses certificate

Procedure on petition

47 Petition when Marriage Registrar in Native State refuses certificate

48 Petition when Registrar doubts authority of person forbidding

Procedure on petition

Reference when Marriage Registrar in Native State doubts authority of person forbidding

Procedure on reference

49 Liability for frivolous protest against issue of certificate

50 Form of certificate

51 Solemnization of marriage after issue of certificate

52 When marriage is not had within two months after notice, a new notice required

53 Marriage Registrar may ask for particulars to be registered

54 Registration of marriages solemnized under Part V

55 Certificates to be sent monthly to Secretary to Government

Custody of register book

56 Officers to whom Registrars in Native States to send certificates

57. Registrars to ascertain that notice and certificate are understood by Native Christians

58 Native Christians to be made to understand declarations at marriage.

59 Registration of marriages between Native Christians

PART VI

MARRIAGE OF NATIVE CHRISTIANS

60. On what conditions marriages of Native Christians may be certified

ধারা

৪৫। যাঁহার অনুমতি পাওয়া আবশ্যক তিনি নিশুমনা হইলে কিম্বা অন্যায়মতে অসম্মত হইলে দরখাস্তের কথা।

দরখাস্ত হইলে কার্য্যপ্রণালীর কথা।

৪৬। বিবাহের রেজিষ্ট্রার সর্টিফিকট দিতে অস্বীকার করিলে দরখাস্তের কথা।

দরখাস্ত দিলে কার্য্যপ্রণালীর কথা।

৪৭। এদেশীয় রাজ্যের অন্তর্গত রেজিষ্ট্রার সর্টিফিকট দিতে অস্বীকার করিলে দরখাস্তের কথা।

৪৮। যে ব্যক্তি নিষেধ করেন তাঁহার ক্ষমতা আছে কি না, এই বিষয়ে রেজিষ্ট্রারের সন্দেহ থাকিলে দরখাস্ত করিবার কথা।

দরখাস্তসম্পর্কীয় কার্য্য প্রণালীর কথা।

এদেশীয় রাজ্যাধিকারে বিবাহের রেজিষ্ট্রার নিষেধকারি ব্যক্তির ক্ষমতার বিষয়ে সন্দেহ করিলে তাহার দরখাস্ত করিবার কথা।

সেই স্থলে কার্য্যপ্রণালীর কথা।

৪৯। কোন ব্যক্তি তুচ্ছ কারণে সর্টিফিকট দিবার আপত্তি করিলে তাহার দায়ের কথা।

৫০। সর্টিফিকট লিখিবার পাঠের কথা।

৫১। সর্টিফিকট দেওয়া গেলে পর বিবাহ সাধন হইতে পারিবার কথা।

৫২। নোটিস দেওয়া গেলে পর দুই মাসের মধ্যে বিবাহ না হইলে নূতন নোটিস দিতে হইবার কথা।

৫৩। বিশেষ যেং কথা রেজিষ্টরী করা যাইবে বিবাহের রেজিষ্ট্রার সাহেবের তাহা জিজ্ঞাসা করিবার কথা।

৫৪। ৫ অধ্যায়মতে যে বিবাহ সাধন হয় তাহা রেজিষ্টরী করিবার কথা।

৫৫। নিয়মিত সময়ান্তরে গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের নিকট সর্টিফিকট পাঠাইবার কথা।

রেজিষ্টরী বহী রাখিবার কথা।

৫৬। এদেশীয় রাজ্যাধিকারের রেজিষ্ট্রারের সর্টিফিকট যে কার্য্যকারকদের নিকট পাঠান যাইবে তাহার কথা।

৫৭। এদেশীয় খ্রীষ্টীয়ান নোটিসের ও সর্টিফিকটের কথা বুঝিয়াছেন ইহা রেজিষ্ট্রারের নিশ্চিতমতে জানিবার কথা।

৫৮। বিবাহকালে যে প্রতিজ্ঞা করা যায় এদেশীয় খ্রীষ্টীয়ানদিগকে তাহা বুঝাইয়া দিবার কথা।

৫৯। এদেশীয় খ্রীষ্টীয়ানদের পরস্পর বিবাহ রেজিষ্টরী করিবার কথা।

ষষ্ঠ অধ্যায়।

এদেশীয় খ্রীষ্টীয়ানদের বিবাহের বিধি।

৬০। এদেশীয় খ্রীষ্টীয়ানদের বিবাহের সর্টিফিকট যে নিয়মমতে দেওয়া যাইবে তাহার কথা।

SECTIONS.

PART VII

PENALTIES

ধারা।

সপ্তম অধ্যায়।

দণ্ডের বিধি।

PART VIII

MISCELLANEOUS

অষ্টম অধ্যায়।

বিবিধ বিধি।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭২। ৩ আগষ্ট।]

An Act to consolidate and amend the law relating to the solemnization in India of the marriages of Christians

Preamble

WHEREAS it is expedient to consolidate and amend the law relating to the solemnization in India of the marriages of the persons professing the Christian Religion, It is hereby enacted as follows —

PRELIMINARY

Short title

1 This Act may be called "The Indian Christian Marriage Act, 1872"

Extent

It extends to the whole of British India, and, so far only as regards Christian subjects of Her Majesty to the territories of Native Princes and States in alliance with Her Majesty,

Commencement

and it shall come into force on the passing thereof

Enactments repealed

2 The enactments specified in the fifth schedule hereto annexed are repealed, but not so as to invalidate any marriage confirmed by, or solemnized under, any such enactment

And all appointments made, licenses granted, consents given, certificates issued, and other things duly done under any such enactment, shall be deemed to be respectively made, granted, given, issued, and done under this Act

For clause xxiv of section nineteen of the Court Fees' Act, 1870, the following shall be substituted —

'xxiv Petitions under the Indian Christian Marriage Act, 1872, sections forty-five and forty-eight'

Interpretation clause

3. In this Act, unless there is something repugnant in the subject or context,—

'Church of England" "Anglican'

"Church of England" and "Anglican" mean and apply to the Church of England as by law established

"Church of Scotland"

"Church of Scotland" means the Church of Scotland as by law established,

"Church of Rome" "Roman Catholic"

"Church of Rome" and "Roman Catholic" mean and apply to the Church which regards the Pope of Rome as its spiritual head,

[*Government Gazette*, 13*th August* 1872.]

ভারতবর্ষে খ্রীষ্টীয়ানদের বিবাহ সাধন বিষয়ক আইন সংগ্রহ ও সংশোধন করণার্থ আইন।

হেতুবাদ।

যে ব্যক্তিরা খ্রীষ্টীয় ধর্ম্মাবলম্বী হন ভারতবর্ষে তাঁহারদের বিবাহ সাধন বিষয়ক আইন সংগ্রহ ও সংশোধন করা বিহিত এই হেতুক নিম্নলিখিত বিধান করা গেল।

পরিভাষা।

সংক্ষেপ নামের কথা।

১ ধারা। এই আইন "খ্রীষ্টীয়ানদের বিবাহবিষয়ক ভারতবর্ষীয় ১৮৭২ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে।

যতদূর ব্যাপ্ত হইবে তাহার কথা।

এই আইন ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত সর্ব্বদেশে ব্যাপ্ত হইবে এবং শ্রীশ্রীমতী মহারাণীর সহিত সন্ধিবদ্ধ এদেশীয় রাজাদের দেশে ও রাজ্যাধিকারে শ্রীশ্রীমতী মহারাণীর কেবল খ্রীষ্টীয় প্রজাদের পক্ষে ব্যাপ্ত হইবে।

যদবধি চলিবে তাহার কথা।

ও বিধি বদ্ধ হইলেই প্রবল করা যাইবে ইতি।

সেই আইন রহিত করা গেল তাহার কথা।

২ ধারা। এই আইনের পঞ্চম তফসীলে যেই আইনের উল্লেখ হইয়াছে তাহা রহিত করা গেল কিন্তু সেইই আইনদ্বারা যে সকল বিবাহ দৃঢ় ও সাধন করা গেল উক্ত আইন রহিত হওয়াতে সেই বিবাহ অসিদ্ধ হইবে না,

এবং উক্ত অন্যতর আইনমতে যে ব্যক্তিদিগকে নিযুক্ত করা গেল তাঁহারা এই আইনমতে নিযুক্ত হইলেন ও যে সকল লাইসেন্স ও যে অনুমতি ও যে সর্টিফিকট দেওয়া গেল ও অন্য যে কার্য্য নিয়মিতরূপে করা গেল তাহা এই আইনমতে দেওয়া ও করা গেল এমত জ্ঞান করিতে হইবে।

আদালতের রসুম বিষয়ক ১৮৭০ সালের আইনের ১৯ ধারার ২৪ প্রকরণের পরিবর্ত্তে এই প্রকরণ দিতে হইবে,

"২৪। ভারতবর্ষীয় খ্রীষ্টীয়ানদের বিবাহবিষয়ক ১৮৭২ সালের আইনের ৪৫ ও ৪৮ ধারামত দরখাস্ত" ইতি।

অর্থ করণের ধারা।

৩ ধারা। বিষয় বুঝিয়া বা পূর্ব্বাপর কথায় বিপক্ষ ভাব দৃষ্ট না হইলে এই আইনে

চর্চ অফ ইঙ্গলণ্ড আঙ্গলিকন।

চর্চ অফ ইঙ্গলণ্ড ও আঙ্গলিকন শব্দে আইনদ্বারা স্থাপিত চর্চ অফ ইঙ্গলণ্ড বুঝাইবে ও ঐ শব্দ তৎপ্রতি খাটিবে।

চর্চ অফ স্কটলণ্ড।

স্কটলণ্ডের যে মণ্ডলী আইনদ্বারা স্থাপিত হইয়াছে চর্চ অফ স্কটলণ্ড শব্দে সেই মণ্ডলী বুঝাইবে।

চর্চ অফ রোম। রোমণ কাথলিক।

যে মণ্ডলী পারমার্থিক বিষয়ে রোমনগরের পাপাকে প্রধান জ্ঞান করে চর্চ অফ রোম ও রোমণ কাথলিক শব্দে সেই মণ্ডলী বুঝাইবে ও ঐ শব্দ তৎপ্রতি খাটিবে।

"Church" includes any chapel or other building generally used for public Christian worship,

"Church"

"Minor" means a person who has not completed the age of twenty-one years, and who is not a widower or a widow.

"Minor"

"Native State" means the territories of any Native Prince or State in alliance with Her Majesty,

"Native State"

The expression "Christians" means persons professing the Christian religion.

"Christians"

And the expression "Native Christians" includes the Christian descendants of Natives of India converted to Christianity, as well as such converts.

"Native Christians"

চ্যাপলপ্রভৃতি যে গৃহাদিতে সামান্যতঃ সাধারণ লোক একত্র হইয়া খ্রীষ্টার্চনা করিয়া থাকেন ভজনালয় শব্দে সেই গৃহাদি বুঝাইবে।

ভজনালয়।

মৃতদার কি বিধবা ভিন্ন যে ব্যক্তির একবিংশ বৎসর বয়স পূর্ণ না হয় অপ্রাপ্তব্যবহার শব্দে তাঁহাকে বুঝাইবে।

অপ্রাপ্তব্যবহার।

শ্রীশ্রীমতী মহারাণীর সঙ্গে এদেশীয় যে রাজার ও যে অধিকারের সন্ধি থাকে এদেশীয় রাজ্যাধিকার শব্দে সেই রাজার কি সেই অধিকারগত দেশ বুঝাইবে।

এদেশীয় রাজ্যাধিকার।

যাঁহারা খ্রীষ্টীয় ধর্ম্ম স্বীকার করেন খ্রীষ্টীয়ান শব্দে তাঁহাদিগকে বুঝাইবে।

খ্রীষ্টীয়ান।

ভারতবর্ষীয় যে লোকেরা খ্রীষ্টীয় ধর্ম্মাবলম্বন করেন এদেশীয় খ্রীষ্টীয়ান শব্দে যেমন তাঁহারদিগকে তেমনি তাঁহারদের সন্তানাদিকেও বুঝাইবে ইতি।

এদেশীয় খ্রীষ্টীয়ান।

PART I

THE PERSONS BY WHOM MARRIAGES MAY BE SOLEMNIZED

4. Every marriage between persons, one or both of whom is a Christian or Christians, shall be solemnized in accordance with the provisions of the next following section, and any such marriage solemnized otherwise than in accordance with such provisions shall be void.

Marriages to be solemnized according to Act.

5. Marriages may be solemnized in India—

Persons by whom marriages may be solemnized.

(1) by any person who has received episcopal ordination, provided that the marriage be solemnized according to the rules, rites, ceremonies and customs of the Church of which he is a minister;

(2) by any Clergyman of the Church of Scotland provided that such marriage be solemnized according to the rules, rites, ceremonies and customs of the Church of Scotland;

(3) by any Minister of religion licensed under this Act to solemnize marriages;

(4) by, or in the presence of, a Marriage Registrar appointed under this Act;

(5) by any person licensed under this Act to grant certificates of marriage between Native Christians.

6. The Local Government may grant licenses to Ministers of religion to solemnize marriages within the territories under its administration, and may revoke such licenses.

Grant and revocation of licenses to solemnize marriages.

প্রথম অধ্যায়।

যে ব্যক্তিদের দ্বারা বিবাহ সাধন হইতে পারিবে তাঁহাদের বিধি।

৪ ধারা। বিবাহার্থি একতর বা উভয় ব্যক্তি খ্রীষ্টীয়ান হইলে পশ্চাৎলিখিত ধারার বিধানানুসারে তাঁহারদের বিবাহ সাধন করিতে হইবে। উক্ত বিধানানুসারে ঐ বিবাহ সাধন না হইলে ব্যর্থ হইবে ইতি।

এই আইনমতে বিবাহ হইবার কথা।

৫ ধারা। ভারতবর্ষে এই২ ব্যক্তির দ্বারা বিবাহ সাধন হইতে পারিবে।

যাঁহারা বিবাহ সাধন করিতে পারেন তাঁহারদের কথা।

(১) বিশপ সাহেবের হস্তার্পণদ্বারা যে ব্যক্তি আচার্য্যের পদে নিযুক্ত হন তাঁহার। কিন্তু তিনি যে মণ্ডলীর আচার্য্য হন সেই মণ্ডলীর বিধি ও ক্রিয়া ও প্রথা ও আচারানুসারে ঐ বিবাহ সাধন করা প্রয়োজন।

(২) চর্চ অফ স্কটলণ্ডের কোন পাদরির দ্বারা। কিন্তু চর্চ অফ স্কটলণ্ডের বিধি ও ক্রিয়া ও প্রথা ও আচারানুসারে ঐ বিবাহ সাধন করা প্রয়োজন।

(৩) যে ধর্ম্মাচার্য্য এই আইনের বিধানমতে বিবাহ সাধন করিবার লাইসেন্স পান তাঁহার দ্বারা।

(৪) এই আইনমতে বিবাহের যে রেজিস্টার নিযুক্ত হন তাঁহার দ্বারা বা তাঁহার সাক্ষাৎ।

(৫) যে ব্যক্তি এই আইনমতে এদেশীয় খ্রীষ্টীয়ানদের বিবাহের সর্টিফিকট দিবার লাইসেন্স পান তাঁহার দ্বারা বিবাহ সাধন হইতে পারিবে ইতি।

৬ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট আপনার শাসনাধীন দেশের মধ্যে ধর্ম্মাচার্য্যাদিগকে বিবাহ সাধন করিবার লাইসেন্স দিতে পারিবেন, ও সেই লাইসেন্স রহিত করিতে পারিবেন ইতি।

বিবাহসাধন করিবার লাইসেন্স দিবার ও তাহা রহিত করিবার কথা।

7. The Local Government may appoint one or more Christians, either by name or as holding any office for the time being, to be the Marriage Registrar or Marriage Registrars for any district subject to its administration

Marriage Registrars

Where there are more Marriage Registrars than one in any district, the Local Government shall appoint one of them to be the Senior Marriage Registrar

Senior Marriage Registrar

When there is only one Marriage Registrar in a district, and such Registrar is absent from such district, or ill, or when his office is temporarily vacant, the Magistrate of the district shall act as, and be, Marriage Registrar thereof during such absence, illness, or temporary vacancy

Magistrate when to be Marriage Registrar

8 The Governor-General in Council may, by notification in the *Gazette of India*, appoint any Christian, either by name or as holding any office for the time being, to be a Marriage Registrar in respect of any district or place within the territories of any Native Prince or State in alliance with Her Majesty

Marriage Registrars in Native States

The Governor-General in Council may, by like notification, revoke any such appointment

9. The Local Government or (so far as regards any Native State) the Governor General in Council may grant a license to any Christian, either by name or as holding any office for the time being, authorizing him to grant certificates of marriage between Native Christians

Licensing of persons to grant certificates of marriage between Native Christians

Any such license may be revoked by the Authority by which it was granted, and every such grant or revocation shall be notified in the official Gazette.

PART II

Time and place at which Marriages may be solemnized

10. Every marriage under this Act shall be solemnized between the hours of six in the morning and seven in the evening

Time for solemnizing marriage.

৭ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট আপনার শাসনাধীন কোন ডিসট্রিক্টে বিবাহের রেজিষ্ট্রার হইবার নিমিত্ত এক কি অধিক জন খ্রীষ্টীয়ানের নাম করিয়া কিম্বা তাঁহার তাৎকালিক পদের খ্যাতি ধরিয়া তাঁহাকে নিযুক্ত করিতে পারিবেন।

বিবাহের রেজিষ্ট্রারদের কথা।

কোন ডিসট্রিক্টে বিবাহের দুই কি তদধিক জন রেজিষ্ট্রার থাকিলে স্থানীয় গবর্ণমেণ্ট তাঁহারদের অন্যতর ব্যক্তিকে বিবাহের পদজ্যেষ্ঠ রেজিষ্ট্রারের পদে নিযুক্ত করিবেন।

বিবাহের পদজ্যেষ্ঠ রেজিষ্ট্রারের কথা।

কোন ডিসট্রিক্টে বিবাহের কেবল এক জন রেজিষ্ট্রার থাকিলে, ও তিনি সেই ডিসট্রিক্টে উপস্থিত না থাকিলে বা তাঁহার পীড়া হইলে বা সেই পদ কিয়ৎকালের নিমিত্ত শূন্য হইলে ঐ ব্যক্তির অনুপস্থানের বা পীড়ার সময়ে বা কিয়ৎকালের নিমিত্ত ঐ পদ শূন্য থাকন কালে ঐ ডিসট্রিক্টের মাজিষ্ট্রেট সাহেব বিবাহের রেজিষ্ট্রারের কর্ম্ম করিবেন ও বিবাহের রেজিষ্ট্রার হইবেন ইতি।

যে স্থলে মাজিষ্ট্রেট সাহেব বিবাহের রেজিষ্ট্রার হইবেন তাহার কথা।

৮ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল সাহেব ইণ্ডিয়া গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া শ্রীশ্রীমতী মহারাণীর সহিত সন্ধিবদ্ধ এদেশীয় কোন রাজার দেশের অথবা রাজ্যাধিকারের অন্তর্গত কোন ডিসট্রিক্টে কি স্থানে কোন খ্রীষ্টীয়ানের নাম করিয়া কিম্বা তাঁহার তাৎকালিক পদের খ্যাতি ধরিয়া তাঁহাকে বিবাহের রেজিষ্ট্রারের পদে নিযুক্ত করিতে পারিবেন।

এদেশীয় রাজ্যাধিকারে বিবাহের রেজিষ্ট্রারদের কথা।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব সেই প্রকারের জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া উক্ত কোন নিয়োগ রহিত করিতে পারিবেন ইতি।

৯ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট কিম্বা এদেশীয় রাজ্যাধিকারের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব কোন খ্রীষ্টীয়ানের নাম করিয়া কিম্বা তাঁহার তাৎকালিক পদের খ্যাতি ধরিয়া তাঁহাকে এদেশীয় খ্রীষ্টীয় মধ্যে বিবাহের সর্টিফিকট দিবার ক্ষমতাসূচক লাইসেন্স প্রদান করিতে পারিবেন।

এদেশীয় খ্রীষ্টীয়ানদিগের বিবাহের সর্টিফিকট দিবার লাইসেন্স দেওয়ের কথা।

যে কর্ত্তৃপক্ষ ঐ লাইসেন্স দেন তিনিই তাহা রহিত করিতে পারিবেন ও সেই পত্র দেওয়ার ও রহিত হওয়ার কথা রাজকীয় গেজেটে প্রকাশ করা যাইবে ইতি।

দ্বিতীয় অধ্যায়।

যে সময়ে ও স্থানে বিবাহ সাধন হইবে তদ্বিষয়ের বিধি।

১০ ধারা। এই আইনমতে যে বিবাহ সাধন হয় তাহা সকালে ৬ ঘণ্টা ও সন্ধ্যার ৭ ঘণ্টার মধ্য কোন সময়ে সাধন করিতে হইবে।

বিবাহ সাধন করিবার সময়ের কথা।

Provided that nothing in this section shall apply to—

Exceptions

(1)—a Clergyman of the Church of England solemnizing a marriage under a special license permitting him to do so at any hour other than between six in the morning and seven in the evening under the hand and seal of the Anglican Bishop of the Diocese or his Commissary, or

(2)—a Clergyman of the Church of Rome solemnizing a marriage between the hours of seven in the evening and six in the morning, when he has received a general or special license in that behalf from the Roman Catholic Bishop of the Diocese or Vicariate in which such marriage is so solemnized, or from such person as the same Bishop has authorized to grant such license

11 No Clergyman of the Church of England shall solemnize a marriage in any place other than a church,

Place for solemnizing marriage

unless there is no church within five miles distance by the shortest road from such place,

or unless he has received a special license authorizing him to do so under the hand and seal of the Anglican Bishop of the Diocese or his Commissary

For such special license, the Registrar of the Diocese may charge such additional fee as the said Bishop from time to time authorizes

Fee for special license

PART III

MARRIAGES SOLEMNIZED BY MINISTERS OF RELIGION LICENSED UNDER THIS ACT

12 Whenever a marriage is intended to be solemnized by a Minister of Religion licensed to solemnize marriages under this Act—

Notice of intended marriage

one of the persons intending marriage shall give notice in writing, according to the form contained in the first schedule hereto annexed, or to the like effect, to the Minister of Religion whom he or she desires to solemnize the marriage, and shall state therein

(*a*) the name and surname, and the profession or condition, of each of the persons intending marriage,

(*b*) the dwelling-place of each of them,

(*c*) the time during which each has dwelt there, and

বর্জ্জনীয় স্থলের কথা।

কিন্তু এই ধারার কোন কথা নিম্নলিখিত স্থলে বর্ত্তিবে না।

(১) চর্চ অফ ইঙ্গলণ্ডের পাদরী ডৈওসিসের আঙ্গলিকন বিশপ সাহেবের কিম্বা তদীয় কমিসরির স্থানে সকালের ৬ ঘন্টা ও সন্ধ্যার ৭ ঘন্টার মধ্য কোন সময়ভিন্ন অন্য সময়ে বিবাহ সাধন করিবার অনুমতি দানার্থে তাঁহার স্বাক্ষরিত ও মোহরাঙ্কিত বিশেষ লাইসেন্স পাইলে সেই স্থলে।

(২) বিবাহ যে ডৈওসীসের কি বিকেরিয়টের মধ্যে সাধন করা যাইবে, চর্চ অফ রোমের কোন পাদরী সেই ডৈওসীসের কি বিকেরিয়টের রোমন কাথলিক বিশপের স্থানে কিম্বা তিনি অন্য যে ব্যক্তির প্রতি লাইসেন্স দিবার ক্ষমতা প্রদান করেন তাঁহার স্থানে সন্ধ্যার ৭ ঘন্টার ও সকালের ৬ ঘন্টার মধ্য কোন সময়ে বিবাহ সাধন করিবার সাধারণ কি বিশেষ লাইসেন্স পাইলে সেই স্থলে ইতি।

বিবাহ সাধন করিবার স্থানের কথা।

১১ ধারা। পরন্তু চর্চ অফ ইঙ্গলণ্ডের পাদরী ভজনালয়ভিন্ন কোন স্থানে বিবাহ সাধন করিবেন না।

কিন্তু সেই স্থানহইতে অতি নিকট পথ দিয়া গেলে পাঁচ মাইলের মধ্যে ভজনালয় না থাকিলে,

কিম্বা ডৈওসিসের আঙ্গলিকন বিশপ সাহেবের কিম্বা তাঁহার কমিসরির নিকট ভজনালয়ভিন্ন কোন স্থানে বিবাহ সাধন করিবার অনুমতিসূচক বিশেষ লাইসেন্স পাইলে তিনি তথায় বিবাহ সাধন করিতে পারিবেন।

বিশেষ লাইসেন্সের ফীর কথা।

ঐ বিশেষ লাইসেন্সের নিমিত্ত উক্ত বিশপ সাহেব সময়েং অধিক যত টাকা ফী লইবার অনুমতি দেন ডৈওসীসের রেজিষ্ট্রার তাহা লইতে পারিবেন ইতি।

তৃতীয় অধ্যায়।

এই আইনমতে লাইসেন্স প্রাপ্ত ধর্ম্মাচার্য্যদের দ্বারা বিবাহ সাধন হইবার বিধি।

সংকল্পিত বিবাহের নোটিস দিবার কথা।

১২ ধারা। যে ধর্ম্মাচার্য্য এই আইনমতে বিবাহ সাধন করিবার লাইসেন্স পান তাঁহার দ্বারা বিবাহ সাধন হইবার উদ্দেশ্য থাকিলে

বিবাহার্থি একতর ব্যক্তি যে ধর্ম্মাচার্য্যদ্বারা বিবাহ সাধন করাইতে ইচ্ছা করেন তাঁহাকে এই আইনের প্রথম তফসীলের নির্দ্দিষ্ট পাঠে কি তাহার মর্ম্মানুসারে বিবাহ করিবার মানসের নোটিস লিখিয়া দিবেন, ও সেই পত্রে এইং কথা জানাইবেন

(ক) বিবাহার্থি উভয় ব্যক্তির নাম ও কুলনাম ও বৃত্তি কি অবস্থা।

(খ) উভয়ের বাসস্থান।

(গ) তাঁহারা প্রত্যেকে যত কাল সেইং স্থানে বাস করিয়াছেন।

(*d*) the church or private dwelling in which the marriage is to be solemnised,

Provided that, if either of such persons has dwelt in the place mentioned in the notice during more than one month, it may be stated therein that he or she has dwelt there one month and upwards

Publication of such notice

13. If the persons intending marriage desire it to be solemnized in a particular church, and if the Minister of Religion to whom such notice has been delivered be entitled to officiate therein, he shall cause the notice to be affixed in some conspicuous part of such church

Return or transfer of notice

But if he is not entitled to officiate as a Minister in such church, he shall, at his option, either return the notice to the person who delivered it to him, or deliver it to some other Minister entitled to officiate therein, who shall thereupon cause the notice to be affixed as aforesaid

Notice of intended marriage in private dwelling

14 If it be intended that the marriage shall be solemnized in a private dwelling, the Minister of Religion, on receiving the notice prescribed in section twelve, shall forward it to the Marriage Registrar of the district, who shall affix the same to some conspicuous place in his own office

Sending copy of notice to Marriage Registrar when one party is a minor

15 When one of the persons intending marriage is a minor, every Minister receiving such notice shall, unless within twenty-four hours after its receipt he returns the same under the provisions of section thirteen, send by the post or otherwise a copy of such notice to the Marriage Registrar of the district, or, if there be more than one Registrar of such district, to the Senior Marriage Registrar

Procedure on receipt of notice

16 The Marriage Registrar or Senior Marriage Registrar, as the case may be, on receiving any such notice, shall affix it to some conspicuous place in his own office, and the latter shall further cause a copy of the said notice to be sent to each of the other Marriage Registrars in the same district, who shall likewise publish the same in the manner above directed

[*Government Gazette*, 13*th August* 1872]

(ঘ) যে ভজনালয়ে কিম্বা যে ব্যক্তির ঘরে বিবাহ সাধন হইবে।

পরন্তু যদি উক্ত একতর ব্যক্তি উল্লিখিত বাসস্থানে এক মাসের অধিক বাস করিয়া থাকেন তবে এক মাস ও তদধিক কাল তথায় বাস করিয়াছেন এই কথামাত্র লেখা যাইতে পারিবে ইতি।

ঐ নোটিস প্রকাশ করিবার কথা।

১৩ ধারা। বিশেষ কোন ভজনালয়ে বিবাহার্থি ব্যক্তিদের উক্ত বিবাহ সাধন করিবার কল্পনা থাকিলে, এবং উক্ত নোটিস যে ধর্ম্মাচার্য্যকে দেওয়া যায় তিনি সেই ভজনালয়ে আচার্য্যের কর্ম্ম করিবার ক্ষমতাপন্ন হইলে উক্ত ভজনালয়ের কোন প্রকাশ স্থানে ঐ নোটিস লটকাইয়া দিবেন।

নোটিস ফিরিয়া দিবার কি অন্যের হাতে দিবার কথা।

উক্ত ধর্ম্মাচার্য্য যদি সেই ভজনালয়ে আচার্য্যের কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন না হন তবে যে ব্যক্তির স্থানে ঐ নোটিস পান স্বেচ্ছামতে তাঁহাকে তাহা ফিরিয়া দিবেন কিম্বা অন্য যে আচার্য্য সেই ভজনালয়ে কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হন তাঁহাকে ঐ নোটিস দিবেন। তাহা হইলে তিনি পূর্ব্বোক্তমতে ঐ নোটিস লটকাইয়া দিবেন ইতি।

কোন ব্যক্তির ঘরে সংকল্পিত বিবাহ হইবার নোটিসের কথা।

১৪ ধারা। কোন ব্যক্তির ঘরে বিবাহ সাধন করিবার কল্পনা থাকিলে, ধর্ম্মাচার্য্য ১২ ধারার নির্দ্দিষ্ট নোটিস পাইলে ঐ ডিসষ্ট্রিক্টের বিবাহের রেজিষ্ট্রার সাহেবের নিকট তাহা পাঠাইবেন ও তিনি আপন কার্য্যালয়ের কোন প্রকাশ স্থানে তাহা লটকাইয়া দিবেন ইতি।

একতর ব্যক্তি অপ্রাপ্তব্যবহার হইলে বিবাহের রেজিষ্ট্রারের নিকট নোটিস পাঠাইবার কথা।

১৫ ধারা। বিবাহার্থি একতর ব্যক্তি অপ্রাপ্তব্যবহার হইলে পূর্ব্বোক্ত আচার্য্য যদি ঐ নোটিস পাইলে পর ২৪ ঘণ্টার মধ্যে ১৩ ধারার বিধানমতে তাঁহাকে সেই নোটিস ফিরিয়া না দেন তবে ডিসষ্ট্রিক্টের বিবাহের রেজিষ্ট্রার সাহেবের নিকট কিম্বা ঐ ডিসষ্ট্রিক্টে দুই কি তদধিক জন রেজিষ্ট্রার থাকিলে বিবাহের পদজ্যেষ্ঠ রেজিষ্ট্রার সাহেবের নিকট ডাকযোগে কিম্বা অন্য কোন প্রকারে ঐ নোটিসের প্রতিলিপি পাঠাইবেন ইতি

ঐ নোটিস পাইলে কার্য্য প্রণালীর কথা।

১৬ ধারা। বিবাহের রেজিষ্ট্রার কিম্বা বিষয় বিশেষে বিবাহের পদজ্যেষ্ঠ রেজিষ্ট্রার ঐ নোটিস পাইলে আপন কার্য্যালয়ের কোন প্রকাশস্থানে তাহা লটকাইয়া দিবেন, এবং পদজ্যেষ্ঠ রেজিষ্ট্রার ঐ ডিষ্ট্রিক্টের অন্তর্গত বিবাহের অন্য প্রত্যেক রেজিষ্ট্রারের নিকট ঐ নোটিসের প্রতিলিপি পাঠাইবেন তাঁহারাও উক্ত প্রকারে তাহা প্রচার করাইবেন ইতি।

17 Any Minister of Religion consenting or intending to solemnize any such marriage as aforesaid, shall on being required so to do by or on behalf of the person by whom the notice was given, and upon one of the persons intending marriage making the declaration hereinafter required, issue under his hand a certificate of such notice having been given and of such declaration having been made

Certificate of notice given and declaration made issued

Proviso — Provided—

(1) that no such certificate shall be issued until the expiration of four days after the date of the receipt of the notice by such Minister,

(2) that no lawful impediment be shown to his satisfaction why such certificate should not issue, and

(3) that the issue of such certificate has not been forbidden in manner hereinafter mentioned by any person authorized in that behalf

১৭ ধারা। যে ব্যক্তি নোটিস দেন তিনি কিম্বা তাঁহার সপক্ষ কেন ব্যক্তি ঐ নোটিস দেওয়ার সর্টিফিকট চাহিলে ও বিবাহার্থি অন্যতর ব্যক্তি নিম্নলিখিত বিধানমত প্রতিজ্ঞা করিলে যে ধর্ম্মাচার্য্য পূর্ব্বোক্ত বিবাহ সাধন করিতে সম্মত হন বা সঙ্কল্প করেন, ঐ নোটিস দেওয়া গেল ও ঐ প্রতিজ্ঞা করা গেল তিনি আপনার স্বাক্ষরযুক্ত এই মর্ম্মের সর্টিফিকট দিবেন।

নোটিস দেওয়ার ও প্রতিজ্ঞা করার সর্টিফিকট দিবার কথা।

উপবিধি। কিন্তু

(১) ঐ আচার্য্য নোটিস পাইবার তারিখ অবধি চারি দিন গত না হইলে তদ্রূপ সর্টিফিকট না দেন।

(২) ঐ সর্টিফিকট দেওয়া কর্ত্তব্য নয় ঐ আচার্য্যের জ্ঞানমতে ইহার ন্যায্য কোন বাধা দর্শান না যায়।

(৩) যে ব্যক্তির ঐ সর্টিফিকট দেওয়া বারণ করিবার ক্ষমতা থাকে তিনি নিম্নলিখিত প্রকারে বারণ না করেন ইতি।

18 The certificate mentioned in section seventeen shall not be issued until one of the persons intending marriage has appeared personally before the Minister and made a solemn declaration—

Declaration before issue of certificate

(*a*) that he or she believes that there is not any impediment of kindred or affinity or other lawful hindrance to the said marriage,

and, when either or both of the parties is or are a minor or minors,

(*b*) that the consent or consents required by law has or have been obtained thereto, or that there is no person resident in India having authority to give such consent, as the case may be

১৮ ধারা। বিবাহার্থি একতর ব্যক্তি আপনি ঐ আচার্য্যের সম্মুখে উপস্থিত হইয়া নিম্নলিখিত ধর্ম্মতঃ প্রতিজ্ঞা না করিলে ১৭ ধারার নির্দ্দিষ্ট সর্টিফিকট দেওয়া যাইবে না।

সর্টিফিকট দিবার পূর্ব্বে যে প্রতিজ্ঞা করিতে হইবে তাহার কথা।

(ক) জ্ঞাতিত্ব বা কুটুম্বিতা প্রযুক্ত বা অন্য কোন বৈধ কারণে আমাদের বিবাহ হইবার কোন বাধা নাই,

এবং একতর কিম্বা উভয় ব্যক্তি অপ্রাপ্ত ব্যবহার হইলে,

(খ) আইনমতে আমাদের এই বিবাহ হইবার জন্যে যে ব্যক্তিদের অনুমতি লওয়া আবশ্যক তাঁহারা সম্মত আছেন, অথবা বিষয়বিশেষে এই বিষয়ে যাঁহাদের অনুমতি দিবার ক্ষমতা থাকে ভারতবর্ষের মধ্যে এমত কোন ব্যক্তির নিবাস নাই, এই মর্ম্মের ধর্ম্মতঃ প্রতিজ্ঞা করিবেন ইতি।

19 The father, if living, of any minor, or if the father be dead, the guardian of the person of such minor, and in case there be no such guardian, then the mother of such minor, may give consent to the minor's marriage,

Consent of father or guardian or mother when necessary

and such consent is hereby required for the same marriage, unless no person authorized to give such consent be resident in India

১৯ ধারা। অপ্রাপ্ত ব্যবহার ব্যক্তির পিতা বর্ত্তমান থাকিলে তিনি ও তাঁহার অবর্ত্তমানে ঐ অপ্রাপ্ত ব্যবহারের অভিভাবক ও অভিভাবক না থাকিলে ঐ অপ্রাপ্তব্যবহার ব্যক্তির মাতা তাঁহার বিবাহ হইবার অনুমতি দিতে পারিবেন।

পিতামাতার বা অভিভাবকের অনুমতির আবশ্যকতার কথা।

এবং ভারতবর্ষের মধ্যে ঐ অনুমতি দিবার ক্ষমতাপন্ন কোন ব্যক্তি নাই কেবল এমত স্থলভিন্ন উক্ত বিবাহ হইবার নিমিত্ত উক্ত অন্যতর ব্যক্তির অনুমতি লওয়া আবশ্যক ইতি।

20 Every person whose consent to a marriage is required under section nineteen, is hereby authorized to prohibit the issue of the certificate by any Minister, at any time before the issue of the same by notice in writing to

Power to prohibit by notice issue of certificate

২০ ধারা। বিবাহের নিমিত্ত ১৯ ধারামতে যে ব্যক্তির অনুমতি লওয়া প্রয়োজন, আচার্য্যের উক্ত সর্টিফিকট দেওয়ার পূর্ব্বে কোন সময়ে তিনি এতৎক্রমে সেই আচার্য্যের নিকট নোটিস লিখিয়া ঐ সর্টি-

নোটিস দিয়া সর্টিফিকট দেওয়া নিষেধ করিবার ক্ষমতার কথা।

such Minister, subscribed by the person so authorized with his or her name and place of abode and position with respect to either of the persons intending marriage, by reason of which he or she is so authorized as aforesaid

নিকট দেওয়া নিষেধ করিতে সক্ষম। ঐ নোটিসে তদ্রূপ ক্ষমতাপন্ন ব্যক্তির স্বাক্ষর করিতে হইবে ও তাঁহার বাসস্থান এবং বিবাহার্থি একতর ব্যক্তির পক্ষে তাঁহার যদ্রূপ সম্বন্ধতাপ্রযুক্ত তিনি পূর্ব্বোক্ত ক্ষমতাপন্ন হন এই২ কথাও তাঁহার লিখিতে হইবে ইতি।

21 If any such notice be received by such Minister, he shall not issue his certificate and shall not solemnize the said marriage until he has examined into the matter of the said prohibition, and is satisfied that the person prohibiting the marriage has no lawful authority for such prohibition,

Procedure on receipt of notice

or until the said notice is withdrawn by the person who gave it

২১ ধারা। পূর্ব্বোক্ত আচার্য্য উক্ত প্রকারের নোটিস পাইলে সেই নিষেধের অনুসন্ধান না করি এবং যে ব্যক্তি বিবাহের নিষেধ করিলেন আইনমতে তাঁহার নিষেধ করিবার ক্ষমতা নাই ইহা হৃদোধমতে না জানিয়া

ঐ নোটিস পাইলে কার্য্য-প্রণালীর কথা।

কিম্বা সেই ব্যক্তি ঐ নিষেধসূচক নোটিস রহিত করিয়া না দিলে আচার্য্য সর্টিফিকট দিবেন না ও বিবাহ সাধন করিবেন না ইতি।

22 When either of the persons intending marriage is a minor and the Minister is not satisfied that the consent of the person whose consent to such marriage is required by section nineteen has been obtained, such Minister shall not issue such certificate until the expiration of fourteen days after the receipt by him of the notice of marriage

Issue of certificate in case of minority

২২ ধারা। বিবাহার্থি একতর ব্যক্তি অপ্রাপ্ত ব্যবহার হইলে এবং ১৯ ধারামতে সেই বিবাহ বিষয়ে যে ব্যক্তির সম্মত হওয়া আবশ্যক তিনি সম্মত হইয়াছেন আচার্য্য ইহা হৃদোধমতে না জানিলে, বিবাহের নোটিস পাইলে পর চৌদ্দ দিন গত না হইলে ঐ সর্টিফিকট দিবেন না ইতি।

অপ্রাপ্ত ব্যবহার হইলে সর্টিফিকট দিবার কথা।

23 When any Native Christian about to be married takes a notice of marriage to a Minister of Religion or applies for a certificate from such Minister under section seventeen, such Minister shall, before issuing the certificate, ascertain whether such Native Christian is cognizant of the purport and effect of the said notice or certificate, as the case may be, and, if not, shall translate or cause to be translated the notice or certificate to such Native Christian into some language which he understands

Issue of certificates to Native Christians

২৩ ধারা। এদেশীয় কোন খ্রীষ্টীয়ান বিবাহার্থী হইয়া ধর্ম্মাচার্য্যকে বিবাহের নোটিস দিলে, কিম্বা ১৭ ধারামতে ঐ আচার্য্যের নিকট সর্টিফিকট প্রার্থনা করিলে, ঐ এদেশীয় খ্রীষ্টীয়ান ঐ নোটিসের কিম্বা বিষয় বিশেষে ঐ সর্টিফিকটের মর্ম্ম ও ভাব বুঝিলেন কি না, আচার্য্য সর্টিফিকট দিবার পূর্ব্বে তাহা নিশ্চয়মতে জানিয়া লইবেন। যদি না বুঝিয়া থাকেন, তবে তিনি যে ভাষা বুঝিতে পারেন এমত কোন ভাষায় ঐ নোটিস কি সর্টিফিকট অনুবাদ করিয়া কি করাইয়া দিবেন ইতি।

এদেশীয় খ্রীষ্টীয়ানদিগকে সর্টিফিকট দিবার কথা।

24 The certificate to be issued by such Minister shall be in the form contained in the second schedule hereto annexed, or to the like effect

Form of certificate

২৪ ধারা। পূর্ব্বোক্ত আচার্য্য যে সর্টিফিকট দিবেন তাহা এই আইনের দ্বিতীয় তফসীলের নির্দ্দিষ্ট পাঠে কিম্বা তাহার মর্ম্মমতে লিখিতে হইবে ইতি।

সর্টিফিকট লিখিবার পাঠের কথা।

25 After the issue of the certificate by the Minister, marriage may be solemnized between the persons therein described according to such form or ceremony as the Minister thinks fit to adopt

Solemnization of marriage

Provided that the marriage be solemnized in the presence of at least two witnesses besides the Minister

২৫ ধারা। উক্ত ধর্ম্মাচার্য্য সর্টিফিকট দিলে পর তিনি যে প্রথা কি নিয়ম ইচ্ছা করেন তদনুসারে ঐ সর্টিফিকটের নির্দ্দিষ্ট ব্যক্তিদের বিবাহ সাধন হইতে পারিবে।

বিবাহ সাধন করিবার কথা।

কিন্তু আচার্য্যভিন্ন দুই জনের নূ্যন না হয় সাক্ষাৎ যেন বিবাহ সাধন হয় ইতি।

26 Whenever a marriage is not solemnized within two months after the date of the certificate issued by such Minister as aforesaid, such certificate and all proceedings (if any) thereon shall be void,

Certificate void if marriage not solemnized within two months

and no person shall proceed to solemnize the said marriage until new notice has been given and a certificate thereof issued in manner aforesaid

---

PART IV

REGISTRATION OF MARRIAGES SOLEMNIZED BY MINISTERS OF RELIGION

27 All marriages hereafter solemnized in India between persons one or both of whom profess or profess the Christian religion, except marriages solemnized under Part V or Part VI of this Act, shall be registered in manner hereinafter prescribed

Marriages when to be registered

28 Every Clergyman of the Church of England shall keep a register of marriages and shall register therein, according to the tabular form set forth in the third schedule hereto annexed, every marriage which he solemnizes under this Act

Registration of marriages solemnized by Clergymen of Church of England

29 Every Clergyman of the Church of England shall send four times in every year returns in duplicate authenticated by his signature, of the entries in the register of marriages solemnized at any place where he has any spiritual charge, to the Registrar of the Archdeaconry to which he is subject, or within the limits of which such place is situate

Quarterly return to Archdeaconry

Such quarterly returns shall contain all the entries of marriages contained in the said register from the first day of January to the thirty-first day of March, from the first day of April to the thirtieth day of June, from the first day of July to the thirtieth day of September, and from the first day of October to the thirty-first day of December, of each year, respectively, and shall be sent by such Clergyman within two weeks from the expiration of each of the quarters above specified

Contents of returns

The said Registrar upon receiving the said returns shall send one copy thereof to the Secretary to the Local Government

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭২। ১৩ আগষ্ট।]

২৬ ধারা। পূর্ব্বোক্ত আচার্য্য যে তারিখে উক্ত সর্টিফিকট দেন সেই তারিখ অবধি দুই মাসের মধ্যে বিবাহ না হইলে ঐ সর্টিফিকট এবং তৎসম্পার্কে অন্য যে সকল কার্য্যের অনুষ্ঠান হয় তাহা ব্যর্থ হইবে

দুই মাসের মধ্যে বিবাহ না হইলে সর্টিফিকট ব্যর্থ হওয়ার কথা।

ও নূতন নোটিস ও পূর্ব্বোক্ত সর্টিফিকট পুনশ্চ না দেওয়া গেলে কোন ব্যক্তি সেই বিবাহ সাধন করিতে প্রবর্ত্ত হইবেন না ইতি।

চতুর্থ অধ্যায়।

ধর্ম্মাচার্য্য যে বিবাহসাধন করেন তাহার রেজিষ্টরী করিবার কথ।

২৭ ধারা। এই আইনের পঞ্চম কি ষষ্ঠ অধ্যায়মতে যে বিবাহ সাধন করা যায় তদ্ভিন্ন বিবাহার্থি এক কি উভয় ব্যক্তি খ্রীষ্টীয় ধর্ম্ম স্বীকার করিলে এই সময়াবধি ভারতবর্ষে তাঁহাদের বিবাহ সাধন হইলে নিম্নলিখিতমতে তাহা রেজিষ্টরী করা যাইবে ইতি।

বিবাহ যে সময়ে রেজিষ্টরী করিতে হইবে তাহার কথা।

২৮ ধারা। চর্চ অফ ইঙ্গলণ্ডের প্রত্যেক পাদরী বিবাহের রেজিষ্টরী বহী রাখিয়া যত বিবাহ সাধন করেন এই আইনের তৃতীয় তফসীলের নির্দ্দিষ্ট পাঠে ঐ রেজিষ্টরী বহীতে ঐ বিবাহ রেজিষ্টর করিবেন ইতি।

চর্চ অফ ইঙ্গলণ্ডের পাদরীরা যে বিবাহ সাধন করেন তাহার রেজিষ্টরীর কথা।

২৯ ধারা। যে স্থানে চর্চ অফ ইঙ্গলণ্ডের কোন পাদরীর প্রতি পারমার্থিক কার্য্যের ভার থাকে, তথায় যে বিবাহ সাধন হইয়া রেজিষ্টরী করা যায় তিনি যে আর্চডীকনরির অধীন থাকেন কিম্বা ঐ মোকাম কি জিলা যে আর্চডীকনরির সীমার মধ্যে থাকে সেই আর্চডাকনরির রেজিষ্ট্রার সাহেবের নিকট প্রতি বৎসর চারিবার ঐ বিবাহের রেজীষ্টরী বহীর লিখিত কথার দুই২ প্রতিলিপি যথার্থ বলিয়া স্বাক্ষর করিয়া পাঠাইবেন।

আর্চডীকন সাহেবের কার্য্যালয়ে ত্রৈমাসিক রিটর্ণ পাঠাইবার কথা।

উক্ত রেজিষ্টরী বহীতে প্রতি বৎসর জানুআরি মাসের ১ তারিখঅবধি মার্চ মাসের ৩১ তারিখপর্য্যন্ত ও আপ্রিল মাসের ১ তারিখ অবধি জুন মাসের ৩০ তারিখ পর্য্যন্ত ও জুলাই মাসের ১ তারিখ অবধি সেপ্টেম্বর মাসের ৩০ তারিখপর্য্যন্ত ও অক্টোবর মাসের ১ তারিখঅবধি ডিসেম্বর মাসের ৩১ তারিখপর্য্যন্ত যত বিবাহের কথা লেখা যায় ঐ ত্রৈমাসিক রিটর্ণে উক্ত তিন২ মাসের বিবাহের কথা লেখা থাকিবে, এবং উক্ত তিন ২ মাস গত হইলে উক্ত পাদরী দুই সপ্তাহের মধ্যে তাহা পাঠাইবেন।

রিটর্ণের মর্ম্মের কথা।

উক্ত রেজিষ্ট্রার সা হব তাহা পাইলে স্থানীয় গবর্ণমেন্টের সেক্রেটারী সাহেবের নিকট একখান প্রতিলিপি পাঠাইবেন ইতি।

30. Every marriage solemnized by a Clergyman of the Church of Rome shall be registered by the person and according to the form directed in that behalf by the Roman Catholic Bishop of the Diocese or Vicariate in which such marriage is solemnized,

Registration and returns of marriages solemnized by Clergymen of Church of Rome

and such person shall forward quarterly to the Secretary to the Local Government returns of the entries of all marriages registered by him during the three months next preceding

31 Every Clergyman of the Church of Scotland shall keep a register of marriages,

Registration and returns of marriages solemnized by Clergymen of Church of Scotland

and shall register therein, according to the tabular form set forth in the third schedule hereto annexed, every marriage which he solemnizes under this Act,

and shall forward quarterly to the Secretary to the Local Government, through the Senior Chaplain of the Church of Scotland, returns, similar to those prescribed in section twenty nine, of all such marriages

32 Every marriage solemnized by any person who has received episcopal ordination, but who is not a Clergyman of the Church of England, or of the Church of Rome, or by any Minister of Religion licensed under this Act to solemnize marriages, shall immediately after the solemnization thereof be registered in duplicate by the person solemnizing the same (that is to say) in a marriage register book to be kept by him for that purpose, according to the form contained in the fourth schedule hereto annexed, and also in a certificate attached to the marriage register book as a counterfoil

Certain marriages to be registered in duplicate

33 The entry of such marriage in both the certificate and marriage register book shall be signed by the person solemnizing the marriage, and also by the persons married, and shall be attested by two credible witnesses, other than the person solemnizing the marriage, present at its solemnization

Entries of such marriages to be signed and attested

Every such entry shall be made in order from the beginning to the end of the book, and the number of the certificate shall correspond with that of the entry in the marriage register book.

[*Government Gazette*, 13*th August* 1872]

৩০ ধারা। চর্চ অফ রোমের পাদরী বিবাহ সাধন করিলে ঐ বিবাহ যে ডৈওসীস কি বিকেরিয়টের মধ্যে সাধন করা যায় তথাকার রোমন কাথলিক বিশপ সাহেব বিবাহ রেজিষ্টরী করণার্থে যে ব্যক্তিকে নিযুক্ত করেন তিনি ঐ বিশপ সাহেবের নির্দ্দিষ্ট পাঠানুসারে তাহা রেজিষ্টরী করিয়া লিখিবেন।

চর্চ অফ রোমের পাদরীরা যে বিবাহ সাধন করেন তাহার রেজিষ্টরীর ও রিটর্ণের কথা।

ও কোন তিন মাসে যত বিবাহ রেজিষ্টর করেন তিনং মাসান্তর স্থানীয় গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের নিকট ঐ রেজিষ্টরের লিখিত কথার প্রতিলিপি পাঠাইবেন ইতি।

৩১ ধারা। চর্চ অফ স্কটলণ্ডের প্রত্যেক পাদরী বিবাহের রেজিষ্টরী বহী রাখিয়া,

চর্চ অফ স্কটলণ্ডের পাদরীরা যে বিবাহ সাধন করেন তাহার রেজিষ্টরীর ও রিটর্ণের কথা।

এই আইনমতে যত বিবাহ সাধন করেন এই আইনের তৃতীয় তফসীলের নির্দ্দিষ্ট পাঠানুসারে ঐ রেজিষ্টরী বহীতে তাহা লিখিবেন।

২৯ ধারায় যে প্রকারের রিটর্ণ নির্দ্দিষ্ট হইল চর্চ অফ স্কটলণ্ডের পাদরীরা ও পদজ্যেষ্ঠ পাদরীর দ্বারা তিনং মাসান্তর স্থানীয় গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের নিকট সেই প্রকারের রিটর্ণ পাঠাইবেন ইতি।

৩২ ধারা। কোন ব্যক্তি বিশপ সাহেবের হস্তার্পণ দ্বারা নিযুক্ত হইলেও চর্চ অফ ইঙ্গলণ্ডের কিম্বা চর্চ অফ রোমের পাদরী না হইয়া বিবাহ সাধন করিলে তিনি এবং এই আইনমতে বিবাহ সাধন করিবার লাইসেন্স প্রাপ্ত কোন ধর্ম্মাচার্য্য বিবাহ সাধন করিলেই ঐ বিবাহের দোকর রিজিষ্টর করিবেন অর্থাৎ আপনি বিবাহের যে রেজিষ্টরী বহী রাখেন এই আইনের ৪র্থ তফসীলের নির্দ্দিষ্ট পাঠে তন্মধ্যে এবং বিবাহের ঐ রেজিষ্টরী বহীর সংযুক্ত অনুলিপিপত্রের সর্টিফিকটে তাহা রেজিষ্টর করিবেন ইতি।

কোনং বিবাহ দোকর রূপে রেজিষ্টরী করিবার কথা।

৩৩ ধারা। উক্ত সর্টিফিকটে ও বিবাহের রেজিষ্টরী বহীতে ঐ বিবাহের যে কথা লেখা যায়, যে ব্যক্তি বিবাহ সাধন করেন তিনি ও যে ব্যক্তিদের বিবাহ হয় তাঁহারা দুই জন ঐ কথায় স্বাক্ষর করিবেন, এবং বিবাহ সাধন সময়ে যাঁহারা উপস্থিত থাকেন তাঁহারদের মধ্যে বিবাহ সাধনকারি-ভিন্ন প্রামাণিক দুই ব্যক্তি সাক্ষিস্বরূপে ঐ কথায় স্বাক্ষর করিবেন।

বিবাহবিষয়ক কথায় স্বাক্ষর করিবার ও সাক্ষিদের দ্বারা স্বাক্ষর করাইবার কথা।

বহীর প্রথমে আরম্ভ হইয়া ক্রমান্বয়ে শেষপর্য্যন্ত বিবাহ রেজিষ্টরী করা যাইবে, এবং বিবাহের ঐ রেজিষ্টরী বহীতে যে বিবাহের যে নম্বর দেওয়া যায় ঐ সর্টিফিকটেও সেই নম্বর থাকিবে ইতি।

34. The person solemnising the marriage shall forthwith separate the certificate from the marriage register book and send it, within one month from the time of the solemnization, to the Marriage Registrar of the district in which the marriage was solemnized, or, if there be more Marriage Registrars than one, to the Senior Marriage Registrar,

Certificate to be forwarded to Marriage Registrar copied and sent to Government

who shall cause such certificate to be copied into a book to be kept by him for that purpose,

and shall send all the certificates which he has received during the month, with such number and signature or initials added thereto as are hereinafter required, to the Secretary to the Local Government

35 Such copies shall be entered in order from the beginning to the end of the said book, and shall bear both the number of the certificate as copied, and also a number to be entered by the Marriage Registrar, indicating the number of the entry of the said copy in the said book, according to the order in which he receives each certificate

Copies of certificates to be entered and numbered

36 The Marriage Registrar shall also add such last mentioned number of the entry of the copy in the book to the certificate, with his signature or initials, and shall, at the end of every month, send the same to the Secretary to the Local Government

Registrar to add number of entry to certificate and send to Government

37 When any marriage between Native Christians is solemnized under Part I or Part III of this Act, the person solemnizing the same shall, instead of proceeding in the manner provided by sections twenty-eight to thirty-six, both inclusive, register the marriage in a separate register book, and shall keep it safely until it is filled, or, if he leave the district in which he solemnized the marriage before the said book is filled, shall make over the same to the person succeeding to his duties in the said district

Registration of marriages between Native Christians under Part I or III

Custody and disposal of register book

Whoever has the control of the book at the time when it is filled, shall send it to the Marriage Registrar of the district, or, if there be more Marriage Registrars than one, to the senior Marriage Registrar, who shall send it to the

৩৪ ধারা। যে ব্যক্তি ঐ বিবাহ সাধন করেন তিনি বিবাহের রেজেষ্টরী বহী-হইতে ঐ সর্টিফিকট কাটিয়া লইয়া যে ডিষ্ট্রিকটের মধ্যে বিবাহ হয়, বিবাহ সাধন হইবার পর এক মাসের মধ্যে তথাকার বিবাহের রেজিষ্ট্রার সাহেবের নিকট কিম্বা দুই কি তদধিক জন রেজিষ্ট্রার থাকিলে পদজ্যেষ্ঠ রেজিষ্ট্রার সাহেবের নিকট ঐ সর্টিফিকট পাঠাইবেন।

বিবাহের রেজিষ্ট্রারের নিকট সর্টিফিকেট পাঠাইবার ও তাহা নকল করিয়া গবর্ণমেণ্টে পাঠাইবার কথা।

তাঁহার কাছে তদ্রূপ সর্টিফিকট নকল করিয়া রাখিবার নিমিত্ত যে বহী থাকে তিনি সেই বহীতে তাহা নকল করাইয়া রাখিবেন।

মাসের মধ্যে যত সর্টিফিকট পান তন্মধ্যে তিনি পশ্চাৎ লিখিত বিধানমতে নম্বর ও স্বাক্ষর কি নামের আদ্যাক্ষর লিখিয়া স্থানীয় গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের নিকট পাঠাইবেন ইতি।

৩৫ ধারা। ঐ সকল প্রতিলিপি উক্ত বহীর প্রথমে আরম্ভ করিয়া ক্রমান্বয়ে শেষপর্য্যন্ত লিখিতে হইবে। ঐ প্রতিলিপিতে দুই নম্বর দেওয়া যাইবে। এক, যে সর্টিফিকটের প্রতিলিপি করা গিয়াছে তাহার নম্বর, এবং বিবাহের রেজিষ্ট্রার যে ক্রমে প্রত্যেক সর্টিফিকট পান সেই ক্রমানুসারে তিনি ঐ বহীতে নকল করিয়া তাহাতে যে নম্বর দেন ঐ প্রতিলিপিতে সেই নম্বরও লিখিবেন ইতি।

উক্ত সর্টিফিকটের নকল লিখিয়া রাখিয়া তাহার নম্বর দিবার কথা।

৩৬ ধারা। বহীতে প্রতিলিপির শেষোক্ত যে নম্বর দেওয়া যায় বিবাহের রেজিষ্ট্রার সর্টিফিকটে সেই নম্বরও দিয়া তাহাতে স্বাক্ষর করিয়া কিম্বা নামের আদ্যাক্ষর লিখিয়া প্রতি মাসের শেষে স্থানীয় গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের নিকট পাঠাইবেন ইতি।

বহীতে যে নম্বর দেওয়া যায় সর্টিফিকটে সেই নম্বর দিয়া গবর্ণমেণ্টে রেজিষ্ট্রারের পাঠাইবার কথা।

৩৭ ধারা। কোন ব্যক্তি এই আইনের প্রথম কি তৃতীয় অধ্যায়মতে দেশীয় খ্রীষ্টীয়ানদের বিবাহ সাধন করিলে ২৮ অবধি ৩৬ পর্য্যন্ত ধারার নির্দ্দিষ্ট মতে কার্য্য না করিয়া স্বতন্ত্র এক রেজিষ্টরী বহীতে ঐ বিবাহ রেজিষ্টরী করিবেন ও যত কাল ঐ রেজিষ্টরী বহী পূর্ণ না হয় ততকাল আপনার নিকটে নির্ব্বিঘ্নে রাখিবেন। কিম্বা যে ডিষ্ট্রিকটে ঐ বিবাহ সাধন করিলেন ঐ বহী পূর্ণ না হইতে২ যদি সেই ডিসট্রিকটহইতে স্থানান্তরে যান, তবে ঐ ডিসট্রিকটে তাঁহার সেই পদের যে ব্যক্তি কর্ম্ম গ্রহণকরেন তাঁহাকে ঐ বহী দিবেন।

প্রথম বা তৃতীয় অধ্যায়ানুসারে এদেশীয় খ্রীষ্টীয়ানদের বিবাহের রেজিষ্টরী করণের কথা।

বহী কাহার নিকট থাকিবে ও তাহা লইয়া কি করিতে হইবে ইহার কথা।

বহী যে ব্যক্তির জিম্মায় থাকিতে পূর্ণ হয় তিনি সেই ডিসট্রিক্টের বিবাহের রেজিষ্ট্রার সাহেবের নিকট ঐ বহী পাঠাইবেন। দুই কি অধিক জন রেজিষ্ট্রার থাকিলে বিবাহের পদজ্যেষ্ঠ রেজিষ্ট্রার সাহেবের নিকট পাঠাইবেন। তিনি স্থানীয় গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহে-

Secretary to the Local Government, to be kept by him with the records of his office

বের নিকট তাহা পাঠাইবেন। তাহা তাঁহার কার্য্যালযের কাগজপত্রের মধ্যে রাখা যাইবে ইতি।

PART V

Marriages solemnized by, or in the presence of, a Marriage Registrar

পঞ্চম অধ্যায়।

বিবাহের রেজিষ্ট্রারের দ্বারা বা তাঁহার সাক্ষাৎ যে বিবাহ সাধন হয় তদ্বিষয়ের বিধি।

Notice of intended marriage before Marriage Registrar

38. When a marriage is intended to be solemnized by, or in the presence of, a Marriage Registrar, one of the parties to such marriage shall give notice in writing, in the form contained in the first schedule hereto annexed, or to the like effect, to any Marriage Registrar of the district within which the parties have dwelt,

বিবাহের রেজিষ্ট্রারকে সঙ্কল্পিত বিবাহের নোটিস দিবার কথা।

৩৮ ধারা। বিবাহের রেজিষ্ট্রারের দ্বারা বা তাঁহার সাক্ষাৎ বিবাহ সাধন করিবার অভিপ্রায় থাকিলে ঐ বিবাহ সম্বন্ধীয় উভয় ব্যক্তি যে ডিষ্ট্রিক্টে বাস করেন ঐ বিবাহের একতর ব্যক্তি সেই ডিষ্ট্রিক্টের বিবাহের কোন রেজিষ্ট্রারের নিকট এই আইনের প্রথম তফসীলের নির্দ্দিষ্ট পাঠে কি তাহার মর্ম্মানুসারে নোটিস লিখিয়া দিবেন।

or, if the parties dwell in different districts, shall give the like notice to a Marriage Registrar of each district,

দুই জন ভিন্ন২ ডিসট্রিকটে বাস করিলে উক্ত প্রত্যেক ডিসট্রিক্টের বিবাহের রেজিষ্ট্রারকে ঐ নোটিস দিবেন।

and shall state therein the name and surname and the profession or condition, of each of the parties intending marriage, the dwelling place of each of them, the time during which each has dwelt therein, and the place at which the marriage is to be solemnized

তন্মধ্যে বিবাহার্থি উভয় ব্যক্তির নাম ও কুলনাম ও প্রত্যেক জনের বৃত্তি কি অবস্থা ও বাসস্থান ও যত দিন তথায় বাস করিয়াছেন, ও যে স্থানে বিবাহ সাধন হইবে এই২ কথা জানাইবেন।

Provided that if either party has dwelt in the place stated in the notice for more than one month, it may be stated therein that he or she has dwelt there one month and upwards

কিন্তু যদি কোন পক্ষ উক্ত স্থানে এক মাসের অধিক কাল বাস করিয়া থাকেন, তবে নোটিসে "এক মাস ও তদধিক কাল" তথায় বাস করিয়াছেন এইমাত্র লেখা যাইতে পারিবে ইতি।

Publication of notice

39 Every Marriage Registrar shall, on receiving any such notice, cause a copy thereof to be affixed in some conspicuous place in his office

নোটিস প্রচার করিবার কথা।

৩৯ ধারা। বিবাহের রেজিষ্ট্রার উক্ত নোটিস পাইলে আপন কার্য্যালয়ের কোন প্রকাশ স্থানে ঐ নোটিসের প্রতিলিপি লটকাইয়া দিবেন।

When one of the parties intending marriage is a minor, every Marriage Registrar shall, within twenty-four hours after the receipt by him of the notice of such marriage, send, by post or otherwise, a copy of such notice to each of the other Marriage Registrars (if any) in the same district, who shall likewise affix the copy in some conspicuous place in his own office

বিবাহার্থি একতর ব্যক্তি অপ্রাপ্ত ব্যবহার হইলে বিবাহের রেজিষ্ট্রার ঐ বিবাহের নোটিস পাইবার পর চব্বিশ ঘণ্টার মধ্যে ঐ ডিসট্রিক্টের অন্তর্গত বিবাহের অন্য সকল রেজিষ্ট্রারের নিকট ডাকযোগে বা প্রকারান্তরে ঐ নোটিসের প্রতিলিপি পাঠাইবেন। তাঁহারাও আপন২ কার্য্যালয়ের কোন প্রকাশ স্থানে তাহা লটকাইয়া দিবেন ইতি।

Notice to be filed and copy entered in Marriage Notice Book

40 The Marriage Registrar shall file all such notices and keep them with the records of his office,

বিবাহের নোটিস রাখিবার ও নোটিসের বহীতে নকল করিবার কথা।

৪০ ধারা। বিবাহের রেজিষ্ট্রার উক্ত সকল নোটিস গাঁথিয়া আপন কার্য্যালয়ের কাগজপত্রের মধ্যে রাখিবেন, এবং তিনি স্থানীয় গবর্ণমেন্টহইতে বিবাহের নোটিসের বহী নামক যে এক খান বহী পাইবেন তন্মধ্যে ঐ নোটিসের যথার্থ প্রতিলিপি অবিলম্বে লিখিবেন।

and shall also forthwith enter a true copy of all such notices in a book to be furnished to him for that purpose by the Local Government, and to be called the "Marriage Notice Book,"

and the Marriage Notice Book shall be open at all reasonable times, without fee, to all persons desirous of inspecting the same

কোন ব্যক্তি উপযুক্ত কোন সময়ে ঐ বহী দেখিতে চাহিলে ফী না দিয়া দেখিতে পাইবেন ইতি।

41 If the party by whom the notice was given requests the Marriage Registrar to issue the certificate next hereinafter mentioned, and if one of the parties intending marriage has made oath as hereinafter required, the Marriage Registrar shall issue under his hand a certificate of such notice having been given and of such oath having been made

Certificate of notice given and oath made

Proviso Provided—

that no lawful impediment be shown to his satisfaction why such certificate should not issue,

that the issue of such certificate has not been forbidden, in manner hereinafter mentioned, by any person authorized in that behalf by this Act,

that four days after the receipt of the notice have expired, and further,

That where, by such oath, it appears that one of the parties intending marriage is a minor, fourteen days after the entry of such notice have expired

42 The certificate mentioned in section forty one shall not be issued by any Marriage Registrar until one of the parties intending marriage appears personally before such Marriage Registrar and makes oath

Oath or declaration to be made before issue of certificate

(*a*) that he or she believes that there is not any impediment of kindred or affinity, or other lawful hindrance, to the said marriage, and

(*b*) that both the parties have, or (where they have dwelt in the districts of different Marriage Registrars) that the party making such oath has had then, his, or her usual place of abode within the district of such Marriage Registrar,

and, where either or each of the parties is a minor,

(*c*) that the consent or consents to such marriage required by law has or have been obtained thereto, or that there is no person resident in India authorized to give such consent, as the case may be

43 When one of the parties intending marriage is a minor, and both such parties are at the time resident in any of the towns of Calcutta, Madras and Bombay, and are desirous of being married in less than fourteen days after the entry of such notice as aforesaid, they may apply by petition to a Judge of the High Court for an order upon

Petition to High Court for order for certificate in less than fourteen days

৪১ ধারা। যে ব্যক্তি বিবাহের নোটিস দেন তিনি বিবাহের রেজিষ্ট্রারের নিকট নিম্নলিখিত সর্টিফিকট প্রার্থনা করিলে, এবং বিবাহার্থি একতর ব্যক্তি নিম্নলিখিত বিধানানুসারে শপথ করিলে, বিবাহের রেজিষ্ট্রার ঐ নোটিস পাইবার এবং ঐ শপথ করিবার সর্টিফিকট লিখিয়া তাহাতে স্বাক্ষর করিয়া দিবেন।

নোটিস দেওয়ার ও শপথ করণের সর্টিফিকট দিবার কথা।

পরন্তু ঐ সর্টিফিকট দিতে কোন ন্যায্য বাধা আছে বিবাহের রেজিষ্ট্রারের হৃদ্বোধমতে ইহা দর্শান না যায় এবং

উপবিধি।

এই আইনদ্বারা ঐ সর্টিফিকট দিবার বিষয়ে যে ব্যক্তির আপত্তি করিবার ক্ষমতা থাকে তিনি নিম্নলিখিতমতে তাহা নিষেধ না করেন

আরো নোটিস পাইলে পর চারি দিন গত হয়

এবং বিবাহার্থি একতর ব্যক্তি অপ্রাপ্তব্যবহার উক্ত শপথদ্বারা ইহা দৃষ্ট হইলে, বিবাহের ঐ নোটিস পাইবার পর চতুর্দ্দশ দিন গত হয় ইতি।

৪২ ধারা। ৪১ ধারার নির্দ্দিষ্ট সর্টিফিকট দিবার পূর্ব্বে বিবাহার্থি একতর ব্যক্তি বিবাহের রেজিষ্ট্রারের সম্মুখে স্বয়ং উপস্থিত হইয়া এই মর্ম্মে শপথ করিবেন,

সর্টিফিকট দিবার পূর্ব্বে শপথ কি প্রতিজ্ঞা করিবার কথা।

(ক) উক্ত বিবাহ যাহাতে অবৈধ হইতে পারে আমারদের দুই জনের মধ্যে এমত জ্ঞাতিত্ব কি কুটুম্বিতা নাই ও আইনমতে অন্য বাধ নাই।

(খ) এবং বিবাহার্থি আমরা দুই জন অথবা (যদি তাঁহারা বিবাহের ভিন্ন২ রেজিষ্ট্রারের ডিষ্ট্রিক্টের বাস করিয়া থাকেন তবে) উক্ত শপথকারি অমুক ব্যক্তি নিয়ত উক্ত বিবাহের রেজিষ্ট্রারের ডিষ্ট্রিক্টের মধ্যে বাস করিয়াছি বা করিয়াছেন।

এবং উভয় কি একতর ব্যক্তি অপ্রাপ্তব্যবহার হইলে

(গ) ঐ বিবাহ হইবার পূর্ব্বে আইনমতে যে ব্যক্তির কি ব্যক্তিদের অনুমতি লওয়া প্রয়োজন তাঁহার কি তাঁহারদের অনুমতি পাওয়া গিয়াছে অথবা বিষয়বিশেষে যাঁহারা উক্ত অনুমতি দিতে ক্ষমতাপন্ন এমত কোন ব্যক্তি ভারতবর্ষনিবাসী নহেন, এই মর্ম্মের শপথ না করা গেলে রেজিষ্ট্রার সর্টিফিকট দিবেন না ইতি।

৪৩ ধারা। বিবাহার্থি একতর ব্যক্তি অপ্রাপ্তব্যবহার হইলে, ও বিবাহার্থি উভয় ব্যক্তি তৎকালে কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাই নগরনিবাসি হইয়া পূর্ব্বোক্ত নোটিস লেখা যাইবার পর চতুর্দ্দশ দিনের মধ্যে বিবাহ করিতে চাহিলে তাঁহারা ঐ নগরের হাই কোর্টের অন্যতর জজের নিকট দরখাস্ত দিয়া বিবাহের যে রেজিষ্ট্রারকে নোটিস

হাই কোর্টে চতুর্দ্দশ দিনের মধ্যে সর্টিফিকট দিবার আজ্ঞা প্রার্থনা করিবার কথা।

the Marriage Registrar to whom the notice of marriage has been given, directing him to issue his certificate before the expiration of the said fourteen days required by section forty-one

And on sufficient cause being shown, the said Judge may, in his discretion, make an order upon such Marriage Registrar, directing him to issue his certificate at any time to be mentioned in the said order, before the expiration of the fourteen days so required,

Order on petition

And the said Marriage Registrar, on receipt of the said order, shall issue his certificate in accordance therewith

44 The provisions of section nineteen apply to every marriage under this Part, either of the parties to which is a minor,

Provision as to consent of father or guardian to apply

and any person whose consent to such marriage would be required thereunder may enter a protest against the issue of the Marriage Registrar's certificate, by writing, at any time before the issue of such certificate, the word "forbidden," opposite to the entry of the notice of such intended marriage in the Marriage Notice Book, and by subscribing thereto his or her name and place of abode, and his or her position with respect to either of the parties, by reason of which he or she is so authorized

Protest against issue of certificate

When such protest has been entered, no certificate shall issue until the Marriage Registrar has examined into the matter of the protest, and is satisfied that it ought not to obstruct the issue of the certificate for the said marriage, or until the protest be withdrawn by the person who entered it

Effect of protest

45 If any person whose consent is necessary to any marriage under this Part is of unsound mind,

Petition where person whose consent is necessary is insane or unjustly withholds consent

or if any such person (other than the father) without just cause withholds his consent to the marriage,

the parties intending marriage may apply by petition, where the person whose consent is necessary is resident within any of the towns of Calcutta, Madras and Bombay, to a Judge of the High Court, or if he is not resident within any of the said towns, then to the District Judge

[*Government Gazette*, 13*th August* 1872.]

দেওয়া গেল তিনি এই আইনের ৪১ ধারার নির্দ্দিষ্ট ঐ চতুর্দ্দশ দিন গত না হইলেও আপনার সর্টিফিকট দেন এই আজ্ঞা প্রার্থনা করিতে পারিবেন।

উপযুক্ত কারণ দর্শান গেলে উক্ত জজ আপনার বিবেচনামতে বিবাহের ঐ রেজিষ্ট্রারকে এই আজ্ঞা দিতে পারিবেন যে নির্দ্দিষ্ট উক্ত চতুর্দ্দশ দিন গত না হইলেও তিনি ঐ অনুজ্ঞাপত্রের নির্দ্দিষ্ট অমুক সময়ে আপনার সর্টিফিকট দেন।

দরখাস্তমতে আজ্ঞার কথা।

বিবাহের উক্ত রেজিষ্ট্রার ঐ আজ্ঞাপ্রাপ্ত হইলে তদনুসারে আপনার সর্টিফিকট দিবেন ইতি।

৪৪ ধারা। বিবাহার্থি একতর ব্যক্তি অপ্রাপ্ত ব্যবহার হইলে এই অধ্যায়মতে তাঁহার বিবাহের পক্ষে ১৯ ধারার বিধান খাটিবে।

পিতামাতার কি অভিভাবকের সম্মতি বিষয়ক বিধি খাটিবার কথা।

সেই ধারামতে ঐ বিবাহের বিষয়ে যে ব্যক্তির অনুমতি লওয়া প্রয়োজন ঐ সর্টিফিকট দেওয়া যাইবার পূর্ব্বে কোন সময়ে ঐ সঙ্কল্পিত বিবাহের নোটিস বিবাহের নোটিসের বহীর যে পৃষ্ঠায় লেখা থাকে সেই ব্যক্তি তাহার পার্শ্বে "নিষিদ্ধ" এই কথা লিখিয়া ও তাহার নীচে আপনার নাম ও নিবাস এবং বিবাহার্থি একতর ব্যক্তির সহিত তাঁহার যে সম্বন্ধপ্রযুক্ত তাঁহার তদ্রূপ ক্ষমতা থাকে তাহা লিখিয়া বিবাহের রেজিষ্ট্রারের সর্টিফিকট দিবার আপত্তি জানাইতে পারিবেন।

সর্টিফিকট দেওয়া নিষেধ হইবার কথা।

ঐ আপত্তি তদ্রূপে লেখা গেলে পর বিবাহের রেজিষ্ট্রার যত কাল ঐ আপত্তির তথ্যানুসন্ধান না লন ও তৎপ্রযুক্ত উক্ত বিবাহের সর্টিফিকট দেওয়ার নিবারণ করা উচিত নয় ইহা যত কাল হৃদ্বোধমতে না জানিতে পান কিম্বা যে ব্যক্তি তাহা লিখিলেন তিনি যত কাল তাহা রহিত করিয়া না দেন তত কাল ঐ সর্টিফিকট দেওয়া যাইবে না ইতি।

আপত্তির ফলের কথা।

৪৫ ধারা। বিবাহ হইবার নিমিত্ত এই অধ্যায়ানুসারে যে ব্যক্তির অনুমতি প্রাপ্ত হওয়া প্রয়োজন তিনি যদি বিকৃতমনা হন

যাঁহার অনুমতি পাওয়া আবশ্যক তিনি ক্ষিপ্তমনা হইলে কিম্বা অন্যায়মতে অসম্মত হইলে দরখাস্তের কথা।

কিম্বা পিতাভিন্ন উক্ত অন্য ব্যক্তি যদি ন্যায্য কারণে অনুমতি দিতে স্বীকার না করেন

তবে যাঁহার অনুমতি পাওয়া প্রয়োজন তিনি কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাই নগরে বাস করিলে বিবাহার্থি ব্যক্তিরা হাইকোর্টের অন্যতর জজের নিকট দরখাস্ত করিতে পারিবেন। সেই ব্যক্তি উক্ত অন্যতর নগরে বাস না করিলে তাঁহারা জিলার জজ সাহেবের নিকট দরখাস্ত করিবেন।

And the said Judge of the High Court, or District Judge, as the case may be, may examine the allegations of the petition in a summary way

Procedure on petition

And if upon examination such marriage appears proper, such Judge of the High Court or District Judge, as the case may be, shall declare the marriage to be a proper marriage

Such declaration shall be as effectual as if the person whose consent was needed had consented to the marriage,

and if he has forbidden the issue of the Marriage Registrar's certificate, such certificate shall be issued and the like proceedings may be had under this Part in relation to the marriage as if the issue of such certificate had not been forbidden

46 Whenever a Marriage Registrar refuses to issue a certificate under this Part either of the parties intending marriage may apply by petition, where the district of such Registrar is within any of the towns of Calcutta, Madras and Bombay, to a Judge of the High Court, or if such district is not within any of the said towns, then to the District Judge

Petition when Marriage Registrar refuses certificate

The said Judge of the High Court or District Judge, as the case may be may examine the allegations of the petition in a summary way, and shall decide thereon

Procedure on petition

The decision of such Judge of the High Court, or District Judge, as the case may be, shall be final, and the Marriage Registrar to whom the application for the issue of a certificate was originally made shall proceed in accordance therewith

47 Whenever a Marriage Registrar resident in any Native State refuses to issue his certificate, either of the parties intending marriage may apply by petition to the Governor-General in Council, who shall decide thereon

Petition when Marriage Registrar in Native State refuses certificate

Such decision shall be final and the Marriage Registrar to whom the application was originally made shall proceed in accordance therewith

48 Whenever a Marriage Registrar, acting under the provisions of section forty four is not satisfied that the person forbidding the issue of the certificate is authorized by law so to do the said Marriage Registrar shall apply by petition, where his

Petition when Registrar doubts authority of person forbidding

হাই কোর্টের উক্ত অন্যতর জজ কিম্বা বিষয়বিশেষে জিলার জজ সংক্ষিপ্তরীমতে ঐ দরখাস্তের লিখিত কথার অনুসন্ধান লইবেন।

দরখাস্ত হইলে কার্য্যপ্রণালীর কথা।

অনুসন্ধান লইয়া সেই বিবাহ উপযুক্ত জ্ঞান করিলে ঐ হাই কোর্টের অন্যতর জজ কিম্বা জিলার জজ উপযুক্ত বিবাহ বলিয়া সেই বিবাহ নির্দ্দেশ করিবেন।

সেই বিবাহ বিষয়ে যে ব্যক্তির অনুমতি দেওয়া প্রয়োজন উক্ত জজ সাহেবের ঐ নির্দ্দেশবাক্য তাঁহারই অনুমতির তুল্য সকল জ্ঞান হইবে।

এবং সেই ব্যক্তি যদি বিবাহের রেজিষ্ট্রারের সর্টিফিকট দেওয়া নিষেধ করিয়া থাকেন তবে সেই ব্যক্তির সর্টিফিকট নিষিদ্ধ না হওয়ার ন্যায় সেই সর্টিফিকট দেওয়া যাইবে ও এই অধ্যায়মতে ঐ বিবাহ বিষয়ক সমস্ত কার্য্যানুষ্ঠান হইবে ইতি।

৪৬ ধারা। বিবাহের রেজিষ্ট্রার এই অধ্যায়মতে সর্টিফিকট দিতে অস্বীকার করিলে, যদি সেই রেজিষ্ট্রারের ডিস্ট্রিক্ট কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাই নগরে থাকে তবে বিবার্থি একতর ব্যক্তি তথাকার হাই কোর্টের অন্যতর জজের নিকট দরখাস্ত করিতে পারিবেন, কিম্বা তাঁহার ডিষ্ট্রিক্ট উক্ত অন্যতর নগরে না থাকিলে জিলার জজ সাহেবের নিকট দরখাস্ত করিতে পারিবেন।

বিবাহের রেজিষ্ট্রার সর্টিফিকট দিতে অস্বীকার করিলে দরখাস্তের কথা।

উক্ত হাই কোর্টের অন্যতর জজ কিম্বা বিষয়বিশেষে জিলার জজ সাহেব সরাসরীমতে ঐ দরখাস্তের লিখিত কথার অনুসন্ধান লইয়া তাহা নিষ্পত্তি করিবেন।

দরখাস্ত দিলে কার্য্যপ্রণালীর কথা।

সেই হাই কোর্টের জজের বা বিষয় বিশেষে জিলার জজ সাহেবের ঐ নিষ্পত্তি চূড়ান্ত হইবে, ও বিবাহের যে রেজিষ্ট্রারের নিকট প্রথমে বিবাহের সর্টিফিকট দিবার প্রার্থনা হইয়াছিল তিনি ঐ নিষ্পত্ত্যনুসারে কার্য্য করিবেন ইতি।

৪৭ ধারা। এদেশীয় রাজ্যাধিকার নিবাসি কোন বিবাহের রেজিষ্ট্রার যদি কোন সময়ে সর্টিফিকট দিতে অস্বীকার করেন তবে বিবাহার্থি একতর ব্যক্তি মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্নর জেনরল সাহেবের নিকট দরখাস্ত করিতে পারিবেন, তাহা হইলে তিনি সেই বিষয় নিষ্পত্তি করিবেন।

এদেশীয় রাজ্যের অন্তর্গত রেজিষ্ট্রার সর্টিফকট দিতে অস্বীকার করিলে দরখাস্তের কথা।

তাঁহার সেই নিষ্পত্তি চূড়ান্ত হইবে ও বিবাহের যে রেজিষ্ট্রারের নিকট প্রথমে প্রার্থনা করা গেল তিনি ঐ নিষ্পত্ত্যনুসারে কার্য্য করিবেন ইতি।

৪৮ ধারা। বিবাহের রেজিষ্ট্রার ৪৪ ধারার বিধানমতে কার্য্য করিলে, যে ব্যক্তি সর্টিফিকট দিতে নিষেধ করেন আইনমতে তাঁহার সেই কার্য্য করিবার ক্ষমতা আছে কি না বিবাহের ঐ রেজিষ্ট্রারের এমত

যে ব্যক্তি নিষেধ করেন তাঁহার ক্ষমতা আছে কি না, এই বিষয়ে রেজিষ্ট্রারের সন্দেহ থাকিলে দরখাস্ত করিব কথা।

district is within any of the towns of Calcutta, Madras and Bombay, to a Judge of the High Court, or if such district be not within any of the said towns, then to the District Judge

Procedure on petition

The said petition shall state all the circumstances of the case, and pray for the order and direction of the Court concerning the same,

and the said Judge of the High Court or District Judge, as the case may be, shall examine into the allegations of the petition and the circumstances of the case,

and if, upon such examination, it appears that the person forbidding the issue of such certificate is not authorized by law so to do, such Judge of the High Court or District Judge, as the case may be, shall declare that the person forbidding the issue of such certificate is not authorized as aforesaid

And thereupon such certificate shall be issued, and the like proceedings may be had in relation to such marriage as if the issue had not been forbidden

Reference when Marriage Registrar in Native State doubts authority of person forbidding

Whenever a Marriage Registrar appointed under section eight to act within any Native State is not satisfied that the person forbidding the issue of the certificate is authorized by law so to do the said Marriage Registrar shall send a statement of all the circumstances of the case, together with all documents relating thereto, to the Governor-General in Council

Procedure on reference

If it appears to the Governor-General in Council that the person forbidding the issue of such certificate is not authorized by law so to do, the Governor General in Council shall declare that the person forbidding the issue of such certificate is not authorized as aforesaid,

and thereupon such certificate shall be issued, and the like proceedings may be had in relation to such marriage as if the issue of the certificate had not been forbidden.

Liability for frivolous protest against issue of certificate

49 Every person entering a protest with the Marriage Registrar, under this Part, against the issue of any certificate on grounds which such Marriage Registrar, under section forty-four, or a Judge of the High Court or the District Judge, under section forty-five or forty-six, declares to be

সন্দেহ থাকিলে যদি কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাই নগরের মধ্যে ঐ রেজিষ্ট্রারের ডিষ্ট্রিক্ট থাকে, তবে তিনি হাই কোর্টের অন্যতর জজ সাহেবের নিকট কিম্বা যদি ঐ ডিষ্ট্রিক্ট উক্ত কোন নগরের মধ্যে না থাকে, তবে জিলার জজ সাহেবের নিকট দরখাস্ত দিবেন।

দরখাস্ত সম্পর্কীয় কার্য্য প্রণালীর কথা।

সেই দরখাস্তে তিনি ঐ বিষয়ের সমস্ত বৃত্তান্ত লিখিয়া তদ্বিষয়ে কোর্টের আজ্ঞা ও আদেশ প্রার্থনা করিবেন

এবং উক্ত হাই কোর্টের অন্যতর জজ কিম্বা উক্ত জিলার জজ সাহেব ঐ দরখাস্তের লিখিত কথার ও ঐ বিষয়ের বৃত্তান্তের অনুসন্ধান লইবেন।

তাহা লইয়া যে ব্যক্তি ঐ সর্টিফিকেট দিতে নিষেধ করেন আইনমতে তাঁহার সেই কার্য্য করিবার ক্ষমতা নাই, হাই কোর্টের উক্ত অন্যতর জজ কিম্বা উক্ত জিলার জজ সাহেবের এমত বোধ হইলে, যে ব্যক্তি সর্টিফিকট দিতে নিষেধ করেন তাঁহার পূর্ব্বোক্ত ক্ষমতা নাই ইহা প্রকাশ করিবেন।

তাহা হইলে সেই সর্টিফিকট দেওয়া যাইবে এবং ঐ সর্টিফিকট দেওয়া নিষিদ্ধ না হইলে ঐ বিবাহ সম্পর্কে যদ্রূপ কার্য্যানুষ্ঠান হইত তদ্রূপই হইতে পারিবে।

এদেশীয় রাজ্যাধিকারে বিবাহের রেজিষ্ট্রার নিষেধকারি ব্যক্তির ক্ষমতার বিষয়ে সন্দেহ করিলে তাহার দরখাস্ত করিবার কথা।

কোন বিবাহের রেজিষ্ট্রার ৮ ধারামতে এতদ্দেশীয় কোন রাজ্যাধিকারে কর্ম্ম করিতে নিযুক্ত হইলে এবং যে ব্যক্তি সর্টিফিকট দিতে নিষেধ করেন তিনি আইনমতে সেই কার্য্য করিতে ক্ষমতাপন্ন কি না এ বিষয়ে উক্ত রেজিষ্ট্রার সাহেব ইহা নিশ্চয়মতে না জানিলে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের নিকট উক্ত বিষয়ের সমস্ত বৃত্তান্তের বর্ণনাপত্র ও তৎসম্পর্কীয় সকল কাগজপত্র পাঠাইয়া দিবেন।

সেই স্থলে কার্য্যপ্রণালীর কথা।

যে ব্যক্তি ঐ সর্টিফিকট দিতে নিষেধ করেন আইনমতে তাঁহার সেই কার্য্য করিবার ক্ষমতা নাই মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের এমত বোধ হইলে তিনি পূর্ব্বোক্ত ব্যক্তিকে ঐ সর্টিফিকট দিতে নিষেধ করিবার অক্ষম প্রকাশ করিবেন।

তাহা হইলে ঐ সর্টিফিকট দেওয়া যাইবে এবং উক্ত ব্যক্তি কর্ত্তৃক সর্টিফিকট দিবার নিষেধ না হওয়ার ন্যায় ঐ বিবাহ সম্বন্ধীয় সমস্ত কার্য্যানুষ্ঠান হইবে।

কোন ব্যক্তি তুচ্ছ কারণে সর্টিফিকট দিবার আপত্তি করিলে তাহার দায়ের কথা।

৪৯ ধারা। কোন ব্যক্তি বিবাহের রেজিষ্ট্রারের নিকট এই অধ্যায়ানুসারে সর্টিফিকট দিবার আপত্তি লিখিয়া জানাইলে ও সেই রেজিষ্ট্রার ৪৪ ধারামতে কিম্বা হাই কোর্টের জজ কিম্বা জিলার জজ সাহেব ৪৫ কি ৪৬ ধারামতে সেই আপত্তির কারণ

frivolous and such as ought not to obstruct the issue of the certificate, shall be liable for the costs of all proceedings in relation thereto and for damages to be recovered by suit by the person against whose marriage such protest was entered

50 The certificate to be issued by the Marriage Registrar under the provisions of section forty-one shall be in the form contained in the second schedule to this Act annexed, or to the like effect, and the Local Government shall furnish to every Marriage Registrar a sufficient number of forms of certificate

Form of certificate

51 After the issue of the certificate of the Marriage Registrar,

Solemnization of marriage after issue of certificate

or, where notice is required to be given under this Act to the Marriage Registrars for different districts, after the issue of the certificates of the Marriage Registrars for such districts,

marriage may, if there be no lawful impediment to the marriage of the parties described in such certificate or certificates, be solemnized between them, according to such form and ceremony as they think fit to adopt

But every such marriage shall be solemnized in the presence of some Marriage Registrar (to whom shall be delivered such certificate or certificates as aforesaid) and of two or more credible witnesses besides the Marriage Registrar

And in some part of the ceremony each of the parties shall declare as follows or to the like effect —

"I do solemnly declare that I know not of any lawful impediment why I, *A B*, may not be joined in matrimony to *C D*"

And each of the parties shall say to the other as follows or to the like effect —"I call upon these persons here present to witness that I, *A B*, do take thee, *C D*, to be my lawful wedded wife [*or husband*]"

52 Whenever a marriage is not solemnized within two months after the copy of the notice has been entered by the Marriage Registrar, as required by section forty, the notice and the certificate, if any, issued thereupon, and all other proceedings thereupon shall be void,

When marriage is not solemnized within two months after notice, new notice required

and no person shall proceed to solemnize the marriage, nor shall any Marriage Registrar enter the same, until new notice has been given, and

তুচ্ছ ও অকৌতুক সর্টিফিকট দেওয়ার বাধা হওয়া অনুচিত জ্ঞান করিলে তৎসম্পর্কীয় যে সকল কার্য্যের অনুষ্ঠান হয় ঐ ব্যক্তি তাহার খরচের ও হানিপূরণের দায়ী হইবেন। ও যে ব্যক্তির বিবাহ বিষয়ে আপত্তি হয় তিনি মোকদ্দমা করিয়া হানিপূরণের ঐ টাকা আদায় করিতে পারিবেন ইতি।

৫০ ধারা। বিবাহের রেজিষ্ট্রার ৪১ ধারার বিধানমতে যে সর্টিফিকট দিবেন তাহা এই আইনের দ্বিতীয় তফসীলের পাঠানুসারে কিম্বা তাহার মর্ম্মমতে লেখা যাইবে।

সর্টিফিকট লিখিবার পাঠের কথা।

যত খানি সর্টিফিকটের পাঠ দিলে কার্য্য চলিতে পারিবে প্রত্যেক স্থানীয় গবর্ণমেন্ট বিবাহের প্রত্যেক রেজিষ্ট্রারকে তত খানি দিবেন ইতি।

৫১ ধারা। বিবাহের রেজিষ্ট্রারের সর্টিফিকট দেওয়া গেলে পর,

সর্টিফিকট দেওয়া গেলে পর বিবাহ সাধন হইতে পারিবার কথা।

অথবা এই আইনমতে ভিন্ন২ ডিষ্ট্রিক্টের বিবাহের রেজিষ্ট্রারদিগকে নোটিস দেওয়ার প্রয়োজন হইলে ঐ২ ডিস্ট্রিক্টের বিবাহের রেজিষ্ট্রারদের সর্টিফিকট দেওয়া গেলে পর,

যদি আইনমতে ঐ সর্টিফিকটের বা ঐ২ সর্টিফিকটের লিখিত উভয় ব্যক্তির বিবাহ হইবার প্রতিবন্ধক না থাকে, তবে তাঁহাদের জ্ঞানে যে প্রথা ও যে নিয়ম উচিত হয় তদনুসারে তাঁহাদের বিবাহ হইতে পারিবে।

কিন্তু ঐ সর্টিফিকট কিম্বা ঐ২ সর্টিফিকট বিবাহের রেজিষ্ট্রারকে দিতে হইবে এবং তাঁহার সাক্ষাৎ ও তদ্ভিন্ন দুই কি তদধিক জন প্রামাণিক সাক্ষির সাক্ষাৎ বিবাহ সাধন করিতে হইবে।

এবং বিবাহ হইবার কোন সময়ে বর ও কন্যা উভয় এই কিম্বা এই মর্ম্মের কথা কহিবেন।

“শ্রীঅমুকের (বা শ্রীমতী অমুকীর) সহিত আমার বিবাহ হইবার আইনমত কোন প্রতিবন্ধক জানি না, ইহা ধর্ম্মতঃ কহিলাম।”

এবং তাঁহাদের দুই জন পরস্পর এই কথা কিম্বা এই মর্ম্মের কথা কহিবেন। “শ্রীঅমুক আমি শ্রীমতী তোমাকে (অথবা শ্রীমতী আমি শ্রীঅমুক তোমাকে) আপনার বৈধ বিবাহিতা স্ত্রী (বা বিবাহিত স্বামি) বলিয়া গ্রহণ করিলাম উপস্থিত সকল ব্যক্তিকে ইহার সাক্ষি মানিলাম” ইতি।

৫২ ধারা। বিবাহের রেজিষ্ট্রার ৪০ ধারার বিধানমতে নোটিস লিখিয়া দিলে পর দুই মাসের মধ্যে বিবাহ না হইলে, তৎসম্পর্কে যে সর্টিফিকট ও নোটিস দেওয়া গেল ও অন্য যে সকল কার্য্যের অনুষ্ঠান হইল তাহা ব্যর্থ হইবে।

নোটিস দেওয়া গেলে পর দুই মাসের মধ্যে বিবাহ না হইলে, নূতন নোটিস দিতে হইবার কথা।

ও যত কাল ঐ বিবাহের নূতন নোটিস দেওয়া না যায় ও বহীতে লেখা না যায় ও পূর্ব্বোক্ত সময়ে ও নিয়মানুসারে যত কাল সর্টিফিকট দেওয়া না যায়, ততকাল

entry made, and certificate thereof given, at the time and in the manner aforesaid

Marriage Registrar may ask for particulars to be registered

53 A Marriage Registrar before whom any marriage is solemnized under this Part may ask of the persons to be married the several particulars required to be registered touching such marriage

Registration of marriages solemnized under Part V

54 After the solemnization of any marriage under this Part, the Marriage Registrar present at such solemnization shall forthwith register the marriage in duplicate, that is to say, in a marriage register book, according to the form of the fourth schedule hereto annexed, and also in a certificate attached to the marriage register book as a counterfoil

The entry of such marriage in both the certificate and the marriage register book shall be signed by the person by or before whom the marriage has been solemnized, if there be any such person, and by the Marriage Registrar present at such marriage, whether or not it is solemnized by him, and also by the parties married, and attested by two credible witnesses other than the Marriage Registrar and person solemnizing the marriage

Every such entry shall be made in order from the beginning to the end of the book, and the number of the certificate shall correspond with that of the entry in the marriage register book

Certificates to be sent monthly to Secretary to Government

55 The Marriage Registrar shall forthwith separate the certificate from the marriage register book and send it, at the end of every month, to the Secretary to the Local Government

Custody of register book

The Marriage Registrar shall keep safely the said register book until it is filled, and shall then send it to the Secretary to the Local Government, to be kept by him with the records of his office

Officers to whom Registrars in Native States shall send certificates

56 The Marriage Registrars in Native States shall send the certificates mentioned in section fifty four to such officers as the Governor General in Council from time to time, by notification in the *Gazette of India*, appoints in this behalf

[*Government Gazette*, 13*th August* 1872]

কোন ব্যক্তি ঐ বিবাহ সাধন করিতে প্রবর্ত্ত হইবেন না ও বিবাহের কোন রেজিষ্ট্রার আপনার বহীতে তাহা লিখিবেন না ইতি।

বিশেষ যে২ কথা রেজিষ্টরী করা যাইবে বিবাহের রেজিষ্ট্রার সাহেবের তাহা জিজ্ঞাসা করিবার কথা।

৫৩ ধারা। এই অধ্যায়মতে বিবাহের যে রেজিষ্ট্রারের সম্মুখে কোন বিবাহ সাধন হয় সেই বিবাহ সম্পর্কীয় যে২ বিষয় তাঁহার রেজিষ্টরী কারতে হইবে তিনি বিবাহার্থিদিগকে তাহা জিজ্ঞাসা করিতে পারিবেন ইতি।

এ অধ্যায়মতে যে বিবাহ সাধন হয় তাহা রেজিষ্টরী করিবার কথা।

৫৪ ধারা। এই অধ্যায়মতে বিবাহ সাধন হইলে পর বিবাহের যে রেজিষ্ট্রার তৎকালে উপস্থিত হন তিনি অগোণে ঐ বিবাহের দোকর রেজিষ্টর করিবেন, অর্থাৎ এই আইনের চতুর্থ তফসীলের নির্দ্দিষ্ট পাঠানুসারে বিবাহের রেজিষ্টরী বহীতে তাহা রেজিষ্টর করিবেন, এবং বিবাহের রেজিষ্টরী বহীতে অনুলিপির পত্রস্বরূপ যে সর্টিফিকট সংযুক্ত থাকে তাহাতেও তাহা রেজিষ্টর করিবেন।

ঐ সর্টিফিকট ও বিবাহের রেজিষ্টরী বহীতে ঐ বিবাহের যে কথা লেখা যায়, যে ব্যক্তি ঐ বিবাহ-সাধন করেন কিম্বা যাঁহার সাক্ষাৎ সাধন হয় এমত ব্যক্তি থাকিলে তিনি তাহাতে স্বাক্ষর করিবেন এবং বিবাহের যে রেজিষ্ট্রার ঐ বিবাহকালে উপস্থিত হন তৎকর্ত্তৃক বিবাহ সাধন হইলে কি না হইলেও তিনি তাহাতে স্বাক্ষর করিবেন ও যাঁহাদের বিবাহ হইয়াছে তাঁহারা এবং বিবাহের রেজিষ্ট্রার ও যে ব্যক্তি বিবাহ সাধন করেন এই দুই ব্যক্তি ভিন্ন দুই জন প্রামাণিক সাক্ষী তাহাতে স্বাক্ষর করিবেন।

উক্ত বহীর কথা প্রথমাবধি শেষপর্য্যন্ত ক্রমান্বয়ে লিখিতে হইবে, এবং বিবাহের রেজিষ্টরী বহীতে ঐ কথার যে নম্বর থাকে ঐ সর্টিফিকটেও সেই নম্বর থাকিবে ইতি।

নিয়মিত সময়ানুসারে গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের নিকট সর্টিফিকট পাঠাইবার কথা।

৫৫ ধারা। বিবাহের রেজিষ্ট্রার বিবাহের রেজিষ্টরী বহী হইতে সর্টিফিকট কাটিয়া লইয়া প্রতি মাসের শেষে স্থানীয় গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের নিকট পাঠাইবেন।

রেজিষ্টরী বহী রাখিবার কথা।

উক্ত রেজিষ্টরী বহী যত কাল পূর্ণ না হয় বিবাহের রেজিষ্ট্রার তাহা নির্ব্বিঘ্নে রাখিবেন পরে স্থানীয় গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের নিকট পাঠাইবেন তিনি আপন কার্য্যালয়ের কাগজপত্রের মধ্যে তাহা গাঁথিয়া রাখিবেন ইতি।

এদেশীয় রাজ্যাধিক বেদ রেজিষ্ট্রারের সর্টিফিকট যে কার্য্যকারকদের নিকট পাঠান যাইবে তাহার কথা।

৫৬ ধারা। এদেশীয় রাজ্যাধিকারের অন্তর্গত বিবাহের যে রেজিষ্ট্রার থাকেন, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব সময়ে২ ইণ্ডিয়া গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া যে কার্য্যকারদিগকে এতন্নিমিত্তে নিযুক্ত করেন তিনি তাঁহাদের নিকট ৫৪ ধারার উল্লিখিত সর্টিফিকট পাঠাইবেন ইতি।

57 When any Native Christian about to be married gives a notice of marriage, or applies for a certificate from a Marriage Registrar, such Marriage Registrar shall ascertain whether the said Native Christian understands the English language, and if he does not, the Marriage Registrar shall translate, or cause to be translated such notice or certificate, or both of them, as the case may be, to such Native Christian into a language which he understands,

Registrars to ascertain that notice and certificate are understood by Native Christians

or the Marriage Registrar shall otherwise ascertain whether the Native Christian is cognizant of the purport and effect of the said notice and certificate

58 When any Native Christian is married under the provisions of this Part, the person solemnizing the marriage shall ascertain whether such Native Christian understands the English language, and, if he does not, the person solemnizing the marriage shall, at the time of the solemnization, translate, or cause to be translated, to such Native Christian, into a language which he understands, the declarations made at such marriage in accordance with the provisions of this Act

Native Christians to be made to understand declarations at marriage

59 The registration of marriages between Native Christians under this Part shall be made in conformity with the rules laid down in section thirty-seven (so far as they are applicable), and not otherwise

Registration of marriages between Native Christians

PART VI

Marriage of Native Christians

60 Every marriage between Native Christians applying for a certificate, shall, without the preliminary notice required under Part III, be certified under this Part, if the following conditions be fulfilled, and not otherwise —

On what conditions marriages of Native Christians may be certified

(1) The age of the man intending to be married shall exceed sixteen years, and the age of the woman intending to be married shall exceed thirteen years

(2) Neither of the persons intending to be married shall have a wife or husband still living

(3) In the presence of a person licensed under section nine, and of at least two credible

৫৭ ধারা। এদেশীয় কোন খ্রীষ্টীয়ান বিবাহ করিতে উদ্যত হইয়া বিবাহের রেজিষ্ট্রারের নিকট বিবাহের নোটিস দিতে গেলে কিম্বা সর্টিফিকট প্রার্থনা করিলে তিনি ইংরাজী ভাষা বুঝেন কি না বিবাহের রেজিষ্ট্রার প্রথমে ইহা জানিয়া লইবেন। যদি না বুঝেন তবে অন্য যে ভাষা বুঝেন বিবাহের রেজিষ্ট্রার সেই ভাষায় তাঁহার নিকট এ নোটিস কি সর্টিফিকট কিম্বা বিষয় বিশেষে ঐ দুই পত্র অনুবাদ করিয়া বা করাইয়া দিবেন।

এদেশীয় খ্রীষ্টীয়ান নোটিসের ও সর্টিফিকটের কথা বুঝিয়াছেন ইহা রেজিষ্ট্রারের নিশ্চয়মতে জানিবার কথা।

কিম্বা তিনি ঐ নোটিসের ও সর্টিফিকটের মর্ম্ম ও ভাব বুঝিয়াছেন প্রকারান্তরে ইহা নিশ্চয়মতে জানিয়া লইবেন ইতি।

৫৮ ধারা। এই অধ্যায়ের বিধানমতে এদেশীয় কোন খ্রীষ্টীয়ানের বিবাহ হইলে সেই ব্যক্তি ইংরাজী ভাষা বুঝেন কি না, যে ব্যক্তি ঐ বিবাহ সাধন করেন তিনি এই কথা নিশ্চয়মতে জানিয়া লইবেন। যদি না বুঝেন তবে বিবাহকালে এই আইনের বিধানানুসারে যে প্রতিজ্ঞা করিতে হইবে যে ব্যক্তি ঐ বিবাহ সাধ করেন তিনি বিবাহ সাধন করণ সময়ে এদেশীয় ঐ খ্রীষ্টীয়ান যে ভাষা বুঝিতে পারেন সেই ভাষায় তাঁহার নিকট ঐ প্রতিজ্ঞা অনুবাদ করিবেন কি করাইবেন ইতি।

বিবাহকালে যে প্রতিজ্ঞা করা যায় এদেশীয় খ্রীষ্টীয়ানদিগকে তাহা বুঝাইয়া দিবার কথা।

৫৯ ধারা। এই অধ্যায়মতে এদেশীয় খ্রীষ্টীয়ানদের পরস্পর বিবাহ হইলে ৩৭ ধারার বিধি যত দূর খাটিতে পারে তত দূর সেই বিধিমতে তাঁহারদের বিবাহ রেজিষ্টরী হইবে প্রকারান্তরে নয় ইতি।

এদেশীয় খ্রীষ্টীয়ানদের পরস্পর বিবাহ রেজিষ্টরী করিবার কথা।

ষষ্ঠ অধ্যায়।

এদেশীয় খ্রীষ্টীয়ানদের বিবাহের বিধি ॥

৬০ ধারা। এদেশীয় খ্রীষ্টীয়ানেরা এই আইনের এই অধ্যায়ানুসারে সর্টিফিকট প্রার্থনা করিলে তৃতীয় অধ্যায়মতে প্রথমে নোটিস না দিয়া পশ্চাৎ লিখিত নিয়ম পালন করিলে তাঁহারদিগকে এই অধ্যায়মতে বিবাহের সর্টিফিকট দেওয়া যাইতে পারিবে, নতুবা দেওয়া যাইবে না। নিয়ম এই২—

এদেশীয় খ্রীষ্টীয়ানদের বিবাহের সর্টিফিকট যে নিয়মমতে দেওয়া যাইবে তাহার কথা।

১। বিবাহার্থি পুরুষের ষোল বৎসরের অধিক বয়স ও বিবাহার্থিনীর ত্রয়োদশ বৎসরের অধিক বয়স হয়।

২। বিবাহার্থি বরের জীবিতা অন্য পত্নী কি স্ত্রীর জীবৎ অন্য পতি না থাকে।

৩। বিবাহার্থি ব্যক্তিরা ৯ ধারামতে লাইসেন্স প্রাপ্ত ব্যক্তির এবং অন্যূন দুই জন প্রামাণিক সাক্ষির

witnesses other than such person, each of the parties shall say to the other—

"I call upon these persons here present to witness that I, *A B*, in the presence of Almighty God, and in the name of our Lord Jesus Christ, do take thee, *C D*, to be my lawful wedded wife [*or husband*]," or words to the like effect

Provided that no marriage shall be certified under this Part when either of the parties intending to be married has not completed his or her eighteenth year, unless such consent as is mentioned in section nineteen has been given to the intended marriage, or unless it appears that there is no person living authorized to give such consent

Grant of certificate

61 When, in respect to any marriage solemnized under this Part, the conditions prescribed in section sixty have been fulfilled the person licensed as aforesaid, in whose presence the said declaration has been made, shall, on the application of either of the parties to such marriage, and on the payment of a fee of four annas, grant a certificate of the marriage

The certificate shall be signed by such licensed person, and shall be received in any suit touching the validity of such marriage as conclusive proof of its having been performed

Register Book to be kept

62 A register book of all marriages of which certificates are granted under section sixty-one, shall be kept by the person granting such certificates in his own vernacular language

Such register book shall be kept according to such form as the Local Government from time to time prescribes in this behalf, and true extracts therefrom, duly authenticated, shall be deposited at such places as the Local Government directs

Searches in Register Book and copies of entries

63 Every person licensed under this Act to grant certificates of marriage, and keeping a marriage register book under section sixty-two, shall, at all reasonable times, allow search to be made in such book, and shall, on payment of the proper fee, give a copy, certified under his hand, of any entry therein

Books in which marriages of Native Christians under Part I or Part III are registered

64 The provisions of sections sixty-two and sixty-three as to the form of the register book, depositing extracts therefrom, allowing searches thereof, and giving copies of the entries therein, shall,

সাক্ষাৎ এক জন অন্যের প্রতি এই কথা, অথবা এই মর্ম্মের কথা কহেন অর্থাৎ

সর্ব্ব শক্তিমান পরমেশ্বরের সাক্ষাৎ ও আমারদের প্রভু যীশু খ্রীষ্টের নামে আমি শ্রী অমুক, অমুকি নাম্নী (শ্রীমতী অমুকী) তোমাকে আমার বৈধ বিবাহিতা পত্নী (কি বৈধ বিবাহিত পতি) বলিয়া গ্রহণ করিলাম ও উপস্থিত সমস্ত ব্যক্তিকে এই বিষয়ের সাক্ষী মানিলাম।

কিন্তু বিবাহার্থি একতর ব্যক্তির যদি অষ্টাদশ বৎসর বয়স পূর্ণ না হয়, তবে ১৯ ধারামতে যে ব্যক্তির অনুমতি লওয়া প্রয়োজন ঐ সঙ্কল্পিত বিবাহ বিষয়ে তাঁহার অনুমতি না হইলে কিম্বা তদ্রূপ অনুমতি দিবার ক্ষমতাপন্ন কোন ব্যক্তি না থাকিলে এই অধ্যায়মতে বিবাহের সর্টিফিকট দেওয়া যাইবে না ইতি।

সর্টিফিকট দিবার কথা।

৬১ ধারা। এই অধ্যায়মতে যে বিবাহ সাধন হইবে তৎসম্পর্কে ৬০ ধারার নির্দ্দিষ্ট নিয়ম পালন হইলে পূর্ব্বোক্ত লাইসেন্স প্রাপ্ত যে ব্যক্তির সাক্ষাৎ উক্ত প্রতিজ্ঞা করা যায় তিনি ঐ বিবাহ সম্বন্ধীয় একতর ব্যক্তির প্রার্থনামতে চারি আনা ফী লইয়া ঐ বিবাহের সর্টিফিকট দিবেন।

সেই সর্টিফিকেট উক্ত লাইসেন্স প্রাপ্ত ব্যক্তি স্বাক্ষর করিবেন। এবং ঐ বিবাহের সিদ্ধতা বিষয়ে কোন মোকদ্দমা উপস্থিত হইলে সেই সর্টিফিকট ঐ বিবাহ সাধন হইবার সিদ্ধ প্রমাণস্বরূপ গ্রাহ্য হইবে ইতি।

রেজিষ্টরী বহী রাখিবার কথা।

৬২ ধারা। ৬১ ধারামতে বিবাহের যে সকল সর্টিফিকট দেওয়া যায়, যে ব্যক্তি সর্টিফিকট দেন তিনি স্বদেশীয় ভাষায় ঐ বিবাহের রেজিষ্টরী বহী লিখিয়া রাখিবেন।

স্থানীয় গবর্ণমেন্ট সময়ে২ ঐ রেজিষ্টরী বহী লিখিবার যে পাঠ নিরূপণ করেন তদনুসারে লেখা যাইবে। এবং সেই বহী হইতে উদ্ধৃত কথা উপযুক্তমতে স্বাক্ষরিত হইলে স্থানীয় গবর্ণমেন্ট যে২ স্থান নিরূপণ করেন সেই২ স্থানে রাখা যাইবে ইতি।

রেজিষ্টরী বহীতে অনুসন্ধান লইবার ও কথার নকল দিবার কথা।

৬৩ ধারা। এই আইনমতে বিবাহের সর্টিফিকট দিবার লাইসেন্স প্রাপ্ত যে ব্যক্তির নিকটে ৬২ ধারামতে বিবাহের রেজিষ্টরী বহী থাকে, তিনি উপযুক্ত সকল সময়ে ঐ বহীতে অনুসন্ধান লইবার অনুমতি দিবেন, এবং উপযুক্ত ফী পাইলে ঐ বহীর লিখিত কোন কথার নকল করাইয়া তাহাতে সর্টিফিকট লিখিয়া স্বাক্ষর করিয়া দিবেন ইতি।

১ কি ৩ অধ্যায়মতে এদেশীয় খ্রীষ্টিয়ানদের বিবাহ যে বহীতে রেজিষ্টরী করা যায় তাহার কথা।

৬৪ ধারা। রেজিষ্টরী বহী লিখিবার পাঠের বিষয়ে ও তাহাহইতে উদ্ধৃত কথা রাখিবার বিষয়ে ও ঐ বহীর লিখিত কথার অনুসন্ধান লওয়ার ও নকল করিয়া দিবার বিষয়ে ৬২ ও ৬৩

mutatis mutandis, apply to the books kept under section thirty seven

65 This Part of this Act, except so much of sections sixty-two and sixty-three as are referred to in section sixty-four, shall not apply to marriages between Roman Catholics But nothing herein contained shall invalidate any marriage celebrated between Roman Catholics under the provisions of Part V of Act No XXV of 1861, previous to the twenty-third day of February 1865.

Part VI not to apply to Roman Catholics. Saving of certain marriages

PART VII

PENALTIES

66 Whoever, for the purpose of procuring any marriage, intentionally makes any false oath or signs any false notice or certificate required by this Act, shall be deemed guilty of the offence described in section one hundred and ninety three of the Indian Penal Code

False oath, notice or certificate for procuring marriage

67 Whoever forbids the issue by a Marriage Registrar of a certificate by falsely representing himself to be a person whose consent to the marriage is required by law, knowing or believing such representation to be false, or not having reason to believe it to be true, shall be deemed guilty of the offence described in section two hundred and five of the Indian Penal Code

Forbidding, by false personation, issue of certificate by Marriage Registrar

68 Whoever, not being authorized under this Act to solemnize a marriage in the absence of a Marriage Registrar of the district in which such marriage is solemnized, knowingly solemnizes a marriage between persons one or both of whom is or are a Christian or Christians, shall be punished with imprisonment, which may extend to ten years, or (in lieu of a sentence of imprisonment for seven years or upwards) with transportation for a term of not less than seven years and not exceeding ten years,

Solemnizing marriage without due authority

or, if the offender be an European or American, with penal servitude according to the provisions of Act No XXIV of 1855 (*to substitute penal servitude for the punishment of transportation in respect of European and American convicts*

ধারায় যে২ বিধান আছে তাহার কথা প্রয়োজনমতে পরিবর্ত্তন করিলে সেই বিধান ৩৭ ধারামতে যে বহী রাখিতে হইবে তাহার প্রতিও বর্ত্তে ইতি।

৬৫ ধারা। ৬৪ ধারায় ৬২ ও ৬৩ ধারার যে কথার উল্লেখ হইয়াছে তদ্ভিন্ন এই আইনের এই অধ্যায় রোমনকাথলিক লোকদের বিবাহের প্রতি খাটিবে না। কিন্তু ১৮৬৫ সালের ফেব্রুআরি মাসের ২৫ তারিখের পূর্ব্বে ১৮৬৪ সালের ২৫ আইনের পঞ্চম অধ্যায়ের বিধানমতে রোমনকাথলিক লোকদের মধ্যে যে বিবাহ হইয়াছে তাহা এই আইনের কোন কথাদ্বারা অসিদ্ধ হইবে না ইতি।

কোন২ বিবাহছাড়া রোমনকাথলিকদের প্রতি ষষ্ঠ অধ্যায় না বর্ত্তিবার কথা।

সপ্তম অধ্যায়।

দণ্ডের বিধি।

৬৬ ধারা। এই আইনমতে যে শপথ করিবার, ও যে নোটিস কি সর্টিফিকট দিবার আজ্ঞা হইল, কোন ব্যক্তি কাহারো বিবাহ হইবার উদ্দেশে জ্ঞানপূর্ব্বক তদ্রূপ শপথ মিথ্যা করিলে, কিম্বা কোন মিথ্যা নোটিসে কি সর্টিফিকটে স্বাক্ষর করিলে সেই ব্যক্তি ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ১৯৩ ধারার নির্দ্দিষ্ট অপরাধের অপরাধী বলিয়া জ্ঞান হইবেন ইতি।

বিবাহ হইবার উদ্দেশে মিথ্যা শপথের কি নোটিসের কি সর্টিফিকটের দণ্ডের কথা।

৬৭ ধারা। বিবাহ করণার্থে আইনমতে যে ব্যক্তির সম্মতির প্রয়োজন, যদি কোন পুরুষ কি স্ত্রী মিথ্যা করিয়া আপনাকে তদ্রূপ ব্যক্তি বলিয়া প্রকাশ করেন, ও সেই কথা মিথ্যা জানিয়া কি বিশ্বাস করিয়া কিম্বা সত্য জ্ঞান করিবার কারণ বিনা বিবাহের রেজিষ্ট্রারের দ্বারা সর্টিফিকট দিতে নিষেধ করেন, তবে সেই ব্যক্তি ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ২০৫ ধারার নির্দ্দিষ্ট অপরাধের অপরাধী বলিয়া জ্ঞান হইবেন ইতি।

আপনাকে অন্য ব্যক্তি বলিয়া বিবাহের রেজিষ্ট্রারের সর্টিফিকট দিতে নিষেধ করিলে দণ্ডের কথা।

৬৮ ধারা। যাঁহাদের এক কি উভয় ব্যক্তি খ্রীষ্টীয়ান এমত ব্যক্তিদের বিবাহ যে ডিসট্রিক্টের মধ্যে সাধন হয়, সেই ডিসট্রিক্টের বিবাহের রেজিষ্ট্রারের অনুপস্থানে যদি অন্য ব্যক্তি এই আইনমতে বিবাহ সাধনের ক্ষমতা প্রাপ্ত না হইলেও জ্ঞানপূর্ব্বক তাঁহারদের বিবাহ সাধন করেন, তবে সেই ব্যক্তির দশ বৎসর পর্য্যন্ত কারাদণ্ড হইতে পারিবে, অথবা সাত বৎসর কি তদধিক কাল কারদণ্ড হওনের পরিবর্ত্তে তাহার সাত বৎসরের অন্যূন ও দশ বৎসরের অনধিক কাল দ্বীপান্তর প্রেরণ দণ্ডের আজ্ঞা হইতে পারিবে।

উপযুক্ত ক্ষমতা না পাইয়া বিবাহ সাধন করিবার কথা।

সেই অপরাধী যদি ইউরোপীয় কি আমেরিকা দেশীয় লোক হন, তবে ১৮৫৫ সালের ২৪ আইনের (অর্থাৎ ইউরোপীয় ও আমেরিকা দেশীয় বন্দীগণের দ্বীপান্তর প্রেরণ দণ্ডের পরিবর্ত্তে খাটুনির দণ্ড নিরূপণ করণের আর ঐ প্রকার বন্দীগণকে স্থানান্তর করি-

and to amend the law relating to the removal of such convicts),
and shall also be liable to fine

69. Whoever knowingly and wilfully solemnizes a marriage between persons, one or both of whom is or are a Christian or Christians, at any time other than between the hours of six in the morning and seven in the evening, or in the absence of at least two credible witnesses other than the person solemnizing the marriage, shall be punished with imprisonment for a term which may extend to three years, and shall also be liable to fine

Solemnizing marriage out of proper time, or without witnesses

This section does not apply to marriages solemnized under special licenses granted by the Anglican Bishop of the Diocese or by his Commissary, nor to marriages performed between the hours of seven in the evening and six in the morning by a Clergyman of the Church of Rome, when he has received the general or special license in that behalf mentioned in section ten.

Saving of marriages solemnized under special license,

70. Any Minister of Religion licensed to solemnize marriages under this Act, who, without a notice in writing, or when one of the parties to the marriage is a minor, and the required consent of the parents or guardians to such marriage has not been obtained, within fourteen days after the receipt by him of notice of such marriage, knowingly and wilfully solemnizes a marriage under Part III, shall be punished with imprisonment for a term which may extend to three years, and shall also be liable to fine

Solemnizing, without notice or within fourteen days after notice, marriage with minor,

71 A Marriage Registrar under this Act, who commits any of the following offences —

Issuing certificate, or marrying, without publication of notice,

(1) knowingly and wilfully issues any certificate for marriage, or solemnizes any marriage, without publishing the notice of such marriage as directed by this Act,

(2) after the expiration of two months from the issue by him of a certificate in respect of any marriage solemnizes such marriage,

Marrying after expiry of certificate,

বার আইন সংশোধন করণের আইনের) বিধানমতে তাঁহার দণ্ডরূপ পরিশ্রম করণের আজ্ঞা হইতে পারিবে এবং তাঁহার অর্থদণ্ডও হইতে পারিবে ইতি।

৬৯ ধারা। বিবাহার্থি ব্যক্তিদের এক কি উভয় খ্রীষ্টীয়ান হইলে যদি কোন ব্যক্তি জ্ঞানপূর্ব্বক ও ইচ্ছাক্রমে পূর্ব্বাহ্ণের ৬ ঘন্টা ও অপরাহ্ণের ৭ ঘন্টার মধ্য সময়ভিন্ন কোন সময়ে কিম্বা যে ব্যক্তি বিবাহ সাধন করেন তদ্ব্যতীত অন্যূন দুই জন প্রামাণিক সাক্ষী না থাকিলে সেই ব্যক্তিদের বিবাহ সাধন করেন, তবে তাঁহার তিন বৎসর পর্য্যন্ত কারাদণ্ড হইবে এবং তাঁহার অর্থদণ্ডও হইতে পারিবে।

নিরূপিত সময় ভিন্ন অন্য সময়ে কিম্বা সাক্ষিদের অনুপস্থানে বিবাহ সাধনের দণ্ডের কথা।

ডৈওসীসের আঙ্গলিকান বিশপ সাহেবের কিম্বা তাঁহার কমিসরি সাহেবের দত্ত বিশেষ লাইসেন্সের বলে যেং বিবাহ সাধন হয়, তাহার প্রতি এই ধারার বিধান বর্ত্তিবে না। এবং চর্চ অফ রোমের যে কোন পাদরী সন্ধ্যাকালের ৭ ঘন্টার ও প্রাতঃকালের ৬ ঘন্টার মধ্যে কোন বিবাহ সাধন করেন, তিনি যদি তৎপক্ষে ১০ ধারার উল্লিখিত সাধারণ কি বিশেষ লাইসেন্স পাইয়া থাকেন, তবে উক্ত বিধান সেই বিবাহের প্রতিও বর্ত্তিবে না ইতি।

কিন্তু বিশেষ অনুমতি লইয়া যে বিবাহ সাধন হয় তৎপ্রতি এই বিধি না খাটিবার কথা।

৭০ ধারা। এই আইনমতে বিবাহ সাধন করিবার লাইসেন্স প্রাপ্ত কোন ধর্ম্মাচার্য্য লিখিত নোটিস না পাইয়া, কিম্বা পাইলেও বিবাহার্থি একতর ব্যক্তি অপ্রাপ্তব্যবহার হইলে, তাঁহাদের বিবাহ বিষয়ে প্রয়োজনমতে পিতামাতার কি অভিভাবকের অনুমতি না পাইয়া যদি ঐ বিবাহের নোটিস পাইবার পর চতুর্দ্দশ দিনের মধ্যে জ্ঞানপূর্ব্বক ও ইচ্ছাক্রমে তৃতীয় অধ্যায়মতে সেই বিবাহ সাধন করেন, তবে তাঁহার তিন বৎসরের অনধিক কারাদণ্ড হইবে, এবং তাঁহার অর্থদণ্ডও হইতে পারিবে ইতি।

নোটিস বিনা কিম্বা একতর ব্যক্তি অপ্রাপ্তব্যবহার হইলে নোটিস পাইবার পর চৌদ্দদিনের মধ্যে বিবাহ সাধনের দণ্ডের কথা।

৭১ ধারা। এই আইনমত বিবাহের রেজিষ্ট্রার যদি নিম্নলিখিত কোন অপরাধ করেন অর্থাৎ—

(১) এই আইনের বিধানমতে বিবাহের নোটিস প্রকাশ না করিয়া যদি জ্ঞানপূর্ব্বক ও ইচ্ছাক্রমে বিবাহের কোন সার্টিফিকট দেন কিম্বা বিবাহ সাধন করেন,

নোটিস প্রভৃতি প্রকাশ না করিয়া সর্টিফিকট দিবার কি বিবাহ সাধন করিবার দণ্ডের কথা।

(২) কিম্বা কোন বিবাহের সার্টিফিকট দেওন অবধি দুই মাস অতীত হইলে পর যদি সেই বিবাহ সাধন করেন,

সর্টিফিকটের মিয়াদ অতীত হইলে পর বিবাহ সাধন করিবার কথা।

* [*Government Gazette*, 13*th August* 1872]

১৮৭২ সাল ১৭ জুলাই।—১৮৬৭ সালের বঙ্গীয় ২ আইনের (অর্থাৎ বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন দেশে সাধারণ দ্যূতক্রীড়া ও সাধারণ দ্যূতগৃহ রাখিবার দণ্ডবিধায়ক আইনের) ২ ধারামতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি যে ক্ষমতা অর্পিত হইয়াছে তদনুসারে তিনি উক্ত আইনের বিধান পাটনা জিলার অন্তর্গত খাগোল গ্রাম সমাজে প্রচলিত করিয়াছেন।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

[Third Publication]

NOTIFICATION

The 23rd July 1872.—The under-mentioned villages, situated in "Ghat Bhedoor Pedda," (including the road from "Berae Nuddee" to "Murar Phari," and the branch road from "Kola-

[তৃতীয়বার প্রকাশিত।]

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ২৩ জুলাই।—বেরাই নদী অবধি মুরার পাঁড়িপর্যন্ত পথ ও কোলাচিনা কাঁড় অবধি বিষ্ণুপুর পর্যন্ত শাখাপথ সমেত ঘাট ভেদুয়া পেদ্দাস্থ নিম্নলিখিত সকল গ্রাম বাঁকুড়ার জিলার অন্তর্গত উক্ত থানা

chia Phari" to "Bishenpore,") are transferred from Thannah Ondah, in district Bancoorah, to Thannah Bishenpore in the said district —

Dadusbaree.
Koosumbunee, &c
Bunkatee
Baoreedanga
Jhuria.
Pedda.
Bhedooa
Khureekasoolee.
Khoohamooree, &c.
Moogeemoora.
Bridbaree
Ghooghemoora
Kurra
Harabutee.
Dengasol
Peerragora, &c.
Heekimdanga
Loharee
Choorkoondee
Bhalookkholay.

Gooabaree Moldanga Dalaldanga Fukeerdanga	Uninhabited

A MACKENZIE,
Offg Secy to the Govt of Bengal

[First Publication]

NOTIFICATION

The 30th July 1872 — In continuation of the Notification dated the 14th October 1871, published at page 1911 of the *Calcutta Gazette* of the 1st November 1871, authorizing the extension of the provisions of Act XXII of 1869 to the District of the Khasi and Jynteah Hills, the Lieutenant-Governor is pleased, under Section 5, of the same Act, to issue the following detailed rules for the administration of civil and criminal justice and police in the said district —

Rules for the Administration of Justice and Police in the Jynteah Hills and such portions of the Khasi Hills as have been constituted British Territory

I — GENERAL

1 THE administration of the country known as the Khasi and Jynteah Hills is vested in the Commissioner of Assam, the Deputy Commissioner of the Khasi and Jynteah Hills, his assistants, and the native siems, wahadadars, sirdars, dollois, pattors, and lungdohs, or such other classes of officers as the Hon'ble the Lieutenant-Governor of Bengal may see fit from time to time to appoint

হইতে উঠাইয়া ঐ জিলার বিষ্ণুপুরের থানাভুক্ত করা গেল।

বাদশ বাড়ী।
কুসমবনী প্রভৃতি।
বনকাটি।
বাউরিডাঙ্গা।
ঝরিয়া।
পেদ্দা।
ভেদুয়া।
খুরিকাসুলি।
খুলিয়ামুরি প্রভৃতি।
মুগিমুরা।
বৃন্দবাড়ী।
ঘুঘেমুরা।
করর।
হারাবুটি।
ডাঙ্গাসোল।
পিররাগোরা প্রভৃতি।
হিকিমডাঙ্গা।
লোহারি।
চুরকুণ্ডি।
ভালুকখোলাই।

গুয়াবাড়ী মোলডাঙ্গা দালালডাঙ্গা ফকিরডাঙ্গা	জন শূন্য স্থান।

এ মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

[প্রথম প্রকাশ]

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ৩০ জুলাই। —১৮৬৯ সালের ২২ আইনের বিধান খাসি ও জয়ন্তীয়া পর্ব্বত প্রদেশে প্রচলিত করা যায়, ১৮৭১ সালের ১৪ অক্টোবরের এই মর্ম্মের যে জ্ঞাপনপত্র ১৮৭১ সালের নবেম্বর মাসের ৭ তারিখের বাঙ্গলা গেজেটের ১৫৪৬ পৃষ্ঠায় প্রকাশ করা গেল, তদবলম্বনে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ঐ আইনের ৫ ধারামতে ঐ প্রদেশের দেওয়ানী ও ফৌজদারী ও পোলীসসংক্রান্ত কার্য্য নির্ব্বাহ হইবার নিম্নলিখিত বিস্তারিত বিধি প্রচার করিতেছেন।

খাসি পর্ব্বতের যে অংশ ব্রিটনীয়দের শাসিত দেশের অন্তর্গত করা গেল সেই অংশের এবং জয়ন্তীয়া পর্ব্বতের বিচার ও পোলীসসংক্রান্ত কার্য্য নির্ব্বাহার্থ বিধি।

১। —সাধারণ।

১। খাসী ও জয়ন্তীয়া পর্ব্বত নামে যে দেশ খ্যাত আছে তাহার কর্তৃত্ব কার্য্য নির্ব্বাহ করিবার ভার আসামের কমিশ্যনর সাহেবের ও খাসি ও জয়ন্তীয়া পর্ব্বতের ডেপুটী কমিশ্যনরের ও তাঁহার সহকারি কর্ম্মকারকদের প্রতি ও দেশীয় সিয়েমদের ও ওয়াহাদাদারদের ও সর্দারদের ও দলইদের ও পাত্রদের ও লঙ্গদহদের প্রতি কিম্বা বঙ্গদেশের মান্যবর শ্রীযুত লেপ্টেনেণ্টগবরনর সাহেব তৎপক্ষে সময়ে২ অন্য যে২

in that behalf, subject to the exceptions and restrictions and rules hereinafter recorded

2 The following rules apply to all villages and tracts subject to British jurisdiction

II.—POLICE

3 The police of the Khasi and Jynteah Hills shall consist of—

(*a*)—Regular police, subject to Act V of 1861

(*b*)—Rural police, consisting of sirdars, dollois, pattors, lungdohs, and other village authorities recognized as such by the Deputy Commissioner with their subordinate village authorities

4 The control of the police in the Khasi and Jynteah Hills is vested in the Deputy Commissioner, acting under the orders of the Commissioner of Assam or such other officers as the Hon'ble the Lieutenant-Governor of Bengal may from time to time appoint Misconduct on the part of regular police shall be punished in accordance with Act V of 1861 and the Penal Code, or any special law which may hereafter be extended to the Khasi and Jynteah Hills Misconduct on the part of rural police is punishable by fine, which may extend to Rs 500, or by imprisonment to an extent which would be awardable under the Penal Code for a like offence Imprisonment may be awarded in lieu of fine, but only by the Deputy Commissioner or other officers duly authorized

5 An appeal lies from all orders of sirdars, dollois, and other chief village authorities in police matters to the Deputy Commissioner, whose orders are final But the Commissioner may call for the proceedings and modify or revise any order should he think fit

6 The ordinary rules of the Bengal police shall, as far as they are applicable, be observed by the regular police, and all returns in matters of account, and all registers required to be kept by the Bengal police, as far as they are applicable, shall be made and kept up

The Commissioner shall exercise the powers of an Inspector-General of Police as defined by section 3, Act VII (B C) of 1869 the Deputy Commissioner shall exercise the powers of District Superintendent of Police the Assistant or Extra Assistant Commissioner the power of Assistant Superintendent of Police

শ্রেণীর কর্ম্মকারকদিগকে নিযুক্ত করা উচিত জ্ঞান করেন তাঁহারদের প্রতি অর্পিত হইবে। কিন্তু ইহার পশ্চাদ্ভাগে যে কথা বর্জ্জিত ও নিষিদ্ধ হইল ও যে বিধি লেখা গেল তাহা প্রবল মানিতে হইবে।

২। যে সকল গ্রাম ও ভূমিখণ্ড ব্রিটনীয়দের কর্তৃত্বাধীন আছে নিম্নলিখিত বিধি তাহার প্রতি খাটিবে।

২। পোলীসের কথা।

৩। ইহারদিগকে লইয়া খাসি ও জয়ন্তীয়া পর্ব্বতের পোলীস হইবে।

(ক) নিয়মিত পোলীস। এই পোলীস ১৮৬১ সালের ৫ আইনের অধীন থাকিবে।

(খ) গ্রাম্য পোলীস। সরদার ও দলই ও পাত্র ও লঙ্গদহদিগকে লইয়া এবং ডেপুটী কমিশ্যনর সাহেব গ্রামীয় অন্য যে কর্তৃপক্ষদিগকে কর্তৃপক্ষ বলিয়া স্বীকার করেন তাঁহারদিগকে ও তাঁহারদের অধীন গ্রামীয় কার্য্যকারকদিগকে লইয়া ঐ পোলীস হইবে।

৪। খাসি ও জয়ন্তীয়া পর্ব্বতের পোলীসের কর্তৃত্বভার আসামের কমিশ্যনর সাহেবের আজ্ঞাবশে কর্ম্মকারি ডেপুটী কমিশ্যনর সাহেবের প্রতি কিম্বা বঙ্গদেশের মানবর শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব সময়ান্তরে অন্য যে কার্য্যকারকদিগকে নিযুক্ত করেন তাঁহারদের প্রতি অর্পিত হইবে। নিয়মিত পোলীসের কোন ব্যক্তি অত্যাচার করিলে ১৮৬১ সালের ৫ আইন ও দণ্ডবিধির আইনমতে কিম্বা ইতঃপরে খাসি ও জয়ন্তীয়া পর্ব্বতে বিশেষ অন্য যে আইন প্রচলিত করা যায় তদনুসারে তাহার দণ্ড হইবে। গ্রামীয় পোলীসের অত্যাচার হইলে ৫০০ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে কিম্বা দণ্ডবিধির আইনমতে সেই অপরাধ হেতুক যত কাল কারাদণ্ড হইতে পারে তত কাল কারাদণ্ড হইবে। অর্থদণ্ডের পরিবর্ত্তে কারাদণ্ডের আজ্ঞা হইতে পারিবে কিন্তু কেবল ডেপুটী কমিশ্যনর সাহেব কিম্বা উপযুক্তমতে ক্ষমতাপন্ন অন্য কার্য্যকারক সেই আজ্ঞা করিতে পারিবেন।

৫। পোলীস-সংক্রান্ত বিষয়ে সরদারেরা ও দলইরা ও গ্রামের অন্য প্রধান কর্তৃপক্ষেরা যে আজ্ঞা করেন তাহার উপর ডেপুটী কমিশ্যনর সাহেবের নিকট আপীল হইতে পারিবে ও তাঁহার আজ্ঞা চূড়ান্ত হইবে। কিন্তু কমিশ্যনর সাহেব উচিত বোধ করিলে মোকদ্দমার কাগজের বিবরণ আনাইয়া কোন আজ্ঞা অন্যথা কি অসিদ্ধ করিতে পারিবেন।

৬। বেঙ্গাল পোলীসের সাধারণ বিধি যত দূর খাটিতে পারে নিয়মিত পোলীস তত দূর সেই বিধি মানিয়া কর্ম্ম করিবে। এবং বেঙ্গাল পোলীসের যে হিসাবের নিকাশ দিবার ও যে সকল রেজিষ্টর রাখিবার আজ্ঞা হয় তাহা যত দূর খাটিতে পারে তত দূর দিতে ও রাখিতে হইবে।

১৮৬৯ সালের বঙ্গীয় ৭ আইনের ৩ ধারায় পোলীসের ইনস্পেক্টর জেনরল সাহেবের যে সকল ক্ষমতা নির্দ্দিষ্ট হইয়াছে, কমিশ্যনর সাহেব সেই ক্ষমতামতে কার্য্য করিবেন। ডেপুটী কমিশ্যনর সাহেব পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেন্টের ক্ষমতামতে কার্য্য করিবেন। আসিষ্টান্ট কি অতিরিক্ত আসিষ্টান্ট কমিশ্যনর সাহেব পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেন্টের ক্ষমতামতে কার্য্য করিবেন।

7 The regular police shall only act, when required to do so, by general or special order of the Commissioner, Deputy Commissioner, or other officer duly authorized, who may assign to the force any portion of the duties of police, under Act V of 1861, in any locality

8 The ordinary duties of police shall be discharged by the sirdars and dollois, and other village authorities duly authorized by the Deputy Commissioner They shall arrest all criminals, and repress all disorders within their respective jurisdictions

9 It is the duty of the sirdars, dollois, and other chief village authorities to report to the Deputy Commissioner all crimes, violent deaths, or serious accidents occurring in their districts, and all occurrences, whether within or beyond their jurisdictions, which may come to their knowledge likely to affect the public peace, at the earliest possible moment, and to deliver up offenders as soon as may be to the officer authorized to try them

10 The sirdars, dollois, and other village authorities shall watch and report, and in very emergent cases may apprehend and deliver up vagrants or bad and suspicious characters found in their jurisdictions

11 On the occurrence of any heinous crime* in his district, any village officer who may be by custom or appointment charged with the duty of arresting criminals shall at once apprehend the offender, if able, and in any case at once report to the sirdar, or dolloi, or other chief village authority, who, if the offender has not been apprehended, will proceed without delay to the place where the crime occurred, and inquire into the matter If a crime beyond his cognizance has been committed, he will immediately report it to the Deputy Commissioner or other duly authorized officer, whether the offender has been apprehended or not

* Heinous crimes

- Rebellion
- Riot
- Counterfeiting coin or passing counterfeit coin
- Murder
- Wounding to the injury of life or limb
- Rape
- Theft
- Robbery
- Dacoity
- Cattle stealing
- Arson
- House breaking
- Forgery

৭। কমিশ্যনর সাহেবের কিম্বা ডেপুটী কমিশ্যনর সাহেবের কিম্বা নিয়মমতে ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারকের সাধারণ কি বিশেষ আজ্ঞাক্রমে নিয়মিত পোলীসের প্রতি কোন কার্য্য করিতে আজ্ঞা হইলে তাহারা কার্য্য করিবে নতুবা নয়। ১৮৬১ সালের ৫ আইনমতে পোলীসের যে কর্ম্ম করা কর্ত্তব্য তাঁহারা কোন স্থানে উক্ত পোলীসদলের প্রতি সেই কর্ম্মের কোন অংশ অর্পণ করিতে পারিবেন।

৮। সরদারেরা ও দলইরা ও গ্রামের অন্য যেং কর্ত্তৃপক্ষেরা ডেপুটী কমিশ্যনর সাহেবের নিকট নিয়মমতে ক্ষমতাপ্রাপ্ত হন তাঁহারা পোলীসের চলিত কার্য্য চালাইবেন। তাঁহারা আপনং এলাকার অন্তর্গত সকল অপরাধিকে ধরিবেন এবং অনিয়মিত অবৈধ ক্রিয়া সকল বারণ করিবেন।

৯। সরদারেরা ও দলইরা ও গ্রামের অন্যান্য প্রধান কর্ত্তৃপক্ষেরা আপনং পল্লিতে কোন অপরাধ বা অপঘাত মৃত্যু বা গুরুতর দুর্ঘটনা বা যাহাতে সাধারণের শান্তি ভঙ্গ হইবার সম্ভাবনা এমত কোন দুর্ঘটনা আপনং এলাকার মধ্যগত কোন স্থানে কিম্বা তাহার বাহিরে ঘটিয়াছে জানিতে পারিলে, অবিলম্বে ডেপুটী কমিশ্যনর সাহেবের নিকট রিপোর্ট করিবেন, এবং যে কর্ম্মকারক সেইমত অপরাধি ব্যক্তিদিগের বিচার করিতে ক্ষমতাপ্রাপ্ত হন সাধ্যমতে ত্বরায় সেই কর্ম্মকারকের নিকট ঐ অপরাধিদিগকে চালান করিবেন।

১০। সরদারেরা ও দলইরা ও গ্রামের অন্যান্য কর্ত্তৃপক্ষ আপনং এলাকায় কোন ভ্রমণকারি কিম্বা মন্দ ও সন্দিগ্ধ চরিত্রের লোকদিগকে দেখিতে পাইলে তাহাদের প্রতি দৃষ্টি রাখিয়া রিপোর্ট করিবেন এবং অত্যাবশ্যক হইলে তাহাদিগকে ধরিয়া চালান করিবেন।

১১। অপরাধিকে ধরিয়া দেওয়া রীতিমতে গ্রামের কোন কার্য্যকারকের প্রতি বর্ত্তিলে কিম্বা তিনি সেই কর্ম্মে নিযুক্ত হইলে, যদি তাঁহার পল্লির মধ্যে কোন গুরুতর* অপরাধ করা যায় তবে তিনি পারিলে তৎক্ষণাৎ অপরাধিকে ধরিবেন। ও যে গতিকেই হউক সরদারের কি দলইর কিম্বা গ্রামের অন্য প্রধান কর্ত্তৃপক্ষের নিকট সেই কথার রিপোর্ট করিবেন, অপরাধিকে ধরা না গেলে ঐ সরদার প্রভৃতি রিপোর্ট পাইলেই যে স্থানে অপরাধ করা গেল তাঁহারা অবিলম্বে সেই স্থানে গিয়া ঐ বিষয়ের তদন্ত লইবেন। ঐ অপরাধ তাঁহার বিচারের ক্ষমতার বহির্ভূত হইলে অপরাধিকে ধরা যাউক কি না যাউক তিনি অগৌণে ডেপুটী কমিশ্যনরের কিম্বা উপযুক্ত ক্ষমতাপন্ন অন্য কার্য্যকারকের নিকট সেই বিষয়ের রিপোর্ট করিবেন।

* গুরুতর অপরাধ এইং

- রাজদ্রোহ।
- হঙ্গামা।
- মুদ্রা কৃত্রিম করণ কি কৃত্রিম মুদ্রা চালাওন।
- বধ।
- প্রাণের কি অঙ্গের হানিজনকরূপে আঘাত করণ।
- বলাৎকার।
- চৌর্য্য।
- দস্যুতা।
- ডাকাইতী।
- গো মেষাদি চুরি করণ।
- গৃহ দাহ।
- গৃহে অনধিকার প্রবেশ।
- জাল করণ।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭২। ১৩ আগষ্ট।]

12. Sirdars, dollois, and all other village authorities may pursue with hue and cry and apprehend an offender fleeing beyond their jurisdiction, and arrest him; but ordinarily no sirdar, dolloi, or village authority shall attempt to arrest an offender beyond his own jurisdiction without the cognizance and co-operation of the sirdar, dolloi, or chief village authority of the village to which the offender has fled. When an offender is traced from one village to another, it will be sufficient to point him out to the sirdar, dolloi, or other competent authority of the village to which the offender has fled, and request him to make the arrest.

১২। কোন অপরাধী সরদারদের কি দলইদের কি গ্রামের অন্য কর্ত্তৃপক্ষের এলাকার বহিভূর্ত স্থানে পলাইয়া গেলে তাঁহারা সোরগোল করিয়া তাহার পশ্চাৎ২ গিয়া ধরিয়া আটক করিয়া রাখিতে পারিবেন। কিন্তু অপরাধী পলায়ন করিয়া যে গ্রামে যায় সামান্যতঃ সেই গ্রামের সরদারকে কি দলইকে কিম্বা প্রধান অন্য কর্ত্তৃপক্ষকে না জানাইয়াও তাঁহার সাহায্য না পাইয়া আপন এলাকার বহিভূর্ত সেই গ্রামে অপরাধিকে ধরিতে চেষ্টা করিবেন না। এক গ্রামহইতে অন্য গ্রামে অপরাধির যাইবার সন্ধান পাওয়া গেলে যে গ্রামে গিয়াছে অপরাধিকে সেই গ্রামের সরদারকে কি দলইকে কিম্বা উপযুক্ত ক্ষমতাপন্ন অন্য কর্ত্তৃপক্ষকে দেখাইয়া দিয়া তাহার প্রতি ধরিবার আদেশ করিলেই কার্য্য চলিবে।

13. When the sirdars, dollois, or other chief village authorities feel unable to arrest an offender, they must apply to the Deputy Commissioner, or any officer duly authorized, to grant them the aid of the regular police.

১৩। সরদারেরা কি দলইরা কিম্বা গ্রামের প্রধান অন্য কর্ত্তৃপক্ষেরা অপরাধিকে ধরিতে পারিবে না জানিলে নিয়মিত পোলীসের সাহায্য পাইবার নিমিত্ত ডেপুটী কমিশ্যনরের নিকট কিম্বা উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারকের নিকট তাঁহাদের প্রার্থনা করিতে হইবে।

14. The sirdars, dollois, and other chief village authorities are empowered to arrest or cause to be arrested, and may also fine, all drunkards and other disorderly persons found brawling out of their houses, and all persons found gambling, the fine not to exceed that awardable under their powers in criminal matters as hereinafter defined.

১৪। মাতাল ও অনিয়মতাচারী কোন লোক আপন ঘরের বাহিরে গোলমাল করিলে ও কোন লোককে জুয়া খেলিতে দেখা গেলে সরদারের ও দলইরা ও গ্রামের অন্য প্রধান কর্ত্তৃপক্ষের তাহাদিগকে ধরিয়া কি ধরাইয়া জরিমানা করিতে পারিবেন। ইহার পশ্চাদ্ভাগে ফৌজদারী ব্যাপারে তাঁহারদিগকে যে ক্ষমতা দেওয়া গেল তদনুসারে তাঁহারা যত টাকা জরীমানা করিতে পারেন উক্ত ব্যক্তিদের তদধিক জরীমানা করিবেন না।

15. All the inhabitants of the Khasi and Jynteah Hills are bound to aid the regular police and village authorities, when required to do so, in the maintenance of order or the apprehension of offenders. Any person failing to do so is liable to fine, the fine to be adjudged by the sirdar, dolloi, or other chief village authority, to the extent he is empowered to award in criminal cases, or by the Deputy Commissioner, if fine beyond the amount the village authorities are authorized to impose is considered necessary. When the particular persons blameable for failure to aid in any community cannot be ascertained, the sirdar, dolloi, or chief village authority shall be considered responsible, and if it appears that the community is to blame, and that particular offenders cannot be discovered, a fine may be imposed upon the community, but by the Deputy Commissioner only.

১৫। সুনিয়ম পালন করিবার কিম্বা অপরাধিদিগকে ধরিয়া দিবার নিমিত্তে খাসি ও জয়ন্তীয়া পর্ব্বতবাসি কোন লোকের প্রতি সাহায্য করিবার আদেশ হইলে তাহারদিগকে নিয়মিত পোলীসের ও গ্রামের কর্ত্তৃপক্ষদের সাহায্য করিতেই হইবে। কোন ব্যক্তি সাহায্য না করিলে তাহার অর্থদণ্ড হইতে পারিবে। ঐ সরদার কি দলই কি গ্রামের ঐ কর্ত্তৃপক্ষ ফৌজদারী মোকদ্দমায় যত টাকা জরীমানা করিতে পারেন তিনি ঐ ব্যক্তির তত টাকা জরীমানার আজ্ঞা করিতে পারিবেন। কিন্তু গ্রামের কর্ত্তৃপক্ষেরা যত টাকা জরীমানা করিতে পারেন ঐ ব্যক্তির তদধিক জরীমানা করা আবশ্যক বোধ হইলে ডেপুটী কমিশ্যনর সাহেব তাহার জরীমানা করিবেন। সাহায্য না করাতে কোন গ্রামাদির কোন্২ ব্যক্তির প্রতি দোষ বর্ত্তে ইহা স্থির করিতে না পারা গেলে সরদার কি দলই কি গ্রামের কর্ত্তৃপক্ষ নিজে দায়ী হইবেন। ও গ্রামাদির লোকদের প্রতি ঐ দোষ বর্ত্তিলে কিন্তু দোষি বিশেষ ব্যক্তি স্থির করা যাইতে না পারিলে ঐ গ্রামাদির সমুদয় লোকের জরীমানা হইতে পারিবে কিন্তু কেবল ডেপুটী কমিশ্যনর সাহেব ঐ জরীমানা করিতে পারিবেন।

[*Government Gazette*, 13th August 1872.]

III.—Criminal Justice

16. Criminal justice shall be ordinarily administered by the Deputy Commissioner, his assistants, and by the sirdars, dollois, and other chief village authorities of the different communities.

17. The Deputy Commissioner shall be competent to pass sentence of death, or imprisonment for a term unlimited, or of fine up to any amount; provided that no sentence of death shall be carried into effect without the concurrence of the Commissioner and sanction of the Lieutenant-Governor, to whom the proceedings shall be submitted by the Commissioner if he concurs in the sentence; and no sentence of imprisonment for a term of seven years or upwards shall be carried into effect without the approval of the Commissioner. The Commissioner may enhance any sentence passed by his subordinates; but no offence shall be punished by a sentence exceeding that awardable under the provisions of the Indian Penal Code. Assistant Commissioners shall exercise such powers as they may be invested with by the Commissioner, not exceeding those of a Magistrate of the first class as defined in Act X of 1872.

18. Any sirdar, dolloi, or other chief village authority may be empowered by the Deputy Commissioner to dispose of cases of persons charged with any of the following offences:—

Injury to property not exceeding Rs. 50.

Injury to person not affecting life or limb.

House-trespass.

They may impose a fine for any offence they are competent to try to the extent of Rs. 50. They may award restitution or compensation to the extent of the injury sustained, and enforce it by distraint of the property of the offender. In cases in which the fine is not paid or realized either in whole *or in part*, they shall represent the facts and send in the offender to the Deputy Commissioner, who may retry the case and impose such other punishment as he is competent to inflict. Each sirdar, dolloi, or other chief village authority who may be empowered as above, shall receive a sunnud of recognition under the signature of the Deputy Commissioner.

19. Sirdars, dollois, or other duly recognized village authorities may carry out their decision, or order attachment of property as soon as judgment is pronounced, but in no case is property

৩।—ফৌজদারী মোকদ্দমার বিচারের বিধি।

১৬। ফৌজদারী মোকদ্দমার বিচার কার্য্য সাধারণতঃ ডেপুটী কমিশ্যনরের কিম্বা তাহার আসিষ্টাণ্টদের দ্বারা এবং নানা গ্রামাদির সরদারদের ও দলইদের ও গ্রামের অন্য প্রধান২ কর্ত্তৃপক্ষের দ্বারা নির্ব্বাহ করা যাইবে।

১৭। ডেপুটী কমিশ্যনর সাহেব প্রাণদণ্ডের আজ্ঞা কিম্বা যত কাল হউক তত কাল কারাদণ্ডের ও যত টাকার হউক তত টাকা অর্থদণ্ডের আজ্ঞা করিতে পারিবেন। কিন্তু প্রাণদণ্ডের আজ্ঞা হইলে কমিশ্যনর সাহেবের ও শ্রীযুত লেপ্টনেণ্ট গবর্ণর সাহেবের সম্মতি বিনা ঐ প্রাণদণ্ডের আজ্ঞা সাধন হইবে না। কমিশ্যনর সাহেব সম্মত হইলে মোকদ্দমার কার্য্যের বর্ণনাপত্র শ্রীযুত লেপ্টনেণ্ট গবর্ণর সাহেবের নিকট পাঠাইবেন। ও সাত বৎসর কি তাহার অধিক কাল কারাদণ্ডের আজ্ঞা হইলে, কমিশ্যনর সাহেবের সম্মতি বিনা সাধন হইবে না। অধীন কার্য্যকারকেরা যে দণ্ডের আজ্ঞা করেন কমিশ্যনর সাহেব তাহা বৃদ্ধি করিতে পারিবেন। কিন্তু ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনে যে অপরাধের যে দণ্ড নিরূপণ হইয়াছে তাহার অধিক দণ্ডের আজ্ঞা করিয়া সেই অপরাধের দণ্ড হইবে না। ১৮৭২ সালের ১০ আইনে প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের যে ক্ষমতা নির্দ্দিষ্ট হইল কমিশ্যনর সাহেব আসিষ্টাণ্ট কমিশ্যনরদের প্রতি তাহার অনধিক যে ক্ষমতা অর্পণ করেন তাঁহারা সেই ক্ষমতামতে কার্য্য করিবেন।

১৮। কোন ব্যক্তির নামে নিম্ন লিখিত অপরাধের অভিযোগ হইলে ডেপুটী কমিশ্যনর সাহেব কোন সরদারকে কি দলইকে কিম্বা গ্রামের অন্য প্রধান কর্ত্তৃপক্ষকে সেই অপরাধের মোকদ্দমা নিষ্পত্তি করিবার ক্ষমতা প্রদান করিতে পারিবেন।

৫০ টাকার অনধিক মূল্যের সম্পত্তির হানি করণ।

প্রাণের কি অঙ্গের হানি করণভিন্ন ব্যক্তির হানি করণ।

গৃহে অনধিকার প্রবেশ করণ।

তাঁহারা যে অপরাধের বিচার করিতে ক্ষমতাপন্ন হন তাহার ৫০ টাকা পর্য্যন্ত জরীমানার আজ্ঞা করিতে পারিবেন। কোন ব্যক্তির যত টাকা হানি হইল তত টাকা দিবার কিম্বা তত টাকা হানিপূরণ করিবার আজ্ঞা দিতে পারিবেন এবং অপরাধির সম্পত্তি ক্রোক করিয়া ঐ আজ্ঞা প্রবল করাইতে পারিবেন। জরীমানার টাকা না দেওয়া গেলে কিম্বা সমুদয় টাকা কি তাঁহার একাংশ আদায় করা গেলে তাঁহারা সেই বৃত্তান্তের আবেদন পত্র লিখিয়া অপরাধিকে ডেপুটী কমিশ্যনর সাহেবের নিকটে পাঠাইবেন। ডেপুটী কমিশ্যনর সাহেব সেই মোকদ্দমার পুনর্বিচার করিয়া অন্য যে দণ্ডের আজ্ঞা করিতে সক্ষম হন করিতে পারিবেন। যে সরদারকে কি দলইকে কিম্বা গ্রামের প্রধান অন্য যে কর্ত্তৃপক্ষকে পূর্ব্বোক্ত ক্ষমতা দেওয়া যায়, তাঁহারদিগকে ডেপুটী কমিশ্যনর সাহেবের স্বাক্ষরিত ঐ ক্ষমতা স্বীকার করণ সূচক সনদ দেওয়া যাইবে।

১৯। সরদারেরা কি দলইরা কিম্বা নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষগণ নিষ্পত্তি প্রকাশ করিলেই ঐ নিষ্পত্তি মতে কার্য্য করাইতে কিম্বা সম্পত্তি ক্রোক করিবার আজ্ঞা দিতে পারিবেন। কিন্তু যে ব্যক্তির

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭২। ১১ আগষ্ট।]

so attached to be sold, if the party convicted claim to appeal within eight days, without the orders of Deputy Commissioner

(*a*)—Sirdars, dollois, or other duly recognised village authorities may not decide in cases where their father, mother, son, daughter, wife, or the children, husbands, or wives, of any of these are concerned, or

(*b*)—Where the defendant is not a native of the Khasi and Jynteah Hills, or is not resident within their jurisdiction, or

(*c*)—When the offence is one against the State, or has caused death or danger of life, or amounts to robbery or theft, or concerns counterfeiting of coin or the making of fraudulent documents, or the like

20 The sirdars, dollois, or other duly recognised village authorities shall not decide any cases save in open durbar in presence of at least three witnesses and the complainant and accused, whose attendance they are empowered to compel Either party may appeal from the decision at the time decision is pronounced, or within eight days thereof, to the Deputy Commissioner or his assistant, in which case the sirdar or dolloi, or other duly recognised authority, shall take the parties, or cause them to be sent, before the Deputy Commissioner or his assistant with one of the persons required to attend as a court witness The case shall then be tried *de novo*

21 An appeal lies from the Assistant Commissioner to the Deputy Commissioner if preferred within sixteen days

22 No appeal shall lie as a matter of right from the sentence of the Deputy Commissioner involving sentence of less than three years' imprisonment, but it is competent to the Commissioner to call for the record of any case whatever, and to modify or reverse the decision passed All sentences of three years' imprisonment and upwards are appealable to the Commissioner Appeals to the Commissioner must be preferred within thirty-two days All sentences above seven years must be confirmed by the Commissioner, whose decision is final, but the Hon'ble the Lieutenant-Governor reserves to himself the prerogative of reviewing the proceedings of the Commissioner and his subordinates, and passing such orders on them as he may deem fit

অপরাধ নির্ণয় হয় সে আট দিনের মধ্যে আপীল করিতে দাওয়া করিলে ডেপুটী কমিশ্যনর সাহেবের অনুমতি না হইলে তাঁহার উক্ত প্রকারের ক্রোক করা সম্পত্তি বিক্রয় করা যাইবে না।

(ক) কোন সরদারেরা কি দলইরা কিম্বা গ্রামের নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষের পিতা কি মাতা কি পুত্র কি কন্যা কি স্ত্রী কিম্বা তাহাদের সন্তান কি স্বামী কি স্ত্রী যে মোকদ্দমায় লিপ্ত থাকেন তিনি সেই মোকদ্দমার বিচার করিবেন না। কিম্বা

(খ) প্রতিবাদী খাসি কি জয়ন্তীয়া পর্ব্বতীয় লোক না হইলে ও সেই সরদার প্রভৃতির এলাকার মধ্যে বাস না করিলে, কিম্বা

(গ) রাজবিদ্রোহ কি বধ কি প্রাণের আশঙ্কা জনক অপরাধ হইলে কিম্বা দস্যুতার কি চৌর্য্যের তুল্য অপরাধ হইলে কিম্বা মুদ্রা কৃত্রিম করণ কি প্রতারণা ভাবে দলীল প্রস্তুত করণ প্রভৃতি কার্য্য সম্পর্কীয় হইলে, ঐ সরদার প্রভৃতি তাহার বিচার করিবেন না।

২০। কোন দরবারে ন্যূনকল্পে তিন জন সাক্ষী এবং বাদী ও প্রতিবাদী উপস্থিত না থাকিলে সরদারেরা কি দলইরা কিম্বা গ্রামের নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষের কোন মোকদ্দমার নিষ্পত্তি করিবেন না। তাঁহারা ঐ সাক্ষিদিগকে ও বাদী ও প্রতিবাদিকে বলপূর্ব্বক উপস্থিত করাইতে পারিবেন। যে সময়ে নিষ্পত্তি প্রকাশ করা যায় সেই সময়ে কিম্বা তাহার পর আট দিনের মধ্যে অন্যতর পক্ষ ডেপুটী কমিশ্যনর সাহেবের কিম্বা তাঁহার আসিষ্টাণ্টের নিকট আপীল করিতে পারিবেন তাহা হইলে সরদার কি দলই কিম্বা নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষ সেই উভয় পক্ষকে ও যাহারদিগকে উপস্থিত হইবার আজ্ঞা হইয়াছিল তাহাদের সাক্ষি স্বরূপ তন্মধ্যে অন্যতর ব্যক্তিকে লইয়া ডেপুটী কমিশ্যনর সাহেবের কিম্বা তাঁহার আসিষ্টাণ্টের নিকটে যাইবেন কিম্বা তাহারদিগকে পাঠাইবেন। তাহা হইলে প্রথমাবধি মোকদ্দমার পুনর্ব্বিচার হইবে।

২১। আসিষ্টাণ্ট কমিশ্যনর যে আজ্ঞা করেন তাহার উপর ডেপুটী কমিশ্যনর সাহেবের নিকট আপীল হইতে পারিবে। ষোল দিনের মধ্যে সেই আপীল করিতে হইবে।

২২ ডেপুটী কমিশ্যনর সাহেব তিন বৎসরের ন্যূন কাল কারাদণ্ডের আজ্ঞা করিলে সেই আজ্ঞার উপর আপীল করিবার অধিকার আছে বলিয়া আপীল হইতে পারিবে না। কিন্তু যে মোকদ্দমা হউক না কেন কমিশ্যনর সাহেব তাহার কাগজপত্র আনাইয়া তাহাতে যে নিষ্পত্তি হইল তাহা মতান্তর কি অন্যথা করিতে পারিবেন তিন বৎসর ও তদধিক কাল কারাদণ্ডের সকল আজ্ঞার উপর কমিশ্যনর সাহেবের নিকট আপীল হইতে পারিবে। কমিশ্যনর সাহেবের নিকট আপীল বত্রিশ দিনের মধ্যে উপস্থিত করিতে হইবে। সাত বৎসরের অধিক কাল কারাদণ্ডের আজ্ঞা কমিশ্যনর সাহেবের দৃঢ় করা আবশ্যক, তাঁহার নিষ্পত্তি চূড়ান্ত। কিন্তু মান্যবর শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের এই একাধিকার থাকিল যে তিনি কমিশ্যনর সাহেবের ও তাহার অধীন সকল কর্ম্মকারকের মোকদ্দমাঘটিত কার্য্য পুনর্ব্বিবেচনা করিয়া যে আজ্ঞা উচিত বোধ করেন করিতে পারিবেন।

23. The procedure of the Deputy Commissioner and his assistant shall be in the spirit of the Code of Criminal Procedure, as far as it is applicable to the circumstances of the district and consistent with these rules The chief exceptions are—

(*a*)—Only verbal order or notice of summons, &c., shall be requisite, except when the regular police are employed, or the person concerned is not resident or in the district at the time, or if in the district but resident beyond it, where his place of abode is not known But orders of summons shall be for a fixed day, not exceeding sixteen days from that upon which the order is issued, and the order shall be made known to the person affected, or to some adult member of his family, or proclaimed at the place he was last known to be at in sufficient time to allow him if he see fit to appear

(*b*)—A note of the substance of all the proceedings in cases tried before them must be kept by the Deputy Commissioner and Assistant Commissioners in the form prescribed by section 228, Act X of 1872 In cases requiring a sentence of three years or upwards a full note of the evidence and proceedings must be kept Examinations and proceedings shall generally be recorded in English only

(*c*)—The proceedings of sirdars and dollois or other recognized village authorities need not be in writing But if at the trial before the village authorities any person who can write can be found, a brief note of the proceedings is to be made

(*d*)—All fines levied by the sirdars, dollois, or other duly recognised village authorities shall be paid to the Deputy Commissioner or Assistant Commissioner, or other officer empowered to receive them, within eight days from the date of realization The Deputy Commissioner is authorized to pay to those village authorities who give him satisfaction such small stipends as he may think desirable, provided that the total amount so disbursed shall not exceed the sum of the fines realized by all village authorities during the year

(*e*)—It shall be discretionary to examine witnesses on oath in any form, or to warn them

২৩। উক্ত প্রদেশের অবস্থার বিবেচনায় ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন যত দূর খাটিতে পারে ও এই বিধির সহিত যত দূর সঙ্গত হয়, ডেপুটী কমিশ্যনর সাহেব ও তাঁহার আসিষ্টাণ্ট তত দূর সেই আইনের ভাবানুসারে কার্য্য চালাইবেন। বর্জ্জনীয় বিষয়ের মধ্যে এইং বিষয় প্রধান।

(ক) আজ্ঞা কি সমনপ্রভৃতির কেবল বাচনিক নোটিস দেওয়া আবশ্যক। কিন্তু যদি নিয়মিত পোলীস নিযুক্ত করা যায় কিম্বা যে ব্যক্তি মোকদ্দমায় লিপ্ত থাকে সে যদি তৎকালে ঐ প্রদেশের মধ্যে বাস না করে কিম্বা না থাকে কিম্বা সে প্রদেশের মধ্যে থাকিলেও যদি তাহার বহির্ভূত স্থানে বাস করে ও তাহার বাস স্থান জানা না যায় তবে সমনপ্রভৃতি লিখিয়া দিতে হইবে। সমনের আজ্ঞা যে দিনে দেওয়া যায় সেই দিনাবধি ষোল দিনের অনধিক কোন দিনে ঐ ব্যক্তির উপস্থিত হইবার আজ্ঞা হইবে। এবং যে ব্যক্তি ঐ মোকদ্দমায় লিপ্ত থাকে তাহাকেই কিম্বা তাহার পরিবারের মধ্য বয়ঃপ্রাপ্ত কোন পুরুষকে ঐ আজ্ঞা জানাইতে হইবে কিম্বা লোকদের জানমতে তাহাকে শেষ যে স্থানে দেখা গিয়াছিল সেই স্থানে এমত সময় থাকিতে ঐ আজ্ঞা ঘোষণা করিতে হইবে যে ঐ ব্যক্তি উপস্থিত হওয়া উচিত বোধ করিলে উপস্থিত হইতে পারিবে।

(খ) ডেপুটী কমিশ্যনর সাহেবের ও আসিষ্টাণ্ট কমিশ্যনরদের সম্মুখে যেং মোকদ্দমার বিচার হয় সেইং মোকদ্দমায় তাঁহারা যে সকল কার্য্যানুষ্ঠান করেন তাহার মর্ম্ম ১৮৭২ সালের ১০ আইনের ২২৮ ধারার নির্দ্দিষ্ট পাঠে লিখিয়া রাখিতে হইবে। কোন মোকদ্দমায় তিন বৎসর কি তদধিক কারাদণ্ডের প্রয়োজন হইলে যে সাক্ষ্য লওয়া যায় ও যে কার্য্যের অনুষ্ঠান হয় তাহার বিস্তারিত কথা লিখিয়া রাখিতে হইবে। পরীক্ষার কথা ও আনুষ্ঠানিক কার্য্য সাধারণ্যে কেবল ইংরেজী ভাষায় লিখিতে হইবে।

(গ) সরদারেরা ও দলইরা ও গ্রামের স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষেরা যে কার্য্যানুষ্ঠান করেন তাহা লিখিয়া রাখিবার প্রয়োজন নাই। কিন্তু গ্রামের কর্ত্তৃপক্ষদের সম্মুখে মোকদ্দমার বিচারকালে লিখিতে জানেন এমত কোন ব্যক্তিকে পাওয়া যাইতে পারিলে আনুষ্ঠানিক কার্য্যের সংক্ষেপ বিবরণ লিখিয়া রাখিতে হইবে।

(ঘ) সরদারেরা কি দলইরা কিম্বা গ্রামের নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষেরা অর্থদণ্ডের টাকা আদায় করিলে আদায়ের তারিখ অবধি আট দিনের মধ্যে ডেপুটী কমিশ্যনর সাহেবকে কিম্বা আসিষ্টাণ্ট কমিশ্যনর সাহেবকে কিম্বা ঐ টাকা লইতে ক্ষমতাপন্ন অন্য কার্য্যকারককে দেওয়া যাইবে। গ্রামের যে কর্ত্তৃপক্ষেরা ডেপুটী কমিশ্যনর সাহেবের সন্তোষমতে কর্ম্ম করেন তাঁহারদিগকে অল্প যে বেতন দেওয়া উচিত বোধ করেন সেই বেতন দিতে তাঁহার প্রতি অনুমতি আছে। কিন্তু নানাগ্রামের সকল কর্ত্তৃপক্ষ বৎসরের মধ্যে অর্থদণ্ডের যত টাকা আদায় করেন সর্ব্বশুদ্ধ তাহার অধিক উক্ত প্রকারে বিলি করিয়া দেওয়া যাইবে না।

(ঙ) সাক্ষিদিগকে যে কোন পাঠানুসারে শপথ করাণ উচিত বোধ হয় শপথ করাইয়া তাহারদের

that they are liable to the punishment of perjury if they state that which they know to be false.

24 The Deputy Commissioner and Assistant Commissioner shall keep the registers hereafter specified, and make returns of copies of the entries therein monthly to the Commissioner

Register of crimes committed

Register of criminal cases decided by Deputy Commissioner and Assistant Commissioner

Register of fines levied by Deputy Commissioner and Assistant Commissioner, and sirdars, dollois, or other duly recognised village authorities

Register of licenses to carry fire-arms

IV —Civil Rules

25 The administration of civil justice in the Khasi and Jynteah Hills is entrusted to the Commissioner, the Deputy Commissioner, his assistants, sirdars, and dollois, and other chief village authorities

26 Sirdars and dollois and other chief village authorities may be recognised by the Deputy Commissioner by sunnud under his signature as competent to try cases without limit as to amount, but with the following reservations —

(*a*) —They may not try suits in which their fathers, mothers, sons, daughters, uncles, aunts, sisters, brothers, the children of the foregoing, their wives or persons in the above relation to a wife, or any near relative are parties, nor suits in which a native of the plains or native of another sirdarship or dolloiship not resident in their jurisdiction are parties

(*b*) —All suits must be decided in open durbar in the presence of the parties and at least three respectable witnesses

27 Sirdars and dollois and other duly recognised village authorities have power to compel attendance of parties to any suit and their witnesses, all such persons being resident within their own jurisdiction, and to fine within the limit of Rs 50 persons wilfully failing to attend They have power to award all costs, also compensation to defendants for unfounded or vexatious suits brought against them

সাক্ষ্য লওয়া যাইবে। অথবা তাহারা কোন কথা মিথ্যা জানিয়া কহিলে তাহারদের মিথ্যা শপথের দণ্ড হইতে পারিবে ইহা কহিয়া তাহারদিকে সতর্ক করা যাইতে পারিবে।

২৪। ডেপুটী কমিশ্যনর ও আসিষ্টাণ্ট কমিশ্যনর সাহেব পশ্চাৎ লিখিত রেজিষ্টর রাখিবেন, ও মাসে২ কমিশ্যনর সাহেবের নিকট ঐ রেজিষ্টরী বহীর লিখিত কথার নকল পাঠাইবেন।

যে২ অপরাধ করা গেল তাহার রেজিষ্টর।

ডেপুটী কমিশ্যনর ও আসিষ্টাণ্ট কমিশ্যনর সাহেব ফৌজদারী যে২ মোকদ্দমার নিষ্পত্তি করেন তাহার রেজিষ্টর।

ডেপুটী কমিশ্যনর ও আসিষ্টাণ্ট কমিশ্যনর সাহেব এবং সরদারেরা ও দলইরা ও গ্রামের নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্তৃপক্ষেরা জরীমানার যত টাকা আদায় করেন তাহার রেজিষ্টর,

বন্দুক প্রভৃতি হাতে লইয়া বেড়াইবার লাইসেন্সের রেজিষ্টর।

৪।—দেওয়ানী কার্য্যের বিধি।

২৫। খাসি ও জয়ন্তীয়া পর্ব্বতে দেওয়ানী মোকদ্দমার বিচার কার্য্যের ভার কমিশ্যনর সাহেবের ও ডেপুটী কমিশ্যনর সাহেবের ও তাঁহার আসিষ্টাণ্টদের ও সরদারদের ও দলইদের ও গ্রামের অন্য প্রধান২ কর্তৃপক্ষের প্রতি অর্পিত হইল।

২৬। ডেপুটী কমিশ্যনর সাহেব স্বীয় স্বাক্ষরিত সনদক্রমে সরদারদিগকে ও দলইদিগকে ও গ্রামের অন্য প্রধান২ কর্তৃপক্ষকে যত টাকার হউক তাহার সীমা নিরূপণ না করিয়া মোকদ্দমার বিচার করিবার ক্ষমতাপন্ন বলিয়া স্বীকার করিতে পারিবেন। কিন্তু নিম্নলিখিত মোকদ্দমার বিচার করিতে পারিবেন না।

(ক) তাঁহারদের পিতা কি মাতা কি পুত্র কি কন্যা কি পিতৃব্য কি মাতুল কি পিতৃব্যপত্নী কি মাতুলানী কি ভগিনী কি ভাই কিম্বা উক্ত অন্যতর ব্যক্তির সন্তান সন্ততি কি তাহারদের স্ত্রী কি স্ত্রীর উক্ত জ্ঞাতি কুটুম্ব কিম্বা আসন্ন বন্ধু যে মোকদ্দমার এক পক্ষ হন, কিম্বা নিম্ন ভূমি জাত কি অন্য সরদারের কি দলইর এলাকার জাত যে ব্যক্তিরা তাঁহারদের নিজ এলাকায় বাস না করেন তাহারা যে মোকদ্দমার এক পক্ষ হন সেই মোকদ্দমার বিচার করিতে পারিবেন না।

(খ) সকল মোকদ্দমা খোলা দরবারে উভয় পক্ষের ও ন্যূনকল্পে তিন জন সম্ভ্রান্ত সাক্ষির সম্মুখে নিষ্পত্তি করিতে হইবে।

২৭। মোকদ্দমার উভয় পক্ষ ও তাঁহারদের সাক্ষিরা ঐ সরদারদের ও দলইদের ও গ্রামের নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্তৃপক্ষদের এলাকায় বাস করিলে তাঁহারা সেই ব্যক্তিদিগকে বলপূর্ব্বক উপস্থিত করাইতে পারিবেন ও তাহারা ইচ্ছাক্রমে আসিতে ত্রুটি করিলে ৫০ টাকা পর্য্যন্ত তাহারদের জরীমানা করিতে পারিবেন। কোন ব্যক্তির নামে অমূলক কি কেবল কষ্টদায়ক মোকদ্দমা উপস্থিত করা গেলে তাঁহারা প্রতিবাদির সকল খরচ দিবার ও ক্ষতিপূরণের টাকাও দিবার আজ্ঞা করিতে পারিবেন।

[*Government Gazette*, 13*th August* 1872]

28 All proceedings shall be *vivâ voce*, and the sirdars and dollois or other duly recognised village authorities shall not be called upon to make either record or registry of their decision After hearing both parties and their witnesses, if any, they shall with or without the opinion of assessors, as they think fit pronounce a decision forthwith But if at the trial before the village authorities any person who can write can be found, a brief note of the proceedings is to be made.

২৮। মোকদ্দমা সম্পর্কীয় সকল কার্য্য বাচনিক হইবে এবং সরদারদিগকে কি দলইদিগকে কিম্বা গ্রামের নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষদিগকে আপনারদের নিষ্পত্তি লিখিয়া রাখিতে কি রেজিষ্টরী করিতে আদেশ থাকিবে না। তাঁহারা উভয় পক্ষের কথা শুনিলে পর ও সাক্ষিদিগকে আনা গেলে তাহারদের কথা শুনিলে পর আসেসরদের মত লইয়া কি না লইয়া যদ্রূপ নিষ্পত্তি করা উচিত বোধ করেন তৎকালেই সেই নিষ্পত্তি প্রকাশ করিবেন। কিন্তু বিচারকালে গ্রামের কর্ত্তৃপক্ষদের সম্মুখে লিখিতে জানে এমত কোন ব্যক্তিকে পাওয়া যাইতে পারিলে মোকদ্দমাঘটিত কার্য্যের সংক্ষেপ মর্ম্ম লেখা যাইবে।

29 Sirdars or dollois, or other duly recognised village authorities may carry out their decisions at once, and order attachment of property to be made, but in no case is property so attached to be sold if the party cast claim to appeal within eight days On such appeal being made, they shall send the parties and their witnesses to the Deputy Commissioner or Assistant Commissioner forthwith, or as soon as may be, and either accompany them or send one respectable person who has been present at the trial with them

২৯। সরদারেরা কি দলইরা কিম্বা গ্রামের নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষ একেবারেই আপনারদের নিষ্পত্তিমতে কার্য্য করাইয়া সম্পত্তি ক্রোক করিবার আজ্ঞা করিতে পারিবেন। কিন্তু পরাজিত ব্যক্তি আট দিনের মধ্যে আপীল করিবার দাওয়া করিলে সেই ক্রোক করা সম্পত্তি বিক্রয় করা যাইবে না। তদ্রূপ আপীল করা গেলে তাঁহারা অবিলম্বে কি যথাসাধ্য ত্বরায় ঐ উভয় পক্ষকে ও তাঁহারদের সাক্ষিদিগকে ডেপুটী কমিশ্যনরের কি আসিষ্টান্ট কমিশ্যনরের নিকটে পাঠাইবেন ও আপনারা সঙ্গে যাইবেন কিম্বা তাহারদের বিচারকালে যাঁহারা উপস্থিত ছিলেন এমত সম্ভ্রান্ত কোন ব্যক্তিকে সঙ্গে পাঠাইবেন।

30 All notices given by sirdars and dollois or other duly recognised village authorities to parties or witnesses shall be verbal, and for a fixed day not exceeding eight days from the day it is given If a case be postponed it shall be fixed for a day not exceeding eight days from the order, and the case may be subsequently adjourned for periods not exceeding eight days on good cause shown

৩০। সরদারেরা ও দলইরা কিম্বা গ্রামের নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষেরা বাদি ও প্রতিবাদিকে কি সাক্ষিদিগকে যে সকল নোটিস দেন তাহা বাচনিক হইবে ও যে দিনে দেওয়া গেল তদবধি আট দিনের অনধিক কোন দিন নির্দ্দিষ্ট থাকিবে। মোকদ্দমার বিচার কার্য্য যদি স্থগিত রাখা যায় তবে স্থগিত হইবার আজ্ঞার পর আট দিনের অনধিক কোন দিনে বিচার করিবার দিনান্তর নিরূপণ হইবে। এবং বিশিষ্ট কারণ দর্শান গেলে তৎপরেও সেই মোকদ্দমা আট২ দিনের অনধিক কাল স্থগিত থাকিতে পারিবে।

31 The Deputy Commissioner and Assistant Commissioner shall not ordinarily hear suits triable by sirdars and dollois, or other duly recognised village authorities, but they have a discretion to do so when they think right, and suits which under these rules the village authorities cannot try, must be tried by the Deputy Commissioner or Assistant Commissioner A register of all suits tried by the Deputy Commissioner and Assistant Commissioner shall be kept in such form as the Commissioner shall direct

৩১। যে মোকদ্দমা সরদারদের কি দলইদের কিম্বা গ্রামের নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষদের বিচার্য্য হইলে ডেপুটী কমিশ্যনর সাহেব কিম্বা আসিষ্টান্ট কমিশ্যনর সাহেব তাহা সামান্যতঃ গ্রাহ্য করিবেন না। কিন্তু তাহা করা উপযুক্ত বোধ করিলে স্বয় বিবেচনামতে তাহা করিতে পারিবেন। এই নিয়মমতে গ্রামের কর্ত্তৃপক্ষের যে মোকদ্দমার বিচার করিতে না পারেন ডেপুটী কমিশ্যনর কিম্বা আসিষ্টান্ট কমিশ্যনর তাহার বিচার করিবেন। ডেপুটী কমিশ্যনর ও আসিষ্টান্ট কমিশ্যনর যে সকল মোকদ্দমার বিচার করেন তাহার রেজিষ্টর রাখিতে হইবে। কমিশ্যনর সাহেব যে পাঠ নির্দ্দিষ্ট করেন ঐ রেজিষ্টর সেই পাঠে লেখা যাইবে।

32 The Deputy Commissioner and Assistant Commissioner shall, in all cases in which the parties are indigenous inhabitants of the hills, endeavour to induce them to submit their case to a punchayet If they agree to this, each party shall name an equal number of arbitrators, and shall choose, or leave the arbitrators to choose,

৩২। ঐ২ পর্ব্বতে যাহারদের জন্ম হয় ও নিবাস থাকে কোন মোকদ্দমার উভয়পক্ষ এমত লোক হইলে ডেপুটী কমিশ্যনর ও আসিষ্টান্ট কমিশ্যনর সাহেব তাহারদিগকে পঞ্চায়তের বিচারার্থে মোকদ্দমা অর্পণ করিতে প্রবৃত্তি দিবার উদ্যোগ করিবেন। তাহার সম্মত হইলে উভয় পক্ষ আপনাং সপক্ষীয় সমান সংখ্যক সালিস ও প্রধান পুরুষ মনোনীত করিবে কিম্বা সালি-

an umpire. The name and residence of arbitrators and umpire, and the matter in dispute, must be recorded before the proceedings commence, and the court will direct the sirdar or dolloi or other recognised authority to assemble the punchayet and witnesses within eight days When the case has been decided, the umpire shall appear with the parties before the court, which shall proceed to record the decision and enforce it as its own From such decision there shall be no appeal

33 An appeal shall lie from the decision of the sirdar or dolloi or other duly recognised village authority to the Deputy Commissioner or Assistant Commissioner A record will be made of the matter in dispute and the decision of the village authority If necessary, the court shall examine the parties, and if the decision appears to be just, will affirm and enforce it as one of its own If the court sees reason to doubt the justice of the decision, it will try the case *de novo* or refer it to a punchayet as above

34 Houses, needful clothing, cooking utensils, or implements whereby the owner subsists, shall not be attached, sold, or transferred in execution of decree, unless themselves the subject of the suit

35 There shall be no imprisonment for debt, excepting in cases where the Deputy Commissioner is satisfied that fraudulent disposal or concealment of property has taken place in such cases the debtor may be detained for a period not exceeding six months

36. No appeal shall lie as of right from decisions of an Assistant Commissioner to the Deputy Commissioner, except as hereinafter provided, but the Deputy Commissioner if he see fit may call for the proceedings of any case decided by his assistant, and the Commissioner may, upon application made or otherwise, call for the proceedings of either of the lower courts and revise them, provided that persons resident beyond the Khasi and Jynteah Hills may appeal to the Commissioner within thirty-two days from the date of decision The appeal shall be accompanied by a copy of the judgment appealed against and a clear statement of the grounds of appeal The appeal may be presented to the Deputy Commissioner, who shall, if it be in order and presented in due time, endorse upon it the date of receipt, and transmit it with the proceedings in the suit to the Commissioner, who, after perusal of the petition of appeal and judgment, and after hearing the agent of the appellant, if any, may dis-

সেরাই আপনাদের প্রমাণ পুরুষকে মনোনীত করিবেন। মোকদ্দমার কার্য্য আরম্ভ করিবার পূর্ব্বে সালিসদের ও প্রমাণ পুরুষের নাম ও বাসস্থান ও বিবাদীয় বিষয় লিখিয়া রাখা যাইবে। এবং আদালত সরদারের কি দলৈর কিম্বা স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষের প্রতি আট দিনের মধ্যে পঞ্চায়তকে ও সাক্ষিগণকে একত্র করিয়া আনিতে আজ্ঞা করিবেন। মোকদ্দমা নিষ্পত্তি করা গেলে প্রমাণপুরুষ উভয় পক্ষকে লইয়া আদালতে উপস্থিত হইবেন ও আদালত সেই নিষ্পত্তি লিখিয়া রাখিয়া আপনার নিষ্পত্তির ন্যায় তাহা প্রবল করিবেন। সেই নিষ্পত্তির উপর আপীল নাই।

৩৩। সরদারের কি দলৈর কিম্বা গ্রামের নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষের নিষ্পত্তির উপর ডেপুটী কমিশ্যনরের কিম্বা আসিস্টাণ্ট কমিশ্যনরের নিকট আপীল হইতে পারিবে। বিবাদীয় বিষয় এবং গ্রামের কর্ত্তৃপক্ষের নিষ্পত্তি লিখিয়া রাখা যাইবে। আবশ্যক হইলে আদালত উভয়পক্ষের পরীক্ষা লইবেন এবং নিষ্পত্তি যথার্থ বোধ করিলে তাহা স্থির রাখিয়া আপনার নিষ্পত্তির ন্যায় প্রবল করিবেন। ঐ নিষ্পত্তির যথার্থ্য বিষয়ে আদালতের সন্দেহ করিবার কারণ থাকিলে আদালত পুনরাবধি ঐ মোকদ্দমার বিচার করিবেন কিম্বা পূর্ব্বোক্তমতে পঞ্চায়তের প্রতি তাহা অর্পণ করিবেন।

৩৪। ঘর কি প্রয়োজনীয় বস্ত্র কি রাঁধিবার পাত্র কিম্বা যে হাতিয়ার প্রভৃতি দ্বারা কোন ব্যক্তির জীবিকা চলে তাহা লইয়া মোকদ্দমা না হইলে সেই বিষয় ডিক্রীজারীক্রমে ক্রোক কি বিক্রয় কি হস্তান্তর করিয়া দেওয়া যাইবে না।

৩৫। ঋণের নিমিত্ত কোন ব্যক্তিকে কয়েদ করা যাইবে না। কিন্তু কোন সম্পত্তি প্রতারণাক্রমে হস্তান্তর করিয়া দেওয়া গিয়াছে কিম্বা লুকাইয়া রাখা গিয়াছে ডেপুটী কমিশ্যনর সাহেব ইহা হৃদ্বোধমতে জানিলে ঐ ঋণীকে ছয় মাসের অনধিক কাল আটক করিয়া রাখা যাইতে পারিবে।

৩৬। কেবল নিম্নলিখিত স্থলভিন্ন অন্য স্থলে ডেপুটী কমিশ্যনর সাহেবের নিকট আসিস্টাণ্ট কমিশ্যনরের নিষ্পত্তির আপীল করিবার অধিকার আছে বলিয়া আপীল হইবে না। কিন্তু ডেপুটী কমিশ্যনর সাহেব উচিত বোধ করিলে আপনার আসিস্টাণ্টের নিষ্পত্তি করা কোন মোকদ্দমার কাগজপত্র আনাইতে পারিবেন। এবং দরখাস্ত হইলে কিম্বা না হইলেও কমিশ্যনর সাহেব নিম্ন কোন আদালতের মোকদ্দমাঘটিত কার্য্যের কাগজপত্র আনাইয়া তাহা সংশোধন করিতে পারিবেন। কিন্তু যে ব্যক্তিরা খাসি ও জয়ন্তীয়া পর্ব্বতের বাহিরে বাস করেন তাঁহারা নিষ্পত্তির তারিখঅবধি ৩২ দিনের মধ্যে কমিশ্যনর সাহেবের নিকট আপীল করিতে পারিবেন। যে নিষ্পত্তির উপর আপীল হয় আপীলের দরখাস্তের সঙ্গে তাহার নকল দিতে হইবে এবং আপীল করিবার সকল কারণ স্পষ্ট করিয়া বর্ণনা করিতে হইবে। ঐ আপীল ডেপুটী কমিশ্যনর সাহেবকে দেওয়া যাইতে পারিবে। ও সেই আপীল নিয়মমতে করা গেলে ও উপযুক্ত সময়ে উপস্থিত করা গেলে ডেপুটী কমিশ্যনর ঐ দরখাস্তের পৃষ্ঠভাগে তাহা পাইবার তারিখ লিখিয়া মোকদ্দমাঘটিত কার্য্যের কাগজপত্রের সহিত কমিশ্যনর সাহেবের নিকট পাঠা-

miss the appeal, or may remit the case to the lower court for the record of further evidence, or for re-trial on fresh issues, or receive the case for hearing before his own court to be held in the Khasi Hills, and shall confirm, modify, or reverse the decision of the lower court, passing such orders as to costs as may appear just. The decree of the appellate court shall be transferred to the court of the Deputy Commissioner for execution as a decree of its own.

হইবেন। তিনি আপীলের দরখাস্ত ও নিষ্পত্তি পাঠ করিয়া ও অ্যাপেলান্টের আশুয়ান থাকিলে তাহার কথা শুনিয়া হয় আপীল ডিসমিস করিতে পারিবেন, না হয় অধিক প্রমাণ লইয়া লিখিয়া রাখিবার জন্যে কিম্বা নূতন ইস্যু ধরিয়া পুনর্ব্বিচার করিবার জন্যে অধঃস্থ আদালতে মোকদ্দমা ফিরিয়া পাঠাইবেন কিম্বা খাসি পর্ব্বতে তাহার যে আদালত বসিবে সেই আদালতে শুনিবার জন্যে মোকদ্দমা গ্রাহ্য করিয়া অধঃস্থ আদালতের নিষ্পত্তি স্থির রাখিবেন কিম্বা মতান্তর কি অসিদ্ধ করিবেন এবং খরচার বিষয়ে যে আজ্ঞা বিহিত বোধ করেন করিবেন। আপীল আদালতের ডিক্রী ডেপুটী কমিশ্যনর সাহেবের আদালতে পাঠান যাইবে তিনি আপন ডিক্রীর ন্যায় তাহা সাধন করাইবেন।

37. The Courts of the Commissioner, Deputy and Assistant Commissioners, shall be guided by the spirit, but not bound by the letter, of the Code of Civil Procedure.

৩৭। কমিশ্যনর সাহেবের এবং ডেপুটী কমিশ্যনর ও আসিষ্টাণ্ট কমিশ্যনরদের আদালত দেওয়ানী মোকদ্দমার কার্য্য বিধানের আইনের ভাবানুসারে কার্য্য করিবেন কিন্তু তাহার প্রত্যেক শব্দের বলে বদ্ধ হইবেন না।

38. No professional pleader or mooktear shall be allowed to appear in any case, except in cases before the Deputy Commissioner or Assistant Commissioners, with the special permission of the judge trying the case, or if the defendant reside beyond the jurisdiction of the court; but relations may appear for persons incapacitated by age, sex, or sickness.

৩৮। ডেপুটী কমিশ্যনর কিম্বা আসিষ্টাণ্ট কমিশ্যনরদের সম্মুখে মোকদ্দমা উপস্থিত হইলে যিনি মোকদ্দমার বিচার করেন তাহার স্পষ্ট অনুমতি থাকিলে কিম্বা প্রতিবাদী আদালতের এলাকার বহির্ভূত স্থানে বাস করিলে উকীল কি মোক্তার নিযুক্ত হইতে পারিবেন নতুবা কোন মোকদ্দমায় ব্যবহারাজীব উকীল কি মোক্তার উপস্থিত হইতে পারিবে না। কিন্তু কোন ব্যক্তি বৃদ্ধ কি স্ত্রী কিম্বা পীড়াপ্রযুক্ত উপস্থিত হইতে না পারিলে তাহার আত্মীয় কোন ব্যক্তি তাঁহার পক্ষ হইয়া উপস্থিত হইতে পারিবেন।

39. It shall be discretionary to examine witnesses on oath in any form, or to warn them that they are liable to the punishment of perjury if they state that which they know to be false.

৩৯। যে পাঠে উচিত বোধ হয় সাক্ষিদিগকে সেই পাঠানুসারে শপথ করাইয়া তাহাদের সাক্ষ্য লওয়া যাইতে পারিবে কিম্বা তাহারা মিথ্যা জানিয়া কোন কথা কহিলে মিথ্যা শপথ করিবার দণ্ড হইবে বলিয়া তাহাদিগকে সতর্ক করিয়া দেওয়া যাইতে পারিবে। বিচারপতি ইহার মধ্যে যাহা চাহেন তাহা করিতে পারিবেন।

A. MACKENZIE,
Offg. Secy. to the Govt. of Bengal.

এ মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটারী।

[Third Publication.]

DECLARATION.

The 18th July 1872.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is needed to be taken up by Government at the public expense for a public purpose, viz. for a site for extending the communication to the Peeritparah latrine from Shambazar, it is hereby declared that for the above purpose a parcel of land is required, measuring about 4 cottahs, more or less, situated in Mohullah Peeritparah within the municipal limits of the town of Burdwan, and bounded as follows:—

North, East, and West by Peeritparah Lane, and South by a Cocoanut garden, the property of Gooroodass Baboo.

[তৃতীয়বার প্রকাশ]

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ১৮ জুলাই।—বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনণ্ট গবর্ণর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ শ্যামবাজার হইতে পীরিতপাড়ার পায়খানায় যাতায়াতের পথ বৃদ্ধি করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে বর্দ্ধমান নগরের মুনিসিপাল সীমার অন্তর্গত পীরিতপাড়া মহল্লায় ন্যূনাধিক /৪ কাঠা পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির সীমা এই,

উত্তর ও পূর্ব্ব ও পশ্চিমসীমা পীরিতপাড়ার গলিপথ, ও দক্ষিণ সীমা গুরুদাস বাবুর নারিকেল বাগান।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭২। ১১ আগষ্ট।]

This Declaration is made, under the provisions of Section 6, Act X of 1870, to all whom it may concern

A. MACKENZIE,
Offg Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 31st July 1872 —It is hereby notified for general information that in accordance with orders of Government dated the 24th June last, there will, from the 1st August, be four moonsiffees in the district of Dacca, the local jurisdictions of which shall be as arranged below —

Moonsiffees (Civil)	*Thannahs*	*Sub Divisions (Criminal)*
Manickgunge	Manickgunge Jaffergunge Hurrampore	Manickgunge
Moonsheegunge	Moonsheegunge Sreenuggur	Moonsheegunge
Kaligunge	Kupassee Roopgunge Roypoora	Dacca
Dacca	Nawabgunge Narainguuge Sabhar Dacca or Sudder (including Lalbag, Toongee and Pus chundee)	Dacca

A MACKENZIE,
Offg Secy to the Govt of Bengal

Public Works Department,—Bengal

IRRIGATION
No 203
The 5th August 1872

WHEREAS it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz for a bungalow at Mancoor, in the village of Mancoor, Pergunnah Mundleghat Zillah Hooghly, it is hereby declared that, for the above purpose, a piece of land measuring more or less 3 beeghas 1 cottah and 1 chittack of standard measurement, bounded on the East by the Toont land of Beedhoo Bhoosun Poramanick, on the North and South by the Puteet land of Beedhoo Bhoosun Poramanick, and on the West by the cultivated land of Beedhoo Bhoosun Poramanick and old embankment, is required within the aforesaid village of Mancoor The plan of the land may be inspected in the Deputy Collector's Office, Howrah.

[*Government Gazette*, 13*th August* 1872]

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ৩১ জুলাই।—গবর্ণমেণ্টের গত জুন মাসের ২৪ তারিখের আজ্ঞাক্রমে সর্ব্ব সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে যে আগষ্ট মাসের ১ তারিখ অবধি ঢাকা জিলাতে চারিটি মুনসেফী থাকিবে। তাহার স্থানীয় বিচারাধিপত্য নিম্নলিখিতমতে স্থির করা গেল।

মুনসেফী (দেওয়ানী।)	থানা।	শাখাখণ্ড। (ফৌজদারী।)
মাণিকগঞ্জ	মাণিকগঞ্জ জাফরগঞ্জ হরিরামপুর	মাণিকগঞ্জ
মুনশীগঞ্জ	মুনশীগঞ্জ শ্রীনগর	মুনশীগঞ্জ
কালীগঞ্জ	কাপাসিয়া রূপগঞ্জ রায়পুরা	ঢাকা।
ঢাকা	নবাবগঞ্জ নারায়ণগঞ্জ সাভার ঢাকা বা সদর মোকাম (ইহার মধ্যে লালবাগ ও টুঙ্গি ও পশ্চিমদি)	ঢাকা।

The Commissioner shall exercise the powers of an Inspector-General of Police as defined by section 3, Act VII (B C) of 1869

7 The regular police shall only act when required to do so by general or by special order of the Commissioner, Political Agent,

যেং শ্রেণীর কর্ম্মকারকদিগকে নিযুক্ত করা উচিত জ্ঞান করেন তাঁহারদের প্রতি অর্পিত হইবে। কিন্তু ইহার পশ্চাৎ ভাগে যে কথা বর্জ্জিত ও নিষিদ্ধ হইল ও যে বিধি লেখা গেল তাহা প্রবল মানিতে হইবে।

২। যেং গ্রাম ও প্রজাবর্গ পলিটিকল এজেণ্ট সাহেবের নিজ শাসনাধীন থাকে, নিম্নলিখিত বিধি কেবল তাহার প্রতি খাটিবে।

২ —পোলীসের বিধি।

৩। নিম্নলিখিত ব্যক্তি দিগকে লইয়া নাগা পর্ব্বতের পোলীস হইবে।

(ক) নিয়মিত পোলীস। এই পোলীস ১৮৬১ সালের ৫ আইনের অধীন থাকিবে।

(খ) গ্রাম্য পোলীস। মৌজাদার ও গাঁওবুড় ও পেওমা ও হৌশাদিগকে লইয়া এবং পলিটিকল এজেণ্ট সাহেব গ্রামীয় অন্য যে কর্ত্তৃপক্ষদিগকে কর্ত্তৃপক্ষ বলিযা স্বীকার করেন তাঁহারদিগকে ও তাঁহাদের অধীন গ্রামীয় কার্য্যকারকদিগকে লইয়া ঐ পোলীস হইবে।

৪। আসামের কমিশ্যনর সাহেবের আজ্ঞাধীন কর্ম্মকারি পলিটিকল এজেণ্ট সাহেবের প্রতি কিম্বা বঙ্গদেশের মান্যবর শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব সময়ান্তরে অন্য যে কর্য্যকারকদিগকে নিযুক্ত করেন তাঁহারদের প্রতি নাগা পর্ব্বতের পোলীসের কর্ত্তৃত্ব কার্য্যেব ভার অর্পিত হইবে। নিয়মিত পোলীসের কোন ব্যক্তি অত্যাচার করিলে ১৮৬১ সালের ৫ আইন ও দণ্ডবিধির আইনমতে কিম্বা ইতঃপরে নাগা পর্ব্বতে বিশেষ অন্য যে আইন প্রচলিত করা যায় তদনুসারে তাহার দণ্ড হইবে। গ্রামীয় পোলীসের অত্যাচার হইলে ৫০০ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে কিম্বা দণ্ডবিধিব আইনমতে সেই অপরাধ হেতুব যত কাল কারাদণ্ড হইতে পারে তত কাল কারাদণ্ড হইবে। অর্থদণ্ডের পরিবর্ত্তে কারাদণ্ডের আজ্ঞা হইতে পারিবে কিন্তু কেবল পলিটিকল এজেণ্ট সাহেব কিম্বা নিয়মমতে ক্ষমতাপন্ন অন্য কার্য্যকারক সেই আজ্ঞা করিতে পারিবেন।

৫। পোলীসসংক্রান্ত বিষয়ে মৌজাদারেরা ও গাঁওবুডরা ও পেওমারা ও হৌশারা ও গ্রামের অন্য প্রধান কর্ত্তৃপক্ষেরা যে আজ্ঞা করেন তাহার উপর পলিটিকল এজেণ্ট সাহেবের নিকট আপীল হইতে পারিবে ও তাঁহার আজ্ঞা চূডান্ত হইবে। কিন্তু কমিশ্যনর সাহেব উচিত বোধ করিলে মোকদ্দমার কোন কাগজপত্র আনাইয়া কোন আজ্ঞা মতান্তর কি অসিদ্ধ করিতে পারিবেন।

৬। বেঙ্গাল পোলীসের সাধারণ বিধি যত দূর খাটিতে পারে নিয়মিত পোলীস তত দূর সেই বিধি মানিয়া কর্ম্ম করিবে। এবং বেঙ্গাল পোলীসের যে হিসাবের রিটর্ণ দিবার ও যে সকল রেজিষ্টর রাখিবার আজ্ঞা হয় তাহা যত দূর খাটিতে পারে তত দূর দিতে ও রাখিতে হইবে।

১৮৬৯ সালের বঙ্গীয় ৭ আইনের ৩ ধারায় পোলীসের ইনস্পেক্‌টর জেনরল সাহেবের যে সকল ক্ষমতা নির্দ্দিষ্ট হইয়াছে, কমিশ্যনর সাহেব সেইং ক্ষমতামতে কার্য্য করিবেন।

৭। কমিশ্যনর সাহেবের কিম্বা পলিটিকল এজেণ্ট সাহেবের কিম্বা নিয়মমতে ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারকের সাধারণ কি বিশেষ

or other officer duly authorized, who may assign to the force any portion of the duties of police under Act V of 1861 in any locality

আজ্ঞাক্রমে নিয়মিত পোলীসের প্রতি কোন কার্য্য করিতে আজ্ঞা হইলে তাহারা কার্য্য করিবে নতুবা নয়। ১৮৬১ সালের ৫ আইনমতে পোলীসের যে কর্ম্ম করা কর্ত্তব্য তাঁহারা কোন স্থানে উক্ত পোলীসদলের প্রতি সেই কর্ম্মের কোন অংশ অর্পণ করিতে পারিবেন।

8 The ordinary duties of police shall be discharged by the Mouzadars, Gaonburahs, Peumahs, Houshas, or head men of khels or villages, and other village authorities They shall arrest all criminals and repress all disorders within their respective jurisdictions

৮। মৌজাদারেরা ও গাঁওবুড়রা ও পেওমারা ও হৌশারা কিম্বা খেলের কি গ্রামের সরদারেরা ও গ্রামের অন্য কর্ত্তৃপক্ষেরা পোলীসের চলিত কার্য্য চালাইবেন। তাঁহারা আপনং এলাকার অন্তর্গত সকল অপরাধিকে ধরিবেন এবং অনিয়মিত সকল ক্রিয়া নিবারণ করিবেন।

9 It is the duty of the Mouzadars, Gaonburahs, Peumahs, Houshas, or other chief village authorities, to report to the Political Agent all crimes, violent deaths, or serious accidents occurring in their districts, and all occurrences, whether within or beyond their jurisdictions, which may come to their knowledge likely to affect the public peace, at the earliest possible moment, and deliver up offenders as soon as may be to the officers authorized to try them

৯। মৌজাদারেরা ও গাঁওবুড়রা ও পেওমারা ও হৌশারা ও গ্রামের অন্যান্য প্রধান কর্ত্তৃপক্ষেরা আপনং পল্লিতে কোন অপরাধ বা অপঘাত মৃত্যু বা গুরুতর দুর্ঘটনা বা যাহাতে সাধারণের শান্তিভঙ্গ হইবার সম্ভাবনা এমত কোন দুর্ঘটনা আপনং এলাকার মধ্যগত কোন স্থানে কিম্বা তাহার বাহিরে ঘটিয়াছে জানিতে পাইলে সাধ্যমতে ত্বরায় পলিটিকল এজেণ্ট সাহেবের নিকট রিপোর্ট করিবেন, এবং যে কর্ম্মকারক সেইমত অপরাধি ব্যক্তিদের বিচার করিতে ক্ষমতা প্রাপ্ত হন সেই কর্ম্মকারকের নিকট ঐ অপরাধিদিগকে সাধ্যমতে ত্বরায় চালান দিবেন।

10 The Mouzadars, Gaonburahs, Peumahs, Houshas, and village authorities, shall watch, report, and, under the orders of the Political Agent, apprehend and deliver up all vagrants or bad and suspicious characters found in their jurisdictions

১০। মৌজাদারেরা ও গাঁওবুড়রা ও পেওমারা ও হৌশারা ও গ্রামের অন্যান্য কর্ত্তৃপক্ষেরা আপনং এলাকার মধ্যে কোন ভ্রমণকারি কিম্বা মন্দ ও সন্দিগ্ধ চরিত্রের লোকদিগকে দেখিতে পাইলে তাহাদের প্রতি দৃষ্টি রাখিয়া রিপোর্ট করিবেন এবং অত্যাবশ্যক হইলে তাহাদিগকে ধরিয়া চালান দিবেন।

11 On the occurrence of any heinous* crime in his district, any village officer who may be by custom or appointment charged with the duty of arresting criminals shall at once apprehend the offender if able, and in any case at once report to the Mouzadar Gaonburah, Peumah, or Housha, who, if the offender has not been apprehended, will proceed without delay to the place where the crime occurred and inquire into the matter If a crime beyond his cognizance has been committed, he will immediately report it to the Political Agent or other duly authorized officer, whether the offender has been apprehended or not

১১। অপরাধিকে ধরিয়া দেওয়া রীতিমতে গ্রামের কোন কার্য্যকারকের প্রতি বর্ত্তিলে কিম্বা তিনি সেই কর্ম্মে নিযুক্ত হইলে, যদি তাঁহার পল্লির মধ্যে কোন গুরুতর* অপরাধ হইয়া থাকে তবে তিনি পারিলে তৎক্ষণাৎ অপরাধিকে ধরিয়া দিবেন। ও যে গতিকেই হউক অগৌণে মৌজাদারের কি গাঁওবুড়র কি পেওমার কি হৌশার নিকট সেই কথার রিপোর্ট করিবেন। অপরাধিকে ধরা না গেলে ঐ মৌজাদার প্রভৃতি রিপোর্ট পাইলেই যে স্থানে অপরাধ করা গেল অবিলম্বে সেই স্থানে গিয়া ঐ বিষয়ের তদন্ত লইবেন। ঐ অপরাধ তাঁহার বিচারের ক্ষমতার বহির্ভূত হইলে অপরাধিকে ধরা যাউক কি না যাউক তিনি অগৌণে পলিটিকল এজেণ্টের কিম্বা নিয়মমতে ক্ষমতাপন্ন অন্য কার্য্যকারকের নিকট সেই বিষয়ের রিপোর্ট করিবেন।

12 Mouzadars, Gaonburahs, Peumahs, Houshas, and all other village authorities, may pursue with hue and cry an offender fleeing

১২। কোন অপরাধী মৌজাদারদের কি গাঁওবুড়দের কি পেওমাদের কি হৌশাদের কি গ্রামের অন্য কর্ত্তৃপক্ষের এলাকার বহির্ভূত স্বাধীন নাগা জাতী-

---

* *Heinous Crimes*

Rebellion	Rape
Riot	Theft
Counterfeiting coin or passing counterfeit coin	Robbery
Murder	Dacoity
Wounding to the injury of life or limb	Cattle stealing
	Arson
	House breaking
	Forgery

* গুরুতর অপরাধ এইং

রাজদ্রোহ।	বলাৎকার।
হাঙ্গামা।	চৌর্য্য।
মুদ্রা কৃত্রিম করণ কি কৃত্রিম মুদ্রা চালাওন।	দস্যুতা।
বধ।	ডাকাইতী।
প্রাণের কি অঙ্গের হানিজনকরূপে আঘাত করণ।	গো মেষাদি চুরি করণ।
	গৃহ দাহ।
	গৃহে অনধিকার প্রবেশ।
	জাল করণ।

beyond their jurisdiction (but not into the possessions of independent Naga tribes) and arrest him, but ordinarily no Mouzadar, Gaonburah, Peumah, Housha, or village authority, shall attempt to arrest an offender beyond his own jurisdiction without the cognizance and co operation of the Mouzadar, Gaonburah, Peumah, Housha, or chief village authority of the jurisdiction to which the offender has fled When an offender is traced from one jurisdiction to another, it will be sufficient to point him out to the Mouzadar, Gaonburaha Peumah, Housha, or other competent authority of the village to which the offender has fled, and request him to make the arrest

দেব অধিকার ছাড়া অন্য কোন স্থানে পলাইয়া গেলে তাঁহারা পোরশার করিয়া তাহার পশ্চাৎ২ ধাবমান হইয়া ধরিয়া আটক করিয়া রাখিতে পারিবেন। কিন্তু অপরাধী পলায়ন করিয়া যে গ্রামে যায় সামান্যতঃ সেই গ্রামেব মৌজাদার কি গাঁওবুড কি পেওমা কি হৌশাকে কিম্বা গ্রামের প্রধান কর্ত্তৃপক্ষকে না জানাইয়া এবং তাঁহার সাহায্য না পাইয়া আপন এলাকার বহির্ভূত সেই গ্রামে অপরাধিকে ধরিতে চেষ্টা করিবেন না। এক গ্রামহইতে অন্য গ্রামে অপরাধির যাইবার সন্ধান পাওয়া গেলে যে গ্রামে গিয়াছে অপরাধিকে সেই গ্রামের মৌজাদার কি গাঁওবুড কি পেওমা কি হৌশাকে কিম্বা উপযুক্ত ক্ষমতাপন্ন অন্য কর্ত্তৃপক্ষকে দেখাইয়া দিয়া তাহার প্রতি ধরিবার আদেশ করিলেই কার্য্য চলিবে।

13 When the Mouzadar, Gaonburah, Peumah, Housha, or other chief village authorities, feel unable to arrest an offender, they must apply to the Political Agent or any officer duly authorized to grant them the aid of the regular police

১৩। মৌজাদারেরা কি গাঁওবুডরা কি পেওমারা ক হৌশারা কিম্বা গ্রামের প্রধান অন্য কর্ত্তৃপক্ষেরা অপরাধিকে ধরিতে পারিবে না জানিলে, নিয়মিত পোলীসেব সাহায্য পাইবার নিমিত্ত পলিটিকল এজেণ্টের নিকট কিম্বা নিয়মমতে ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারকের নিকট তাঁহাদের প্রার্থনা করিতে হইবে।

14 The Mouzadars, Gaonburahs, Peumahs, and Houshas, or other chief village authorities, are empowered to arrest or cause to be arrested, and to fine all drunkards and other disorderly persons found brawling out of their houses, and all persons found gambling, the fine not to exceed that awardable under their powers in criminal matters as hereinafter defined

১৪। মাতাল ও অনিয়মতাচারী কোন লোক আপন ঘরেব বাহিরে গোলমাল করিলে ও কোন লোককে জুয়া খেলিতে দেখা গেলে মৌজাদারেরা ও গাঁওবুডরা ও পেওমারা ও হৌশারা ও গ্রামের অন্য প্রধান কর্ত্তৃপক্ষেরা তাহাদিগকে ধরিয়া কি ধরাইয়া জরিমানা করিতে পারিবেন। ইহার পশ্চাদ্ভাগে ফৌজদারী ব্যাপারে তাঁহারদের যে ক্ষমতা নির্দ্দিষ্ট করা গেল তদনুসারে তাঁহারা যত টাকা জরীমানা করিতে পারেন উক্ত ব্যক্তিদেব তদধিক জরীমানা করিবেন না।

15 All the inhabitants of the Naga Hills who are under the administrative control of the Political Agent are bound to aid the regular police and village authorities when required to do so for the maintenance of order or the apprehension of offenders Any person failing to do so is liable to fine, the fine to be adjudged by the Mouzadar, Gaonburah, Peumah, or Housha, or other chief village authority to the extent he is empowered to award in criminal cases, or by the Political Agent if fine beyond the amount those officers are authorized to impose is considered necessary When the particular persons blameable for failure to aid in any community cannot be ascertained, the Mouzadar, Gaonburah, Peumah, Housha, or chief village authority, shall be considered responsible, and if it appears that the community is to blame, and that particular offenders cannot be discovered, a fine may be imposed upon the community, but by the Political Agent only

১৫। সুনিয়ম পালন করিবার কিম্বা অপরাধিদিগকে ধরিয়া দিবার নিমিত্তে নাগা পর্ব্বতবাসি যত লোক পলিটিকল এজেণ্টের শাসনাধীন আছে তাহাদের প্রতি সাহায্য করিবার আদেশ হইলে তাহারদিগকে নিয়মিত পোলীসেব ও গ্রামের কর্ত্তৃপক্ষদের সাহায্য করিতেই হইবে। কোন ব্যক্তি সাহায্য না করিলে তাহার অর্থদণ্ড হইতে পারিবে। ঐ মৌজাদার কি গাঁওবুড কি পেওমা কি হৌশা কি গ্রামের অন্য প্রধান কর্ত্তৃপক্ষ ফৌজদারী মোকদ্দমায় যত টাকা জরীমানা করিতে পারেন ঐ ব্যক্তির তত টাকা জরীমানার আজ্ঞা করিতে পারিবেন। কিন্তু গ্রামের কর্ত্তৃপক্ষেরা যত টাকা জরীমানা করিতে পারেন ঐ ব্যক্তির তদধিক জরীমানা করা আবশ্যক বোধ হইলে পলিটিকল এজেণ্ট সাহেব তাহার জরীমানা করিবেন। সাহায্য না করাতে কোন গ্রামাদির কোন্২ ব্যক্তির প্রতি দোষ বর্ত্তে ইহা স্থির করিতে না পারা গেলে মৌজাদার কি গাঁওবুড কি পেওমা কি হৌশা কি গ্রামেব প্রধান কর্ত্তৃপক্ষ নিজে দায়ী হইবেন। ও গ্রামাদির লোকদের প্রতি ঐ দোষ বর্ত্তিলে কিন্তু দোষি বিশেষ ব্যক্তি স্থির করা যাইতে না পারিলে ঐ গ্রামাদির সমুদয় লোকের জরীমানা হইতে পারিবে কিন্তু কেবল পলিটিকল এজেণ্ট সাহেব ঐ জরীমানা করিতে পারিবেন।

III.—Criminal Justice

16 Criminal justice shall be ordinarily administered by the Political Agent, his Assistant, and by the Mouzadars, Gaonburahs, Peumahs, Houshas, or other chief village authorities of the different communities

17 The Political Agent shall be competent to pass sentence of death or imprisonment for a term unlimited, or of fine up to any amount Provided that no sentence of death shall be carried into effect without the concurrence of the Commissioner and the sanction of the Lieutenant-Governor, to whom the proceedings shall be submitted by the Commissioner if he concur in the sentence, and no sentence of imprisonment for a term of seven years or upwards shall be carried into effect without the approval of the Commissioner, and provided further that fine shall in no case exceed the value of the offender's existing property The Commissioner may enhance any sentence passed by his subordinates, but no offence shall be punished by a sentence exceeding that awardable under the provisions of the Indian Penal Code The assistant to the Political Agent shall exercise such powers as he may be invested with by the Commissioner not exceeding those of a Magistrate of the first class as defined in Act X of 1872

18 Any Mouzadar, Gaonburah, Peumah, or Housha, or other chief village authority, may be empowered by the Political Agent to dispose of cases of persons charged with any of the following offences —

Injury to property not exceeding Rs 50
Injury to person not endangering life or limb

House trespass
Affronts of whatever kind

They may impose a fine for any offence they are competent to try to the extent of Rs 50 They may award restitution or compensation to the extent of the injury sustained, and enforce it by distraint of the property of the offender In cases in which the fine is not paid or realised either in whole or in part, they shall represent the facts and send in the offender to the Political Agent, who may re-try the case and impose such other punishment as he is competent to inflict All Mouzadars, Gaonburahs, Peumahs, Houshas, or other chief village authorities who may be empowered as above, shall receive a sunnud of recognition under the signature of the Political Agent

৩।—কৌজদারী মোকদ্দমার বিচারের বিধি।

১৬। মৌজদারী মোকদ্দমার বিচার কার্য্য সামান্যতঃ পলিটিকল এজেণ্টের কিম্বা তাহার আসিষ্টাণ্টের দ্বারা এবং ভিন্ন২ গ্রামাদির মৌজাদার ও গাঁওবুড় ও পেওমা ও হৌশার ও গ্রামের অন্য প্রধান২ কর্ত্তৃপক্ষের দ্বারা নির্ব্বাহ করা যাইবে।

১৭। পলিটিকল এজেণ্ট সাহেব প্রাণদণ্ডের আজ্ঞা কিম্বা যত কাল হউক তত কাল কারাদণ্ডের ও যত টাকার হউক তত টাকা অর্থদণ্ডের আজ্ঞা করিতে পারিবেন। কিন্তু প্রাণদণ্ডের আজ্ঞা হইলে কমিশানর সাহেবের সম্মতি ও শ্রীযুত লেপ্টনেণ্ট গবরনর সাহেবের অনুমতি বিনা ঐ প্রাণদণ্ডের আজ্ঞামতে কার্য্য সাধন করা যাইবে না। কমিশানর সাহেব সম্মত হইলে মোকদ্দমার কাগজপত্র শ্রীযুত লেপ্টনেণ্ট গবরর্ণর সাহেবের নিকট পাঠাইবেন। ও সাত বৎসর কি তাহার অধিক কাল কারাদণ্ডের আজ্ঞা হইলে, কমিশানর সাহেবের সম্মতি বিনা সাধন হইবে না এবং অপরাধির তাৎকালীক সম্পত্তির মূল্যের অধিক অর্থদণ্ড হইবে না। অধীন কার্য্যকারকেরা যে দণ্ডের আজ্ঞা করেন কমিশ্যনর সাহেব তাহা বৃদ্ধি করিতে পারিবেন। কিন্তু ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনে যে অপরাধের যে দণ্ড নিরূপণ হইয়াছে তাহার অধিক দণ্ডের আজ্ঞা করিয়া সেই অপরাধের দণ্ড হইবে না। ১৮৭২ সালের ১০ আইনে প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের যে ক্ষমতা নির্দ্দিষ্ট হইল কমিশ্যনর সাহেব পলিটিকল এজেণ্টের আসিষ্টাণ্ট সাহেবের প্রতি তাহার অনধিক যে ক্ষমতা অর্পণ করেন সেই ক্ষমতামতে কার্য্য করিবেন।

১৮। কোন ব্যক্তির নামে নিম্ন লিখিত অপরাধের অভিযোগ হইলে পলিটিকল এজেণ্ট সাহেব কোন মৌজাদার কি গাঁওবুড় কি পেওমা কি হৌশাকে কিম্বা গ্রামের অন্য প্রধান কর্ত্তৃপক্ষকে সেই অপরাধের মোকদ্দমা নিষ্পত্তি করিবার ক্ষমতা প্রদান করিতে পারিবেন।

৫০ টাকার অনধিক মূল্যের সম্পত্তির হানি করণ।
প্রাণের কি অঙ্গের হানি করণভিন্ন ব্যক্তির হানি করণ।
গৃহে অনধিকার প্রবেশ করণ।
কোন প্রকারে অপমান করণ।

তাঁহারা যে অপরাধের বিচার করিতে ক্ষমতাপন্ন হন তাহার ৫০ টাকা পর্য্যন্ত জরীমানার আজ্ঞা করিতে পারিবেন। কোন ব্যক্তির যত টাকা হানি হইল তাহাকে তত টাকা দিবার কিম্বা তত টাকা পর্য্যন্ত তাহার হানিপূরণ করিবার আজ্ঞা দিতে পারিবেন এবং অপরাধির সম্পত্তি ক্রোক করিয়া ঐ আজ্ঞা প্রবল করাইতে পারিবেন। জরীমানার টাকা না দেওয়া গেলে কিম্বা সমুদয় টাকা কি তাঁহার একাংশ আদায় করা গেলে তাঁহারা সেই কথা জানাইয়া অপরাধিকে পলিটিকল এজেণ্ট সাহেবের নিকটে পাঠাইবেন। উক্ত সাহেব সেই মোকদ্দমার পুনর্ব্বিচার করিয়া অন্য যে দণ্ডের আজ্ঞা করিতে সক্ষম হন করিতে পারিবেন। যে মৌজাদার কি গাঁওবুড় কি পেওমা কি হৌশাকে কিম্বা গ্রামের প্রধান অন্য যে কর্ত্তৃপক্ষকে পূর্ব্বোক্ত ক্ষমতা দেওয়া যায়, তাঁহারদিগকে ঐ ক্ষমতা স্বীকার করণ সূচক সনদ পলিটিকল এজেণ্ট সাহেবের দ্বারা স্বাক্ষরিত হইয়া দেওয়া যাইবে।

[*Government Gazette*, *20th August* 1872.]

19 **Mouzadars, Gaonburahs, Peumahs, and Houshas, or other duly recognized village authorities, may carry out their decision, or order attachment of property, as soon as judgment is pronounced, but in no case is property so attached to be sold, if the party convicted claim to appeal within eight days, without the orders of the Political Agent**

(*a*)—Mouzadars, Gaonburahs, Peumahs, or Houshas, or other duly recognized village authorities, may not decide in cases where their father, mother, son, daughter, wife, or the children, husbands, or wives, of any of these are concerned, or

(*b*)—When the defendant is not a native of the Naga Hills, or is not resident within their jurisdiction, or

(*c*)—When the offence is one against the state, or has caused death or danger of life, or amounts to robbery or concerns counterfeiting of coin or the making of fraudulent documents or the like

20 The Mouzadars, Gaonburahs, Peumahs, and Houshas, or other duly recognized village authorities, shall not decide any cases save in open durbar, in presence of at least three witnesses and the complainant and accused, whose attendance they are empowered to compel Either party may appeal from the decision at the time decision is pronounced, or within eight days thereof to the Political Agent or his Assistant, in which case the Mouzadar, Gaonburah, Peumah, or Housha, or other duly recognized authority, will take the parties or cause them to be sent before the Political Agent or his Assistant, with one of the persons required to attend as a court witness The case shall then be tried *de novo*

21 An appeal lies to the Political Agent from the decisions of his Assistant if preferred within sixteen days

22 No appeal shall lie as a matter of right from the sentence of the Political Agent involving sentence of less than three years' imprisonment, but it is competent to the Commissioner to call for the record of any case whatever, and to modify or reverse the decision passed All sentences of over three years' imprisonment are appealable to the Commissioner Appeals to the Commissioner must be preferred within thirty-

১৯। মৌজাদারেরা কি গাঁওবুড়ারা কি পেওমারা ও হৌশারা কিম্বা নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষগণ নিষ্পত্তি প্রকাশ করিলেই ঐ নিষ্পত্তি মতে কার্য্য করাইতে কিম্বা সম্পত্তি ক্রোক করিবার আজ্ঞা দিতে পারিবেন। কিন্তু যে ব্যক্তির অপরাধ নির্ণয় হয় সে আট দিনের মধ্যে আপীল করিতে দাওয়া করিলে পলিটিকল এজেণ্ট সাহেবের অনুমতি না হইলে তাঁহার উক্ত প্রকারের ক্রোক করা সম্পত্তি বিক্রয় করা যাইবে না।

(ক) কোন মৌজাদারের কি গাঁওবুড়র কি পেওমার কি হৌশার কিম্বা গ্রামের নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষের পিতা কি মাতা কি পুত্র কি কন্যা কি স্ত্রী কিম্বা তাহাদের সন্তান কি স্বামী কি স্ত্রী যে মোকদ্দমায় লিপ্ত থাকেন তিনি সেই মোকদ্দমার বিচার করিবেন না। কিম্বা

(খ) প্রতিবাদী নাগা পর্ব্বতীয় লোক না হইলে ও সেই মৌজাদার প্রভৃতির এলাকার মধ্যে বাস না করিলে, কিম্বা

(গ) রাজবিদ্রোহ কি অন্যের মৃত্যুজনক কি প্রাণের আশঙ্কা জনক অপরাধ কিম্বা দস্যুতার তুল্য অপরাধ হইলে কিম্বা মুদ্রা কৃত্রিম করণ কি প্রতারণা ভাবে দলীল প্রস্তুত করণ প্রভৃতি কার্য্য সম্পর্কীয় অপরাধ হইলে, ঐ মৌজাদার প্রভৃতি তাহার বিচার করিবেন না।

২০। খোলা দরবারে ন্যূন কল্পে তিন জন সাক্ষী এবং বাদী ও প্রতিবাদী উপস্থিত না থাকিলে মৌজাদারেরা কি গাঁওবুড়রা কি পেওমারা কি হৌশারা কিম্বা গ্রামের নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষেরা কোন মোকদ্দমার নিষ্পত্তি করিবেন না। তাঁহারা ঐ সাক্ষিদিগকে ও বাদী ও প্রতিবাদিকে বল পূর্ব্বক উপস্থিত করাইতে পারিবেন। যে সময়ে নিষ্পত্তি প্রকাশ করা যায় সেই সময়ে কিম্বা তাহার পর আট দিনের মধ্যে অন্যতর পক্ষ পলিটিকল এজেণ্ট সাহেবের কিম্বা তাঁহার আসিষ্টাণ্টের নিকট আপীল করিতে পারিবেন। তাহা হইলে মৌজাদার কি গাঁওবুড় কি পেওমা কি হৌশা কিম্বা নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষ সেই উভয় পক্ষকে ও যাহারদিগকে উপস্থিত হইবার আজ্ঞা হইয়াছিল আদালতের সাক্ষি স্বরূপ তদ্রূপ অন্যতর ব্যক্তিকে লইয়া পলিটিকল এজেণ্ট সাহেবের কিম্বা তাঁহার আসিষ্টাণ্টের নিকটে যাইবেন কিম্বা তাহারদিগকে পাঠাইবেন। তাহা হইলে প্রথমাবধি মোকদ্দমার পুনর্ব্বিচার হইবে।

২১। আসিষ্টাণ্ট সাহেব যে আজ্ঞা করেন তাহার উপর পলিটিকল এজেণ্ট সাহেবের নিকট আপীল হইতে পারিবে। ষোল দিনের মধ্যে সেই আপীল করিতে হইবে।

২২। পলিটিকল এজেণ্ট সাহেব তিন বৎসরের ন্যূন কাল কারাদণ্ডের আজ্ঞা করিলে সেই আজ্ঞার উপর আপীল করিবার অধিকার আছে বলিয়া আপীল হইতে পারিবে না। কিন্তু যে মোকদ্দমা হউক না কেন, কমিশ্যনর সাহেব তাহার কাগজপত্র আনাইয়া তাহাতে যে নিষ্পত্তি হইল তাহা মতান্তর কি অসিদ্ধ করিতে পারিবেন। তিন বৎসর ও তদধিক কাল কারাদণ্ডের সকল আজ্ঞার উপর কমিশ্যনর সাহেবের নিকট আপীল হইতে পারিবে। কমিশ্যনর

two days All sentences above seven years must be confirmed by Commissioner, whose decision is final, but the Hon'ble the Lieutenant-Governor reserves to himself the prerogative of reviewing the proceedings of the Commissioner and his subordinates, and passing such orders on them as he may deem fit

সাহেবের নিকট আপীল বত্রিশ দিনের মধ্যে উপস্থিত করিতে হইবে। সাত বৎসরের অধিক কাল কারাদণ্ডের আজ্ঞা কমিশ্যনর সাহেবের দৃঢ় করা আবশ্যক, তাঁহার নিষ্পত্তি চূড়ান্ত। কিন্তু মান্যবর শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের এই একাধিকার থাকিল যে তিনি কমিশ্যনর সাহেবের ও তাঁহার অধীন সকল কর্ম্মকারকের মোকদ্দমাঘটিত কার্য্য পুনর্ব্বিবেচনা করিয়া যে আজ্ঞা উচিত বোধ করেন করিতে পারিবেন।

23 The procedure of the Political Agent and his Assistant shall be in the spirit of the Code of Criminal Procedure as far as it is applicable to the circumstances of the district and consistent with these rules, the chief exceptions are—

২৩। উক্ত প্রদেশের ভাবগতিক বিবেচনায় ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন যত দূর খাটিতে পারে ও এই বিধির সহিত যত দূর সঙ্গত হয়, পলিটিকল এজেন্ট সাহেব ও তাঁহার আসিষ্টান্ট তত দূর সেই আইনের ভাবানুসারে কার্য্য চালাইবেন। বর্জ্জনীয় বিষয়ের মধ্যে এই২ বিষয় প্রধান।

(*a*)—Only verbal order or notice shall be requisite except when the regular police are employed, or the person concerned is not resident or in the district at the time, or if in the district but resident beyond it, where his place of abode is not known But orders of summons shall be for a fixed day not exceeding sixteen days from that upon which the order is issued, and the order shall be made known to the person affected or to some adult member of his family, or proclaimed at the place he was last known to be at, in sufficient time to allow him, if he see fit, to appear

(ক) আজ্ঞা কি সমনপ্রভৃতির কেবল বাচনিক নোটিস দেওয়া আবশ্যক। কিন্তু যদি নিয়মিত পোলীস নিযুক্ত করা যায় কিম্বা যে ব্যক্তি মোকদ্দমায় লিপ্ত থাকে সে যদি তৎকালে ঐ প্রদেশের মধ্যে বাস না করে কিম্বা না থাকে কিম্বা সে প্রদেশের মধ্যে থাকিলেও যদি তাহার বহির্ভূত স্থানে বাস করে ও তাহার বাসস্থান জানা না যায় তবে সমনপ্রভৃতি লিখিয়া দিতে হইবে। সমনের আজ্ঞা যে দিনে দেওয়া যায় সেই দিনাবধি ষোল দিনের অনধিক কোন দিনে ঐ ব্যক্তির উপস্থিত হইবার আজ্ঞা হইবে। এবং যে ব্যক্তি ঐ মোকদ্দমায় লিপ্ত থাকে তাহাকেই কিম্বা তাহার পরিবারের মধ্যে বয়ঃপ্রাপ্ত কোন ব্যক্তিকে ঐ আজ্ঞা জানাইতে হইবে, কিম্বা লোকেরদের জ্ঞানমতে তাহাকে শেষ যে স্থানে দেখা গিয়াছিল সেই স্থানে এমত সময় থাকিতে ঐ আজ্ঞা ঘোষণা করিতে হইবে যে ঐ ব্যক্তি উপস্থিত হওয়া উচিত বোধ করিলে উপস্থিত হইতে পারিবে।

(*b*)—A note of the substance of all the proceedings in cases tried before them must be kept by the Political Agent and his Assistant in the form prescribed by section 228, Act X of 1872 In cases requiring a sentence exceeding three years, a full note of the evidence and proceedings must be kept Examinations and proceedings shall generally be recorded in English only

(খ) পলিটিকল এজেন্ট সাহেবের ও তাঁহার আসিষ্টান্টের সম্মুখে যে২ মোকদ্দমার বিচার হয় সেই২ মোকদ্দমায় তাঁহারা যে সকল কার্য্যানুষ্ঠান করেন তাহার মর্ম্ম ১৮৭২ সালের ১০ আইনের ২২৮ ধারার নির্দ্দিষ্ট পাঠে লিখিয়া রাখিতে হইবে। কোন মোকদ্দমায় তিন বৎসর কি তদধিক কারাদণ্ডের প্রয়োজন হইলে যে সাক্ষ্য লওয়া যায় ও যে কার্য্যের অনুষ্ঠান হয় তাহার বিস্তারিত লিখিয়া রাখিতে হইবে। পরীক্ষাকালীন উক্তি ও আনুষ্ঠানিক কার্য্য সামান্যতো কেবল ইংরাজী ভাষায় লিখিতে হইবে।

(*c*)—The proceedings of the Mouzadars, Gaonburahs, Peumahs, and Houshas, or other duly recognized village authorities, need not be in writing, but if at the trial before the village authorities any person who can write can be found, a brief note of the proceedings is to be made

(গ) মৌজাদারেরা ও গাঁওবুড়ারা ও পেন্মারা ও হৌশারা ও গ্রামের স্বীকৃত অন্য কর্তৃপক্ষেরা যে কার্য্যানুষ্ঠান করেন তাহা লিখিয়া রাখিবার প্রয়োজন নাই। কিন্তু গ্রাম্য কর্তৃপক্ষদের সম্মুখে মোকদ্দমার বিচারকালে লিখিতে জানেন এমত কোন ব্যক্তিকে পাওয়া যাইতে পারিলে আনুষ্ঠানিক কার্য্যের সংক্ষেপ বিবরণ লিখিয়া রাখিতে হইবে।

(*d*)—All fines levied by the Mouzadars, Gaonburahs, Peumahs, and Houshas, or other duly recognized village authorities, shall be paid to the Political Agent or his Assistant or other officer empowered to receive them within eight days from the date of realization

(ঘ) মৌজাদারেরা কি গাঁওবুড়ারা কি পেন্মারা কি হৌশারা কিম্বা গ্রামের নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্তৃপক্ষেরা অর্থদণ্ডের টাকা আদায় করিলে আদায়ের তারিখ অবধি আট দিনের মধ্যে পলিটিকল এজেন্ট সাহেবকে কিম্বা আসিষ্টান্ট সাহেবকে কিম্বা ঐ টাকা লইতে ক্ষমতাপন্ন অন্য কার্য্যকারককে দেওয়া যাইবে।

(c)—It shall be discretionary to examine witnesses on oath in any form, or to warn them that they are liable to the punishment of perjury if they state that which they know to be false.

24. The Political Agent and his Assistant shall keep the registers hereafter specified, and make returns of copies of the entries therein monthly to the Commissioner:—

Register of crimes committed.

Register of criminal cases decided by the Political Agent and his Assistant.

Register of fines levied by the Political Agent and his Assistant and Mouzadars, Gaonburahs, Peumahs and Houshas or other duly recognized village authorities.

Register of licences to carry fire-arms.

IV.—Civil Rules.

25. The administration of civil justice in the Naga Hills is entrusted to the Commissioner, the Political Agent, his Assistant, and by the Mouzadars, Gaonburahs, Peumahs, and Houshas and other chief village authorities.

26. Mouzadars, Gaonburahs, Peumahs, and Houshas and other chief village authorities, may be recognized by the Political Agent by sunnud under his signature as empowered to try cases without limit as to amount, but with the following reservations:—

(a)—They may not try suits in which their fathers, mothers, sons, daughters, uncles, aunts, sisters, brothers, the children of the foregoing, their wives or persons in the above relation to a wife, or any near relative, are parties, nor suits in which a native of the plains or native of another village not resident in their jurisdiction are parties.

(b)—All suits must be decided in open durbar, in the presence of the parties and at least three respectable witnesses.

27. Mouzadars, Gaonburahs, Peumahs, or Houshas and other duly recognized village authorities have power to compel attendance of parties to any suit and their witnesses,—all such persons being resident within their own jurisdiction and to fine within the limit of Rs. 50, persons wilfully failing to attend. They have power to award all costs, also compensation to defendants for unfounded or vexatious suits brought against them.

(গ) সাক্ষিদিগকে যে কোন পাঠানুসারে শপথ করাণ উচিত বোধ হয় শপথ করাইয়া তাহারদের সাক্ষ্য লওয়া যাইবে। অথবা তাহারা কোন কথা মিথ্যা জানিয়া কহিলে তাহারদের মিথ্যা শপথের দণ্ড হইতে পারিবে ইহা কহিয়া তাহারদিগকে সতর্ক করা যাইতে পারিবে।

২৪। পলিটিকল এজেণ্ট ও আসিষ্টাণ্ট সাহেব পশ্চাৎ লিখিত রেজিষ্টর রাখিবেন, ও মাসে২ কমিশ্যানর সাহেবের নিকট ঐ রেজিষ্টরী বহীর লিখিত কথার নকল পাঠাইবেন।

যে২ অপরাধ করা গেল তাহার রেজিষ্টর।

পলিটিকল এজেণ্ট ও তাঁহার আসিষ্টাণ্ট সাহেব ফৌজদারী যে২ মোকদ্দমার নিষ্পত্তি করেন তাহার রেজিষ্টর।

পলিটিকল এজেণ্ট ও তাঁহার আসিষ্টাণ্ট সাহেব এবং মৌজাদারেরা ও গাঁওবুড়রা ও পেওমারা ও হৌশারা ও গ্রামের নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্তৃপক্ষেরা জরীমানার যত টাকা আদায় করেন তাহার রেজিষ্টর,

বন্দুকপ্রভৃতি হাতে লইয়া বেড়াইবার লাইসেন্সের রেজিষ্টর।

৪।—দেওয়ানী কার্য্যের বিধি।

২৫। নাগা পর্ব্বতে দেওয়ানী মোকদ্দমার বিচার কার্য্যের ভার কমিশ্যনর সাহেবের ও পলিটিকল এজেণ্ট সাহেবের ও তাঁহার আসিষ্টাণ্টের ও মৌজাদার ও গাঁওবুড় ও পেওমা ও হৌশাদের ও গ্রামের অন্য প্রধান২ কর্তৃপক্ষের প্রতি অর্পিত হইল।

২৬। পলিটিকল এজেণ্ট সাহেব স্বীয় স্বাক্ষরিত সনদক্রমে মৌজাদারদিগকে ও গাঁওবুড়দিগকে ও পেওমাদিগকে ও হৌশাদিগকে ও গ্রামের অন্যান্য প্রধান২ কর্তৃপক্ষকে যত টাকার হউক তাহার সীমা নিরূপণ না করিয়া মোকদ্দমার বিচার করিবার ক্ষমতাপন্ন বলিয়া স্বীকার করিতে পারিবেন। কিন্তু নিম্নলিখিত মোকদ্দমার বিচার করিতে পারিবেন না।

(ক) তাঁহারদের পিতা কি মাতা কি পুত্র কি কন্যা কি পিতৃব্য কি মাতুল কি পিতৃব্যপত্নী কি মাতুলানী কি ভগিনী কি ভাই কিম্বা উক্ত অন্যতর ব্যক্তির সন্তান সন্ততি কি তাহারদের স্ত্রী কি স্ত্রীর উক্ত জ্ঞাতি কুটুম্ব কিম্বা আসন্ন বন্ধু যে মোকদ্দমার এক পক্ষ হন, কিম্বা নিম্ন ভূমি জাত কি অন্য গ্রামে জাত যে ব্যক্তিরা তাঁহারদের নিজ এলাকায় বাস না করে তাহারা যে মোকদ্দমার একপক্ষ হয় সেই মোকদ্দমার বিচার করিতে পারিবেন না।

(খ) সকল মোকদ্দমা খোলা দরবারে উভয় পক্ষের ও ন্যূনকল্পে তিন জন সম্ভ্রান্ত সাক্ষির সম্মুখে নিষ্পত্তি করিতে হইবে।

২৭। কোন মোকদ্দমার উভয়পক্ষ ও তাঁহারদের সাক্ষিরা ঐ মৌজাদার কি গাঁওবুড় কি পেওমা কি হৌশাদের কি গ্রামের নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্তৃপক্ষদের এলাকায় বাস করিলে তাঁহারা সেই ব্যক্তিদিগকে বলপূর্ব্বক উপস্থিত করাইতে পারিবেন। ও তাহারা ইচ্ছাক্রমে আসিতে ত্রুটি করিলে ৫০ টাকা পর্য্যন্ত তাহারদের জরীমানা করিতে পারিবেন। কোন ব্যক্তির নামে অমূলক কি কেবল কষ্টদায়ক মোকদ্দমা উপস্থিত করা গেলে তাঁহারা প্রতিবাদির সকল খরচ দিবার ও ক্ষতিপূরণের টাকাও দিবার আজ্ঞা করিতে পারিবেন।

28 All proceedings shall be *vivâ voce*, and the Mouzadars, Gaonburahs, Peumahs, or Houshas, or other duly recognized village authorities, shall not be called upon to make either record or registry of their decision After hearing both parties and their witnesses, if any, they shall, with or without the opinion of assessors, as they think fit, pronounce a decision forthwith If at the trial any person who can write can be found, a brief note of the proceedings is to be made

29 Mouzadars, Gaonburahs, Peumahs, and Houshas, and other duly recognized village authorities, may carry out their decision at once and order attachment of property to be made, but in no case is property so attached to be sold if the party cast claim to appeal within eight days On such appeal being made, they shall send the parties and their witnesses to the Political Agent or his Assistant forthwith, or as soon as may be, and either accompany them or send one respectable person who has been present at the trial with them

30 All notices given by Mouzadars, Gaonburahs, Peumahs, or Houshas, and other duly recognized village authorities to parties or witnesses, shall be verbal, and for a fixed day not exceeding eight days from the day it is given If a case be postponed, it shall be fixed for a day not exceeding eight days from the order, and the case may be subsequently adjourned for periods not exceeding eight days on good cause shown

31 The Political Agent and his Assistant shall not ordinarily hear suits triable by Mouzadars, Gaonburahs, Peumahs, or Houshas, or other duly recognized village authorities, but they have a discretion to do so when they think right and suits which under these rules the village authorities cannot try must be tried by the Political Agent or his Assistant A register of all suits tried by the Political Agent and his Assistant shall be kept in such form as the Commissioner shall direct

32 The Political Agent and his Assistant shall, in all cases in which the parties are indigenous inhabitants of the hills, endeavour to induce them to submit their case to punchayet If they agree to this, each party shall name an

২৮। মোকদ্দমা সম্পর্কীয় সকল কার্য্য বাচনিক হইবে এবং মৌজাদার কি গাঁওবুড় কি পেওমা কি হৌশাকে কিম্বা গ্রামের নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষদিগকে আপনারদের নিষ্পত্তি লিখিয়া রাখিতে কি রেজিষ্টরী করিতে আদেশ থাকিবে না। তাঁহারা উভয় পক্ষের কথা শুনিলে পর ও সাক্ষিদিগকে আনা গেলে তাহারদের কথা শুনিলে পর আসেসরদের মত লইয়া কি না লইয়া যদ্রূপ নিষ্পত্তি করা উচিত বোধ করেন তৎকালেই সেই নিষ্পত্তি প্রকাশ করিবেন। কিন্তু বিচারকালে গ্রামের কর্ত্তৃপক্ষদের সম্মুখে লিখিতে জানে এমত কোন ব্যক্তিকে পাওয়া যাইতে পারিলে মোকদ্দমাঘটিত কার্য্যের সংক্ষেপ মর্ম্ম লেখা যাইবে।

২৯। মৌজাদারেরা ও গাঁওবুড়রা ও পেওমারা ও হৌশারা ও গ্রামের নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষেরা একেবারেই আপনারদের নিষ্পত্তিমতে কার্য্য করাইয়া সম্পত্তি ক্রোক করিবার আজ্ঞা করিতে পারিবেন। কিন্তু পরাজিত ব্যক্তি আট দিনের মধ্যে আপীল করিবার দাওয়া করিলে সেই ক্রোক করা সম্পত্তি বিক্রয় করা যাইবে না। তদ্রূপে আপীল করা গেলে তাঁহারা অগৌণে কিম্বা সাধ্যমতে ত্বরায় ঐ উভয় পক্ষকে ও তাঁহারদের সাক্ষিদিগকে পলিটিকল এজেন্টের কি তাঁহার আসিষ্টান্টের নিকটে পাঠাইবেন ও আপনারা সঙ্গে যাইবেন কিম্বা তাহারদের বিচারকালে যাঁহারা উপস্থিত ছিলেন সম্ভ্রান্ত এমত কোন এক ব্যক্তিকে সঙ্গে পাঠাইবেন।

৩০। মৌজাদারেরা ও গাঁওবুড়রা ও পেওমারা ও হৌশারা কিম্বা গ্রামের নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষেরা বাদি ও প্রতিবাদিকে কি সাক্ষিদিগকে যে সকল নোটিস দেন তাহা বাচনিক হইবে ও যে দিনে দেওয়া গেল তদবধি তাহাদের উপস্থিত হইবার আট দিনের অনধিক কোন দিন নির্দ্দিষ্ট থাকিবে। মোকদ্দমার বিচার কার্য্য যদি স্থগিত রাখা যায় তবে স্থগিত হইবার আজ্ঞার পর আট দিনের অনধিক কোন দিনে বিচার করিবার দিনান্তর নিরূপণ হইবে। এবং বিশিষ্ট কারণ দর্শান গেলে তৎপরেও সেই মোকদ্দমা আট ২ দিনের অনধিক কাল স্থগিত থাকিতে পারিবে।

৩১। কোন মোকদ্দমা মৌজাদার কি গাঁওবুড় কি পেওমা কি হৌশ কিম্বা গ্রামের নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষদের বিচার্য্য হইলে পলিটিকল এজেন্ট সাহেব কিম্বা তাঁহার আসিষ্টান্ট সাহেব তাহা সামান্যতঃ গ্রাহ্য করিবেন না। কিন্তু তাহা করা উপযুক্ত বোধ করিলে স্বয় বিবেচনামতে করিতে পারিবেন। এই বিধিমতে গ্রামের কর্ত্তৃপক্ষেরা যে মোকদ্দমার বিচার করিতে না পারেন পলিটিকল এজেন্ট কিম্বা তাঁহার আসিষ্টান্ট সাহেব তাহার বিচার করিবেন। ও পলিটিকল এজেন্ট ও তাঁহার আসিষ্টান্ট সাহেব যে সকল মোকদ্দমার বিচার করেন তাহার রেজিষ্টর রাখিতে হইবে। কমিশ্যনর সাহেব যে পাঠ নির্দ্দিষ্ট করেন ঐ রেজিষ্টর সেই পাঠে লেখা যাইবে।

৩২। ঐ পর্ব্বতজাতীয় যে লোকদের তথায় নিবাস থাকে কোন মোকদ্দমার উভয়পক্ষ এমত লোক হইলে পলিটিকল এজেন্ট ও তাঁহার আসিষ্টান্ট সাহেব তাহারদিগকে পঞ্চায়তের বিচারার্থে মোকদ্দমা অর্পণ করিতে প্রবৃত্তি দিবার উদ্যোগ করিবেন। তাহারা সম্মত হইলে

equal number of arbitrators, and shall choose, or leave the arbitrators to choose, an umpire. The name and residence of arbitrators and umpire, and the matter in dispute, must be recorded before the proceedings commence, and the court will direct the Mouzadar, Gaonburah, Peumah, or Housha, or some other recognized authority, to assemble the punchayet and witnesses within eight days. When the case has been decided, the umpire shall appear with the parties before the court, which shall proceed to record the decision and enforce it as its own. From such decision there shall be no appeal.

উভয় পক্ষ আপনং সপক্ষীয় সমান সংখ্যক সালিস ও প্রমাণ পুরুষ মনোনীত করিবে কিম্বা সালিসেরাই আপনাদের প্রমাণ পুরুষকে মনোনীত করিবেন। মোকদ্দমার কার্য্য আরম্ভ করিবার পূর্ব্বে সালিসদের ও প্রমাণ পুরুষের নাম ও নিবাস ও বিবাদীয় বিষয় লিখিয়া রাখা যাইবে। এবং আদালত মৌজাদারের কি গাঁওবুড়র কি পেওমার কি হৌশার কিম্বা স্বীকৃত অন্য কর্তৃপক্ষের প্রতি আট দিনের মধ্যে পঞ্চায়তকে ও সাক্ষিদিগকে একত্র করাইতে আজ্ঞা করিবেন। মোকদ্দমা নিষ্পত্তি করা গেলে প্রমাণপুরুষ উভয় পক্ষকে লইয়া আদালতে উপস্থিত হইবেন ও আদালত সেই নিষ্পত্তি লিখিয়া রাখিয়া আপনার নিষ্পত্তির ন্যায় তাহা প্রবল করিবেন। সেই নিষ্পত্তির উপর আপীল নাই।

33. An appeal shall lie from the decision of the Mouzadar, Gaonburah, Peumah, Housha, or other duly recognized village authority to the Political Agent or his Assistant. A record shall be made of the matter in dispute and the decision of the village authority. If necessary the court shall examine the parties, and if the decision appears to be just, shall affirm and enforce it as one of its own. If the court sees reason to doubt the justice of the decision, it will try the case *de novo*, or refer it to a punchayet as above.

৩৩। মৌজাদারের কি গাঁওবুড়র কি পেওমার কি হৌশার কিম্বা গ্রামের নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্তৃপক্ষের নিষ্পত্তির উপর পলিটিকল এজেন্টের কিম্বা তাঁহার আসিষ্টান্টের নিকট আপীল হইতে পারিবে। বিবাদীয় বিষয়ের বৃত্তান্ত এবং গ্রামের কর্তৃপক্ষের নিষ্পত্তি লিখিয়া রাখা যাইবে। আবশ্যক হইলে আদালত উভয়পক্ষের পরীক্ষা লইবেন এবং নিষ্পত্তি যথার্থ বোধ করিলে তাহা স্থির রাখিয়া আপনার নিষ্পত্তির ন্যায় প্রবল করিবেন। ঐ নিষ্পত্তির যাথার্থ্য বিষয়ে আদালতের সন্দেহ করিবার কারণ থাকিলে আদালত প্রথমাবধি ঐ মোকদ্দমার পুনর্ব্বিচার করিবেন কিম্বা পূর্ব্বোক্তমতে পঞ্চায়তের প্রতি তাহা অর্পণ করিবেন।

34. Houses, needful clothing, cooking utensils or implements whereby the owner subsists, may not be attached, sold, or transferred, in execution of decree, unless themselves the subject of the suit.

৩৪। ঘর কি প্রয়োজনীয় বস্ত্র কি রাঁধিবার পাত্র কিম্বা যে হাতিয়ার প্রভৃতি দ্বারা কোন ব্যক্তির জীবিকা চলে তাহা লইয়া মোকদ্দমা না হইলে সেইং বিষয় ডিক্রীজারীক্রমে ক্রোক কি বিক্রয় কি হস্তান্তর করিয়া দেওয়া যাইবে না।

35. There shall be no imprisonment for debt excepting in cases where the Political Agent is satisfied that the fraudulent disposal or concealment of property has taken place. In such case the debtor may be detained for a period not exceeding six months.

৩৫। ঋণের নিমিত্তে কোন ব্যক্তিকে কয়েদ করা যাইবে না। কিন্তু কোন সম্পত্তি প্রতারণাক্রমে হস্তান্তর করিয়া দেওয়া গিয়াছে কিম্বা লুকাইয়া রাখা গিয়াছে পলিটিকল এজেন্ট সাহেব ইহা সন্তোষমতে জানিলে ঐ ঋণীকে ছয় মাসের অনধিক কাল আটক করিয়া রাখা যাইতে পারিবে।

36. No appeal shall lie as of right to the Political Agent from decisions of his Assistant or from the Political Agent except as hereinafter provided; but the Political Agent, if he see fit, may call for the proceedings of any case decided by his Assistant, and the Commissioner may, upon application made, or otherwise, call for the proceedings of either of the lower courts, and revise them, provided that persons resident beyond the Naga Hills may appeal to the Commissioner within thirty-two days from the date of a decision. The appeal shall be accompanied by

৩৬। কেবল নিম্নলিখিত স্থলভিন্ন অন্য স্থলে, পলিটিকল এজেন্ট সাহেবের নিকট আসিষ্টান্ট সাহেবের নিষ্পত্তির উপর আপীল করিবার অধিকার আছে বলিয়া আপীল হইবে না। কিন্তু পলিটিকল এজেন্ট সাহেব উচিত বোধ করিলে আপনার আসিষ্টান্টের নিষ্পত্তি করা কোন মোকদ্দমার কাগজপত্র আনাইতে পারিবেন। এবং দরখাস্ত হইলে কিম্বা না হইলেও কমিশ্যনর সাহেব নিম্ন কোন আদালতের মোকদ্দমাঘটিত কার্য্যের কাগজপত্র আনাইয়া তাহা সংশোধন করিতে পারিবেন। কিন্তু যে ব্যক্তিরা নাগাপর্ব্বতের বাহিরে বাস করেন তাঁহারা নিষ্পত্তির তারিখঅবধি ৩২ দিনের মধ্যে কমিশ্যনর সাহেবের নিকট আপীল করিতে পারি-

a copy of the judgment appealed against and a clear statement of the grounds of appeal The appeal may be presented to the Political Agent, who shall, if it be in order, and presented in due time, endorse upon it the date of receipt and transmit it, with the proceedings in the suit, to the Commissioner, who, after perusal of the petition of appeal and judgment, and after hearing the agent of the appellant, if any, may dismiss the appeal, or may remit the case to the lower court for the record of further evidence, or for re-trial of fresh issues, or reserve the case for hearing before his own court, and shall confirm, modify, or reverse, the decision of the lower court, passing such orders as to costs as may appear just The decree of the appellate court shall be transferred to the court of the Political Agent for execution as a decree of its own

বেন। যে নিষ্পত্তির উপর আপীল হয় আপীলের দরখাস্তের সঙ্গে তাহার নকল দিতে হইবে এবং আপীল করিবার সকল কারণ স্পষ্ট করিয়া বর্ণনা করিতে হইবে। ঐ আপীল পলিটিকল এজেণ্ট সাহেবকে দেওয়া যাইতে পারিবে। ও সেই আপীল নিয়মমতে করা গেলে ও উপযুক্ত সময়ে উপস্থিত করা গেলে পলিটিকল এজেণ্ট ঐ দরখাস্তের পৃষ্ঠভাগে তাহা পাইবার তারিখ লিখিয়া মোকদ্দমাঘটিত কার্য্যের কাগজপত্রের সহিত কমিশানর সাহেবের নিকট পাঠাইবেন। তিনি আপীলের দরখাস্ত ও নিষ্পত্তি পাঠ করিয়া ও আপেলাণ্টের মোক্তার থাকিলে তাহার কথা শুনিয়া হয় আপীল ডিসমিস করিতে পারিবেন, না হয় অধিক প্রমাণ লইয়া লিখিয়া রাখিবার জন্যে কিম্বা নূতন ইস্যু ধরিয়া পুনর্বিচার করিবার জন্যে অধঃস্থ আদালতে মোকদ্দমা ফিরিয়া পাঠাইবেন কিম্বা আপনার আদালতে শুনিবার জন্যে মোকদ্দমা গ্রাহ্য করিয়া অধঃস্থ আদালতের নিষ্পত্তি স্থির রাখিবেন কিম্বা মতান্তর কি অসিদ্ধ করিবেন এবং খরচার বিষয়ে যে আজ্ঞা উচিত বোধ করেন করিবেন। আপীল আদালতের ডিক্রী পলিটিকল এজেণ্ট সাহেবের আদালতে পাঠান যাইবে তিনি আপন ডিক্রীর ন্যায় তাহা সাধন করাইবেন।

37 The courts of the Commissioner, the Political Agent, and his Assistant, shall be guided by the spirit, but not bound by the letter, of the Code of Civil Procedure

৩৭। কমিশানর সাহেবের এবং পলিটিকল এজেণ্ট ও তাঁহার আসিষ্টাণ্ট সাহেবের আদালত দেওয়ানী মোকদ্দমার কার্য্য বিধানের আইনের ভাবানুসারে কার্য্য করিবেন কিন্তু তাহার প্রত্যেক শব্দের বলে বদ্ধ হইবেন না।

38 No professional pleader or mooktear shall be allowed to appear in any case, except in cases before the Political Agent or his Assistant with the special permission of the Judge trying the case, or if the defendant reside beyond the jurisdiction of the court, but relatives may appear for persons incapacitated by age, sex, or sickness

৩৮। পলিটিকল এজেণ্ট কিম্বা তাঁহার আসিষ্টাণ্টের সম্মুখে মোকদ্দমা উপস্থিত হইলে যিনি মোকদ্দমার বিচার করেন তাঁহার স্পষ্ট অনুমতি থাকিলে কিম্বা প্রতিবাদী আদালতের এলাকার বহির্ভূত স্থানে বাস করিলে উকীল কি মোক্তার নিযুক্ত হইতে পারিবেন নতুবা কোন মোকদ্দমার ব্যবহারাজীব উকীল কি মোক্তার উপস্থিত হইতে পারিবেন না কিন্তু কোন ব্যক্তি বৃদ্ধ কি স্ত্রী কিম্বা পীড়াপ্রযুক্ত উপস্থিত হইতে না পারিলে তাহার আত্মীয় কোন ব্যক্তি তাহার পক্ষ হইয়া উপস্থিত হইতে পারিবেন।

39 It shall be discretionary to examine witnesses on oath in any form, or to warn them that they are liable to the punishment of perjury if they state that which they know to be false

৩৯। যে পাঠে উচিত বোধ হয় সাক্ষিদিগকে সেই পাঠানুসারে শপথ করাইয়া তাহারদের সাক্ষ্য লওয়া যাইতে পারিবে কিম্বা তাহারা মিথ্যা জানিয়া কোন কথা কহিলে মিথ্যা শপথ করিবার দণ্ড হইবে বলিয়া তাহারদিগকে সতর্ক করিয়া দেওয়া যাইতে পারিবে। বিচারপতি ইহার মধ্যে যাহা চাহেন তাহা করিতে পারিবেন।

A Mackenzie,
Offg Secy to the Govt of Bengal

এ মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

[*Government Gazette, 20th August* 1872.]

[Second Publication]

NOTIFICATION

The 30th July 1872 —In continuation of the Notification dated the 14th October 1871, published at page 1911 of the *Calcutta Gazette* of the 1st November 1871, authorizing the extension of the provisions of Act XXII of 1869 to the District of the Khasi and Jynteah Hills, the Lieutenant Governor is pleased, under Section 5 of the same Act, to issue the following detailed rules for the administration of civil and criminal justice and police in the said district —

Rules for the Administration of Justice and Police in the Jynteah Hills and such portions of the Khasi Hills as have been constituted British Territory.

I —GENERAL

1 THE administration of the country known as the Khasi and Jynteah Hills is vested in the Commissioner of Assam, the Deputy Commissioner of the Khasi and Jynteah Hills, his assistants, and the native siems, wahadadars sirdars, dollois, pattors, and lungdohs, or such other classes of officers as the Hon'ble the Lieutenant-Governor of Bengal may see fit from time to time to appoint in that behalf, subject to the exceptions and restrictions and rules hereinafter recorded

2 The following rules apply to all villages and tracts subject to British jurisdiction

II —POLICE

3 The police of the Khasi and Jynteah Hills shall consist of—

(*a*)—Regular police, subject to Act V of 1861

(*b*)—Rural police, consisting of sirdars, dollois, pattors lungdohs, and other village authorities, recognized as such by the Deputy Commissioner with their subordinate village authorities

4 The control of the police in the Khasi and Jynteah Hills is vested in the Deputy Commissioner acting under the orders of the Commissioner of Assam, or such other officers as the Hon'ble the Lieutenant-Governor of Bengal may from time to time appoint Misconduct on the part of regular police shall be punished in accordance with Act V of 1861 and the Penal Code, or any special law which may hereafter be extended to the Khasi and Jynteah Hills Misconduct on the part of rural police is punishable by fine, which may extend to Rs 500, or by imprisonment to

[দ্বিতীয়বার প্রকাশিত।]

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ৩০ জুলাই। ১৮৬৯ সালের ২২ আইনের বিধান খাসি ও জয়ন্তীয়া পর্ব্বত প্রদেশে প্রচলিত করা যায়, ১৮৭১ সালের ১৪ অক্টোবরের এই মর্ম্মের যে জ্ঞাপনপত্র ১৮৭১ সালের নবেম্বর মাসের ৭ তারিখের বাঙ্গলা গেজেটের ১৫৪৬ পৃষ্ঠায় প্রকাশ করা গেল, তদবলম্বনে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ঐ আইনের ৫ ধারামতে ঐ প্রদেশের দেওয়ানী ও ফৌজদারী ও পোলীসসংক্রান্ত কার্য্য নির্ব্বাহ হইবার নিম্নলিখিত বিস্তারিত বিধি প্রচার করিতেছেন।

খাসি পর্ব্বতের যে অংশ ব্রিটনীয়দের শাসিত দেশের অন্তর্গত করা গেল সেই অংশের এবং জয়ন্তীয়া পর্ব্বতের বিচার ও পোলীসসংক্রান্ত কার্য্য নির্ব্বাহার্থ বিধি।

১।—সাধারণ।

১। খাসী ও জয়ন্তীয়া পর্ব্বত নামে যে দেশ খ্যাত আছে তাহার কর্তৃত্ব কার্য্য নির্ব্বাহ করিবার ভার আসামের কমিশ্যনর সাহেবের ও খাসি ও জয়ন্তীয়া পর্ব্বতের ডেপুটী কমিশ্যনরের ও তাঁহার সহকারি কর্ম্মকারকদের প্রতি ও দেশীয় সিয়েমদের ও ওয়াহাদাদারদের ও সরদারদের ও দলইদের ও পাত্রদের ও লঙ্গদহদের প্রতি কিম্বা বঙ্গদেশের মান্যবর শ্রীযুত লেপ্টেনেণ্টগবরনর সাহেব তৎপক্ষে সময়ে২ অন্য যে২ শ্রেণীর কর্ম্মকারকদিগকে নিযুক্ত করা উচিত জ্ঞান করেন তাঁহারদের প্রতি অর্পিত হইবে। কিন্তু ইহার পশ্চাদ্ভাগে যে কথা বর্জ্জিত ও নিষিদ্ধ হইল ও যে বিধি লেখা গেল তাহা প্রবল মানিতে হইবে।

২। যে সকল গ্রাম ও ভূমিখণ্ড ব্রিটনীয়দের কর্তৃত্বাধীন আছে নিম্নলিখিত বিধি তাহার প্রতি খাটিবে।

২। পোলীসের কথা।

৩। নিম্নলিখিত ব্যক্তিদিগকে লইয়া খাসি ও জয়ন্তীয়া পর্ব্বতের পোলীস হইবে।

(ক) নিয়মিত পোলীস। এই পোলীস ১৮৬১ সালের ৫ আইনের অধীন থাকিবে।

(খ) গ্রাম্য পোলীস। সরদার ও দলই ও পাত্র ও লঙ্গদহদিগকে লইয়া এবং ডেপুটী কমিশ্যনর সাহেব গ্রামীয় অন্য যে কর্তৃপক্ষদিগকে কর্তৃপক্ষ বলিয়া স্বীকার করেন তাঁহারদিগকে ও তাঁহারদের অধীন গ্রামীয় কার্য্যকারকদিগকে লইয়া ঐ পোলীস হইবে।

৪। খাসি ও জয়ন্তীয়া পর্ব্বতের পোলীসের কর্তৃত্বভার আসামের কমিশ্যনর সাহেবের আজ্ঞাধীন কর্ম্মকারি ডেপুটী কমিশ্যনর সাহেবের প্রতি কিম্বা বঙ্গদেশের মান্যবর শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব সময়ান্তরে অন্য যে কার্য্যকারকদিগকে নিযুক্ত করেন তাঁহারদের প্রতি অর্পিত হইবে। নিয়মিত পোলীসের কোন ব্যক্তি অত্যাচার করিলে ১৮৬১ সালের ৫ আইন ও দণ্ডবিধির আইনমতে কিম্বা ইতঃপরে খাসি ও জয়ন্তীয়া পর্ব্বতে বিশেষ অন্য যে আইন প্রচলিত করা যায় তদনুসারে তাহার দণ্ড হইবে। গ্রামীয় পোলীসের অত্যাচার হইলে ৫০০ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে কিম্বা দণ্ডবিধির আইনমতে সেই অপরাধ

an extent which would be awardable under the Penal Code for a like offence. Imprisonment may be awarded in lieu of fine, but only by the Deputy Commissioner or other officers duly authorized.

হেতুক যত কাল কারাদণ্ড হইতে পারে তত কাল কারাদণ্ড হইবে। অর্থদণ্ডের পরিবর্ত্তে কারাদণ্ডের আজ্ঞা হইতে পারিবে কিন্তু কেবল ডেপুটী কমিশ্যনর সাহেব কিম্বা উপযুক্তমতে ক্ষমতাপন্ন অন্য কার্য্যকারক সেই আজ্ঞা করিতে পারিবেন।

5. An appeal lies from all orders of sirdars, dollois, and other chief village authorities in police matters to the Deputy Commissioner, whose orders are final. But the Commissioner may call for the proceedings and modify or reverse any order should he think fit.

৫। পোলীসসংক্রান্ত বিষয়ে সরদারেরা ও দলইরা ও গ্রামের অন্য প্রধান কর্ত্তৃপক্ষেরা যে আজ্ঞা করেন তাহার উপর ডেপুটী কমিশ্যনর সাহেবের নিকট আপীল হইতে পারিবে ও তাঁহার আজ্ঞা চূড়ান্ত হইবে। কিন্তু কমিশ্যনর সাহেব উচিত বোধ করিলে মোকদ্দমার কার্য্যের বিবরণ আনাইয়া কোন আজ্ঞা মতান্তর কি অসিদ্ধ করিতে পারিবেন।

6. The ordinary rules of the Bengal police shall, as far as they are applicable, be observed by the regular police, and all returns in matters of account, and all registers required to be kept by the Bengal police, as far as they are applicable, shall be made and kept up.

৬। বেঙ্গাল পোলীসের সাধারণ বিধি যত দূর খাটিতে পারে নিয়মিত পোলীস তত দূর সেই বিধি মানিয়া কর্ম্ম করিবে। এবং বেঙ্গাল পোলীসের যে হিসাবের রিটর্ণ দিবার ও যে সকল রেজিষ্টর রাখিবার আজ্ঞা হয় তাহা যত দূর খাটিতে পারে তত দূর দিতে ও রাখিতে হইবে।

The Commissioner shall exercise the powers of an Inspector-General of Police as defined by section 3, Act VII (B. C.) of 1869; the Deputy Commissioner shall exercise the powers of District Superintendent of Police; the Assistant or Extra Assistant Commissioner the power of Assistant Superintendent of Police.

১৮৬৯ সালের বঙ্গীয় ৭ আইনের ৩ ধারায় পোলীসের ইনস্পেক্টর জেনরল সাহেবের যে সকল ক্ষমতা নির্দ্দিষ্ট হইয়াছে, কমিশ্যনর সাহেব সেই২ ক্ষমতামতে কার্য্য করিবেন। ডেপুটী কমিশ্যনর সাহেব পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেন্টের ক্ষমতামতে কার্য্য করিবেন। আসিষ্টান্ট কি অতিরিক্ত আসিষ্টান্ট কমিশ্যনর সাহেব পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেন্টের ক্ষমতামতে কার্য্য করিবেন।

7. The regular police shall only act, when required to do so, by general or special order of the Commissioner, Deputy Commissioner, or other officer duly authorized, who may assign to the force any portion of the duties of police, under Act V of 1861, in any locality.

৭। কমিশ্যনর সাহেবের কিম্বা ডেপুটী কমিশ্যনর সাহেবের কিম্বা নিয়মমতে ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারকের সাধারণ কি বিশেষ আজ্ঞাক্রমে নিয়মিত পোলীসের প্রতি কোন কার্য্য করিতে আজ্ঞা হইলে তাহারা কার্য্য করিবে নতুবা নয়। ১৮৬১ সালের ৫ আইনমতে পোলীসের যে কর্ম্ম করা কর্ত্তব্য তাঁহারা কোন স্থানে উক্ত পোলীসদলের প্রতি সেই কর্ম্মের কোন অংশ অর্পণ করিতে পারিবেন।

8. The ordinary duties of police shall be discharged by the sirdars and dollois, and other village authorities duly authorized by the Deputy Commissioner. They shall arrest all criminals, and repress all disorders within their respective jurisdictions.

৮। সরদারেরা ও দলইরা ও গ্রামের অন্য যে২ কর্ত্তৃপক্ষেরা ডেপুটী কমিশ্যনর সাহেবের নিকট নিয়মমতে ক্ষমতাপ্রাপ্ত হন তাঁহারা পোলীসের চলিত কার্য্য চালাইবেন। তাঁহারা আপন২ এলাকার অন্তর্গত সকল অপরাধিকে ধরিবেন এবং অনিয়মিত ক্রিয়া সকল নিবারণ করিবেন।

9. It is the duty of the sirdars, dollois, and other chief village authorities, to report to the Deputy Commissioner all crimes, violent deaths, or serious accidents occurring in their districts, and all occurrences, whether within or beyond their jurisdictions, which may come to their knowledge likely to affect the public peace, at the earliest possible moment, and to deliver up offenders as soon as may be to the officer authorized to try them.

৯। সরদারেরা ও দলইরা ও গ্রামের অন্যান্য প্রধান কর্ত্তৃপক্ষেরা আপন২ পল্লিতে কোন অপরাধ বা অপঘাত মৃত্যু বা গুরুতর দুর্ঘটনা বা যাহাতে সাধারণের শান্তি ভঙ্গ হইবার সম্ভাবনা এমত কোন দুর্ঘটনা আপন২ এলাকার মধ্যগত কোন স্থানে কিম্বা তাহার বাহিরে ঘটিয়াছে জানিতে পারিলে, অবিলম্বে ডেপুটী কমিশ্যনর সাহেবের নিকট রিপোর্ট করিবেন, এবং যে কর্ম্মকারক সেইমত অপরাধি ব্যক্তিদিগের বিচার করিতে ক্ষমতাপ্রাপ্ত হন সেই কর্ম্মকারকের নিকট ঐ অপরাধিদিগকে সাধ্যমত ত্বরায় চালান দিবেন।

10. The sirdars, dollois, and other village authorities, shall watch and report, and in very emergent cases may apprehend and deliver up,

১০। সরদারেরা ও দলইরা ও গ্রামের অন্যান্য কর্ত্তৃপক্ষ আপন২ এলাকায় কোন ভ্রমণকারি কিম্বা মন্দ ও সন্দিগ্ধ চরিত্রের লোকদিগকে দেখিতে

vagrants or bad and suspicious characters found in their jurisdictions.

11 On the occurrence of any heinous crime* in his district, any village officer who may be by custom or appointment charged with the duty of arresting criminals shall at once apprehend the offender, if able, and in any case at once report to the sirdar, or dolloi, or other chief village authority, who, if the offender has not been apprehended, will proceed without delay to the place where the crime occurred, and inquire into the matter If a crime beyond his cognizance has been committed, he will immediately report it to the Deputy Commissioner or other duly authorized officer, whether the offender has been apprehended or not

12 Sirdars, dollois, and all other village authorities, may pursue with hue and cry and apprehend an offender fleeing beyond their jurisdiction, and arrest him , but ordinarily no sirdar dolloi, or village authority, shall attempt to arrest an offender beyond his own jurisdiction without the cognizance and co-operation of the sirdar, dolloi, or chief village authority of the village to which the offender has fled When an offender is traced from one village to another, it will be sufficient to point him out to the sirdar, dolloi, or other competent authority of the village to which the offender has fled, and request him to make the arrest

13 When the sirdars, dollois, or other chief village authorities, feel unable to arrest an offender, they must apply to the Deputy Commissioner, or any officer duly authorized, to grant them the aid of the regular police

14 The sirdars, dollois, and other chief village authorities ,are empowered to arrest or cause to be arrested, and may also fine, all drunkards and other disorderly persons found brawling out of their houses, and all persons found gambling, the fine not to exceed that awardable under their powers in criminal matters as hereinafter defined

* *Heinous crimes*

Rebellion	Rape
Riot	Theft
Counterfeiting coin or passing counterfeit coin	Robbery
Murder	Dacoity
Wounding to the injury of life or limb	Cattle stealing
	Arson
	House breaking
	Forgery

পাইলে তাহাদের প্রতি দৃষ্টি রাখিয়া রিপোর্ট করিবেন এবং অত্যাবশ্যক হইলে তাহাদিগকে ধরিয়া চালান দিবেন।

১১। অপরাধিকে ধরিয়া দেওয়া রীতিমতে গ্রামের কোন কার্য্যকারকের প্রতি বর্ত্তিলে কিম্বা তিনি সেই কর্ম্মে নিযুক্ত হইলে, যদি তাঁহার পল্লির মধ্যে কোন গুরুতর * অপরাধ হইয়া থাকে তবে তিনি পারিলে তৎক্ষণাৎ অপরাধিকে ধরিয়া দিবেন। ও যে গতিকেই হউক সরদারের কি দলইর কিম্বা গ্রামের অন্য প্রধান কর্ত্তৃপক্ষের নিকট সেই কথার রিপোর্ট করিবেন, অপরাধিকে ধরা না গেলে ঐ সরদার প্রভৃতি রিপোর্ট পাইলেই যে স্থানে অপরাধ করা গেল তাঁহারা অবিলম্বে সেই স্থানে গিয়া ঐ বিষয়ের তদন্ত লইবেন। ঐ অপরাধ তাঁহার বিচারের ক্ষমতার বহির্ভূত হইলে অপরাধিকে ধরা যাউক কি না যাউক তিনি অগৌণে ডেপুটী কমিশ্যনরের কিম্বা উপযুক্ত ক্ষমতাপন্ন অন্য কার্য্যকারকের নিকট সেই বিষয়ের রিপোর্ট করিবেন।

১২। কোন অপরাধী সরদারদের কি দলইদের কি গ্রামের অন্য কর্ত্তৃপক্ষের এলাকার বহির্ভূত স্থানে পলাইয়া গেলে তাঁহারা শোরশার করিয়া তাহার পশ্চাৎ২ ধাবমান হইয়া ধরিয়া আটক করিয়া রাখিতে পারিবেন। কিন্তু অপরাধী পলায়ন করিয়া যে গ্রামে যায় সামান্যতঃ সেই গ্রামের সরদারকে কি দলইকে কিম্বা প্রধান অন্য কর্ত্তৃপক্ষকে না জানাইয়াও তাঁহার সাহায্য না পাইয়া আপন এলাকার বহির্ভূত সেই গ্রামে অপরাধিকে ধরিতে চেষ্টা করিবেন না। এক গ্রামহইতে অন্য গ্রামে অপরাধির যাইবার সন্ধান পাওয়া গেলে যে গ্রামে গিয়াছে অপরাধিকে সেই গ্রামের সরদারকে কি দলইকে কিম্বা উপযুক্ত ক্ষমতাপন্ন অন্য কর্ত্তৃপক্ষকে দেখাইয়া দিয়া তাহার প্রতি ধরিবার আদেশ করিলেই কার্য্য চলিবে।

১৩। সরদারেরা কি দলইরা কিম্বা গ্রামের প্রধান অন্য কর্ত্তৃপক্ষেরা অপরাধিকে ধরিতে পারিবে না জানিলে নিয়মিত পোলীসের সাহায্য পাইবার নিমিত্ত ডেপুটী কমিশ্যনরের নিকট কিম্বা উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারকের নিকট তাঁহাদের প্রার্থনা করিতে হইবে।

১৪। মাতাল ও অনিয়মতাচারী কোন লোক আপন ঘরের বাহিরে গোলমাল করিলে ও কোন লোককে জুয়া খেলিতে দেখা গেলে সরদারের ও দলইরা ও গ্রামের অন্য প্রধান কর্ত্তৃপক্ষের তাহাদিগকে ধরিয়া কি ধরাইয়া জরিমানা করিতে পারবেন। ইহার পশ্চদ্ভাগে ফৌজদারী ব্যাপারে তাঁহারদের যে ক্ষমতা নির্দ্দিষ্ট করা গেল তদনুসারে তাঁহারা যত টাকা জরীমানা করিতে পারেন উক্ত ব্যক্তিদের তদধিক জরীমানা করিবেন না।

* গুরুতর অপরাধ এই২

রাজদ্রোহ।	বলাৎকার।
হঙ্গামা।	চৌর্য্য।
মুদ্রা কৃত্রিম করণ কি কৃত্রিম মুদ্রা চলাওন।	দস্যুতা।
	ডাকাইতী।
বধ।	গো মেষাদি চুরি করণ।
প্রাণের কি অঙ্গের হানিজনকরূপে আঘাত করণ।	গৃহ দাহ।
	গৃহে অনধিকার প্রবেশ।
	জাল করণ।

15 All the inhabitants of the Khasi and Jynteah Hills are bound to aid the regular police and village authorities, when required to do so, in the maintenance of order or the apprehension of offenders Any person failing to do so is liable to fine, the fine to be adjudged by the sirdar, dolloi, or other chief village authority, to the extent he is empowered to award in criminal cases, or by the Deputy Commissioner, if fine beyond the amount the village authorities are authorized to impose is considered necessary When the particular persons blameable for failure to aid in any community cannot be ascertained, the sirdar, dolloi, or chief village authority shall be considered responsible, and if it appears that the community is to blame, and that particular offenders cannot be discovered, a fine may be imposed upon the community, but by the Deputy Commissioner only.

III — Criminal Justice

16 Criminal justice shall be ordinarily administered by the Deputy Commissioner, his assistants, and by the sirdars, dollois, and other chief village authorities of the different communities

17 The Deputy Commissioner shall be competent to pass sentence of death, or imprisonment for a term unlimited, or of fine up to any amount, provided that no sentence of death shall be carried into effect without the concurrence of the Commissioner and sanction of the Lieutenant-Governor, to whom the proceedings shall be submitted by the Commissioner if he concurs in the sentence, and no sentence of imprisonment for a term of seven years or upwards shall be carried into effect without the approval of the Commissioner The Commissioner may enhance any sentence passed by his subordinates, but no offence shall be punished by a sentence exceeding that awardable under the provisions of the Indian Penal Code Assistant Commissioners shall exercise such powers as they may be invested with by the Commissioner, not exceeding those of a Magistrate of the first class as defined in Act X of 1872

18 Any sirdar, dolloi, or other chief village authority, may be empowered by the Deputy Commissioner to dispose of cases of persons charged with any of the following offences —

Injury to property not exceeding Rs 50
Injury to person not affecting life or limb

House-trespass

১৫। সুনিয়ম পালন করিবার কিম্বা অপরাধিদিগকে ধরিয়া দিবার নিমিত্তে খাসি ও জয়ন্তীয়া পর্ব্বতবাসি কোন লোকের প্রতি সাহায্য করিবার আদেশ হইলে তাহারদিগকে নিয়মিত পোলীসের ও গ্রামের কর্ত্তৃপক্ষদের সাহায্য করিতেই হইবে। কোন ব্যক্তি সাহায্য না করিলে তাহার অর্থদণ্ড হইতে পারিবে। ঐ সরদার কিং দলই কি গ্রামের ঐ কর্ত্তৃপক্ষ ফৌজদারী মোকদ্দমায় যত টাকা জরীমানা করিতে পারেন তিনি ঐ ব্যক্তির তত টাকা জরীমানার আজ্ঞা করিতে পারিবেন। কিন্তু গ্রামের কর্ত্তৃপক্ষেরা যত টাকা জরীমানা করিতে পারেন ঐ ব্যক্তির তদধিক জরীমানা করা আবশ্যক বোধ হইলে ডেপুটী কমিশ্যনর সাহেব তাহার জরীমানা করিবেন। সাহায্য না করাতে কোন গ্রামাদির কোন্২ ব্যক্তির প্রতি দোষ বর্ত্তে ইহা স্থির করিতে না পারা গেলে সরদার কি দলই কি গ্রামের কর্ত্তৃপক্ষ নিজে দায়ী হইবেন। ও গ্রামাদির লোকদের প্রতি ঐ দোষ বর্ত্তিলে কিন্তু দোষি বিশেষ ব্যক্তি স্থির করা যাইতে না পারিলে ঐ গ্রামাদির সমুদয় লোকের জরীমানা হইতে পারিবে কিন্তু কেবল ডেপুটী কমিশ্যনর সাহেব ঐ জরীমানা করিতে পারিবেন।

৩।—ফৌজদারী মোকদ্দমার বিচারের বিধি।

১৬। ফৌজদারী মোকদ্দমার বিচার কার্য্য সামান্যতঃ ডেপুটী কমিশ্যনরের কিম্বা তাহার আসিষ্টাণ্টদের দ্বারা এবং নানা গ্রামাদির সরদারদের ও দলইদের ও গ্রামের অন্য প্রধান২ কর্ত্তৃপক্ষের দ্বারা নির্ব্বাহ করা যাইবে।

১৭। ডেপুটী কমিশ্যনর সাহেব প্রাণদণ্ডের আজ্ঞা কিম্বা যত কাল হউক তত কাল কারাদণ্ডের ও যত টাকার হউক তত টাকা অর্থদণ্ডের আজ্ঞা করিতে পারিবেন। কিন্তু প্রাণদণ্ডের আজ্ঞা হইলে কমিশ্যনর সাহেবের ও শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের সম্মতি বিনা ঐ প্রাণদণ্ডের আজ্ঞা সাধন হইবে না। কমিশ্যনর সাহেব সম্মত হইলে মোকদ্দমার কার্য্যের বর্ণনাপত্র শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের নিকট পাঠাইবেন। ও সাত বৎসর কি তাহার অধিক কাল কারাদণ্ডের আজ্ঞা হইলে, কমিশ্যনর সাহেবের সম্মতি বিনা সাধন হইবে না। অধীন কার্য্যকারকেরা যে দণ্ডের আজ্ঞা করেন কমিশ্যনর সাহেব তাহা বৃদ্ধি করিতে পারিবেন। কিন্তু ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনে যে অপরাধের যে দণ্ড নিরূপণ হইয়াছে তাহার অধিক দণ্ডের আজ্ঞা করিয়া সেই অপরাধের দণ্ড হইবে না। ১৮৭২ সালের ১০ আইনে প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের যে ক্ষমতা নির্দ্দিষ্ট হইল কমিশ্যনর সাহেব আসিষ্টাণ্ট কমিশ্যনরদের প্রতি তাহার অনধিক যে ক্ষমতা অর্পণ করেন তাঁহারা সেই ক্ষমতামতে কার্য্য করিবেন।

১৮। কোন ব্যক্তির নামে নিম্ন লিখিত অপরাধের অভিযোগ হইলে ডেপুটী কমিশ্যনর সাহেব কোন সরদারকে কি দলইকে কিম্বা গ্রামের অন্য প্রধান কর্ত্তৃপক্ষকে সেই অপরাধের মোকদ্দমা নিষ্পত্তি করিবার ক্ষমতা প্রদান করিতে পারিবেন।

৫০ টাকার অনধিক মূল্যের সম্পত্তির হানি করণ।
প্রাণের কি অঙ্গের হানি করণভিন্ন ব্যক্তির হানি করণ।

গৃহে অনধিকার প্রবেশ করণ।

They may impose a fine for any offence they are competent to try to the extent of Rs 50. They may award restitution or compensation to the extent of the injury sustained, and enforce it by distraint of the property of the offender In cases in which the fine is not paid or realized either in whole *or in part*, they shall represent the facts and send in the offender to the Deputy Commissioner, who may retry the case and impose such other punishment as he is competent to inflict Each sirdar, dolloi, or other chief village authority who may be empowered as above, shall receive a sunnud of recognition under the signature of the Deputy Commissioner

19 Sirdars, dollois, or other duly recognized village authorities, may carry out their decision, or order attachment of property as soon as judgment is pronounced, but in no case is property so attached to be sold, if the party convicted claim to appeal within eight days, without the orders of Deputy Commissioner

(*a*)—Sirdars, dollois, or other duly recognized village authorities, may not decide in cases where their father, mother, son, daughter, wife, or the children, husbands, or wives, of any of these are concerned, or

(*b*)—Where the defendant is not a native of the Khasi and Jynteah Hills, or is not resident within their jurisdiction, or

(*c*)—When the offence is one against the State, or has caused death or danger of life, or amounts to robbery or theft, or concerns counterfeiting of coin or the making of fraudulent documents, or the like

20 The sirdars, dollois, or other duly recognised village authorities, shall not decide any cases save in open durbar in presence of at least three witnesses and the complainant and accused, whose attendance they are empowered to compel Either party may appeal from the decision at the time decision is pronounced, or within eight days thereof, to the Deputy Commissioner or his assistant, in which case the sirdar or dolloi, or other duly recognised authority, shall take the parties, or cause them to be sent, before the Deputy Commissioner or his assistant, with one of the persons required to attend as a court witness The case shall then be tried *de novo*

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৭২ । ২০ আগষ্ট ।]

তাঁহারা যে অপরাধের বিচার করিতে ক্ষমতাপন্ন হন তাহার ৫০ টাকা পর্য্যন্ত জরীমানার আজ্ঞা করিতে পারিবেন। কোন ব্যক্তির যত টাকা হানি হইল তত টাক দিবার কিম্বা তত টাকা পর্য্যন্ত তাহার হানিপূরণ করিবার আজ্ঞা দিতে পারিবেন এবং অপরাধির সম্পত্তি ক্রোক করিয়া ঐ আজ্ঞা প্রবল করাইতে পারিবেন। জরীমানার টাকা না দেওয়া গেলে কিম্বা সমুদয় টাকা কি তাঁহার একাংশ আদায় করা গেলে তাঁহারা সেই বৃত্তান্তের আবেদন পত্র লিখিয়া অপরাধিকে ডেপুটী কমিশ্যনর সাহেবের নিকটে পাঠাইবেন। ডেপুটী কমিশ্যনর সাহেব সেই মোকদ্দমার পুনর্ব্বিচার করিয়া অন্য যে দণ্ডের আজ্ঞা করিতে সক্ষম হন করিতে পারিবেন। যে সরদারকে কি দলইকে কিম্বা গ্রামের প্রধান অন্য যে কর্ত্তৃপক্ষকে পুর্ব্বোক্ত ক্ষমতা দেওয়া যায়, তাঁহাদিগকে ডেপুটি কমিশ্যনর সাহেবের স্বাক্ষরিত এ ক্ষমতা স্বীকার করণ সূচক সনদ দেওয়া যাইবে।

১৯। সরদারেরা কি দলইরা কিম্বা নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষগণ নিষ্পত্তি প্রকাশ করিলেই ঐ নিষ্পত্তি মতে কার্য্য করাইতে কিম্বা সম্পত্তি ক্রোক করিবার আজ্ঞ দিতে পারিবেন। কিন্তু যে ব্যক্তির অপরাধ নির্ণয় হয় সে আট দিনের মধ্যে আপীল করিতে দাওয়া করিলে ডেপুটী কমিশ্যনর সাহেবের অনুমতি না হইলে তাঁহার উক্ত প্রকারের ক্রোক করা সম্পত্তি বিক্রয় করা যাইবে না।

(ক) কোন সরদারের কি দলইর কিম্বা গ্রামের নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষের পিতা কি মাতা কি পুত্র কি কন্যা কি স্ত্রী কিম্বা তাহাদের সন্তান কি স্বামী কি স্ত্রী যে মোকদ্দমায় লিপ্ত থাকেন তিনি সেই মোকদ্দমার বিচার করিবেন না। কিম্বা

(খ) প্রতিবাদী খাসি কি জয়ন্তীয়া পর্ব্বতীয় লোক না হইলে ও সেই সরদার প্রভৃতির এলাকার মধ্যে বাস না করিলে, কিম্বা

(গ) রাজবিদ্রোহ কি বধ কি প্রাণের আশঙ্কা জনক অপরাধ হইলে কিম্বা দস্যুতার কি চৌর্য্যের তুল্য অপরাধ হইলে কিম্বা মুদ্রা কৃত্রিম করণ কি প্রতারণা ভাবে দলীল প্রস্তুত করণ প্রভৃতি কার্য্য সম্পর্কীয় হইলে, ঐ সরদার প্রভৃতি তাহার বিচার করিবেন না।

২০। খোলা দরবারে ন্যূনকল্পে তিন জন সাক্ষী এবং বাদী ও প্রতিবাদী উপস্থিত না থাকিলে সরদারেরা কি দলইরা কিম্বা গ্রামের নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষেরা কোন মোকদ্দমার নিষ্পত্তি করিবেন না। তাঁহারা ঐ সাক্ষিদিগকে ও বাদী ও প্রতিবাদিকে বলপূর্ব্বক উপস্থিত করাইতে পারিবেন। যে সময়ে নিষ্পত্তি প্রকাশ করা যায় সেই সময়ে কিম্বা তাহার পর আট দিনের মধ্যে অন্যতর পক্ষ ডেপুটী কমিশ্যনর সাহেবের কিম্বা তাঁহার আসিষ্টাণ্টের নিকট আপীল করিতে পারিবেন। তাহা হইলে সরদার কি দলই কিম্বা নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষ সেই উভয় পক্ষকে ও যাহাদিগকে উপস্থিত হইবার আজ্ঞা হইয়াছিল আদালতের সাক্ষি স্বরূপ তদ্রূপ অন্যতর ব্যক্তিকে লইয়া ডেপুটী কমিশ্যনর সাহেবের কিম্বা তাঁহার আসিষ্টাণ্টের নিকটে যাইবেন কিম্বা তাহারদিগকে পাঠাইবেন। তাহা হইলে প্রথমাবধি মোকদ্দমার পুনর্ব্বিচার হইবে।

21 An appeal lies from the Assistant Commissioner to the Deputy Commissioner if preferred within sixteen days

22 No appeal shall lie as a matter of right from the sentence of the Deputy Commissioner involving sentence of less than three years' imprisonment, but it is competent to the Commissioner to call for the record of any case whatever, and to modify or reverse the decision passed All sentences of three years' imprisonment and upwards are appealable to the Commissioner Appeals to the Commissioner must be preferred within thirty two days All sentences above seven years must be confirmed by the Commissioner, whose decision is final, but the Hon'ble the Lieutenant-Governor reserves to himself the prerogative of reviewing the proceedings of the Commissioner and his subordinates, and passing such orders on them as he may deem fit

23 The procedure of the Deputy Commissioner and his assistant shall be in the spirit of the Code of Criminal Procedure, as far as it is applicable to the circumstances of the district and consistent with these rules The chief exceptions are—

(*a*)—Only verbal order or notice of summons &c, shall be requisite, except when the regular police are employed, or the person concerned is not resident or in the district at the time, or if in the district but resident beyond it, where his place of abode is not known But orders of summons shall be for a fixed day, not exceeding sixteen days from that upon which the order is issued, and the order shall be made known to the person affected, or to some adult member of his family, or proclaimed at the place he was last known to be at in sufficient time to allow him if he see fit to appear

(*b*)—A note of the substance of all the proceedings in cases tried before them must be kept by the Deputy Commissioner and Assistant Commissioners in the form prescribed by section 228, Act X of 1872 In cases requiring a sentence of three years or upwards a full note of the evidence and proceedings must be kept Examinations and proceedings shall generally be recorded in English only

(*c*)—The proceedings of sirdars and dollois or other recognized village authorities need not be

[*Government Gazette, 20th August,* 1872]

২১। আসিষ্টান্ট কমিশ্যনর যে আজ্ঞা করেন তাহার উপর ডেপুটী কমিশ্যনর সাহেবের নিকট আপীল হইতে পারিবে। ষোল দিনের মধ্যে সেই আপীল করিতে হইবে।

২২। ডেপুটী কমিশ্যনর সাহেব তিন বৎসরের ন্যূন কাল কারাদণ্ডের আজ্ঞা করিলে সেই আজ্ঞার উপর আপীল করিবার অধিকার আছে বলিয়া আপীল হইতে পারিবে না। কিন্তু যে মোকদ্দমা হউক না কেন কমিশ্যনর সাহেব তাহার কাগজপত্র আনাইয়া তাহাতে যে নিষ্পত্তি হইল তাহা মতান্তর কি অসিদ্ধ করিতে পারিবেন তিন বৎসর ও তদধিক কাল কারাদণ্ডের সকল আজ্ঞার উপর কমিশ্যনর সাহেবের নিকট আপীল হইতে পারিবে। কমিশ্যনর সাহেবের নিকট আপীল বত্রিশ দিনের মধ্যে উপস্থিত করিতে হইবে। সাত বৎসরের অধিক কাল কারাদণ্ডের আজ্ঞা কমিশ্যনর সাহেবের দৃঢ় করা আবশ্যক, তাঁহার নিষ্পত্তি চূড়ান্ত। কিন্তু মান্যবর শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের এই একাধিকার থাকিল যে তিনি কমিশ্যনর সাহেবের ও তাহার অধীন সকল কর্ম্মকারকের মোকদ্দমা-ঘটিত কার্য্য পুনর্বিবেচনা করিয়া যে আজ্ঞা উচিত বোধ করেন করিতে পারিবেন।

২৩। উক্ত প্রদেশের ভাবগতিক বিবেচনায় ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন যত দূর খাটিতে পারে ও এই বিধির সহিত যত দূর সঙ্গত হয়, ডেপুটী কমিশ্যনর সাহেব ও তাঁহার আসিষ্টান্ট তত দূর সেই আইনের ভাবানুসারে কার্য্য চালাইবেন। বর্জ্জনীয় বিষয়ের মধ্যে এই২ বিষয় প্রধান।

(ক) আজ্ঞা কি সমন প্রভৃতির কেবল বাচনিক নোটিস দেওয়া আবশ্যক। কিন্তু যদি নিয়মিত পোলীস নিযুক্ত করা যায় কিম্বা যে ব্যক্তি মোকদ্দমায় লিপ্ত থাকে সে যদি তৎকালে ঐ প্রদেশের মধ্যে বাস না করে কিম্বা না থাকে কিম্বা সে প্রদেশের মধ্যে থাকিলেও যদি তাহার বহির্ভূত স্থানে বাস করে ও তাহার বাসস্থান জানা না যায় তবে সমন প্রভৃতি লিখিয়া দিতে হইবে। সমনের আজ্ঞা যে দিনে দেওয়া যায় সেই দিনাবধি ষোল দিনের অনধিক কোন দিনে ঐ ব্যক্তির উপস্থিত হইবার আজ্ঞা হইবে। এবং যে ব্যক্তি ঐ মোকদ্দমায় লিপ্ত থাকে তাহাকেই কিম্বা তাহার পরিবারের মধ্যে বয়ঃপ্রাপ্ত কোন ব্যক্তিকে ঐ আজ্ঞা জানাইতে হইবে কিম্বা লোকের জ্ঞানমতে তাহাকে শেষ যে স্থানে দেখা গিয়াছিল সেই স্থানে এমত সময় থাকিতে ঐ আজ্ঞা ঘোষণা করিতে হইবে যে ঐ ব্যক্তি উপস্থিত হওয়া উচিত বোধ করিলে উপস্থিত হইতে পারিবে।

(খ) ডেপুটী কমিশ্যনর সাহেবের ও আসিষ্টান্ট কমিশ্যনরদের সম্মুখে যে২ মোকদ্দমার বিচার হয় সেই২ মোকদ্দমায় তাঁহারা যে সকল কার্য্যানুষ্ঠান করেন তাহার মর্ম্ম ১৮৭২ সালের ১০ আইনের ২২৮ ধারার নির্দ্দিষ্ট পাঠে লিখিয়া রাখিতে হইবে। কোন মোকদ্দমায় তিন বৎসর কি তদধিক কারাদণ্ডের প্রয়োজন হইলে যে সাক্ষ্য লওয়া যায় ও যে কার্য্যের অনুষ্ঠান হয় তাহার বিস্তারিত লিখিয়া রাখিতে হইবে। পরীক্ষা কালীন উক্তি ও আনুষ্ঠানিক কার্য্য সাধারণ্যে কেবল ইংরেজী ভাষায় লিখিতে হইবে।

(গ) সরদারেরা ও দলইরা ও গ্রামের স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষেরা যে কার্য্যানুষ্ঠান করেন তাহা লিখিয়া রাখি-

in writing But if at the trial before the village authorities any person who can write can be found, a brief note of the proceedings is to be made

(*d*)—All fines levied by the sirdars, dollois, or other duly recognised village authorities, shall be paid to the Deputy Commissioner or Assistant Commissioner, or other officer empowered to receive them, within eight days from the date of realization The Deputy Commissioner is authorized to pay to those village authorities who give him satisfaction such small stipends as he may think desirable, provided that the total amount so disbursed shall not exceed the sum of the fines realized by all village authorities during the year

(*e*)—It shall be discretionary to examine witnesses on oath in any form, or to warn them that they are liable to the punishment of perjury if they state that which they know to be false

24 The Deputy Commissioner and Assistant Commissioner shall keep the registers hereafter specified, and make returns of copies of the entries therein monthly to the Commissioner

Register of crimes committed

Register of criminal cases decided by Deputy Commissioner and Assistant Commissioner

Register of fines levied by Deputy Commissioner and Assistant Commissioner, and sirdars, dollois, or other duly recognised village authorities

Register of licenses to carry fire-arms

IV—Civil Rules

25 The administration of civil justice in the Khasi and Jynteah Hills is entrusted to the Commissioner, the Deputy Commissioner, his assistants, sirdars, and dollois, and other chief village authorities

26 Sirdars and dollois and other chief village authorities may be recognised by the Deputy Commissioner by sunnud under his signature as competent to try cases without limit as to amount, but with the following reservations —

(*a*)—They may not try suits in which their fathers, mothers, sons, daughters, uncles, aunts, sisters, brothers, the children of the foregoing, their wives or persons in the above relation to a wife or any near relative are parties, nor suits in which a native of the plains or native of

বার প্রয়োজন নাই। কিন্তু গ্রামের কর্ত্তৃপক্ষদের সম্মুখে মোকদ্দমার বিচারকালে লিখিতে জানেন এমত কোন ব্যক্তিকে পাওয়া যাইতে পারিলে আনুষ্ঠানিক কার্য্যের সংক্ষেপ বিবরণ লিখিয়া রাখিতে হইবে।

(ঘ) সরদারেরা কি দলইরা কিম্বা গ্রামের নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষেরা অর্থদণ্ডের টাকা আদায় করিলে আদায়ের তারিখ অবধি আট দিনের মধ্যে ডেপুটী কমিশ্যনর সাহেবকে কিম্বা আসিষ্টান্ট কমিশ্যনর সাহেবকে কিম্বা ঐ টাকা লইতে ক্ষমতাপন্ন অন্য কার্য্যকারককে দেওয়া যাইবে। গ্রামের যে কর্ত্তৃপক্ষেরা ডেপুটী কমিশ্যনর সাহেবের সন্তোষমতে কর্ম্ম করেন তাঁহারদিগকে অল্প যে বেতন দেওয়া উচিত বোধ করেন সেই বেতন দিতে তাঁহার প্রতি অনুমতি আছে। কিন্তু নানাগ্রামের সকল কর্ত্তৃপক্ষ বৎসরের মধ্যে অর্থদণ্ডের যত টাকা আদায় করেন সর্ব্বশুদ্ধ তাহার অধিক উক্ত প্রকারে বিলি করিয়া দেওয়া যাইবে না।

(ঙ) সাক্ষিদিগকে যে কোন পাঠানুসারে শপথ করাণ উচিত বোধ হয় শপথ করাইয়া তাহাদের সাক্ষ্য লওয়া যাইবে। অথবা তাহারা কোন কথা মিথ্যা জানিয়া কহিলে তাহারদের মিথ্যা শপথের দণ্ড হইতে পারিবে ইহা কহিয়া তাহারদিগকে সতর্ক করা যাইতে পারিবে।

২৪। ডেপুটী কমিশ্যনর ও আসিষ্টান্ট কমিশ্যনর সাহেব পশ্চাৎ লিখিত রেজিষ্টর রাখিবেন, ও মাসেং কমিশ্যনর সাহেবের নিকট ঐ রেজিষ্টরী বহীর লিখিত কথার নকল পাঠাইবেন।

যেং অপরাধ করা গেল তাহার রেজিষ্টর।

ডেপুটী কমিশ্যনর ও আসিষ্টান্ট কমিশ্যনর সাহেব ফৌজদারী যেং মোকদ্দমার নিষ্পত্তি করেন তাহার রেজিষ্টর।

ডেপুটী কমিশ্যনর ও আসিষ্টান্ট কমিশ্যনর সাহেব এবং সরদারেরা ও দলইরা ও গ্রামের নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষেরা জরীমানার যত টাকা আদায় করেন তাহার রেজিষ্টর,

বন্দুক প্রভৃতি হাতে লইয়া বেড়াইবার লাইসেন্সের রেজিষ্টর।

৪।—দেওয়ানী কার্য্যের বিধি।

২৫। খাসি ও জয়ন্তীয়া পর্ব্বতে দেওয়ানী মোকদ্দমার বিচার কার্য্যের ভার কমিশ্যনর সাহেবের ও ডেপুটী কমিশ্যনর সাহেবের ও তাঁহার আসিষ্টান্টদের ও সরদারদের ও দলইদের ও গ্রামের অন্য প্রধানং কর্ত্তৃপক্ষের প্রতি অর্পিত হইল।

২৬। ডেপুটী কমিশ্যনর সাহেব স্বীয় স্বাক্ষরিত সনদক্রমে সরদারদিগকে ও দলইদিগকে ও গ্রামের অন্য প্রধানং কর্ত্তৃপক্ষকে যত টাকার হউক তাহার সীমা নিরূপণ না করিয়া মোকদ্দমার বিচার করিবার ক্ষমতাপন্ন বলিয়া স্বীকার করিতে পারিবেন। কিন্তু নিম্নলিখিত মোকদ্দমার বিচার করিতে পারিবেন না।

(ক) তাঁহারদের পিতা কি মাতা কি পুত্র কি কন্যা কি পিতৃব্য কি মাতুল কি পিতৃব্যপত্নী কি মাতুলানী কি ভগিনী কি ভাই কিম্বা উক্ত অন্যতর ব্যক্তির সন্তান সন্ততী কি তাহারদের স্ত্রী কি স্ত্রীর উক্ত জ্ঞাতি কুটুম্ব কিম্বা আসন্ন বন্ধু যে মোকদ্দমার এক পক্ষ হন, কিম্বা নিম্ন ভূমি জাত কি অন্য সর্দ্দারের কি দলইর

another sirdarship or dolloiship not resident in their jurisdiction are parties

(*b*)—All suits must be decided in open durbar in the presence of the parties and at least three respectable witnesses

27 Sirdars and dollois and other duly recognised village authorities have power to compel attendance of parties to any suit and their witnesses, all such persons being resident within their own jurisdiction, and to fine within the limit of Rs 50 persons wilfully failing to attend They have power to award all costs, also compensation to defendants for unfounded or vexatious suits brought against them

28 All proceedings shall be *vivâ voce*, and the sirdars and dollois or other duly recognised village authorities shall not be called upon to make either record or registry of their decision After hearing both parties and their witnesses, if any, they shall with or without the opinion of assessors, as they think fit, pronounce a decision forthwith But if at the trial before the village authorities any person who can write can be found, a brief note of the proceedings is to be made

29 Sirdars or dollois, or other duly recognised village authorities, may carry out their decisions at once, and order attachment of property to be made, but in no case is property so attached to be sold if the party cast claim to appeal within eight days On such appeal being made, they shall send the parties and their witnesses to the Deputy Commissioner or Assistant Commissioner forthwith, or as soon as may be, and either accompany them or send one respectable person who has been present at the trial with them

30 All notices given by sirdars and dollois or other duly recognised village authorities to parties or witnesses shall be verbal, and for a fixed day not exceeding eight days from the day it is given If a case be postponed, it shall be fixed for a day not exceeding eight days from the order, and the case may be subsequently adjourned for periods not exceeding eight days on good cause shown

31 The Deputy Commissioner and Assistant Commissioner shall not ordinarily hear suits triable by sirdars and dollois, or other duly recognised

এলাকার আর যে ব্যক্তিরা তাঁহাদের নিজ এলাকায় বাস না করেন তাহারা যে মোকদ্দমার এক পক্ষ হন সেই মোকদ্দমার বিচার করিতে পারিবেন না।

(খ) সকল মোকদ্দমা খোলা দরবারে উভয় পক্ষের ও ন্যূনকল্পে তিন জন সম্ভ্রান্ত সাক্ষীর সম্মুখে নিষ্পত্তি করিতে হইবে।

২৭। মোকদ্দমার উভয় পক্ষ ও তাঁহাদের সাক্ষিরা ঐ সরদারদের ও দলইদের ও গ্রামের নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষদের এলাকায় বাস করিলে তাঁহারা সেই ব্যক্তিদিগকে বলপূর্ব্বক উপস্থিত করাইতে পারিবেন ও তাহারা ইচ্ছাক্রমে আসিতে ত্রুটি করিলে ৫০ টাকা পর্য্যন্ত তাহাদের জরীমানা করিতে পারিবেন। কোন ব্যক্তির নামে অমূলক কি কেবল কষ্টদায়ক মোকদ্দমা উপস্থিত করা গেলে তাঁহারা প্রতিবাদির সকল খরচ দিবার ও ক্ষতিপূরণের টাকাও দিবার আজ্ঞা করিতে পারিবেন।

২৮। মোকদ্দমা সম্পর্কীয় সকল কার্য্য বাচনিক হইবে এবং সরদারদিগকে কি দলইদিগকে কিম্বা গ্রামের নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষদিগকে আপনারদের নিষ্পত্তি লিখিয়া রাখিতে কি রেজিষ্টরী করিতে আদেশ থাকিবে না। তাঁহারা উভয় পক্ষের কথা শুনিলে পর ও সাক্ষিদিগকে আনা গেলে তাহাদের কথা শুনিলে পর আসেসরদের মত লইয়া কি না লইয়া যদ্রূপ নিষ্পত্তি করা উচিত বোধ করেন তৎকালেই সেই নিষ্পত্তি প্রকাশ করিবেন। কিন্তু বিচারকালে গ্রামের কর্ত্তৃপক্ষদের সম্মুখে লিখিতে জানে এমত কোন ব্যক্তিকে পাওয়া যাইতে পারিলে মোকদ্দমাঘটিত কার্য্যের সংক্ষেপ মর্ম্ম লেখা যাইবে।

২৯। সরদারেরা কি দলইরা কিম্বা গ্রামের নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষেরা একেবারেই আপনারদের নিষ্পত্তিমতে কার্য্য করাইয়া সম্পত্তি ক্রোক করিবার আজ্ঞা করিতে পারিবেন। কিন্তু পরাজিত ব্যক্তি আট দিনের মধ্যে আপীল করিবার দাওয়া করিলে সেই ক্রোক করা সম্পত্তি বিক্রয় করা যাইবে না। তদ্রূপ আপীল করা গেলে তাঁহারা অবিলম্বে কিম্বা সাধ্যমতে ত্বরায় ঐ উভয় পক্ষকে ও তাঁহারদের সাক্ষিদিগকে ডেপুটী কমিশ্যনরের কি আসিষ্টাণ্ট কমিশ্যনরের নিকটে পাঠাইবেন ও আপনারা সঙ্গে যাইবেন কিম্বা তাহারদের বিচার কালে যাঁহারা উপস্থিত ছিলেন এমত সম্ভ্রান্ত কোন ব্যক্তিকে সঙ্গে পাঠাইবেন।

৩০। সরদারেরা ও দলইরা কিম্বা গ্রামের নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষেরা বাদি ও প্রতিবাদিকে কি সাক্ষিদিগকে যে সকল নোটিস দেন তাহা বাচনিক হইবে ও যে দিনে দেওয়া গেল তদবধি আট দিনের অনধিক কোন দিন নির্দ্দিষ্ট থাকিবে। মোকদ্দমার বিচার কার্য্য যদি স্থগিত রাখা যায় তবে স্থগিত হইবার আজ্ঞার পর আট দিনের অনধিক কোন দিনে বিচার করিবার দিনান্তর নিরূপণ হইবে। এবং বিশিষ্ট কারণ দর্শান গেলে তৎপরেও সেই মোকদ্দমা আট২ দিনের অনধিক কাল স্থগিত থাকিতে পারিবে।

৩১। কোন মোকদ্দমা সরদারদের কি দলইদের কিম্বা গ্রামের নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষদের বিচার্য্য হইলে ডেপুটী কমিশ্যনর সাহেব কিম্বা আসিষ্টাণ্ট

village authorities, but they have a discretion to do so when they think right, and suits which under these rules the village authorities cannot try, must be tried by the Deputy Commissioner or Assistant Commissioner. A register of all suits tried by the Deputy Commissioner and Assistant Commissioner shall be kept in such form as the Commissioner shall direct.

32. The Deputy Commissioner and Assistant Commissioner shall, in all cases in which the parties are indigenous inhabitants of the hills, endeavour to induce them to submit their case to a punchayet. If they agree to this, each party shall name an equal number of arbitrators, and shall choose or leave the arbitrators to choose, an umpire. The name and residence of arbitrators and umpire, and the matter in dispute, must be recorded before the proceedings commence, and the court will direct the sirdar or dolloi or other recognised authority to assemble the punchayet and witnesses within eight days. When the case has been decided, the umpire shall appear with the parties before the court, which shall proceed to record the decision and enforce it as its own. From such decision there shall be no appeal.

33. An appeal shall lie from the decision of the sirdar or dolloi or other duly recognised village authority to the Deputy Commissioner or Assistant Commissioner. A record will be made of the matter in dispute and the decision of the village authority. If necessary, the court shall examine the parties, and if the decision appears to be just, will affirm and enforce it as one of its own. If the court sees reason to doubt the justice of the decision, it will try the case *de novo* or refer it to a punchayet as above.

34. Houses, needful clothing, cooking utensils, or implements whereby the owner subsists, shall not be attached, sold, or transferred in execution of decree, unless themselves the subject of the suit.

35. There shall be no imprisonment for debt, excepting in cases where the Deputy Commissioner is satisfied that fraudulent disposal or concealment of property has taken place, in such cases the debtor may be detained for a period not exceeding six months.

36. No appeal shall lie as of right from decisions of an Assistant Commissioner to the Deputy Commissioner, except as hereinafter provided, but the Deputy Commissioner if he see fit may call for the proceedings of any case decided by

কমিশ্যনর সাহেব তাহা সামান্যতঃ গ্রাহ্য করিবেন না। কিন্তু তাহা করা উপযুক্ত বোধ করিলে স্বং বিবেচনামতে তাহা করিতে পারিবেন। এই বিধিমতে গ্রামের কর্ত্তৃপক্ষের যে মোকদ্দমার বিচার করিতে না পারেন ডেপুটী কমিশ্যনর কিম্বা আসিষ্টান্ট কমিশ্যনর তাহার বিচার করিবেন। ডেপুটী কমিশ্যনর ও আসিষ্টান্ট কমিশ্যনর যে সকল মোকদ্দমার বিচার করেন তাহার রেজিষ্টর রাখিতে হইবে। কমিশ্যনর সাহেব যে পাঠ নির্দ্দিষ্ট করেন ঐ রেজিষ্টর সেই পাঠে লেখা যাইবে।

৩২। ঐ২ পর্ব্বতে যাহারদের জন্ম হয় ও নিবাস থাকে কোন মোকদ্দমার উভয়পক্ষ এমত লোক হইলে ডেপুটী কমিশ্যনর ও আসিষ্টান্ট কমিশ্যনর সাহেব তাহারদিগকে পঞ্চায়তের বিচারার্থে মোকদ্দমা অর্পণ করিতে প্রবৃত্তি দিবার উদ্যোগ করিবেন। তাহারা সম্মত হইলে উভয় পক্ষ আপন২ সপক্ষ য সমান সংখ্যক সালিস ও প্রমাণপুরুষ মনোনীত করিবে কিম্বা সালিসেরাই আপনারদের প্রমাণপুরুষকে মনোনীত করিবেন। মোকদ্দমার কার্য্য আরম্ভ করিবার পূর্ব্বে সালিসদের ও প্রমাণপুরুষের নাম ও বাসস্থান ও বিবাদীয় বিষয় লিখিয়া রাখা যাইবে। এবং আদালত সর্দারের কি দলইর কিম্বা স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষের প্রতি আট দিনের মধ্যে পঞ্চায়তকে ও সাক্ষিদিগকে একত্র করিয়া আনিতে আজ্ঞা করিবেন। মোকদ্দমা নিষ্পত্তি করা গেলে প্রমাণপুরুষ উভয় পক্ষকে লইয়া আদালতে উপস্থিত হইবেন ও আদালত সেই নিষ্পত্তি লিখিয়া রাখিয়া আপনার নিষ্পত্তির ন্যায় তাহা প্রবল করিবেন। সেই নিষ্পত্তির উপর আপীল নাই।

৩৩। সর্দারের কি দলইর কিম্বা গ্রামের নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষের নিষ্পত্তির উপর ডেপুটী কমিশ্যনরের কিম্বা আসিষ্টান্ট কমিশ্যনরের নিকট আপীল হইতে পারিবে। বিবাদীয় বিষয়ে এবং গ্রামের কর্ত্তৃপক্ষের নিষ্পত্তি লিখিয়া রাখা যাইবে। আবশ্যক হইলে আদালত উভয়পক্ষের পরীক্ষা লইবেন এবং নিষ্পত্তি যথার্থ বোধ করিলে তাহা স্থির রাখিয়া আপনার নিষ্পত্তির ন্যায় প্রবল করিবেন। ঐ নিষ্পত্তির যথার্থ্য বিষয়ে আদালতের সন্দেহ করিবার কারণ থাকিলে আদালত প্রথমাবধি ঐ মোকদ্দমার বিচার করিবেন কিম্বা পূর্ব্বোক্তমতে পঞ্চায়তের প্রতি তাহা অর্পণ করিবেন।

৩৪। ঘর কি প্রয়োজনীয় বস্ত্র কি রাঁধিবার পাত্র কিম্বা যে হাতিয়ার প্রভৃতি দ্বারা কোন ব্যক্তির জীবিকা চলে তাহা লইয়া মোকদ্দমা না হইলে সেই২ বিষয় ডিক্রীজারীক্রমে ক্রোক কি বিক্রয় কি হস্তান্তর করিয়া দেওয়া যাইবে না।

৩৪। ঋণের নিমিত্তে কোন ব্যক্তিকে কয়েদ করা যাইবে না। কিন্তু কোন সম্পত্তি প্রতারণাক্রমে হস্তান্তর করিয়া দেওয়া গিয়াছে কিম্বা লুকাইয়া রাখা গিয়াছে ডেপুটী কমিশ্যনর সাহেব ইহা হৃদ্বোধমতে জানিলে ঐ ঋণিকে ছয় মাসের অনধিক কাল আটক করিয়া রাখা যাইতে পারিবে।

৩৬। কেবল নিম্নলিখিত স্থলভিন্ন অন্য স্থলে ডেপুটী কমিশ্যনর সাহেবের নিকট আসিষ্টান্ট কমিশ্যনরের নিষ্পত্তির আপীল করিবার অধিকার আছে বলিয়া আপীল হইবে না। কিন্তু ডেপুটী কমিশ্যনর সাহেব উচিত বোধ করিলে আপনার আসিষ্টান্টের নিষ্পত্তি

his assistant, and the Commissioner may, upon application made or otherwise, call for the proceedings of either of the lower courts and revise them, provided that persons resident beyond the Khasi and Jynteah Hills may appeal to the Commissioner within thirty-two days from the date of decision The appeal shall be accompanied by a copy of the judgment appealed against and a clear statement of the grounds of appeal The appeal may be presented to the Deputy Commissioner, who shall, if it be in order and presented in due time, endorse upon it the date of receipt, and transmit it with the proceedings in the suit to the Commissioner, who, after perusal of the petition of appeal and judgment, and after hearing the agent of the appellant, if any, may dismiss the appeal, or may remit the case to the lower court for the record of further evidence, or for re-trial on fresh issues, or receive the case for hearing before his own court to be held in the Khasi Hills, and shall confirm, modify, or reverse the decision of the lower court, passing such orders as to costs as may appear just The decree of the appellate court shall be transferred to the court of the Deputy Commissioner for execution as a decree of its own

37 The Courts of the Commissioner, Deputy and Assistant Commissioners, shall be guided by the spirit, but not bound by the letter, of the Code of Civil Procedure

38 No professional pleader or mooktear shall be allowed to appear in any case, except in cases before the Deputy Commissioner or Assistant Commissioners, with the special permission of the judge trying the case, or if the defendant reside beyond the jurisdiction of the court, but relations may appear for persons incapacitated by age, sex, or sickness

39 It shall be discretionary to examine witnesses on oath in any form, or to warn them that they are liable to the punishment of perjury if they state that which they know to be false

A MACKENZIE,
Offg Secy to the Govt of Bengal

[*Government Gazette*, 20*th August* 1872]

করা কোন মোকদ্দমার কাগজপত্র আনাইতে পারিবেন। এবং দরখাস্ত হইলে কিম্বা না হইলেও কমিশ্যনর সাহেব নিম্ন কোন আদালতের মোকদ্দমাঘটিত কার্য্যের কাগজপত্র আনাইয়া তাহা সংশোধন করিতে পারিবেন। কিন্তু যে ব্যক্তিরা খাসি ও জয়ন্তীয়া পর্ব্বতের বাহিরে বাস করেন তাঁহারা নিষ্পত্তির তারিখঅবধি ৩২ দিনের মধ্যে কমিশ্যনর সাহেবের নিকট আপীল করিতে পারিবেন। যে নিষ্পত্তির উপর আপীল হয় আপীলের দরখাস্তের সঙ্গে তাহার নকল দিতে হইবে এবং আপীল করিবার সকল কারণ স্পষ্ট করিয়া বর্ণনা করিতে হইবে। ঐ আপীল ডেপুটী কমিশ্যনর সাহেবকে দেওয়া যাইতে পারিবে। ও সেই আপীল নিয়মমতে করা গেলে ও উপযুক্ত সময়ে উপস্থিত করা গেলে ডেপুটী কমিশ্যনর ঐ দরখাস্তের পৃষ্ঠভাগে তাহা পাইবার তারিখ লিখিয়া মোকদ্দমাঘটিত কার্য্যের কাগজপত্রের সহিত কমিশ্যনর সাহেবের নিকট পাঠাইবেন। তিনি আপীলের দরখাস্ত ও নিষ্পত্তি পাঠ করিয়া ও আপেলান্টের মোক্তার থাকিলে তাহার কথা শুনিয়া হয় আপীল ডিসমিস করিতে পারিবেন, না হয় অধিক প্রমাণ লইয়া লিখিয়া রাখিবার জন্যে কিম্বা নূতন ইস্যু ধরিয়া পুনর্ব্বিচার করিবার জন্যে অধস্থ আদালতে মোকদ্দমা ফিরিয়া পাঠাইবেন কিম্বা খাসি পর্ব্বতে তাহার যে আদালত বসিবে সেই আদালতে শুনিবার জন্যে মোকদ্দমা গ্রাহ্য করিয়া অধস্থ আদালতের নিষ্পত্তি স্থির রাখিবেন কিম্বা মতান্তর কি অন্যথা করিবেন এবং খরচার বিষয়ে যে আজ্ঞা উচিত বোধ করেন দিবেন। আপীল আদালতের ডিক্রী ডেপুটী কমিশ্যনর সাহেবের আদালতে পাঠান যাইবে তিনি আপন ডিক্রীর ন্যায় তাহা সাধন করাইবেন।

৩৭। কমিশ্যনর সাহেবের এবং ডেপুটী কমিশ্যনর ও আসিষ্টান্ট কমিশ্যনরদের আদালত দেওয়ানী মোকদ্দমার কার্য্য বিধানের আইনের ভাবানুসারে কার্য্য করিবেন কিন্তু তাহার প্রত্যেক শব্দের বলে বদ্ধ হইবেন না।

৩৮। ডেপুটী কমিশ্যনর কিম্বা আসিষ্টান্ট কমিশ্যনরদের সম্মুখে মোকদ্দমা উপস্থিত হইলে যিনি মোকদ্দমার বিচার করেন তাহার স্পষ্ট অনুমতি থাকিলে কিম্বা প্রতিবাদী আদালতের এলাকার বহিভূত স্থানে বাস করিলে উকীল কি মোক্তার নিযুক্ত হইতে পারিবেন নতুবা কোন মোকদ্দমায় ব্যবহারাজীব উকীল কি মোক্তার উপস্থিত হইতে পারিবেন না। কিন্তু কোন ব্যক্তি বৃদ্ধ কি স্ত্রী কিম্বা পীড়াপ্রযুক্ত উপস্থিত হইতে না পারিলে তাহার আত্মীয় কোন ব্যক্তি তাঁহার পক্ষ হইয়া উপস্থিত হইতে পারিবেন।

৩৯। যে পাঠে উচিত বোধ হয় সাক্ষিদিগকে সেই পাঠানুসারে শপথ করাইয়া তাহাদের সাক্ষ্য লওয়া যাইতে পারিবে কিম্বা তাহারা মিথ্যা জানিয়া কোন কথা কহিলে মিথ্যা শপথ করিবার দণ্ড হইবে বলিয়া তাহারদিগকে সতর্ক করিয়া দেওয়া যাইতে পারিবে। বিচারপতি ইহার মধ্যে যাহা চাহেন তাহা করিতে পারিবেন।

এ মাকেঞ্জী,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

The following application for a loan by the Municipal Commissioners of Dacca is published under Rule V of the Rules passed by the Governor-General in Council (Government Order No 2987, dated 25th April 1872,) under Section 4 of the Local Public Works Loan Act XXIV of 1871 —

1 The loan is necessary for construction of the following permanent works within the limits of the Municipality, the estimated cost of which is the sum applied for as shown below —

		Rupees
(1)	Cost of 12 pucca public privies	13,200
(2)	Bullock shed	500
(3)	Force pump	2,000
(4)	Land for disposal of night soil and cultivation	2,000
(5)	Houses of methers to be employed for working the system of conservancy purposes	2,000
(6)	New bridge on Julla road	800
(7)	New bridge at Dovahgonge	1,500
(8)	New bridge at Armenmantola	1,500
(9)	New reservoir including pump (for watering)	350
	Contingencies of the first five items	1,150
		25,000

2 The total amount of loan, Rs 25,000

3 It is proposed that the required sum shall be borrowed on the security of the rate on houses

4 The rate is levied under Act III of 1864

5 The loan of Rs 25,000 applied for will be received by one instalment as soon as sanctioned, and repaid in about nineteen years by annual instalment of Rs 2,000, including interest at 4½ per cent

The following is the general account of the actual income and expenditure of the Municipality in each of the three last preceding years —

Income	Rs	As	P	Expenditure	Rs	As	P
In 1869 70	48 921	14	4	In 1869 70	48 705	5	3
1870 71	47 616	15	10	„ 1870 71	45,639	4	9
1871 72	64 037	14	1	„ 1871-72	53,327	5	2

স্থানবিশেষের রাজকীয় কার্য্যসংক্রান্ত ঋণ গ্রহন-বিষয়ক ১৮৭১ সালের ৪ আইনের ৪ ধারামতে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব (১৮৭২ সালের ২৫ আপ্রিলের ২৯৮৭ নং গবর্ণমেণ্টের আজ্ঞাপত্রক্রমে) যে বিধি প্রচার করেন তাহার ৫ ধারাক্রমে ঢাকার মুনিসিপল কমিশ্যনরদের ঋণগ্রহণ করিবার নিম্নলিখিত প্রার্থনাপত্র প্রকাশ করা গেল।

১। মুনিসিপালিটীর সীমার অন্তর্গত স্থানে নিম্নলিখিত স্থায়ি কার্য্য প্রস্তুত করণার্থে ঐ ঋণগ্রহণ করা আবশ্যক, নিম্নলিখিত যে টাকার প্রার্থনা হইয়াছে তাহা ঐ কার্য্যের অনুমিত খরচ।

		টাকা।
(১)	সাধারণের ব্যবহার্য্য পাকা ১২ পাইখানা করিবার খরচ	১৩,২০০৲
(২)	বলদ রাখিবার ঘর	৫০০৲
(৩)	জল তুলিবার কল	২,০০০৲
(৪)	বিষ্ঠা ফেলিবার ও কৃষিকার্য্যের নিমিত্ত ভূমি	২,০০০৲
(৫)	নগর সৌষ্ঠব করণাভিপ্রায়ে যে মেতরদিগকে নিযুক্ত করিতে হইবে তাহাদের ঘর	২,০০০৲
(৬)	জলা পথের নূতন সাঁকো	৮০০৲
(৭)	দয়াগঞ্জের নূতন সাঁকো	১,৫০০৲
(৮)	আর্ম্মানি টোলার নূতন সাঁকো	১,৫০০৲
(৯)	জল দিবার নিমিত্ত জলের কল সুদ্ধ নূতন জলাশয়	৩৫০৲
	প্রথমোক্ত পাঁচ দফার নৈমিত্তিক ব্যয়	১,১৫০৲
		২৫,০০০৲

২। মোটে ২৫০০০৲ টাকা ঋণ।

৩। বাড়ীর উপর যে টাকস আদায় হইবে তাহা বন্ধক রাখিয়া প্রয়োজনীয় টাকা ঋণ করিবার প্রস্তাব হইয়াছে।

৪। ১৮৬৪ সালের ৩ আইনমতে উক্ত টাকস আদায় হইয়া থাকে।

৫। ঋণের অনুমোদন হইলেই উক্ত ২৫০০০৲ টাকা একেবারে গ্রহণ করা যাইবে, ও শতকরা ৪।।০ টাকা হিসাবে সুদ শুদ্ধ বৎসর ২০০০৲ টাকার কিস্তি করিয়া প্রায় উনিশ বৎসরে উক্ত টাকা শোধ করা যাইবে।

পূর্ব্ব তিন বৎসরের প্রত্যেক বৎসর মুনিসিপালিটীর প্রকৃত আয় ব্যয়ের নিম্নলিখিত সাধারণ হিসাব এই,—

আয়।	টাকা।	ব্যয়।	টাকা।
১৮৬৯ ও ৭০ সালে	৪৮,৯২১৸৶৪	১৮৬৯ ও ৭০ সালে	৪৮,৭০৫।/৩
„ ৭০ ও ৭১	৪৭,৬১৬৸৵১০	„ ৭০ ও ৭১	৪৫,৬৩৯। ৯
„ ৭১ ও ৭২	৬৪,০৩৭৸৶১	„ ৭১ ও ৭২	৫৩,৩২৭।/ ২

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭২। ২০ অ,গষ্ট।]

7. None of the sources of the municipal income under the Act is pledged for any prior debt, as the Municipality as yet contracted no debt.

D R Lyall, *Offg Chairman.*
J J. Gray
Alexander Thomas
R. F Rampini.
H M. Weathrall.
A MacBean
W Harvey
N. P Pogose
B C Ray.
Kailas Chandra Ghosh.
K Abdool Gunny.
Ahsanoolah
E Mansfield
J G N Pogose
Mitrejit Sing

By order,
A Mackenzie,
Offg Secy to the Govt of Bengal

Notification

The 12th August 1872.—Under the power vested in him by Section 2, Act II (B C) of 1867 (an Act to provide for the punishment of public gambling and the keeping of common gaming-houses in the territories subject to the Lieutenant-Governor of Bengal), the Lieutenant-Governor has been pleased to extend the provisions of the said Act to the Town of Silchar with effect from 1st September 1872. The limits of the town for the purposes of this Act will be the same as those for the purposes of Act VI (B C) of 1868.

A. Mackenzie,
Offg. Secy to the Govt of Bengal

Public Works Department,—Bengal.

Local,—Communications

No 292

The 12th August 1872.

Declaration—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz for the purpose of raising the embankment of the road running from Mouzah Pachgram, in Pergunnah Sarespore, to the Civil Sub-divisional Station of Hylakandy, in the district of Cachar, called or known as the Hylakandy road, it is hereby declared that, for the above purpose, a piece of land measuring,

৭। উক্ত আইনমতে মুনিসিপলের যে আয় হয় পূর্ব্বের কোন ঋণের নিমিত্ত তাহা বন্ধক দেওয়া যায় নাই কেননা মুনিসিপালিটীর কোন ঋণ নাই।

শ্রীযুত ডি আর লায়েল সাহেব একটিং সভাপতি।
„ জে জে গ্রে সাহেব।
„ আলেকজাণ্ডর তামস সাহেব।
„ আর এফ রাম্পিনি সাহেব।
„ এচ এম ওয়েদরল সাহেব।
„ এ মাকবীন্ সাহেব।
„ ডবলিউ হার্ব্বি সাহেব।
„ এন পি পোগস সাহেব
„ বি সি রে সাহেব।
„ কৈলাস চন্দ্র ঘোষ।
„ খাজে আবদুল গনি।
„ আশাহুল্লা।
„ ই মান্সফিলড সাহেব।
„ জে জি এন পোগস সাহেব।
„ মিত্রজিৎ সিংহ।

আজ্ঞাক্রমে,
এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ১২ আগষ্ট।—১৮৬৭ সালের বঙ্গীয় ২ আইনের অর্থাৎ (বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের শাসনাধীন দেশে সামান্য দ্যূতক্রীড়ার ও সাধারণ দ্যূত গৃহ রাখিবার দণ্ডবিধায়ক আইনের) ২ ধারামতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের প্রতি যে ক্ষমতা অর্পিত হইয়াছে তদনুসারে তিনি উক্ত আইনের বিধান ১৮৭২ সালের সেপ্টেম্বর মাসের ১ তারিখ অবধি সিলচার নগরে প্রচলিত করিয়াছেন। ১৮৬৮ সালের বঙ্গীয় ৬ আইনের অভিপ্রায় সফল করণার্থে উক্ত নগরের যে সীমা নির্দ্দিষ্ট হইয়াছে এই আইনের অভিপ্রায় সকল করণার্থেও উক্ত নগরের সেই সীমা হইবে।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

বঙ্গদেশীয় পবলিক ওবস ডিপার্টমেণ্ট।

বর্ত্মাদি বিষয়ক।

২৯২ নম্বর।

১৮৭২ সাল ১২ আগষ্ট।

বিজ্ঞাপন।—বঙ্গদেশের শ্রীযুত লেপ্টনেণ্ট গবরনর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ সারেশপুর পরগনার পাচগ্রাম মৌজা অবধি কাছাড় জিলার অন্তর্গত হয়লাকান্দির দেওয়ানী শাখাখণ্ডার মোকাম পর্য্যন্ত হায়লাকান্দি নামে খ্যাত পথের বাঁধ তুলিবার নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত কাছাড় জিলায় ন্যূনাধিক ২ মাইল ২৩৯০ ফুট দীর্ঘ ও ২০ অবধি ৪০ ফুট পর্য্যন্ত প্রস্থ অর্থাৎ কথিতমত পরিমাণের প্রায় ২

more or less, 2 miles and 2,390 feet in length, and from 20 to 40 feet in breadth, or about 2 hals 10 kears 2 powas 6 jaits 14 puns and 2 gundas of standard measurement is required within the aforesaid district of Cachar

This Declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern

H LEONARD, C B,
Offg Secy to the Govt, of Bengal
P W D

Orders by the High Court of Judicature at Fort William in Bengal.

NOTIFICATION

LEAVE OF ABSENCE

The 27th July 1872 —Baboo Nobo Gopal Bose, Moonsiff of Nattore, Zillah Rajshahye, for one week, under Section 3, Supplement F of the Civil Leave Code, in extension of that granted to him on the 26th June last

The 31st July 1872 —Baboo Jadub Chunder Dey, Moonsiff of Harripal, Zillah Hooghly, for one month, from the 1st August next, under Section 18, Chapter VI of the Civil Leave Code

The 10th August 1872 —Baboo Shitol Chunder Mookerjee, Moonsiff of Thakoorgong, Zillah Dinagepore, now of Shahazadpore, Zillah Rajshahye, for three months, in extension of that granted to him on the 29th February last, under Section 3, Supplement F of the Civil Leave Code

The unexpired portion of the leave for one week on medical certificate granted to Baboo Nobo Gopal Bose, Moonsiff of Nattore, Zillah Rajshahye, is hereby cancelled at his own request

The unexpired portion of the leave for two months, under Section 5, Supplement F of the Civil Leave Code, granted to Baboo Kylash Chunder Mookerjee, while Moonsiff of Hemtabad, Zillah Dinagepore, is hereby cancelled at his own request

TRANSFER OF MOONSIFFS

The 8th August 1872 —Baboo Shitol Chunder Mookerjee, from Thakoorgong, Zillah Dinagepore, to Shahazadpore, Zillah Rajshahye

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭২। ২০ আগষ্ট।]

হাল ১০ কিয়র্স ২ পোয়া ৬ জৈট ১৪ পণ ২ গণ্ডা পরিমিত ভূমির প্রয়োজন।

উক্ত ভূমিতে যাঁহারদের সম্পর্ক থাকে তাঁহারদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধান মতে এই সম্বাদ দেওয়া গেল।

এচ লেনার্ড, সি, বি,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা।

বিজ্ঞাপন।

ছুটী।

১৮৭২ সাল ২৭ জুলাই।—রাজশাহী জিলার নাটোরের মুনসেফ শ্রীযুত বাবু নবগোপাল বসু গত জুন মাসের ২৬ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত দেওয়ানী কার্য্যকারকদের ছুটী বিষয়ক F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে এক সপ্তাহ ছুটী পাইয়াছেন।

১৮৭২ সাল ৩১ জুলাই।—হুগলী জিলার হরিপালের মুনসেফ শ্রীযুত বাবু যাদব চন্দ্র দে দেওয়ানী কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধির ৬ অধ্যায়ের ১৮ ধারামতে আগামি আগষ্ট মাসের ১ তারিখ অবধি এক মাস ছুটী পাইয়াছেন।

১৮৭২ সাল ১০ আগষ্ট।—দিনাজপুর জিলার অন্তর্গত ঠাকুরগাঁয়ের এইক্ষণে রাজশাহী জিলার অন্তর্গত শাহজাদপুরের মুনসেফ শ্রীযুত বাবু শীতল চন্দ্র মুখোপাধ্যায় গত ফেব্রুআরি মাসের ২৯ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত দেওয়ানী কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে তিন মাস ছুটী পাইয়াছেন।

রাজশাহী জিলার নাটোরের মুনসেফ শ্রীযুত বাবু নবগোপাল বসু চিকিৎসকের সর্টিফিকটক্রমে যে এক সপ্তাহের ছুটী পান তাহার অবশিষ্ট কাল তাঁহার প্রার্থনাক্রমে রহিত করা গেল।

শ্রীযুত বাবু কৈলাসচন্দ্র মুখোপাধ্যায় দিনাজপুরের অন্তর্গত হেমতাবাদের মুনসেফ থাকনকালে দেওয়ানী কার্য্যকারকদের ছুটী বিষয়ক F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৫ ধারামতে যে দুই মাস ছুটী পান তাহার অবশিষ্ট কাল তাঁহার প্রার্থনামতে রহিত করা গেল।

মুনসেফদের স্থানান্তরের নিয়োগ।

১৮৭২ সাল ৮ আগষ্ট।—শ্রীযুত বাবু শীতলচন্দ্র মুখোপাধ্যায় দিনাজপুর জিলার অন্তর্গত ঠাকুরগাঁহইতে রাজশাহী জিলার অন্তর্গত শাহজাদপুরে প্রেরিত হইয়াছেন।

Moulvie Dubeeroddeen Ahmed, from Shahazadpore, Zillah Rajshahye, to Thakoorgong, Zillah Dinagepore, as soon as relieved by his successor

Báboo Shib Dass Mookerjee, from Bongong, Zillah Nuddea, to Nicklee, Zillah Mymensingh

Baboo Kanie Lall Mookerjee, from Nicklee, Zillah Mymensingh, to Bongong, Zillah Nuddea

These two transfers to take effect during Poojah

Baboo Sheo Surn Lall, Additional Moonsiff of Purneah, to Ghattal, Zillah Midnapore.

Baboo Anund Koomar Survadhikaree, Additional Moonsiff of Chittagong, to Ranaghat, Zillah Nuddea This cancels his appointment as Additional Moonsiff of Chittagong

By order of the High Court.

W Cornell,

Offg Registrar.

শ্রীযুক্ত মৌলবী দবীরুদ্দীন আহম্মদ উত্তরপদদারির প্রতি কর্ম্মসমর্পণ করিলেই তিনি রাজশাহী জিলার শাহাজাদপুরহইতে দিনাজপুর জিলার ঠাকুরগাঁয়ে প্রেরিত হইবেন।

শ্রীযুত বাবু শিবদাস মুখোপাধ্যায় নদীয়া জিলার বনগাঁহইতে ময়মুনসিংহ জিলার নিকলীতে প্রেরিত হইয়াছেন।

শ্রীযুত বাবু কানাইলাল মুখোপাধ্যায় ময়মুনসিংহ জিলার নিকলীহইতে নদীয়া জিলার বনগাঁয়ে প্রেরিত হইয়াছেন।

এই দুই স্থানান্তরে নিয়োগ পূজার সময়াবধি সফল হইবে।

পূর্ণিয়ার আডিশ্যনল মুনসেফ শ্রীযুত বাবু শিবশরণলাল মেদিনীপুর জিলার ঘাটালে প্রেরিত হইয়াছেন।

চট্টগ্রামের আডিশ্যনল মুনসেফ শ্রীযুত বাবু আনন্দকুমার সর্ব্বাধিকারী নদীয়া জিলার রাণাঘাটে প্রেরিত হইয়াছেন। চট্টগ্রামে তাঁহার আডিশ্যনল মুনসেফের কর্ম্মে নিয়োগ এতদ্দ্বারা রহিত করা গেল।

হাই কোর্টের আজ্ঞাক্রমে।

ডবলিউ কর্ণল,

একটিং রেজিষ্ট্রার।

The 22nd July 1872

In supersession of the lists of subjects notified at page 2206 of the *Calcutta Gazette* of the 29th December 1869, and all previous orders or notifications of the Court, the following lists of subjects are hereby notified as those in which the candidates for the higher and lower grade pleaderships respectively will be examined under the rules passed by the High Court under Section 4, Act XX of 1865

HIGHER GRADE

Subjects	*Regulations, Enactments, and Text Books*
1*st* —The law of property current in Bengal A With reference to the permanent settlement, to the Government lien on land, to claims to hold lands exempt from the payment of revenue, and to the mode in which estates can be brought to sale for arrears of revenue	Regulations (Bengal) I, VIII, X, XIV, XIX, and XLIV of 1793, and the Regulations and Acts by which the same have been altered, Act XI of 1859, and the preamble to Regulation (Bengal) II of 1793
B. The law of under-tenures and the mode in which the same can be brought to sale for arrears of rent	Regulation (Bengal) VIII of 1819, Act VIII of 1865 (Bengal Council), Act VIII of 1869, B C, (except as to candidates to practise in Orissa, Chota Nagpore, and Assam, who will be required, as heretofore, to pass in Act X of 1859)
C The relation of Landlord and Tenant	Act VIII of 1869 (B C) except as above
D Mortgages, Registration of Assurances	Macpherson on Mortgages, Act VIII of 1871
E The Hindoo Law of Inheritance, Succession, and Adoption.	Dayabhaga and Mitakshara, Dattaka Chandrika, or Macnaghten's Principles of Hindoo Law, first seven chapters
F. Mahomedan Law	Macnaghten's Principles of Mahomedan Law, except chapter 9
G. The Indian Succession Act	Act X of 1865, Act XXI of 1870
2*nd* —Obligations arising from contracts.	Macpherson on Contracts, Act IX of 1872
3*rd* —Civil Procedure	Act VIII of 1859, Act XXIII of 1861, Act XI of 1865
4*th* —The Law of Evidence	Act I of 1872
5*th* —The Law relating to Stamps	Act XVIII of 1869, Act VII of 1870
6*th* —The Law of Limitation	Act IX of 1871
7*th*.—Criminal Law and Procedure.	The Indian Penal Code (Act XLV of 1860) and the Code of Criminal Procedure, Act X of 1872.

[*Government Gazette*, 20*th August* 1872.]

LOWER GRADE.

Subjects.	*Regulations, Enactments, and Text Books.*
1*st* —Hindoo Law.	Macnaghten's Principles of Hindoo Law, first seven chapters
2*nd* —Mahomedan Law	Macnaghten's Principles of Mahomedan Law, except chapter 9.
3*rd* —Law of Contracts	Macpherson on Contracts; Act IX of 1872
৫। জিলার সদর মোকামের অধ্যক্ষতা বিষয়ে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের পূর্ব্বাবধি এই অভিমত, জিলার মাজিষ্ট্রেট সাহেব সদর মোকামে থাকিলে রাজকীয় কার্য্যের কর্তৃত্ব ভার তাঁহারই প্রতি থাকা অত্যন্ত উচিত এই হেতুক মান্যবর সাহেব মহকুমার নিয়মিত কর্ত্তৃপক্ষ বলিয়া অন্য কোন মাজিষ্ট্রেটের প্রতি অধ্যক্ষতা ভার অর্পণ করিতে অনিচ্ছুক কিন্তু এই কারণে মাজিষ্ট্রেট সাহেবের অনেক মোকদ্দমার বিচার করিতে ও বিবরণ ঘটিত অনেক কর্ম্ম করিতেই হইবে এমত জ্ঞান করিতে হইবে না। সদর মোকামের অধ্যক্ষতা ভার প্রাপ্ত হওয়াপ্রযুক্ত তাঁহার একটি মোকদ্দমারও বিচার করা আবশ্যক নহে এবং যে২ জিলার কর্ম্ম ভারী সেই২ জিলায় তাঁহারা অনেক মোকদ্দমার বিচার করিবেন শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের এমত অপেক্ষা নাই। মাজিষ্ট্রেট সাহেব জিলার খণ্ডের অধ্যক্ষতা ভার প্রাপ্ত হইলে সকল প্রকারের দরখাস্ত গ্রাহ্য করা তাঁহার কর্ত্তব্য কর্ম্ম বলিয়া জ্ঞান করিয়া থাকেন ও জিলার মাজিষ্ট্রেটেরা স্বয়ং গৃহীত সেই কার্য্য স্বীকার করিয়াছেন। পরন্তু তাঁহারা আপনারদের অধীন কোন মাজিষ্ট্রেটের প্রতি দরখাস্ত গ্রহণ কার্য্য সমেত ফৌজদারী কর্ম্মের কোন অংশ অর্পণ করিতে পারেন এবং পোলীসের সাধারণ কর্ত্তৃত্ব ভার ও রাজকীয় কার্য্য সম্পাদন কার্য্যের সাধারণ তত্ত্বাবধারণের কার্য্যভিন্ন তাঁহারা অন্য কোন কর্ম্ম অধীন মাজিষ্ট্রেটদের প্রতি অর্পণ করিতে পারিবেন। এই কারণে বড়২ যে জিলার কর্ম্ম ভারী হয় সেই জিলার সদর মোকামে মাজিষ্ট্রেট সাহেবের নিকট ক্ষমতাপন্ন অন্য কার্য্যকারক থাকিয়া তাঁহার উপস্থান কালে অধিকাংশ মোকদ্দমার বিচার ও অন্য কর্ম্ম করিয়া তাঁহার সাহায্য করেন ও তাঁহার অনুপস্থানে সদর মোকামে তাঁহারই স্থানবর্ত্তী হন এই বিষয়ে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব সম্মত হইলেও সদর মোকামে মহকুমার কার্য্যকারকের উপস্থিত থাকা আবশ্যক বলিয়া জ্ঞান করেন না। কিন্তু সিবিল কর্ম্মকারকদিগকে অতি ফলজনকরূপে বিনিয়োগ করণ বিষয়ে মাজিষ্ট্রেট ও কমিশ্যনর সাহেবেরা যে কোন প্রস্তাব করিতে চাহেন শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব তাহা গ্রাহ্য করিয়া বিবেচনা করিতে উদ্যত আছেন ও স্থল বিশেষে অত্যা-

and Commissioners may wish to submit, and in special cases may even recognise a sub-division at head-quarters if real necessity for it is shown

J. WARE EDGAR,
Offg. Jr. Secy. to the Govt. of Bengal.

বশ্যক হইলে সদর মোকামই মহকুমা থাকা বিষয় স্বীকারও করিতে পারিবেন।

জে, ওয়ার এডগর,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং দ্বিতীয় সেক্রেটারী।

NOTIFICATION.

The 20th August 1872.—It is hereby notified that the next half-yearly examination of the Junior Members of the Covenanted Civil Service, the Subordinate Executive Service, the Non-Regulation Commission and the Police will be in the new Criminal Procedure Code (Act X of 1872).

J. WARE EDGAR,
Offg. Jr. Secy. to the Govt. of Bengal.

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ২০ আগষ্ট।—আগামি ষাণ্মাসিক পরীক্ষা কালে চিহ্নিত সিবিল কার্য্যের ও সবরডিনেট একসেকিটিব সর্ব্বিসের ও আইন বহির্ভূত কমিশ্যানের ও পোলীসের কার্য্যকারদের ১৮৭২ সালের ১০ আইনে অর্থাৎ ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের নূতন আইনে পীরক্ষা দিতে হইবে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল।

জে, ওয়ার এডগর,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং দ্বিতীয় সেক্রেটারী।

The following Orders issued by the Government of India, in the Financial Department, are republished for general information:—

ফিনানশাল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের নিম্নলিখিত আজ্ঞা সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল।

SEPARATE REVENUE.

(POST OFFICE.)

No. 1892.—*The 8th August* 1872.—Mr. J. Tweedie, Officiating Post Master General of Bengal, is allowed privilege leave for one month.

Mr. W. H. Verner is appointed to officiate as Post-Master General of Bengal.

স্বতন্ত্র রাজস্ব।

(ডাকঘর বিষয়ক।)

১৮৯২ নম্বর।—১৮৭২ সাল ৮ আগষ্ট।—বঙ্গদেশের একটীং পোষ্ট মাষ্টার জেনরল শ্রীযুত জে টুইডি সাহেব এক মাস অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

শ্রীযুত ডবলিউ এচ, বর্ণর সাহেব বঙ্গদেশের পোষ্ট মাষ্টার জেনরলের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইয়াছেন।

SEPARATE REVENUE.

(STAMPS.)

No. 1906.—*The 9th August* 1872.—In exercise of the powers conferred by the Court Fees Act, 1870, Section 35, the Governor General in Council is pleased to remit the fees chargeable under the said Act on copies of settlement records furnished to landholders and cultivators, but not certified by the signature of any public officer to be true copies.

Nothing in this notification applies to copies of judicial proceedings.

J. WARE EDGAR,
Offg. Jr. Secy. to the Govt. of Bengal.

স্বতন্ত্র রাজস্ব।

(ইষ্টাম্প বিষয়ক।)

১৯০৬ নম্বর।—১৮৭২ সাল ৯ আগষ্ট।—ভূম্যধিকারিদিগকে ও কৃষকদিগকে বন্দোবস্তের কাগজপত্রের যে নকল দেওয়া যায় আদালতের রসুম বিষয়ক ১৮৭০ সালের আইনমতে তাহার উপর যে ফীস লওয়া যাইতে পারে যথার্থ নকল বলিয়া সেই পত্রে রাজকীয় কার্য্যকারকের স্বাক্ষর না থাকিলে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনেরল সাহেব ঐ আইনের ৩৫ ধারার প্রদত্ত ক্ষমতাক্রমে ঐ নকলের উপর ফীস ক্ষমা করিলেন।

এই জ্ঞাপনপত্রের কোন কথা আদালতের কাগজপত্রের নকলের প্রতি খাটে না।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং দ্বিতীয় সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭২। ২৭ আগষ্ট।]

JUDICIAL AND POLITICAL DEPARTMENTS.

No 1066J

Appointments

The 13*th August* 1872 —The following members to form a Committee for the management of the Charitable Dispensary at Gouripore, in the district of Goalparah —

The Extra Assistant Commissioner, Doobree
Babu Sumbhoo Chunder Lahirey
„ Anund Coomar Dutt
„ Chunder Mohun Roy
„ Annoda Prosad Dey
„ Madhub Chunder Khay
„ Golokenath Burooah

Babu Golokenath Burooah to be also Secretary to the Committee

The 15*th August* 1872 —The following promotions of Moonsiffs are sanctioned —

From the Second to the First Grade

Babu Luchmun Prasad, Moonsiff of Chuprah
Moulvi Sookur Ali, Moonsiff of Chittagong
„ Abul Munsoor, Moonsiff of Bhotmaree, in Rungpore

From the Third to the Second Grade

Babu Premchand Pal, Moonsiff of Lechragunge, Dacca
„ Muttylal Sirkar, B L, Additional Moonsiff of Jehanabad, East Burdwan
„ Amritalal Pal, B L, Additional Moonsiff of Sathhirah, 24-Pergunnahs

Mr Prannath Banerjee, M A and B L, to be a Moonsiff of the Third Grade, and to be an Additional Moonsiff of Chittagong

Moulvi Atta Hossein to be a Moonsiff of the Third Grade, and to be an Additional Moonsiff of Purneah

Moulvi Amir Ali Khan to be a Moonsiff of the Third Grade, and to be Moonsiff of Sewan, in Sarun

The 19*th August* 1872 —Mr George Thomas to be a Municipal Commissioner for the Town of Monghyr

Mr Charles Millner Jerdon to be a Municipal Commissioner for the Town of Gya

The 20*th August* 1872 —Captain William Leycester Samuells, Assistant Commissioner, Hazareebaugh, is vested, in addition to the powers which he already holds, with those under Section 20, Act XXII of 1864 (an Act relating to Military Cantonments), to try breaches of the Rules and Regulations under Section 17 of the

[*Government Gazette,* 27*th August* 1872.]

জুডিশ্যাল ও পলিটিকল ডিপার্টমেন্ট।

১০৬৬ J নম্বর।

নিয়োগ।

১৮৭২ সাল ১৩ আগষ্ট।—নিম্নলিখিত মেম্বরদিগকে লইয়া গোয়ালপাড়া জিলার অন্তর্গত গৌরীপুরের দাতব্য ঔষধালয়ের কার্য্যসম্পাদনার্থ কমিটী হইবে।

ধুবড়ীর অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিশ্যনর সাহেব।
শ্রীযুত বাবু শম্ভুচন্দ্র লাহিড়ি।
,, ,, আনন্দকুমার দত্ত।
,, ,, চন্দ্রমোহন রায়।
,, ,, অন্নদাপ্রসাদ দে।
,, ,, মাধবচন্দ্র খায়।
,, ,, গোলকনাথ বড়ুয়া।

শ্রীযুত বাবু গোলকনাথ বড়ুয়া উক্ত কমিটির সেক্রেটারীও হইবেন।

১৮৭২ সাল ১৫ আগষ্ট।—মুনসেফদের নিম্নলিখিত পদ বৃদ্ধি অনুমোদিত হইয়াছে।

দ্বিতীয় শ্রেণী হইতে প্রথম শ্রেণীতে।

ছাপরার মুনসেফ শ্রীযুত লক্ষ্মণ প্রসাদ বাবু।
চট্টগ্রামের মুনসেফ শ্রীযুত মৌলবী শুকুর আলী।
রঙ্গপুরের অন্তর্গত ভোটমারির মুনসেফ শ্রীযুত মৌলবী আবুল মনসুর।

তৃতীয় শ্রেণী হইতে দ্বিতীয় শ্রেণীতে।

ঢাকার অন্তর্গত লেছরাগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু প্রেমচাঁদ পাল।
পূর্ব্ব বর্দ্ধমানের অন্তর্গত জাহানাবাদের আডিশ্যনল মুনসেফ শ্রীযুত বাবু মতিলাল সরকার, বি, এল।
২৪ পরগনার সাতক্ষীরার মুনসেফ শ্রীযুত বাবু অমৃতলাল পাল, বি, এল,।

শ্রীযুত বাবু প্রাণনাথ বন্দ্যোপাধ্যায় এম, এ, ও বি, এল, তৃতীয় শ্রেণীর মুনসেফ হইয়া চট্টগ্রামের আডিশ্যনল মুনসেফ হইবেন।

শ্রীযুত মৌলবী আত্তা হসেন তৃতীয় শ্রেণীর মুনসেফ হইয়া পুরনিয়ার আডিশ্যনল মুনসেফ হইবেন।

শ্রীযুত মৌলবী আমীর আলী খাঁ তৃতীয় শ্রেণীর মুনসেফ হইয়া সারণের অন্তর্গত সেওয়ানের মুনসেফ হইবেন।

১৮৭২ সাল ১৯ আগষ্ট।—শ্রীযুত জর্জ তামস সাহেব মুঙ্গের নগরের মুনিশিপল কমিশ্যনর হইবেন।

শ্রীযুত চার্লস মিলনর জার্ডন সাহেব গয়া নগরের মুনিসিপল কমিশ্যনর হইবেন।

১৮৭২ সাল ২০ আগষ্ট।—হাজারীবাগের আসিষ্টাণ্ট কমিশ্যনর কাপ্তান শ্রীযুত উলিয়ম লেষ্টর সামুয়েলস সাহেব সম্প্রতি যে ক্ষমতাক্রমে কর্ম্ম করিতেছেন তদতিরিক্ত হাজারীবাগ সেনানিবেশে ১৮৬৪ সালের ২২ আইনের অর্থাৎ সৈনিক ছাউনি স্থানের কার্য্য নির্ব্বাহের বিধান করণের আইনের) ১৭ ধারামতে প্রণীত বিধি ও ব্যবস্থা লঙ্ঘনের বিচার করণার্থে উক্ত

Act in the Cantonment of Hazareebaugh The orders of the 2nd instant, vesting Lieutenant W. A. Holcombe with similar powers are cancelled

Babu Shyam Kishore Bose, B L, to officiate as Moonsiff of Ghosegong, in Mymensing, during the absence on leave of Babu Ram Chunder Dhur, or until further orders The orders of the 27th ultimo appointing Babu Ram Chunder Chakee to officiate as Moonsiff of Ghosegong are cancelled

Babu Guruprasad Sen, Additional Subordinate Judge of Jessore, to be Additional Subordinate Judge of Backergunge

Babu Shumbhoo Chunder Dey, B.L., to officiate as Moonsiff of Thakoorgong, in Dinagepore, till the arrival of Moulvi Dubeeroodden Ahmed, or until further orders

LEAVE OF ABSENCE

The 14th August 1872 —Dr H M Davis, Medical Officer of Pubna, for three months, under Section 18 of the Civil Leave Code

The 16th August 1872 —Mr William Victor Bertelsen, Assistant Superintendent of Police Rungpore, for three months, under Section 18 of the Civil Leave Code

NOTIFICATION

The 16th August 1872 —The orders of the 12th instant transferring Mr Henry Dawson, Assistant Superintendent of Police, from Deoghur to Rajmehal, are cancelled

The 19th August 1872 —Lieutenant William Francis Trotter, Officiating District Superintendent of Police Durrung having returned to duty on the 18th ultimo, the unexpired portion of the leave granted to him under orders of the 13th idem is cancelled

Mr Henry Maxwell Reily, District Superintendent of Police, Mymensing, having returned to duty on the forenoon of the 7th instant, the unexpired portion of the leave granted to him under orders of the 17th June last is cancelled

ERRATUM

The 14th August 1872 —In the orders of the 13th instant, published in the *Calcutta Gazette* of the 14th idem,

For

"Assistant Surgeon John Cardyshaw,"

Read

"Assistant Surgeon John Cardy Shaw"

A MACKENZIE,

Offg Secy to the Govt of Bengal

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭২। ২৭ আগষ্ট।]

আইনের ২০ ধারামতে ক্ষমতা পাইয়াছেন। এই মাসের ২ তারিখের আজ্ঞামতে লেপ্টেনেণ্ট শ্রীযুত ডবলিউ এ হলকম সাহেবের প্রতি তদ্রূপ যে ক্ষমতা অর্পিত হইয়াছিল তাহা রহিত করা গেল।

শ্রীযুত বাবু রামচন্দ্র ধরের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত বাবু শ্যামকিশোর বসু, বি, এল, ময়মনসিংহের অন্তর্গত ঘোষগাঁয়ের মুনসেফের কর্ম্ম করিবেন। শ্রীযুত বাবু রামচন্দ্র চাকি ঘোষগাঁয়ের মুনসেফের কর্ম্ম করিবেন গত মাসের ২৭ তারিখের এই আজ্ঞা রহিত করা গেল।

যশোহরের আডিশ্যনল সবরডিনেট জজ শ্রীযুত বাবু গুরুপ্রসাদ সেন বাকরগঞ্জের আডিশ্যনল সবরডিনেট জজ হইবেন।

শ্রীযুত মৌলবী দবীরুদ্দীন মহম্মদের না পঁহুছন কি অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত বাবু শম্ভুচন্দ্র দে বি, এল, দিনাজপুরের অন্তর্গত ঠাকুরগাঁয়ের মুনসেফের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৭২ সাল ১৪ আগষ্ট।—পাবনার চিকিৎসক ডাক্তর শ্রীযুত এচ, এম, ডেবিস সাহেব দেওয়ানী কার্য্যকারকদের ছুটীবিষয়ক বিধির ১৮ ধারামতে তিন মাস ছুটী পাইয়াছেন।

১৮৭২ সাল ১৬ আগষ্ট।—রঙ্গপুরের পোলীসের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত উলিয়ম বিক্টর বার্টেলসেন সাহেব দেওয়ানী কার্য্যকারকদের ছুটীবিষয়ক বিধির ১৮ ধারামতে তিন মাস ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ১৬ আগষ্ট।—পোলীসের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত হেনরি ডাসন সাহেব দেবগড় হইতে রাজমহালে নিযুক্ত হইবেন এই মাসের ১২ তারিখের এই আজ্ঞা রহিত করা গেল।

১৮৭২ সাল ১৯ আগষ্ট।—দরঙ্গের পোলীসের একটিং ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট লেপ্টেনেণ্ট শ্রীযুত উলিয়ম ফ্রান্সিস ট্রটর সাহেব গত মাসের ১৮ তারিখে আপন কর্ম্মে প্রত্যাগমন করাতে ঐ মাসের ১৩ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত করা গেল।

ময়মনসিংহের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত হেনরি মাক্সওয়েল রাইলী সাহেব এই মাসের ৭ তারিখের পূর্ব্বাহ্ণে আপন কর্ম্মে প্রত্যাগমন করাতে গত জুন মাসের ১৭ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত করা গেল।

অশুদ্ধশোধন।

১৮৭২ সাল ১৪ আগষ্ট।—এই মাসের ১৩ তারিখের যে আজ্ঞা ২০ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তন্মধ্যে,

"আসিষ্টাণ্ট সরজন শ্রীযুত জান কার্ডিশা সাহেব" এই নামের পরিবর্ত্তে,

আসিষ্টাণ্ট সরজন শ্রীযুত জান কার্ডি শা সাহেব এই নাম পাঠ করিতে হইবে।

এ, মাকেঞ্জি,

বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

NOTIFICATION

The 19th August 1872.—It is hereby notified for general information that the introduction of the new Code of Criminal Procedure, which was to have come into operation on the 1st September next, has been postponed till the 1st January 1873, by an Act recently passed by the Council of the Governor-General for making Laws and Regulations.

A. MACKENZIE,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION

The 19th August 1872.—With reference to the Notification of 16th September 1864, at page 1827 of the *Calcutta Gazette* for 12th October 1864, extending Act XX of 1856 to the Town of Rughonathpore, now in the district of Manbhum, it is hereby notified that the boundaries of the town for the purposes of that Act shall be as declared below, and shall include the contiguous hamlet of Nundooarah.

1*st.*—On the North.—The Utta river.

2*nd.*—On the East.—The Bhootmorjor.

3*rd.*—On the South.—A straight line drawn from the Bhootmorjor through Pundit Bagan to the hill called Jugew pahar, and thence skirting the base of the hills to Alkoosha pahar and Sulu paharee.

4*th.*—On the West.—A line drawn from Sulu paharee to Gyeghatee jor and continuing along the jor until the northern boundary is reached.

A. MACKENZIE,
Offg. Secy. to the Govt. of Bengal.

[Third Publication.]

DECLARATION

The 5th August 1872.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is needed to be taken up by Government at the public expense for a public purpose, viz. for a site for excavating a tank, the earth from which will be utilized in filling up and improving an adjoining swamp the property of the Municipality, it is hereby declared that, for the above purpose, a parcel of land is required, measuring about 5 beegahs 10 cottahs more or less, situated in Mohulla Hafeezoolarber within the municipal limits of the town of Burdwan, and bounded as follows:—

North by the Katcharee latrine building, and Culna Road,

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ১৯ আগস্ট।—ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের যে নূতন আইন আগামি সেপ্টেম্বর মাসের ১লা তারিখ অবধি প্রচলিত হইতে তাহা আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল সাহেবের মন্ত্রিসভার প্রচারিত আইনদ্বারা ১৮৭৩ সালের জানুয়ারি মাসের ১লা তারিখ পর্য্যন্ত স্থগিত হইয়াছে, সাধারণের জ্ঞাপনার্থে ইহা প্রকাশ করা গেল।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ১৯ আগস্ট।—এইক্ষণে মানভূম জিলার অন্তর্গত রঘুনাথপুর নগরে ১৮৫৬ সালের ২০ আইন প্রচলিত করণার্থ ১৮৬৪ সালের সেপ্টেম্বর মাসের ১৬ তারিখের যে বিজ্ঞাপন ঐ সালের অক্টোবর মাসের ১৮ তারিখের বাঙ্গলা গেজেটের ১০২৯ পৃষ্ঠায় প্রকাশ হয় তদুপলক্ষে ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে উক্ত আইনের অভিপ্রায় সফল করণার্থে উক্ত নগরের নিম্ন লিখিত সীমা হইবে। ও নন্দুয়ারার নিকটবর্ত্তী পল্লী তন্মধ্যে ধরা যাইবে।

১ম।—উত্তর সীমা।—উত্তা নদী।

২য়।—পূর্ব্ব সীমা।—ভুটমোরজোর।

৩য়।—দক্ষিণ সীমা।—ভুটমোরজোরহইতে পণ্ডিত বাগানের মধ্যে দিয়া জগু পাহাড় নামে খ্যাত পর্ব্বত পর্য্যন্ত ও তথাহইতে পর্ব্বতের গোড়ার ধারেং আলকুশা পাহাড় ও স্লু পাহাড়ী পর্য্যন্ত যে সরল রেখা টানা যায় তাহা।

৪র্থ।—পশ্চিম সীমা।—স্লু পাহাড়ীহইতে গাইঘাটীজোর ও ঐ জোরের সঙ্গেং গিয়া উত্তর সীমার যে স্থানে মিলে সেই স্থান পর্য্যন্ত যে রেখা টানা যায় তাহা।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

[তৃতীয়বার প্রকাশিত।]

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ৫ আগস্ট।—বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব অবগত হইয়াছেন যে রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ পুষ্করিণী খনন করিবার ও সেই মাটী লইয়া নিকটস্থ মুনিসিপালিটীর জলাভূমি পূরাইবার ও তাহার সৌষ্ঠব করিবার নিমিত্তে রাজস্বের অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, অতএব সংবাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে বর্দ্ধমান নগরের মুনিসিপালিটির সীমার অন্তর্গত হাফিজউল্লার বেড মহল্লায় স্থিত ন্যূনাধিক ৫।১০ কাঠা পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির সীমা এইং,—

উত্তর সীমা কাছারীর পাইখানাবাটী ও কাল্নার যাইবার পথ।

South by the Cemetery Road,
East by paddy lands in the occupancy of Koylash Doobee,
And West by low lands belonging to Government
This Declaration is made, under the provisions of Section 6, Act X of 1870, to all whom it may concern.

A MACKENZIE,
Offg Secy to the Govt of Bengal

দক্ষিণ সীমা সমাধি স্থানে যাইবার পথ।
পূর্ব্ব সীমা কৈলাস ডুবির দখলের ভূমি।
ও পশ্চিম সীমা গবর্ণমেণ্টের নিম্নভূমি।
উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

[Second Publication]

NOTIFICATION

The 6th August 1872 —In continuation of the Notification dated the 14th October 1871, published at page 1911 of the *Calcutta Gazette* of the 1st November 1871, authorizing the extension of the provisions of Act XXII of 1869 to the Naga Hills, the Lieutenant-Governor is pleased, under Section 5 of the same Act, to issue the following detailed rules for the administration of civil and criminal justice and police in the said district, which will henceforth be called the "Naga Hills Agency" —

[দ্বিতীয় বার প্রকাশিত।]

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ৬ আগষ্ট।—১৮৬৯ সালের ২২ আইনের বিধান নাগা পর্ব্বত প্রদেশে প্রচলিত করা যায় ১৮৭১ সালের ১৪ই অক্টোবরের এই মর্ম্মের যে জ্ঞাপনপত্র ১৮৭১ সালের নবেম্বর মাসের ৭ তারিখের বাঙ্গালা গেজেটের ১৫৪৬ পৃষ্ঠায় প্রকাশ করা গেল, তদবলম্বনে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ঐ আইনের ৫ ধারামতে ঐ প্রদেশের দেওয়ানী ও ফৌজদারী ও পোলীসসংক্রান্ত কার্য্য নির্ব্বাহ হইবার নিম্নলিখিত বিস্তারিত বিধি প্রচার করিতেছেন। উক্ত প্রদেশ এই অবধি "নাগা পর্ব্বতের এজেন্সি বলিয়া খ্যাত হইবে।

Rules for the Administration of Justice and Police in the Naga Hills Agency

নাগা পর্ব্বতের এজেন্সির বিচার ও পোলীস সংক্রান্ত কার্য্য নির্ব্বাহার্থ বিধি।

I —GENERAL

1 THE administration of the country known as the Naga Hills is vested in the Commissioner of Assam, the Political Agent and his Assistant, the Mouzadars, Gaonburahs, Peumahs,* and Houshas† or head men of khels, or such other classes of officers as the Hon'ble the Lieutenant-Governor of Bengal may see fit from time to time to appoint in that behalf, subject to the exceptions, restrictions, and rules hereinafter recorded

2 These rules shall, however, be held to be in force only in those villages and communities which are under the direct administrative control of the Political Agent

II —POLICE

3 The police of the Naga Hills shall consist of—

(*a*)—Regular police subject to Act V of 1861

(*b*)—Rural police, consisting of Mouzadars, Gaonburahs, Peumahs, Houshas, and other village authorities recognized as such by the Political Agent, with their subordinate village authorities

4 The control of the police of the Naga Hills is vested in the Political Agent acting

১—সাধারণ বিধি।

১। নাগা পর্ব্বত নামে যে প্রদেশ খ্যাত আছে তাহার কর্তৃত্ব কার্য্য নির্ব্বাহ করিবার ভার আসামের কমিশ্যনর সাহেবের ও পলিটিকল এজেণ্টের ও তাঁহার সহকারি কর্ম্মকারকের ও মৌজাদারদের ও গাওবুড়দের ও পেওমাদের * ও হৌশাদের † কি খেলের সরদারদের প্রতি কিম্বা বঙ্গদেশের মান্যবর শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব তৎপক্ষে সময়ে২ অন্য যে২ শ্রেণীর কর্ম্মকারকদিগকে নিযুক্ত করা উচিত জ্ঞান করেন তাঁহারদের প্রতি অর্পিত হইবে; কিন্তু ইহার পশ্চাৎ ভাগে যে কথা বর্জিত ও নিষিদ্ধ হইল ও যে বিধি লেখা গেল তাহা প্রবল মানিতে হইবে।

২। যে২ গ্রাম ও প্রজাবর্গ পলিটিকল এজেণ্ট সাহেবের নিজ শাসনাধীন থাকে, নিম্নলিখিত বিধি কেবল তাহার প্রতি খাটিবে।

২ - পোলীসের বিধি।

৩। নিম্নলিখিত ব্যক্তিদিগকে লইয়া নাগা পর্ব্বতের পোলীস হইবে।

(ক) নিয়মিত পোলীস। এই পোলীস ১৮৬১ সালের ৫ আইনের অধীন থাকিবে।

(খ) গ্রাম্য পোলীস। মৌজাদার ও গাওবুড় ও পেওমা ও হৌশাদিগকে লইয়া এবং পলিটিকল এজেণ্ট সাহেব গ্রামীয় অন্য যে কর্তৃপক্ষদিগকে কর্তৃপক্ষ বলিয়া স্বীকার করেন তাঁহাদিগকে ও তাঁহাদের অধীন গ্রামীয় কার্য্যকারকদিগকে লইয়া ঐ পোলীস হইবে।

৪। আসামের কমিশ্যনর সাহেবের আজ্ঞাধীন কর্ম্মকারি পলিটিকল এজেণ্ট সাহেবের প্রতি কিম্বা বঙ্গ-

---

* Naga Chief
† Kooki Chief

* নাগাদের সরদার।
† কুকিদের সরদার।

under the orders of the Commissioner of Assam, or such other officers as the Hon'ble the Lieutenant-Governor of Bengal may from time to time appoint Misconduct on the part of regular police shall be punished in accordance with Act V of 1861 and the Penal Code, or any special law which may be extended to the Naga Hills hereafter Misconduct on the part of the rural police is punishable by fine, which may extend to Rs 500, or by imprisonment to an extent which would be awardable under the Penal Code for a like offence Imprisonment may be awarded in lieu of fine, but only by the Political Agent or other officer duly authorized

5 An appeal lies from all orders of Mouzadars, Gaonburahs, Peumahs, and Houshas, and other chief village authorities in police matters to the Political Agent, whose orders are final But the Commissioner may call for the proceedings and modify or reverse any order should he think fit.

6 The ordinary rules of the Bengal Police shall, as far as they are applicable, be observed by the regular police, and all returns in matters of accounts, and all registers required to be kept by the Bengal Police, as far as they are applicable, shall be made and kept up

The Commissioner shall exercise the powers of an Inspector-General of Police as defined by section 3, Act VII (B C) of 1869

7 The regular police shall only act when required to do so by general or by special order of the Commissioner, Political Agent, or other officer duly authorized, who may assign to the force any portion of the duties of police under Act V of 1861 in any locality.

8 The ordinary duties of police shall be discharged by the Mouzadars, Gaonburahs, Peumahs, Houshas, or head men of khels or villages, and other village authorities They shall arrest all criminals and repress all disorders within their respective jurisdictions

9 It is the duty of the Mouzadars, Gaonburahs, Peumahs, Houshas, or other chief village authorities, to report to the Political Agent all crimes, violent deaths, or serious accidents occurring in their districts, and all occurrences, whether within or beyond their jurisdiction, which may come to their knowledge likely to affect the public peace, at the earliest possible

দেশের মান্যবর শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব সময়ান্তরে অন্য যে কার্য্যকারকদিগকে নিযুক্ত করেন তাঁহারদের প্রতি নাগা পর্ব্বতের পোলীসের কর্ত্তৃত্ব কার্য্যের ভার অর্পিত হইবে। নিয়মিত পোলীসের কোন ব্যক্তি অত্যাচার করিলে ১৮৬১ সালের ৫ আইন ও দণ্ডবিধির আইনমতে, কিম্বা ইতঃপরে নাগা পর্ব্বতে বিশেষ অন্য যে আইন প্রচলিত করা যায় তদনুসারে তাহার দণ্ড হইবে। গ্রামীয পোলীসের অত্যাচার হইলে ৫০০ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে কিম্বা দণ্ডবিধির আইনমতে সেই অপরাধ হেতুক যত কাল কারাদণ্ড হইতে পারে তত কাল কারাদণ্ড হইবে। অর্থদণ্ডের পরিবর্ত্তে কারাদণ্ডের আজ্ঞা হইতে পারিবে কিন্তু কেবল পলিটিকল এজেন্ট সাহেব কিম্বা নিয়মমতে ক্ষমতাপন্ন অন্য কার্য্যকারক সেই আজ্ঞা করিতে পারিবেন।

৫। পোলীসসংক্রান্ত বিষয়ে মৌজাদারেরা ও গাওবুড়রা ও পেওমারা ও হৌশারা ও গ্রামের অন্য প্রধান কর্ত্তৃপক্ষেরা যে আজ্ঞা করেন তাহার উপর পলিটিকল এজেণ্ট সাহেবের নিকট আপীল হইতে পারিবে ও তাঁহার আজ্ঞা চূড়ান্ত হইবে। কিন্তু কমিশানর সাহেব উচিত বোধ করিলে মোকদ্দমার কোন কাগজপত্র আনাইয়া কোন আজ্ঞা মতান্তর কি অসিদ্ধ করিতে পারিবেন।

৬। বেঙ্গাল পোলীসের সাধারণ বিধি যত দূর খাটিতে পারে নিয়মিত পোলীস তত দূর সেই বিধি মানিয়া কর্ম্ম করিবে। এবং বেঙ্গাল পোলীসের যে হিসাবের রিটর্ণ দিবার ও যে সকল রেজিষ্টর রাখিবার আজ্ঞা হয তাহা যত দূর খাটিতে পারে তত দূর দিতে ও রাখিতে হইবে।

১৮৬৯ সালের বঙ্গীয ৭ আইনের ৩ ধারায পোলীসের ইনস্পেকটর জেনরল সাহেবের যে সকল ক্ষমতা নির্দ্দিষ্ট হইয়াছে, কমিশানর সাহেব সেই২ ক্ষমতামতে কার্য্য করিবেন।

৭। কমিশানর সাহেবের কিম্বা পলিটিকল এজেন্ট সাহেবের কিম্বা নিযমমতে ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারকের সাধারণ কি বিশেষ আজ্ঞাক্রমে নিয়মিত পোলীসের প্রতি কোন কার্য্য করিতে আজ্ঞা হইলে তাহারা কার্য্য করিবে নতুবা নয়। ১৮৬১ সালের ৫ আইনমতে পোলীসের যে কর্ম্ম করা কর্ত্তব্য তাঁহারা কোন স্থানে উক্ত পোলীসদলের প্রতি সেই কর্ম্মের কোন অংশ অর্পণ করিতে পারিবেন।

৮। মৌজাদারেরা ও গাওবুড়রা ও পেওমারা ও হৌশারা কিম্বা খেলের কি গ্রামের সরদারেরা ও গ্রামের অন্য কর্ত্তৃপক্ষেরা পোলীসের চলিত কার্য্য চালাইবেন। তাঁহারা আপনার এলাকার অন্তর্গত সকল অপরাধিকে ধরিবেন এবং অনিয়মিত সকল ক্রিয়া নিবারণ করিবেন।

৯। মৌজাদারেরা ও গাঁওবুড়রা ও পেওমারা ও হৌশারা ও গ্রামের অন্যান্য প্রধান কর্ত্তৃপক্ষেরা আপন২ পাল্লাতে কোন অপরাধ বা অপঘাত মৃত্যু বা গুরুতর দুর্ঘটনা বা যাহাতে সাধারণের শান্তিভঙ্গ হইবার সম্ভাবনা এমত কোন দুর্ঘটনা আপন২ এলাকার মধ্যগত কোন স্থানে কিম্বা তাহার বাহিরে ঘটিয়াছে জানিতে পাইলে সাধ্যমতে দ্রুত পলিটিকল এজেন্ট সাহেবের নিকট রিপোর্ট করিবেন, এবং যে

[*Government Gazette*, 27*th August* 1872]

moment, and deliver up offenders as soon as may be to the officers authorized to try them

10 The Mouzadars, Gaonburahs, Peumahs, Houshas, and village authorities, shall watch, report, and, under the orders of the Political Agent, apprehend and deliver up all vagrants or bad and suspicious characters found in their jurisdictions

11 On the occurrence of any heinous* crime in his district, any village officer who may be by custom or appointment charged with the duty of arresting criminals shall at once apprehend the offender if able, and in any case at once report to the Mouzadar, Gaonburah, Peumah, or Housha, who, if the offender has not been apprehended, will proceed without delay to the place where the crime occurred and inquire into the matter If a crime beyond his cognizance has been committed, he will immediately report it to the Political Agent or other duly authorized officer, whether the offender has been apprehended or not

12 Mouzadars, Gaonburahs, Peumahs, Houshas, and all other village authorities, may pursue with hue and cry an offender fleeing beyond their jurisdiction (but not into the possessions of independent Naga tribes) and arrest him, but ordinarily no Mouzadar, Gaonburah, Peumah, Housha, or village authority, shall attempt to arrest an offender beyond his own jurisdiction without the cognizance and co operation of the Mouzadar, Gaonburah, Peumah, Housha, or chief village authority of the jurisdiction to which the offender has fled When an offender is traced from one jurisdiction to another, it will be sufficient to point him out to the Mouzadar, Gaonburah, Peumah, Housha, or other competent authority of the village to which the offender has fled, and request him to make the arrest

13 When the Mouzadar, Gaonburah, Peumah, Housha, or other chief village authorities, feel unable to arrest an offender, they must apply to the Political Agent or any officer duly authorized to grant them the aid of the regular police

* *Heinous Crimes*

Rebellion	Rape
Riot	Theft
Counterfeiting coin or passing counterfeit coin	Robbery
	Dacoity
	Cattle-stealing
Murder	Arson
Wounding to the injury of life or limb	House breaking
	Forgery

কর্ম্মকারক সেইমত অপরাধি ব্যক্তিদের বিচার করিতে ক্ষমতা প্রাপ্ত হন সেই কর্ম্মকারকের নিকট ঐ অপরাধিদিগাকে সাধ্যমতে ত্বরায় চালান দিবেন।

১০। মৌজাদারেরা ও গাঁওবুড়রা ও পেওমারা ও হৌশারা ও গ্রামের অন্যান্য কর্ত্তৃপক্ষেরা আপনং এলাকার মধ্যে কোন ভ্রমণকারি কিম্বা মন্দ ও সন্দিগ্ধ চরিত্রের লোকদিগকে দেখিতে পাইলে তাহাদের প্রতি দৃষ্টি রাখিয়া রিপোর্ট করিবেন এবং অত্যাবশ্যক হইলে তাহাদিগকে ধরিয়া চালান দিবেন।

১১। অপরাধিকে ধরিয়া দেওয়া রীতিমতে গ্রামের কোন কার্য্যকারকের প্রতি বর্ত্তিলে কিম্বা তিনি সেই কর্ম্মে নিযুক্ত হইলে, যদি তাঁহার পল্লির মধ্যে কোন গুরুতর* অপরাধ হইয়া থাকে তবে তিনি পারিলে তৎক্ষণাৎ অপরাধিকে ধরিয়া দিবেন। ও যে গতিকেই হউক অগৌণে মৌজাদারের কি গাঁওবুড়র কি পেওমার কি হৌশার নিকট সেই কথার রিপোর্ট করিবেন। অপরাধিকে ধরা না গেলে ঐ মৌজাদার প্রভৃতি রিপোর্ট পাইলেই যে স্থানে অপরাধ করা গেল অবিলম্বে সেই স্থানে গিয়া ঐ বিষয়ের তদন্ত লইবেন। ঐ অপরাধ তাঁহার বিচারের ক্ষমতার বহির্ভূত হইলে অপরাধিকে ধরা যাউক কি না যাউক তিনি অগৌণে পলিটিকল এজেন্টের কিম্বা নিয়মমতে ক্ষমতাপন্ন অন্য কার্য্যকারকের নিকট সেই বিষয়ের রিপোর্ট করিবেন।

১২। কোন অপরাধী মৌজাদারদের কি গাঁওবুড়দের কি পেওমাদের কি হৌশাদের কি গ্রামের অন্য কর্ত্তৃপক্ষের এলাকার বহির্ভূত স্বাধীন নাগা জাতিদের অধিকার ছাড়া অন্য কোন স্থানে পলাইয়া গেলে তাঁহারা শোরশার করিয়া তাহার পশ্চাৎং ধাবমান হইয়া ধরিয়া আটক করিয়া রাখিতে পারিবেন। কিন্তু অপরাধী পলায়ন করিয়া যে গ্রামে যায় সামান্যতঃ সেই গ্রামের মৌজাদার কি গাঁওবুড় কি পেওমা কি হৌশাকে কিম্বা গ্রামের প্রধান কর্ত্তৃপক্ষকে না জানাইয়া এবং তাঁহার সাহায্য না পাইয়া আপন এলাকার বহির্ভূত সেই গ্রামে অপরাধিকে ধরিতে চেষ্টা করিবেন না। এক গ্রামহইতে অন্য গ্রামে অপরাধির যাইবার সন্ধান পাওয়া গেলে যে গ্রামে গিয়াছে অপরাধিকে সেই গ্রামের মৌজাদার কি গাঁওবুড় কি পেওমা কি হৌশাকে কিম্বা উপযুক্ত ক্ষমতাপন্ন অন্য কর্ত্তৃপক্ষকে দেখাইয়া দিয়া তাহার প্রতি ধরিবার আদেশ করিলেই কার্য্য চলিবে।

১৩। মৌজাদারেরা কি গাঁওবুড়রা কি পেওমারা কি হৌশারা কিম্বা গ্রামের প্রধান অন্য কর্ত্তৃপক্ষেরা অপরাধিকে ধরিতে পারিবে না জানিলে, নিয়মিত পোলীসের সাহায্য পাইবার নিমিত্ত পলিটিকল এজেণ্টের নিকট কিম্বা নিয়মমতে ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারকের নিকট তাঁহাদের প্রার্থনা করিতে হইবে।

* গুরুতর অপরাধ এইং

রাজদ্রোহ।	বলাৎকার।
হঙ্গামা।	চৌর্য্য।
মুদ্রা কৃত্রিম করণ কি কৃত্রিম মুদ্রা চালাওন।	দস্যুতা।
	ডাকাইতী।
বধ।	গো মেষাদি চুরি করণ।
প্রাণের কি অঙ্গের হানিজনকরূপে আঘাত করণ।	গৃহ দাহ।
	গৃহে অনধিকার প্রবেশ।
	জাল করণ।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭২। ২৭ আগস্ট।]

14 The Mouzadars, Gaonburahs, Peumahs, and Houshas, or other chief village authorities, are empowered to arrest or cause to be arrested, and to fine all drunkards and other disorderly persons found brawling out of their houses, and all persons found gambling, the fine not to exceed that awardable under their powers in criminal matters as hereinafter defined

15 All the inhabitants of the Naga Hills who are under the administrative control of the Political Agent are bound to aid the regular police and village authorities when required to do so for the maintenance of order or the apprehension of offenders Any person failing to do so is liable to fine, the fine to be adjudged by the Mouzadar, Gaonburah, Peumah, or Housha, or other chief village authority to the extent he is empowered to award in criminal cases, or by the Political Agent if fine beyond the amount those officers are authorized to impose is considered necessary When the particular persons blameable for failure to aid in any community cannot be ascertained, the Mouzadar, Gaonburah, Peumah, Housha, or chief village authority, shall be considered responsible, and if it appears that the community is to blame, and that particular offenders cannot be discovered, a fine may be imposed upon the community, but by the Political Agent only

III.—Criminal Justice

16 Criminal justice shall be ordinarily administered by the Political Agent, his Assistant, and by the Mouzadars Gaonburahs, Peumahs, Houshas, or other chief village authorities of the different communities

17 The Political Agent shall be competent to pass sentence of death or imprisonment for a term unlimited, or of fine up to any amount Provided that no sentence of death shall be carried into effect without the concurrence of the Commissioner and the sanction of the Lieutenant-Governor, to whom the proceedings shall be submitted by the Commissioner if he concur in the sentence, and no sentence of imprisonment for a term of seven years or upwards shall be carried into effect without the approval of the Commissioner, and provided further that fine shall in no case exceed the value of the offender's existing property The Commissioner may enhance any sentence passed by his subordinates, but no offence shall be punished by a sentence exceeding that awardable under the provisions of the Indian Penal Code The assistant to the

১৪। মাতাল ও অনিয়মতাচারী কোন লোক আপন ঘরের বাহিরে গোলমাল করিলে ও কোন লোককে জুয়া খেলিতে দেখা গেলে মৌজাদারেরা ও গাঁওবুড়রা ও পেওমারা ও হৌশারা ও গ্রামের অন্য প্রধান কর্ত্তৃপক্ষেরা তাহাদিগকে ধরিয়া কি ধরাইয়া জরিমানা করিতে পারিবেন। ইহার পশ্চাদ্ভাগে ফৌজদারী ব্যাপারে তাঁহারদের যে ক্ষমতা নির্দ্দিষ্ট করা গেল তদনুসারে তাঁহারা যত টাকা জরীমানা করিতে পারেন উক্ত ব্যক্তিদের তদধিক জরীমানা করিবেন না।

১৫। সুনিয়ম পালন করিবার কিম্বা অপরাধিদিগকে ধরিয়া দিবার নিমিত্তে নাগা পর্ব্বতবাসি যত লোক পলিটিকল এজেণ্টের শাসনাধীন আছে তাহাদের প্রতি সাহায্য করিবার আদেশ হইলে তাহারদিগকে নিয়মিত পোলীসের ও গ্রামের কর্ত্তৃপক্ষদের সাহায্য করিতেই হইবে। কোন ব্যক্তি সাহায্য না করিলে তাহার অর্থদণ্ড হইতে পারিবে। ঐ মৌজাদার কি গাঁওবুড কি পেওমা কি হৌশা কি গ্রামের অন্য প্রধান কর্ত্তৃপক্ষ ফৌজদারী মোকদ্দমায় যত টাকা জরীমানা করিতে পারেন ঐ ব্যক্তির তত টাকা জরীমানার আজ্ঞা করিতে পারিবেন। কিন্তু গ্রামের কর্ত্তৃপক্ষেরা যত টাকা জরীমানা করিতে পারেন ঐ ব্যক্তির তদধিক জরীমানা করা আবশ্যক বোধ হইলে পলিটিকল এজেণ্ট সাহেব তাহার জরীমানা করিবেন। সাহায্য না করাতে কোন গ্রামাদির কোন্২ ব্যক্তির প্রতি দোষ বর্ত্তে ইহা স্থির করিতে না পারা গেলে মৌজাদার কি গাঁওবুড কি পেওমা কি হৌশা কি গ্রামের প্রধান কর্ত্তৃপক্ষ নিজে দায়ী হইবেন। ও গ্রামাদির লোকদের প্রতি ঐ দোষ বর্ত্তিলে কিন্তু দোষি বিশেষ ব্যক্তি স্থির করা যাইতে না পারিলে ঐ গ্রামাদির সমুদয় লোকের জরীমানা হইতে পারিবে কিন্তু কেবল পলিটিকল এজেণ্ট সাহেব ঐ জরীমানা করিতে পারিবেন।

৩।—ফৌজদারী মোকদ্দমার বিচারের বিধি।

১৬। ফৌজদারী মোকদ্দমার বিচার কার্য্য সামান্যতঃ পলিটিকল এজেণ্টের কিম্বা তাহার আসিষ্টাণ্টের দ্বারা এবং ভিন্ন২ গ্রামাদির মৌজাদার ও গাঁওবুড ও পেওমা ও হৌশার ও গ্রামের অন্য প্রধান২ কর্ত্তৃপক্ষের দ্বারা নির্ব্বাহ করা যাইবে।

১৭। পলিটিকল এজেণ্ট সাহেব প্রাণদণ্ডের আজ্ঞা কিম্বা যত কাল হউক তত কাল কারাদণ্ডের ও যত টাকার হউক তত টাকা অর্থদণ্ডের আজ্ঞা করিতে পারিবেন। কিন্তু প্রাণদণ্ডের আজ্ঞা হইলে কমিশ্যনর সাহেবের সম্মতি ও শ্রীযুত লেপ্টনেণ্ট গবরনর সাহেবের অনুমতি বিনা ঐ প্রাণদণ্ডের আজ্ঞামতে কার্য্য সাধন করা যাইবে না। কমিশ্যনর সাহেব সম্মত হইলে মোকদ্দমার কাগজপত্র শ্রীযুত লেপ্টনেণ্ট গবরর্ণর সাহেবের নিকট পাঠাইবেন। ও সাত বৎসর কি তাহার অধিক কাল কারাদণ্ডের আজ্ঞা হইলে, কমিশ্যনর সাহেবের সম্মতি বিনা সাধন হইবে না এবং অপরাধির তাৎকালীক সম্পত্তির মূল্যের অধিক অর্থদণ্ড হইবে না। অধীন কার্য্যকারকেরা যে দণ্ডের আজ্ঞা করেন কমিশ্যনর সাহেব তাহা বৃদ্ধি করিতে পারিবেন। কিন্তু ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনে যে অপরাধের যে দণ্ড নিরূপণ হইয়াছে তাহার অধিক দণ্ডের আজ্ঞা করিয়া সেই অপরাধের দণ্ড হইবে না। ১৮৭২ সালের ১০ আইনে প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের যে ক্ষমতা নির্দ্দিষ্ট হইল

Political Agent shall exercise such powers as he may be invested with by the Commissioner not exceeding those of a Magistrate of the first class as defined in Act X of 1872

18 Any Mouzadar, Gaonburah, Peumah, or Housha, or other chief village authority, may be empowered by the Political Agent to dispose of cases of persons charged with any of the following offences —

Injury to property not exceeding Rs 50
Injury to person not endangering life or limb
House trespass
Affronts of whatever kind

They may impose a fine for any offence they are competent to try to the extent of Rs 50 They may award restitution or compensation to the extent of the injury sustained, and enforce it by distraint of the property of the offender In cases in which the fine is not paid or realised either in whole or in part, they shall represent the facts and send in the offender to the Political Agent, who may re-try the case and impose such other punishment as he is competent to inflict All Mouzadars, Gaonburahs, Peumahs, Houshas, or other chief village authorities who may be empowered as above, shall receive a sunnud of recognition under the signature of the Political Agent

19 Mouzadars, Gaonburahs, Peumahs, and Houshas, or other duly recognized village authorities, may carry out their decision, or order attachment of property, as soon as judgment is pronounced, but in no case is property so attached to be sold, if the party convicted claim to appeal within eight days, without the orders of the Political Agent

(*a*)—Mouzadars, Gaonburahs, Peumahs, or Houshas, or other duly recognized village authorities, may not decide in cases where their father, mother, son, daughter, wife, or the children husbands, or wives, of any of these are concerned, or

(*b*)—When the defendant is not a native of the Naga Hills, or is not resident within their jurisdiction, or

(*c*)—When the offence is one against the State, or has caused death or danger of life, or amounts to robbery, or concerns counterfeiting of coin or the making of fraudulent documents, or the like

কমিশ্যনর সাহেব পলিটিক্যল এজেন্টের আসিষ্টান্ট সাহেবের প্রতি তাহার অনধিক যে ক্ষমতা অর্পণ করেন সেই ক্ষমতামতে কার্য্য করিবেন।

১৮। কোন ব্যক্তির নামে নিম্ন লিখিত অপরাধের অভিযোগ হইলে পলিটিকল এজেন্ট সাহেব কোন মৌজাদার কি গাঁওবুড় কি পেঙমা কি হৌশাকে কিম্বা গ্রামের অন্য প্রধান কর্ত্তৃপক্ষকে সেই অপরাধের মোকদ্দমা নিষ্পত্তি করিবার ক্ষমতা প্রদান করিতে পারিবেন।

৫০ টাকার অনধিক মূল্যের সম্পত্তির হানি করণ।
প্রাণের কি অঙ্গের হানি করণভিন্ন ব্যক্তির হানি করণ।
গৃহে অনধিকার প্রবেশ করণ।
কোন প্রকারে অপমান করণ।

তাঁহারা যে অপরাধের বিচার করিতে ক্ষমতাপন্ন হন তাহার ৫০ টাকা পর্য্যন্ত জরীমানার আজ্ঞা করিতে পারিবেন। কোন ব্যক্তির যত টাকা হানি হইল তাহাকে তত টাকা দিবার কিম্বা তত টাকা পর্য্যন্ত তাহার হানিপূরণ করিবার আজ্ঞা দিতে পারিবেন এবং অপরাধির সম্পত্তি ক্রোক করিয়া ঐ আজ্ঞা প্রবল করাইতে পারিবেন। জরীমানার টাকা না দেওয়া গেলে কিম্বা সমুদয় টাকা কি তাঁহার একাংশ আদায় করা গেলে তাঁহারা সেই কথা জানাইয়া অপরাধিকে পলিটিকল এজেন্ট সাহেবের নিকটে পাঠাইবেন। উক্ত সাহেব সেই মোকদ্দমার পুনর্ব্বিচার করিয়া অন্য যে দণ্ডের আজ্ঞা করিতে সক্ষম হন করিতে পারিবেন। যে মৌজাদার কি গাঁওবুড় কি পেঙমা কি হৌশাকে কিম্বা গ্রামের প্রধান অন্য যে কর্ত্তৃপক্ষকে পূর্ব্বোক্ত ক্ষমতা দেওয়া যায়, তাঁহারদিগকে ঐ ক্ষমতা স্বীকার করণ সূচক সনদ পলিটিকল এজেন্ট সাহেবের দ্বারা স্বাক্ষরিত হইয়া দেওয়া যাইবে।

১৯। মৌজাদারেরা কি গাঁওবুড়রা কি পেঙমারা ও হৌশারা কিম্বা নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষগণ নিষ্পত্তি প্রকাশ করিলেই ঐ নিষ্পত্তি মতে কার্য্য করাইতে কিম্বা সম্পত্তি ক্রোক করিবার আজ্ঞা দিতে পারিবেন। কিন্তু যে ব্যক্তির অপরাধ নির্ণয় হয় সে আট দিনের মধ্যে আপীল করিতে দাওয়া করিলে পলিটিকল এজেন্ট সাহেবের অনুমতি না হইলে তাঁহার উক্ত প্রকারের ক্রোক করা সম্পত্তি বিক্রয় করা যাইবে না।

(ক) কোন মৌজাদারের কি গাঁওবুড়র কি পেঙমার কি হৌশার কিম্বা গ্রামের নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষের পিতা কি মাতা কি পুত্র কি কন্যা কি স্ত্রী কিম্বা তাহাদের সন্তান কি স্বামী কি স্ত্রী যে মোকদ্দমায় লিপ্ত থাকেন তিনি সেই মোকদ্দমার বিচার করিবেন না। কিম্বা

(খ) প্রতিবাদী নাগা পর্ব্বতীয় লোক না হইলে ও সেই মৌজাদার প্রভৃতির এলাকার মধ্যে বাস না করিলে, কিম্বা

(গ) রাজবিদ্রোহ কি অন্যের মৃত্যুজনক কি প্রাণের আশঙ্কা জনক অপরাধ কিম্বা দস্যুতার তুল্য অপরাধ হইলে কিম্বা মুদ্রা কৃত্রিম করণ কি প্রতারণা ভাবে দলীল প্রস্তুত করণ প্রভৃতি কার্য্য সম্পর্কীয় অপরাধ হইলে, ঐ মৌজাদার প্রভৃতি তাহার বিচার করিবেন না।

20 The Mouzadars, Gaonburahs, Peumahs, and Houshas, or other duly recognized village authorities, shall not decide any cases save in open durbar, in presence of at least three witnesses and the complainant and accused, whose attendance they are empowered to compel. Either party may appeal from the decision at the time decision is pronounced, or within eight days thereof to the Political Agent or his Assistant, in which case the Mouzadar, Gaonburah, Peumah, or Housha, or other duly recognized authority, will take the parties or cause them to be sent before the Political Agent or his Assistant, with one of the persons required to attend as a court witness The case shall then be tried *de novo*

২০। খোলা দরবারে ন্যূন কল্পে তিন জন সাক্ষী এবং বাদী ও প্রতিবাদী উপস্থিত না থাকিলে মৌজাদারেরা কি গাঁওবুড়রা কি পেওমারা কি হৌশারা কিম্বা গ্রামের নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষেরা কোন মোকদ্দমার নিষ্পত্তি করিবেন না। তাঁহারা ঐ সাক্ষিদিগকে ও বাদী ও প্রতিবাদিকে বল পূর্ব্বক উপস্থিত করাইতে পারিবেন। যে সময়ে নিষ্পত্তি প্রকাশ করা যায় সেই সময়ে কিম্বা তাহার পর আট দিনের মধ্যে অন্যতর পক্ষ পলিটিকল এজেণ্ট সাহেবের কিম্বা তাঁহার আসিষ্টাণ্টের নিকট আপীল করিতে পারিবেন। তাহা হইলে মৌজাদার কি গাঁওবুড় কি পেওমা কি হৌশা কিম্বা নিয়মতরূপে স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষ সেই উভয় পক্ষকে ও যাহারদিগকে উপস্থিত হইবার আজ্ঞা হইয়াছিল আদালতের সাক্ষিস্বরূপ তদ্রূপ অন্যতর ব্যক্তিকে লইয়া পলিটিকল এজেণ্ট সাহেবের কিম্বা তাঁহার আসিষ্টাণ্টের নিকটে যাইবেন কিম্বা তাহারদিগকে পাঠাইবেন। তাহা হইলে প্রথমাবধি মোকদ্দমার পুনর্ব্বিচার হইবে।

21 An appeal lies to the Political Agent from the decisions of his Assistant if preferred within sixteen days

২১। আসিষ্টাণ্ট সাহেব যে আজ্ঞা করেন তাহার উপর পলিটিকল এজেণ্ট সাহেবের নিকট আপীল হইতে পারিবে। ষোল দিনের মধ্যে সেই আপীল করিতে হইবে।

22 No appeal shall lie as a matter of right from the sentence of the Political Agent involving sentence of less than three years' imprisonment, but it is competent to the Commissioner to call for the record of any case whatever, and to modify or reverse the decision passed All sentences of over three years' imprisonment are appealable to the Commissioner Appeals to the Commissioner must be preferred within thirty-two days All sentences above seven years must be confirmed by Commissioner, whose decision is final, but the Hon'ble the Lieutenant-Governor reserves to himself the prerogative of reviewing the proceedings of the Commissioner and his subordinates, and passing such orders on them as he may deem fit

২২। পলিটিকল এজেণ্ট সাহেব তিন বৎসরের ন্যূন কাল কারাদণ্ডের আজ্ঞা করিলে সেই আজ্ঞার উপর আপীল করিবার অধিকার আছে বলিয়া আপীল হইতে পারিবে না। কিন্তু যে মোকদ্দমা হউক না কেন, কমিশ্যনর সাহেব তাহার কাগজপত্র আনাইয়া তাহাতে যে নিষ্পত্তি হইল তাহা মতান্তর কি অসিদ্ধ করিতে পারিবেন। তিন বৎসর ও তদধিক কাল কারাদণ্ডের সকল আজ্ঞার উপর কমিশ্যনর সাহেবের নিকট আপীল হইতে পারিবে। কমিশ্যনর সাহেবের নিকট আপীল বত্রিশ দিনের মধ্যে উপস্থিত করিতে হইবে। সাত বৎসরের অধিক কাল কারাদণ্ডের আজ্ঞা কমিশ্যনর সাহেবের দৃঢ় করা আবশ্যক, তাঁহার নিষ্পত্তি চুড়ান্ত। কিন্তু মান্যবর শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের এই একাধিকার থাকিল যে তিনি কমিশ্যনর সাহেবের ও তাঁহার অধীন সকল কর্ম্মকারকের মোকদ্দমাঘটিত কার্য্য পুনর্ব্বিবেচনা করিয়া যে আজ্ঞা উচিত বোধ করেন করিতে পারিবেন।

23 The procedure of the Political Agent and his Assistant shall be in the spirit of the Code of Criminal Procedure as far as it is applicable to the circumstances of the district and consistent with these rules, the chief exceptions are—

২৩। উক্ত প্রদেশের ভাবগতিক বিবেচনায় ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন যত দূর খাটিতে পারে ও এই বিধির সহিত যত দূর সঙ্গত হয়, পলিটিকল এজেণ্ট সাহেব ও তাঁহার আসিষ্টাণ্ট তত দূর সেই আইনের ভাবানুসারে কার্য্য চালাইবেন। বর্জনীয় বিষয়ের মধ্যে এই২ বিষয় প্রধান।

(*a*)—Only verbal order or notice shall be requisite except when the regular police are employed, or the person concerned is not resident or in the district at the time, or if in the district, but resident beyond it, where his place of abode is not known But orders of summons shall be for a fixed day not exceeding sixteen days

(ক) আজ্ঞা কি সমনপ্রভৃতির কেবল বাচনিক নোটিস দেওয়া আবশ্যক। কিন্তু যদি নিয়মিত পোলীস নিযুক্ত করা যায় কিম্বা যে ব্যক্তি মোকদ্দমায় লিপ্ত থাকে সে যদি তৎকালে ঐ প্রদেশের মধ্যে বাস না করে কিম্বা না থাকে কিম্বা সে প্রদেশের মধ্যে থাকিলেও যদি তাহার বহির্ভূত স্থানে বাস করে ও তাহার বাসস্থান জানা না যায় তবে সমনপ্রভৃতি

[*Government Gazette*, 27*th August* 1872]

from that upon which the order is issued, and the order shall be made known to the person affected or to some adult member of his family, or proclaimed at the place he was last known to be at, in sufficient time to allow him, if he see fit, to appear

লিখিয়া দিতে হইবে। সমনের আজ্ঞা যে দিনে দেওয়া যায় সেই দিনাবধি ষোল দিনের অনধিক কোন দিনে ঐ ব্যক্তির উপস্থিত হইবার আজ্ঞা হইবে। এবং যে ব্যক্তি ঐ মোকদ্দমায় লিপ্ত থাকে তাহাকেই কিম্বা তাহার পরিবারের মধ্য বয়ঃপ্রাপ্ত কোন ব্যক্তিকে ঐ আজ্ঞা জানাইতে হইবে, কিম্বা লোকদের জ্ঞানমতে তাহাকে শেষ যে স্থানে দেখা গিয়াছিল সেই স্থানে এমত সময় থাকিতে ঐ আজ্ঞা ঘোষণা করিতে হইবে যে ঐ ব্যক্তি উপস্থিত হওয়া উচিত বোধ করিলে উপস্থিত হইতে পারিবে।

(*b*)—A note of the substance of all the proceedings in cases tried before them must be kept by the Political Agent and his Assistant in the form prescribed by section 228, Act X of 1872 In cases requiring a sentence exceeding three years, a full note of the evidence and proceedings must be kept Examinations and proceedings shall generally be recorded in English only

(খ) পলিটিকল এজেন্ট সাহেবের ও তাঁহার আসিষ্টান্টের সম্মুখে যেং মোকদ্দমার বিচার হয় সেইং মোকদ্দমায় তাঁহারা যে সকল কার্য্যানুষ্ঠান করেন তাহার মর্ম্ম ১৮৭২ সালের ১০ আইনের ২২৮ ধারার নির্দ্দিষ্ট পাঠে লিখিয়া রাখিতে হইবে। কোন মোকদ্দমায় তিন বৎসর কি তদধিক কারাদণ্ডের প্রয়োজন হইলে যে সাক্ষ্য লওয়া যায় ও যে কার্য্যের অনুষ্ঠান হয় তাহার বিস্তারিত লিখিয়া রাখিতে হইবে। পরীক্ষাকালীন উক্তি ও আনুষ্ঠানিক কার্য্য সামান্যতো কেবল ইংরাজী ভাষায় লিখিতে হইবে।

(*c*)—The proceedings of the Mouzadars, Gaonburahs, Peumahs, and Houshas, or other duly recognized village authorities, need not be in writing, but if at the trial before the village authorities any person who can write can be found, a brief note of the proceedings is to be made

(গ) মৌজাদারেরা ও গাঁওবুড়রা ও পেওমারা ও হৌশারা ও গ্রামের স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষেরা যে কার্য্যানুষ্ঠান করেন তাহা লিখিয়া রাখিবার প্রয়োজন নাই। কিন্তু গ্রামের কর্ত্তৃপক্ষদের সম্মুখে মোকদ্দমার বিচারকালে লিখিতে জানেন এমত কোন ব্যক্তিকে পাওয়া যাইতে পারিলে আনুষ্ঠানিক কার্য্যের সংক্ষেপ বিবরণ লিখিয়া রাখিতে হইবে।

(*d*)—All fines levied by the Mouzadars, Gaonburahs, Peumahs, and Houshas, or other duly recognized village authorities, shall be paid to the Political Agent or his Assistant or other officer empowered to receive them within eight days from the date of realization

(ঘ) মৌজাদারেরা কি গাঁওবুড়রা কি পেওমারা কি হৌশারা কিম্বা গ্রামের নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষেরা অর্থদণ্ডের টাকা আদায় করিলে আদায়ের তারিখ অবধি আট দিনের মধ্যে পলিটিকল এজেন্ট সাহেবকে কিম্বা আসিষ্টান্ট সাহেবকে কিম্বা ঐ টাকা লইতে ক্ষমতাপন্ন অন্য কার্য্যকারককে দেওয়া যাইবে।

(*e*)—It shall be discretionary to examine witnesses on oath in any form, or to warn them that they are liable to the punishment of perjury if they state that which they know to be false

(ঙ) সাক্ষিদিগকে যে কোন পাঠানুসারে শপথ করাণ উচিত বোধ হয় শপথ করাইয়া তাহারদের সাক্ষ্য লওয়া যাইবে। অথবা তাহারা কোন কথা মিথ্যা জানিয়া কহিলে তাহারদের মিথ্যা শপথের দণ্ড হইতে পারিবে ইহা কহিয়া তাহারদিগকে সতর্ক করা যাইতে পারিবে।

24 The Political Agent and his Assistant shall keep the registers hereafter specified, and make returns of copies of the entries therein monthly to the Commissioner —

২৪। পলিটিকল এজেন্ট ও আসিষ্টান্ট সাহেব পশ্চাৎ লিখিত রেজিষ্টর রাখিবেন, ও মাসেং কমিশ্যানর সাহেবের নিকট ঐ রেজিষ্টরী বহীর লিখিত কথার নকল পাঠাইবেন।

Register of crimes committed

যেং অপরাধ করা গেল তাহার রেজিষ্টর।

Register of criminal cases decided by the Political Agent and his Assistant

পলিটিকল এজেন্ট ও তাঁহার আসিষ্টান্ট সাহেব ফৌজদারী যেং মোকদ্দমার নিষ্পত্তি করেন তাহার রেজিষ্টর।

Register of fines levied by the Political Agent and his Assistant and Mouzadars, Gaonburahs,

পলিটিকল এজেন্ট ও তাঁহার আসিষ্টান্ট সাহেব এবং মৌজাদারেরা ও গাঁওবুড়রা ও পেওমারা ও

Peumahs, and Houshas, or other duly recognized village authorities.

হৌশারা ও গ্রামের নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্তৃপক্ষেরা জরীমানার যত টাকা আদায় করেন তাহার রেজিষ্টর,

Register of licences to carry fire-arms

বন্দুকপ্রভৃতি হাতে লইয়া বেড়াইবার লাইসেন্সের রেজিষ্টর।

IV —Civil Rules.

৪।—দেওয়ানী কার্য্যের বিধি।

25 The administration of civil justice in the Naga Hills is entrusted to the Commissioner, the Political Agent, his Assistant, and by the Mouzadars, Gaonburahs, Peumahs, and Houshas and other chief village authorities

২৫। নাগা পর্ব্বতে দেওয়ানী মোকদ্দমার বিচার কার্য্যের ভার কমিশনর সাহেবের ও পলিটিকল এজেন্ট সাহেবের ও তাঁহার আসিষ্টাণ্টের ও মৌজাদার ও গাঁওবুড় ও পেওমা ও হৌশাদের ও গ্রামের অন্য প্রধান২ কর্তৃপক্ষের প্রতি অর্পিত হইল।

26 Mouzadars, Gaonburahs, Peumahs, and Houshas and other chief village authorities, may be recognized by the Political Agent by sunnud under his signature as empowered to try cases without limit as to amount, but with the following reservations —

২৬। পলিটিকল এজেণ্ট সাহেব স্বীয় স্বাক্ষরিত সনদক্রমে মৌজাদারদিগকে ও গাঁওবুড়দিগকে ও পেওমাদিগকে ও হৌশাদিগকে ও গ্রামের অন্য২ প্রধান২ কর্তৃপক্ষকে যত টাকার হউক তাহার সীমা নিরূপণ না করিয়া মোকদ্দমার বিচার করিবার ক্ষমতাপন্ন বলিয়া স্বীকার করিতে পারিবেন। কিন্তু নিম্নলিখিত মোকদ্দমার বিচার করিতে পারিবেন না।

(a)—They may not try suits in which their fathers, mothers, sons, daughters, uncles, aunts, sisters, brothers, the children of the foregoing, their wives or persons in the above relation to a wife, or any near relative, are parties, nor suits in which a native of the plains or native of another village not resident in their jurisdiction are parties

(ক) তাঁহারদের পিতা কি মাতা কি পুত্র কি কন্যা কি পিতৃব্য কি মাতুল কি পিতৃব্যপত্নী কি মাতুলানী কি ভগিনী কি ভাই কিম্বা উক্ত অন্যতর ব্যক্তির সন্তান সন্ততি কি তাহারদের স্ত্রী কি স্ত্রীর উক্ত জ্ঞাতি কুটুম্ব কিম্বা আসন্ন বন্ধু যে মোকদ্দমার এক পক্ষ হন, কিম্বা নিম্ন ভূমি জাত কি অন্য গ্রামে জাত যে ব্যক্তিরা তাঁহারদের নিজ এলাকায় বাস না করে তাহারা যে মোকদ্দমার একপক্ষ হয় সেই মোকদ্দমার বিচার করিতে পারিবেন না।

(b)—All suits must be decided in open durbar, in the presence of the parties and at least three respectable witnesses

(খ) সকল মোকদ্দমা খোলা দরবারে উভয় পক্ষের ও ন্যূনকল্পে তিন জন সম্ভ্রান্ত সাক্ষির সম্মুখে নিষ্পত্তি করিতে হইবে।

27. Mouzadars, Gaonburahs, Peumahs, or Houshas, and other duly recognized village authorities, have power to compel attendance of parties to any suit and their witnesses,—all such persons being resident within their own jurisdiction, and to fine, within the limit of Rs 50, persons wilfully failing to attend They have power to award all costs, also compensation to defendants for unfounded or vexatious suits brought against them

২৭। কোন মোকদ্দমার উভয়পক্ষ ও তাঁহারদের সাক্ষিরা ঐ মৌজাদার কি গাঁওবুড় কি পেওমা কি হৌশাদের কি গ্রামের নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্তৃপক্ষদের এলাকায় বাস করিলে তাঁহারা সেই ব্যক্তিদিগকে বলপূর্ব্বক উপস্থিত করাইতে পারিবেন। ও তাহারা ইচ্ছাক্রমে আসিতে ত্রুটি করিলে ৫০ টাকা পর্য্যন্ত তাহারদের জরীমানা করিতে পারিবেন। কোন ব্যক্তির নামে অমূলক কি কেবল কষ্টদায়ক মোকদ্দমা উপস্থিত করা গেলে তাঁহারা প্রতিবাদির সকল খরচ দিবার ও ক্ষতিপূরণের টাকাও দিবার আজ্ঞা করিতে পারিবেন।

28 All proceedings shall be *vivâ voce*, and the Mouzadars, Gaonburahs, Peumahs, or Houshas, or other duly recognized village authorities, shall not be called upon to make either record or

২৮। মোকদ্দমা সম্পর্কীয় সকল কার্য্য বাচনিক হইবে এবং মৌজাদার কি গাঁওবুড় কি পেওমা কি হৌশাকে কিম্বা গ্রামের নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্তৃপক্ষদিগকে আপনারদের নিষ্পত্তি লিখিয়া রা-

registry of their decision After hearing both parties and their witnesses, if any, they shall, with or without the opinion of assessors, as they think fit, pronounce a decision forthwith If at the trial any person who can write can be found, a brief note of the proceedings is to be made

29 Mouzadars, Gaonburahs, Peumahs, and Houshas, and other duly recognized village authorities, may carry out their decision at once and order attachment of property to be made, but in no case is property so attached to be sold if the party cast claim to appeal within eight days On such appeal being made, they shall send the parties and their witnesses to the Political Agent or his Assistant forthwith, or as soon as may be, and either accompany them or send one respectable person who has been present at the trial with them

30 All notices given by Mouzadars Gaonburahs, Peumahs, or Houshas, and other duly recognized village authorities to parties or witnesses, shall be verbal, and for a fixed day not exceeding eight days from the day it is given If a case be postponed, it shall be fixed for a day not exceeding eight days from the order, and the case may be subsequently adjourned for periods not exceeding eight days on good cause shown

31 The Political Agent and his Assistant shall not ordinarily hear suits triable by Mouzadars, Gaonburahs, Peumahs or Houshas, or other duly recognized village authorities, but they have a discretion to do so when they think right and suits which under these rules the village authorities cannot try must be tried by the Political Agent or his Assistant A register of all suits tried by the Political Agent and his Assistant shall be kept in such form as the Commissioner shall direct

32 The Political Agent and his Assistant shall, in all cases in which the parties are indigenous inhabitants of the hills, endeavour to induce them to submit their case to punchayet If they agree to this, each party shall name an equal number of arbitrators, and shall choose, or leave the arbitrators to choose, an umpire The name and residence of arbitrators and umpire, and the matter in dispute, must be recorded

খিতে কি রেজিষ্টরী করিতে আদেশ থাকিবে না। তাঁহারা উভয় পক্ষের কথা শুনিলে পর ও সাক্ষিদিগকে আনা গেলে তাহারদের কথা শুনিলে পর আসেসরদের মত লইয়া কি না লইয়া যদ্রূপ নিষ্পত্তি করা উচিত বোধ করেন তৎকালেই সেই নিষ্পত্তি প্রকাশ করিবেন। কিন্তু বিচারকালে গ্রামের কর্ত্তৃপক্ষদের সম্মুখে লিখিতে জানে এমত কোন ব্যক্তিকে পাওয়া যাইতে পারিলে মোকদ্দমাঘটিত কার্য্যের সংক্ষেপ মর্ম্ম লেখা যাইবে।

২৯। মৌজাদারেরা ও গাঁওবুড়রা ও পেওমারা ও হৌশারা ও গ্রামের নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষেরা একেবারেই আপনারদের নিষ্পত্তিমতে কার্য্য করাইয়া সম্পত্তি ক্রোক করিবার আজ্ঞা করিতে পারিবেন। কিন্তু পরাজিত ব্যক্তি আট দিনের মধ্যে আপীল করিবার দাওয়া করিলে সেই ক্রোক করা সম্পত্তি বিক্রয় করা যাইবে না। তদ্রূপে আপীল করা গেলে তাঁহারা অগৌণে কিম্বা সাধ্যমতে ত্বরায় ঐ উভয় পক্ষকে ও তাঁহারদের সাক্ষিদিগকে পলিটিকল এজেণ্টের কি তাঁহার আসিষ্টাণ্টের নিকটে পাঠাইবেন ও আপনারা সঙ্গে যাইবেন কিম্বা তাহারদের বিচারকালে যাঁহারা উপস্থিত ছিলেন সম্ভ্রান্ত এমত কোন এক ব্যক্তিকে সঙ্গে পাঠাইবেন।

৩০। মৌজাদারেরা ও গাঁওবুড়রা ও পেওমারা ও হৌশারা কিম্বা গ্রামের নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষেরা বাদি ও প্রতিবাদিকে কি সাক্ষিদিগকে যে সকল নোটিস দেন তাহা বাচনিক হইবে ও যে দিন দেওয়া গেল তদবধি তাহাদের উপস্থিত হইবার আট দিনের অনধিক কোন দিন নির্দ্দিষ্ট থাকিবে। মোকদ্দমার বিচার কার্য্য যদি স্থগিত রাখা যায় তবে স্থগিত হইবার আজ্ঞার পর আট দিনের অনধিক কোন দিনে বিচার করিবার দিনান্তর নিরূপণ হইবে। এবং বিশিষ্ট কারণ দর্শান গেলে তৎপরেও সেই মোকদ্দমা আট২ দিনের অনধিক কাল স্থগিত থাকিতে পারিবে।

৩১। কোন মোকদ্দমা মৌজাদার কি গাঁওবুড় কি পেওমা কি হৌশ কিম্বা গ্রামের নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষদের বিচার্য্য হইলে পলিটিকল এজেণ্ট সাহেব কিম্বা তাহার আসিষ্টাণ্ট সাহেব তাহা সামান্যতঃ গ্রাহ্য করিবেন না। কিন্তু তাহা করা উপযুক্ত বোধ করিলে স্বং বিবেচনামতে করিতে পারিবেন। এই বিধিমতে গ্রামের কর্ত্তৃপক্ষেরা যে মোকদ্দমার বিচার করিতে না পারেন পলিটিকল এজেণ্ট কিম্বা তাঁহার আসিষ্টাণ্ট সাহেব তাহার বিচার করিবেন। ও পলিটিকল এজেণ্ট ও তাঁহার আসিষ্টাণ্ট সাহেব যে সকল মোকদ্দমার বিচার করেন তাহার রেজিষ্টর রাখিতে হইবে। কমিশ্যনর সাহেব যে পাঠ নির্দ্দিষ্ট করেন ঐ রেজিষ্টর সেই পাঠে লেখা যাইবে।

৩২। ঐ পর্ব্বতজাতীয় যে লোকদের তথায় নিবাস থাকে কোন মোকদ্দমার উভয়পক্ষ এমত লোক হইলে পলিটিকল এজেণ্ট ও তাঁহার আসিষ্টাণ্ট সাহেব তাহারদিগকে পঞ্চায়তের বিচারার্থে মোকদ্দমা অর্পণ করিতে প্রবৃত্তি দিবার উদ্যোগ করিবেন। তাহারা সম্মত হইলে উভয় পক্ষ আপনং সপক্ষীয় সমান সংখ্যক সালিস ও প্রমাণ পুরুষ মনোনীত করিবে কিম্বা সালিসেরাই আপনারদের প্রমাণ পুরুষকে মনোনীত করিবেন। মোকদ্দমার কার্য্য আরম্ভ করিবার পূর্ব্বে সালিসদের

before the proceedings commence, and the court will direct the Mouzadar, Gaonburah, Peumah, or Housha, or some other recognized authority, to assemble the punchayet and witnesses within eight days When the case has been decided, the umpire shall appear with the parties before the court, which shall proceed to record the decision and enforce it as its own From such decision there shall be no appeal

ও প্রমাণ পুরুষের নাম ও নিবাস ও বিবাদীয় বিষয় লিখিয়া রাখা যাইবে। এবং আদালত মৌজাদারের কি গাঁওবুড়ার কি পেওমার কি হৌশার কিম্বা স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষের প্রতি আট দিনের মধ্যে পঞ্চায়তকে ও সাক্ষিদিগকে একত্র করাইতে আজ্ঞা করিবেন। মোকদ্দমা নিষ্পত্তি করা গেলে প্রমাণপুরুষ উভয় পক্ষকে লইয়া আদালতে উপস্থিত হইবেন ও আদালত সেই নিষ্পত্তি লিখিয়া রাখিয়া আপনার নিষ্পত্তির ন্যায় তাহা প্রবল করিবেন। সেই নিষ্পত্তির উপর আপীল নাই।

33 An appeal shall lie from the decision of the Mouzadar, Gaonburah, Peumah, Housha, or other duly recognized village authority to the Political Agent or his Assistant A record shall be made of the matter in dispute and the decision of the village authority If necessary the court shall examine the parties, and if the decision appears to be just, shall affirm and enforce it as one of its own If the court sees reason to doubt the justice of the decision, it will try the case *de novo*, or refer it to a punchayet as above

৩৩। মৌজাদারের কি গাঁওবুড়ার কি পেওমার কি হৌশার কিম্বা গ্রামের নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষের নিষ্পত্তির উপর পলিটিকল এজেণ্টের কিম্বা তাঁহার আসিষ্টাণ্টের নিকট আপীল হইতে পারিবে। বিবাদীয় বিষয়ের বৃত্তান্ত এবং গ্রামের কর্ত্তৃপক্ষের নিষ্পত্তি লিখিয়া রাখা যাইবে। আবশ্যক হইলে আদালত উভয়পক্ষের পরীক্ষা লইবেন এবং নিষ্পত্তি যথার্থ বোধ করিলে তাহা স্থির রাখিয়া আপনার নিষ্পত্তির ন্যায় প্রবল করিবেন। ঐ নিষ্পত্তির যাথার্থ্য বিষয়ে আদালতের সন্দেহ করিবার কারণ থাকিলে আদালত প্রথমাবধি ঐ মোকদ্দমার পুনর্ব্বিচার করিবেন কিম্বা পূর্ব্বোক্তমতে পঞ্চায়তের প্রতি তাহা অর্পণ করিবেন।

34 Houses, needful clothing, cooking utensils or implements whereby the owner subsists, may not be attached, sold, or transferred, in execution of decree, unless themselves the subject of the suit

৩৪। ঘর কি প্রয়োজনীয় বস্ত্র কি রাঁধিবার পাত্র কিম্বা যে হাতিয়ার প্রভৃতি দ্বারা কোন ব্যক্তির জীবিকা চলে তাহা লইয়া মোকদ্দমা না হইলে সেই২ বিষয় ডিক্রীজারীক্রমে ক্রোক কি বিক্রয় কি হস্তান্তর করিয়া দেওয়া যাইবে না।

35 There shall be no imprisonment for debt excepting in cases where the Political Agent is satisfied that the fraudulent disposal or concealment of property has taken place in such case the debtor may be detained for a period not exceeding six months

৩৫। ঋণের নিমিত্তে কোন ব্যক্তিকে কয়েদ করা যাইবে না। কিন্তু কোন সম্পত্তি প্রতারণাক্রমে হস্তান্তর করিয়া দেওয়া গিয়াছে কিম্বা লুকাইয়া রাখা গিয়াছে পলিটিকল এজেণ্ট সাহেব ইহা হৃদ্বোধমতে জানিলে ঐ ঋণীকে ছয় মাসের অনধিক কাল আটক করিয়া রাখা যাইতে পারিবে।

36 No appeal shall lie as of right to the Political Agent from decisions of his Assistant or from the Political Agent except as hereinafter provided, but the Political Agent, if he see fit, may call for the proceedings of any case decided by his Assistant, and the Commissioner may, upon application made, or otherwise, call for the proceedings of either of the lower courts, and revise them, provided that persons resident beyond the Naga Hills may appeal to the Commissioner within thirty-two days from the date of a decision. The appeal shall be accompanied by

৩৬। কেবল নিম্নলিখিত স্থলভিন্ন অন্য স্থলে, পলিটিকল এজেণ্ট সাহেবের নিকট আসিষ্টাণ্ট সাহেবের নিষ্পত্তির উপর আপীল করিবার অধিকার আছে বলিয়া আপীল হইবে না। কিন্তু পলিটিকল এজেণ্ট সাহেব উচিত বোধ করিলে আপনার আসিষ্টাণ্টের নিষ্পত্তি করা কোন মোকদ্দমার কাগজপত্র আনাইতে পারিবেন। এবং দরখাস্ত হইলে কিম্বা না হইলেও কমিশ্যনর সাহেব নিম্ন কোন আদালতের মোকদ্দমাঘটিত কার্য্যের কাগজপত্র আনাইয়া তাহা সংশোধন করিতে পারিবেন। কিন্তু যে ব্যক্তিরা নাগাপর্ব্বতের বাহিরে বাস করেন তাঁহারা নিষ্পত্তির তারিখঅবধি ৩২ দিনের মধ্যে কমিশ্যনর সাহেবের নিকট আপীল করিতে পারি-

[*Government Gazette, 27th August* 1872.]

a copy of the judgment appealed against and a clear statement of the grounds of appeal The appeal may be presented to the Political Agent, who shall, if it be in order, and presented in due time, endorse upon it the date of receipt and transmit it, with the proceedings in the suit, to the Commissioner, who, after perusal of the petition of appeal and judgment, and after hearing the agent of the appellant, if any, may dismiss the appeal, or may remit the case to the lower court for the record of further evidence, or for re-trial of fresh issues, or reserve the case for hearing before his own court, and shall confirm, modify, or reverse, the decision of the lower court, passing such orders as to costs as may appear just The decree of the appellate court shall be transferred to the court of the Political Agent for execution as a decree of its own

বেন। যে নিষ্পত্তির উপর আপীল হয় আপীলের দরখাস্তের সঙ্গে তাহার নকল দিতে হইবে এবং আপীল করিবার সকল কারণ স্পষ্ট করিয়া বর্ণনা করিতে হইবে। ঐ আপীল পলিটিকল এজেণ্ট সাহেবকে দেওয়া যাইতে পারিবে। ও সেই আপীল নিয়মমতে করা গেলে ও উপযুক্ত সময়ে উপস্থিত করা গেলে পলিটিকল এজেণ্ট ঐ দরখাস্তের পৃষ্ঠভাগে তাহা পাইবার তারিখ লিখিয়া মোকদ্দমাঘটিত কার্য্যের কাগজপত্রের সহিত কমিশ্যনর সাহেবের নিকট পাঠাইবেন। তিনি আপীলের দরখাস্ত ও নিষ্পত্তি পাঠ করিয়া ও আপেলাণ্টের মোক্তার থাকিলে তাহার কথা শুনিয়া হয় আপীল ডিসমিস করিতে পারিবেন, না হয় অধিক প্রমাণ লইয়া লিখিয়া রাখিবার জন্যে কিম্বা নূতন ইস্যু ধরিয়া পুনর্ব্বিচার করিবার জন্যে অধঃস্থ আদালতে মোকদ্দমা ফিরিয়া পাঠাইবেন কিম্বা আপনার আদালতে শুনিবার জন্যে মোকদ্দমা গ্রাহ্য করিয়া অধঃস্থ আদালতের নিষ্পত্তি স্থির রাখিবেন কিম্বা মতান্তর কি অসিদ্ধ করিবেন এবং খরচার বিষয়ে যে আজ্ঞা উচিত বোধ করেন করিবেন। আপীল আদালতের ডিক্রী পলিটিকল এজেণ্ট সাহেবের আদালতে পাঠান যাইবে তিনি আপন ডিক্রীর ন্যায় তাহা সাধন করাইবেন।

37 The courts of the Commissioner, the Political Agent, and his Assistant, shall be guided by the spirit, but not bound by the letter, of the Code of Civil Procedure

৩৭। কমিশ্যনর সাহেবের এবং পলিটিকল এজেণ্ট ও তাঁহার আসিষ্টাণ্ট সাহেবের আদালত দেওয়ানী মোকদ্দমার কার্য্য বিধানের আইনের ভাবানুসারে কার্য্য করিবেন কিন্তু তাহার প্রত্যেক শব্দের বলে বদ্ধ হইবেন না।

38 No professional pleader or mooktear shall be allowed to appear in any case, except in cases before the Political Agent or his Assistant with the special permission of the Judge trying the case, or if the defendant reside beyond the jurisdiction of the court, but relatives may appear for persons incapacitated by age, sex, or sickness

৩৮। পলিটিকল এজেণ্ট কিম্বা তাঁহার আসিষ্টাণ্টের সম্মুখে মোকদ্দমা উপস্থিত হইলে যিনি মোকদ্দমার বিচার করেন তাঁহার স্পষ্ট অনুমতি থাকিলে কিম্বা প্রতিবাদী আদালতের এলাকার বহির্ভূত স্থানে বাস করিলে উকীল কি মোক্তার নিযুক্ত হইতে পারিবেন নতুবা কোন মোকদ্দমার ব্যবহারাজীব উকীল কি মোক্তার উপস্থিত হইতে পারিবেন না কিন্তু কোন ব্যক্তি বৃদ্ধ কি স্ত্রী কিম্বা পীড়াপ্রযুক্ত উপস্থিত হইতে না পারিলে তাহার আত্মীয় কোন ব্যক্তি তাঁহার পক্ষ হইয়া উপস্থিত হইতে পারিবেন।

39 It shall be discretionary to examine witnesses on oath in any form, or to warn them that they are liable to the punishment of perjury if they state that which they know to be false

৩৯। যে পাঠে উচিত বোধ হয় সাক্ষিদিগকে সেই পাঠানুসারে শপথ করাইয়া তাহারদের সাক্ষ্য লওয়া যাইতে পারিবে কিম্বা তাহারা মিথ্যা জানিয়া কোন কথা কহিলে মিথ্যা শপথ করিবার দণ্ড হইবে বলিয়া তাহারদিগকে সতর্ক করিয়া দেওয়া যাইতে পারিবে। বিচারপতি ইহার মধ্যে যাহা চাহেন তাহা করিতে পারিবেন।

A. Mackenzie,
Offg Secy. to the Govt of Bengal.

এ মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭২। ২৭ আগষ্ট।]

[Third Publication]

NOTIFICATION

The 30th July 1872.—In continuation of the Notification dated the 14th October 1871, published at page 1911 of the *Calcutta Gazette* of the 1st November 1871, authorizing the extension of the provisions of Act XXII of 1869 to the District of the Khasi and Jynteah Hills, the Lieutenant Governor is pleased, under Section 5 of the same Act to issue the following detailed rules for the administration of civil and criminal justice and police in the said district —

Rules for the Administration of Justice and Police in the Jynteah Hills and such portions of the Khasi Hills as have been constituted British Territory

I —General

1 The administration of the country known as the Khasi and Jynteah Hills is vested in the Commissioner of Assam, the Deputy Commissioner of the Khasi and Jynteah Hills, his assistants, and the native siems, wahadadars, sirdars, dollois, pattors, and lungdohs, or such other classes of officers as the Hon'ble the Lieutenant-Governor of Bengal may see fit from time to time to appoint in that behalf, subject to the exceptions and restrictions and rules hereinafter recorded

2 The following rules apply to all villages and tracts subject to British jurisdiction

II —Police

3 The police of the Khasi and Jynteah Hills shall consist of—

(*a*)—Regular police, subject to Act V of 1861

(*b*)—Rural police, consisting of sirdars, dollois, pattors, lungdohs, and other village authorities, recognized as such by the Deputy Commissioner with their subordinate village authorities

4 The control of the police in the Khasi and Jynteah Hills is vested in the Deputy Commissioner, acting under the orders of the Commissioner of Assam, or such other officers as the Hon'ble the Lieutenant-Governor of Bengal may from time to time appoint Misconduct on the part of regular police shall be punished in accordance with Act V of 1861 and the Penal Code, or any special law which may hereafter be extended to the Khasi and Jynteah Hills Misconduct on the part of rural police is punishable by fine, which may extend to Rs 500, or by imprisonment to

[তৃতীয়বার প্রকাশিত।]

বিজ্ঞাপন।

১৮৭২ সাল ৩০ জুলাই।—১৮৬৯ সালের ২২ আইনের বিধান খাসি ও জয়ন্তীয়া পর্ব্বত প্রদেশে প্রচলিত করা যায়, ১৮৭১ সালের ১৪ অক্টোবরের এই মর্ম্মের যে জ্ঞাপনপত্র ১৮৭১ সালের নবেম্বর মাসের ৭ তারিখের বাঙ্গলা গেজেটের ১৫৪৬ পৃষ্ঠায় প্রকাশ করা গেল, তদনুসারে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ঐ আইনের ৫ ধারামতে ঐ প্রদেশের দেওয়ানী ও ফৌজদারী ও পোলীসসংক্রান্ত কার্য্য নির্ব্বাহ হইবার নিম্নলিখিত বিস্তারিত বিধি প্রচার করিতেছেন।

খাসি পর্ব্বতের যে অংশ ব্রিটনীয়দের শাসিত দেশের অন্তর্গত করা গেল সেই অংশের এবং জয়ন্তীয়া পর্ব্বতের বিচার ও পোলীসসংক্রান্ত কার্য্য নির্ব্বাহার্থ বিধি।

১। —সাধারণ।

১। খাসী ও জয়ন্তীয়া পর্ব্বত নামে যে দেশ খ্যাত আছে তাহার কর্তৃত্ব কার্য্য নির্ব্বাহ করিবার ভার আসামের কমিশ্যনর সাহেবের ও খাসি ও জয়ন্তীয়া পর্ব্বতের ডেপুটী কমিশ্যনরের ও তাঁহার সহকারি কর্ম্মকারকদের প্রতি ও দেশীয় সিয়েমদের ও ওয়াহাদাদারদের ও সরদারদের ও দলইদের ও পাত্রদের ও লঙ্গদহদের প্রতি কিম্বা বঙ্গদেশের মান্যবর শ্রীযুত লেপ্টেনেণ্টগবরনর সাহেব তৎপক্ষে সময়ে২ অন্য যে২ শ্রেণীর কর্ম্মকারকদিগকে নিযুক্ত করা উচিত জ্ঞান করেন তাঁহাদের প্রতি অর্পিত হইবে। কিন্তু ইহার পশ্চাদ্ভাগে যে কথা বর্জ্জিত ও নিষিদ্ধ হইল ও যে বিধি লেখা গেল তাহা প্রবল মানিতে হইবে।

২। যে সকল গ্রাম ও ভূমিখণ্ড ব্রিটনীয়দের কর্তৃত্বাধীন আছে নিম্নলিখিত বিধি তাহার প্রতি খাটিবে।

২। পোলীসের কথা।

৩। নিম্নলিখিত ব্যক্তিদিগকে লইয়া খাসি ও জয়ন্তীয়া পর্ব্বতের পোলীস হইবে।

(ক) নিয়মিত পোলীস। এই পোলীস ১৮৬১ সালের ৫ আইনের অধীন থাকিবে।

(খ) গ্রাম্য পোলীস। সরদার ও দলই ও পাত্র ও লঙ্গদহদিগকে লইয়া এবং ডেপুটী কমিশ্যনর সাহেব গ্রামীয় অন্য যে কর্তৃপক্ষদিগকে কর্তৃপক্ষ বলিয়া স্বীকার করেন তাঁহাদিগকে ও তাহাদের অধীন গ্রামীয় কার্য্যকারকদিগকে লইয়া ঐ পোলীস হইবে।

৪। খাসি ও জয়ন্তীয়া পর্ব্বতের পোলীসের কর্তৃত্বভার আসামের কমিশ্যনর সাহেবের আজ্ঞাধীন কর্ম্মকারি ডেপুটী কমিশ্যনর সাহেবের প্রতি কিম্বা বঙ্গদেশের মান্যবর শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব সময়ান্তরে অন্য যে কার্য্যকারকদিগকে নিযুক্ত করেন তাঁহাদের প্রতি অর্পিত হইবে। নিয়মিত পোলীসের কোন ব্যক্তি অত্যাচার করিলে ১৮৬১ সালের ৫ আইন ও দণ্ডবিধির আইনমতে কিম্বা ইতঃপরে খাসি ও জয়ন্তীয়া পর্ব্বতে বিশেষ অন্য যে আইন প্রচলিত করা যায় তদনুসারে তাহার দণ্ড হইবে। গ্রামীয় পোলীসের অত্যাচার হইলে ৫০০ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে কিম্বা দণ্ডবিধির আইনমতে সেই অপরাধ

an extent which would be awardable under the Penal Code for a like offence Imprisonment may be awarded in lieu of fine, but only by the Deputy Commissioner or other officers duly authorized

হেতুক যত কাল কারাদণ্ড হইতে পারে তত কাল কারাদণ্ড হইবে। অর্থদণ্ডের পরিবর্ত্তে কারাদণ্ডের আজ্ঞা হইতে পারিবে কিন্তু কেবল ডেপুটী কমিশ্যনর সাহেব কিম্বা উপযুক্তমতে ক্ষমতাপন্ন অন্য কার্য্যকারক সেই আজ্ঞা করিতে পারিবেন।

5 An appeal lies from all orders of sirdars, dollois, and other chief village authorities in police matters to the Deputy Commissioner, whose orders are final But the Commissioner may call for the proceedings and modify or reverse any order should he think fit

৫। পোলীসসংক্রান্ত বিষয়ে সরদারেরা ও দলইরা ও গ্রামের অন্য প্রধান কর্ত্তৃপক্ষেরা যে আজ্ঞা করেন তাহার উপর ডেপুটী কমিশ্যনর সাহেবের নিকট আপীল হইতে পারিবে ও তাঁহার আজ্ঞা চূড়ান্ত হইবে। কিন্তু কমিশ্যনর সাহেব উচিত বোধ করিলে মোকদ্দমার কার্য্যের বিবরণ আনাইয়া কোন আজ্ঞা মতান্তর কি অসিদ্ধ করিতে পারিবেন।

6 The ordinary rules of the Bengal police shall, as far as they are applicable, be observed by the regular police, and all returns in matters of account, and all registers required to be kept by the Bengal police, as far as they are applicable, shall be made and kept up

৬। বেঙ্গাল পোলীসের সাধারণ বিধি যত দূর খাটিতে পারে নিয়মিত পোলীস তত দূর সেই বিধি মানিয়া কর্ম্ম করিবে। এবং বেঙ্গাল পোলীসের যে হিসাবের রিটর্ণ দিবার ও যে সকল রেজিষ্টর রাখিবার আজ্ঞা হয় তাহা যত দূর খাটিতে পারে তত দূর দিতে ও রাখিতে হইবে।

The Commissioner shall exercise the powers of an Inspector-General of Police as defined by section 3, Act VII (B C) of 1869 the Deputy Commissioner shall exercise the powers of District Superintendent of Police the Assistant or Extra Assistant Commissioner the power of Assistant Superintendent of Police

১৮৬৯ সালের বঙ্গীয় ৭ আইনের ৩ ধারায় পোলীসের ইনস্পেক্টর জেনরল সাহেবের যে সকল ক্ষমতা নির্দ্দিষ্ট হইয়াছে, কমিশ্যনর সাহেব সেই২ ক্ষমতামতে কার্য্য করিবেন। ডেপুটী কমিশ্যনর সাহেব পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্টের ক্ষমতামতে কার্য্য করিবেন। আসিষ্টান্ট কি অতিরিক্ত আসিষ্টান্ট কমিশ্যনর সাহেব পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেণ্টের ক্ষমতামতে কার্য্য করিবেন।

7 The regular police shall only act, when required to do so, by general or special order of the Commissioner, Deputy Commissioner, or other officer duly authorized, who may assign to the force any portion of the duties of police, under Act V of 1861, in any locality

৭। কমিশ্যনর সাহেবের কিম্বা ডেপুটী কমিশ্যনর সাহেবের কিম্বা নিয়মমতে ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারকের সাধারণ কি বিশেষ আজ্ঞাক্রমে নিয়মিত পোলীসের প্রতি কোন কার্য্য করিতে আজ্ঞা হইলে তাহারা কার্য্য করিবে নতুবা নয়। ১৮৬১ সালের ৫ আইনমতে পোলীসের যে কর্ম্ম করা কর্ত্তব্য তাঁহারা কোন স্থানে উক্ত পোলীসদলের প্রতি সেই কর্ম্মের কোন অংশ অর্পণ করিতে পারিবেন।

8 The ordinary duties of police shall be discharged by the sirdars and dollois, and other village authorities duly authorized by the Deputy Commissioner They shall arrest all criminals, and repress all disorders within their respective jurisdictions

৮। সরদারেরা ও দলইরা ও গ্রামের অন্য যে২ কর্ত্তৃপক্ষেরা ডেপুটী কমিশ্যনর সাহেবের নিকট নিয়মমতে ক্ষমতাপ্রাপ্ত হন তাঁহারা পোলীসের চলিত কার্য্য চালাইবেন। তাঁহারা আপন২ এলাকার অন্তর্গত সকল অপরাধিকে ধরিবেন এবং অনিয়মিত ক্রিয়া সকল নিবারণ করিবেন।

9 It is the duty of the sirdars, dollois, and other chief village authorities, to report to the Deputy Commissioner all crimes, violent deaths, or serious accidents occurring in their districts, and all occurrences, whether within or beyond their jurisdictions, which may come to their knowledge likely to affect the public peace, at the earliest possible moment, and to deliver up offenders as soon as may be to the officer authorized to try them

৯। সরদারেরা ও দলইরা ও গ্রামের অন্যান্য প্রধান কর্ত্তৃপক্ষেরা আপন২ পল্লিতে কোন অপরাধ বা অপঘাত মৃত্যু বা গুরুতর দুর্ঘটনা বা যাহাতে সাধারণের শান্তি ভঙ্গ হইবার সম্ভাবনা এমত কোন দুর্ঘটনা আপন২ এলাকার মধ্যগত কোন স্থানে কিম্বা তাহার বাহিরে ঘটিয়াছে জানিতে পারিলে, অবিলম্বে ডেপুটী কমিশ্যনর সাহেবের নিকট রিপোর্ট করিবেন, এবং যে কর্ম্মকারক সেইমত অপরাধি ব্যক্তিদিগের বিচার করিতে ক্ষমতাপ্রাপ্ত হন সেই কর্ম্মকারকের নিকট ঐ অপরাধিদিগকে সাধ্যমতে ত্বরায় চালান দিবেন।

10 The sirdars, dollois, and other village authorities, shall watch and report, and in very emergent cases may apprehend and deliver up,

১০। সরদারেরা ও দলইরা ও গ্রামের অন্যান্য কর্ত্তৃপক্ষ আপন২ এলাকায় কোন ভ্রমণকারি কিম্বা মন্দ ও সন্দিগ্ধ চরিত্রের লোকদিগকে দেখিতে

vagrants or bad and suspicious characters found in their jurisdictions

11 On the occurrence of any heinous crime* in his district, any village officer who may be by custom or appointment charged with the duty of arresting criminals shall at once apprehend the offender, if able, and in any case at once report to the sirdar, or dolloi, or other chief village authority, who, if the offender has not been apprehended, will proceed without delay to the place where the crime occurred, and inquire into the matter If a crime beyond his cognizance has been committed, he will immediately report it to the Deputy Commissioner or other duly authorized officer, whether the offender has been apprehended or not

12 Sirdars, dollois, and all other village authorities, may pursue with hue and cry and apprehend an offender fleeing beyond their jurisdiction, and arrest him, but ordinarily no sirdar dolloi, or village authority, shall attempt to arrest an offender beyond his own jurisdiction without the cognizance and co-operation of the sirdar, dolloi, or chief village authority of the village to which the offender has fled When an offender is traced from one village to another, it will be sufficient to point him out to the sirdar, dolloi, or other competent authority of the village to which the offender has fled, and request him to make the arrest

13 When the sirdars, dollois, or other chief village authorities, feel unable to arrest an offender, they must apply to the Deputy Commissioner, or any officer duly authorized, to grant them the aid of the regular police

14 The sirdars, dollois, and other chief village authorities, are empowered to arrest or cause to be arrested, and may also fine all drunkards and other disorderly persons found brawling out of their houses, and all persons found gambling, the fine not to exceed that awardable under their powers in criminal matters as hereinafter defined

* *Heinous crimes*

Rebellion	Rape
Riot	Theft
Counterfeiting coin or passing counterfeit coin	Robbery
Murder	Dacoity
Wounding to the injury of life or limb	Cattle stealing
	Arson
	House breaking
	Forgery

[*Government Gazette, 27th August* 1872]

পাইলে তাহাদের প্রতি দৃষ্টি রাখিয়া রিপোর্ট করিবেন এবং অত্যাবশ্যক হইলে তাহাদিগকে ধরিয়া চালান দিবেন।

১১। অপরাধিকে ধরিয়া দেওয়া রীতিমতে গ্রামের কোন কার্য্যকারকের প্রতি অর্পিত কিম্বা তিনি সেই কার্য্যে নিযুক্ত হইলে, যদি তাঁহার পল্লির মধ্যে কোন গুরুতর * অপরাধ হইয়া থাকে তবে তিনি পারিলে তৎক্ষণাৎ অপরাধিকে ধরিয়া দিবেন। ও যে গতিকেই হউক সরদারের কি দলইর কিম্বা গ্রামের অন্য প্রধান কর্ত্তৃপক্ষের নিকট সেই কথার রিপোর্ট করিবেন, অপরাধিকে ধরা না গেলে ঐ সরদার প্রভৃতি রিপোর্ট পাইলেই যে স্থানে অপরাধ করা গেল তাঁহারা অবিলম্বে সেই স্থানে গিয়া ঐ বিষয়ের তদন্ত লইবেন। ঐ অপরাধ তাঁহার বিচারের ক্ষমতার বহির্ভূত হইলে অপরাধিকে ধরা যাউক কি না যাউক তিনি অগৌণে ডেপুটী কমিশনরের কিম্বা উপযুক্ত ক্ষমতাপন্ন অন্য কার্য্যকারকের নিকট সেই বিষয়ের রিপোর্ট করিবেন।

১২। কোন অপরাধী সরদারদের কি দলইদের কি গ্রামের অন্য কর্ত্তৃপক্ষের এলাকার বহির্ভূত স্থানে পলাইয়া গেলে তাঁহারা শোরগোল করিয়া তাহার পশ্চাৎ২ ধাবমান হইয়া ধরিয়া আটক করিয়া রাখিতে পারিবেন। কিন্তু অপরাধী পলায়ন করিয়া যে গ্রামে যায় সামান্যতঃ সেই গ্রামের সরদারকে কি দলইকে কিম্বা প্রধান অন্য কর্ত্তৃপক্ষকে না জানাইয়া ও তাঁহার সাহায্য না পাইয়া আপন এলাকার বহির্ভূত সেই গ্রামে অপরাধিকে ধরিতে চেষ্টা করিবেন না। এক গ্রামহইতে অন্য গ্রামে অপরাধির যাইবার সন্ধান পাওয়া গেলে যে গ্রামে গিয়াছে অপরাধিকে সেই গ্রামের সরদারকে কি দলইকে কিম্বা উপযুক্ত ক্ষমতাপন্ন অন্য কর্ত্তৃপক্ষকে দেখাইয়া দিয়া তাহার প্রতি ধরিবার আদেশ করিলেই কার্য্য চলিবে।

১৩। সরদারেরা কি দলইরা কিম্বা গ্রামের প্রধান অন্য কর্ত্তৃপক্ষেরা অপরাধিকে ধরিতে পারিবে না জানিলে নিয়মিত পোলীসের সাহায্য পাইবার নিমিত্ত ডেপুটী কমিশ্যনরের নিকট কিম্বা উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারকের নিকট তাঁহাদের প্রার্থনা করিতে হইবে।

১৪। মাতাল ও অনিয়মতাচারী কোন লোক আপন ঘরের বাহিরে গোলমাল করিলে ও কোন লোককে জুয়া খেলিতে দেখা গেলে সরদারের ও দলইরা ও গ্রামের অন্য প্রধান কর্ত্তৃপক্ষের তাহাদিগকে ধরিয়া কি ধরাইয়া জরিমানা করিতে পারেন। ইহার পশ্চাদ্ভাগে ফৌজদারী ব্যাপারে তাঁহাদের যে ক্ষমতা নির্দ্দিষ্ট করা গেল তদনুসারে তাহারা যত টাকা জরীমানা করিতে পারেন উক্ত ব্যক্তিদের তদধিক জরীমানা করিবেন না।

* গুরুতর অপরাধ এই২

রাজদ্রোহ।	বলাৎকার।
হঙ্গামা।	চৌর্য্য।
মুদ্রা কৃত্রিম করণ কি কৃত্রিম মুদ্রা চলাওন।	দস্যুতা।
বধ।	ডাকাইতী।
প্রাণের কি অঙ্গের হানিজনকরূপে জখম করণ।	গো মেষ দি চুরি করণ।
	গৃহ দাহ।
	গৃহে অবৈধ প্রকার প্রবেশ।
	জাল করণ।

15. All the inhabitants of the Khasi and Jynteah Hills are bound to aid the regular police and village authorities, when required to do so, in the maintenance of order or the apprehension of offenders. Any person failing to do so is liable to fine, the fine to be adjudged by the sirdar, dolloi, or other chief village authority, to the extent he is empowered to award in criminal cases, or by the Deputy Commissioner, if fine beyond the amount the village authorities are authorized to impose is considered necessary. When the particular persons blameable for failure to aid in any community cannot be ascertained, the sirdar, dolloi, or chief village authority shall be considered responsible, and if it appears that the community is to blame, and that particular offenders cannot be discovered, a fine may be imposed upon the community, but by the Deputy Commissioner only.

III.—Criminal Justice

16. Criminal justice shall be ordinarily administered by the Deputy Commissioner, his assistants, and by the sirdars, dollois, and other chief village authorities of the different communities.

17. The Deputy Commissioner shall be competent to pass sentence of death, or imprisonment for a term unlimited, or of fine up to any amount, provided that no sentence of death shall be carried into effect without the concurrence of the Commissioner and sanction of the Lieutenant Governor, to whom the proceedings shall be submitted by the Commissioner if he concurs in the sentence, and no sentence of imprisonment for a term of seven years or upwards shall be carried into effect without the approval of the Commissioner. The Commissioner may enhance any sentence passed by his subordinates, but no offence shall be punished by a sentence exceeding that awardable under the provisions of the Indian Penal Code. Assistant Commissioners shall exercise such powers as they may be invested with by the Commissioner, not exceeding those of a Magistrate of the first class as defined in Act X of 1872.

18. Any sirdar, dolloi, or other chief village authority may be empowered by the Deputy Commissioner to dispose of cases of persons charged with any of the following offences:—

Injury to property not exceeding Rs. 50.
Injury to person not affecting life or limb.

House trespass.

১৫। সুনিয়ম পালন করিবার কিম্বা অপরাধিদিগকে ধরিয়া দিবার নিমিত্তে খাসি ও জয়ন্তীয়া পর্ব্বতবাসি কোন লোকের প্রতি সাহায্য করিবার আদেশ হইলে তাহারদিগকে নিয়মিত পোলীসের ও গ্রামের কর্ত্তৃপক্ষদের সাহায্য করিতেই হইবে। কোন ব্যক্তি সাহায্য না করিলে তাহার অর্থদণ্ড হইতে পারিবে। ঐ সরদার কি দলই কি গ্রামের ঐ কর্ত্তৃপক্ষ ফৌজদারী মোকদ্দমায় যত টাকা জরীমানা করিতে পারেন তিনি ঐ ব্যক্তির তত টাকা জরীমানার আজ্ঞা করিতে পারিবেন। কিন্তু গ্রামের কর্ত্তৃপক্ষেরা যত টাকা জরীমানা করিতে পারেন ঐ ব্যক্তির তদধিক জরীমানা করা আবশ্যক বোধ হইলে ডেপুটী কমিশ্যনর সাহেব তাহার জরীমানা করিবেন। সাহায্য না করাতে কোন গ্রামাদির কোন২ ব্যক্তির প্রতি দোষ বর্ত্তে ইহা স্থির করিতে না পারা গেলে সরদার কি দলই কি গ্রামের কর্ত্তৃপক্ষ নিজে দায়ী হইবেন। ও গ্রামাদির লোকদের প্রতি ঐ দোষ বর্ত্তিলে কিন্তু দোষি বিশেষ ব্যক্তি স্থির করা যাইতে না পারিলে ঐ গ্রামাদির সমুদয় লোকের জরীমানা হইতে পারিবে কিন্তু কেবল ডেপুটী কমিশ্যনর সাহেব ঐ জরীমানা করিতে পারিবেন।

৩।—ফৌজদারী মোকদ্দমার বিচারের বিধি।

১৬। ফৌজদারী মোকদ্দমার বিচার কার্য্য সামান্যতঃ ডেপুটী কমিশ্যনরের কিম্বা তাহার আসিস্টাণ্টদের দ্বারা এবং নানা গ্রামাদির সরদারদের ও দলইদের ও গ্রামের অন্য প্রধান২ কর্ত্তৃপক্ষের দ্বারা নির্ব্বাহ করা যাইবে।

১৭। ডেপুটী কমিশ্যনর সাহেব প্রাণদণ্ডের আজ্ঞা কিম্বা যত কাল হউক তত কাল কারাদণ্ডের ও যত টাকার হউক তত টাকার অর্থদণ্ডের আজ্ঞা করিতে পারিবেন। কিন্তু প্রাণদণ্ডের আজ্ঞা হইলে কমিশ্যনর সাহেবের ও শ্রীযুত লেপ্টনেণ্ট গবর্ণর সাহেবের সম্মতি বিনা ঐ প্রাণদণ্ডের আজ্ঞা সাধন হইবে না। কমিশ্যনর সাহেব সম্মত হইলে মোকদ্দমার কার্য্যের বর্ণনাপত্র শ্রীযুত লেপ্টনেণ্ট গবর্ণর সাহেবের নিকট পাঠাইবেন। ও সাত বৎসর কি তাহার অধিক কাল কারাদণ্ডের আজ্ঞা হইলে, কমিশ্যনর সাহেবের সম্মতি বিনা সাধন হইবে না। অধীন কার্য্যকারকেরা যে দণ্ডের আজ্ঞা করেন কমিশ্যনর সাহেব তাহা বৃদ্ধি করিতে পারিবেন। কিন্তু ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনে যে অপরাধের যে দণ্ড নিরূপণ হইয়াছে তাহার অধিক দণ্ডের আজ্ঞা করিয়া সেই অপরাধের দণ্ড হইবে না। ১৮৭২ সালের ১০ আইনে প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের যে ক্ষমতা নির্দ্দিষ্ট হইল কমিশ্যনর সাহেব আসিস্টাণ্ট কমিশ্যনরদের প্রতি তাহার অনধিক যে ক্ষমতা অর্পণ করেন তাঁহারা সেই ক্ষমতামতে কার্য্য করিবেন।

১৮। কোন ব্যক্তির নামে নিম্ন লিখিত অপরাধের অভিযোগ হইলে ডেপুটী কমিশ্যনর সাহেব কোন সরদারকে কি দলইকে কিম্বা গ্রামের অন্য প্রধান কর্ত্তৃপক্ষকে সেই অপরাধের মোকদ্দমা নিষ্পত্তি করিবার ক্ষমতা প্রদান করিতে পারিবেন।

৫০ টাকার অনধিক মূল্যের সম্পত্তির হানি করণ।
প্রাণের কি অঙ্গের হানি করণভিন্ন ব্যক্তির হানি করণ।

গৃহে অনধিকার প্রবেশ করণ।

They may impose a fine for any offence they are competent to try to the extent of Rs 50 They may award restitution or compensation to the extent of the injury sustained, and enforce it by distraint of the property of the offender In cases in which the fine is not paid or realized either in whole *or in part*, they shall represent the facts and send in the offender to the Deputy Commissioner, who may retry the case and impose such other punishment as he is competent to inflict Each sirdar, dolloi, or other chief village authority who may be empowered as above, shall receive a sunnud of recognition under the signature of the Deputy Commissioner

19 Sirdars, dollois, or other duly recognized village authorities, may carry out their decision, or order attachment of property as soon as judgment is pronounced, but in no case is property so attached to be sold, if the party convicted claim to appeal within eight days, without the orders of Deputy Commissioner

(*a*)—Sirdars dollois or other duly recognized village authorities, may not decide in cases where their father, mother, son, daughter, wife, or the children, husbands, or wives, of any of these are concerned, or

(*b*)—Where the defendant is not a native of the Khasi and Jynteah Hills, or is not resident within their jurisdiction, or

(*c*)—When the offence is one against the State, or has caused death or danger of life, or amounts to robbery or theft, or concerns counterfeiting of coin or the making of fraudulent documents, or the like

20 The sirdars, dollois or other duly recognised village authorities, shall not decide any cases save in open durbar in presence of at least three witnesses and the complainant and accused, whose attendance they are empowered to compel Either party may appeal from the decision at the time decision is pronounced, or within eight days thereof, to the Deputy Commissioner or his assistant, in which case the sirdar or dolloi, or other duly recognised authority, shall take the parties, or cause them to be sent, before the Deputy Commissioner or his assistant, with one of the persons required to attend as a court witness The case shall then be tried *de novo*

তাঁহারা যে অপরাধের বিচার করিতে ক্ষমতাপন্ন হন তাহার ৫০ টাকা পর্য্যন্ত জরীমানার আজ্ঞা করিতে পারিবেন। কোন ব্যক্তির যত টাকা হানি হইল তত টাকা দিবার কিম্বা তত টাকা পর্য্যন্ত তাহার হানিপূরণ করিবার আজ্ঞা দিতে পারিবেন এবং অপরাধির সম্পত্তি ক্রোক করিয়া ঐ আজ্ঞা প্রবল করাইতে পারিবেন। জরীমানার টাকা না দেওয়া গেলে কিম্বা সমুদয় টাকা কি তাহার একাংশ আদায় করা গেলে তাঁহারা সেই বৃত্তান্তের আবেদন পত্র লিখিয়া অপরাধিকে ডেপুটী কমিশ্যনর সাহেবের নিকটে পাঠাইবেন। ডেপুটী কমিশ্যনর সাহেব সেই মোকদ্দমার পুনর্বিচার করিয়া অন্য যে দণ্ডের আজ্ঞা করিতে সক্ষম হন করিতে পারিবেন। যে সরদারকে কি দলইকে কিম্বা গ্রামের প্রধান অন্য যে কর্ত্তৃপক্ষকে পূর্ব্বোক্ত ক্ষমতা দেওয়া যায়, তাঁহাদিগকে ডেপুটী কমিশ্যনর সাহেবের স্বাক্ষরিত ঐ ক্ষমতা স্বীকার করণ সূচক সনদ দেওয়া যাইবে।

১৯। সরদারেরা কি দলইরা কিম্বা নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষেরা নিষ্পত্তি প্রকাশ করিলেই ঐ নিষ্পত্তি মত কার্য্য করাইতে কিম্বা সম্পত্তি ক্রোক করিবার আজ্ঞা দিতে পারিবেন। কিন্তু দোষী ব্যক্তির অভিপ্রায় হয় যে আট দিনের মধ্যে আপীল করিতে পাওয়া [?] তবে ডেপুটী কমিশ্যনর সাহেবের হুকুম না হইলে তাঁহার উক্ত প্রকারের ক্রোক করা সম্পত্তি বিক্রয় করা যাইবে না।

(ক) যে স্থলে সরদারের কি দলইর কিম্বা গ্রামের নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষের পিতা কি মাতা কি পুত্র কি কন্যা, কি স্ত্রী কিম্বা তাহাদের সন্তান কি স্বামী কি স্ত্রী যে মোকদ্দমায় লিপ্ত থাকেন তিনি সেই মোকদ্দমার বিচার করিবেন না। কিম্বা

(খ) প্রতিবাদী খাসি কি জয়ন্তীয়া পর্ব্বতের লোক না হইলে ও সেই সরদার প্রভৃতির এলাকার মধ্যে বাস না করিলে, কিম্বা

(গ) রাজদ্রোহ কি বধ কি প্রাণের আশঙ্কা জনক অপরাধ হইলে কিম্বা দস্যুতার কি চোরির অপরাধ হইলে কিম্বা মুদ্রা কৃত্রিম করণ কি প্রতারণা ভাবে দলীল প্রস্তুত করণ প্রভৃতি কার্য্য সম্পর্কীয় হইলে, ঐ সরদার প্রভৃতি তাহার বিচার করিবেন না।

২০। খোলা দরবারে ন্যূনকল্পে তিন জন সাক্ষী এবং বাদী ও প্রতিবাদী উপস্থিত না থাকিলে সরদারেরা কি দলইরা কিম্বা গ্রামের নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষেরা কোন মোকদ্দমার নিষ্পত্তি করিবেন না। তাঁহারা ঐ সাক্ষিদিগকে ও বাদী ও প্রতিবাদিকে বলপূর্ব্বক উপস্থিত করাইতে পারিবেন। যে সময়ে নিষ্পত্তি প্রকাশ করা যায় সেই সময়ে কিম্বা তাহার পর আট দিনের মধ্যে উভয়ের পক্ষ ডেপুটী কমিশ্যনর সাহেবের কিম্বা তাঁহার আসিষ্টান্টের নিকট আপীল করিতে পারিবেন। তাহা হইলে সরদার কি দলই কিম্বা নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষ সেই উভয় পক্ষকে ও যাহারদিগকে উপস্থিত করাইবার আজ্ঞা হইয়াছিল আদালতের সাক্ষি স্বরূপ তন্মধ্যে অন্যতর ব্যক্তিকে লইয়া ডেপুটী কমিশ্যনর সাহেবের কিম্বা তাঁহার আসিষ্টান্টের নিকটে উপস্থিত হইবেন কিম্বা তাহারদিগকে পাঠাইবেন। তাহা হইলে ঐ বিষয়ের মোকদ্দমার পুনর্বিচার হইবে।

21 An appeal lies from the Assistant Commissioner to the Deputy Commissioner if preferred within sixteen days

22 No appeal shall lie as a matter of right from the sentence of the Deputy Commissioner involving sentence of less than three years' imprisonment, but it is competent to the Commissioner to call for the record of any case whatever, and to modify or reverse the decision passed All sentences of three years' imprisonment and upwards are appealable to the Commissioner Appeals to the Commissioner must be preferred within thirty two days All sentences above seven years must be confirmed by the Commissioner, whose decision is final, but the Hon'ble the Lieutenant-Governor reserves to himself the prerogative of reviewing the proceedings of the Commissioner and his subordinates, and passing such orders on them as he may deem fit

23 The procedure of the Deputy Commissioner and his assistant shall be in the spirit of the Code of Criminal Procedure, as far as it is applicable to the circumstances of the district and consistent with these rules The chief exceptions are—

(a)—Only verbal order or notice of summons, &c, shall be requisite, except when the regular police are employed, or the person concerned is not resident or in the district at the time, or if in the district but resident beyond it, where his place of abode is not known But orders of summons shall be for a fixed day, not exceeding sixteen days from that upon which the order is issued, and the order shall be made known to the person affected, or to some adult member of his family, or proclaimed at the place he was last known to be at in sufficient time to allow him if he see fit to appear

(b) A note of the substance of all the proceedings in cases tried before them must be kept by the Deputy Commissioner and Assistant Commissioners in the form prescribed by section 228, Act X of 1872 In cases requiring a sentence of three years or upwards a full note of the evidence and proceedings must be kept Examinations and proceedings shall generally be recorded in English only

(c)—The proceedings of sirdars and dollois or other recognized village authorities need not be

২১। আসিষ্টান্ট কমিশ্যনর যে আজ্ঞা করেন তাহার উপর ডেপুটী কমিশ্যনর সাহেবের নিকট আপীল হইতে পারিবে। ষোল দিনের মধ্যে সেই আপীল করিতে হইবে।

২২। ডেপুটী কমিশ্যনর সাহেব তিন বৎসরের ন্যূন কাল কারাদণ্ডের আজ্ঞা করিলে সেই আজ্ঞার উপর আপীল করিবার অধিকার আছে বলিয়া আপীল হইতে পারিবে না। কিন্তু যে মোকদ্দমা হউক না কেন কমিশ্যনর সাহেব তাহার কাগজপত্র আনাইয়া তাহাতে যে নিষ্পত্তি হইল তাহা মতান্তর কি অসিদ্ধ করিতে পারিবেন তিন বৎসর ও তদধিক কাল কারাদণ্ডের সকল আজ্ঞার উপর কমিশ্যনর সাহেবের নিকট আপীল হইতে পারিবে। কমিশ্যনর সাহেবের নিকট আপীল বত্রিশ দিনের মধ্যে উপস্থিত করিতে হইবে। সাত বৎসরের অধিক কাল কারাদণ্ডের আজ্ঞা কমিশ্যনর সাহেবের দৃঢ় করা আবশ্যক, তাঁহার নিষ্পত্তি চূড়ান্ত। কিন্তু মান্যবর শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের এই এক অধিকার থাকিল যে তিনি কমিশ্যনর সাহেবের ও তাহার অধীন সকল কর্ম্মকারকের মোকদ্দমাঘটিত কার্য্য পুনর্বিবেচনা করিয়া যে আজ্ঞা উচিত বোধ করেন করিতে পারিবেন।

২৩। উক্ত প্রদেশের ভাবগতিক বিবেচনায় ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন যত দূর খাটিতে পারে ও এই বিধির সহিত যত দূর সঙ্গত হয়, ডেপুটী কমিশ্যনর সাহেব ও তাঁহার আসিষ্টান্ট তত দূর সেই আইনের ভাবানুসারে কার্য্য চালাইবেন। বর্ত্তমান বিষয়ের মধ্যে এই২ বিষয় প্রধান।

(ক) আজ্ঞা কি সমনপ্রভৃতির কেবল বাচনিক নোটিস দেওয়া আবশ্যক। কিন্তু যদি নিয়মিত পোলীস নিযুক্ত করা যায় কিম্বা যে ব্যক্তি মোকদ্দমায় লিপ্ত থাকে সে যদি তৎকালে ঐ প্রদেশের মধ্যে বাস না করে কিম্বা না থাকে কিম্বা সে প্রদেশের মধ্যে থাকিলেও যদি তাহার বহির্ভূত স্থানে বাস করে ও তাহার বাস স্থান জানা না যায় তবে সমনপ্রভৃতি লিখিয়া দিতে হইবে। সমনের আজ্ঞা যে দিনে দেওয়া যায় সেই দিনাবধি ষোল দিনের অনধিক কোন দিনে ঐ ব্যক্তির উপস্থিত হইবার আজ্ঞা হইবে। এবং যে ব্যক্তি ঐ মোকদ্দমায় লিপ্ত থাকে তাহাকেই কিম্বা তাহার পরিবারের মধ্য বয়ঃপ্রাপ্ত কোন ব্যক্তিকে ঐ আজ্ঞা জানাইতে হইবে কিম্বা লোকদের জ্ঞানমতে তাহাকে শেষ যে স্থানে দেখা গিয়াছিল সেই স্থানে এমত সময় থাকিতে ঐ আজ্ঞা ঘোষণা করিতে হইবে যে ঐ ব্যক্তি উপস্থিত হওয়া উচিত বোধ করিলে উপস্থিত হইতে পারিবে।

(খ) ডেপুটী কমিশ্যনর সাহেবের ও আসিষ্টান্ট কমিশ্যনরদের সম্মুখে যে২ মোকদ্দমার বিচার হয় সেই২ মোকদ্দমায় তাঁহারা যে সকল কার্য্যানুষ্ঠান করেন তাহার মর্ম্ম ১৮৭২ সালের ১০ আইনের ২২৮ ধারার নির্দ্দিষ্ট পাঠে লিখিয়া রাখিতে হইবে। কোন মোকদ্দমায় তিন বৎসর কি তদধিক কারাদণ্ডের প্রয়োজন হইলে যে সাক্ষ্য লওয়া যায় ও যে কার্য্যের অনুষ্ঠান হয় তাহার বিস্তারিত লিখিয়া রাখিতে হইবে। পরীক্ষা কালীন উক্তি ও আনুষ্ঠানিক কার্য্য সাধারণতঃ কেবল ইংরেজী ভাষায় লিখিতে হইবে।

(গ) সরদারেরা ও দলইরা ও গ্রামের স্বীকৃত অন্য কর্তৃপক্ষের যে কার্য্যানুষ্ঠান করেন তাহা লিখিয়া রাখি-

in writing. But if at the trial before the village authorities any person who can write can be found, a brief note of the proceedings is to be made

(*d*)—All fines levied by the sirdars, dollois, or other duly recognised village authorities, shall be paid to the Deputy Commissioner or Assistant Commissioner, or other officer empowered to receive them, within eight days from the date of realization. The Deputy Commissioner is authorized to pay to those village authorities who give him satisfaction such small stipends as he may think desirable, provided that the total amount so disbursed shall not exceed the sum of the fines realized by all village authorities during the year

(*e*.)—It shall be discretionary to examine witnesses on oath in any form, or to warn them that they are liable to the punishment of perjury if they state that which they know to be false

24 The Deputy Commissioner and Assistant Commissioner shall keep the registers hereafter specified, and make returns of copies of the entries therein monthly to the Commissioner

Register of crimes committed

Register of criminal cases decided by Deputy Commissioner and Assistant Commissioner

Register of fines levied by Deputy Commissioner and Assistant Commissioner, and sirdars, dollois, or other duly recognised village authorities.

Register of licenses to carry fire-arms

IV —Civil Rules

25 The administration of civil justice in the Khasi and Jynteah Hills is entrusted to the Commissioner, the Deputy Commissioner, his assistants, sirdars, and dollois, and other chief village authorities

26 Sirdars and dollois and other chief village authorities may be recognised by the Deputy Commissioner by sunnud under his signature as competent to try cases without limit as to amount, but with the following reservations —

(*a*)—They may not try suits in which their fathers, mothers, sons, daughters, uncles, aunts, sisters, brothers, the children of the foregoing, their wives or persons in the above relation to a wife, or any near relative are parties, nor suits in which a native of the plains or native of

বার প্রয়োজন নাই। কিন্তু গ্রামের কর্তৃপক্ষদের সম্মুখে মোকদ্দমার বিচারকালে লিখিতে জানেন এমত কোন ব্যক্তিকে পাওয়া যাইতে পারিলে আনুষ্ঠানিক কার্য্যের সংক্ষেপ বিবরণ লিখিয়া রাখিতে হইবে।

(ঘ) সর্দারেরা কি দলইরা কিম্বা গ্রামের নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্তৃপক্ষেরা অর্থদণ্ডের টাকা আদায় করিলে তাদায়ের তারিখ অবধি আট দিনের মধ্যে ডেপুটী কমিশনর সাহেবকে কিম্বা আসিষ্টাণ্ট কমিশনর সাহেবকে কিম্বা ঐ টাকা লইতে ক্ষমতাপন্ন অন্য কাহাকে দেওয়া যাইবে। গ্রামের যে কর্তৃপক্ষেরা ডেপুটী কমিশনর সাহেবের সন্তোষমতে কর্ম্ম করেন তাঁহাদিগকে অল্প যে বেতন দেওয়া উচিত বোধ করেন সেই বেতন দিতে তাঁহার প্রতি অনুমতি আছে। কিন্তু নানাগ্রামের সকল কর্তৃপক্ষ বৎসরের মধ্যে অর্থদণ্ডের যত টাকা আদায় করেন সর্ব্বশুদ্ধ তাহার অধিক উক্ত প্রকারে বিলি করিয়া দেওয়া যাইবে না।

(ঙ) সাক্ষিদিগকে যে কোন পাঠানুসারে শপথ করাণ উচিত বোধ হয় শপথ করাইয়া তাহাদের সাক্ষ্য লওয়া যাইবে। অথবা তাহারা কোন কথা মিথ্যা জানিয়া কহিলে তাহাদের মিথ্যা শপথের দণ্ড হইতে পারিবে ইহা কহিয়া তাহাদিগকে সতর্ক করা যাইতে পারিবে।

২৪। ডেপুটী কমিশনর ও আসিষ্টাণ্ট কমিশনর সাহেব পশ্চাৎ লিখিত রেজিষ্টর রাখিবেন, ও মাসে২ কমিশনর সাহেবের নিকট ঐ রেজিষ্টরী বহীর লিখিত কথার নকল পাঠাইবেন।

যে২ অপরাধ করা গেল তাহার রেজিষ্টর।

ডেপুটী কমিশনর ও আসিষ্টাণ্ট কমিশনর সাহেব ফৌজদারী যে২ মোকদ্দমার নিষ্পত্তি করেন তাহার রেজিষ্টর।

ডেপুটী কমিশনর ও আসিষ্টাণ্ট কমিশনর সাহেব এবং সরদারেরা ও দলইরা ও গ্রামের নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্তৃপক্ষেরা জরীমানার যত টাকা আদায় করেন তাহার রেজিষ্টর,

বন্দুক প্রভৃতি হাতে লইয়া বেড়াইবার লাইসেন্সের রেজিষ্টর।

৪।—দেওয়ানী কার্য্যের বিধি।

২৫। খাসি ও জয়ন্তীয়া পর্ব্বতে দেওয়ানী মোকদ্দমার বিচার কার্য্যের ভার কমিশনর সাহেবের ও ডেপুটী কমিশনর সাহেবের ও তাঁহার আসিষ্টাণ্টদের ও সরদারদের ও দলইদের ও গ্রামের অন্য প্রধান২ কর্তৃপক্ষের প্রতি অর্পিত হইল।

২৬। ডেপুটী কমিশনর সাহেব স্বীয় স্বাক্ষরিত সনদক্রমে সরদারদিগকে ও দলইদিগকে ও গ্রামের অন্য প্রধান২ কর্তৃপক্ষকে যত টাকার হউক তাহার সীমা নিরূপণ না করিয়া মোকদ্দমার বিচার করিবার ক্ষমতাপন্ন বলিয়া স্বীকার করিতে পারিবেন। কিন্তু নিম্নলিখিত মোকদ্দমার বিচার করিতে পারিবেন না।

(ক) তাঁহাদের পিতা কি মাতা কি পুত্র কি কন্যা কি পিতৃব্য কি মাতুল কি পিতৃব্যপত্নী কি মাতুলানী কি ভগিনী কি ভাই কিম্বা উক্ত অন্যতর ব্যক্তির সন্তান সন্ততী কি তাহাদের স্ত্রী কি স্ত্রীর উক্ত জ্ঞাতি কুটুম্ব কিম্বা আসন্ন বন্ধু যে মোকদ্দমার এক পক্ষ হন, কিম্বা নিম্ন ভূমি জাত কি অন্য সরদারের কি দলইর

another sirdarship or dolloiship not resident in their jurisdiction are parties

(*b*)—All suits must be decided in open durbar in the presence of the parties and at least three respectable witnesses

27 Sirdars and dollois and other duly recognised village authorities have power to compel attendance of parties to any suit and their witnesses, all such persons being resident within their own jurisdiction, and to fine within the limit of Rs 50 persons wilfully failing to attend They have power to award all costs, also compensation to defendants for unfounded or vexatious suits brought against them

28 All proceedings shall be *viva voce*, and the sirdars and dollois or other duly recognised village authorities shall not be called upon to make either record or registry of their decision After hearing both parties and their witnesses, if any, they shall with or without the opinion of assessors, as they think fit, pronounce a decision forthwith But if at the trial before the village authorities any person who can write can be found, a brief note of the proceedings is to be made

29 Sirdars or dollois, or other duly recognised village authorities, may carry out their decisions at once, and order attachment of property to be made, but in no case is property so attached to be sold if the party cast claim to appeal within eight days On such appeal being made, they shall send the parties and their witnesses to the Deputy Commissioner or Assistant Commissioner forthwith, or as soon as may be, and either accompany them or send one respectable person who has been present at the trial with them

30 All notices given by sirdars and dollois or other duly recognised village authorities to parties or witnesses shall be verbal, and for a fixed day not exceeding eight days from the day it is given If a case be postponed, it shall be fixed for a day not exceeding eight days from the order, and the case may be subsequently adjourned for periods not exceeding eight days on good cause shown

31 The Deputy Commissioner and Assistant Commissioner shall not ordinarily hear suits triable by sirdars and dollois, or other duly recognised

এলাকার জাত যে ব্যক্তিরা তাঁহাদের নিজ এলাকায় বাস না করেন তাহারা যে মোকদ্দমার এক পক্ষ হন সেই মোকদ্দমার বিচার করিতে পারিবেন না।

(খ) সকল মোকদ্দমা খোলা দরবারে উভয় পক্ষের ও ন্যূনকল্পে তিন জন সম্ভ্রান্ত সাক্ষির সম্মুখে নিষ্পত্তি করিতে হইবে।

২৭। মোকদ্দমার উভয় পক্ষ ও তাঁহাদের সাক্ষিরা ঐ সরদারদের ও দলইদের ও গ্রামের নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষদের এলাকায় বাস করিলে তাঁহারা সেই ব্যক্তিদিগকে বলপূর্ব্বক উপস্থিত করাইতে পারিবেন ও তাহরা ইচ্ছাক্রমে আসিতে ত্রুটি করিলে ৫০ টাকা পর্য্যন্ত তাহাদের জরীমানা করিতে পারিবেন। কোন ব্যক্তির নামে অমূলক কি কেবল কষ্টদায়ক মোকদ্দমা উপস্থিত করা গেলে তাঁহারা প্রতিবাদির সকল খরচ দিবার ও ক্ষতিপূরণের টাকাও দিবার আজ্ঞা করিতে পারিবেন।

২৮। মোকদ্দমা সম্পর্কীয় সকল কার্য্য বাচনিক হইবে এবং সরদারদিগকে কি দলইদিগকে কিম্বা গ্রামের নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষদিগকে আপনাদের নিষ্পত্তি লিখিয়া রাখিতে কি রেজিষ্টরী করিতে আদেশ থাকিবে না। তাঁহারা উভয় পক্ষের কথা শুনিলে পর ও সাক্ষিদিগকে আনা গেলে তাহাদের কথা শুনিলে পর আসেসরদের মত লইয়া কি না লইয়া যদ্রূপ নিষ্পত্তি করা উচিত বোধ করেন তৎকালেই সেই নিষ্পত্তি প্রকাশ করিবেন। কিন্তু বিচারকালে গ্রামের কর্ত্তৃপক্ষদের সম্মুখে লিখিতে জানে এমত কোন ব্যক্তিকে পাওয়া যাইতে পারিলে মোকদ্দমাঘটিত কার্য্যের সংক্ষেপ মর্ম্ম লেখা যাইবে।

২৯। সরদারেরা কি দলইরা কিম্বা গ্রামের নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষেরা একেবারেই আপনাদের নিষ্পত্তিমতে কর্ম্ম করাইয়া সম্পত্তি ক্রোক করিবার আজ্ঞা করিতে পারিবেন। কিন্তু পরাজিত ব্যক্তি আট দিনের মধ্যে আপীল করিবার দাওয়া করিলে সেই ক্রোক করা সম্পত্তি বিক্রয় করা যাইবে না। তদ্রূপ আপীল করা গেলে তাঁহারা অগৌণে কিম্বা সাধ্যমতে ত্বরায় ঐ উভয় পক্ষকে ও তাঁহাদের সাক্ষিদিগকে ডেপুটী কমিশনরের কি আসিষ্টাণ্ট কমিশনরের নিকটে পাঠাইবেন ও আপনারা সঙ্গে যাইবেন কিম্বা তাহাদের বিচার কালে যাঁহারা উপস্থিত ছিলেন এমত সম্ভ্রান্ত কোন ব্যক্তিকে সঙ্গে পাঠাইবেন।

৩০। সরদারেরা ও দলইরা কিম্বা গ্রামের নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষেরা বাদি ও প্রতিবাদিকে কি সাক্ষিদিগকে যে সকল নোটিস দেন তাহা বাচনিক হইবে ও যে দিনে দেওয়া গেল তদবধি আট দিনের অনধিক কোন দিন নির্দ্দিষ্ট থাকিবে। মোকদ্দমার বিচার কার্য্য যদি স্থগিত রাখা যায় তবে স্থগিত হইবার আজ্ঞার পর আট দিনের অনধিক কোন দিনে বিচার করিবার দিনান্তর নিরূপণ হইবে। এবং বিশেষ কারণ দর্শান গেলে তৎপরেও সেই মোকদ্দমা আট২ দিনের অনধিক কাল স্থগিত থাকিতে পারিবে।

৩১। কোন মোকদ্দমা সরদারদের কি দলইদের কিম্বা গ্রামের নিয়মিতরূপে স্বীকৃত অন্য কর্ত্তৃপক্ষদের বিচার্য্য হইলে ডেপুটী কমিশনর সাহেব কিম্বা আসিষ্টাণ্ট

village authorities, but they have a discretion to do so when they think right, and suits which under these rules the village authorities cannot try, must be tried by the Deputy Commissioner or Assistant Commissioner A register of all suits tried by the Deputy Commissioner and Assistant Commissioner shall be kept in such form as the Commissioner shall direct

32. The Deputy Commissioner and Assistant Commissioner shall, in all cases in which the parties are indigenous inhabitants of the hills, endeavour to induce them to submit their case to a punchayet If they agree to this, each party shall name an equal number of arbitrators, and shall choose, or leave the arbitrators to choose, an umpire The name and residence of arbitrators and umpire, and the matter in dispute, must be recorded before the proceedings commence, and the court will direct the sirdar or dolloi or other recognised authority to assemble the punchayet and witnesses within eight days When the case has been decided, the umpire shall appear with the parties before the court, which shall proceed to record the decision and enforce it as its own From such decision there shall be no appeal

33 An appeal shall lie from the decision of the sirdar or dolloi or other duly recognised village authority to the Deputy Commissioner or Assistant Commissioner A record will be made of the matter in dispute and the decision of the village authority If necessary, the court shall examine the parties, and if the decision appears to be just, will affirm and enforce it as one of its own If the court sees reason to doubt the justice of the decision, it will try the case *de novo* or refer it to a punchayet as above

34 Houses, needful clothing, cooking utensils, or implements whereby the owner subsists, shall not be attached, sold, or transferred in execution of decree, unless themselves the subject of the suit.

35 There shall be no imprisonment for debt, excepting in cases where the Deputy Commissioner is satisfied that fraudulent disposal or concealment of property has taken place, in such cases the debtor may be detained for a period not exceeding six months

36. No appeal shall lie as of right from decisions of an Assistant Commissioner to the Deputy Commissioner, except as hereinafter provided, but the Deputy Commissioner if he see fit may call for the proceedings of any case decided by

৩৬ ধারা। পঞ্জাবের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের শাসিত দেশে এবং অযোধ্যার ও মধ্য প্রদেশের ও ব্রিটনীয় বর্ম্মা দেশের প্রধান কমিশ্যনর সাহেবদের শাসিত দেশে ও কুর্গে এবং অন্যং প্রদেশের যেং স্থানে ডেপুটী কমিশ্যনরেরা কি আসিষ্টাণ্ট কমিশ্যনরেরা থাকেন স্থানীয় গবর্ণমেণ্ট সেইং স্থানের ডেপুটী কমিশ্যনরের প্রতি কিম্বা ফৌজদারী বিষয়ে জিলার কার্য্য নির্ব্বাহ করণের ভার প্রধান অন্য যে কার্য্যকারকের প্রতি অর্পিত হয় তাঁহার প্রতি প্রাণদণ্ডের অপরাধভিন্ন মাজিষ্ট্রেটের ন্যায় সকল অপরাধের বিচার করিবার এবং আইনে নির্জ্জনে বদ্ধকরণরূপ দণ্ডের অনুমতি থাকিলে তৎসহিত সাত বৎসরের অনধিক কাল কারাদণ্ডের কিম্বা অর্থদণ্ডের কিম্বা বেত্রাঘাতের আজ্ঞা করিবার ও আইনে উক্ত কোন দুই দণ্ড সংযোগ করিবার অনুমতি থাকিলে তাহার আজ্ঞা করিবার ক্ষমতা প্রদান করিতে পারিবেন। পরন্তু উক্ত অন্যতর কার্য্যকারক তিন বৎসরের অধিক কালের কারাদণ্ডের আজ্ঞা করিলে ঐ ডেপুটী কমিশ্যনর যে সেশন জজের অধীন থাকেন তাঁহার দ্বারা ঐ দণ্ডের আজ্ঞা দৃঢ় হওয়া আবশ্যক। উক্ত সেশন জজ সাহেবের দৃঢ় করণার্থে দণ্ডের যে আজ্ঞা অর্পিত হয় তিনি তাহা দৃঢ় কি মতান্তর কি ব্যর্থ করিতে পারিবেন ইতি।

নিম্নশ্রেণীর মাজিষ্ট্রেটদের কথা।

নিম্নশ্রেণীর মাজিষ্ট্রেটদের কথা।

৩৭ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট জিলার মাজিষ্ট্রেটভিন্ন অন্য যত ব্যক্তিকে নিযুক্ত করা বিহিত বোধ করেন তাঁহারদিগকে, জিলার প্রথম কি দ্বিতীয় কি তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটস্বরূপ নিযুক্ত করিতে পারিবেন।

উক্ত সকল মাজিষ্ট্রেট জিলার মাজিষ্ট্রেট সাহেবের অধীন হইবেন। এবং এই আইনে যত দূর ও যদ্রূপ বিধান হইযাছে তাঁহারা তত দূর ও তদ্রূপে সেশন জজ সাহেবের অধীন থাকিবেন নতুবা জিলার মাজিষ্ট্রেট কি অধীন মাজিষ্ট্রেটগণ সেশন জজ সাহেবের অধীন হইবেন না।

উপবিধি।

যে শ্রেণীর মাজিষ্ট্রেট যে অপরাধের বিচার করিতে ক্ষমতাপন্ন হন, ও ২০ ধারামতে যে দণ্ডের আজ্ঞা করিতে অনুমতি পান স্থানীয় গবর্ণমেণ্ট তাঁহাকে তদ্ভিন্ন অন্য অপরাধের বিচার করিবার কি অন্য দণ্ডের আজ্ঞা করিবার আদেশ দিতে পারিবেন না ইতি।

Power to determine local jurisdiction of a Magistrate of District

38. The Local Government may, by notification in the official Gazette, prescribe the local limits of the jurisdiction of a Magistrate of the District and may by such notification from time to time alter such local limits.

Division of Districts into divisions

39 The Local Government may divide any district into divisions, and from time to time alter their limits. All existing divisions of districts which are now usually put under the charge of a Magistrate shall be divisions until their limits are so altered

Existing divisions preserved

Local Government may put Magistrate in charge of division

40. The Local Government may place any Magistrate of the 1st or 2nd class in charge of a division of a district

Such Magistrate shall be called a Magistrate of a Division of a District and shall exercise the powers conferred on him under this Act, or under any law for the time being in force, subject to the control of the Magistrate of the District

Delegation of power to Magistrate of District

The Local Government may, if it thinks fit, delegate its powers under this section to the Magistrate of the District

Subordination of officers to Magistrate of Division of District

41. Every Magistrate in a Division of a District shall be subordinate to the Magistrate of the Division of the District, subject, however, to the general control of the Magistrate of the District

Special Magistrates

42. The Local Government may confer upon any person all or any of the powers of a Magistrate of the 1st, 2nd, or 3rd class, in respect to particular offences, or to a particular class or particular classes of offences, or in regard to offences generally, in any part of a district or in any one or more districts, subject to such Local Government

Such Magistrates shall be called "Special Magistrates"

জিলার মাজিষ্ট্রেটের বিচারাধিপত্য যত দূর ব্যাপ্ত হয় তাহা নিরূপণ করিবার ক্ষমতার কথা।

৩৮ ধারা। জিলার মাজিষ্ট্রেট সাহেবের বিচারাধিপত্য যত দূর ব্যাপ্ত হইবে স্থানীয় গবর্ণমেন্ট রাজকীয় গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া ইহা নির্দ্দেশ করিতে পারিবেন এবং সময়ে২ তদ্রূপ জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া ঐ সীমা পরিবর্ত্তন করিতে পারিবেন ইতি।

জিলা খণ্ড২ করিয়া বিভাগ করিবার কথা।

৩৯ ধারা। স্থানীয় গবর্ণমেন্ট কোন জিলা খণ্ডে২ বিভাগ করিতে পারিবেন ও সময়ে২ সেই২ খণ্ডের সীমা পরিবর্ত্তন করিতে পারিবেন। জিলার বর্ত্তমান যে সকল খণ্ড সচরাচর মাজিষ্ট্রেটের আজ্ঞাধীন রাখা গিয়া থাকে পূর্ব্বোক্তমতে যত কাল তাহার সীমা পরিবর্ত্তন না করা যায় তত কাল সেই২ খণ্ড থাকিবে ইতি।

এইক্ষণকার খণ্ড থাকিবার কথা।

মাজিষ্ট্রেটের প্রতি খণ্ডের অধ্যক্ষতাভার দিতে স্থানীয় গবর্ণমেণ্টের ক্ষমতার কথা।

৪০ ধারা। স্থানীয় গবর্ণমেন্ট প্রথম কি দ্বিতীয় শ্রেণীর কোন মাজিষ্ট্রেটকে জিলার কোন খণ্ডের অধ্যক্ষতা ভার দিতে পারিবেন।

সেই মাজিষ্ট্রেট জিলার খণ্ডের মাজিষ্ট্রেট নামে খ্যাত হইবেন। তাঁহার প্রতি এই আইনমতে কিম্বা অন্য যে আইন যৎকালে প্রচলিত থাকে সেই আইনমতে যে সকল ক্ষমতা অর্পণ করা যায় তিনি জিলার মাজিষ্ট্রেট সাহেবের কর্ত্তৃত্বাধীনে সেই ক্ষমতামতে কার্য্য করিবেন।

জিলার মাজিষ্ট্রেট সাহেবের প্রতি ক্ষমতার্পণের কথা।

স্থানীয় গবর্ণমেন্ট বিহিত বোধ করিলে আপনার এই ধারামত ক্ষমতা জিলার মাজিষ্ট্রেট সাহেবের প্রতি অর্পণ করিতে পারিবেন ইতি।

কর্ম্মকারকদের জিলার খণ্ডের মাজিষ্ট্রেটের অধীন থাকিবার কথা।

৪১ ধারা। জিলার খণ্ডের মধ্যে যত জন মাজিষ্ট্রেট থাকেন তাঁহারা জিলার সেই খণ্ডের মাজিষ্ট্রেটের অধীন হইবেন। কিন্তু এই বিষয়ে জিলার মাজিষ্ট্রেট সাহেবের সাধারণ কর্ত্তৃত্ব থাকিবে ইতি।

বিশেষ মাজিষ্ট্রেটদের কথা।

৪২ ধারা। স্থানীয় গবর্ণমেন্ট আপনার অধীন কোন জিলার কোন অংশে কিম্বা কোন এক কি অধিক জিলায় বিশেষ অপরাধ সম্পর্কে কিম্বা বিশেষ এক প্রকারের কিম্বা বিশেষ২ নানা প্রকারের অপরাধ সম্পর্কে কিম্বা সাধারণমত সকল অপরাধ সম্পর্কে কোন ব্যক্তির প্রতি প্রথম কি কি দ্বিতীয় কি তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের সকল কি অন্যতর ক্ষমতা প্রদান করিতে পারিবেন।

সেই২ মাজিষ্ট্রেটেরা বিশেষ মাজিষ্ট্রেট নামে খ্যাত হইবেন ইতি।

43. In conferring powers under this Act the Local Government may empower persons specially by name, or classes of officials generally by their official titles

Mode of conferring powers.

44. The Magistrate of the District or any Magistrate of a Division of a District, may make over any criminal case taken up by him on suspicion, or brought before him on complaint, or on report by the Police, for inquiry or trial to any Magistrate subordinate to him, to be dealt with to the extent of the powers with which the Subordinate Magistrate may have been invested under the provisions hereinbefore contained

Transfer of criminal cases to Subordinate Magistrate.

The Magistrate making the reference may, if he case was brought forward on complaint, before such reference, examine the complainant as prescribed in this Act, but if he does not do so, the Magistrate to whom the case is referred shall proceed as if the complaint had been made to him

The order of reference shall be recorded in a proceeding, and if the case has been brought forward on the report of a Police officer, shall be recorded on such report, and all processes issued for causing the attendance of the accused person or the witnesses shall direct them to attend before the Magistrate to whom the case has been referred

The Magistrate making the reference may, if he thinks proper, retransfer to his own file the case referred under paragraph one of this section, and when he has done so, and not before, may proceed therein

45. If, in the course of a proceeding before a Magistrate, the evidence appears to him to warrant a presumption that the accused person has been guilty of an offence which such Magistrate is not competent to try,

Procedure of Magistrate in cases beyond his jurisdiction

or for which he is not competent to commit the accused person for trial,

he shall stay proceedings and submit the case to any Magistrate to whom he is subordinate, or to such other Magistrate, having jurisdiction, as the Magistrate of the District directs.

৪৩ ধারা। এই আইনমতে ক্ষমতা প্রদান করিতে হইলে স্থানীয় গবর্ণমেণ্ট বিশেষ ব্যক্তিদের নাম করিয়া তাঁহাদিগকে কিম্বা বিশেষ শ্রেণীর কর্ম্মকারকদের পদসংক্রান্ত খ্যাতি করিয়া সেই শ্রেণীর কর্ম্মকারকদিগকে ঐ২ ক্ষমতা প্রদান করিতে পারিবেন ইতি।

ক্ষমতা প্রদান করিবার নিয়মের কথা।

৪৪ ধারা। জিলার মাজিষ্ট্রেট সাহেব কিম্বা জিলার কোন খণ্ডের কোন মাজিষ্ট্রেট সন্দেহ করিয়া যে ফৌজদারী মোকদ্দমা গ্রহণ করেন কিম্বা নালিশক্রমে কি পোলীসের রিপোর্টক্রমে যে ফৌজদারী মোকদ্দমা তাঁহার সম্মুখে উপস্থিত করা যায়, তিনি আপনার অধীন কোন মাজিষ্ট্রেটের তদন্ত লইবার ও বিচার করিবার নিমিত্ত সেই মোকদ্দমা অর্পণ করিতে পারিবেন। সেই অধীন মাজিষ্ট্রেট পূর্ব্বোক্ত বিধানমতে যেং ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন সেইং ক্ষমতার সীমাপর্য্যন্ত ঐ মোকদ্দমা লইয়া কার্য্য করিবেন।

নিম্নশ্রেণীর মাজিষ্ট্রেটের প্রতি ফৌজদারী মোকদ্দমা অর্পণ করিবার কথা।

যে মাজিষ্ট্রেট তদ্রূপে মোকদ্দমা অর্পণ করেন সেই মোকদ্দমা নালিশক্রমে তাঁহার সম্মুখে উপস্থিত করা গেলে তিনি অর্পণ করিবার পূর্ব্বে এই আইনের নির্দ্দিষ্টমতে বাদির পরীক্ষা লইতে পারিবেন। যদি তাহা না লন, তবে ঐ মোকদ্দমা যে মাজিষ্ট্রেটের প্রতি অর্পণ করা যায় তাঁহারই নিকট নালিশ হওয়ার মত তিনি সেই মোকদ্দমাসংক্রান্ত কার্য্য করিবেন।

অর্পণ করিবার আজ্ঞা রুবকারীতে লিপিবদ্ধ হইবে ও যদি পোলীসের কর্ম্মকারকের রিপোর্টমতে ঐ মোকদ্দমা উপস্থিত করা যায়, তবে ঐ রিপোর্টেও সেই আজ্ঞা লিপিবদ্ধ করিতে হইবে। এবং অভিযুক্ত ব্যক্তিকে কি সাক্ষিদিগকে উপস্থিত করাইবার যে সকল পরওয়ানা বাহির হয় মোকদ্দমা যে মাজিষ্ট্রেটের প্রতি অর্পণ করা গেল পরওয়ানার তাঁহারই সম্মুখে তাহারদিগকে উপস্থিত করিবার আদেশ থাকিবে।

মাজিষ্ট্রেট এই ধারার ১ প্রকরণমতে কোন মোকদ্দমা অর্পণ করণানন্তর বিহিত বোধ করিলে তাহা পুনরায় আপনার নথীতে আনাইতে পারিবেন। তাহা করিলে পর তিনি ঐ মোকদ্দমার কার্য্যানুষ্ঠান করিতে পারিবেন তৎপূর্ব্বে নয় ইতি।

৪৫ ধারা। মাজিষ্ট্রেটের সম্মুখে মোকদ্দমার কার্য্যানুষ্ঠান হইতেছে এমন সময়ে আপনি যে অপরাধের বিচার করিতে সক্ষম নহেন,

মোকদ্দমা মাজিষ্ট্রেটের ক্ষমতার বহির্ভূত হইলে তাঁহার যাহা কর্ত্তব্য তাহার কথা।

কিম্বা যে অপরাধহেতুক ব্যক্তিকে বিচারার্থে সমর্পণ করিতে সক্ষম নহেন প্রমাণ দৃষ্টে অভিযুক্ত ব্যক্তির এমত অপরাধ হইয়াছে অনুভব হইলে,

তিনি সেই আনুষ্ঠানিক কার্য্য স্থগিত করিয়া আপনি যে মাজিষ্ট্রেটের অধীন থাকেন তাঁহার নিকটে কিম্বা জিলার মাজিষ্ট্রেট সাহেব উপযুক্ত ক্ষমতাপন্ন অন্য যে মাজিষ্ট্রেটের নিকট তাহা পাঠাইতে আজ্ঞা করেন তাঁহার নিকটে ঐ মোকদ্দমা প্রেরণ করিবেন।

The Magistrate to whom the case is submitted shall either try the case himself, or refer it to any officer, subordinate to him, having jurisdiction; or he may commit the accused person for trial.

মোকদ্দমা যে মাজিষ্ট্রেটের নিকট পাঠান যায় তিনি আপনি সেই মোকদ্দমার বিচার করিবেন অথবা আপনার অধীন উপযুক্ত ক্ষমতাপন্ন কোন কার্য্যকারকের প্রতি অর্পণ করিবেন কিম্বা বিচার হইবার নিমিত্ত অভিযুক্ত ব্যক্তিকে সমর্পণ করিবেন।

In any such case, such Magistrate or other officer as aforesaid, shall examine the parties and witnesses, and shall proceed in all respects as if no proceedings had been held in any other Court

উক্ত কোন স্থলে উক্ত মাজিষ্ট্রেট কিম্বা পূর্ব্বোক্ত অন্য কার্য্যকারক উভয় পক্ষের ও সাক্ষিদের পরীক্ষা লইবেন ও অন্য আদালতে কোন কার্য্যের অনুষ্ঠান না হওয়ার ন্যায় সকল কার্য্য চালাইবেন।

But any statement or confession duly made by an accused person in the course of the proceedings before the Magistrate, before whom the case was originally brought, shall be admissible as evidence in all subsequent proceedings

কিন্তু যে মাজিষ্ট্রেটের সম্মুখে মোকদ্দমা প্রথমে উপস্থিত করা যায় অভিযুক্ত ব্যক্তি তাঁহার সম্মুখে নিয়মিতমতে কোন উক্তি করিলে কি অপরাধ স্বীকার করিলে তৎপশ্চাৎ সকল আনুষ্ঠানিক কার্য্যে তাহার সেই উক্তি ও সেই স্বীকারবাক্য প্রমাণস্বরূপ গ্রাহ্য হইতে পারিবে ইতি।

Procedure when Magistrate cannot pass sentence sufficiently severe.

46. Whenever a Magistrate of the 2nd or 3rd class, having jurisdiction, finds an accused person guilty, and considers that he ought to receive a more severe punishment than such Magistrate is competent to adjudge, he may record the finding and, if sentence has not been passed, may submit his proceedings, and forward the accused person to the Magistrate of the District, or to the Magistrate of the Division of the District, to whom he is subordinate

মাজিষ্ট্রেট উচিতমতে কঠিন দণ্ডের আজ্ঞা করিতে না পারিলে যাহা কর্ত্তব্য তাহার কথা।

৪৬ ধারা। দ্বিতীয় কি তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেট বিচার করিবার উপযুক্ত ক্ষমতাপন্ন হইয়া অভিযুক্ত ব্যক্তিকে অপরাধি নির্ণয় করিলে কিন্তু আপনি যে পর্য্যন্ত দণ্ডের আজ্ঞা করিতে পারেন ঐ ব্যক্তির তদপেক্ষা কঠিন দণ্ড হওয়া উচিত বোধ করিলে, তিনি সেই নিষ্পত্তি লিখিয়া রাখিতে পারিবেন ও যদি দণ্ডের আজ্ঞা না করিয়া থাকেন, তবে আপনার আনুষ্ঠানিক কার্য্যের কাগজপত্রসহিত ঐ অভিযুক্ত ব্যক্তিকে জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকট কিম্বা আপনি জিলার খণ্ডের যে মাজিষ্ট্রেটের অধীন থাকেন তাঁহার নিকট পাঠাইবেন।

The Magistrate, to whom the proceedings are submitted, may, if he thinks fit, examine the parties and recall and examine any witness who has already given evidence in the case, and may summon any further witnesses and take their evidence, and shall pass such judgment, sentence, or order in the case as he deems proper, and as is according to law Provided that he shall not exceed the powers ordinarily exercisable by him under section twenty of this Act.

ঐ আনুষ্ঠানিক কার্য্যের কাগজপত্র যে মাজিষ্ট্রেটের সম্মুখে অর্পণ করা যায় তিনি উচিত বোধ করিলে উভয় পক্ষের পরীক্ষা লইতে পারিবেন ও ঐ মোকদ্দমায় যে সাক্ষিরা সাক্ষ্য দিয়াছেন তাহারদিগকে পুনরায় ডাকাইয়া তাহারদের পরীক্ষা লইতে পারিবেন, এবং আরং সাক্ষিকে সমন করিয়া তাহারদের সাক্ষ্য লইতে পারিবেন ও সেই মোকদ্দমার আইন অনুযায়ি যদ্রূপ নিষ্পত্তি কি দণ্ডের আজ্ঞা কি অন্য আজ্ঞা উপযুক্ত জ্ঞান করেন তদ্রূপ নিষ্পত্তি কি আজ্ঞা করিবেন। কিন্তু তিনি এই আইনের ২০ ধারামতে সামান্যতঃ যে ক্ষমতাক্রমে কার্য্য করিতে পারেন তাহার অতিরিক্ত না করেন।

Magistrate may in the first instance commit accused for trial before Court of Session.

The Magistrate who originally dealt with the case may, if he is empowered to hold inquiries into cases triable by the Court of Session and to commit persons to take their trial before such Court, instead of submitting his proceedings to another Magistrate, commit the accused person for trial before the Court of Session instead of finding him guilty.

অভিযুক্ত ব্যক্তিকে প্রথমেই সেশন আদালতের বিচারার্থে সমর্পণ করিতে মাজিষ্ট্রেটের ক্ষমতার কথা।

যে মাজিষ্ট্রেট প্রথমে ঐ মোকদ্দমা লইয়া কার্য্য করেন তিনি যদি সেশন আদালতের বিচার্য্য মোকদ্দমার তদন্ত লইতে ও সেশন আদালতের বিচারার্থে ব্যক্তিদিগকে সমর্পণ করিতে সক্ষম হন তবে আপনার আনুষ্ঠানিক কার্য্যের কাগজপত্র অন্য মাজিষ্ট্রেটের প্রতি অর্পণ না করিয়া ও অভিযুক্ত ব্যক্তিকে অপরাধী নির্ণয় না করিয়া সেশন আদালতের বিচারার্থে তাহাকে সমর্পণ করিতে পারিবেন ইতি।

47. Magistrates of Districts and Magistrates of Divisions of Districts may respectively withdraw any criminal case from any Magistrate subordinate to them, and may inquire into or try the case themselves, or refer it for inquiry or trial to any other such Magistrate competent to inquire into or try the same

Magistrate may withdraw or refer cases

Magistrates of Districts may withdraw any criminal appeal from any Subordinate Magistrate who has been authorized to hear appeals from the convictions of Magistrates of the 2nd and 3rd classes, and may refer criminal appeals to any competent Magistrate subordinate to them

48. The Local Government may authorize the Magistrate of the District to withdraw from the Magistrates subordinate to him, whether in charge of divisions of districts or not, either such classes of cases as he thinks proper, or particular classes of cases

Local Government may empower Magistrates of Districts to withdraw classes of cases

49 The Magistrate of the District, under the general or special orders of the Local Government, may authorize any Magistrate subordinate to him to entertain complaints arising within certain local limits, and may from time to time vary such orders Provided that no such Magistrate shall be authorized to entertain any complaint of any offence which he is not competent to try or to commit for trial

Local Government may authorize Magistrate of District to distribute business by localities

MAGISTRATES' BENCHES

50. The Local Government may direct any two or more Magistrates to sit together as a bench, and may invest such bench with the powers of a Magistrate of the 1st, 2nd or 3rd class, and direct it to try such cases or such classes of cases only and within such limits as it thinks fit

Power to invest Magistrates sitting as a bench with certain powers

৪৭ ধারা। জিলার মাজিষ্ট্রেট সাহেবেরা ও জিলার খণ্ডের মাজিষ্ট্রেটেরা আপনং অধীন কোন মাজিষ্ট্রেটের নিকট হইতে কোন ফৌজদারী মোকদ্দমা উঠাইয়া লইয়া আপনি তাহার তদন্ত লইতে কি বিচার করিতে পারিবেন কিম্বা তদন্ত লইয়া বিচার করিবার উপযুক্ত ক্ষমতাপন্ন আপনার অধীন অন্যকোন মাজিষ্ট্রেটের তদন্ত লইয়া বিচার করিবার নিমিত্ত ঐ মোকদ্দমা অর্পণ করিতে পারিবেন।

মোকদ্দমা মাজিষ্ট্রেটের উঠাইয়া লইবার কি অর্পণ করিবার ক্ষমতার কথা।

দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটেরা অপরাধ নির্ণয় করিলে তাহার উপর যে সবর্ডিনেট মাজিষ্ট্রেটের আপীল শুনিবার ক্ষমতা থাকে জিলার মাজিষ্ট্রেট সাহেবেরা তাঁহার নিকটহইতে ফৌজদারী কোন আপীল উঠাইয়া লইতে পারিবেন, এবং আপনার অধীন যে মাজিষ্ট্রেটের উপযুক্ত ক্ষমতা থাকে তাঁহার প্রতি ফৌজদারী আপীল অর্পণ করিতে পারিবেন ইতি।

৪৮ ধারা। জিলার মাজিষ্ট্রেট সাহেবের অধীন মাজিষ্ট্রেটেরা জিলার খণ্ডের অধ্যক্ষ্যতাভার প্রাপ্ত হইলে বা না হইলেও জিলার মাজিষ্ট্রেট সাহেব তাঁহারদের নিকট হইতে বিশেষ প্রকারের যে মোকদ্দমা উঠাইয়া লওয়া বিহিত বোধ করেন তাহা উঠাইয়া লন কিম্বা বিশেষ প্রকারের সকল মোকদ্দমা উঠাইয়া লন স্থানীয় গবর্ণমেণ্ট তাঁহাব প্রতি এই ক্ষমতা প্রদান করিতে পারিবেন ইতি।

জিলার মাজিষ্ট্রেট সাহেবদিগকে বিশেষ প্রকারের সকল মোকদ্দমা উঠাইয়া লইবার ক্ষমতা দিতে স্থানীয় গবর্ণমেণ্টের ক্ষমতার কথা।

৪৯ ধাবা। জিলার মাজিষ্ট্রেট সাহেব স্থানীয় গবর্ণমেণ্টের সাধারণ কি বিশেষ আজ্ঞা পাইলে বিশেষ সীমার অন্তর্গত স্থানে যে নালিশ উত্থিত হয় আপনার অধীন কোন মাজিষ্ট্রেটকে তাহাই গ্রাহ্য করিবার অনুমতি দিতে পারিবেন ও সময়ে২ সেই আজ্ঞা মতান্তর করিতে পারিবেন। পরন্তু উক্ত প্রকারের কোন মাজিষ্ট্রেট যে অপরাধের বিচার করিতে কিম্বা যে অপরাধ হেতুক অভিযুক্ত ব্যক্তিকে বিচারার্থে সমর্পণ করিতে ক্ষমতাপন্ন নহেন তিনি সেই অপ৹াধের নালিশ গ্রহণ করিবার অনুমতি পাইবেন না ইতি।

জিলার মাজিষ্ট্রেট সাহেব যেন স্থান লক্ষ করিয়া কার্য্য বিলি করিয়া দেন তাঁহার প্রতি স্থানীয় গবর্ণমেণ্টের এই ক্ষমতা প্রদান করিবার কথা।

অধিবিষ্ট মাজিষ্ট্রেটদের কথা।

৫০ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট কোন দুই কি তদধিক জন মাজিষ্ট্রেটকে বিচার কার্য্যে একত্র বসিবার আদেশ করিতে পারিবেন ও অধিবিষ্ট সেই মাজিষ্ট্রেটদিগকে প্রথম কি দ্বিতীয় কি তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটদের ক্ষমতা প্রদান করিতে পারিবেন, ও যে সীমার মধ্যগত স্থানে তাঁহারদের দ্বারা যেং মোকদ্দমা বা যেং প্রকারের মোকদ্দমা বিচার হওয়া উচিত জ্ঞান করেন তাঁহারদিগকে সেই সীমার মধ্যে সেইং মোকদ্দমার বিচার করিবার আজ্ঞা দিতে পারিবেন ইতি।

মাজিষ্ট্রেটেরা একত্র বসিলে তাঁহারদের প্রতি বিশেষ ক্ষমতা প্রদান করিবার ক্ষমতার কথা।

Powers exercisable by such bench in absence of special directions.

51. In the absence of any special direction as to the powers of any such bench, it shall have the powers of a Magistrate of the highest class to which any one of its members belongs, and who is present taking part in the proceedings.

Magistrate of the District may frame rules for guidance of benches

52. The Magistrate of the District may, subject to the general orders of the Local Government, make rules for the guidance of Magistrates' benches in his district

Such rules shall not be inconsistent with the provisions of this Act, and may deal with the following subjects —

The classes of cases to be tried

The times and places of sitting

The constitution of the bench for conducting trials

The mode of settling differences of opinion which may arise between the Magistrates in Session

Magistrate of District may vary or annul rules made under section 52

53. The Magistrate of the District may, subject to the like orders, vary or annul, from time to time, any rules made by himself or by his predecessor under the last preceding section

CONTINUANCE AND ALTERATION OF POWERS

Powers may be varied or cancelled.

54. The Local Government may vary or cancel any powers with which any person may have been invested under this Act or any enactment hereby repealed.

Powers of officer temporarily succeeding to vacancies in office of Magistrate of District

55. When, in consequence of the office of a Magistrate of the District becoming vacant, any officer succeeds temporarily to the chief executive administration of the district in criminal matters, such officer shall, pending the orders of the Local Government, exercise all the ordinary powers and perform all the duties of the Magistrate of the District.

Continuance of powers of officers transferred.

56. Whenever any person holding an office in the service of Government who has been invested with any powers under this Act or any enactment hereby repealed in any

বিশেষ আদেশ না থাকিলে অধিবিষ্ট সেই মাজিষ্ট্রেটেরা যে ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন তাহার কথা।

৫১ ধারা। অধিবিষ্ট তদ্রূপ মাজিষ্ট্রেটদের ক্ষমতার বিষয়ে কোন বিশেষ আদেশ না থাকিলে যাঁহারা তদ্রূপে উপবিষ্ট হইয়া কার্য্যে প্রবর্ত্ত হন তাঁহারদের অন্যতর ব্যক্তি উচ্চতর যে শ্রেণীভুক্ত হন তাঁহারা একত্র সেই শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা প্রাপ্ত হইবেন ইতি।

অধিবিষ্ট মাজিষ্ট্রেটদের কার্য্যপদ্ধতি দর্শাইবার বিধি জিলার মাজিষ্ট্রেট সাহেবের প্রণয়ন করিবার কথা।

৫২ ধারা। জিলার মাজিষ্ট্রেট সাহেব স্থানীয় গবর্ণমেণ্টের সাধারণ আজ্ঞার বশে আপন জিলার মধ্যে অধিবিষ্ট তদ্রূপ মাজিষ্ট্রেটদের কার্য্যপদ্ধতির বিধি প্রণয়ন করিতে পারিবেন।

কিন্তু সেই বিধি এই আইনের বিধানের অসঙ্গত না হয়। তন্মধ্যে এই২ বিষয়ের বিধান থাকিবে,

যে প্রকারের মোকদ্দমার বিচার হইবে তাহা।

অধিবেশনের সময় ও স্থান।

বিচার কার্য্য চালাইবার জন্যে কে২ অধিবিষ্ট হইবেন।

অধিবিষ্ট মাজিষ্ট্রেটদের মতের অনৈক্য হইলে যেরূপে তাঁহারদের বিবাদ নিষ্পত্তি করা যাইবে ইতি।

৫২ ধারামতে যে বিধি প্রণীত হয় জিলার মাজিষ্ট্রেট সাহেবের তাহা মতান্তর কি অন্যথা করিবার ক্ষমতার কথা।

৫৩ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে জিলার মাজিষ্ট্রেট সাহেব আপনি কিম্বা তাঁহার পূর্ব্ব ঐ পদধারি সাহেব যে বিধি করিলেন পূর্ব্বোক্ত আজ্ঞার বশে তিনি সময়ে২ সেই বিধি মতান্তর কি অসিদ্ধ করিতে পারিবেন ইতি।

ক্ষমতা থাকনের ও পরিবর্ত্তন হওয়ার কথা।

ক্ষমতা মতান্তর কি রহিত হইতে পারিবার কথা।

৫৪ ধারা। এই আইনক্রমে কিম্বা এই আইনে অন্য যে আইন রহিত করা গেল সেই আইনক্রমে কোন ব্যক্তির প্রতি যে২ ক্ষমতা প্রদান করা যায় স্থানীয় গবর্ণমেণ্ট তন্মধ্যে কোন ক্ষমতা মতান্তর কি রহিত করিতে পারিবেন ইতি।

জিলার মাজিষ্ট্রেটের পদ শূন্য হইলে যে ব্যক্তি কিয়ৎকালের নিমিত্ত সেই পদে থাকেন তাঁহার ক্ষমতার কথা।

৫৫ ধারা। জিলার মাজিষ্ট্রেটের পদ শূন্য হওয়াপ্রযুক্ত যে কর্ম্মকারক কিয়ৎকালের নিমিত্ত ঐ জিলার ফৌজদারী ব্যাপার সম্বন্ধীয় কার্য্য নির্ব্বাহ করণের প্রধান পদ প্রাপ্ত হন তিনি স্থানীয় গবর্ণমেণ্টের আজ্ঞা পাইবার অপেক্ষায় জিলার মাজিষ্ট্রেটের সাধারণ সকল ক্ষমতামতে কার্য্য করিবেন ও তাঁহার কর্ত্তব্য সকল কর্ম্ম নির্ব্বাহ করিবেন ইতি।

কর্ম্মকারকেরা স্থানান্তরে প্রেরিত হইলে তাঁহারদের ক্ষমতা প্রবল থাকিবার কথা।

৫৬ ধারা। কোন ব্যক্তি গবর্ণমেণ্টের কর্ম্মসংক্রান্ত কোন পদ পাইয়া কোন জিলার মধ্যে এই আইনক্রমে কিম্বা এই আইনে অন্য যে আইন রহিত করা গেল সেই আইনক্রমে কোন

district, is transferred to an equal or higher office of the same nature within another district, he shall, unless the Local Government otherwise directs, continue to exercise the same powers in the district to which he is so transferred.

CHAPTER V

OF PUBLIC PROSECUTORS

Appointment of public prosecutor

57. The Local Government may, if it thinks proper, appoint officers to be called public prosecutors

Appointment may be for particular case or generally

58. Public prosecutors may be appointed either for a particular case, or for particular classes of cases, or for all cases throughout the whole or any part or any province

Private persons may not act as prosecutors or employed council without permission of the Court

59. Any Court inquiring into or trying any case may permit any person to conduct the case as prosecutor, but no person shall be entitled to do so without such permission Any person permitted to prosecute may conduct the prosecution personally or by counsel

He may plead in all Courts in cases under his charge

Barristers, &c, privately instructed to be under his direction

60. The public prosecutor may appear and plead without any written authority before all Courts in which any case under his charge is under inquiry, trial, or appeal, and if any private person instructs any barrister attorney, pleader, or vakil to prosecute any person in any case under the charge of the public prosecutor, the public prosecutor shall have the management of the case, and such other person shall act under his directions.

Effect of withdrawal in charge by public prosecutor

61. The public prosecutor may, with the consent of the Court, withdraw any charge against any person in any case of which he is in charge, and upon such withdrawal, if it is made whilst the case is under inquiry, the accused person shall be discharged If it is made when he is under trial, the accused person shall be acquitted

---

ক্ষমতা প্রাপ্ত হইলে যদি অন্য জিলার তত্তুল্য প্রকারের সমান কি উচ্চতর পদে নিযুক্ত হন, তবে স্থানীয় গবর্ণমেণ্ট প্রকারান্তরের আজ্ঞা না করিলে তিনি যে জিলায় প্রেরিত হইয়াছেন সেই জিলায় সেই ক্ষমতাক্রমে কার্য্য করিতে থাকিবেন ইতি।

৫ ম অধ্যায়

রাজকীয় অভিযোক্তাদের কথা।

রাজকীয় অভিযোক্তার নিয়োগের কথা।

৫৭ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট বিহিত বোধ করিলে রাজকীয় অভিযোক্তা নামে কার্য্যকারকদিগকে নিযুক্ত করিতে পারিবেন ইতি।

বিশেষ মোকদ্দমার নিমিত্ত কিম্বা সাধারণমতে ঐ নিয়োগ হইবার কথা।

৫৮ ধারা। রাজকীয় অভিযোক্তা বিশেষ কোন মোকদ্দমার নিমিত্ত কিম্বা বিশেষ প্রকারের মোকদ্দমার নিমিত্ত কিম্বা কোন প্রদেশের সমুদয় কি কোন অংশে সকল মোকদ্দমার নিমিত্ত নিযুক্ত হইতে পারিবেন ইতি।

আদালতের অনুমতি না হইলে সাধারণ ব্যক্তিদের অভিযোক্তাস্বরূপ কর্ম্ম না করিবার কি কৌন্সেল নিযুক্ত না করিবার কথা।

৫৯ ধারা। কোন আদালত মোকদ্দমার তদন্ত লইলে কি বিচার করিলে কোন ব্যক্তিকে অভিযোক্তাস্বরূপ মোকদ্দমা চালাইবার অনুমতি দিতে পারিবেন। কিন্তু তদ্রূপ অনুমতি না পাইলে কোন ব্যক্তির সেই কার্য্য করিবার অধিকার নাই। কোন ব্যক্তি অভিযোগ করিবার অনুমতি পাইলে আপনি কিম্বা কৌনসেলের দ্বারা অভিযোগ চালাইতে পারিবেন ইতি।

যেং মোকদ্দমা চালাইবার ভারপ্রাপ্ত হন সেইং মোকদ্দমায় সকল আদালতে তাঁহার সওয়াল জওয়াব করিতে পারিবার কথা।

সাধারণ ব্যক্তির বারিষ্টর প্রভৃতি তাঁহার আজ্ঞাধীন থাকিবার কথা।

৬০ ধারা। যে আদালতে রাজকীয় অভিযোক্তার প্রতি সমর্পিত মোকদ্দমার তদন্ত লওয়া যায় কি বিচার কি আপীল হয় তিনি লিখিত অনুমতিপত্র বিনা সেই আদালতে উপস্থিত হইয়া সওয়াল জওয়াব করিতে পারিবেন। ও তাঁহার প্রতি সমর্পিত কোন মোকদ্দমায় যদি সাধারণ কোন ব্যক্তি অন্য ব্যক্তির অভিযোগ করিবার নিমিত্ত কোন বারিষ্টরকে কি টর্নিকে কি প্লীডরকে কি উকীলকে আদেশ করেন, তবে মোকদ্দমা চালাইবার ভার রাজকীয় অভিযোক্তার প্রতি বর্ত্তিবে, উক্ত অন্য ব্যক্তিরা তাঁহার আজ্ঞাধীনে কর্ম্ম করিবেন ইতি।

রাজকীয় অভিযোক্তা অভিযোগ উঠাইয়া দিলে তাহার ফলের কথা।

৬১ ধারা। রাজকীয় অভিযোক্তার প্রতি যে মোকদ্দমা চালাইবার ভার থাকে সেই মোকদ্দমায় কোন ব্যক্তির নামে যে অভিযোগ হয় তি[illegible]আদালতের অনুমতি লইয়া সেই অভিযোগ উঠাইয়া দিতে পারিবেন। মোকদ্দমার তদন্ত লইবার সময়ে তাহা করিলে অভিযুক্ত ব্যক্তিকে ছাড়িয়া দেওয়া যাইবে। বিচার হইবার সময়ে তাহা করিলে, অভিযুক্ত ব্যক্তিকে নির্দ্দোষ করা যাইবে ইতি।

62. If an appeal is brought in any case in which any person, prosecuted by the public prosecutor, has been convicted, notice of such appeal and a copy of the grounds of appeal shall be given to such public prosecutor by the Appellate Court, and the Court shall also give him due notice of the time and place at which such appeal is to be heard

Notice to public prosecutor of appeal in cases prosecuted by him.

৬২ ধারা। কোন মোকদ্দমার রাজকীয় অভিযোক্তা কোন ব্যক্তির নামে অভিযোগ করিলে এবং তাহাকে অপরাধি নির্ণয় করা গেলে যদি সেই মোকদ্দমার আপীল উপস্থিত করা যায়, তবে আপীল আদালত রাজকীয় সেই অভিযোক্তাকে আপীলের নোটিস ও আপীলের হেতুপত্রের নকল দিবেন আর সেই আপীল যে সময়ে ও যে স্থানে শুনা যাইবে তাঁহাকে সময় থাকিতে সেই বিষয়েরও নোটিস দিবেন ইতি।

রাজকীয় অভিযোক্তা যে মোকদ্দমা চালান সেই মোকদ্দমার আপীল হইলে তাঁহাকে নোটিস দিবার কথা।

CHAPTER VI

The Place of Inquiry and Trial

63. Every offence shall be inquired into, and if tried by a Magistrate, shall be tried in the district in which it was committed. If tried by a Court of Session it shall be tried by that Court of Session to which the Magistrate commits

Place for inquiry and trial of offence

Magistrates shall ordinarily commit to the Court of Session for the Sessions Division, in which the district to which they are appointed is situated, but the Local Government may direct that any cases or class of cases committed in any district may be tried in any Sessions Division

Explanation —Offences created by local and special laws may be inquired into and tried in any place where the inquiry or trial might be held under the provisions of those laws or of this Code

৬ অধ্যায়।

তদন্ত লইবার ও বিচার করিবার স্থানের কথা।

৬৩ ধারা। অপরাধ যে জিলায় করা গেল সেই জিলায় তাহার তদন্ত লওয়া যাইবে ও মাজিষ্ট্রেটের দ্বারা বিচার হইলে সেই জিলায় তাহার বিচার হইবে। যদি সেশন আদালতে বিচার হয়, তবে ঐ মাজিষ্ট্রেট যে সেশন আদালতে সমর্পণ করিয়া থাকেন সেই সেশন আদালতে বিচার হইবে।

অপরাধের তদন্ত লইবার ও বিচার করিবার স্থানের কথা।

মাজিষ্ট্রেটেরা যে জিলায় নিযুক্ত হন তাহা সেশনের যে এলাকায় থাকে সাধারণ্যে তাঁহারা সেই এলাকার সেশন আদালতে মোকদ্দমা সমর্পণ করিবেন। কিন্তু কোন মোকদ্দমা কিম্বা বিশেষ প্রকারের কোন মোকদ্দমা যে কোন জিলায় করা যাউক স্থানীয় গবর্ণমেণ্ট সেশনের কোন এলাকায় তাহার বিচার হইবার আজ্ঞা করিতে পারিবেন।

ব্যাখ্যা।—স্থানীয় ও বিশেষ আইন দ্বারা যে অপরাধ উত্থিত হয় ঐ২ আইনের কিম্বা এই আইনের বিধানমতে যে স্থানে তাহার তদন্ত ও বিচার করা যাইতে পারে সেই স্থানে তাহার তদন্ত ও বিচার করা যাইবে ইতি।

64. Whenever it appears to the High Court that such order will promote the ends of justice, or tend to the general convenience of the parties or witnesses, it may direct the transfer of any particular criminal case, or appeal, or class of cases or appeals from the Criminal Court, subordinate to its authority, to any other such Criminal Court of equal or superior jurisdiction,

High Court may transfer case or direct trial in district other than that in which offence was committed

৬৪ ধারা। ফৌজদারী কোন বিশেষ মোকদ্দমা কি আপীল কিম্বা বিশেষ প্রকারের কোন মোকদ্দমা কি আপীল হাই কোর্টের অধীন এক ফৌজদারী আদালত হইতে উঠাইয়া তৎতুল্য কি অধিক বিচারাধিপত্যবিশিষ্ট অন্য ফৌজদারী আদালতে প্রেরণ করা গেলে ন্যায় বিচারের সপক্ষতা হয় কিম্বা উভয় পক্ষের কি সাক্ষিদের পক্ষে সাধারণমতে স্বচ্ছন্দতা হয় হাই কোর্টের এমত অনুভব হইলে ঐ মোকদ্দমা তথায় প্রেরণ হইবার আজ্ঞা দিতে পারিবেন,

যে জিলায় অপরাধ হইল তদ্ভিন্ন কোন জিলায় মোকদ্দমা প্রেরণ করিতে কিম্বা তাহার বিচার হইবার আজ্ঞা দিতে হাই কোর্টের ক্ষমতার কথা।

or may order that any offence shall be inquired into or tried in any district or division of a district other than that in which the offence has been committed, or that it shall be tried before itself If the High Court withdraws any case from any other Court for trial before itself, it shall observe

অথবা অপরাধ যে জিলায় কি জিলার যে খণ্ডে করা যায় তদ্ভিন্ন কোন জিলায় কি জিলার খণ্ডে তাহার তদন্ত লইবার ও বিচার করিবার, কিম্বা নিজ হাই কোর্টে তাহার বিচার হইবার আজ্ঞা দিতে পারিবেন। হাই কোর্ট যদি অন্য কোন আদালতহইতে মোকদ্দমা উঠাইয়া আপনার সম্মুখে বিচার হইবার নিমিত্ত

the same procedure which that Court would have observed if the case had not been so withdrawn

Provided that the orders issued under this section shall not be repugnant to orders issued by the Local Government under the last preceding section

65. When a person is accused of the commission of any offence by reason of anything which has been done, or of anything which has been omitted to be done, and of any consequence which has ensued, such offence may be inquired into or tried in any district in which any such thing has been done, or omitted to be done, or any such consequence has ensued

Accused triable in district where act is done or where consequence ensues

Illustrations

(*a*) A is wounded in the district of X and dies in district Z The offence of the culpable homicide of A may be inquired into and tried either in X or Z

(*b*) A is wounded in the district of X and is, during twenty days, unable to follow his ordinary pursuits in the district Y, where he is being treated The offence of causing grievous hurt to A may be inquired into and tried either in X or Y

(*c*) A is put in fear of injury in district X, and is thereby induced, in the district of Y, to deliver property to the person who put him in fear The offence of extortion committed on A may be inquired into and tried either in district X or district Y

66. When an act is an offence by reason of its relation to any other act which is also an offence, a charge of the first mentioned offence may be inquired into and tried either in the district in which it happened or in the district in which the offence, with which it was so connected, happened

Place for trial where act is offence by reason of relation to other offence

Illustrations

(*a*) A charge of abetment may be inquired into and tried either in the district in which the abetment was committed, or in the district in which the offence abetted was committed

(*b*) A charge of receiving or retaining stolen goods may be inquired into and tried, either in the district in which the goods were stolen, or in any district in which any of them were at any time dishonestly received or retained

(*c*) A charge of wrongfully concealing a person known to have been kidnapped may be inquired into and tried in

আনেন, তবে তদ্রূপে উঠাইয়া না লওয়া গেলে ঐ কোর্ট যে প্রণালীমতে কার্য্য করিতেন সেই প্রণালীমতে কার্য্য করিবেন।

পরন্তু ইহার পূর্ব্ব ধারামতে স্থানীয় গবর্ণমেণ্ট যে আজ্ঞা প্রচার করেন এই ধারামত কোন আজ্ঞা তাহার বিপক্ষ ভাবাপন্ন না হয় ইতি।

৬৫ ধারা। কোন কার্য্য করণ প্রযুক্ত কিম্বা কোন কার্য্য করিবার ত্রুটি হওন প্রযুক্ত ও তাহার যে ফল হইল তৎপ্রযুক্ত কোন অপরাধ হইয়াছে বলিয়া কোন ব্যক্তির নামে অভিযোগ হইলে যে জিলায় উক্ত কার্য্য করা গেল বা করিবার ত্রুটি হইল বা যে জিলায় তাহার ফল হইল ইহার অন্যতর জিলায় ঐ অপরাধের তদন্ত লওয়া যাইবে ও বিচার হইতে পারিবে ইতি।

যে জিলায় ক্রিয়া করা যায় ও যে জিলায় ক্রিয়ার ফল প্রকাশ হয় ইহার একতর জিলায় অভিযুক্ত ব্যক্তির বিচার হইতে পারিবার কথা।

উদাহরণ।

(ক) বর্দ্ধমান জিলায় আনন্দের আঘাত হইলে নদীয়া জিলায় তাহার মৃত্যু হয়। আনন্দকে অপরাধঘটিত হত্যাকরণ অপরাধের তদন্ত ও বিচার বর্দ্ধমান জিলায় কিম্বা নদীয়া জিলায় হইতে পারিবে।

(খ) আনন্দ বর্দ্ধমান জিলায় আঘাতী হইয়া চিকিৎসা করাইবার জন্যে নদীয়া জিলায় গেলেন সেই জিলায় বিশ দিনপর্য্যন্ত আপনার সাংসারিক কর্ম্ম চালাইতে পারিলেন না। আনন্দকে গুরুতর পীড়া দেওনাপরাধের তদন্ত ও বিচার, হয় বর্দ্ধমান, না হয় নদীয়া জিলায় হইতে পারিবে।

(গ) কোন ব্যক্তি বর্দ্ধমান জিলায় আনন্দের হিংসা করিবার ভয় দর্শাইলে নদীয়া জিলায় সেই ব্যক্তিকে তাহার সম্পত্তি দিবার প্রবৃত্তি হইল। আনন্দকে ভয় দর্শাইয়া তাহার দ্রব্য গ্রহণাপরাধের তদন্ত ও বিচার, হয় বর্দ্ধমান, না হয় নদীয়া জিলায় হইতে পারিবে।

৬৬ ধারা। অপরাধসূচক কোন ক্রিয়ার সহিত সম্বন্ধ থাকাপ্রযুক্ত অন্য ক্রিয়া অপরাধ হইলে প্রথমোক্ত অপরাধ যে জিলায় করা গেল সেই জিলায় অথবা ঐ অপরাধের সহিত পূর্ব্বোক্তমতে সম্বন্ধযুক্ত ক্রিয়া যে জিলায় করা গেল সেই জিলায় ঐ অপরাধের অভিযোগের তদন্ত ও বিচার হইতে পারিবে ইতি।

অপরাধের সহিত সম্বন্ধ থাকা প্রযুক্ত কোন ক্রিয়া অপরাধ হইলে বিচার করিবার স্থানের কথা।

উদাহরণ।

(ক) সহায়তা করণের অভিযোগ হইলে যে জিলায় সহায়তা করা গেল সেই জিলায় কিম্বা যে অপরাধের সহায়তা করা যায় তাহা যে জিলায় করা গেল সেই জিলায়, ঐ অভিযোগের তদন্ত ও বিচার হইতে পারিবে।

(খ) চোরা দ্রব্য গ্রহণ করিবার কি রাখিবার অভিযোগ হইলে যে জিলায় দ্রব্য চুরী করা গেল কিম্বা উক্ত দ্রব্যের মধ্যে কোন দ্রব্য কোন সময়ে যে জিলায় কুটিলভাবে গ্রহণ করা কি রাখা গেল সেই জিলায় ঐ অভিযোগের বিচার ও তদন্ত হইতে পারিবে।

(গ) মনুষ্য চুরি হইয়াছে জানা গেলে সেই মনুষ্যকে অন্যায়মতে লুকাইয়া রাখিবার অভিযোগ হইলে যে

the district in which the wrongful concealing or is the district in which the kidnapping took place.

(*d*.) A, B, C and others combine together to abet the waging of war against the Queen Any of the conspirators may be tried in any district in which acts were done by any one of the persons with whom he or they conspired in pursuance of the original concerted plan and with reference to the common object

Place for inquiry or trial where scene of offence is uncertain;

67. When it is uncertain in which of several districts an offence was committed, or

where an offence is committed partly in one district and partly in another, or

or not in one district only,

where the offence is a continuing one and continues to be committed in more districts than one, or

or offence is continuing,

where it consists of several acts done in different districts,

or consists of several acts

it may be inquired into and tried in any one of any of such districts

Illustrations

(*a*) An officer committed on a journey or voyage may be inquired into and tried in any district through which the person by whom the offence was committed, or the person against whom, or the thing in respect of which, the offence was committed passed in the course of that journey or voyage

(*b*) An offence committed near the boundary between two districts may be inquired into and tried in either

(*c*.) A charge of being a thug or of having belonged to a gang of dacoits may be inquired into an tried wherever the person charged happens to be when the charge is made

(*d*) A charge of having escaped from custody may be inquired into and tried wherever the person charged happens to be when the charge is made

(*e*) A charge of criminal misappropriation or of criminal breach of trust may be inquired into and tried either in the district in which the property, which is the subject of the offence, was received, or in the district or districts in which the whole or any part of it has been misappropriated, or where the offence of criminal breach of trust has been wholly or partly committed

(*f*) A steals a buffalo from B in district W, and personally or by his agents conveyed the buffalo through districts X and Y into district Z This is a continuing offence, and A may be tried either in W, X, Y or Z

জিলায় তাহাকে অন্যায়মতে লুকাইয়া রাখা গেল কিম্বা যে জিলায় চুরি করা গেল ইহার মধ্য কোন জিলায় সেই অভিযোগের তদন্ত ও বিচার হইতে পারিবে।

(ঘ) আমক বলরাম চন্দ্রপ্রভৃতি কএক ব্যক্তি ষড়যন্ত্র করিয়া শ্রীশ্রীমতী মহারাণীর সহিত যুদ্ধ করিবার সহায়তা করে। তাহারদের মূল কল্পনামতে ও সাধারণ উদ্দেশ্য লক্ষ করিয়া তাহারদের কোন এক জন যে কোন জিলায় কোন একটি কার্য্য করে সেই জিলায় তাহারদের কোন ব্যক্তির বিচার হইতে পারিবে।

৬৭ ধারা। অনেক জিলার মধ্যে কোন জিলায়

তদন্ত ও বিচার করিবার স্থানের কথা। অপরাধ যে স্থানে করা গেল তাহা নিশ্চয় না হইলে,

অপরাধ করা গেল ইহা নিশ্চয় না হইলে, কিম্বা অপরাধের এক অংশ এক জিলায় অন্য অংশ অন্য জিলায় করা গেলে,

কিম্বা কেবল এক জিলায় না করা গেলে

কিম্বা অপরাধ ক্রমিক হইলে ও দুই কি তদধিক জিলায় করা গিয়া থাকিলে,

কিম্বা অপরাধ নিরত করা গেলে,

কিম্বা ভিন্ন২ জিলায় কৃত নানা ক্রিয়া লইয়া অপরাধ হইলে,

কিংবা অনেক কার্য্য লইয়া অপরাধ হইলে,

উক্ত অন্যতর জিলায় ঐ অপরাধের তদন্ত লওয়া যাইতে ও বিচার হইতে পারিবে ইতি।

উদাহরণ।

(ক) স্থলপথে কি জলপথে যাত্রাকরণ সময়ে কোন অপরাধ করা গেলে অপরাধী যে কোন জিলার মধ্য দিয়া গেল, কিম্বা যে ব্যক্তির কি যে দ্রব্যের পক্ষে ঐ অপরাধ করা যায় সেই ব্যক্তির যাত্রাকালে কি সেই দ্রব্য চালান সময়ে যে কোন জিলা দিয়া যায় তাহার অন্যতর জিলায় ঐ অপরাধের তদন্ত লওয়া যাইতে ও বিচার হইতে পারিবে।

(খ) দুই জিলার সীমান্ত স্থানের নিকট অপরাধ করা গেলে তাহার একতর জিলায় ঐ অপরাধের তদন্ত লওয়া যাইতে ও বিচার হইতে পারিবে।

(গ) কোন ব্যক্তির নামে ঠগ হইবার কিম্বা দস্যুদের দলভুক্ত হইবার অভিযোগ হইলে অভিযোগ হওনসময়ে অভিযুক্ত ব্যক্তি যে জিলায় থাকে সেই জিলায় সেই অভিযোগের তদন্ত লওয়া যাইতে ও বিচার হইতে পারিবে।

(ঘ) কোন ব্যক্তির নামে কারাগারহইতে পলায়ন করিবার অভিযোগ হইলে ঐ অভিযোগ হওন সময়ে অভিযুক্ত ব্যক্তি যে জিলায় থাকে সেই জিলায় ঐ অভিযোগের তদন্ত লওয়া যাইতে ও বিচার হইতে পারিবে।

(ঙ) অপরাধভাবে দ্রব্য লইয়া অবিহিত ব্যবহার করণের কিম্বা অপরাধভাবে বিশ্বাসঘাতকতা করণের অভিযোগ হইলে, যে দ্রব্য লইয়া ঐ অপরাধ হয় তাহা যে জিলায় পাওয়া গেল কিম্বা যে জিলায় বা যে২ জিলায় ঐ সমুদয় দ্রব্য কি তাহার একাংশ লইয়া অবিহিত ব্যবহার হইল কিম্বা অপরাধভাবে বিশ্বাসঘাতকতা অপরাধের সমুদয় কি একাংশ যে জিলায় বা যে২ জিলায় করা গেল তাহার কোন এক জিলায় ঐ অভিযোগের তদন্ত লওয়া যাইতে ও বিচার হইতে পারিবে।

(চ) আমক বর্দ্ধমান জিলায় বলরামের মহিষ চুরি করিয়া আপনি কিম্বা কর্ম্মকারকদের দ্বারা বাঁকুড়া ও মেদিনীপুর জিলা দিয়া কটকে লইয়া যায়। এই অপরাধ ক্রমিক অপরাধ, ও বর্দ্ধমান কি বাঁকুড়া কি মেদিনীপুর কি কটক ইহার মধ্যে কোন জিলায় আমকের বিচার হইতে পারিবে।

Murder as a thug, dacoity or dacoity with murder

68. The offence of murder as a thug, dacoity or dacoity with murder may be inquired into and tried wherever the person accused may happen to be when arrested, or in any other district in which he might be tried under any other provision of this Code, or in any other law relating to the trial of such offence

High Court to decide in case of doubt, district where inquiry shall take place.

69. Whenever any doubt arises as to the district in which any offence should be inquired into or tried, the High Court, within whose jurisdiction the offender is apprehended, may decide in which district the offence shall be inquired into or tried

Effect on sentence of holding investigation, inquiry or trial in wrong district

70. No sentence or order of any Criminal Court shall be liable to be set aside merely on the ground that the investigation, inquiry or trial was held in a wrong district or Sessions division, unless it is proved or appears that the accused person was actually prejudiced in his defence, or the prosecutor in his prosecution, by such error, in either of which cases a new trial may be ordered

CHAPTER VII

OF CRIMINAL JURISDICTION OVER EUROPEAN BRITISH SUBJECTS

"European British subjects"

71. The expression "European British subjects" means in this Act—

(1) All subjects of Her Majesty born, naturalized, or domiciled in the United Kingdom of Great Britain and Ireland or in any of the European, American, or Australian Colonies or Possessions of Her Majesty, or in the Colony of New Zealand, or in the Colony of the Cape of Good Hope, or Natal.

(2) The children and grandchildren of any such person by legitimate descent

Officers who may inquire into and try offences committed by European British subjects.

72. No Magistrate, or Justice of the Peace, or Sessions Judge shall have jurisdiction to inquire into a complaint or try a charge against a European British subject, unless he is himself a European British subject.

ঠগ হইয়া হত্যাকরণের কি দস্যুতার কি হত্যাসহিত দস্যুতার কথা।

৬৮ ধারা। কোন ব্যক্তির নামে ঠগহইয়া হত্যা করিবার কি দস্যুতা করিবার কিম্বা হত্যাসহিত দস্যুতা করিবার অভিযোগ হইলে, অভিযুক্ত ব্যক্তি যে সময়ে ধৃত হয় সেই সময়ে যে জিলায় থাকে কিম্বা এই আইনের কিম্বা ঐ অপরাধের বিচার বিষয়ক অন্য কোন আইনের বিধানমতে অন্য যে জিলায় তাহার বিচার হইতে পারে সেই জিলায় তাহার সেই অপরাধের তদন্ত লওয়া যাইতে ও বিচার হইতে পারিবে ইতি।

কোন্ জিলায় তদন্ত লওয়া যাইবে ইহার সন্দেহ হইলে হাই কোর্টের দ্বারা তাহা নির্ণয় হইবার কথা।

৬৯ ধারা। কোন্ জিলায় অপরাধের তদন্ত লওয়া যাইবে কি বিচার হইবে ইহার সন্দেহ হইলে যে হাই কোর্টের বিচারাধীন স্থানে অপরাধিকে ধরা যায় সেই হাই কোর্ট উক্ত কথা নির্ণয় করিবেন ইতি।

অনুপযুক্ত জিলায় অনুসন্ধান কি তদন্ত লওয়া গেলে কি বিচার হইলে দণ্ডাজ্ঞা পক্ষে তাহার ফলের কথা।

৭০ ধারা। অনুসন্ধান কি তদন্ত লওনের কার্য্য কি বিচার অযথা জিলায় কি সেশন এলাকায় হইলেও কেবল সেই কারণে কোন ফৌজদারী আদালতের দণ্ডাজ্ঞা কি অন্য আজ্ঞা অসিদ্ধ হইবে না। কিন্তু সেই ভ্রমহেতুক উত্তর দেওন পক্ষে অভিযুক্ত ব্যক্তির কি অভিযোগ করণপক্ষে অভিযোক্তার বিঘ্ন হইয়াছে ইহার প্রমাণ হইলে নূতন বিচার হইবার আজ্ঞা হইতে পারিবে ইতি।

---

৭ অধ্যায়।

ইউরোপীয় ব্রিটনীয় প্রজাদের অপরাধের বিচারাধিপত্যের কথা।

ইউরোপীয় ব্রিটনীয় প্রজার কথা।

৭১ ধারা। এই আইনের মধ্যে 'ইউরোপীয় ব্রিটনীয় প্রজা' শব্দে ইঁহারদিগকে বুঝাইবে।

(১) গ্রেট ব্রিটন ও ঐরলণ্ড সংযুক্ত রাজ্যে কিম্বা শ্রীমতী মহারাণীর ইউরোপীয় কি আমেরিকীয় কি অষ্ট্রেলীয় উপনিবেশে কি অধিকৃত দেশে কিম্বা নিউজীলণ্ড উপনিবেশে কি কেপ অব গুড হোপ কি নেটাল উপনিবেশে শ্রীশ্রীমতী মহারাণীর যে প্রজাদের জন্ম হয় কিম্বা যাঁহারা প্রজারদের তুল্যাধিকার প্রাপ্ত হন কিম্বা ঐ২ স্থানে চিরবাসী হন তাঁহারা।

(২) তাঁহারদের ঔরস পুত্র কন্যা ও পৌত্র ও পৌত্রী ও দৌহিত্র ও দৌহিত্রী ইতি।

ইউরোপীয় ব্রিটনীয় প্রজারা অপরাধ করিলে যে কার্য্যকারকেরা সেই অপরাধের তদন্ত লইয়া বিচার করিবেন তদ্বিষয়ের কথা।

৭২ ধারা। কোন মাজিষ্ট্রেট কি শান্তিরক্ষার্থ জষ্টিস কি সেশন জজ আপনি ইউরোপীয় ব্রিটনীয় প্রজা না হইলে ইউরোপীয় ব্রিটনীয় প্রজার নামে নালিশের তদন্ত লইতে কি বিচার করিতে সক্ষম হইবেন না।

No Magistrate shall have such jurisdiction unless he is a Magistrate of the 1st class and a Justice of the Peace

No Justice of the Peace shall have such jurisdiction unless he is a Magistrate of the 1st class.

কোন মাজিষ্ট্রেট প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেট ও শান্তিরক্ষার্থ জষ্টিস না হইলে তাঁহারও সেই ক্ষমতা থাকিবে না।

শান্তিরক্ষার্থ জষ্টিস প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেট না হইলে তাঁহারও সেই ক্ষমতা থাকিবে না ইতি।

73. Any Magistrate who is authorized by law to entertain complaints, may entertain against European British subjects such complaints as he is authorized to entertain in the case of other persons

Who may hear complaints and issue process.

If he issues any process for the purpose of compelling the appearance of a European British subject accused of an offence, such process must be returnable before a Magistrate competent to inquire into or try the case.

৭৩ ধারা। কোন মাজিষ্ট্রেট আইনমতে নালিশ গ্রাহ্য করিতে ক্ষমতাপন্ন হইলে তিনি অন্য ব্যক্তিদের নামে যদ্রূপ নালিশ গ্রাহ্য করিতে সক্ষম হন ইউরোপীয় ব্রিটনীয় প্রজাদের নামেও তদ্রূপ নালিশ গ্রাহ্য করিতে ক্ষমতাপন্ন হইবেন।

নালিশ শ্রবণ করিয়া পরওয়ানা দিবার ক্ষমতা যাঁহার থাকিবে তাঁহার কথা।

ইউরোপীয় ব্রিটনীয় প্রজার নামে অপরাধের অভিযোগ হওয়াতে যদি তাঁহাকে উপস্থিত করাইবার পরওয়ানা প্রচার করেন, তবে যে মাজিষ্ট্রেট সাহেব ঐ মোকদ্দমার তদন্ত লইয়া বিচার করিবার ক্ষমতাপন্ন হন ঐ পরওয়ানামতে তাঁহারই সম্মুখে তাহাকে উপস্থিত করিবার বিধান করি'তে হইবে ইতি।

74. Any competent Magistrate may inquire into complaints of any offence made against a European British subject

Magistrate of the 1st class, being European British subjects, and Justices of the Peace, may inquire into complaints against European British subjects

৭৪ ধারা। ইউরোপীয় ব্রিটনীয় প্রজার নামে অপরাধের নালিশ হইলে উপযুক্ত ক্ষমতাপন্ন কোন মাজিষ্ট্রেট তাহার তদন্ত লইতে পারিবেন।

প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেট ইউরোপীয় ব্রিটনীয় প্রজা ও শান্তিরক্ষার্থ জষ্টিস হইলে ইউরোপীয় ব্রিটনীয় প্রজাদের নামে নালিশের অনুসন্ধান লইতে পারিবার কথা।

If the offence complained of is a Magistrate's case and can, in the opinion of such Magistrate, be adequately punished by him, he shall proceed as is hereinafter in this Code directed, according to the nature of the offence, and, on conviction, may pass on such European British subject any sentence warranted by law, not exceeding three months' imprisonment, or fine, up to one thousand rupees, or both

When such Magistrate may try and extent of his jurisdiction

যে অপরাধের নালিশ হয় তাহা মাজিষ্ট্রেটের বিচার্য্য হইলে ও সেই মাজিষ্ট্রেট ঐ অপরাধের সমুচিত দণ্ড করিতে সক্ষম আছেন জ্ঞান করিলে, তিনি অপরাধের ভাব বিবেচনায় এই আইনের পশ্চাদ্ভাগের নির্দ্দিষ্ট বিধানানুসারে কার্য্য করিবেন। ও সেই ইউরোপীয় ব্রিটনীয় প্রজার অপরাধ নির্ণয় হইলে আইন অনুযায়ি তিন মাসের অনধিক কারাদণ্ড কিম্বা এক সহস্র টাকার অনধিক অর্থদণ্ড কি ঐ উভয় দণ্ডের আজ্ঞা করিতে পারিবেন ইতি।

ঐ মাজিষ্ট্রেট যে স্থলে বিচার করিতে পারেন ও তাঁহার বিচারাধিপত্য যত দূর ব্যাপ্ত হয় তাহার কথা।

75. When the offence complained of cannot, in the opinion of such Magistrate, be adequately punished by him, and is not punishable with death or with transportation for life, such Magistrate shall, if he thinks that the accused person ought to be committed, commit him to the Court of Session.

When commitment is to be to Court of Session.

৭৫ ধারা। যে অপরাধের নালিশ হয় উক্ত মাজিষ্ট্রেটের সেই অপরাধের সমুচিত দণ্ড করিবার ক্ষমতা নাই ও সেই অপরাধ প্রাণদণ্ডের কি যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ দণ্ডের যোগ্য অপরাধ নয় তাঁহার এমত বিবেচনা হইয়া যদি অভিযুক্ত ব্যক্তিকে সমর্পণ করা উচিত বোধ করেন, তবে তাহাকে সেশন আদালতে সমর্পণ করিবেন।

যে স্থলে সেশন আদালতে সমর্পণ করিবেন তাহার কথা।

When the offence complained of is punishable with death or transportation for life, the commitment shall be to the High Court

When commitment is to be to High Court.

যে অপরাধের নালিশ হয় তাহা প্রাণদণ্ডের কি যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ দণ্ডের যোগ্য অপরাধ হইলে অভিযুক্ত ব্যক্তিকে হাই কোর্টে সমর্পণ করা যাইবে ইতি।

যে স্থল হাই কোর্টে সমর্পণ করিতে হইবে তাহার কথা।

Jurisdiction of Court of Session

76. Sessions Judges or Additional Sessions Judges, and when specially empowered in that behalf by the Local Government, Assistant Sessions Judges who are European British subjects and who have been Assistant Sessions Judges for not less than three years, may pass on European British subjects any sentence, warranted by law, not exceeding one year's imprisonment, or fine, or both

When Sessions Judge finds his powers inadequate

If at any stage of the proceedings, the Sessions Judge thinks the offence cannot be adequately punished by such a sentence, he shall record his opinion to that effect and transfer the case to the High Court The Sessions Judge may either himself bind over, or direct the committing Magistrate to bind over the complainant and witnesses to appear before such High Court.

সেশন আদালতের বিচারাধিপত্যের কথা।

৭৬ ধারা। সেশন জজ সাহেবেরা কিম্বা আডিশ্যনল সেশন জজ সাহেবেরা এবং স্থানীয় গবর্ণমেণ্ট কর্তৃক বিশেষমতে ক্ষমতাপ্রাপ্ত হইলে যে আসিষ্টাণ্ট সেশন জজেরা ইউরোপীয় ব্রিটনীয় প্রজা হন ও তিন বৎসরের অন্যূন কাল আসিষ্টাণ্ট সেশন জজ হন তাঁহারা আইনঅনুসারে ইউরোপীয় ব্রিটনীয় প্রজার এক বৎসরের অনধিক কাল কারাদণ্ডের কি অর্থদণ্ডের কিম্বা ঐ উভয় দণ্ডের আজ্ঞা করিতে পারিবেন।

সেশন জজ আপনার ক্ষমতা ন্যূন জ্ঞান করিলে সেই স্থলের কথা।

উক্ত প্রকারের দণ্ডাজ্ঞাদ্বারা ঐ অপরাধের সমুচিত দণ্ড হয় না, মোকদ্দমা চলিবার কোন সময়ে সেশন জজ সাহেবের এমত জ্ঞান থাকিলে তিনি আপনার সেই অভিমত লিপিবদ্ধ করিয়া হাই কোর্টে মোকদ্দমা প্রেরণ করিবেন। এবং সেশন জজ সাহেব আপনি বাদির ও সাক্ষিদের স্থানে হাই কোর্টে উপস্থিত হইবার নির্বন্ধপত্র লইতে পারিবেন কিম্বা যে মাজিষ্ট্রেট সাহেব সমর্পণ করিলেন তাঁহাকে তদ্রূপ পত্র লইবার আজ্ঞা দিতে পারিবেন ইতি।

Procedure when Sessions Judge is not a European British subject

77. If the Sessions Judge of the Sessions division, within which the offence is ordinarily triable, is not a European British subject, the case shall be reported by he committing Magistrate for the orders of the High Court

সেশন জজ ইউরোপীয় ব্রিটনীয় প্রজা না হইলে কার্য্যপ্রণালীর কথা।

৭৭ ধারা। যে সেশন এলাকার মধ্যে সাধারণ্যে ঐ অপরাধের বিচার হইতে পারে যদি সেই এলাকার সেশন জজ ইউরোপীয় ব্রিটনীয় প্রজা না হন, তবে যে মাজিষ্ট্রেট সাহেব সমর্পণ করেন তিনি হাই কোর্টের আজ্ঞার জন্যে ঐ বিষয়ের রিপোর্ট করিবেন ইতি।

Mode of conducting trials by Court of Session

78. Trials of European British subjects before the Court of Session shall be conducted according to the provisions of chapter XIX

In trials with assessors not less than half the number of assessors, and in trials by jury not less than half the number of jurors, shall be European British subjects

সেশন আদালতের দ্বারা বিচার হইবার বিধানের কথা।

৭৮ ধারা। সেশন আদালতে ইউরোপীয় ব্রিটনীয় প্রজাদের বিচার কার্য্য ১৯ অধ্যায়ের বিধানমতে চলিবে।

আসেসরদের সহকারিতাক্রমে বিচার হইলে তাঁহারদের অর্দ্ধ সংখ্যার অন্যূন ব্যক্তি ও জুরির দ্বারা বিচার হইলে তাঁহারদের অর্দ্ধ সংখ্যার অন্যূন ব্যক্তি ইউরোপীয় ব্রিটনীয় প্রজা হইবেন ইতি।

Appeal from conviction of such subject by Magistrate

79. Any European British subject who is convicted by a competent Magistrate of any offence, may appeal either to the Court of Session or to the High Court

মাজিষ্ট্রেট সাহেব কর্তৃক ঐ ব্যক্তির অপরাধ নির্ণয় হইলে তাঁহার আজ্ঞার উপর আপীলের কথা।

৭৯ ধারা। উপযুক্ত ক্ষমতাপন্ন কোন মাজিষ্ট্রেট কর্তৃক কোন ইউরোপীয় ব্রিটনীয় প্রজার অপরাধ নির্ণয় হইলে সেই ব্যক্তি সেশন আদালতে কি হাই কোর্টে আপীল করিতে পারিবেন ইতি।

Appeal from conviction by Court of Session

80. Any European British subject who is convicted of any offence by any Court of Session, may appeal to the High Court

সেশন আদালত কর্তৃক অপরাধ নির্ণয় হইলে আপীলের কথা।

৮০ ধারা। কোন সেশন আদালত কর্তৃক ইউরোপীয় ব্রিটনীয় প্রজার কোন অপরাধ নির্ণয় হইলে সেই ব্যক্তি হাই কোর্টে আপীল করিতে পারিবেন ইতি।

81. Any European British subject who is detained in custody by any person, and who considers such detention unlawful, may apply to the High Court, which would have jurisdiction over him in respect of any offence committed by him at the place where he is detained, or to which he would be entitled to appeal from any conviction for any such offence, for an order directing the person detaining him to bring him before the said High Court to abide such further order as may be made by it The High Court, if it thinks fit, may, before issuing such order, inquire on affidavit or otherwise, into the grounds on which it is applied for, and grant or refuse such application, or it may issue the order in the first instance, and when the person applying for it is brought before it, it may make such further order in the case as it thinks fit after such inquiry as it thinks necessary.

Right of European British subject under detention to apply for order to produce his person

Procedure on such application

The High Courts may issue such orders throughout the territories over which they have jurisdiction and over such other places as the Governor General in Council may direct

82. Neither the High Courts nor any Judge of such High Courts shall issue any writ of *habeas corpus*, mainprise *de homine replegiando*, nor any other writ of the like nature beyond the Presidency towns

Power of High Courts as to issue of writs

83. When any person claims to be dealt with as a European British subject, he shall state the grounds of such claim to the Magistrate before whom he is brought for the purposes of the inquiry or trial, and such Magistrate shall on such statement decide whether he is or is not a European British subject, and shall deal with him accordingly, and if any such person is dissatisfied with such decision, the burden of proving that it was wrong shall be upon him. If the Magistrate decide that the accused person is not a European British subject, the trial shall

৮১ ধারা। ইউরোপীয় ব্রিটনীয় কোন প্রজাকে অন্য কোন ব্যক্তিকর্তৃক বদ্ধ করিয়া রাখা গেলে ও তিনি আপনার সেই বদ্ধ করিয়া রাখন অন্যায় জ্ঞান করিলে যে স্থানে তাঁহাকে বদ্ধ করিয়া রাখা গেল সেই স্থানে কোন অপরাধ করিলে তাঁহার উপর যে হাই কোর্টের বিচারাধিপত্য থাকিত কিম্বা তদ্রূপ অপরাধ নির্ণয়সূচক আজ্ঞার উপর তিনি যে হাই কোর্টে আপীল করিতে পারিতেন সেই হাই কোর্টের নিকট এই মর্ম্মের প্রার্থনা করিতে পারিবেন যে আমাকে যে ব্যক্তি বদ্ধ করিয়া রাখিয়াছেন তাঁহার নিকট উক্ত হাই কোর্টের এই আজ্ঞা হয় যে আমার বিষয়ে উক্ত কোর্ট যে আজ্ঞা করিতে পারেন তাহার অপেক্ষায় থাকিবার জন্যে আমাকে সেই হাই কোর্টে উপস্থিত করা যায়। হাই কোর্ট বিহিত বোধ করিলে ঐ আজ্ঞা করিবার পূর্ব্বে আফিডেবিটক্রমে কি প্রকারান্তরে সেই আজ্ঞা প্রার্থনা করিবার কারণের অনুসন্ধান লইয়া সেই প্রার্থনা গ্রাহ্য কি অগ্রাহ্য করিতে পারিবেন। অথবা প্রথমেই সেই আজ্ঞা দিতে পারিবেন। পরে সেই ব্যক্তিকে আপনার সম্মুখে উপস্থিত করা গেলে আবশ্যকমতে তদন্ত লইয়া সেই বিষয়ের অন্য যে আজ্ঞা বিহিত বোধ করেন করিতে পারিবেন।

ইউরোপীয় ব্রিটনীয় প্রজাকে আটক করিয়া রাখা গেলে আপনাকে উপস্থিত করিবার আজ্ঞা প্রার্থনা করিবার অধিকারের কথা।

তদ্রূপ প্রার্থনা হইলে কার্য্য প্রণালীর কথা।

যে২ দেশে হাই কোর্টের বিচারাধিপত্য থাকে সেই২ দেশে এবং মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব অন্য যে স্থানের অনুমতি দেন সেই সকল স্থানে হাই কোর্টের সেই প্রকার আজ্ঞা দিবার ক্ষমতা থাকিবে ইতি।

৮২ ধারা। হাই কোর্ট কিম্বা সেই হাই কোর্টের কোন জজ রাজধানী সমূহের বহির্ভূত কোন স্থানে হেবিয়াস করপস (অর্থাৎ ব্যক্তিকে উপস্থিত করিবার) কিম্বা মানপ্রেজ (অর্থাৎ ব্যক্তিকে উপস্থিত করাইবার জামিন লইয়া অন্যের প্রতি সমর্পণ করিবার) কিম্বা ডি হমিনি রেপ্লিজিয়াণ্ডো (অর্থাৎ বিচারার্থে ব্যক্তিকে সমর্পণ করিবার) রিট কিম্বা তদনুরূপ অন্য রিট কি পরওয়ানা প্রচার করিতে পারিবেন না ইতি।

হাই কোর্টের রিট অর্থাৎ পরওয়ানা দিবার ক্ষমতার কথা।

৮৩ ধারা। ইউরোপীয় ব্রিটনীয় প্রজার ন্যায় কোন ব্যক্তিকে লইয়া কার্য্য করণ তাঁহার এমত দাওয়া হইলে তদন্ত লইবার কি বিচার হইবার নিমিত্ত তাঁহাকে যে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে উপস্থিত করা যায় তাঁহাকে তিনি সেই দাওয়ার হেতু জানাইবেন। তাহা হইলে তিনি ইউরোপীয় ব্রিটনীয় প্রজা কি না, মাজিষ্ট্রেট সাহেব তাঁহার উক্ত কথামতে ইহার নিষ্পত্তি করিবেন ও তাঁহাকে লইয়া তদনুসারে কার্য্য করিবেন। সেই ব্যক্তি ঐ নিষ্পত্তিতে সন্তুষ্ট না হইলে সেই নিষ্পত্তি যে অন্যায় ইহার প্রমাণ করিবার ভার তাঁহারই প্রতি

কোন ব্যক্তি আপনার পক্ষে ইউরোপীয় ব্রিটনীয় প্রজাস্বরূপ কার্য্য হইবার দাওয়া করিলে কার্য্যপ্রণালীর কথা।

proceed, but such decision shall form a ground of appeal.

বর্ত্তিবে। অভিযুক্ত ব্যক্তি ইউরোপীয় ব্রিটনীয় প্রজা নহেন মাজিষ্ট্রেট সাহেবের এই নিষ্পত্তি হইলে তাঁহার বিচারকার্য্য চলিবে কিন্তু সেই নিষ্পত্তি আপীল করিবার অন্যতর হেতু হইবে ইতি।

Failure to plead status a waiver

84. If a European British subject does not claim to be dealt with as such before the Magistrate, before whom he is tried or committed, he shall be held to have waived his privilege as such European British subject.

উক্ত অবস্থার দাওয়া না করিলে তাহা ত্যাগ করা গেল জ্ঞান হওয়ার কথা।

৮৪ ধারা। যে মাজিষ্ট্রেটের সম্মুখে ইউরোপীয় ব্রিটনীয় প্রজার বিচার হয় কিম্বা তাহাকে সমর্পণ করা যায়, ইউরোপীয় ব্রিটনীয় প্রজার ন্যায় তাহার পক্ষে কার্য্য হয় ঐ ব্যক্তি তাঁহারই নিকট ইহার দাওয়া না করিলে ইউরোপীয় ব্রিটনীয় প্রজাস্বরূপ আপনার সেই বিশেষ ক্ষমতা ত্যাগ করিয়াছেন, এমত জ্ঞান হইবে।

If the Magistrate has reason to believe that any person brought before him is a European British subject, it is his duty to ask him whether he is one or not.

মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে কোন ব্যক্তিকে উপস্থিত করা গেলে সে ইউরোপীয় ব্রিটনীয় প্রজা মাজিষ্ট্রেট সাহেব এমত বোধ করিলে সে ইউরোপীয় ব্রিটনীয় প্রজা কি না তাহাকে এই কথা জিজ্ঞাসা করা তাঁহার কর্ত্তব্য ইতি।

Trial of person not a European British subject under this chapter

85 If a person, who is not a European British subject, is dealt with as such and does not object, the proceedings shall be valid

ইউরোপীয় ব্রিটনীয় প্রজা না হইয়া এই অধ্যায়মতে বিচার হইলে তাহার কথা।

৮৫ ধারা। যে ব্যক্তি ইউরোপীয় ব্রিটনীয় প্রজা নহে তাহাকে লইয়া ইউরোপীয় ব্রিটনীয় প্রজার ন্যায় কার্য্য হইলেও যদি সে আপত্তি না করে, তবে আনুষ্ঠানিক কার্য্য সিদ্ধ হইবে ইতি।

Procedure of High Courts

86. All High Courts shall deal with proceedings against European British subjects outside of the Presidency towns in the manner in which they are empowered by this Act or by any other law in force for the time being to deal with the proceedings of Magistrates outside the Presidency towns, and not according to the law of England relating to the dealings of the superior Courts in England with the proceedings of Justices of the Peace in England

The High Courts shall have the same powers with respect to the inquiries and charges against European British subjects as Courts of Session have with respect to inquiries and charges against other persons

হাই কোর্টের কার্য্যপ্রণালীর কথা।

৮৬ ধারা। এই আইনঅনুসারে কিম্বা যৎকালে অন্য যে আইন প্রবল থাকে তদনুসারে রাজধানীর বহির্ভূত স্থানের মাজিষ্ট্রেটদের আনুষ্ঠানিক কার্য্য লইয়া হাই কোর্টের যদ্রূপ কার্য্য করিবার ক্ষমতা থাকে রাজধানীর বহির্ভূত স্থানে ইউরোপীয় ব্রিটনীয় প্রজাদের নামে যে কার্য্যের আনুষ্ঠান হয় ঐ হাই কোর্ট সেই কার্য্য লইয়া তদ্রূপই করিবেন। ইঙ্গলণ্ডের শান্তিরক্ষার্থ জষ্টিসদের আনুষ্ঠানিক কার্য্য লইয়া ইঙ্গলণ্ডের আইনঅনুসারে ইঙ্গলণ্ডের উপরিস্থ আদালত যদ্রূপ কার্য্য করেন তদ্রূপে করিবেন না।

অন্য ব্যক্তিদের বিপক্ষে তদন্ত লওনের ও অভিযোগের বিষয়ে সেশন আদালতের যে ক্ষমতা আছে ইউরোপীয় ব্রিটনীয় প্রজাদের বিপক্ষে তদন্ত লওনের ও অভিযোগের বিষয়ে হাই কোর্টের সেই ক্ষমতা থাকিবে ইতি।

Proceedings against European British subjects to be regulated by this Act

87. All Magistrates and Courts of Session, proceeding against European British subjects under this chapter, shall proceed under the provisions of this Act and not according to the law of Engand relating to Justices of the Peace, and all the provisions of this Act, not inconsistent with the provisions of this chapter, shall apply to such proceeding.

ইউরোপীয় ব্রিটনীয় প্রজাদের বিপক্ষে এই আইনমতে কার্য্যানুষ্ঠান হইবার কথা।

৮৭ ধারা। যে সকল মাজিষ্ট্রেট ও সেশন আদালত এই অধ্যায়মতে ইউরোপীয় ব্রিটনীয় প্রজাদের বিপক্ষে কার্য্যানুষ্ঠান করেন তাঁহারা এই আইনের বিধানমতে কার্য্যানুষ্ঠান করিবেন শান্তিরক্ষার্থ জষ্টিসবিষয়ক ইঙ্গলণ্ডীয় আইনঅনুসারে কার্য্য করিবেন না। এবং এই আইনের যে সকল বিধান এই অধ্যায়ের বিধানের সহিত অসঙ্গত না হয় উক্ত আনুষ্ঠানিক কার্য্যের প্রতি সেই সকল বিধান বর্ত্তিবে ইতি।

88. European British subjects sentenced to imprisonment shall be confined in such places as the Local Government may either specially or generally appoint.

Place of confinement

PART III.

OF THE POLICE

CHAPTER VIII

OFFENCES OF WHICH INFORMATION MUST BE GIVEN TO THE POLICE, AND DUTY OF THE PUBLIC

89. Every person aware of the commission of any offence made punishable under sections one hundred and twenty-one, one hundred and twenty-one A, one hundred and twenty-two, one hundred and twenty-three, one hundred and twenty-four, one hundred and twenty-four A, one hundred and twenty-five, one hundred and tweny-six, one hundred and thirty, three hundred and two, three hundred and three, three hundred and four, three hundred and eight-two, three hundred and ninety-two, three hundred and ninety-three, three hundred and ninety-four, three hundred and ninety-five, three hundred and ninety-six, three hundred and ninety-seven, three hundred and ninety-eight, three hundred and ninety-nine, four hundred and two, four hundred and thirty-five, four hundred and thirty-six, four hundred and forty-nine, four hundred and fifty, four hundred and fifty-six, four hundred and fifty-seven, four hundred and fifty-eight, four hundred and fifty-nine, or four hundred and sixty of the Indian Penal Code, shall in the absence of reasonable excuse, the burthen of proving which shall lie upon such person, give information of the same to the nearest Police officer or Magistrate.

All persons to give information of certain offences

90. Every Village Headman, Village Watchman, owner or occupier of land, or the agent of any such owner or occupier, and every Native officer employed in the collection of revenue or rent of land on the part of Government or the Court of Wards, is bound forthwith to communicate to the nearest Magistrate, or to the officer in charge of the nearest Police-station, any information which he may obtain respecting—

Landholders and others bound to report certain matters

(a) the residence of any notorious receiver or vendor of stolen property at the village of which he is headman or watchman, or in which he owns

৮৮ ধারা। ইউরোপীয় ব্রিটনীয় প্রজাদের কারাদণ্ডের আজ্ঞা হইলে স্থানীয় গবর্ণমেণ্ট বিশেষ কি সাধারণ যে স্থান নিরূপণ করেন তাঁহারদিগকে সেই স্থানে বদ্ধ করা যাইবে ইতি।

বদ্ধ করিবার স্থানের কথা।

তৃতীয় খণ্ড।

পোলীসের বিধি।

৮ অধ্যায়।

যেং অপরাধের সন্ধান পোলীসকে দিতে হইবে তদ্বিষয়ের ও সাধারণ লোকদের কর্ত্তব্য কর্ম্মের কথা।

৮৯ ধারা। কোন ব্যক্তি ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১২১, ১২১ক, ১২২, ১২৩, ১২৪, ১২৪ক, ১২৫, ১২৬, ১৩০, ৩০২, ৩০৩, ৩০৪, ৩৮২, ৩৯২, ৩৯৩, ৩৯৪, ৩৯৫, ৩৯৬, ৩৯৭, ৩৯৮, ৩৯৯, ৪০২, ৪৩৫, ৪৩৬, ৪৪৯, ৪৫০, ৪৫৬, ৪৫৭, ৪৫৮, ৪৫৯, ও ৪৬০ ধারামতে দণ্ডনীয় কোন অপরাধ হইবার কথা জানিতে পাইলে পোলীসের যে কর্ম্মকারক নিকট থাকেন তাঁহাকে কি মাজিষ্ট্রেটকে জানাইবেন। যদি না জানাইবার যুক্তিসিদ্ধ কারণ থাকে, তবে সেই কারণের প্রমাণ করিবার ভার তাঁহারই প্রতি বর্ত্তিবে ইতি।

কোনং অপরাধের সন্ধান সকল লোকের দিতে হইবার কথা।

৯০ ধারা। প্রত্যেক গ্রামের মণ্ডল কি গ্রামের চৌকীদার কি ভূমির অধিকারী কি দখিলকার কিম্বা সেই অধিকারির কি দখিলকারের গোমাশতা, এবং গবর্ণমেণ্টের কি কোর্ট ওয়ার্ডসের পক্ষে এদেশীয় যে প্রত্যেক আমলা ভূমির রাজস্ব কি খাজানা আদায় করিবার কার্য্যে নিযুক্ত হন তিনি নিম্নলিখিত কোন বিষয়ের কোন সন্ধান জানিতে পাইলে যে মাজিষ্ট্রেট কিম্বা পোলীস থানার প্রধান যে কর্ম্মকারক নিকট থাকেন তাঁহাকে অগৌণে তাঁহার সেই সন্ধান জানাইতে হইবে।

ভূম্যধিকারিপ্রভৃতির কোনং বিষয়ের রিপোর্ট করিতে হইবার কথা।

(ক) তিনি যে গ্রামের মণ্ডল কি চৌকীদার হন কিম্বা যে গ্রামের মধ্যে ভূমির অধিকারী কি দখিলকার হন, কিম্বা বিষয়বিশেষে যে গ্রামের রাজস্ব কি খাজানা

or occupies land, or collects rent or revenue, as the case may be,

(*b*) the resort to any place within the limits of such village of any person or persons known or reasonably suspected of being a thug or robber,

(*c*) the commission or intention to commit suttee or other non-bailable offence at or near such village,

(*d*) The occurrence of any sudden or unnatural death

91. Every person is bound to assist a Magistrate or Police officer demanding his aid in the prevention of a breach of the peace,

All persons to assist Magistrate and Police in certain cases

or in the suppression of a riot or an affray, or in the taking of any other person whom such Magistrate or Police officer is authorized to arrest

---

CHAPTER IX

Of Arrest without Warrant

92. A Police officer may, without orders from a Magistrate and without a warrant, arrest,—

When Police may arrest without warrant

Firstly —Any person who in the sight of such Police officer commits a cognizable offence

Secondly —Any person against whom a reasonable complaint has been made, or a reasonable suspicion exists, of his having been concerned in any such offence

Thirdly —Any person against whom a hue and cry has been raised of his having been concerned in any such offence

Fourthly —Any person who has been proclaimed either under this Act, or in a District or Police Gazette or notification

Fifthly —Any person found with property in his possession which may reasonably be suspected to be stolen property

Sixthly —Any person who obstructs a Police officer while in the execution of his duty, or who escapes from lawful custody, and

Seventhly —Any person reasonably suspected of being a deserter from Her Majesty's Army or Her Majesty's Indian Army

আদায় করেন, সেই গ্রামের মধ্যে চোরা দ্রব্য গ্রাহক কি বিক্রেতা বলিয়া প্রসিদ্ধ কোন ব্যক্তির বাস করিবার কথা।

(খ) যে ব্যক্তি কি ব্যক্তিরা ঠগ কি দস্যু বলিয়া জানা আছে কিম্বা যাহার বিষয়ে যুক্তিমতে এমত সংশয় থাকে সেই ব্যক্তির নিত্য সেই গ্রামের সীমার অন্তর্গত কোন স্থানে আসিবার কথা।

(গ) সহমরণপ্রভৃতি যে অপরাধের নিমিত্ত হাজির জামিন লওয়া যাইতে না পারে, উক্ত গ্রামে কি তাহার নিকটে সেই অপরাধ হওনের কি হওনাভিপ্রায়ের কথা।

(ঘ) কোন ব্যক্তির অকস্মাৎ কি অপঘাত মৃত্যুর কথা ইতি।

৯১ ধারা। শান্তিভঙ্গ নিবারণার্থে, কিম্বা দাঙ্গা কি হঙ্গামা রহিত করণার্থে, কিম্বা মাজিষ্ট্রেট বা পোলীসের কর্ম্মকারক যাহাকে ধরিতে সক্ষম হন, এমত কোন ব্যক্তিকে ধরিবার জন্যে মাজিষ্ট্রেট কি পোলীসের কর্ম্মকারক যে কোন ব্যক্তির সাহায্য চাহেন তাঁহার সাহায্য করিতেই হইবে ইতি।

কোনং স্থলে সকল লোকের মাজিষ্ট্রেটের ও পোলীসের সাহায্য করিতে হইবার কথা।

---

৯ অধ্যায়।

ওয়ারন্ট বিনা ধৃত করিবার বিধি।

৯২ ধারা। পোলীসের কর্ম্মকারক পশ্চাৎ লিখিত কোন স্থলে মাজিষ্ট্রেটের আজ্ঞা এবং ওয়ারন্ট না পাইয়াও ব্যক্তিকে ধরিতে পারিবেন অর্থাৎ,

যে স্থলে পোলীস ওয়ারন্ট বিনা ধৃত করিতে পারেন তাহার কথা।

প্রথম। কোন ব্যক্তি পোলীসের ঐ কর্ম্মকারকের দৃষ্টিগোচরে ধর্ত্তব্য কোন অপরাধ করিলে তাহাকে।

দ্বিতীয়। যুক্তিসিদ্ধমতে যাহার নামে তদ্রূপ কোন অপরাধের নালিশ করা যায়, কিম্বা যাহার প্রতি যুক্তিমতে তদ্রূপ অপরাধে লিপ্ত থাকার সংশয় হইতে পারে তাহাকে।

তৃতীয়। তদ্রূপ কোন অপরাধে লিপ্ত হইয়াছে বলিয়া যাহার পশ্চাৎ২ শোরশার হয় তাহাকে।

চতুর্থ। এই আইনঅনুসারে কিম্বা জিলার কি পোলীসের গেজেটে কি জ্ঞাপনপত্রে যাহার নাম ঘোষণা হয় তাহাকে।

পঞ্চম। চোরা দ্রব্য বলিয়া যুক্তিমতে যে দ্রব্যের বিষয়ে সংশয় থাকিতে পারে কোন ব্যক্তির নিকটে এমত দ্রব্য পাওয়া গেলে তাহাকে।

ষষ্ঠ। পোলীসের কর্ম্মকারকের কর্ত্তব্য কর্ম্ম করণসময়ে কোন ব্যক্তি তাহার বাধা জন্মাইলে কিম্বা আইনমত হেফাজতহইতে পলাইলে তাহাকে।

সপ্তম। শ্রীশ্রীমতী মহারাণীর পল্টনহইতে কিম্বা শ্রীশ্রীমতী মহারাণীর ভারতবর্ষীয় পল্টনহইতে পলাতক বলিয়া যে ব্যক্তির বিষয়ে যুক্তিমত সংশয় থাকে তাহাকে ইতি।

93. Any person known to have committed or suspected of having committed an offence for which a Police officer is not authorized to arrest without a warrant, and who refuses on demand of a Police officer to give his name and residence,

Person charged refusing to give his name and residence

or gives a name or residence which there is reason to believe to be false,

may be detained by such Police officer for the purpose of ascertaining the name or residence of such person, and shall, within twenty-four hours, be forwarded to the Magistrate having jurisdiction, unless before that time his true name and residence are ascertained, in which case such person shall be forthwith released

94. An officer in charge of a Police station may, without orders from a Magistrate and without a warrant, arrest or cause to be arrested any person found lurking within the limits of such station, who has no ostensible means of subsistence, or who cannot give a satisfactory account of himself,

Arrest of vagabonds

or any person who is a reputed robber, housebreaker, thief, receiver of stolen property knowing it to be stolen,

or who is of notoriously bad livelihood

95. Every Police officer shall prevent, and may interpose for the purpose of preventing, the commission of any cognizable offence.

Police to prevent certain offences

96. Every Police officer receiving information of a design to commit any such offence, shall communicate such information to the Police officer to whom he is subordinate, and to any other officer whom it may concern, to prevent or take cognizance of the commission of any such offence.

Information of designs to commit such offences.

96. A Police officer, knowing of a design to commit any such offence, may arrest, without order from a Magistrate and without a warrant, the person so designing, if the commission of the offence cannot be otherwise prevented

Arrest to prevent such offences.

৯৩ ধারা। যে অপরাধ হইলে পোলীসের কর্ম্মকারক ওয়ারণ্ট বিনা ধৃত করিতে না পারেন কোন ব্যক্তি এমত অপরাধ করিয়াছে ইহা জানা গেলে কিম্বা এমত সংশয় থাকিলে, ও সেই ব্যক্তি পোলীসের কর্ম্মকারকের আদেশমতে আপনার নাম ও বাসস্থান জানাইতে স্বীকার না করিলে,

অভিযুক্ত ব্যক্তি নাম ধাম জানাইতে অস্বীকার করিলে তাহার কথা।

কিম্বা যে নাম ও বাসস্থান জানায় তাহা মিথ্যা জানিবার কারণ থাকিলে,

পোলীসের ঐ কর্ম্মকারক সেই ব্যক্তির নাম ও বাসস্থান নিশ্চিতরূপে জানিবার নিমিত্ত তাহাকে আটক করিয়া রাখিতে পারিবেন ও চব্বিশ ঘণ্টার মধ্যে তাহার প্রকৃত নাম ও বাসস্থান নিশ্চয়মতে জানা না গেলে তাহাকে বিচারাধিপত্যবিশিষ্ট মাজিস্ট্রেটের নিকট পাঠাইবেন। নাম ও বাসস্থান জানা গেলে তাহাকে অগৌণে ছাড়িয়া দেওয়া যাইবে ইতি।

৯৪ ধারা। যাহার দিনপাতের স্পষ্ট সঙ্গতি না থাকে, কিম্বা যে ব্যক্তি সন্তোষমতে আপনার বৃত্তান্ত জানাইতে না পারে,

ভ্রমণকারি ব্যক্তিদিগকে ধৃত করিবার কথা।

কিম্বা যে ব্যক্তি প্রসিদ্ধ দস্যু কি দোষভাবে পরগৃহ প্রবেশকারী কি চোর হয়, কিম্বা চোরা দ্রব্য চোরা জানিয়া গ্রহণ করে,

কিম্বা যাহার প্রসিদ্ধমতে অসৎ জীবিকা।

পোলীস থানার অধ্যক্ষ তদ্রূপ কোন ব্যক্তিকে ঐ থানার এলাকার সীমার মধ্যে গুপ্ত থাকনাবস্থায় পাইলে তিনি মাজিস্ট্রেটের আজ্ঞা ও ওয়ারণ্ট না পাইয়া ঐ ব্যক্তিকে ধৃত করিতে কি করাইতে পারিবেন ইতি।

৯৫ ধারা। পোলীসের প্রত্যেক জন কর্ম্মকারক গ্রাহ্য অপরাধ করা নিবারণ করিবেন ও তাহা নিবারণ করণার্থে হস্তক্ষেপ করিতে পারিবেন ইতি।

কোনং অপরাধ পোলীসের নিবারণ করিতে হইবার কথা।

৯৬ ধারা। পোলীসের কোন কর্ম্মকারক উক্ত কোন অপরাধের কল্পনার কথা অবগত হইলে, তিনি পোলীসের যে কর্ম্মকারকের অধীন থাকেন তাঁহাকে, ও তদ্রূপ অপরাধ নিবারণের কার্য্যে কিম্বা উক্ত অপরাধ হইলে তাহার অনুসন্ধানের কার্য্যে অন্য যে কর্ম্মকারকের সম্পর্ক থাকে তাঁহাকে, সেই কথা জ্ঞাত করিবেন ইতি।

ঐ অপরাধ করিবার কল্পনার সম্বাদ পাইলে তাহার কথা।

৯৭ ধারা। পোলীসের কোন কর্ম্মকারক পূর্ব্বোক্ত কোন অপরাধের কল্পনার কথা অবগত হইলে, যদি সেই কল্পনাকারি ব্যক্তিকে ধৃত না করিলে ঐ অপরাধ নিবারণ হইতে না পারে, তবে ঐ কর্ম্মকারক মাজিস্ট্রেটের আজ্ঞা ও ওয়ারণ্ট বিনা ঐ কল্পনাকারি ব্যক্তিকে ধৃত করিতে পারিবেন ইতি।

ঐ অপরাধ নিবারণার্থে ধৃত করিবার কথা।

98. A Police officer may, of his own authority, interpose for the prevention of any injury attempted to be committed in his view to any public property, movable or immovable

Injury to public property

or to prevent the removal or injury of any public land-mark, or buoy or other mark used for navigation If necessary such Police officer may detain the person doing such injury according to the provisions of section ninety-three

99. If there is reason to believe that any person, liable to arrest under this chapter without a warrant, of whom a Police officer is in search, has entered into or is within any house or place, it shall be the duty of the person, residing in or in charge of such house or place, on the demand of each Police officer, to allow ingress thereto, and all reasonable facilities for a search therein.

Ingress to be allowed into house entered by person of whom Police is in search

100 If ingress to such house or place cannot be obtained under section ninety-nine, the Police officers authorized to make his arrest shall take such precautions as may be necessary to prevent the escape of the person to be arrested, and send immediate information to any Magistrate having jurisdiction

Procedure where ingress not obtainable

If a warrant cannot be obtained without affording such person an opportunity of escape, and there is no person authorized to enter without a warrant on the spot, the Police officer may make an entry into such house or place and search therein

101 A Police officer making an arrest under this chapter shall, without unnecessary delay, take or send the person arrested before the Magistrate having jurisdiction in the case, or before the officer in charge of a Police-station

Person arrested to be taken before the Magistrate or officer in charge of Police station

102. When any officer in charge of a Police-station requires any officer subordinate to him to arrest without a warrant (otherwise than in his presence) any person who may lawfully be arrested by such officer without a warrant, he shall deliver to the

Procedure when Police officer deputes subordinate to arrest without warrant

৯৮ ধারা। পোলীসের কর্ম্মকারকের দৃষ্টিগোচরে রাজকীয় কোন স্থাবর কি অস্থাবর সম্পত্তির কোন হানি করিবার উদ্যোগ করা গেলে, ঐ কর্ম্মকারক তাহা নিবারণার্থে,

রাজকীয় সম্পত্তির হানি করণের কথা।

কিম্বা রাজকীয় কোন ভূমির চিহ্ন, কি বয়া কি নৌকাদির পথ দর্শাইবার অন্য চিহ্ন স্থানান্তর করা কি তাহার হানি করা নিবারণার্থে, স্বীয় ক্ষমতাক্রমে প্রতিবন্ধক হইতে পারিবেন। যে ব্যক্তি তদ্রূপ হানি করে আবশ্যক হইলে পোলীসের কর্ম্মকারক তাহাকে ৯৩ ধারার বিধানমতে আটক করিয়া রাখিতে পারিবেন ইতি।

৯৯ ধারা। এই অধ্যায়মতে যে ব্যক্তিকে ওয়ারণ্ট বিনা ধরা যাইতে পারে পোলীসের কোন কর্ম্মকারক তাহার অন্বেষণ করিতে গেলে ও সেই ব্যক্তি কোন ঘরে কি অন্য স্থানে প্রবেশ করিয়াছে কি আছে এমত জানিবার হেতু থাকিলে পোলীসের সেই কর্ম্মকারক ঐ গৃহাদিতে প্রবেশ করিবার অনুমতি চাহিলে, ঐ গৃহ কি স্থান বাসির কি রক্ষকের কর্ত্তব্য যে ঐ কর্ম্মকারককে প্রবেশ করিতে দেন, ও তন্মধ্যে অন্বেষণ করিতে সর্ব্বপ্রকারে যুক্তিমত সাহায্য করেন ইতি।

পোলীসের কর্ম্মকারক যাহাকে অন্বেষণ করিতেছে সেই ব্যক্তি কোন গৃহে প্রবেশ করিলে ঐ কর্ম্মকারকের তন্মধ্যে প্রবেশ করিবার অনুমতি দিবার কথা।

১০০ ধারা। সেই ঘরে কি স্থানে ৯৯ ধারামতে প্রবেশ করিবার অনুমতি পাওয় যাইতে না পারিলে ধৃত করিবার ক্ষমতাপ্রাপ্ত পোলীসের ঐ কর্ম্মকারক যাহাকে ধরিতে চেষ্টা করেন তাহার পলায়ন করিতে না পারিবার আবশ্যক উপায় করিয়া উপযুক্ত বিচারাধিপত্যবিশিষ্ট মাজিষ্ট্রেট সাহেবকে অগৌণে সম্বাদ দিবেন।

প্রবেশ করিতে না পারিলে যাহা কর্ত্তব্য তাহার কথা।

কিন্তু ওয়ারণ্ট আনিতে গেলে সেই ব্যক্তির পলায়ন করিবার সুযোগ হয়, ও ওয়ারণ্ট বিনা প্রবেশ করিবার ক্ষমতাপন্ন কোন ব্যক্তি উপস্থিত নাই এমন স্থলে পোলীসের ঐ কর্ম্মকারক ঐ গৃহে কি স্থানে প্রবেশ করিয়া তন্মধ্যে অন্বেষণ করিতে পারিবেন ইতি।

১০১ ধারা। পোলীসের কর্ম্মকারক এই অধ্যায়মতে কোন ব্যক্তিকে ধৃত করিলে ঐ মোকদ্দমায় যে মাজিষ্ট্রেটের ক্ষমতা থাকে অনাবশ্যক বিলম্ব না করিয়া তাঁহার নিকটে কিম্বা পোলীস থানার অধ্যক্ষের নিকটে ঐ ধৃত ব্যক্তিকে লইয়া যাইবেন কি পাঠাইবেন ইতি।

ধৃত ব্যক্তিকে মাজিষ্ট্রেটের কিম্বা পোলীস থানার অধ্যক্ষের নিকটে উপস্থিত করিবার কথা।

১০২ ধারা। পোলীস থানার অধ্যক্ষ আইনমতে যে ব্যক্তিকে ওয়ারণ্ট বিনা ধৃত করিতে পারেন আপনার অনুপস্থানে সেই ব্যক্তিকে ওয়ারণ্ট বিনা ধরিবার জন্যে আপনার অধীন কোন কর্ম্মকারককে

পোলীসের কর্ম্মকারক ওয়ারণ্ট বিনা ধৃত করিবার নিমিত্তে আপন অধীন কর্ম্মকারককে প্রেরণ করিলে ইতিকর্ত্তব্যতার কথা।

Police officer required to make the arrest an order in writing, specifying the person to be arrested and the offence for which the arrest is to be made.

The provisions of sections ninety-one and one hundred and seventy-six to one hundred and eighty two (both inclusive) shall apply to every order in writing issued under this section

Police may pursue offenders into other jurisdictions.

103. For the purpose of arresting any person accused of a cognizable offence, a Police officer may pursue any such person into the limits of the local jurisdiction of another Police officer, whether subordinate to the same Magistrate as himself, or to the Magistrate of any other District, and whether such place be in the same Province or not

Detention of offenders attending Court

104. Any person attending a Criminal Court, although not upon an arrest or summons on a complaint made, may be detained by such Court for the purpose of examination for any offence which from the evidence he may appear to have committed, and may be proceeded against as though he had been arrested or summoned on a complaint made

When the detention takes place in the course of an inquiry under chapter XV, or after a trial has been begun, the proceedings in respect of such person shall be commenced afresh and the witnesses re-heard

Of Arrest by Private Persons

Arrest by private persons

105. Any private person may arrest any person who, in his view, commits a non-bailable and cognizable offence

Arrest of deserters from British ships

106. The master or mate of a British merchant ship may, either with or without the assistance of the Police, who are bound to aid if so required by such master or mate, arrest seamen or apprentices duly engaged, under the Statutes 17 and 18 Vic, c 104, or other law for the time being in force relating to merchant shipping, who refuse to join or desert from the vessel in which they contracted to serve.

আজ্ঞা করিলে, তাঁহাকে আজ্ঞাপত্র দিবেন। যে অপরাধের নিমিত্ত যে ব্যক্তিকে ধরিতে হইবে আজ্ঞাপত্রে এই২ কথা নির্দ্দিষ্ট থাকিবে।

এই ধারামতে যে আজ্ঞাপত্র দেওয়া যায় তাহার প্রতি ৯১ ধারার ও ১৭৬ অবধি ১৮২ পর্য্যন্ত সমস্ত ধারার বিধান বর্ত্তিবে ইতি।

অপরাধিকে ধরিবার জন্যে পোলীসের অন্য থানার অধীন স্থানে যাইবার কথা।

১০৩ ধারা। পোলীসের কোন কর্ম্মকারক ধর্ত্তব্য অপরাধে অভিযুক্ত কোন ব্যক্তিকে ধরিবার নিমিত্ত সেই ব্যক্তির পশ্চাৎ২ পোলীসের অন্য কর্ম্মকারকের অধীন স্থানে যাইতে পারিবেন। আপনি যে মাজিষ্ট্রেট সাহেবের অধীন হন সেই অন্য কর্ম্মকারক তাঁহারই অধীন হইলে বা অন্য জিলার মাজিষ্ট্রেটের অধীন হইলেও ও সেই স্থান এক প্রদেশের অন্তর্গত হইলে বা না হইলেও যাইতে পারিবেন ইতি।

অপরাধিরা আদালতে আইলে তাহাদিগকে আটক করিয়া রাখিবার কথা।

১০৪ ধারা। কোন ব্যক্তি অভিযোগহেতুক ধৃত না হইয়া কি সমন না পাইয়া ফৌজদারী আদালতে উপস্থিত হইলে, এবং প্রমাণক্রমে সে কোন অপরাধ করিয়াছে দৃষ্ট হইলে, আদালত তাহাকে পরীক্ষা করিয়া দেখিবার নিমিত্ত আটক করিয়া রাখিতে পারিবেন এবং অভিযোগমতে ধৃত কিম্বা সমন হওয়ার ন্যায় তাহার বিপক্ষ কার্য্য হইতে পারিবে।

১৫ অধ্যায়মতে তদন্ত লইবার সময়ে কিম্বা বিচার আরম্ভ হইলে পর যদি সেই ব্যক্তিকে আটক করিয়া রাখা যায়, তবে সেই ব্যক্তিসম্পর্কীয় আনুষ্ঠানিক কার্য্য নূতন আরম্ভ হইবে ও সাক্ষিদের কথা পুনশ্চ শুনা যাইবে ইতি।

সাধারণ ব্যক্তিদের দ্বারা ধৃত হওয়ার কথা।

সাধারণ ব্যক্তিদেরদ্বারা ধৃত হওয়ার কথা।

১০৫ ধারা। ধর্ত্তব্য যে অপরাধের নিমিত্ত হাজির জামিন লওয়া যাইতে না পারে কোন সাধারণ ব্যক্তি আপনার দৃষ্টিগোচরে কোন ব্যক্তিকে তদ্রূপ অপরাধ করিতে দেখিলে তাহাকে ধরিয়া দিতে পারিবেন ইতি।

ব্রিটনীয় জাহাজহইতে পলাতক ব্যক্তিদিগকে ধরিবার কথা।

১০৬ ধারা। মহারাণী বিক্টোরিয়ার ১৭ ও ১৮ বৎসরের ১০৪ অধ্যায়ের আইনমতে কিম্বা সওদাগরী জাহাজ বিষয়ক অন্য যে আইন যৎকালে প্রচলিত থাকে সেই আইনমতে কোন নাবিক কি এপ্রেণ্টিস নিয়মিতরূপে ব্রিটনীয় সওদাগরী জাহাজে নিযুক্ত হইয়া যে জাহাজে কর্ম্ম করিতে চুক্তি করিয়াছে সেই জাহাজে যাইতে না চাহিলে কি সেই জাহাজহইতে পলায়ন করিলে, ঐ জাহাজের অধ্যক্ষ কি মালিম পোলীসের সাহায্য লইয়া বা তদ্ভিন্ন তাহাকে ধৃত করিতে পারিবেন। ঐ অধ্যক্ষ কি মালিম পোলীসের সাহায্য চাহিলে তাহারদের সাহায্য করিতেই হইবে।

Such arrest shall be made only at the request and on the responsibility of such master or mate, and he shall be required by the Police to accompany the arrested persons, should he be apprehended, before the Magistrate having jurisdiction, and it shall be the duty of such master or mate to obey such requisition

কেবল ঐ অধ্যক্ষের কি মালিমের আদেশমতে সেই ব্যক্তিকে ধরিয়া লওয়া যাইবে ও তাহাকে ধরিবার বিষয়ে কেবল তিনিই দায়ী হইবেন। ঐ ব্যক্তিকে ধরা গেলে পোলীস ঐ অধ্যক্ষকে কি মালিমকে সেই ধৃত ব্যক্তির সঙ্গে বিচারাধিপত্য বিশিষ্ট মাজিষ্ট্রেট সাহেবের নিকট যাইতে আদেশ করিবেন। ও সেই আদেশমতে কর্ম্ম করা ঐ অধ্যক্ষের কি মালিমের কর্ত্তব্য ইতি।

107. A private person making an arrest under this chapter shall forthwith make over the person arrested to a Police officer, and, in the absence of a Police officer, shall take such person to the nearest Police station. The Police shall deal with such person according to the provisions of section ninety-two or ninety-three, as the case may be, and shall not arrest or detain him unless he appears to be liable to arrest or detention under the section applicable

How to proceed with person arrested

১০৭ ধারা। সাধারণ ব্যক্তি এই অধ্যায়মতে কোন ব্যক্তিকে ধৃত করিলে তাহাকে পোলীসের কর্ম্মকারকের হাতে সমর্পণ করিবেন। পোলীসের কর্ম্মকারক না থাকিলে তাহাকে নিকট পোলীস থানায় লইয়া যাইবে। পোলীস তাহাকে লইয়া ৯২ কিম্বা বিষয়বিশেষে ৯৩ ধারামতে কার্য্য করিবেন। ইহার মধ্যে যে ধারা খাটে তদনুসারে ঐ ব্যক্তি ধৃত হইবার কি আটক করিয়া রাখিবার যোগ্য বোধ না হইলে তাহাকে ধৃত কি আটক করিয়া রাখিবেন না ইতি।

ধৃত ব্যক্তিকে লইয়া যাহা করিতে হইবে তাহার কথা।

108. When any offence is committed in the presence of a Magistrate, he may order any person to arrest the offender, and may thereupon commit him to custody, or, if the offence is bailable may admit him to bail

Offence committed in Magistrate's presence

১০৮ ধারা। মাজিষ্ট্রেটের দৃষ্টিগোচরে কোন অপরাধ করা গেলে তিনি কোন ব্যক্তির প্রতি অপরাধিকে ধরিবার আজ্ঞা দিয়া তাহাকে প্রহরির জিম্মায় সমর্পণ করিতে পারিবেন, কিম্বা সেই অপরাধের নিমিত্তে হাজির জামিন লওয়া যাইতে পারিলে লইতে পারিবেন ইতি।

মাজিষ্ট্রেটের দৃষ্টিগোচরে যে অপরাধ করা যায় তাহার কথা।

CHAPTER X.

Powers of the Police to investigate

১০ অধ্যায়।

পোলীসের অনুসন্ধান লইবার ক্ষমতার কথা।

109 An officer in charge of a Police station may, without order of a Magistrate, investigate any offence cognizable by the Police

What offence Police officer may investigate

১০৯ ধারা। পোলীস থানার অধ্যক্ষ মাজিষ্ট্রেটের আজ্ঞা না পাইয়াও পোলীসের ধর্ত্তব্য কোন অপরাধের অনুসন্ধান লইতে পারিবেন ইতি।

পোলীসের কর্ম্মকারক যেং অপরাধের অনুসন্ধান লইতে পারেন তাহার কথা।

110. A Police officer may not, without the order of a Magistrate of the first or second class, investigate an offence not cognizable by the Police

What offences Police may not investigate

১১০ ধারা। যে অপরাধ পোলীসের ধর্ত্তব্য নয় পোলীসের কর্ম্মকারক প্রথম কি দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের আজ্ঞা না পাইয়া সেই অপরাধের অনুসন্ধান লইতে পারিবেন না।

পোলীস যেং অপরাধের অনুসন্ধান লইতে না পারেন তাহার কথা।

A Magistrate of the first or second class may, as provided in sections twenty four and twenty-six, order the Police to investigate, and on receipt of an order to investigate a non-cognizable case, a Police officer may exercise the same powers in respect of the investigation as in a cognizable case

প্রথম বা দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেট ২৪ ও ২৬ ধারার বিধানমতে পোলীসকে অনুসন্ধান লইবার আজ্ঞা দিতে পারিবেন। ও পোলীসের কর্ম্মকারকের ধর্ত্তব্য মোকদ্দমায় তিনি অনুসন্ধান লইবার যেং ক্ষমতামতে কার্য্য করিতে পারেন অধর্ত্তব্য মোকদ্দমার অনুসন্ধান লইবার আজ্ঞা পাইলে তাঁহার অনুসন্ধান লইবার সেই ক্ষমতা থাকিবে ইতি।

111. Nothing in section one hundred and ten shall be held to interfere with the exercise of any powers vested in a Police officer by any special or local law, or with the performance of any duty which is imposed upon a Police by any such special or local law

Saving of powers vested in Police by special or local law

112. Every complaint preferred to an officer in charge of a Police-station, shall be reduced into writing, and shall be signed, sealed, or marked by the person making it, and the substance thereof shall be entered in a book to be kept by such officer in the form prescribed by the Local Government

Complaint to Police to be in writing

113. If a complaint is preferred to an officer in charge of a Police-station of the commission within his local jurisdiction of an offence which is not cognizable by the Police, the Police officer shall enter the substance of it in the station diary, and shall refer the complainant to the Magistrate

Complaint in non-cognizable cases.

114. If, from information or otherwise, an officer in charge of a Police-station has reason to suspect the commission, within his local jurisdiction, of an offence cognizable by the Police, he shall send immediate intimation to the Magistrate having jurisdiction, and shall proceed in person or shall depute one of his subordinate officers to proceed to the spot to investigate the facts and circumstances of the case, and to take such measures as may be necessary for the discovery and apprehension of the offender

Upon information, &c, Police officer in charge of station to proceed in person or depute a subordinate

Police officers shall investigate offences committed within the local limits of their jurisdiction, but they may investigate offences committed outside of those limits in cases in which a Magistrate might, under the provisions of chapter VI, inquire into an offence not committed within his district.

No such proceeding shall, at any stage, be called in question on the ground that such offence was not committed within such officer's local jurisdiction

১১১ ধারা। পোলীসের কোন কর্ম্মকারকের প্রতি কোন বিশেষ কি স্থানবিশেষের আইনক্রমে যে কোন ক্ষমতার্পণ করা যায় কিম্বা পোলীসের কোন কর্ম্মকারকের প্রতি তদ্রূপ কোন বিশেষ কি স্থানবিশেষের আইনক্রমে যে কর্ত্তব্য কর্ম্ম অর্পিত হয়, ১১০ ধারার কোন কথাদ্বারা তাহার ব্যাঘাত হইল এমত জ্ঞান করিতে হইবে না ইতি।

বিশেষ কি স্থান বিশেষের আইনক্রমে পোলীসের কর্ম্মকারকদের প্রতি যে ক্ষমতার্পণ হয় তাহা প্রবল থাকিবার কথা।

১১২ ধারা। পোলীস থানার অধ্যক্ষের নিকট যে নালিশ করা যায় তাহা লিখিয়া লওয়া যাইবে। ও যে ব্যক্তি নালিশ করেন তিনি তাহাতে সহী করিবেন কি মোহর কি চেরা সহী দিবেন। পোলীসের ঐ কর্ম্মকারকের নিকট এক খান বহী থাকিবে তন্মধ্যে স্থানীয় গবর্ণমেণ্ট যে পাঠ নির্দ্দিষ্ট করেন সেই পাঠে ঐ নালিশের মর্ম্ম লেখা যাইবে ইতি।

লিখনক্রমে পোলীসে নালিশ করিবার কথা।

১১৩ ধারা। যে অপরাধ পোলীসের ধর্ত্তব্য নয় পোলীস থানার অধ্যক্ষের ক্ষমতাধীন স্থানের মধ্যে এমত অপরাধ করা গিয়াছে বলিয়া তাঁহার নিকট নালিশ হইলে, তিনি থানার রোজনামায় ঐ নালিশের মর্ম্ম লিখিয়া বাদিকে মাজিষ্ট্রেটের নিকট যাইতে বলিবেন ইতি।

অধর্ত্তব্য মোকদ্দমার নালিশের কথা।

১১৪ ধারা। কোন পোলীস থানার এলাকার মধ্যে পোলীসের ধর্ত্তব্য অপরাধ হইল কোন সন্ধান হেতুক কি প্রকারান্তরে ঐ থানার অধ্যক্ষের এমত সংশয় থাকিলে, তিনি তৎক্ষণাৎ বিচারাধিপত্য বিশিষ্ট মাজিষ্ট্রেটের নিকট ঐ অপরাধের সম্বাদ পাঠাইয়া সেই বিষয়ের বৃত্তান্তের ও পূর্ব্বাপর ঘটনার অনুসন্ধান লইবার নিমিত্তে এবং অপরাধির সন্ধান লইবার ও তাহাকে ধরিবার যাহা আবশ্যক হয় তাহা করিবার নিমিত্তে আপনি সেই স্থানে যাইবেন কিম্বা আপনার অধীন কোন কর্ম্মকারককে পাঠাইবেন।

সন্ধান দেওয়া গেলে পোলীস থানার অধ্যক্ষের স্বয়ং যাইবার কিম্বা কোন কর্ম্মকারককে পাঠাইবার কথা।

পোলীসের কর্ম্মকারকদের এলাকার সীমার মধ্যে যে অপরাধ করা যায় তাঁহারা তাহার অনুসন্ধান লইবেন। কিন্তু মাজিষ্ট্রেটের জিলার বহির্ভূত স্থানে অপরাধ করা গেলে তিনি যদি ৬ অধ্যায়ের বিধানমতে ঐ অপরাধের তদন্ত লইতে পারেন তবে তদ্রূপ স্থলে থানার সীমার বাহিরে অপরাধ করা গেলেও পোলীসের কর্ম্মকারকেরাও ঐ অপরাধের অনুসন্ধান লইতে পারিবেন।

তাঁহার উক্ত প্রকারের কার্য্যানুষ্ঠান হওনের কোন সময়ে ঐ অপরাধ উক্ত কর্ম্মকারকের এলাকার মধ্যে করা যায় নাই বলিয়া সেই কার্য্যের বিষয়ে আপত্তি করা যাইতে পারিবে না ইতি।

115. **Such Magistrate, on receiving intimation of the commission of any such offence, may at once proceed, or depute any Magistrate subordinate to him to proceed, to hold a preliminary inquiry into or otherwise to dispose of such case in the manner provided in this Act.**

Preliminary inquiry

১১৫ ধারা। উক্ত মাজিষ্ট্রেট উক্ত কোন অপরাধ হওয়ার সম্বাদ পাইলে অগৌণে তাহার প্রথম স্থলীয় অনুসন্ধান লইবার জন্যে কিম্বা ঐ বিষয় লইয়া অন্য যে কর্ম্ম করা উচিত এই আইনের নির্দ্দিষ্টমতে তাহা করিবার জন্যে আপনি যাইতে পারিবেন, কিম্বা আপনার অধীন কোন মাজিষ্ট্রেটকে পাঠাইতে পারিবেন ইতি।

প্রথম স্থলীয় অনুসন্ধানের কথা।

116. Provided that, when any complaint is made against any person by name and the case is not of a serious nature, the officer in charge of a Police-station need not proceed in person or depute a subordinate officer to make an investigation on the spot, unless such local investigation appears to be necessary

Where local investigation dispensed with

১১৬ ধারা। পরন্তু কোন ব্যক্তির নামে নালিশ হইলে যদি গুরুতর ভাবের অপরাধ না হইয়া থাকে তবে পূর্ব্বোক্ত স্থানীয় অনুসন্ধান করা আবশ্যক বোধ না হইলে অনুসন্ধান লইবার জন্যে পোলীস থানার অধ্যক্ষের স্বয়ং সেই স্থানে যাওয়ার কিম্বা অধীন কর্ম্মকারককে পাঠাইবার প্রয়োজন নাই ইতি।

স্থানীয় অনুসন্ধান না হইবার স্থলের কথা।

117. Provided that, if it appear to the officer in charge of a Police-station that there is no sufficient ground for entering on an investigation, or that the immediate apprehension of the accused is not necessary for the ends of justice, he shall not proceed in the case, but shall report the substance of the complaint or information for the orders of the Magistrate having jurisdiction

Where Police officer in charge sees no sufficient ground for investigation

Such report shall be submitted through such superior officer of Police as the Local Government shall, by general or special order, in that behalf appoint Such superior officer may give such instructions to the officer in charge of the Police-station as he deems fit, and shall, after recording such instructions on such report, transmit the papers without delay to the Magistrate having jurisdiction

১১৭ ধারা। আরো অনুসন্ধান লইবার বিশিষ্ট হেতু নাই ও ন্যায়বিচারের ফল সাধনের জন্যে অভিযুক্ত ব্যক্তিকে অগৌণে ধরিবার আবশ্যক নাই পোলীস থানার অধ্যক্ষ এমত বোধ করিলে সেই বিষয়ে কিছুই না করিয়া যে মাজিষ্ট্রেটের বিচারাধিপত্য থাকে তাঁহার আজ্ঞার জন্যে অভিযোগের কি সন্ধানের মর্ম্মের রিপোর্ট পাঠাইবেন।

পোলীসথানার অধ্যক্ষ অনুসন্ধান লইবার বিশিষ্ট হেতু না ভাবিলে তাহার কথা।

স্থানীয় গবর্ণমেণ্ট সাধারণ কি বিশেষ আজ্ঞা করিয়া উক্ত কার্য্যের নিমিত্ত পোলীসের উচ্চ পদস্থ যে কর্ম্মকারককে নিযুক্ত করেন ঐ রিপোর্ট তাঁহারই দ্বারা পাঠাইতে হইবে। তিনি পোলীস থানার অধ্যক্ষকে যে আদেশ করা উপযুক্ত জ্ঞান করেন তাহা করিবা ঐ রিপোর্টের উপর সেই আদেশ লিখিয়া অবিলম্বে বিচারাধিপত্যবিশিষ্ট মাজিষ্ট্রেটের নিকটে কাগজপত্র পাঠাইবেন ইতি।

118. An officer in charge of a Police-station or other officer making an investigation may, by an order in writing, require the attendance before himself of any person, being within the limits of his own or any adjoining station, who, from the statement of the complainant or otherwise, appears to be acquainted with the circumstances of any case which such officer is investigating, and such person shall attend as required and shall answer all questions relating to such case put to him by such officer.

Police officer's power to summon witnesses

Provided that no person shall be bound to answer any questions tending to criminate himself.

১১৮ ধারা। পোলীস থানার অধ্যক্ষ কিম্বা অন্য যে কর্ম্মকারক অনুসন্ধান লন তিনি যে ব্যাপারের পূর্ব্বাপর ঘটনার অনুসন্ধান লইতেছেন আপন এলাকার কিম্বা তাহার লাগাও অন্য এলাকার সীমার মধ্যবর্ত্তি কোন ব্যক্তি সেই ব্যাপার অবগত আছে, বাদির কথামতে কি প্রকারান্তরে এমত বোধ করিলে, তিনি অনুজ্ঞাপত্র লিখিয়া সেই ব্যক্তিকে আপনার সম্মুখে উপস্থিত হইবার আজ্ঞা দিতে পারিবেন। ও সেই ব্যক্তির সেই আজ্ঞামতে উপস্থিত হইতে হইবে ও সেই ব্যাপার বিষয়ে ঐ কর্ম্মকারকের সকল প্রশ্নের উত্তর দিতে হইবে।

সাক্ষিদিগকে সমন করিতে পোলীসের কর্ম্মকারকদের ক্ষমতার কথা।

কিন্তু যে প্রশ্নের উত্তর দ্বারা কোন ব্যক্তি আপনিই আপনাকে অপরাধী করে সে সেই প্রশ্নের উত্তর দিতে আবদ্ধ নহে।

Oral examination of witnesses by Police.

119. An officer in charge of a Police-station, or other Police officer making an investigation, may examine orally any person supposed to be acquainted with the facts and circumstances of the case, and may reduce into writing any statement made by the person so examined

Such person shall be bound to answer all questions relating to such case put to him by such officer other than questions criminating himself

Proviso

No statement so reduced into writing shall be signed by the person making it, nor shall it be treated as part of the record or used as evidence.

পোলীসের দ্বারা সাক্ষিদের বাচনিক সাক্ষ্য গ্রহণের কথা।

১১৯ ধারা। পোলীস থানার অধ্যক্ষ কিম্বা পোলীসের অন্য কর্ম্মকারক যে মোকদ্দমার অনুসন্ধান লইতেছেন, কোন ব্যক্তি সেই মোকদ্দমার বৃত্তান্ত ও পূর্ব্বাপর ঘটনা জ্ঞাত আছে তাঁহার এমত অনুভব থাকিলে তিনি সেই ব্যক্তির বাচনিক সাক্ষ্য গ্রহণ করিতে পারিবেন। ও সেই রূপে যাঁহার সাক্ষ্য লওয়া যায়, তাঁহার উক্তি লিখিয়া লইতে পারিবেন।

যে প্রশ্নের উত্তর দিলে সেই ব্যক্তি আপনাকেই আপনি অপরাধী করিতে পারে তদ্ভিন্ন উক্ত কার্য্যকারক সেই ব্যাপার বিষয়ে যত প্রশ্ন করেন তাহার সেই প্রশ্নের উত্তর দিতেই হইবে।

উপবিধি।

তদ্রূপ যে উক্তি লিখিয়া লওয়া যায় তাহাতে সেই উক্তিকারকের স্বাক্ষর করিতে হইবে না ও মোকদ্দমার কাগজপত্রের মধ্য বলিয়া সেই পত্র লইয়া কার্য্য হইবে না ও সাক্ষ্যস্বরূপ তাহার ব্যবহার হইবে না ইতি।

No inducement to be offered to confess

120. No Police officer or other person shall offer any inducement to an accused person by threat or promise or otherwise to make any disclosure or confession, whether such person is under arrest or not.

But no Police officer or other person shall prevent the person arrested, by any caution or otherwise, from making any disclosure which he may be disposed to make of his own free will

দোষ স্বীকার করিবার প্রবৃত্তি না দিবার কথা।

১২০ ধারা। অভিযুক্ত ব্যক্তিকে ধৃত করিয়া রাখা গেলে বা না গেলেও পোলীসের কোন কর্ম্মকারক কি অন্য ব্যক্তি ভয় দেখাইয়া কিম্বা অঙ্গীকারপ্রভৃতি কোন কথার দ্বারা কি অন্য কোন প্রকারে তাহাকে কোন কথা প্রকাশ কি স্বীকার করিতে প্রবৃত্তি দিবেন না।

কিন্তু ধৃত ব্যক্তি ইচ্ছা করিয়া কোন কথা প্রকাশ করিতে চাহিলে পোলীসের কর্ম্মকারক কি অন্য ব্যক্তি তাহাকে সতর্ক করিয়া কিম্বা অন্য কোন প্রকারে সেই কথা প্রকাশ করিতে বারণ করিবেন না ইতি।

Police not to record statement or confession

121. No Police officer shall record any statement or any admission or confession of guilt, which may be made before him by a person accused of any offence

Proviso

Provided that nothing in this section shall preclude a Police officer from reducing any such statement or admission or confession into writing for his own information or guidance, or from giving evidence of any dying declaration.

উক্তি বা স্বীকৃত কথা পোলীসের কর্ম্মকারকের লিপিবদ্ধ করিতে না হইবার কথা।

১২১ ধারা। যে ব্যক্তির নামে কোন অপরাধের অভিযোগ হয় সে পোলীসের কর্ম্মকারকের শ্রুতিগোচরে যে উক্তি করে কিম্বা অপরাধ স্বীকার বা প্রকাশ করণ সূচক যে কথা কহে, পোলীসের কর্ম্মকারক তাহা লিপিবদ্ধ করিবেন না।

উপবিধি।

কিন্তু পোলীসের কর্ম্মকারক আপনার বোধের নিমিত্তে ও কার্য্যপদ্ধতির জন্যে ঐ উক্তি কিম্বা কোন অপরাধের স্বীকার বাক্য লিখিয়া রাখিতে পারিবেন না কিম্বা মুমূর্ষু বাক্যের সাক্ষ্য দিতে পারিবেন না এই ধারার কোন কথাতে ইহার বাধা নাই ইতি।

Powers of Magistrates to record statements and confessions

122. Any Magistrate may record any statement made to him by any person, or any confession made to him by any person, accused of an offence by any Police officer or other person Such statements shall be recorded in the manner hereinafter prescribed for recording evidence, and such confes-

উক্তি ও স্বীকার বাক্য মাজিষ্ট্রেটদের লিপিবদ্ধ করিবার ক্ষমতার কথা।

১২২ ধারা। কোন মাজিষ্ট্রেটের নিকট পোলীসের কর্ম্মকারকের কি অন্য ব্যক্তির দ্বারা কোন ব্যক্তির নামে অভিযোগ হইলে সেই ব্যক্তি মাজিষ্ট্রেটের নিকট যে উক্তি করে বা অপরাধের যে স্বীকার বাক্য কহে মাজিষ্ট্রেট তাহা লিপিবদ্ধ করিতে পারিবেন। সাক্ষ্য লিপিবদ্ধ করিবার যে বিধান পশ্চাৎ নির্দ্দিষ্ট,

sions shall be taken in the manner provided in sections three hundred and forty-five and three hundred and forty six, and shall, when recorded, be forwarded to the Magistrate by whom the case is inquired into or tried No Magistrate shall record any such confession unless, upon inquiry, he has reason to believe that it was made voluntarily, and he shall make a memorandum at the foot of any such confession to the following effect.—

"I believe that this confession was voluntarily made."

(Signed) A. B,
Magistrate

123. If the person arrested appears from the information obtained to have committed the offence charged, and the offence is not bailable, the officer in charge of the Police-station shall forward him under custody to the Magistrate having jurisdiction, and shall bind over the complainants, if any, and so many of the persons who appear to be acquainted with the circumstances of the case as may be necessary, to appear on a fixed day before such Magistrate, and to remain in attendance till otherwise directed

Investigation by police

When any subordinate Police officer has made any investigation under this chapter, he shall, if so required by the officer in charge of the Police-station, submit a report of such investigation to him, or he may do so without such requisition, and the officer in charge of the Police-station shall then proceed as if he had made the investigation himself

124 No Police officer shall detain an accused person in custody for a longer period than, under all the circumstances of the case, is reasonable, and such period shall not, in the absence of the special order of a Magistrate, whether having jurisdiction to inquire into or try the case or not, exceed twenty-four hours, exclusive of the time necessary for the journey from the place of arrest to the Magistrate's Court

Accused not to be detained by Police more than twenty four hours without special authority

If the investigation has not been completed within twenty-four hours, and no such special order has been passed, and if there are grounds for

হইল ঐ উক্তি সেই প্রকারে লিপিবদ্ধ করা যাইবেক এবং অপরাধের স্বীকার বাক্য ৩৪৫ ও ৩৪৬ ধারার নির্দ্দিষ্টমতে গ্রাহ্য হইবে ও লিপিবদ্ধ করা গেলে যে মাজিষ্ট্রেট ঐ মোকদ্দমার তদন্ত লইবেন কি বিচার করিবেন তাঁহার নিকট পাঠান যাইবে। সেই অপরাধ স্বেচ্ছাক্রমে স্বীকার করা গেল মাজিষ্ট্রেট তদন্ত লইয়া এমত জানিবার কারণ না পাইলে তাহা লিপিবদ্ধ করিবেন না। স্বেচ্ছাক্রমে করা গেল জানিলে তিনি ঐ স্বীকার বাক্যের নিম্নভাগে এই মর্ম্মের কথা লিখিবেন।

"অপরাধ স্বেচ্ছাক্রমে স্বীকার করা গেল আমার এই প্রতীতি।"

শ্রীঅমুক,
মাজিষ্ট্রেট।

১২৩ ধারা। যে সন্ধান পাওয়া গেল তদ্দারা ধৃত ব্যক্তি অভিযোগমত অপরাধের অপরাধী দৃষ্ট হইলে ও সেই অপরাধের জামিনে হাজির জামিন লওয়া যাইতে না পারিলে যে মাজিষ্ট্রেটের বিচার করিবার ক্ষমতা থাকে পোলীস থানার অধ্যক্ষ ঐ ব্যক্তিকে প্রহরির জিম্মায় দিয়া তাঁহার নিকটে পাঠাইবেন, ও বাদিগণ থাকিলে তাহারা ও যাহারা সেই ব্যাপারের পূর্ব্বাপর ঘটনা জানে বলিয়া বোধ হয় তাহারদের মধ্যে যত ব্যক্তির উপস্থিত হওয়া আবশ্যক জ্ঞান করেন তাহারা নিরূপিত দিনে সেই মাজিষ্ট্রেটের সম্মুখে উপস্থিত হইবে ও যত কাল প্রকারান্তরের আজ্ঞা না হয় তত কাল উপস্থিত থাকিবে তাহাদের স্থানে এই মর্ম্মের প্রতিজ্ঞাপত্র লইবেন।

পোলীসের দ্বারা অনুসন্ধানের কথা।

যদি পোলীসের অধঃস্থ কোন কর্ম্মকারকের দ্বারা এই অধ্যায়মত অনুসন্ধান লওয়া গিয়া থাকে তবে পোলীস থানার অধ্যক্ষ আজ্ঞা করিলে তিনি তাঁহার নিকট ঐ অনুসন্ধানের রিপোর্ট দিবেন। কিম্বা তদ্রূপ আজ্ঞা না পাইলেও দিতে পারিবেন। তাহা হইলে পোলীস থানার অধ্যক্ষ আপনি সেই অনুসন্ধান করিলে যেরূপে কার্য্যানুষ্ঠান করিতেন সেইরূপে করিবেন ইতি।

১২৪ ধারা। মোকদ্দমার তাবদ্ব্যাপার বিবেচনায় অভিযুক্ত ব্যক্তিকে যুক্তিমতে যত কাল আটক করিয়া রাখা উচিত পোলীসের কোন কর্ম্মকারক তাহাকে তদধিক কাল আটক করিয়া রাখিবেন না। এবং সেই মোকদ্দমার তদন্ত লইবার কি বিচার করিবার ক্ষমতাপন্ন মাজিষ্ট্রেটের কিম্বা অন্য মাজিষ্ট্রেটের বিশেষ আজ্ঞা না থাকিলে তাহাকে চব্বিশ ঘণ্টার অধিক কাল রাখিবেন না। তাহাকে যে স্থানে গ্রেপ্তার করা গেল সেই স্থানহইতে মাজিষ্ট্রেটের আদালতে পহুছিতে যত সময় লাগে ঐ চব্বিশ ঘণ্টার মধ্যে সেই সময় ধরিতে হইবে না।

বিশেষ আজ্ঞা না হইলে অভিযুক্ত ব্যক্তিকে পোলীসের কর্ম্মকারকদের ২৪ ঘণ্টার অধিক আটক করিয়া না রাখিবার কথা।

চব্বিশ ঘণ্টার মধ্যে ঐ অনুসন্ধানের কার্য্য সমাপ্ত না হইলে এবং পূর্ব্বোক্ত বিশেষ আজ্ঞা না করা গেলে এবং অভিযোগ সমূলক জ্ঞান করিবার হেতু থাকিলে

[illegible] that the accusation is well founded, the officer in charge of the Police-station shall forward the accused person to the Magistrate having jurisdiction, with a statement of the offence for which he has been arrested

A Magistrate authorizing detention under this section shall record his reasons for so doing

If such order be given by a Magistrate other than the Magistrate of the district or of a division of a district, he shall forward a copy of his order, with his reasons for making it, to the Magistrate to whom he is subordinate

Procedure of Police in case of deficient evidence

125. If it appears to the officer in charge of the Police-station that there is not sufficient evidence or reasonable ground of suspicion to justify the transmission of an accused person to the Magistrate, such officer shall release the accused person on bail, or on his own recognizance, to appear when required, and shall submit a report of the case for the orders of the Magistrate having jurisdiction Such report shall be submitted through the superior officer of Police mentioned in section one hundred and seventeen, who may, pending the orders of the Magistrate, give instructions as to the conduct of the investigation

Daily record of proceedings

126. A Police officer, making an investigation under this chapter, shall day by day enter his proceedings in the investigation in a diary, setting forth the time at which the complaint or other information reached him, the time at which he began and closed his investigation, the place or places visited by him, and a statement of the circumstances ascertained by his investigation.

Any Criminal Court may send for the Police diaries of a case under inquiry or trial in such Court, and may use such diaries to aid it in such inquiry or trial. Neither the prisoner nor his agents shall be entitled to call for them, nor shall the or they be entitled to see them merely because they are referred to by the Court, but if they are used by the Police officer, who made them to refresh his memory, or if the Court uses them for the purpose of contradicting such Police officer, the provisions of the law relating to documents used for such purposes shall apply to them

পোলীস থানার অধ্যক্ষ ঐ অভিযুক্ত ব্যক্তিকে বিচার করিবার ক্ষমতাপন্ন মাজিষ্ট্রেটের নিকটে পাঠাইবেন, ও সে যে অপরাধের অভিযোগে ধৃত হইয়াছে তাহার বর্ণনাপত্রও তাহার সঙ্গে দিবেন।

কোন মাজিষ্ট্রেট এই ধারামতে আটক করিয়া রাখিবার অনুমতি দিলে যে২ কারণে সেই অনুমতি দেন তাহা লিপিবদ্ধ করিবেন।

জিলার মাজিষ্ট্রেট কিম্বা জিলার খণ্ডের মাজিষ্ট্রেট-ভিন্ন কোন মাজিষ্ট্রেট সেই আজ্ঞা করিলে তিনি যে মাজিষ্ট্রেটের অধীন তাঁহার নিকট সেই আজ্ঞা করিবার হেতুপত্রসহিত সেই আজ্ঞার প্রতিলিপি প্রেরণ করিবেন ইতি।

প্রমাণের ন্যূনতা হইলে, পোলীসের ইতিকর্ত্তব্যতার কথা।

১২৫ ধারা। যে প্রমাণ কি যদ্রূপ সংশয় থাকিলে অভিযুক্ত ব্যক্তিকে মাজিষ্ট্রেটের নিকটে পাঠান যাইতে পারে এমত উপযুক্ত প্রমাণ নাই কি সংশয় করিবার যুক্তিমত হেতু নাই পোলীস থানার অধ্যক্ষ ইহা বোধ করিলে অভিযুক্ত ব্যক্তির স্থানে হাজিরজামিন লইয়া, কিম্বা আজ্ঞা হইবামাত্র উপস্থিত হইবে এই মর্ম্মের মুচলকা লইয়া তাহাকে ছাড়িয়া দিবেন, ও বিচার করিবার ক্ষমতাপন্ন মাজিষ্ট্রেটের আজ্ঞার জন্যে ঐ ব্যাপারের রিপোর্ট পাঠাইবেন। ১১৭ ধারায় পোলীসের উচ্চ পদস্থ যে কর্ম্মকারকের উল্লেখ হইয়াছে ঐ রিপোর্ট তাঁহারই দ্বারা অর্পণ করিতে হইবে ও তিনি মাজিষ্ট্রেটের আজ্ঞার অপেক্ষায় অনুসন্ধানের কার্য্য চালাওন বিষয়ের আদেশ দিতে পারিবেন ইতি।

কার্য্যের রোজনামার কথা।

১২৬ ধারা। পোলীসের যে কর্ম্মকারক এই অধ্যায়মতে অনুসন্ধান লন, তিনি তৎসম্পর্কে দিন২ যে কার্য্য করেন তাহার বৃত্তান্ত রোজনামায় লিখিবেন, অর্থাৎ অপরাধের নালিশ কি অন্য সম্বাদ যে সময়ে তাঁহার নিকটে পঁহুছে, ও তিনি অনুসন্ধানের কার্য্য যে সময়ে আরম্ভ ও যে সময়ে সমাপ্ত করেন ও যে স্থানে কি যে২ স্থানে যান, ও অনুসন্ধান দ্বারা যে সকল বৃত্তান্ত অবগত হন তাহার বিবরণ লিখিবেন।

ফৌজদারী কোন আদালতে মোকদ্দমার তদন্ত লও ন কি বিচার করণ সময়ে ঐ আদালত পোলীসের সেই মোকদ্দমা বিষয়ক রোজনামা আনাইয়া আপনার তদন্ত লইবার কি বিচার করিবার সাহায্যার্থে ঐ রোজনামার ব্যবহার করিতে পারিবেন। প্রতিবাদির কিম্বা তাহার পক্ষ মোক্তারের তাহা আনাইবার অধিকার নাই। এবং আদালত ঐ রোজনামার কথা উল্লেখ করিয়াছেন এই-মাত্র কারণে তাহার কি তাহারদের সেই রোজনামা দেখিবার অধিকার থাকিবে না। কিন্তু পোলীসের যে কর্ম্মকারক তাহা লিখিলেন তিনি যদি স্মরণশক্তির উপকারার্থে তাহা ব্যবহার করিয়া থাকেন কিম্বা আদালত যদি পোলীসের ঐ কর্ম্মকারকের কথা খণ্ডাইবার জন্যে তাহার ব্যবহার করিয়া থাকেন, তবে সেই কার্য্য-পক্ষে কোন দলীলের ব্যবহার হইলে তদ্বিষয়ের যে আইন আছে উক্ত রোজনামার পক্ষে সেই আইনের বিধান খাটিবে ইতি।

127. The investigation shall be completed without unnecessary delay, and, as soon as it is completed, the Police officer making the same shall forward to the Magistrate having jurisdiction a report in the form prescribed by the Local Government, setting forth the names of the parties, the nature of the complaint, and the names of the persons who appear to be acquainted with the circumstances of the case, and shall also send to such Magistrate any weapon or article which it may be necessary to produce before him

Report of Police officer

The Police officer shall state whether the accused person has been forwarded in custody, or has been released on bail or on his own recognizance

If the accused person be detained in custody, the Police officer shall state the fact and the cause of his detention

128. A person accused of any non-bailable offence shall not be admitted to bail, if there appear reasonable ground for believing that he has been guilty of the offence imputed to him

Admission to bail

But a person accused of any bailable offence shall be admitted to bail, if sufficient bail be tendered for his appearance before the Magistrate having jurisdiction in respect of the offence

129. The bail to be taken under section one hundred and twenty-eight shall not be excessive, and the surety or sureties shall bind himself or themselves under a specific penalty to produce the accused person before the Magistrate on or before a fixed day, and from day to day, until otherwise directed, to answer the complaint

Bail not to be excessive

Terms of Security

130 Every complainant and other person acquainted with the facts and circumstances of the case, whose attendance before the Magistrate having jurisdiction is deemed necessary by the Police officer making the investigation, shall execute a recognizance in the Form (F) given in the second schedule hereto, or to the like effect, for appearance before the Magistrate having jurisdiction in respect of the offence on a fixed day

১২৭ ধারা। অনাবশ্যক বিলম্ব না করিয়া অনুসন্ধানের কার্য্য সমাপ্ত করিতে হইবে। সমাপ্ত হইলেই পোলীসের যে কার্য্যকারক ঐ অনুসন্ধান লন তিনি স্থানীয় গবর্ণমেন্টের নির্দ্দিষ্ট পাঠে রিপোর্ট লিখিয়া বিচারাধিপত্যবিশিষ্ট মাজিষ্ট্রেটের নিকটে পাঠাইবেন। উভয় পক্ষের নাম, ও যে অপরাধের নালিশ হয় তাহার ভাব ও যাহারা সেই ব্যাপারের পূর্ব্বাপর ঘটনা জানে বলিয়া বোধ হয় তাহারদের নাম ঐ রিপোর্টে লেখা থাকিবে ও কোন অস্ত্র কি অন্য দ্রব্য মাজিষ্ট্রেটের নিকটে উপস্থিত করা প্রয়োজন হইলে তাহাও পাঠাইবেন।

পোলীসের কর্ম্মকারকের রিপোর্টের কথা।

অভিযুক্ত ব্যক্তিকে প্রহরির জিম্মায় পাঠান গিয়াছে কিম্বা তাহার স্থানে হাজিরজামিন লইয়া কি মুচলকা লেখাইয়া লইয়া তাহাকে ছাড়িয়া দেওয়া গিয়াছে, এই কথাও পোলীসের কর্ম্মকারকের লিখিতে হইবে।

অভিযুক্ত ব্যক্তিকে যদি আটক করিয়া রাখা যায়, তবে পোলীসের কর্ম্মকারক সেই কথা, ও তাহাকে আটক রাখিবার হেতু জানাইবেন ইতি।

১২৮ ধারা। যে অপরাধ হইলে হাজিরজামিন লওয়া যাইতে না পারে, কোন ব্যক্তির নামে এমত অপরাধের অভিযোগ হইলে ও তাহাকে সেই অপরাধের অপরাধি জানিবার যুক্তিযুক্ত হেতু থাকিলে, তাহার হাজিরজামিন দিবার অনুমতি হইবে না।

হাজিরজামিন লওনের কথা।

কিন্তু যে অপরাধ হইলে হাজিরজামিন লওয়া যাইতে পারে কোন ব্যক্তির নামে এমত অপরাধের অভিযোগ হইলে ঐ অপরাধ বিষয়ে যে মাজিষ্ট্রেটের ক্ষমতা থাকে সেই ব্যক্তি তাঁহার সম্মুখে উপস্থিত হইবার উপযুক্ত জামিন দিবার প্রস্তাব করিলে, তাহার হাজিরজামিন দিবার অনুমতি হইবে ইতি।

১২৯ ধারা। ১২৮ ধারামতে যে হাজিরজামিন লওয়া যায় তাহা অতিরিক্ত না হয়। ও জামিন কি জামিনেরা অভিযোগের উত্তর দিবার নিরূপিত দিবসে কি তৎপূর্ব্বে ঐ অভিযুক্ত ব্যক্তিকে মাজিষ্ট্রেটের সম্মুখে উপস্থিত না করিলে এবং যত কাল প্রকারান্তরের আজ্ঞা না হয় তত কাল তাহাকে দিনং উপস্থিত না করিলে তাহারা নির্দ্দিষ্ট অর্থদণ্ড দিবে এই নিয়মে বদ্ধ থাকিবে ইতি।

অতিরিক্ত জামিন না লইবার কথা ও প্রতিভূর নিয়মের কথা।

১৩০ ধারা। পোলীসের যে কর্ম্মকারক অনুসন্ধান লন তিনি বিচার করিবার ক্ষমতাপন্ন মাজিষ্ট্রেটের সম্মুখে যে বাদির ও ঐ ব্যাপারের বৃত্তান্ত ও পূর্ব্বাপর ঘটনা যাহারা জানে এমত যে ব্যক্তিদের উপস্থিত হওয়া আবশ্যক জ্ঞান করেন, তাহারা দ্বিতীয় তফসীলের F চিহ্নিত পাঠে কি তাহার মর্ম্মমতে নিরূপিত দিনে ঐ অপরাধের বিচার করিবার ক্ষমতাপন্ন মাজিষ্ট্রেটের সম্মুখে উপস্থিত হইবে এই মর্ম্মের মুচলকা লিখিয়া দিবে।

অভিযোক্তাদের ও সাক্ষিদের উপস্থিত হইবার মুচলকা লিখিবার কথা।

If the Court of the Magistrate of the district or of a Magistrate of a division of a district be inserted in the bond, it shall be held to include any Court to which such Magistrate may refer the case for inquiry or trial, provided notice be given to such complainant or witness.

Such day shall be the day whereon the accused person is to appear, if he has been admitted to bail, or the day on which he may be expected to arrive at the Court of the Magistrate, if he is to be forward in custody

The officers in whose presence the recognizance is executed shall, after delivering to the complainant or one of the witnesses a duplicate thereof, send it with his report to the Magistrate having jurisdiction

No Police officer shall, except as provided in the next following section, accompany the complainant or witnesses on his or their way to the Court of the Magistrate

Complainants and witnesses not to be subjected to restraint

131. A Police officer shall not subject any complainant or witness to restraint or unnecessary inconvenience, nor require him to give any security for his appearance other than his own recognizance.

Recusant complainant or witness may be forwarded in custody

But if any complainant or witness refuses to attend or to execute the recognizance directed in section one hundred and thirty, the officer in charge of a Police-station may forward him under custody to the Magistrate having jurisdiction, who may detain him in custody until he executes such recognizance, or until the hearing is completed

Police to report apprehensions

132. Officers in charge of Police-stations shall report to the Magistrate of the district, or the Magistrate of the division of a district, the cases of all persons apprehended within the limits of their respective stations, or detained under section ninety-three, whether such persons have been admitted to bail or otherwise, under whatever law such persons may have been arrested

Discharge of person apprehended

No person who has been apprehended by a Police officer shall be discharged, except on bail or on his own recognizance, or under the special order of a Magistrate.

মুচলকার জিলার মাজিষ্ট্রেটের কিম্বা জিলার খণ্ডের মাজিষ্ট্রেটের আদালতের উল্লেখ থাকিলে ঐ মাজিষ্ট্রেট অন্য যে আদালতের দ্বারা তদন্ত লইবার কি বিচার হইবার নিমিত্ত মোকদ্দমা প্রেরণ করেন উল্লিখিত আদালতের মধ্যে সেই আদালতও গণ্য হইবে কিন্তু ঐ বাদিকে কি সাক্ষিকে ইহার নোটিস দিতে হইবে।

অভিযুক্ত ব্যক্তির স্থানে হাজিরজামিন লওয়া গেলে তাহার যে দিনে উপস্থিত হইতে হইবে সেই দিন, কিম্বা প্রহরির জিম্মায় তাহাকে চালান করিতে হইলে মাজিষ্ট্রেটের কাছারীতে তাহার যে দিনে পঁহুছিবার সম্ভাবনা সেই দিন উক্ত নিরূপিত দিন হইবে।

ঐ মুচলকা যে কর্ম্মকারকের সম্মুখে লেখা যায় তিনি বাদিকে কিম্বা সাক্ষিদের এক জনকে তাহার নকল দিলে পর বিচার করিবার ক্ষমতাপন্ন মাজিষ্ট্রেটের নিকট আপন রিপোর্টের সঙ্গে সেই মুচলকা পাঠাইবেন।

মাজিষ্ট্রেটের কাছারীতে বাদির কি সাক্ষিদের যাইবার সময়ে, পোলীসের কর্ম্মকারক কেবল পশ্চাৎ লিখিত ধারামতে সঙ্গে যাইতে পারিবে নতুবা যাইবে না ইতি।

বাদিদিগকে ও সাক্ষিদিগকে আটক করিয়া না রাখিবার কথা।

১৩১ ধারা। পোলীসের কর্ম্মকারক কোন বাদিকে কি সাক্ষিকে আটক করিয়া রাখিবেন না, ও অনাবশ্যক ক্লেশ দিবেন না। ও নিজ-প্রতিজ্ঞামত মুচলকাভিন্ন তাহারদের উপস্থিত হইবার জন্য জামিন দিতে বলিবেন না।

বাদী বা সাক্ষী স্বীকার না করিলে প্রহরির জিম্মায় প্রেরিত হইবার কথা।

কিন্তু কোন বাদী কি সাক্ষী উপস্থিত হইতে কিম্বা ১৩০ ধারার নির্দ্দিষ্ট মুচলকা লিখিয়া দিতে স্বীকার না করিলে পোলীস থানার অধ্যক্ষ তাহাকে পেয়াদার জিম্মায় দিয়া বিচার করিবার ক্ষমতাপন্ন মাজিষ্ট্রেটের নিকটে পাঠাইতে পারিবেন। তাহা হইলে সে যত কাল ঐ মুচলকা লিখিয়া না দেয়, কিম্বা সেই মোকদ্দমার শ্রবণ কার্য্য যত কাল সমাপ্ত না হয়, মাজিষ্ট্রেট তত কাল ঐ বাদিকে কি সাক্ষিকে আটক করিয়া রাখিতে পারিবেন ইতি।

ধৃত করণবিষয়ে পোলীসের রিপোর্ট করিবার কথা।

১৩২ ধারা। পোলীস থানার কোন অধ্যক্ষের ক্ষমতাধীন স্থানে কোন ব্যক্তিকে ধরা গেলে কিম্বা ৯৩ ধারামতে আটক করিয়া রাখা গেলে যে কোন আইনমতে তাহাকে ধরা গিয়া থাকে ও তাহার হাজিরজামিন দিবার অনুমতি হইলে কি না হইলেও ঐ কর্ম্মকারক জিলার মাজিষ্ট্রেটের কিম্বা জিলার খণ্ডের মাজিষ্ট্রেটের নিকটে ঐ কথা রিপোর্ট করিবেন।

ধৃত ব্যক্তিকে ছাড়িয়া দিবার কথা।

কোন ব্যক্তি পোলীসের কর্ম্মকারকদ্বারা ধৃত হইলে তাহার স্থানে হাজিরজামিন না লওয়া গেলে কিম্বা নিজ প্রতিজ্ঞামতে মুচলকা লিখিয়া না লওয়া গেলে কিম্বা মাজিষ্ট্রেটের বিশেষ আজ্ঞা না হইলে তাহাকে ছাড়িয়া দেওয়া যাইবে না ইতি।

133. **The officer in charge of a Police-station,** on receiving notice or information of the unnatural or sudden death of any person shall immediately give intimation thereof to the nearest Magistrate duly authorized, and shall proceed to the place where the body of such deceased person is, and there, in the presence of two or more respectable inhabitants of the neighbourhood, shall make an investigation, and report the apparent cause of death, describing any mark of violence which may be found on the body, and stating in what manner or by what weapon or instrument such mark appears to have been inflicted

Police to inquire and report on unnatural and sudden deaths

The report shall be signed by such Police officer and other persons, or by so many of them as concur therein, and shall be forthwith forwarded to the Magistrate of the district or to the Magistrate of the division of a district

When there is any doubt regarding the cause of death, the Police officer shall forward the body, with a view to its being examined, to the nearest Civil Surgeon or other medical officer appointed in this behalf by the Local Government, if the state of the weather and the distance admit of its being so forwarded without risk of putrefaction on the road

In the Presidencies of Madras and Bombay, the head of the village may also in like manner make the investigation and report to the nearest Magistrate duly authorized

134. An officer in charge of a Police station may, by an order in writing, summon two or more persons as aforesaid for the purpose of the said investigation, and any other person who appears to be acquainted with the facts of the case Any person so summoned shall be bound to attend and to answer all questions (other than questions which would criminate him)

Power to summon persons

If the facts do not disclose a cognizable offence to which section one hundred and twenty-seven is applicable, such persons shall not be required by the Police officer to attend a Magistrate's Court

135. The nearest Magistrate, duly authorized, may hold an inquiry into the cause of any such death, either instead of or in addtion to the investigation held by the Police officer, and if he does so, he shall have all the powers in conducting it which he would have in holding an inquiry into an offence, although

Inquiry into cause of such death by nearest Magistrate

১৩৩ ধারা। পোলীস থানার অধ্যক্ষ কোন ব্যক্তির অপঘাত কি অকস্মাৎ মৃত্যুর নোটিস্ কি সম্বাদ পাইলে তৎক্ষণাৎ উপযুক্ত ক্ষমতাপন্ন অতি নিকটস্থ মাজিষ্ট্রেটকে সেই কথা জ্ঞাত করিয়া ঐ মৃত ব্যক্তির দেহ যে স্থানে থাকে সেই স্থানে গিয়া প্রতিবাসি দুই কি তদধিক সম্ভ্রান্ত লোকের গোচরে অনুসন্ধান লইয়া ঐ মৃত্যুর দৃষ্ট কারণের রিপোর্ট করিবেন ও শরীরে আঘাতের কোন চিহ্ন দেখিতে পাইলে তাহার বর্ণনা ও যে প্রকারে কিম্বা যে অস্ত্র কি যন্ত্রদ্বারা সেই চিহ্ন হইয়া থাকিবে তাহাও লিখিবেন।

অপঘাত ও অকস্মাৎ মৃত্যুর অনুসন্ধান করিয়া পোলীসের রিপোর্ট করিবার কথা।

পোলীসের ঐ কর্ম্মকারক ও অন্য ব্যক্তিরা কিম্বা তাঁহাদের যত জন ঐ রিপোর্টের কথায় সম্মত হন তাঁহারা তাহাতে স্বাক্ষর করিবেন ও সেই রিপোর্ট অবিলম্বে জিলার মাজিষ্ট্রেটের কিম্বা জিলার খণ্ডের মাজিষ্ট্রেটের নিকট পাঠান যাইবে।

মৃত্যুর কারণ বিষয়ে সন্দেহ থাকিলে কাল ও স্থানের দূরত্ব বিবেচনায় ঐ শব পথে পচিয়া যাইবার আশঙ্কা বিনা নিকটস্থ সিবিল চিকিৎসক সাহেবের নিকটে কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট অন্য যে চিকিৎসককে তৎকর্ম্মে নিযুক্ত করেন তাঁহার নিকটে পাঠান যাইতে পারিলে, পোলীসের কর্ম্মকারক ঐ দেহ পরীক্ষা করিয়া দেখিবার জন্যে প্রেরণ করিবেন।

মান্দ্রাজ ও বোম্বাই প্রেসীডেন্সীতে গ্রামের মণ্ডলও পূর্ব্বোক্তমতে অনুসন্ধান লইয়া উপযুক্ত ক্ষমতাপন্ন মাজিষ্ট্রেটের নিকট রিপোর্ট করিতে পারিবেন ইতি।

১৩৪ ধারা। পোলীস থানার অধ্যক্ষ উক্ত অনুসন্ধান কার্য্যের জন্যে আজ্ঞাপত্র লিখিয়া পূর্ব্বোক্তমতে দুই কি তদধিক ব্যক্তিকে এবং যাহারা ব্যাপারের বৃত্তান্ত জানে বলিয়া বোধ হয় এমত অন্য ব্যক্তিকে সমন করিতে পারিবেন। কোন ব্যক্তিকে তদ্রূপে সমন করা গেলে তাহার উপস্থিত হইতেই হইবে, এবং যে প্রশ্নের উত্তর দিলে আপনাকেই আপনি অপরাধী করে তদ্ভিন্ন তাহার সকল প্রশ্নের উত্তর দিতেই হইবে।

ব্যক্তিদিগকে সমন করিবার ক্ষমতার কথা।

ধর্ত্তব্য যে অপরাধের প্রতি ১২৭ ধারা খাটে বৃত্তান্ত দৃষ্টে যদি তদ্রূপ অপরাধ প্রকাশ না হয়, তবে পোলীসের কর্ম্মকারক সেই ব্যক্তিদিগকে মাজিষ্ট্রেটের আদালতে উপস্থিত হইবার আজ্ঞা দিবেন না ইতি।

১৩৫ ধারা। পোলীসের কর্ম্মকারকের অনুসন্ধান লওয়ার পরিবর্ত্তে কিম্বা তিনি লইলেও অতিনিকট মাজিষ্ট্রেট উপযুক্ত ক্ষমতাপন্ন হইলে উক্ত কোন মৃত্যুর কারণের তদন্ত লইতে পারিবেন। যদি করেন তবে কোন ব্যক্তির নামে বিশেষ অভিযোগ না হইলেও অপরাধের তদন্ত লওন কার্য্যে তাঁহার যে ক্ষমতা

অতিনিকট মাজিষ্ট্রেটের দ্বারা তদ্রূপ মৃত্যুর কারণের তদন্ত লইবার কথা।

custody, no complaint, summons or warrant is necessary

(*b*) Upon information or report by a Police officer as to a non-cognizable offence Such information or report shall be regarded as a complaint.

(*c*) Upon a complaint by a private person Any person acquainted with the facts of a case may make a complaint

(*d*) Upon suspicion entertained by a Magistrate that an offence has been committed

Who may entertain complains.

141. The Magistrate of the District

any Magistrate of a division of a District or

any Magistrate duly empowered in that behalf, in any case which he is competent to try or to commit for trial,

may entertain a complaint of an offence, whether preferred directly by the complainant, or on report of a Police officer, and may issue process in the manner hereinafter prescribed to compel the appearance of persons accused of such offences

Effect of reference

Any Magistrate to whom any case is duly referred by any Magistrate duly empowered to make such reference, may dispose of such case

Effect of complaint or Police reports

A complaint or a Police report gives jurisdiction to a competant Magistrate to inquire into or try any offence covered by the facts complained of or reported, and also to try or commit for trial any person who, at the time when the complaint or report is made, or subsequently, appears to have committed the offence disclosed

Who may act without complaint

142. The Magistsate of the District,

any Magistrate of a division of a District,

or any Magistrate duly empowered in that behalf

in any case in which he is competent to try or to commit for trial,

may, without any complaint, take cognizance of any offence which he suspects to have been committed, and may issue process in the manner hereinafter prescribed to compel the appearance before

আটক করিয়া রাখা গিয়া থাকে, তবে নালিশের কি সমনের কি ওয়ারেণ্টের প্রয়োজন নাই।

(খ) অধর্ত্তব্য অপরাধ বিষয়ে পোলীসের কর্ম্মকারক সন্ধান জানাইলে কি রিপোর্ট দিলে। সেই সন্ধান জানান কি রিপোর্ট নালিশের তুল্য জ্ঞান হইবে।

(গ) সাধারণ ব্যক্তি নালিশ করিলে। কোন ব্যক্তি ব্যাপারের বৃত্তান্ত জানিলে নালিশ করিতে পারিবেন।

(ঘ) কোন অপরাধ করা গিয়াছে বলিয়া মাজিষ্ট্রেটের মনে সংশয় থাকিলে ইতি।

কে নালিশ গ্রাহ্য করিতে পারেন তাহার কথা।

১৪১ ধারা। বাদী আপনি অপরাধের নালিশ করিলে কিম্বা পোলীসের কর্ম্মকারকদ্বারা তাহার রিপোর্ট হইলে

জিলার মাজিষ্ট্রেট সাহেব

কিম্বা জিলার খণ্ডের কোন মাজিষ্ট্রেট

কিম্বা তৎপক্ষে উপযুক্ত ক্ষমতাপন্ন কোন মাজিষ্ট্রেট মোকদ্দমার বিচার করিতে কিম্বা বিচারার্থে ব্যক্তিকে সমর্পণ করিতে সক্ষম হইলে তিনি

ঐ অপরাধের নালিশ গ্রাহ্য করিতে পারিবেন এবং যাহাদের নামে ঐ অপরাধের অভিযোগ হয় তাহারদিগকে উপস্থিত করাইবার নিমিত্ত পশ্চাৎ নির্দ্দিষ্ট প্রকারে পরওয়ানা দিতে পারিবেন।

অর্পণ করিবার ফলের কথা।

কোন মাজিষ্ট্রেট অন্যের প্রতি মোকদ্দমা অর্পণ করিবার উপযুক্ত ক্ষমতাপন্ন হইয়া নিয়মিতরূপে অন্য মাজিষ্ট্রেটের প্রতি মোকদ্দমা অর্পণ করিলে তিনি সেই মোকদ্দমা নিষ্পত্তি করিতে পারিবেন।

নালিশের কিম্বা পোলীসের রিপোর্টের ফলের কথা।

নালিশ হইলেই কি পোলীসের রিপোর্ট হইলেই ঐ নালিশের কি রিপোর্টের বৃত্তান্তদ্বারা যে অপরাধ লক্ষিত হয় উপযুক্ত ক্ষমতাপন্ন মাজিষ্ট্রেটের সেই অপরাধের তদন্ত লইবার কি বিচার করিবার অধিকার থাকে এবং নালিশ কি রিপোর্ট করণসময়ে কি তৎপরে যে ব্যক্তিকে সেই লক্ষিত অপরাধের অপরাধী দৃষ্ট হয় সেই ব্যক্তির বিচার করিতে কিম্বা বিচারার্থে তাহাকে সমর্পণ করিতে ঐ মাজিষ্ট্রেটের অধিকার থাকে ইতি।

নালিশ না হইলেও যাহার কার্য্য করিবার ক্ষমতা থাকে তাহার কথা।

১৪২ ধারা। জিলার মাজিষ্ট্রেট

কিম্বা জিলার খণ্ডের কোন মাজিষ্ট্রেট

কিম্বা তৎপক্ষে উপযুক্ত ক্ষমতাপন্ন কোন মাজিষ্ট্রেট

যে স্থলে বিচার করিবার কি বিচারার্থে ব্যক্তিকে সমর্পণ করিবার ক্ষমতাপন্ন হন সেই স্থলে,

কোন অপরাধ করা গিয়াছে তাঁহার এমত সংশয় থাকিলে নালিশ না হইলেও তিনি ঐ অপরাধ বিচারার্থে গ্রাহ্য করিয়া অপরাধী বলিয়া যে ব্যক্তির প্রতি তাঁহার সংশয় থাকে তাহাকে আপনার সম্মুখে উপস্থিত

him or persons whom he suspects to have committed any such offence.

Nothing in this or in the last preceding section shall be held to authorize a Magistrate to take cognizance of a case without complaint, when the offence falls under Chapters XIX, XX, or XXI of the Indian Penal Code, nor to entertain a complaint or to take cognizance without complaint, of an offence without sanction, where such offence, by any law in force, may not be entertained without sanction

Complaint or sanction required in certain cases

143 The Magistrate of the district,

Who may commit for trial.

any Magistrate of a division of a District,

any Magistrate of the 1st class, or,

any Magistrate duly empowered in that behalf,

may commit any person to the Court of Session for any offence triable by such Court

144. When, in order to the issuing of a summons or a warrant against any person for any offence, a complaint is made to a Magistrate, such Magistrate, if he is competent to receive such complaint, shall examine the complainant

Examination of complainant

The examination shall be reduced into writing in a summary manner and signed by the complainant, and also by the Magistrate

Where the complaint has been made by petition, and the Magistrate neglects to examine the complainant, the trial of the person accused shall not be set aside on this ground

Effect of irregularity

145. If the Magistrate be not competent to receive the complaint, he shall refer the complainant to a Magistrate having jurisdiction.

Procedure by Magistrate not empowered to hear complaint

146. If the Magistrate sees cause to distrust the truth of a complaint, he may postpone the issuing of process for compelling the attendance of the person complained against, and may direct a previous inquiry or investigation to be made into the truth of the complaint, either by means of any officer subordinate to such Magistrate, or of a local Police officer, or in such other mode as he thinks fit, for the purpose of ascertaining the truth or falsehood of the complaint.

Postponement of issue of process

করাইবার নিমিত্ত পশ্চাৎ নির্দ্দিষ্ট প্রকারে পরওয়ানা দিতে পারিবেন।

কোন অপরাধ ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১৯ কি ২০ কি ২১ অধ্যায়ের মধ্যে ধরা গেলে সেই অপরাধের নালিশ না হইলে কোন মাজিষ্ট্রেট সেই অপরাধের মোকদ্দমা গ্রাহ্য করিতে সক্ষম কিম্বা প্রচলিত কোন আইনমতে যে অপরাধের মোকদ্দমা অনুমতি বিনা গ্রাহ্য হইতে না পারে তিনি অনুমতি বিনা সেই অপরাধের নালিশ গ্রাহ্য করিতে কিম্বা নালিশ না হইলেও সেই মোকদ্দমা গ্রাহ্য করিতে সক্ষম হন এই ধারার কিম্বা ইহার পূর্ব্ব ধারার কোন কথা দ্বারা এমত জ্ঞান করিতে হইবে না ইতি।

স্থলবিশেষে নালিশের কি অনুমতি পাইবার প্রয়োজনের কথা।

১৪৩ ধারা। জিলার মাজিষ্ট্রেট সাহেব

কিম্বা জিলার খণ্ডের কোন মাজিষ্ট্রেট

কিম্বা প্রথম শ্রেণীর কোন মাজিষ্ট্রেট

কিম্বা তৎপক্ষে নিয়মিতরূপে ক্ষমতাপ্রাপ্ত কোন মাজিষ্ট্রেট

সেশন আদালতের বিচার্য্য কোন অপরাধ হেতুক কোন ব্যক্তিকে সেশন আদালতে সমর্পণ করিতে পারিবেন ইতি।

বিচারার্থে সমর্পণ করিবার ক্ষমতা কাহার থাকে তাহার কথা।

১৪৪ ধারা। কোন অপরাধহেতুক কোন ব্যক্তির নামে সমন কি ওয়ারণ্ট বাহির হয় এই নিমিত্ত মাজিষ্ট্রেটের নিকট নালিশ হইলে তিনি সেই নালিশ গ্রাহ্য করিতে সক্ষম হইলে বাদিকে জিজ্ঞাসাবাদ করিতে পারিবেন।

বাদির পরীক্ষা লওনের কথা।

সেই প্রশ্নের উত্তর সংক্ষেপমতে লিখিয়া রাখা যাইবে ও তাহাতে বাদী এবং মাজিষ্ট্রেটও স্বাক্ষর করিবেন।

দরখাস্ত দ্বারা নালিশ হইলে ও মাজিষ্ট্রেট বাদিকে জিজ্ঞাসাবাদ করিতে ক্রটি করিলে তৎপ্রযুক্ত অভিযুক্ত ব্যক্তির বিচার অন্যথা হইবে না ইতি।

অনিয়মিত কার্য্যের ফলের কথা।

১৪৫ ধারা। মাজিষ্ট্রেট নালিশ গ্রাহ্য করিতে ক্ষমতাপন্ন না হইলে বাদিকে সেই ক্ষমতাবিশিষ্ট কোন মাজিষ্ট্রেটের নিকট যাইতে বলিবেন ইতি।

মাজিষ্ট্রেট নালিশ শুনিতে ক্ষমতাপন্ন না হইলে কার্য্যপ্রণালীর কথা।

১৪৬ ধারা। মাজিষ্ট্রেট কোন কারণে নালিশ অসত্য জ্ঞান করিলে যাহার নামে নালিশ হইল তাহাকে উপস্থিত করাইবার পরওয়ানা দিতে বিলম্ব করিয়া প্রথমে আপনার অধীন কোন আমলার কিম্বা তৎস্থানীয় পোলীসের কর্ম্মকারকের দ্বারা কিম্বা নালিশের সত্যাসত্যতা নির্ণয় করিবার জন্যে অন্য যে প্রকারে বিহিত বোধ করেন সেই প্রকারে ঐ নালিশের তদন্ত কি অনুসন্ধান লইবার আজ্ঞা করিতে পারিবেন।

পরওয়ানা দিতে বিলম্ব করণের কথা।

If such inquiry or investigation is made by means of some person other than an officer exercising any of the powers of a Magistrate or a Police officer, such person shall exercise all the powers conferred by this Act on an officer in charge of a police-station, except that he shall have no power to make an arrest

147. The Magistrate before whom such complaint is duly made may, if after examining the complainant, there is in his judgment no sufficient ground for proceeding, dismiss the complaint.

Dismissal of complaint

The dismissal of a complaint shall not prevent subsequent proceedings

If it appears to such Magistrate that there is sufficient ground for proceeding, he shall, if the case appears to be a summons case, issue his summons, or if the case appears to be a warrant case, his warrant, for causing the accused person to appear before himself or some other Magistrate having jurisdiction

Issue of process

148. When a complaint is made before a Magistrate having jurisdiction in the case, that any person has committed, or is suspected of having committed, any offence triable by such Magistrate and punishable with fine only, or with imprisonment for a period not exceeding six months, or with both, the Magistrate may issue his summons directed to such persons requiring him to appear at a certain time and place before such Magistrate to answer to the complaint

In what cases a summons may issue

If the Magistrate believes that the accused person is about to abscond, he may instead of issuing a summons, issue a warrant in the first instance for the arrest of such person

149. When a complaint is made before a Magistrate having jurisdiction in the case, that any person has committed, or is suspected of having committed, any offence triable by such Magistrate and punishable with imprisonment for a period exceeding six months,

In what cases warrant may issue on complaint

or when a complaint is made before any Magistrate empowered to commit persons for trial before the Court of Session that any person has committed, or is suspected of having commited, any offence triable exclusively by the Court of Session, or which in the opinion of such Magistrate ought to be tried by the Court of Session,

মাজিষ্ট্রেটের কোন ক্ষমতাধরে কার্য্যকারক কোন কর্ম্মকারক কিম্বা পোলীসের কর্ম্মকারক ভিন্ন যদি অন্য ব্যক্তির দ্বারা ঐ তদন্ত কি অনুসন্ধান লওয়া যায়, তবে এই আইনক্রমে থানার অধ্যক্ষের প্রতি যে সকল ক্ষমতা অর্পণ করা গেল ঐ ব্যক্তি সেই সকল ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন কেবল তাঁহার গ্রেপ্তার করিবার ক্ষমতা থাকিবে না ইতি।

১৪৭ ধারা। মাজিষ্ট্রেটের নিকট নিয়মিতরূপে উক্ত প্রকারের নালিশ করা গেলে তিনি বাদিকে জিজ্ঞাসাবাদ করিলে পর সেই বিষয়ের আর কোন কার্য্য অনুষ্ঠান করিবার বিশিষ্ট কারণ নাই বিবেচনা করিলে ঐ নালিশ ডিসমিস করিতে পারিবেন।

নালিশ ডিসমিস করিবার কথা।

নালিশ ডিসমিস হইলেও পশ্চাৎ কোন কার্য্যানুষ্ঠানের বাধা হইবে না।

তদ্বিষয়ের কার্য্যানুষ্ঠান করিবার বিশিষ্ট কারণ আছে উক্ত মাজিষ্ট্রেট এমত জ্ঞান করিলে যদি আপনার কিম্বা সেই বিষয়ের বিচার করিতে সক্ষম অন্য মাজিষ্ট্রেটের সম্মুখে অভিযুক্ত ব্যক্তিকে উপস্থিত করাইবার জন্যে সেই মোকদ্দমায় সমন দেওয়া উচিত হয়, তবে সমন দিবেন কিম্বা যদি ওয়ারেন্ট দেওয়া উচিত হয়, তবে ওয়ারেন্ট দিবেন ইতি।

পরওয়ানা দিবার কথা।

১৪৮ ধারা। কোন মোকদ্দমায় যে মাজিষ্ট্রেটের বিচারাধিপত্য থাকে তাঁহার বিচার্য্য যে অপরাধের কেবল অর্থদণ্ড কিম্বা ছয় মাসের অনধিক কারাদণ্ড কি ঐ উভয় দণ্ড হইতে পারে, কোন ব্যক্তি এমত অপরাধ করিয়াছে কিম্বা কোন ব্যক্তির প্রতি এমত অপরাধ করার সংশয় আছে, তাহার নিকট এই মর্ম্মের নালিশ হইলে, তিনি সেই ব্যক্তির নামে সমন দিয়া তাহাকে ঐ অভিযোগের উত্তর দিবার জন্যে নির্দ্দিষ্ট সময়ে ও স্থানে ঐ মাজিষ্ট্রেটের সম্মুখে উপস্থিত হইবার আজ্ঞা দিতে পারিবেন।

যেং স্থলে সমন দেওয়া যাইতে পারে তাহার কথা।

অভিযুক্ত ব্যক্তি পলায়ন করিতে উদ্যত আছে মাজিষ্ট্রেট এমত জ্ঞান করিলে, সমন না দিয়া প্রথমেই ঐ ব্যক্তিকে ধরিয়া আনিবার ওয়ারেন্ট দিতে পারিবেন ইতি।

১৪৯ ধারা। কোন মাজিষ্ট্রেটের বিচার্য্য যে অপরাধের ছয় মাসের অধিক কারাদণ্ড হইতে পারে কোন ব্যক্তি এমত অপরাধ করিয়াছে কিম্বা কোন ব্যক্তির প্রতি এমত অপরাধ করার সংশয় আছে, সেই মোকদ্দমার বিচার করিবার ক্ষমতাপন্ন মাজিষ্ট্রেটের নিকট এই নালিশ হইলে,

নালিশ হইলেই যে স্থলে ওয়ারেণ্ট বাহির হইতে পারিবে তাহার কথা।

অথবা যে অপরাধ কেবল সেশন আদালতের বিচার্য্য কিম্বা সেশন আদালতের বিচারার্থে ব্যক্তিদিগকে সমর্পণ করিবার ক্ষমতাপন্ন মাজিষ্ট্রেটের বিবেচনায় সেশন আদালতে যে অপরাধের বিচার হওয়া উচিত, কোন ব্যক্তি এমত অপরাধ করিয়াছে কিম্বা কোন ব্যক্তির প্রতি এমত অপরাধ করার সংশয় আছে উক্ত মাজিষ্ট্রেটের নিকট এই মর্ম্মের নালিশ হইলে,

such Magistrate may issue his warrant to arrest such person, or if he thinks fit, his summons requiring him to appear to answer such complaint

Warrant to arrest if summons not obeyed

150. If the person served with a summons does not appear before the Magistrate at the time mentioned in such summons, and the Magistrate is satisfied that such summons was duly served in what the Magistrate deems a reasonable time before the time therein appointed for appearing to the same,

or if it appears to the Magistrate that after due diligence, the summons could not be served according to the provisions of this Act,

the Magistrate may issue his warrant to apprehend the accused person

Magistrate may dispense with personal attendance of accused

151. In cases, of whatever nature, in which the Magistrate thinks fit to issue a summons he may, if he sees sufficient cause, dispense with the personal attendance of the accused person and permit him to appear by an agent duly authorized to act in his behalf

But it shall be in the discretion of such Magistrate at any stage of the proceedings to direct the personal attendance of the accused person

CHAPTER XII

OF THE SUMMONS

Form of summons

152. Every summons issued by a Magistrate to an accused person shall be in writing, in duplicate, and shall be signed and sealed by such Magistrate, and shall be in the Form (A) given in the second schedule to this Act, or to the like effect

Summons by whom served.

153. A summons shall ordinarily be served through a Police officer, but the Magistrate issuing the summons may, if he see fit, direct it to be served by any other person.

Summons how served

154. The summons shall be served on the accused personally, in any district where he may be, by exhibiting one of the copies and delivering or tendering the other copy to him, or, in case the accused person cannot be found, the copy may be left for him with some adult male member of his family residing with him, and the person summoned or the person with whom the copy is left shall sign a receipt therefor.

ঐ মাজিষ্ট্রেট সেই ব্যক্তিকে ধরিয়া আনিবার ওয়ারণ্ট দিতে পারিবেন, কিম্বা উচিত বোধ করিলে তাঁহাকে ঐ অভিযোগের উত্তর দিবার জন্যে উপস্থিত হইবার আদেশসূচক সমন দিতে পারিবেন ইতি।

সমনমতে না আইলে ধরিবার ওয়ারণ্টের কথা।

১৫০ ধারা। যে ব্যক্তিকে সমন দেওয়া যায় সে ঐ সমনের লিখিত সময়ে মাজিষ্ট্রেটের সম্মুখে উপস্থিত না হইলে, এবং সমনমতে উপস্থিত হইবার দিনের পূর্ব্বে মাজিষ্ট্রেট যে সময় উপযুক্ত জ্ঞান করেন এমত সময় থাকিতে ঐ সমন নিয়মমতে ঐ ব্যক্তিকে দেওয়া গেল, মাজিষ্ট্রেট ইহা হৃদ্বোধমতে জানিলে,

অথবা উপযুক্ত চেষ্টা হইলেও এই আইনের বিধানমতে সমন দেওয়া যাইতে পারিল না, মাজিষ্ট্রেটের এমত বোধ হইলে,

তিনি অভিযুক্ত ব্যক্তিকে ধরিয়া আনিবার ওয়ারণ্ট দিতে পারিবেন ইতি।

অভিযুক্ত ব্যক্তির উপস্থিত না হইবার অনুমতি দিতে মাজিষ্ট্রেটের ক্ষমতার কথা।

১৫১ ধারা। যে কোন প্রকারের মোকদ্দমায় মাজিষ্ট্রেট সমন দেওয়া উচিত বোধ করেন সেই মোকদ্দমায় তিনি উপযুক্ত কারণ জানিলে অভিযুক্ত ব্যক্তির স্বয়ং উপস্থিত না হইয়া আপনার পক্ষে কর্ম্ম করণার্থে নিয়মিতরূপে নিযুক্ত মোক্তারের দ্বারা উপস্থিত হইবার অনুমতি দিতে পারিবেন।

কিন্তু কার্য্যানুষ্ঠানের কোন সময়ে মাজিষ্ট্রেট বিহিত বোধ করিলে অভিযুক্ত ব্যক্তির স্বয়ং উপস্থিত হইবার আজ্ঞা দিতে পারিবেন ইতি।

---

১২ অধ্যায়।

সমনের বিধি।

সমন লিখিবার পাঠ।

১৫২ ধারা। অভিযুক্ত ব্যক্তির নামে মাজিষ্ট্রেট যে সমন দেন তাহা দুই কেতা করিয়া লেখা যাইবে, ও তাহাতে মাজিষ্ট্রেট স্বাক্ষর করিয়া মোহর দিবেন। তাহা এই আইনের দ্বিতীয় তফসীলের (A) চিহ্নিত পাঠে কি তাহার মর্ম্মমত লিখিতে হইবে ইতি।

সমন যাহার দিতে হইবে তাহার কথা।

১৫৩ ধারা। সচরাচর পোলীসের কর্ম্মকারকের দ্বারা সমন জারী করা যাইবে। কিন্তু যে মাজিষ্ট্রেট সমন দেন তিনি উচিত বোধ করিলে অন্য কোন ব্যক্তির দ্বারা ঐ সমন জারী হইবার আদেশ করিতে পারিবেন ইতি।

সমন যে প্রকারে জারী করিতে হইবে তাহার কথা।

১৫৪ ধারা। অভিযুক্ত ব্যক্তি যে জিলায় থাকুন নিজ তাঁহাকেই এক কেতা সমন দেখাইলে ও অন্য কেতা তাঁহাকে দিলে কিম্বা দিবার প্রস্তাব করিলে ঐ সমন তাঁহার উপর জারী করা যাইবে। কিন্তু যদি অভিযুক্ত ব্যক্তির সন্ধান না পাওয়া যায়, তবে তাঁহাকে দিবার জন্যে তাঁহার পরিবারের মধ্যে বয়ঃপ্রাপ্ত যে পুরুষ তাঁহার সঙ্গে বাস করে তাহাকে ঐ সমন দেওয়া যাইতে পারিবে। ও যাহাকে সমন করা যায় কিম্বা যাহাকে সমনের এক কেতা দেওয়া যায় তিনি তাহা পাইবার রসীদে স্বাক্ষর করিবেন ইতি।

155. When the accused person cannot be found, and there is no adult male member of his family on whom the service can be made, the serving officer shall fix a copy of the summons on some conspicuous part of the house in which the accused person ordinarily resides

Service when accused cannot be found

১৫৫ ধারা। অভিযুক্ত ব্যক্তির সন্ধান না পাওয়া গেলে, ও যাহার কাছে সমন দেওয়া যাইতে পারে তদীয় পরিবারের মধ্যে বয়ঃপ্রাপ্ত এমত কোন পুরুষ না থাকিলে অভিযুক্ত ব্যক্তি সচরাচর যে ঘরে বাস করে ঐ সমন জারীর কর্ম্মকারক সেই ঘরের কোন প্রকাশ স্থানে ঐ সমনের এক কেতা নকল লাগাইয়া দিবে ইতি।

অভিযুক্ত ব্যক্তির সন্ধান না পাওয়া গেলে সমন জারী করিবার কথা।

156. A Magistrate may, notwithstanding the issue of such summons, either before the appearance of the accused person as required by such summons, or after default made by him so to appear, issue a warrant of arrest against such person

Issue of warrant in addition to summons

১৫৬ ধারা। উক্ত প্রকারের সমন বাহির হইলেও ঐ সমনের আজ্ঞাক্রমে অভিযুক্ত ব্যক্তির উপস্থিত হইবার পূর্ব্বে কিম্বা উপস্থিত হইবার ত্রুটি হইলে, মাজিষ্ট্রেট তাহাকে ধরিয়া আনিবার ওয়ারণ্ট দিতে পারিবেন ইতি।

সমন বাহির হইলেও ওয়ারণ্ট দিবার কথা।

157. The Magistrate of the District, a Magistrate of a division of a district, or a Magistrate of the first class duly authorized in that behalf and having local jurisdiction in such district or division of a district, may issue a summons or warrant for the apprehension of any person within such district or division of a district in respect of any offence known or suspected to have been committed by such person in a different district or division of a district, or on the high seas, or in a foreign country, and for which, if committed within the local jurisdiction of such Magistrate, he might issue summons or warrant

Summons or warrant for offence committed beyond local jurisdiction

১৫৭ ধারা। জিলার মাজিষ্ট্রেটের কি জিলার কোন খণ্ডের মাজিষ্ট্রেটের কিম্বা এতৎপক্ষে নিয়মিতরূপে ক্ষমতাপ্রাপ্ত প্রথম শ্রেণীর যে মাজিষ্ট্রেটের সেই জিলায় কিম্বা জিলার সেই খণ্ডে বিচার করিবার ক্ষমতা থাকে, তাঁহার বিচারাধীন স্থানের মধ্যে যে অপরাধ হইলে তিনি সমন কিম্বা ওয়ারণ্ট দিতে ক্ষমতাপন্ন হন, কোন ব্যক্তি ভিন্ন জিলাতে কি জিলার ভিন্ন খণ্ডে কি সমুদ্রপথে কিম্বা ভিন্ন দেশে তদ্রূপ অপরাধ করিয়াছে এমত জানা গেলে কি সংশয় থাকিলে তিনি আপন জিলার কি খণ্ডের মধ্যে ঐ ব্যক্তির নামে সমন কিম্বা তাহাকে ধরিয়া আনিবার ওয়ারণ্ট দিতে পারিবেন ইতি।

এলাকার বহির্ভূত স্থানে অপরাধ হইলে সমন কি ওয়ারণ্ট দিবার কথা।

158. The provisions relating to a summons, its issue and service, contained in this chapter, shall be applicable to every summons issued under this Act, except a summons to serve as a juror or assessor

Provisions in this chapter as to form, service, and issue of summons applicable to all summonses

Provided that when the person summoned is in the service of Government or of any Railway Company, the Court or Magistrate issuing the summons may send the summons to the head of the office in which the person summoned is employed, and such head shall thereupon cause the summons to be served on the person named therein

১৫৮ ধারা। এই অধ্যায়ে সমনের ও সমন দিবার ও জারী করিবার যে২ বিধান আছে সেই২ বিধান জুরি কিম্বা আসেসর‍্স্বরূপ কর্ম্ম করণার্থ সমনভিন্ন এই আইনমত প্রচারিত প্রত্যেক সমনের প্রতি বর্ত্তিবে।

এই অধ্যায়ে সমনের পাঠের ও সমন জারী করিবার ও দিবার যে বিধান আছে সকল সমনের প্রতি তাহা খাটিবার কথা।

কিন্তু যে ব্যক্তিকে সমন করা যায় তিনি যদি গবর্ণমেণ্টের কিম্বা কোন রেলওয়ে কোম্পানির কর্ম্মে নিযুক্ত থাকেন, তবে যে কার্য্যালয়ে কর্ম্ম করেন, ঐ সমন প্রচারক আদালত কি মাজিষ্ট্রেট সেই কার্য্যালয়ের প্রধান কর্ম্মকারকের নিকট ঐ সমন পাঠাইতে পারিবেন। তাহা হইলে যাঁহার নামে সমন হইয়াছে ঐ প্রধান কর্ম্মকারক তাঁহার উপর তাহা জারী করাইবেন ইতি।

CHAPTER XIII

OF THE WARRANT

159. Every warrant issued by a Magistrate shall be in writing, and shall be signed and sealed by such Magistrate, and shall be in the Form (B) given in the second schedule to this Act, or to the like effect

Form of warrant

১৩ অধ্যায়।

ওয়ারণ্টের বিধি।

১৫৯ ধারা। মাজিষ্ট্রেট যে সকল ওয়ারণ্ট দেন তাহা লিখিয়া দেওয়া যাইবে ও তাহাতে ঐ মাজিষ্ট্রেট স্বাক্ষর করিয়া মোহর দিবেন। ঐ ওয়ারণ্ট এই আইনের দ্বিতীয় তফসীলের (B) চিহ্নিত পাঠে কি তাহার মর্ম্মমতে লিখিতে হইবে।

ওয়ারণ্ট লিখিবার পাঠের কথা।

Effect of warrant of arrest

The warrant issued under this chapter remains in force until the person arrested is brought into the presence of the Magistrate who issued it and so long as he remains before such Magistrate. If the person arrested is to be remanded to custody, an order must be made under section one hundred and ninety-four, or a warrant issued under section three hundred and three.

Magistrate may direct bail to be taken

160. It shall be in the discretion of a Magistrate in issuing a warrant for the arrest of any person, to direct by endorsement on the warrant that, if such person be willing and ready to give bail in a sum to be fixed by the Magistrate for his appearance before the Magistrate on a specified day, [which sum and day shall be named in such endorsement] to answer the complaint, the officer to whom the warrant is directed shall accept such bail, and shall release from custody the person complained against

Bail bond to be forwarded

If bail is given, the officer shall forward the bail-bond to the Magistrate

Warrants to whom directed

161. A warrant shall ordinarily be directed to a Police officer, but the Magistrate issuing a warrant may, if immediate execution be necessary and no Police officer be immediately available, direct it to any other person

Warrant may be directed to landholders, &c

162. The Magistrate of the District may direct a warrant or warrants to landholders, farmers or managers of land for the arrest of any escaped convict, proclaimed offender, or person who has been accused of a non-bailable offence, and who has eluded pursuit

Such landholder or other person shall acknowledge the receipt of the warrant and shall be bound to execute it, should the person, for whose arrest it was issued, enter on or be in his estate, farm or land under his charge.

Should the person against whom such warrant is issued be arrested, he shall be made over to the nearest Police officer with the warrant, and such Police officer shall cause such accused person to be

ধৃত করিবার ওয়ারণ্টের ফলের কথা।

এই অধ্যায়মতে যে ওয়ারণ্ট দেওয়া যায় তাহা যে মাজিষ্ট্রেট দিলেন ধৃত ব্যক্তিকে যত কাল সেই মাজিষ্ট্রেটের সম্মুখে না আনা যায় ও সে যত কাল ঐ মাজিষ্ট্রেটের সম্মুখে থাকে ঐ ওয়ারণ্ট তত কাল প্রবল থাকিবে। যদি ধৃত ব্যক্তিকে পুনরায় হেফাজতে রাখিবার আজ্ঞা হয় তবে ১৯৪ ধারামতে ঐ আজ্ঞা করিতে হইবে অথবা ৩০৩ ধারামতে ওয়ারণ্ট দিতে হইবে ইতি।

হাজিরজামিন লইতে মাজিষ্ট্রেটের আজ্ঞার কথা।

১৬০ ধারা। মাজিষ্ট্রেট কোন ব্যক্তিকে ধরিবার ওয়ারণ্ট দেওন সময়ে উচিত বোধ করিলে তাহার যত টাকার তাইনে জামিন দিতে হইবে ও তাহার যে দিনে উপস্থিত হইতে হইবে ঐ ওয়ারণ্টের পৃষ্ঠে এই২ কথার সহিত এই আদেশ লিখিতে পারিবেন যে, উক্ত নিরূপিত দিনে সেই ব্যক্তি ঐ নালিশের উত্তর দিবার জন্যে মাজিষ্ট্রেটের সম্মুখে উপস্থিত হইবার জামিনস্বরূপ উক্ত টাকা দিতে সম্মত ও প্রস্তুত হইলে, যে কর্ম্মকারককে ওয়ারণ্ট দেওয়া যায় তিনি ঐ জামিন লইয়া অভিযুক্ত ব্যক্তিকে হেফাজৎ হইতে ছাড়িয়া দিবেন।

জামিনীপত্র পাঠাইবার কথা।

জামিন দেওয়া গেলে উক্ত কর্ম্মকারক মাজিষ্ট্রেটের নিকট ঐ জামিনীপত্র পাঠাইয়া দিবেন ইতি।

যাহার নামে ওয়ারণ্ট দিতে হইবে তাহার কথা।

১৬১ ধারা। ওয়ারণ্ট সচরাচর পোলীসের কোন কর্ম্মকারকের নামে লিখিয়া দেওয়া যাইবে। কিন্তু ত্বরায় জারী করা আবশ্যক হইলে ও তৎকালে পোলীসের কর্ম্মকারককে পাঠান যাইতে না পারিলে যে মাজিষ্ট্রেট তাহা প্রচার করেন তিনি অন্য কোন ব্যক্তির নামে তাহা লিখিয়া দিতে পারিবেন ইতি।

ভূম্যধিকারিপ্রভৃতির নামে ওয়ারণ্ট লিখিয়া দিবার কথা

১৬২ ধারা। কোন পলাতক বন্দীকে কিম্বা যে অপরাধির বিষয়ে ঘোষণাপত্র প্রচার হইয়াছে তাহাকে কিম্বা যে অপরাধের নিমিত্ত হাজিরজামিন লওয়া যাইতে না পারে কোন ব্যক্তির নামে এমত অপরাধের অভিযোগ হইলে তাহাকে ধরিবার নানা উদ্যোগ হইলেও ধরা যাইতে না পারিলে, জিলার মাজিষ্ট্রেট সাহেব ভূম্যধিকারিদের কি ইজারদারদের কি গোমাশতাদের নামে তাহাকে ধরিবার এক কি কএকখান ওয়ারণ্ট লিখিয়া দিতে পারিবেন।

ঐ ভূম্যধিকারিপ্রভৃতি সেই ওয়ারণ্ট পাইবার রসীদ লিখিয়া দিবেন ও যে ব্যক্তিকে ধরিবার নিমিত্ত তাহা বাহির হয় সেই ব্যক্তি তাঁহার মহালে কি ইজারায় কি তাঁহার তত্ত্বাধীন ভূমিতে আইলে কি থাকিলে তাঁহারদের সেই ওয়ারণ্ট জারী করিতেই হইবে।

ঐ ওয়ারণ্ট যে ব্যক্তির নামে বাহির হয় তাহাকে ধরা গেলে ওয়ারণ্ট সহিত তাহাকে পোলীসের নিকটস্থ কর্ম্মকারকের প্রতি সমর্পণ করা যাইবে। আর ১৬০ ধারামতে হাজির জামিন লওয়া যাইতে না পারিলে

carried before the Magistrate having jurisdiction, unless bail may be and is taken under section one hundred and sixty

163. When a warrant is directed to a person other than a Police officer, any other person may aid in executing such warrant, if the person to whom the warrant is directed be near at hand and acting in the execution of the warrant

Warrants directed to any persons other than a Police officer

164. A warrant may be directed to several persons, and, when so directed, may be executed by all, or by any one or more of such persons

Warrant to several persons

165. A warrant directed to a Police officer may also be executed by any other Police officer whose name is endorsed upon the warrant by the officer to whom the warrant is directed or endorsed

Warrant directed to Police Officer

166. The Magistrate, by whom a warrant of arrest is issued, may attend personally for the purpose of seeing that the warrant is duly executed

Magistrate issuing warrant may superintend its execution

Any Magistrate may also at any time direct the arrest in his presence of any person for whose arrest he is competent to issue a warrant

Arrest in presence of Magistrate

167. A warrant, issued by a Magistrate, shall ordinarily be executed in the district in which it was issued

Where warrant may be executed

But if the person against whom the warrant is issued, escapes, goes into, or is in any place out of the district in which the warrant was issued, the warrant may be executed in such place

168. A Magistrate may direct a warrant to be executed outside his local jurisdiction, either after endorsement by a Magistrate within whose local jurisdiction it is to be executed, or without such endorsement.

Magistrate may issue warrant for execution in places outside his jurisdiction

ও লওয়া না গেলে পোলীসের সেই কর্ম্মকারক বিচার করিবার ক্ষমতাপন্ন মাজিষ্ট্রেটের নিকট ঐ ব্যক্তিকে চালান করিবেন ইতি।

১৬৩ ধারা। ওয়ারণ্ট পোলীসের কর্ম্মকারক ভিন্ন অন্য ব্যক্তির নামে লিখিয়া দেওয়া গেলে সেই ব্যক্তি কাছে থাকিলে ও পরওয়ানা জারীকরণ সম্পর্কীয় কার্য্য করিতেছে এমত সময়ে, অন্য কোন ব্যক্তি ঐ ওয়ারণ্ট জারীর কার্য্যে তাহার সাহায্য করিতে পারিবে ইতি।

পোলীসের কর্ম্মকারক ভিন্ন অন্য ব্যক্তিকে ওয়ারণ্ট দেওয়া গেলে তাহার কথা।

১৬৪ ধারা। ওয়ারণ্ট অনেক ব্যক্তির নামে লিখিয়া দেওয়া যাইতে পারিবে। তাহা হইলে তাঁহাদের সকলের কি তাঁহাদের কোন এক কি অধিক জনের দ্বারা ঐ ওয়ারণ্ট জারী হইতে পারিবে ইতি।

সংযুক্ত ভাবে অনেক লোককে ওয়ারণ্ট দিবার কথা।

১৬৫ ধারা। পোলীসের কোন কর্ম্মকারকের নামে ওয়ারণ্ট লিখিয়া দেওয়া গেলে কিম্বা পৃষ্ঠলিপিক্রমে তাঁহাকে দেওয়া গেলে সেই কর্ম্মকারক ঐ ওয়ারণ্টের পৃষ্ঠে পোলীসের অন্য কর্ম্মকারকের নাম লিখিয়া দিলে, তাঁহার দ্বারা ঐ ওয়ারণ্ট জারী করা যাইতে পারিবে ইতি।

পোলীসের কর্ম্মকারককে যে ওয়ারণ্ট দেওয়া যায় তাহার কথা।

১৬৬ ধারা। যে মাজিষ্ট্রেট কোন ব্যক্তিকে ধরিবার ওয়ারণ্ট দেন ঐ ওয়ারণ্টমতে কার্য্য উপযুক্তরূপে করা যায় ইহা দেখিবার জন্যে তিনি স্বয়ং উপস্থিত থাকিতে পারিবেন।

যে মাজিষ্ট্রেট ওয়ারণ্ট দেন তাঁহার ঐ ওয়ারণ্ট জারীর কার্য্য স্বয়ং তত্ত্বাবধারণ করিবার কথা।

কোন মাজিষ্ট্রেট যে ব্যক্তিকে ধরিবার ওয়ারণ্ট দিতে ক্ষমতাপন্ন হন, কোন সময়ে তিনি আপনার সাক্ষাতে সেই ব্যক্তিকে ধরিবার আজ্ঞা দিতে পারিবেন ইতি।

মাজিষ্ট্রেটের সাক্ষাতে ধরিবার কথা।

১৬৭ ধারা। মাজিষ্ট্রেট যে ওয়ারণ্ট দেন তাহা যে জিলায় বাহির হয় সামান্যতঃ সেই জিলার মধ্যেই জারী হইবে।

ওয়ারণ্ট যে স্থানে জারী হইতে পারিবে তাহার কথা।

কিন্তু যে ব্যক্তির নামে ওয়ারণ্ট বাহির হয় সে পলায়ন করিয়া ওয়ারণ্ট যে জিলায় বাহির হইল তাহার বহির্ভূত কোন স্থানে গেলে কি থাকিলে ওয়ারণ্ট সেই স্থানে জারী করা যাইতে পারিবে ইতি।

১৬৮ ধারা। কোন মাজিষ্ট্রেট আপন বিচারাধীন স্থানের বহির্ভূত স্থানে জারী হইবার নিমিত্ত ওয়ারণ্ট দিয়া অন্য যে মাজিষ্ট্রেটের বিচারাধীন স্থানে তাহা জারী করিতে হইবে তাঁহারদ্বারা ওয়ারণ্টের পৃষ্ঠলিপি লিখিয়া দেওয়া গেলে পর কিম্বা না গেলেও সেই স্থানে ওয়ারণ্ট জারী হইবার আজ্ঞা দিতে পারিবেন।

মাজিষ্ট্রেটের বিচারাধীন স্থানের বহির্ভূত স্থানে জারী করণার্থ ওয়ারণ্ট দিবার ক্ষমতার কথা।

If the warrant is to be so endorsed it may be sent by post to the Magistrate within whose local jurisdiction it is to be executed and by whom it is to be endorsed

If the warrant is not to be endorsed, it shall be entrusted to a Police officer, to be taken either to a Magistrate or to a Police officer, not below the rank of an officer in charge of a station, in whose local jurisdiction the warrant is to be executed

Procedure on arrest of person against whom warrant was issued

169. If a warrant is executed, whether with or without endorsement, outside the district in which it was issued, the person arrested shall, unless the Magistrate, who issued the warrant, be within twenty miles or be nearer than the Magistrate in whose local jurisdiction the arrest was made, or unless bail be taken under section one hundred and sixty, be carried before the Magistrate in whose local jurisdiction the arrest was made

Procedure by Magistrate before whom arrested person is brought

170. A Magistrate or Police officer, to whom a warrant is directed for execution, shall execute the same or cause it to be executed, and any Magistrate, before whom a person is brought under the provisions of section one hundred and sixty-nine, shall, if the person arrested appears to be the person intended by the Magistrate who issued the warrant, direct his removal in custody to the Magistrate who issued the warrant,

or if the offence be bailable, and the person arrested be ready and willing to give bail, shall take bail for his appearance before the Magistrate who issued the warrant, and the recognizance or bail-bond shall be forwarded to such Magistrate.

In this section the word Magistrate includes a Commissioner of Police and a Magistrate of Police in the Presidency town.

Proclamation for person absconding

171. If any person accused of an offence, not coming within section one hundred and forty-eight, absconds or conceals himself, so that, upon a warrant issued against him, he cannot be found, the Magistrate having jurisdiction shall, if he thinks, whether after taking evidence or not, that such person absconds or conceals himself for the purpose of avoiding the service of the warrant, issue a written proclamation, requiring him to appear to answer the complaint within a fixed period not less than thirty days.

ওয়ারণ্টের পৃষ্ঠে তদ্রূপ লিখিয়া দিতে হইলে, যে মাজিষ্ট্রেটের বিচারাধীন স্থানে জারী করিতে হইবে ও যাঁহার দ্বারা তাহার পৃষ্ঠলিপি লেখা যাইবে ঐ ওয়ারণ্ট ডাকযোগে সেই মাজিষ্ট্রেটের নিকট পাঠান যাইতে পারিবে।

পৃষ্ঠে লিখিতে না হইলে যে মাজিষ্ট্রেটের বিচারাধীন স্থানে ওয়ারণ্ট জারী করিতে হইবে তাঁহার নিকট কিম্বা পোলীসের যে কর্ম্মকারক থানার অধ্যক্ষের নিম্নপদস্থ নহেন এমত কর্ম্মকারকের নিকট লইয়া যাইবার জন্যে ঐ ওয়ারণ্ট পোলীসের কোন কর্ম্মকারকের হাতে দেওয়া যাইবে ইতি।

যাহার নামে ওয়ারণ্ট বাহির হয় তাহাকে ধরা গেলে পর যাহা করিতে হইবে তাহার কথা।

১৬৯ ধারা। ওয়ারণ্ট যে জিলায় বাহির হইল সেই জিলার বহির্ভূত স্থানে পৃষ্ঠলিপি লিখনদ্বারা কি তদ্ভিন্ন জারী করা গেলে, যে মাজিষ্ট্রেট ওয়ারণ্ট দিলেন তিনি বিশ মাইলের মধ্যে না থাকিলে কিম্বা যাঁহার বিচারাধীন স্থানে ব্যক্তিকে ধরা গেল তাঁহার অপেক্ষা নিকট না থাকিলে কিম্বা ১৬০ ধারামতে হাজিরজামিন না লওয়া গেলে যে মাজিষ্ট্রেটের বিচারাধীন স্থানের মধ্যে ঐ ব্যক্তিকে ধরা গেল তাঁহার নিকট ধৃত ব্যক্তিকে আনিতে হইবে ইতি।

ধৃত ব্যক্তিকে যে মাজিষ্ট্রেটের নিকট আনা যায় তাঁহার কর্ত্তব্যের কথা।

১৭০ ধারা। ওয়ারণ্ট জারী করিবার নিমিত্তে যে মাজিষ্ট্রেটের কিম্বা পোলীসের যে কর্ম্মকারকের নামে লিখিয়া দেওয়া যায়, তিনি সেই ওয়ারণ্ট জারী করিবেন কি করাইবেন। এবং ১৬৯ ধারার বিধানমতে কোন মাজিষ্ট্রেটের সম্মুখে কোন ব্যক্তিকে আনা গেলে, যে মাজিষ্ট্রেট ওয়ারণ্ট দেন ঐ ধৃত ব্যক্তি তাঁহার লক্ষিত ব্যক্তি বোধ হইলে পূর্ব্বোক্ত মাজিষ্ট্রেট তাহাকে পেয়াদার জিম্মায় দিয়া শেষোক্ত যে মাজিষ্ট্রেট পরওয়ানা দিলেন তাঁহার নিকট পাঠাইবেন।

কিম্বা ঐ অপরাধের নিমিত্ত হাজির জামিন লওয়া যাইতে পারিলে ও ধৃত ব্যক্তি জামিন দিতে চাহিলে ও প্রস্তুত থাকিলে, যে মাজিষ্ট্রেট ওয়ারণ্ট দিলেন তাঁহারই সম্মুখে উপস্থিত হইবার জামিন লইয়া ঐ মাজিষ্ট্রেটের নিকট সেই মুচলকা কি হাজির জামিনীপত্র পাঠাইবেন।

এই ধারার মধ্যে মাজিষ্ট্রেট শব্দে রাজধানীর পোলীসের কমিশ্যনর ও পোলীস মাজিষ্ট্রেট গণ্য ইতি।

পলাতক ব্যক্তির নিমিত্ত ঘোষণার কথা।

১৭১। ১৪৮ ধারার মধ্যে যে অপরাধ না আইসে কোন ব্যক্তির নামে এমত অপরাধের অভিযোগ হইলে যদি সেই ব্যক্তি পলায়ন করে কিম্বা গোপনে থাকে ও তৎপ্রযুক্ত তাহার নামে ওয়ারণ্ট বাহির হইলেও তাহার সন্ধান পাওয়া যাইতে না পারে, তবে তাহার উপর ওয়ারণ্ট জারী না হয় এই নিমিত্ত সে পলায়ন করিয়াছে কি গোপনে আছে তদ্বিষয়ের বিচার করিবার ক্ষমতাপন্ন মাজিষ্ট্রেট সাক্ষ্য গ্রহণ করিয়া কি না করিয়া এই কথা স্ববোধমতে জানিতে পাইলে ঘোষণাপত্র প্রচার করিবেন। তন্মধ্যে সেই ব্যক্তির প্রতি ত্রিশ দিনের অন্যূন নিরূপিত কোন দিনে উপস্থিত হইয়া ঐ নালিশের উত্তর দিতে আদেশ থাকিবে।

Such proclamation shall be publicly read in some conspicuous place of the town or village in which the accused person usually resides, and shall be affixed on some conspicuous part of his ordinary place of abode, or on some conspicuous place of such town or village

A copy of the proclamation shall also be affixed on some conspicuous part of such Magistrate's court-house

A statement by the Magistrate to the effect that the proclamation was duly made shall be conclusive evidence of due compliance with the law

172. Such Magistrate may order the attachment of any property, moveable or immovable, or both, belonging to the person so absconding or concealing himself

Attachment of property of person absconding

Such order shall authorize the attachment of any property within the jurisdiction of the Magistrate of the District in whose district it is made, and it shall authorize the attachment of any property without the jurisdiction of the Magistrate of the District, when endorsed by the Magistrate of the District in which such property is situated

EXPLANATION II.—If the Court of appeal or revision thinks that a failure of justice has been occasioned by an omission to prepare a charge, it shall order the trial to be re-commenced from the point at which the charge should have been drawn up

২ ব্যাখ্যা।—অভিযোগপত্র প্রস্তুত না হওয়াতে ন্যায় বিচারের ব্যাঘাত হইয়াছে আপীল শুনিবার কি মোকদ্দমা পুনঃদৃষ্টি করিবার আদালতের এমত বোধ হইলে মোকদ্দমার বিচার কালীন যে সময়ে অভিযোগপত্র প্রস্তুত করা উচিত ছিল তদবধি বিচার কার্য্যের পুনরারম্ভ হইবার আজ্ঞা দিতে পারিবেন ইতি।

Plea

217 The charge shall then be read and explained to the accused person, and he shall be asked whether he is guilty or has any defence to make

উত্তরের কথা।

২০৭ ধারা। পরে ঐ অভিযোগপত্র অভিযুক্ত ব্যক্তির নিকটে পাঠ করা যাইবে, ও তাহাকে জিজ্ঞাসা করা যাইবে যে তুমি এই অপরাধের দোষী আছ, না ইহার প্রতিবাদ করিতে চাহ ইতি।

Defence

218. If the accused person have any defence to make to the charge, he shall be called upon to enter upon the same, and to produce his witnesses if in attendance, and shall be allowed to recall and cross-examine the witnesses for the prosecution

প্রতিবাদের কথা।

২১৮ ধারা। অভিযুক্ত ব্যক্তি ঐ অভিযোগের প্রতিবাদ করিতে চাহিলে তাহার প্রতি ঐ কার্য্যে প্রবর্ত্ত হইতে ও তাহার সপক্ষ সাক্ষিরা উপস্থিত থাকিলে তাহাদিগকে দেখাইয়া দিতে আজ্ঞা হইবে, ও তাহার প্রতি অভিযোগের সপক্ষ সাক্ষিদিগকে পুনর্ব্বার ডাকিয়া কূটপরীক্ষা করিতে অনুমতি হইবে।

If the accused person put in any written statement, the Magistrate may file it with the record, but shall not be bound to do so

যদি অভিযুক্ত ব্যক্তি কোন লিখিত বর্ণনাপত্র অর্পণ করে তবে মাজিষ্ট্রেট তাহা কাগজপত্রের নথীর সঙ্গে রাখিতে পারিবেন কিন্তু রাখিতেই হইবে এমত নয় ইতি।

Evidence for the defence

219 The Magistrate shall, subject to the provisions of section three hundred and sixty-two, summon any witness and examine any evidence that may be offered in behalf of the accused person, to answer or disprove the evidence against him, and may for this purpose, at his discretion, adjourn the trial from time to time, as may be necessary

প্রতিবাদির সপক্ষ সাক্ষ্যের কথা।

২১৯ ধারা। অভিযুক্ত ব্যক্তির বিপক্ষ যে সাক্ষ্য দেওয়া গেল যদি তাহার উত্তর দেওনার্থে কি অপ্রমাণ করণার্থে তাহার সপক্ষ কোন সাক্ষিকে উপস্থিত করিবার কি সাক্ষ্য দিবার প্রস্তাব হয়, তবে মাজিষ্ট্রেট ৩৬২ ধারার বিধানের বশে সেই সাক্ষিকে সমন করিবেন ও সেই সাক্ষ্য পরীক্ষা করিয়া দেখিবেন। তদর্থে তিনি সময়ে২ আবশ্যকমতে ঐ বিচারের অন্য২ দিন নিরূপণ করিতে পারিবেন ইতি।

Acquittal

220. If the Magistrate finds the accused person not guilty, he shall record judgment of acquittal

নির্দ্দোষ নির্ণয়ের কথা।

২২০ ধারা। মাজিষ্ট্রেট অভিযুক্ত ব্যক্তিকে নির্দ্দোষী নির্ণয় করিলে নিরপরাধ নির্ণয় লিপিবদ্ধ করিবেন।

Conviction

If the accused person is convicted, the Magistrate shall pass sentence upon him according to law

দোষী নির্ণয় করণের কথা।

অভিযুক্ত ব্যক্তির অপরাধ নির্ণয় হইলে মাজিষ্ট্রেট আইনমতে তাহার দণ্ডের আজ্ঞা করিবেন।

EXPLANATION.—If a charge is drawn up, the prisoner must either be acquitted or convicted. If no charge is drawn up, there can be no judgment of acquittal or conviction, except in the case provided for in Explanation I. to section two hundred and sixteen

ব্যাখ্যা।—অভিযোগপত্র লেখা গিয়া থাকিলে প্রতিবাদিকে হয় নিরপরাধী নয় অপরাধী নির্ণয় করিতেই হইবে। যদি অভিযোগপত্র লেখা না গিয়া থাকে তবে ২১৬ ধারার ১ ব্যাখ্যার কথায় যে স্থলের বিধান হইয়াছে সেই স্থলভিন্ন নির্দ্দোষি করণের কি দোষ নির্ণয় করণের কোন নিষ্পত্তি হইতে পারিবে না ইতি।

221. In any trial before a Magistrate, in which it may appear at any stage of the proceedings that from any cause the case is one which the Magistrate is not competent to try, or one which, in the opinion of such Magistrate, ought to be tried by the Court of Session or High Court, the Magistrate shall stop further proceedings under this chapter, and shall, when he either cannot or ought not to make the accused person over to an officer empowered under section thirty-six commit the prisoner under the provisions hereinbefore contained If such Magistrate is not empowered to commit he shall proceed under section forty-five

How the Magistrate is to proceed when, after commencement of trial, he finds the case beyond his jurisdiction

---

CHAPTER XVIII

Of SUMMARY TRIALS

222. The Magistrate of the District may try the following offences in a summary way, and, on conviction of the offender, may pass such sentence as may be lawfully inflicted under section twenty of this Code —

What offences may be tried summarily

(1) Offences referred to in section one hundred and forty-eight of this Code

(2) Offences relating to weights and measures under sections two hundred and sixty-four, two hundred and sixty-five, and two hundred and sixty-six of the Indian Penal Code

(3) Hurt, under section three hundred and twenty-three of the Indian Penal Code

(4) Theft, under section three hundred and seventy-nine of the Indian Penal Code, where the value of the property stolen does not exceed fifty rupees

(5) Theft, under section three hundred and eighty of the Indian Penal Code, where the value of the property stolen does not exceed fifty rupees

(6) Theft, under section three hundred and eighty-one of the Indian Penal Code, where the value of the property stolen does not exceed fifty rupees

(7) Receiving stolen property, under section four hundred and eleven of the Indian Penal Code

(8). Mischief, under section four hundred and twenty-seven of the Indian Penal Code

(9) House-trespass, under section four hundred and forty-eight of the Indian Penal Code.

(10). Criminal intimidation, under sections five hundred and four and five hundred and six of the Indian Penal Code.

২২১ ধারা। মাজিষ্ট্রেটের সম্মুখে কোন মোকদ্দমার বিচার হইতেছে এমন সময়ে তাঁহারই সেই মোকদ্দমার বিচার করিবার ক্ষমতা নাই কোন কারণে তাঁহার এমত বোধ হইলে, কিম্বা সেশন আদালতে কি হাই কোর্টে সেই মোকদ্দমার বিচার হওযা উচিত এমত জ্ঞান হইলে তিনি এই অধ্যায়মত আর সকল কার্য্য রহিত করিবেন এবং ৩৬ ধারামত ক্ষমতাপন্ন কোন কার্য্যকারকের প্রতি অভিযুক্ত ব্যক্তিকে সমর্পণ করিতে না পারিলে কিম্বা সমর্পণ করা উচিত না হইল তিনি ইহার পূর্ব্বলিখিত ধারামতে প্রতিবাদিকে সমর্পণ করিবেন। ঐ মাজিষ্ট্রেটের সমর্পণ করিবার ক্ষমতা না থাকিলে তিনি ৪৫ ধারামতে কার্য্য করিবেন ইতি।

বিচারকার্য্য আরম্ভ হইবার পরে তাঁহার সেই মোকদ্দমা বিচার করিবার ক্ষমতা নাই মাজিষ্ট্রেট এমত জ্ঞান করিলে তাঁহার কর্ত্তব্যের কথা।

---

১৮ অধ্যায়।

সরাসরী বিচারের কথা।

২২২ ধারা। জিলার মাজিষ্ট্রেট সাহেব নিম্নলিখিত অপরাধের সরাসরী বিচার করিতে পারিবেন এবং অপরাধির অপরাধ নির্ণয় হইলে এই আইনের ২০ ধারাক্রমে ন্যায্যমতে যে দণ্ড হইতে পারে সেই দণ্ডের আজ্ঞা করিতে পারিবেন।

যেং অপরাধের সরাসরী বিচার হইতে পারে তাহার কথা।

(১) এই আইনের ১৪৮ ধারার উল্লিখিত অপরাধ।

(২) ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ২৬৪ ও ২৬৫ ও ২৬৬ ধারামতে ওজন ও পরিমাপণ যন্ত্র বিষয়ক অপরাধ।

(৩) ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৩২৩ ধারামতে পীড়া জন্মাওন।

(৪) চোরা দ্রব্যের মূল্য ৫০ টাকার অধিক না হইলে ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৩৭৯ ধারামতে চৌর্য্য।

(৫) চোরা দ্রব্যের মূল্য ৫০৲ টাকার অধিক না হইলে ভারতবর্ষীয় দণ্ড বিধির আইনের ৩৮০ ধারামতে চৌর্য্য।

(৬) চোরা দ্রব্যের মূল্য ৫০ টাকার অধিক না হইলে ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৩৮১ ধারামতে চৌর্য্য।

(৭) ভারতবর্ষীয় দণ্ড বিধির আইনের ৪১১ ধারামতে চোরা দ্রব্য গ্রহণ।

(৮) ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৪২৭ ধারামতে অপকার করণ।

(৯) ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৪৪৮ ধারামতে গৃহে অনধিকার প্রবেশ করা।

(১০) ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৫০৪ ও ৫০৬ ধারামতে অপরাধ ভাবে ভয় দর্শাওন।

(11) Abetment of, or attempt to commit (when such attempt is an offence) any of the foregoing offences

Power to invest Magistrates with power to try summarily

223. The Local Government may invest any Magistrate of the 1st class with power to try summarily all or any of the offences mentioned in section two hundred and twenty-two

Power to invest Bench of Magistrates invested with 1st class magisterial powers

224. The Local Government may invest any Bench of Magistrates invested with the powers of a Magistrate of the 1st class, with power to try summarily all or any of the offences mentioned in section two hundred and twenty-two

Power to invest Bench of Magistrates invested with less power

225. The Local Government may invest any Bench of Magistrates invested with the powers of a Magistrate of the 2nd or 3rd class with power to try summarily all or any of the following offences —

Offences coming within sections two hundred and seventy-seven, two hundred and seventy-eight, two hundred and seventy-nine, two hundred and eighty five, two hundred and eighty-six, two hundred and eighty-nine, two hundred and ninety, two hundred and ninety-two, two hundred and ninety-three, two hundred and ninety-four, three hundred and twenty-three, three hundred and thirty-four, three hundred and thirty-six, three hundred and forty-one, three hundred and fifty-two, four hundred and twenty-six, and four hundred and forty-seven of the Indian Penal Code, any offences against Municipal Acts, and the Conservancy Clauses of Police Acts punishable with fine or with imprisonment not exceeding one month

Procedure for summons and warrant cases applicable with certain exceptions

226 In trials under this chapter the provision of this Code in regerd to summons cases shall be followed in respect of summons cases, and the procedure for warrant cases in respect of warrant cases, with the exceptions hereinafter provided

Record in cases where there is no appeal

227 In cases where no appeal lies, the Magistrate or Bench of Magistrates need not record the evidence of the witnesses nor the reasons for passing the Judgment, nor draw up a formal charge, but he

(১১) পূর্ব্বোক্ত কোন অপরাধ করিবার সহায়তা কিম্বা সেই২ অপরাধ করিবার উদ্যোগ অপরাধ হইলে সেই উদ্যোগকরণ ইতি।

মাজিষ্ট্রেটদিগকে সরাসরীমতে বিচার করিবার ক্ষমতা প্রদানের কথা।

২২৩ ধারা। স্থানীয় গবর্ণমেন্ট প্রথম শ্রেণীর কোন মাজিষ্ট্রেটকে ২২২ ধারার উল্লিখিত সকল কি কোন অপরাধের সরাসরী বিচার করিবার ক্ষমতা প্রদান করিতে পারিবেন ইতি।

প্রথমশ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাপ্রাপ্ত অধিবিষ্ট মাজিষ্ট্রেটদের প্রতি ক্ষমতা প্রদান করিবার কথা।

২২৪ ধারা। স্থানীয় গবর্ণমেন্ট প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাপ্রাপ্ত বেঞ্চের অর্থাৎ অধিবিষ্ট মাজিষ্ট্রেটদের প্রতি ২২২ ধারার উল্লিখিত সকল কি কোন অপরাধের সরাসরী বিচার করিবার ক্ষমতা প্রদান করিতে পারিবেন ইতি।

ন্যূন ক্ষমতাপ্রাপ্ত অধিবিষ্ট মাজিষ্ট্রেটদের প্রতি ক্ষমতা প্রদান করিবার কথা।

২২৫ ধারা। স্থানীয় গবর্ণমেন্ট দ্বিতীয় কি তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাপ্রাপ্ত বেঞ্চের অর্থাৎ অধিবিষ্ট মাজিষ্ট্রেটদের প্রতি নিম্নলিখিত সকল কি কোন অপরাধের সরাসরী বিচার করিবার ক্ষমতা প্রদান করিতে পারিবেন।

যে সকল অপরাধ ভারতবর্ষীয় দণ্ড বিধির আইনের ২৭৭ ও ২৭৮ ও ২৭৯ ও ২৮৫ ও ২৮৬ ও ২৮৯ ও ২৯০ ও ২৯২ ও ২৯৩ ও ২৯৪ ও ৩২৩ ও ৩৩৪ ও ৩৩৬ ও ৩৪১ ও ৩৫২ ও ৪২৬ ও ৪৪৭ ধারার মধ্যে আইসে এবং মুনিসিপল আইনের বিপক্ষ ও পোলীস আইনের অন্তর্গত নগর পরিপাটী করণসূচক ধারার বিপক্ষ যেং অপরাধের নিমিত্ত অর্থদণ্ড কি এক মাসের অনধিক কারাদণ্ড হইতে পারে সেই২ অপরাধ ইতি।

যেং মোকদ্দমায় সমন ও ওয়ারণ্ট দেওয়া যাইতে পারে কোনং স্থল ছাড়া সেই২ মোকদ্দমার কার্য্যপ্রণালী খাটিবার কথা।

২২৬ ধারা। এই অধ্যায়মতে বিচার হইলে পশ্চাৎ লিখিত যেং মোকদ্দমা বর্জ্জিত হইল তদ্ভিন্ন যে মোকদ্দমায় সমন বাহির হইবে তৎসম্পর্কে এই আইনের যে বিধান আছে সেই মোকদ্দমায় সেই বিধানমতে কার্য্য করিতে হইবে। ও যে মোকদ্দমায় ওয়ারণ্ট বাহির হইবে তৎসম্পর্কে এই আইনে যে কার্য্যপ্রণালী নির্দ্দিষ্ট হইল সেই মোকদ্দমায় সেই কার্য্যপ্রণালী চলিবে ইতি।

যে মোকদ্দমায় আপীল নাই সেই মোকদ্দমার রিকার্ডের কথা।

২২৭ ধারা। যেং মোকদ্দমায় আপীল নাই সেই২ মোকদ্দমায় সাক্ষিদের সাক্ষ্য কি নিষ্পত্তির হেতু মাজিষ্ট্রেটের কিম্বা অধিবিষ্ট মাজিষ্ট্রেটদের লিপিবদ্ধ

or they shall enter in a register, to be kept for the purpose, the following particulars —

(*a*) The serial number,
(*b*) The date of the commission of the offence,
(*c*) The date of the report or complaint,
(*d*) The name of the complainant;
(*e*) The name, parentage and residence of the accused person,
(*f*) The offence complained of or proved,
(*g*) The prisoner's plea,
(*h*) The finding, and, in the case of a conviction, a brief statement of the reasons therefor,
(*i*) The sentence, and
(*j*) The date on which the proceedings terminated

228. If a Magistrate or Bench of Magistrates, acting under section two hundred and twenty-two, two hundred and twenty three or two hundred and twenty-four, passes a sentence of more than three months' imprisonment, or of fine exceeding two hundred rupees,

Record in appealable cases

or if a Bench of Magistrates, acting under section two hundred and twenty five, convicts any person,

such Magistrate or Bench of Magistrates shall, before passing sentence, record a judgment embodying the substance of the evidence on which the conviction was had, and also the particulars mentioned in section two hundred and twenty seven

Such judgment shall be the only record in cases coming within this section

229 Records made under section two hundred and twenty seven and judgments recorded under section two hundred and twenty-eight shall be written by the presiding officer, either in English or in the language of the district in which the trial was held, or, by direction of the Court to which such presiding officer is immediately subordinate, in the language of the presiding officer

Language of judgment

230. The Local Government may authorize any Bench of Magistrates, empowered to try offences summarily, to prepare the aforesaid record or judgment by means of an officer of such Court, and the record or judgment so prepared shall be signed by each member of such Bench present conducting the proceedings

Bench of Magistrates may be empowered to employ Clerk

করিবার প্রয়োজন নাই এবং তাঁহাদের অভিযোগ পত্রও লিখিবার প্রয়োজন নাই কিন্তু তিনি কি তাঁহারা সেই প্রকারের মোকদ্দমার কথা লিখিবার রেজিষ্টর রাখিয়া তন্মধ্যে এই২ কথা লিখিবেন।

(ক) ক্রমিক নম্বর।
(খ) যে তারিখে অপরাধ করা গেল সেই তারিখ।
(গ) যে তারিখে রিপোর্ট কি নালিশ করা যায় তাহা।
(ঘ) বাদির নাম।
(ঙ) অভিযুক্ত ব্যক্তির নাম ও তাহার পিতার নাম ও বাসস্থান।
(চ) যে অপরাধের নালিশ কি প্রমাণ হয় তাহা।
(ছ) প্রতিবাদির উত্তর।
(জ) নিষ্পত্তি এবং অপরাধ নির্ণয় হইলে তাহার হেতুর সংক্ষেপ বর্ণনা।
(ঞ) দণ্ডের আজ্ঞা।
(ট) যে তারিখে আনুষ্ঠানিক কার্য্য সমাপ্ত হয় তাহা ইতি।

২২৮ ধারা। কোন মাজিষ্ট্রেট কি মাজিষ্ট্রেটদের বেঞ্চ ২২২ কি ২২৩ কি ২২৪ ধারামতে কর্ম্ম করিয়া যদি তিন মাসের অধিক কারাদণ্ডের কি ২০০৲ টাকার অধিক অর্থদণ্ডের আজ্ঞা করেন

যে মোকদ্দমার উপর আপীল হইতে পারে সেই মোকদ্দমার রিকার্ডের কথা।

কিম্বা মাজিষ্ট্রেটদের বেঞ্চ ২২৫ ধারামতে কর্ম্ম করিয়া যদি কোন ব্যক্তিকে অপরাধী নির্ণয় করেন,

তবে ঐ মাজিষ্ট্রেট কি মাজিষ্ট্রেটদের বেঞ্চ যে সাক্ষ্যদ্বারা অপরাধ নির্ণয় করিলেন দণ্ডের আজ্ঞা করিবার পূর্ব্বে সেই সাক্ষ্যের মর্ম্ম এবং ২২৭ ধারার উল্লিখিত বিবরণ সহিত নিষ্পত্তি লিপিবদ্ধ করিবেন।

এই ধারার মধ্যে যে২ মোকদ্দমা আইসে তাহার সেই নিষ্পত্তিভিন্ন অন্য রিকার্ড থাকিবে না ইতি।

২২৯ ধারা। ২২৭ ধারামতে যে রিকার্ড লেখা যায় ও ২২৮ ধারামতে যে নিষ্পত্তি লিপিবদ্ধ করা যায় বিচারপতি হয় ইঙ্গরেজী ভাষায়, না হয় জিলার যে ভাষায় বিচার কার্য্য হইল সেই ভাষায় অথবা বিচারপতি অব্যবহিতরূপে যে আদালতের অধীন হন সেই আদালতের আদেশ হইলে ঐ বিচারপতির ভাষায় ঐ রিকার্ড ও নিষ্পত্তি লিখিতে হইবে ইতি।

নিষ্পত্তি যে ভাষায় লিখিতে হইবে তাহার কথা।

২৩০ ধারা। মাজিষ্ট্রেটদের যে বেঞ্চ সরাসরীমতে অপরাধের বিচার করিতে ক্ষমতাপন্ন হন, স্থানীয় গবর্ণমেন্ট তাঁহাদিগকে ঐ আদালতের এক জন আমলাদ্বারা পূর্ব্বোক্ত রিকার্ড কি নিষ্পত্তি লেখাইয়া লইবার অনুমতি দিতে পারিবেন। রিকার্ড কি নিষ্পত্তি তদ্রূপে লিখিয়া দেওয়া গেলে ঐ বেঞ্চের যত জন উপস্থিত হইয়া ঐ আনুষ্ঠানিক কার্য্য চালাইবেন তাঁহারা প্রত্যেকে তাহাতে স্বাক্ষর করিবেন ইতি।

মাজিষ্ট্রেটদের বেঞ্চের কেরাণী রাখিতে পারিবার কথা।

CHAPTER XIX

TRIAL BY COURT OF SESSION.

Cognizance of offences by Court of Session

231. No Court of Session shall take cognizance of any offence, as a Court of original criminal jurisdiction, unless the accused person has been committed by a Magistrate duly empowered in that behalf, except in the cases referred to in section four hundred and seventy-two

Trials to be by jury or with assessors

232. All trials before the Court of Session shall be either by jury, or conducted with the aid of two or more assessors

Local Government may order trials before Court of Session to be by jury

233. The Local Government may order that the trial of all offences, or of any particular class of offences, before any Court of Session, shall be by jury in any District, and such Local Government may from time to time revoke or alter such order

Orders passed under this section shall be published in the official *Gazette*, and in such other manner as the Local Government from time to time directs

EXPLANATION —If an offence triable with assessors is tried by a jury, the trial shall not on that ground merely be invalid If an offence triable by a jury is tried with assessors, the trial shall not on that ground merely be invalid, unless objection be taken before the Court records its finding

Jury for trial of Europeans or Americans

234. Criminal trials before the Court of Session in which a European (not being a European British subject) or an American, is the accused person, or one of the accused persons, shall be by jury

In such case the jury, if such European or American desire it, shall consist of at least one-half of Europeans, whether European British subjects or not, or Americans, if such a jury can be procured,

Election to be tried without jury

Provided that, in any District in which the Local Government has not ordered that all trials before the Court of Session, or trials for all offences of the class within which the trial about to take place

১৯ অধ্যায়।

সেশন আদালতের বিচারের কথা।

সেশন আদালতের বিচার্য্য অপরাধের কথা।

২৩১ ধারা। সেশন আদালত ফৌজদারী মোকদ্দমা প্রথমেই গ্রাহ্য করিবার ক্ষমতাপন্ন আদালতস্বরূপে এই আইনের ৪৭২ ধারার উল্লিখিত মোকদ্দমা গ্রাহ্য করিতে পারিবেন। নতুবা কোন মাজিষ্ট্রেট নিয়মিতরূপে উক্ত আদালতে সমর্পণ করিবার ক্ষমতাপ্রাপ্ত হইয়া অভিযুক্ত ব্যক্তিকে সমর্পণ না করিলে, ঐ আদালত কোন অপরাধ বিচারার্থে গ্রাহ্য করিবেন না ইতি।

জুরির দ্বারা বা আসেসরদের সহকারিতায় বিচার হইবার কথা।

২৩২ ধারা। সেশন আদালতে যে বিচার হয় তাহা জুরির দ্বারা অথবা দুই কি তদধিক জন আসেসরের সহকারিতায় করা যাইবে ইতি।

সেশন আদালতে জুরির দ্বারা বিচার হয় স্থানীয় গবর্ণমেণ্টের এই আজ্ঞা করিতে পারিবার কথা।

২৩৩ ধারা। কোন জিলার কোন সেশন আদালতে সকল অপরাধের কিম্বা বিশেষ কোন২ শ্রেণীর অপরাধের বিচার জুরির দ্বারা করিতে হইবে, স্থানীয় গবর্ণমেণ্ট এমত আজ্ঞা করিতে পারিবেন, ও সময়ান্তরে সেই আজ্ঞা রহিত কি পরিবর্ত্তন করিতে পারিবেন।

এই ধারাক্রমে যে আজ্ঞা করা যায় তাহা গবর্ণমেণ্ট গেজেটে, ও স্থানবিশেষের গবর্ণমেণ্ট সময়ে২ অন্য যে প্রকারে আদেশ করেন সেই প্রকারে প্রকাশ করা যাইবে।

ব্যাখ্যা।—আসেসরদের সহকারিতায় যে অপরাধ বিচার্য্য হয় জুরির দ্বারা তাহার বিচার হইলে কেবল তৎপ্রযুক্ত সেই বিচার অসিদ্ধ হইবে না। জুরির দ্বারা বিচার্য্য অপরাধের বিচার আসেসরদের সহকারিতায় ক। গেলে যদি আদালতের নির্ণয়পত্র লিপিবদ্ধ হইবার পূর্ব্বে আপত্তি না করা যায় তবে কেবল আসেসরদের সহকারিতায় হওয়াপ্রযুক্ত অসিদ্ধ হইবে না ইতি।

ইউরোপ কি আমেরিকার লোকদের বিচারার্থ জুরির কথা।

২৩৪ ধারা। সেশন আদালতের সম্মুখস্থ ফৌজদারী মোকদ্দমায় যদি অভিযুক্ত ব্যক্তি কি অভিযুক্ত ব্যক্তিদের মধ্যে এক জন ইউরোপীয় ব্রিটনীয় প্রজাভিন্ন ইউরোপ কি আমেরিকা দেশীয় লোক হয়, তবে জুরির দ্বারা সেই মোকদ্দমার বিচার হইবে।

এমত স্থলে জুরির অর্দ্ধাংশ ইউরোপীয় হন ইউরোপীয় কি আমেরিকা দেশীয় উক্ত ব্যক্তির এমত ইচ্ছা থাকিলে ও তদ্রূপ জুরি পাওয়া যাইতে পারিলে জুরির অর্দ্ধাংশ (ইউরোপীয় ব্রিটনীয় প্রজা হউন কি না হউন) ইউরোপীয় কিম্বা আমেরিকা দেশীয় লোক হইবেন।

জুরিভিন্ন বিচার হইতে চাহিলে তাহার কথা।

কিন্তু কোন জিলার অন্তর্গত সেশন আদালতে সকল অপরাধের বিচার কিম্বা যে শ্রেণীর অপরাধ উপস্থিত করা যায় সেই শ্রেণীর সকল অপরাধের বিচার জুরির দ্বারা করিতে হইবে

falls, shall be by jury, such European or American may elect to be tried without jury.

স্থানীয় গবর্ণমেন্ট এমত আজ্ঞা না করিলে ইউরোপীয় কি আমেরিকা দেশীয় ঐ ব্যক্তি ইচ্ছা করিলে জুরিবিনা ঐ মোকদ্দমার বিচার হইতে পারিবে ইতি।

Trial before Court of Session to be conducted by Public Prosecutor, Government Pleader

235. In every trial before a Court of Session, the prosecution shall be conducted by the Public Prosecutor, Government Pleader or by some other officer specially empowered by the Magistrate of the district in that behalf

সেশন আদালতে রাজকীয় অভিযোক্তার বা গবর্ণমেণ্টের উকীলদ্বারা বিচারের কার্য্যের অনুষ্ঠান হইবার কথা।

২৩৫ ধারা। সেশন আদালতের সম্মুখস্থ প্রত্যেক মোকদ্দমার বিচারকালে রাজকীয় অভিযোক্তা বা গবর্ণমেণ্টের উকীল কিম্বা তৎপক্ষে জিলার মাজিষ্ট্রেট সাহেবহইতে বিশেষ ক্ষমতাপ্রাপ্ত অন্য কর্ম্মকারক অভিযোগের পোষকতায় কার্য্য চালাইবেন ইতি।

Number of jury

236. In trials by jury before the Court of Session, the jury shall consist of such uneven number, not being less than three nor more than nine, as the Local Government, by any general order applicable to any particular District or to any particular classes of offences in that District, directs

কত জন লইয়া জুরি হইবে তাহার কথা।

২৩৬ ধারা। সেশন আদালতে জুরির দ্বারা বিচার হইলে স্থানবিশেষের গবর্ণমেণ্ট বিশেষ কোন জিলার সম্পর্কে কিম্বা ঐ জিলার মধ্যে বিশেষ কোন শ্রেণীর অপরাধ সম্পর্কে কোন সাধারণ আজ্ঞা করিলে, তদনুসারে তিন জনের অন্যূন ও নয় জনের অনধিক বিষম সংখ্যক ব্যক্তিকে লইয়া জুরী হইবে ইতি।

Commencement of trial

237. When the Court is ready to commence the trial, the accused person shall be brought before it, and the charge shall be read and explained to him, and he shall be asked whether he is guilty of the offence charged, or claims to be tried

বিচার আরম্ভ করণের কথা।

২৩৭ ধারা। আদালত বিচারকার্য্য আরম্ভ করিতে প্রস্তুত হইলে অভিযুক্ত ব্যক্তিকে সম্মুখে আনা যাইবে ও তাহার নিকট অভিযোগপত্র পাঠ করিয়া বুঝাইয়া দেওয়া যাইবে, ও তাহাকে জিজ্ঞাসা করা যাইবে যে তুমি এই পত্র লিখিত অপরাধের অপরাধী, না বিচার হইবার দাওয়া রাখ।

Plea of guilty

If the accused person pleads guilty, the plea shall be recorded, and he may be convicted thereon

অপরাধ স্বীকার করিলে তাহার কথা।

অভিযুক্ত ব্যক্তি আপনাকে অপরাধী স্বীকার করিলে সেই কথা লিপিবদ্ধ করা যাইবে, ও তদনুসারে তাহার অপরাধ নির্ণয় হইতে পারিবে ইতি।

Refusal to plead or claim to be tried

238. If the accused person refuses to, or does not plead, or if he claims to be tried, the Court shall proceed to choose jurors or assessors as hereinafter directed, and to try the case.

অপরাধ স্বীকার না করিবার কি বিচার হইবার দাওয়ার কথা।

২৩৮ ধারা। অভিযুক্ত ব্যক্তি আপনাকে অপরাধি বলিতে অস্বীকার করিলে কিম্বা অপরাধি স্বীকার না করিলে কিম্বা বিচার হইবার দাওয়া করিলে আদালত পশ্চাৎ লিখিত বিধানমতে জুরী কিম্বা আসেসরদিগকে মনোনীত করিয়া বিচারের কার্য্যে প্রবর্ত্ত হইবেন ইতি।

Assessors how chosen

239. When the trial is to be with assessors, the assessors shall be chosen, as the Judge thinks fit, from the persons summoned to act as assessors

আসেসরদিগকে যেরূপে মনোনীত করা যাইবে তাহার কথা।

২৩৯ ধারা। আসেসরদের সহকারিতায় বিচার করিতে হইলে আসেসরদের কর্ম্ম করণার্থে যে ব্যক্তিদিগকে সমন করা যায় জজ সাহেব যেমন উচিত বোধ করেন তেমনি তাঁহারদের মধ্যহইতে আসেসরদিগকে মনোনীত করা যাইবে ইতি।

Jurors to be chosen by lot

240. When the trial is to be by jury, the jury shall be chosen by lot from the persons summoned to act as jurors.

গুলিবাঁট দ্বারা জুরি মনোনীত হইবার কথা।

২৪০ ধারা। জুরির দ্বারা মোকদ্দমার বিচার করিতে হইলে, যে ব্যক্তিদিগকে জুরির কর্ম্ম করিতে সমন করা যায় গুলিবাঁট করিয়া তাঁহাদের মধ্যহইতে জুরি মনোনীত হইবেন ইতি।

241. In a trial by jury before the Court of Session of a person not being a European or an American, at least one-half of the jury, shall, if the accused person desire it, consist of persons who are neither Europeans nor Americans

Jury for trial of persons not Europeans or Americans

242. In any case before the Court of Session, in which a European or American is charged jointly with a person of any other race, such other person shall, if he desire it, be tried separately if the European or American claims to be tried by a jury consisting of at least one-half of Europeans and Americans.

Jury when European or American charged jointly with one of an other race

243. As each juror is chosen, his mane shall be called aloud, and, upon his appearance, the accused person shall be asked if he objects to be tried by such juror

Names of jurors to be called

Objection may then be made to such juror by the accused person or by the Public Prosecutor, Government Pleader, or other person appointed, to conduct the prosecution, and the grounds of objection shall be stated

Objections to jurors

Any objection made to a juror shall be decided by the Court and the decision of the Court shall be final

If an objection be allowed, the place of such juror shall be supplied by any other juror attending in obedience to a summons, or, if there be no such juror present, then by any other person present in the Court whose name is on the list of jurors, or whom the Court considers a proper person to serve on the jury, provided no objection to such juror or other person be made and allowed

244. Any objection taken to a juror on any of the following grounds, if made out to the satisfaction of the Court, shall be allowed —

Grounds of objection

(1) any ground of disqualification within section four hundred and five,

(2) standing in the relation of husband, master or servant, landlord or tenant, to the person alleged to be injured or attempted to be injured by the offence charged, or to the person on whose complaint the prosecution was instituted, or to the person accused,

২৪১ ধারা। সেশন আদালতে জুরির দ্বারা ইউরোপ ও আমেরিকা জাতীয় ভিন্ন কোন ব্যক্তির বিচার হইলে অভিযুক্ত ব্যক্তি চাহিলে জুরির ন্যূনকল্পে অর্দ্ধাংশ ইউরোপ কি আমেরিকা জাতীয় ভিন্ন অন্য ব্যক্তিদিগকে লইয়া হইবে ইতি।

ইউরোপ কি আমেরিকা দেশীয় লোক ভিন্ন অন্যদের বিচারার্থ জুরির কথা।

২৪২ ধারা। সেশন আদালতের সম্মুখস্থ কোন মোকদ্দমায় ভিন্ন জাতীয় ব্যক্তির সহিত ইউরোপ বা আমেরিকা দেশীয় লোকের নামে অপরাধের অভিযোগ হইলে ইউরোপ ও আমেরিকা দেশীয়দিগকে লইয়া যে জুরির ন্যূনকল্পে অর্দ্ধাংশ হইবে যদি উক্ত ইউরোপ কি আমেরিকা দেশীয় ব্যক্তি এমত জুরির দ্বারা বিচার হইবার দাওয়া করে, তবে ঐ ভিন্ন জাতীয় ব্যক্তি ইচ্ছা করিলে তাহার স্বতন্ত্র বিচার হইতে পারিবে ইতি।

ইউরোপ ও আমেরিকা দেশীয় লোক সহিত অন্য জাতীয় লোকের অভিযোগ হইলে জুরির কথা।

২৪৩ ধারা। প্রত্যেক জন জুরর মনোনীত হইলে তাঁহার নাম উচ্চৈঃস্বরে ডাকা যাইবে। ও উপস্থিত হইলেই, অভিযুক্ত ব্যক্তিকে জিজ্ঞাসা করা যাইবে যে, এই ব্যক্তির দ্বারা তোমার বিচার হইবার কোন আপত্তি আছে কি না।

জুরির নাম ডাকনের কথা।

অভিযুক্ত ব্যক্তি কিম্বা রাজকীয় অভিযোক্তা কিম্বা গবর্ণমেণ্টের উকীল কিম্বা অন্য যে ব্যক্তি মোকদ্দমা চালাইবার কার্য্যে নিযুক্ত হন তিনি জুরির ঐ ব্যক্তির বিষয়ে আপত্তি করিতে পারিবেন, ও তাঁহার সেই আপত্তির কারণ জানাইতে হইবে।

জুরির কোন ব্যক্তির বিষয়ে আপত্তির কথা।

সেই আপত্তি গ্রাহ্য কি না, এই বিষয় আদালত নিষ্পত্তি করিবেন, ও আদালতের সেই নিষ্পত্তি চূড়ান্ত হইবে।

আপত্তি গ্রাহ্য হইলে জুরিকে ডাকিবার সমনমতে অন্য যে ব্যক্তিরা উপস্থিত থাকেন ঐ ব্যক্তির পরিবর্ত্তে তাঁহারদের অন্যতর ব্যক্তিকে নিযুক্ত করা যাইবে। অন্য ব্যক্তি না থাকিলে জুরির ফর্দ্দে যাঁহার নাম লেখা আছে এমত অন্য যে ব্যক্তি আদালতে উপস্থিত থাকেন কিম্বা আদালত অন্য যাঁহাকে জুরির কর্ম্ম করিবার উপযুক্ত জ্ঞান করেন এমত কোন ব্যক্তিকে নিযুক্ত করা যাইবে। কিন্তু ইহাতে প্রয়োজন যে সেই ব্যক্তির বিষয়ে কোন আপত্তি না থাকে, থাকিলেও গ্রাহ্য না হয় ইতি।

২৪৪ ধারা। পশ্চাৎ লিখিত কোন হেতুতে কোন জুররের বিষয়ে আদালতের হৃদ্বোধমতে আপত্তি করা গেলে তাহা গ্রাহ্য হইবে, অর্থাৎ,

আপত্তির হেতুর কথা।

১। ৪০৫ ধারার নির্দ্দিষ্ট অযোগ্যতার কোন হেতু।

২। যে অপরাধের অভিযোগ হয় তদ্দ্বারা যে ব্যক্তির হানি হইবার কি হানি করিতে উদ্যোগ হইবার কথা থাকে তাহার সঙ্গে, কিম্বা যাহার অভিযোগে মোকদ্দমা উপস্থিত করা যায় কি যাহার নামে অভিযোগ হয় তাহার সঙ্গে ঐ জুররের স্বামী কি কর্ত্তা কি চাকর কি ভূম্যধিকারি কি রাইয়তস্বরূপ সম্বন্ধ থাকার হেতু।

(3) being in the employment of any of such persons,

(4) being plaintiff or defendant against any of such persons in any civil suit,

(5) having complained against, or having been accused by, any of such persons in any criminal prosecution,

(6) any circumstance which, in the judgment of the Court, is likely to cause prejudice against, or favour to, any of such persons or which renders such person improper as a juror

৩। উক্ত অন্যতর ব্যক্তিদের নিকটে কর্ম্মকারক হওনের হেতু,

৪। কিম্বা কোন দেওয়ানী মোকদ্দমায় উক্ত অন্যতর ব্যক্তির বিপক্ষ বাদী কি প্রতিবাদী হওনের হেতু,

৫। কিম্বা ফৌজদারী কোন মোকদ্দমায় উক্ত ব্যক্তির নামে নালিশ করণের কি উক্ত অন্যতর ব্যক্তিকর্ত্তৃক অভিযুক্ত হওনের হেতু।

৬। আদালতের বিবেচনামতে অন্য যে গতিক প্রযুক্ত উক্ত কোন ব্যক্তির সপক্ষ কি বিপক্ষ হইবার সম্ভাবনা কিম্বা যে গতিক প্রযুক্ত ঐ ব্যক্তির জুররের কর্ম্ম করা অনুচিত হয় এমত কোন গতিক থাকার হেতু ইতি।

Juror to understand the language in which evidence is given or interpreted

245. The Judge shall not allow any person to serve on the jury, unless such person understands the language in which the evidence is given or interpreted

যে ভাষায় সাক্ষ্য দেওয়া যায় কি অনুবাদ হয় তাহা ঐ জুরীর বুঝিতে পারিবার কথা।

২৪৫ ধারা। সাক্ষ্য যে ভাষায় দেওয়া যায় কিম্বা দোভাষী যে ভাষার অর্থ করিয়া দেন কোন ব্যক্তি তাহা বুঝিতে না পারিলে জজ তাঁহাকে জুরির কর্ম্ম করিতে দিবেন না ইতি।

Foreman of jury

246. When the jury has been completed, they shall appoint one of their number to be foreman

It shall be the duty of the foreman to preside in the debates of the jury, to deliver the verdict of the jury, and to ask any information from the Court that may be required by the jury

If a majority of the jury do not agree in the appointment of a foreman, he shall be named by the Court

জুরির প্রধান ব্যক্তির কথা।

২৪৬ ধারা। জুরির সংখ্যা পূর্ণ হইলে তাঁহারা আপনাদের এক জনকে অধিপতি বলিয়া নিযুক্ত করিবেন।

ঐ অধিপতির কর্ত্তব্য কর্ম্ম এই২। জুরি কোন বিষয় বিবেচনা করিবার নিমিত্তে স্বতন্ত্র বসিলে তিনি অধ্যক্ষতা করিবেন, ও আদালতে জুরির নিষ্পত্তি জ্ঞাত করিবেন, কিম্বা জুরি আদালতের নিকট কোন সন্ধান জানিতে চাহিলে তিনিই সেই কথা জিজ্ঞাসা করিবেন।

ঐ জুরির অধিপতিপদে কে নিযুক্ত হইবেন, এতদ্বিষয়ে যদি তাঁহারদের অধিকাংশের এক মত না হয়, তবে আদালত ঐ অধিপতিকে মনোনীত করিবেন ইতি।

Examination of witnesses.

247. The witnesses shall then be examined, cross-examined and re-examined according to the law for the time being relating to the examination of witnesses

সাক্ষীদের পরীক্ষা লইবার কথা।

২৪৭ ধারা। তাহা হইলে পর সাক্ষীদের পরীক্ষা লইবার বিষয়ে যে আইন যৎকালে প্রচলিত থাকে তদনুসারে সাক্ষিদের পরীক্ষা ও কূটপরীক্ষা ও পুনঃপরীক্ষা লওয়া যাইবে ইতি।

Examination of accused before Magistrate to be evidence.

248. The examination of the accused person before the committing Magistrate shall be given in evidence at the trial

মাজিষ্ট্রেটদের সম্মুখে অভিযুক্ত ব্যক্তির পরীক্ষা প্রমাণস্বরূপ গ্রাহ্য হইবার কথা।

২৪৮ ধারা। যে মাজিষ্ট্রেট সমর্পণ করেন তাঁহার সম্মুখে অভিযুক্ত ব্যক্তির যে পরীক্ষা করা যায় তাহা উক্ত বিচারকালে প্রমাণস্বরূপে দেওয়া যাইবে ইতি।

Evidence given at the preliminary inquiry admissible.

249. When a witness is produced before the Court of Session, or High Court, the evidence given by him before the committing Magistrate may be referred to by the Court if it was duly taken in the presence of the accused person, and the Court may, if it think fit, ground its judgment thereon, although the witnesses may at the trial make statements inconsistent therewith

প্রথম স্থলীয় তদন্ত লওন সময়ে যে সাক্ষ্য দেওয়া যায় তাহা গ্রাহ্য হইবার কথা।

২৪৯ ধারা। সেশন আদালতের কি হাই কোর্টের সম্মুখে সাক্ষিকে উপস্থিত করা গেলে, সমর্পণকারি মাজিষ্ট্রেটের সম্মুখে তাহার যে প্রমাণ দেওয়া গিয়াছিল তাহা যদি নিয়মিতরূপে অভিযুক্ত ব্যক্তির সাক্ষাতে লওয়া গিয়া থাকে তবে আদালত সেই প্রমাণের কথা উল্লেখ করিতে পারিবেন, এবং বিহিত বোধ করিলে সেই প্রমাণই আপনার নিষ্পত্তির মূলস্বরূপ ধরিতে পারিবেন সাক্ষিরা বিচারকালে ঐ প্রমাণের অসঙ্গত কথা কহিলেও ধরিতে পারিবেন।

opinion upon any question of fact, or upon any question of mixed law and fact relevent to the proceeding

তানিক কার্য্যের প্রাসঙ্গিক বৃত্তান্তঘটিত কোন বিষয়ে কিম্বা আইন ও বৃত্তান্ত এই দুইয়ের মিশ্রিত কোন বিষয়ে আপনার মত জানাইবেন ইতি।

Illustrations

উদাহরণ।

(*a*) It is proposed to prove a statement made by a person not called as a witness under circumstances which render evidence of his statement admissible

(ক) কোন ব্যক্তিকে সাক্ষিস্বরূপে ডাকা না গেলেও তিনি কোন উক্তি করিলে এবং কোন ভাবগতিকে তাহার উক্তির প্রমাণ গ্রাহ্য হওয়াতে তাহার সেই উক্তির প্রমাণ করিবার প্রস্তাব হয়।

It is for the Judge and not for the jury to decide whether the existence of those circumstances has been proved

এই স্থলে সেই ভাবগতিকের প্রমাণ হইয়াছে কি না এই বিষয়ের নিষ্পত্তি করা জজ সাহেবের কর্ত্তব্য, জুরির কর্ত্তব্য নয়।

(*b*) It is proposed to give secondary evidence of a document, the original of which is alleged to have been lost or destroyed

(খ) আসল দলীল হারিয়াছে কি নষ্ট হইয়াছে বলিয়া ঐ দলীলের গৌণ সাক্ষ্য দিবার প্রস্তাব হয়।

It is the duty of the Judge to decide whether the original has been lost or destroyed

আসল দলীল হারিয়াছে কি নষ্ট হইয়াছে কি না ইহা নির্ণয় করা জজ সাহেবের কর্ত্তব্য।

Duty of jury

257 It is the duty of the jury—

জুরির কর্ত্তব্য কর্ম্মের কথা।

২৫৭ ধারা। জুরির কর্ত্তব্য এই২।

(1) to decide which view of the facts is true, and then to return the verdict which under such view ought, according to the direction of the Judge, to be returned

(১) বৃত্তান্তের কোন্ ভাবটি সত্য ইহা নির্ণয় করিবেন এবং জজ সাহেবের আদেশমতে তাঁহারদের সেই ভাবানুসারে যে মীমাংসা করা উচিত তাহা করিবেন।

(2) to determine the meaning of all technical terms and words used in an unusual sense which it may be necessary to determine, whether such words occur in documents or not,

(২) পারিভাষিক যে কথার ও শব্দের অপ্রসিদ্ধ ভাব ধরিয়া ব্যবহার হয় এমত কথা কোন দলীলে লেখা থাকিলে কি না থাকিলেও যদি তাহার অর্থ নির্ণয় করা আবশ্যক হয় তবে তাহার অর্থ নির্ণয় করিবেন।

(3) to decide all questions declared by the Indian Penal Code, or any other law to be questions of facts,

(৩) ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনে কি অন্য আইনে যে সকল কথা বৃত্তান্তঘটিত কথা বলিয়া ব্যক্ত হয় সেই সকল কথা নির্ণয় করিবেন।

(4) to decide whether general indefinite expressions do or do not apply (to particular cases, unless such expressions refer to legal procedure or unless their meaning is ascertained by law, in either of which cases it is the duty of the Judge to decide their meaning

(৪) সাধারণ ও অনির্দ্দিষ্ট অর্থের কথা বিশেষ কোন স্থলে খাটে কি না ইহা নির্ণয় করিবেন; কিন্তু সেই কথা আইন অনুযায়ি কার্য্যপ্রণালী সম্পর্কীয় কথা হইলে, কিম্বা আইনেতে সেই কথার অর্থ নির্দ্ধারিত থাকিলে এমত একতর স্থলে তাহার অর্থ নির্ণয় করা জজ সাহেবের কর্ত্তব্য ইতি।

Illustrations

উদাহরণ।

(*a*) A is tried for the murder of B

It is the duty of the Judge to explain to the jury the distinction between murder and culpable homicide, and to tell them under what views of the facts A ought to be convicted of murder, or of culpable homicide, or to be acquitted,

(ক) বলরামকে বধ করিয়াছে বলিয়া আমজের বিচার হয়।

বধ ও অপর বধঘটিত নরহত্যা এই দুই অপরাধের মধ্যে যে বিশেষ থাকে জুরির নিকট ইহা ব্যক্ত করা এবং বৃত্তান্তের কিরূপ ভাবদৃষ্টে আমজকে বধাপরাধী বলিয়া কিম্বা অপরাধবধঘটিত নরহত্যার অপরাধী বলিয়া নির্ণয় করিতে হইবে ও কিরূপ ভাবদৃষ্টে তাহাকে নির্দ্দোষ করিতে হইবে এই সকল কথা জ্ঞাত করা জজ সাহেবের কর্ত্তব্য।

It is the duty of the jury to decide which view of the facts is true and to return a verdict in accordance with the direction of the Judge, whether that direction is right or wrong, and whether they do or do not agree with it

বৃত্তান্তের কোন্ ভাবটি যথার্থ ইহা নির্ণয় করা এবং জজ সাহেব যে উপদেশ দেন তাহা ঠিক হউক কি নাই হউক ও জুরি তাহাতে সম্মত হইলে কি না হইলেও সেই আদেশানুসারে মীমাংসা করা জুরির কর্ত্তব্য।

(*b*) The question is whether a person entertained a reasonable belief on a particular point Whether work was done with reasonable skill, or due diligence

Each of these is a question for the jury

(খ) বিশেষ কোন বিষয়ে কোন ব্যক্তির যুক্তিমত প্রতীতি ছিল কি না। কোন কর্ম্ম যুক্তিমত কৌশলক্রমে কিম্বা উপযুক্ত যত্নক্রমে করা গিয়াছে কি না।

এই২ প্রশ্ন জুরির বিবেচ্য।

258. If a juryman or assessor is personally acquainted with any relevant fact, it is his duty to inform the Judge that such is the case, whereupon he may be examined, cross-examined, and re examined in the same manner as any other witness.

When juryman or assessor may be examined.

259. If in the course of a trial with the aid of assessors, at any time prior to the finding, any assessor is from any sufficient cause, prevented from attending through the trial, the trial shall proceed with the aid of the other assessor or assessors.

Procedure, when assessor is unable to attend.

If all the assessors are prevented from attending through the trial, the proceedings shall be stayed, and a new trial shall be held with the aid of fresh assessors.

260. If a trial is adjourned, the jury or assessors shall be required to attend at the adjourned sitting and at every subsequent sitting, until the conclusiont of the trial.

Jury or assessors to attend at adjourned sitting

261 In cases tried with assessors, the Court shall proceed to pass judgment of acquittal or conviction having considered the opinions of the assessors but not being bound to conform to them. If the accused person is convicted, the Court shall proceed to pass sentence on him according to law

Cases tried with assessors

262. The opinion of each assessor shall be given orally and shall be recorded in writing by the Court, but the decision is vested exclusively in the Judge.

Decisions vested in Judge

263. In cases tried by jury, the jury may retire to consider their verdict It shall be the duty of an officer of the Court not to suffer any person to speak to or hold any communication with any member of such jury. When the jury have considered their verdict, the foreman shall inform the Court what is their verdict, or what is the verdict of a majority.

Consultation by juries

২৫৮ ধারা। জুরির কোন ব্যক্তি কিম্বা আসেসর নিজে কোন প্রাসঙ্গিক বৃত্তান্ত অবগত থাকিলে জজ সাহেবকে তাঁহার সেই কথা জ্ঞাত করা কর্ত্তব্য। তাহা করিলে অন্য কোন সাক্ষির ন্যায় তাঁহার পরীক্ষা ও কূট পরীক্ষা ও পুনঃপরীক্ষা লওয়া যাইতে পারিবে ইতি।

জুরির কোন ব্যক্তির কি আসেসরের পরীক্ষা যে স্থলে লওয়া যাইতে পারিবে তাহার কথা।

২৫৯ ধারা। আসেসরদের সাহায্যেতে কোন মোকদ্দমার বিচার হইতেছে এমন সময়ে নিষ্পত্তি হইবার পূর্ব্বে কোন আসেসর উপযুক্ত কোন কারণে বিচারের শেষ না হওন পর্য্যন্ত উপস্থিত থাকিতে না পারিলে, অন্য এক কি অধিক জন আসেসরের সাহায্যে ঐ বিচার কার্য্য চলিবে।

আসেসর থাকিতে না পারিলে যাহা কর্ত্তব্য তাহার কথা।

বিচার করণ সময়ে সকল আসেসরের উপস্থিত থাকিবার বাধা হইলে আনুষ্ঠানিক কার্য্য স্থগিত হইবে ও অন্য আসেসরদিগের সহকারিতায় মোকদ্দমার নূতন বিচার হইবে ইতি।

২৬০ ধারা। যদি বিচার কার্য্য স্থগিত হইয়া ঐ কার্য্যানুষ্ঠানের অন্য দিন নিরূপণ করা যায় তবে সেই অন্য দিনে এবং বিচার কার্য্যের সমাপ্ত না হওন পর্য্যন্ত তৎপশ্চাৎ প্রত্যেক অধিবেশন কালে জুরির বা আসেসরদের উপস্থিত হইবার আজ্ঞা হইবে ইতি।

অধিবেশন করিবার দিনান্তর নিরূপণ হইলে জুরির কি আসেসরদের উপস্থিত হইবার কথা।

২৬১ ধারা। আসেসরদের সহকারিতায় মোকদ্দমার বিচার হইলে, আদালত আসেসরদের অভিমত বিবেচনা করিয়া নির্দ্দোষী করণের কিম্বা অপরাধ নির্ণয়ের আজ্ঞা করিতে প্রবর্ত্ত হইবেন কিন্তু আসেসরদের অভিমতানুসারে তাঁহার আজ্ঞা করিতেই হইবে এমত নহে। অভিযুক্ত ব্যক্তির অপরাধ নির্ণয় হইলে আদালত আইন অনুসারে তাহার দণ্ডের আজ্ঞা করিতে প্রবর্ত্ত হইবেন ইতি।

আসেসরদের সহকারিতায় যে মোকদ্দমার বিচার হয় তাহার কথা।

২৬২ ধারা। প্রত্যেক জন আসেসর বচনক্রমে আপনার অভিমত জানাইবেন। ও তাহা আদালত কর্ত্তৃক লিপিবদ্ধ করা যাইবে কিন্তু নিষ্পত্তি করিবার ভার কেবল জজ সাহেবের প্রতি বর্ত্তে ইতি।

নিষ্পত্তি করিবার ভার জজ সাহেবের প্রতি বর্ত্তিবার কথা।

২৬৩ ধারা। জুরিরদ্বারা মোকদ্দমার বিচার হইলে কিরূপ মীমাংসা করা কর্ত্তব্য ইহা বিবেচনা করিবার জন্যে তাঁহারা বিরলে যাইতে পারিবেন। সেই জুরির কোন ব্যক্তির সঙ্গে অন্য কেহ কথা কহিতে কিম্বা তাঁহাকে পত্রাদি দিতে কিম্বা ইঙ্গিতাদি করিতে না পায় এই বিষয় মনোযোগ করা আদালতের কোন কার্য্যকারকের কর্ত্তব্য কর্ম্ম হইবে। জুরি মীমাংসা বিবেচনা করিলে পর তাঁহারদের অধিপতি সেই মীমাংসা কিম্বা অধিকাংশ ব্যক্তির সেই মীমাংসা আদালতে জানাইবেন।

জুরিরদ্বারা বিচারিত মোকদ্দমার কথা।

The jury shall return a verdict on all the charges on which the accused is tried, and the Court may ask them such questions as are necessary to ascertain what their verdict is. Such questions and the answers to them shall be recorded.

Verdict to be given on each charge

Judge may question jury

যেং অভিযোগে অভিযুক্ত ব্যক্তির বিচার হয় জুরি সেইং অভিযোগ ধরিয়া মীমাংসা জানাইবেন। ও তাঁহারদের মীমাংসা নিশ্চয়মতে জানিবার নিমিত্ত যেং প্রশ্ন করা আবশ্যক আদালত তাঁহারদের নিকট সেইং প্রশ্ন করিতে পারিবেন। সেইং প্রশ্ন ও তাহার উত্তর লিখিয়া রাখিতে হইবে ইতি।

প্রত্যেক অভিযোগ ধরিয়া মীমাংসা করিবার কথা।

জুরিকে জজ সাহেবের জিজ্ঞাসা করিতে পারিবার কথা।

If the jury are not unanimous, the Judge may require them to retire for further consideration. After such a period as the Judge considers reasonable, the jury may deliver their verdict, although they are not unanimous.

Procedure where jury differ

জুরির ঐক্যবাক্য না হইলে জজ সাহেব তাঁহাদিগকে আরো বিবেচনা করিবার নিমিত্ত বিরলে যাইবার আদেশ করিতে পারিবেন। পরে জজ সাহেবের বিবেচনায় উপযুক্ত সময় গত হইলে পর জুরির একমত না হইলেও, তাঁহারা মীমাংসা প্রকাশ করিতে পারিবেন।

জুরির ঐক্যবাক্য না হইলে তাহার কথা।

If the Court does not think it necessary to dissent from the verdict of a majority of the jurors, it shall give judgment accordingly. If the accused person is acquitted, the Court shall record judgment of acquittal. If the accused person is convicted, the Court shall proceed to pass sentence on him according to law.

জুরির অধিকাংশ ব্যক্তির যে মীমাংসা হয় আদালত তদ্ভিন্ন মত ধার্য্য করা অনাবশ্যক জ্ঞান করিলে, তদনুসারে নিষ্পত্তি করিবেন। যদি অভিযুক্ত ব্যক্তিকে নির্দোষ করা যায় তবে আদালত তাহার নির্দোষ হওনের আজ্ঞা লিপিবদ্ধ করিবেন। যদি অভিযুক্ত ব্যক্তির অপরাধ নির্ণয় হয়, তবে আদালত আইনঅনুসারে তাহার দণ্ডের আজ্ঞা করিতে প্রবর্ত্ত হইবেন।

If the Court disagrees with the verdict of the jurors or of a majority of such jurors, and considers it necessary for the ends of justice to do so, it may submit the case to the High Court, and may either remand the prisoner to custody or admit him to bail.

জুরির কিম্বা তাঁহারদের অধিকাংশ ব্যক্তির মতের সহিত আদালতের মতের অনৈক্য হইলে এবং ন্যায় বিচারের পক্ষে আদালত আবশ্যক জ্ঞান করিলে হাই কোর্টে মোকদ্দমা অর্পণ করিতে পারিবেন এবং প্রতিবাদিকে পুনরায় হেফাজতে রাখিতে কিম্বা তাঁহার স্থানে হাজিরজামিন লইবার অনুমতি দিতে পারিবেন।

The High Court shall deal with the case so submitted as with an appeal, but it may convict the accused person on the facts, and if it does so, shall pass such sentence as might have been passed by the Court of Session.

হাই কোর্ট তদ্রূপ অর্পিত মোকদ্দমা লইয়া আপীলের ন্যায় কার্য্য করিবেন, কিন্তু বৃত্তান্ত ধরিয়া অভিযুক্ত ব্যক্তির অপরাধ নির্ণয় করিতে পারিবেন। তাহা করিলে সেশন আদালত যে দণ্ডের আজ্ঞা করিতে পারিতেন সেই দণ্ডের আজ্ঞা করিবেন ইতি।

264. The Court may, in its discretion, postpone the hearing of the case, and may, from time to time, adjourn the trial, if it considers that such adjournment is proper and will promote the ends of justice.

Adjournment

Postponement of trial

২৬৪ ধারা। আদালত স্বীয় বিবেচনাক্রমে বিলম্বে মোকদ্দমা শুনিতে পারিবেন এবং সময়েং বিচারকার্য্য স্থগিত রাখিয়া তজ্জন্যে দিনান্তর নিরূপণ করা উচিত এবং ন্যায় বিচার হওনার্থে শ্রেয় জ্ঞান করিলে তাহা স্থগিত রাখিয়া বিচার করণার্থে দিনান্তর নিরূপণ করিতে পারিবেন ইতি।

মোকদ্দমা স্থগিত রাখিবার কথা।

গৌণে বিচার করিবার কথা।

265 The same jury may try, or the same assessors may aid in the trial of, as many accused persons successfully as to the Court seems fit.

The same jury or assessors may try in succession several offenders

২৬৫ ধারা। আদালত জুরি কি আসেসরদিগকে পরিবর্ত্তন না করিয়া তাঁহারদের দ্বারা বা তাঁহারদের সহকারিতায় অভিযুক্ত যত জনের বিচার করা বিহিত জ্ঞান করেন ক্রমশঃ তত জনের বিচার করিতে পারিবেন ইতি।

জুরির কি আসেসরদের পরিবর্ত্তন না হইয়া ক্রমশঃ বহু অপরাধির বিচার হইতে পারিবার কথা।

PART VI.

APPEAL, REFERENCE, AND REVISION

CHAPTER XX.

APPEALS

Appeals from officers exercising powers less than those of a Magistrate of the 1st class

266. Any person convicted on a trial held by any Magistrate of the 2nd or 3rd class, or any person sentenced by a competent Magistrate of the 2nd class under section forty-six may appeal to the Magistrate of the District, or to a Magistrate of the 1st class who has been empowered by the Local Government to hear such appeals

Appeals in bad livelihood cases

267. Any person required by a Magistrate of the 1st class to give security for good behaviour, under section five hundred and four or section five hundred and five, may appeal to the Magistrate of the District.

Appeals from convictions in contempt cases

268 Any person convicted by any Civil, Criminal, or Revenue Court, under Chapter XXXII of this Act, may appeal to the Court to which decrees or orders made in such Court are ordinarily appealable, whatever may be the amount of the sentence passed, subject to the rules provided in sections two hundred and seventy five, two hundred and seventy seven, two hundred seventy-eight and two hundred and eighty, two hundred and eighty-one, and two hundred and eighty-two

An appeal from such conviction by a Small Cause Court may be made to the Court of Session within whose Sessions Division such Court is situate

Appeal from Magistrates.

269. Any person convicted on a trial held by the Magistrate of the district or other Magistrate of the 1st class, or any person sentenced under section forty-six by a competent Magistrate of the 1st class, may appeal to the Court of Session

The appellant shall in every case give notice of appeal to the Magistrate of the district, who shall, if necessary, instruct the public prosecutor, Government Pleader or other officer empowered by Government or by the Magistrate of the district to prosecute the case.

ষষ্ঠখণ্ড।

আপীল ও অর্পণ ও সংশোধন করণের বিধি।

২০ অধ্যায়।

আপীলের কথা।

প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা অপেক্ষা ন্যূন ক্ষমতাপন্ন কর্ত্তৃপক্ষের আজ্ঞার উপর আপীলের কথা।

২৬৬ ধারা। দ্বিতীয় বা তৃতীয় শ্রেণীর কোন মাজিষ্ট্রেটের বিচার ক্রমে কোন ব্যক্তির অপরাধ নির্ণয় হইলে, কিম্বা ৪৬ ধারামতে দ্বিতীয় শ্রেণীর উপযুক্ত ক্ষমতাপন্ন মাজিষ্ট্রেটের দ্বারা কোন ব্যক্তির দণ্ডের আজ্ঞা হইলে, সেই ব্যক্তি জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকট কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট প্রথম শ্রেণীর যে মাজিষ্ট্রেটের প্রতি সেই প্রকারের আপীল শুনিবার ক্ষমতা প্রদান করেন তাঁহার নিকট আপীল করিতে পারিবেন ইতি।

দুর্ব্বৃত্তির নিমিত্ত মোকদ্দমায় আপীল করিবার কথা।

২৬৭ ধারা। প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেট কোন ব্যক্তিকে ৫০৪ কি ৫০৫ ধারামতে সদাচরণ করিবার প্রতিভূ দিতে আজ্ঞা করিলে সে জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকট আপীল করিতে পারিবে ইতি।

অবজ্ঞার মোকদ্দমায় অপরাধ নির্ণয় হইলে তাহার উপর আপীলের কথা।

২৬৮ ধারা। এই আইনের ৩২ অধ্যায়মতে কোন দেওয়ানী কি ফৌজদারী কি রাজস্বের আদালত কর্ত্তৃক কোন ব্যক্তির অপরাধ নির্ণয় হইলে, সেই২ আদালতের ডিক্রীর কি আজ্ঞার উপর সামান্যতঃ যে আদালতে আপীল হইতে পারে অপরাধির যত দণ্ডের আজ্ঞা হউক সে ২৭৫ ও ২৭৭ ও ২৭৮ ও ২৮০ ও ২৮১ ও ২৮২ ধারার বিধানবশে সেই২ আদালতে আপীল করিতে পারিবে।

উক্ত অপরাধ ক্ষুদ্র মোকদ্দমার আদালতে নির্ণয় হইলে ঐ আদালত যে সেশন আদালতের সেশন এলাকার মধ্যে থাকে সেই আদালতে আপীল হইতে পারিবে ইতি।

মাজিষ্ট্রেটদের আজ্ঞার উপর আপীলের কথা।

২৬৯ ধারা। কোন ব্যক্তি জিলার মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা প্রথম শ্রেণীর অন্য মাজিষ্ট্রেটের বিচারে অপরাধী নির্ণয় হইলে, কিম্বা উপযুক্ত ক্ষমতাপন্ন প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের দ্বারা ৪৬ ধারামতে কোন ব্যক্তির দণ্ডের আজ্ঞা হইলে সেই ব্যক্তি সেশন আদালতে আপীল করিতে পারিবে।

আপেলাণ্ট প্রত্যেক স্থলে জিলার মাজিষ্ট্রেট সাহেবকে আপীল করিবার নোটিস দিবেন। তিনি আবশ্যক মতে রাজকীয় অভিযোক্তাকে কি গবর্ণমেণ্টের উকীলকে কিম্বা গবর্ণমেণ্টের কি জিলার মাজিষ্ট্রেট সাহেবের স্থানে ক্ষমতাপ্রাপ্ত অন্য কর্ম্মকারককে মোকদ্দমা চালাইতে আদেশ করিবেন ইতি।

270. Any person, convicted on a trial held by any officer invested with the power described in section thirty-six, may appeal to the High Court, if it appear from the sentence awarded that such officer was in such trial exercising such special powers No appeal in such case shall lie to the Court of Session

Appeals by persons convicted by officers invested under section 36

Any person convicted by an Assistant Sessions Judge may appeal to the Sessions Judge if the sentence appealed against does not exceed three years' imprisonment

Appeals from convictions of Assistant Sessions Judges

A sentence of an Assistant Sessions Judge confirmed, under section eighteen, by the Sessions Judge may be appealed to the High Court

271 Any person convicted on a trial held by a Sessions Judge may appeal to the High Court

Appeals by persons convicted by Session Court

The appeal may be on a matter of fact as well as on a matter of law

If the conviction was in a trial by jury, the appeal shall be admissible on a matter of law only

If such person be sentenced to death, the Sessions Court shall inquire whether he wishes to appeal, and if he signifies his intention to appeal, the Court shall inform him that his appeal must be made within seven days, and shall delay the transmission of the reference, hereinafter required, for a reasonable time, not exceeding seven days, to allow of the appeal and reference being made at the same time.

When it appears that the execution of the sentence should not be delayed, the Sessions Court may record its reasons and forward the reference at once.

In no case requiring confirmation shall the High Court grant a longer delay than is herein allowed for the presentation of an appeal

Where the reasons given by the Sessions Court for forwarding the reference at once are sufficient, the High Court shall decide the case in the absence of an appeal

২৭০ ধারা। ৩৬ ধারার যে কর্ত্তা নির্দিষ্ট হইয়াছে সেই ক্ষমতাপ্রাপ্ত কোন কার্য্যকারকের দ্বারা মোকদ্দমার বিচার হইয়া কোন ব্যক্তির অপরাধ নির্ণয় হইলে, এবং উক্ত কার্য্যকারক সেই বিচার করণ কালে সেই বিশেষ ক্ষমতাক্রমে কার্য্য করিলেন তাঁহার আজ্ঞামত দণ্ড দ্বারা ইহা দৃষ্ট হইলে সেই ব্যক্তি হাই কোর্টে আপীল করিতে পারিবে। উক্ত স্থলে সেশন আদালতে আপীল হইবে না।

৩৬ ধারামতে ক্ষমতাপ্রাপ্ত কার্য্যকারকের দ্বারা অপরাধ নির্ণয় হইলে আপীল হইবার কথা।

আসিষ্টাণ্ট সেশন জজ কর্ত্তৃক কোন ব্যক্তির অপরাধ নির্ণয় হইয়া তাহার তিন বৎসরের অনধিক কারাদণ্ডের আজ্ঞা হইলে সেই ব্যক্তি সেশন জজ সাহেবের নিকট আপীল করিতে পারিবে।

আসিষ্টাণ্ট সেশন জজ অপরাধ নির্ণয় করিলে তাঁহার আজ্ঞার উপর আপীলের কথা।

আসিষ্টাণ্ট সেশন জজ যে দণ্ডের আজ্ঞা করেন সেশন জজ সাহেব ১৮ ধারামতে তাহা স্থির করিলে তাহার উপর হাই কোর্টে আপীল হইতে পারিবে ইতি।

২৭১ ধারা। সেশন জজ সাহেবের বিচারে কোন ব্যক্তির অপরাধ নির্ণয় হইলে সে হাই কোর্টে আপীল করিতে পারিবে।

সেশন আদালতে যাহারদের অপরাধ নির্ণয় হয় তাহারদের আপীলের কথা।

আইন ঘটিত বিষয়ে যেমন আপীল হইতে পারে বৃত্তান্ত ঘটিত বিষয়েও তেমনি আপীল হইতে পারিবে।

জুরির দ্বারা বিচার হইয়া অপরাধ নির্ণয় হইলে কেবল আইন ঘটিত বিষয়ে আপীল গ্রাহ্য হইবে।

সেই ব্যক্তির প্রাণ দণ্ডের আজ্ঞা হইলে সে আপীল করিতে চাহে কি না সেশন আদালত এই কথা জিজ্ঞাসা করিবেন, ও সে আপীল করিবার মানস প্রকাশ করিলে, সাত দিনের মধ্যে তাহার আপীল করিতে হইবে আদালত তাহাকে এই কথা জানাইয়া সেই আপীল এবং পশ্চাৎ লিখিত বিধানমতে মোকদ্দমার কাগজপত্রের অর্পণ কার্য্য একি সময়ে করা যাইতে পারে এই নিমিত্ত আদালত সাত দিনের অনধিক যুক্তিযুক্ত কালপর্য্যন্ত ঐ কাগজপত্রের অর্পণ কার্য্য বিলম্ব করিবেন।

দণ্ডের আজ্ঞা সাধন করিতে বিলম্ব করা উচিত বোধ না হইলে সেশন আদালত আপনার হেতু লিপিবদ্ধ করিয়া অগৌণে মোকদ্দমার কাগজপত্র অর্পণ করিতে পারিবেন।

যে স্থলে আজ্ঞা স্থির করণের আবশ্যক হয় এমত কোন স্থলে এই ধারায় আপীল উপস্থিত করিবার যত সময় নির্দ্ধারিত হইয়াছে হাই কোর্ট তাহার অধিক বিলম্বের অনুমতি দিবেন না।

সেশন আদালত অগৌণে কাগজপত্র প্রেরণ করিবার যেং হেতু জ্ঞাত করেন তাহা বিশিষ্ট হইলে হাই কোর্ট আপীলের অনুপস্থিতিতে মোকদ্দমা নিষ্পত্তি করিবেন।

When under the provisions of the law in force, judgments or orders made or passed by the High Court are made or passed, either in appeal, reference or revision, by a Court consisting of more than one Judge, any difference of opinion shall be settled by adding, when the High Court is composed of more than two Judges and the Court is equally divided, one or more Judges, and in such event the judgment or order shall follow the opinion of the majority of the Judges.

No appeal in case of acquittal, except on behalf of Government

272 The Local Government may direct an appeal by the Public Prosecutor or other officer, specially or generally appointed in this behalf, from an original or appellate judgment of acquittal, but in no other case shall there be an appeal from a judgment of acquittal passed in any Criminal Court

Such appeal shall lie to the High Court, and the rules of limitation shall not apply to appeals presented under this section

The High Court may in any case so appealed direct a new trial by another Court, or may pass such judgment, sentence or order as may be warranted by law

No appeal in petty cases

273. There shall be no appeal in cases in which a Court of Session, or the Magistrate of a District or other Magistrate of the 1st class, passes a sentence of imprisonment not exceeding one month only, or of fine not exceeding fifty rupees only, or of whipping only

There shall be no appeal from a sentence of imprisonment passed by such Court or officer in default of payment of fine when no substantive sentence of imprisonment has been passed

Where an accused person has been convicted on his own plea, whether on a trial with assessors or by jury, there is no appeal, except as to the extent or legality of the sentence

Appeals from summary convictions.

274. There shall be no appeal in cases tried summarily in which a Magistrate of the District, or a Magistrate or Bench of Magistrates invested with the powers of a Magistrate of the 1st class, empowered to act under section two hundred and twenty-two, two hundred and twenty-three or two hundred and twenty four,

প্রচলিত আইনের বিধানমতে হাই কোর্ট যে বিচার কি আজ্ঞা করেন তাহা একের অধিক জন জজের অধিবেশনে আপীল ক্রমে কিম্বা কাগজপত্র অর্পণ কি সংশোধন করণক্রমে করা গেলে ও তাঁহার-দের মতের অনৈক্য হইলে, যদি দুই জনের অধিক জজকে লইয়া হাই কোর্ট হয় ও কোর্টের যত ব্যক্তির একমত তত ব্যক্তির ভিন্নমত হইয়া থাকে, তবে আর এক কি অধিক জন জজকে সঙ্গে লইয়া ঐ অনৈক্যের নিষ্পত্তি হইতে পারিবে। এমন স্থলে অধিকাংশ জজের যে মত হয় তদনুসারে নিষ্পত্তি কি আজ্ঞা হইবে ইতি।

নির্দ্দোষ হইলে কেবল গবর্ণমেণ্টের পক্ষে আপীল হইবার নতুবা আপীল না হইবার কথা।

২৭২ ধারা। আদিম কিম্বা আপীলী নিষ্পত্তিক্রমে কোন ব্যক্তিকে নির্দ্দোষ করা গেলে, স্থানীয় গবর্ণমেণ্ট রাজকীয় অভিযোক্তার দ্বারা কিম্বা আপীল করণার্থে বিশেষমতে কি সাধারণমতে নিযুক্ত কোন কার্য্যকারকের দ্বারা ঐ নিষ্পত্তির উপর আপীল হইবার আজ্ঞা করিতে পারিবেন। কিন্তু অন্য কোন স্থলে কোন ফৌজদারী আদালতে ব্যক্তিকে নির্দ্দোষ করণের যে আজ্ঞা হয় তাহার উপর আপীল নাই।

পূর্ব্বোক্ত আপীল হাই কোর্টে হইবে এবং এই ধারামতে যে আপীল উপস্থিত করা যায় তাহার প্রতি মিয়াদের আইন খাটিবে না।

তদ্রূপ আপীল উপস্থিত করা গেলে হাই কোর্ট অন্য আদালতের দ্বারা নূতন বিচার হইবার আজ্ঞা করিতে পারিবেন অথবা আইনমতে যদ্রূপ নিষ্পত্তি কি দণ্ডাজ্ঞা কি অন্য আজ্ঞা উচিত হয় তাহা করিবেন ইতি।

ক্ষুদ্র২ মোকদ্দমায় আপীল না হইবার কথা।

২৭৩ ধারা। সেশন আদালত কিম্বা জিলার মাজিস্ট্রেট সাহেব বা প্রথম শ্রেণীর অন্য মাজিস্ট্রেট যে মোকদ্দমায় কেবল এক মাসের অনধিক কারাদণ্ডের কি কেবল পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ডের কি কেবল প্রহারদণ্ডের আজ্ঞা করেন, সেই মোকদ্দমায় আপীল নাই।

মূলদণ্ডের মধ্যে কারাদণ্ডের আজ্ঞা না হইয়া যদি উক্ত আদালত কি কার্য্যকারক অর্থদণ্ডের টাকা না দেওয়া প্রযুক্ত কারাদণ্ডের আজ্ঞা করেন, তবে তাহার উপর আপীল নাই।

আসেসরদের সহকারিতায় কিম্বা জুরির দ্বারা বিচার হইয়া যদি অভিযুক্ত ব্যক্তির স্বীকারমতে তাহাকে অপরাধী নির্ণয় করা যায়, তবে তাহার উপর আপীল নাই। কিন্তু যে দণ্ডের আজ্ঞা হয় তাহা আইন অনুযায়ি কি না এই বিষয়ে ও যে পরিমাণে দণ্ডের আজ্ঞা হয় সেই বিষয়ে আপীল হইতে পারিবে ইতি।

সরাসরি মতে অপরাধ নির্ণয় হইলে তাহার উপর আপীলের কথা।

২৭৪ ধারা। জিলার মাজিস্ট্রেট সাহেব কিম্বা প্রথম শ্রেণীর মাজিস্ট্রেটের ক্ষমতাবিশিষ্ট মাজিস্ট্রেট কি মাজিস্ট্রেটদের বেঞ্চ ২২২ কি ২২৩ কি ২২৪ ধারা মতে কার্য্য করিবার ক্ষমতাপন্ন হইয়া সরাসরিমতে কোন মোকদ্দমার বিচার করিয়া কেবল তিনমাসের অনধিক কারাদণ্ডের কিম্বা কেবল ২০০৲ টাকার অনধিক

passes a sentence of imprisonment not exceeding three months only, or of fine not exceeding two hundred rupees only, or of whipping only

An appeal may be brought against any sentence referred to in section two hundred and seventy-three or two hundred and seventy-four, by which any two or more of the punishments therein mentioned are combined, but not against a sentence in which imprisonment is awarded in default of payment of fine and in addition thereto

Nor against any sentence which would not otherwise be liable to appeal because the person convicted is ordered to find security to keep the peace.

Saving of sentences on European British subjects

The provisions of this and the last preceding section shall not apply to appeals from orders passed on European British subjects under section seventy-four or seventy-six

Copy of sentence to accompany petition

275. Every petition of appeal shall be accompanied by a copy of the judgment or order appealed against

Copy of sentence or order to be furnished

276 A copy of the judgment or other order passed by any Criminal Court, and, in cases tried by jury, of the Judge's charge to the jury, shall be furnished without delay on the application of any person affected by such sentence or order

Such copy shall be made at the expense of the person applying for it, unless he is in jail, or unless the Court, for some special reason, sees fit to grant such copy free of expense

Procedure when appellant in jail

277 If the party appealing be in jail, he shall be at liberty to present his petition of appeal and the copy of the judgment or order appealed against to the Magistrate or other officer in charge of the jail, who shall thereupon forward the petition to the proper appellate authority

Rejection of appeal

278. The Appellate Court shall fix a reasonable time within which the appellant or his counsel or authorized agent may appear, and it may reject the appeal if, on a perusal of the petition of appeal and the copy of the judgment or order appealed against and after hearing the appellant or his counsel or authorized agent, if he appears, it considers that there is no sufficient ground for questioning the

অর্থদণ্ডের কিম্বা কেবল প্রহারদণ্ডের আজ্ঞা করিলে সেই আজ্ঞার উপর আপিল নাই।

২৭৩ কি ২৭৪ ধারার উল্লিখিত কোন দণ্ডের আজ্ঞা দ্বারা ঐ২ ধারার উল্লিখিত কোন দুই কি তদধিক দণ্ড সংযোগ করা গেলে তাহার উপর আপীল হইতে পারিবে কিন্তু অর্থদণ্ডের টাকা দেওনের ত্রুটি প্রযুক্ত ও সেই দণ্ডের সহিত কারাদণ্ডের আজ্ঞা হইলে সেই আজ্ঞার উপর আপীল নাই।

ও যে দণ্ডের আজ্ঞার উপর কারণান্তরে আপীল হইতে না পারে শান্তিভঙ্গ না করিবার প্রতিভূ দিতে আজ্ঞা হইল বলিয়া সেই আজ্ঞার উপর আপীল হইবে না।

ইউরোপীয় ব্রিটনীয় প্রজাদের দণ্ডের আজ্ঞা বর্জ্জিত হইবার কথা।

৭৪ কি ৭৬ ধারামতে ইউরোপীয় ব্রিটনীয় প্রজাদের যে দণ্ডের আজ্ঞা হয় তাহার প্রতি এই ও ইহার পূর্ব্ব ধারার বিধান খাটিবে না ইতি।

দরখাস্তের সঙ্গে দণ্ডাজ্ঞার প্রতিলিপি থাকার কথা।

২৭৫ ধারা। যে নিষ্পত্তির কি অন্য আজ্ঞার উপর আপীল হয় আপীলের দরখাস্তের সঙ্গে তাহার প্রতিলিপি দিতে হইবে ইতি।

দণ্ডের কি অন্য আজ্ঞার নকল দিবার কথা।

২৭৬ ধারা। কোন ফৌজদারী আদালতের নিষ্পত্তিতে কি অন্য আজ্ঞাতে যে ব্যক্তির সম্পর্ক থাকে তাহার প্রার্থনা হইলে সেই নিষ্পত্তির ও আজ্ঞার নকল এবং জুরির দ্বারা মোকদ্দমার বিচার হইলে জুরির নিকট জজ সাহেবের উপদেশের নকল তাহাকে অগৌণে দেওয়া যাইবে।

যে ব্যক্তি ঐ নকল প্রার্থনা করে সে কারাবদ্ধ না থাকিলে কিম্বা আদালত কোন বিশেষ কারণে তাহাকে বিনা খরচে সেই নকল দেওয়া উচিত বোধ না করিলে তাহারই সেই নকল করিবার খরচ দিতে হইবে ইতি।

আপেলান্ট কারাবদ্ধ হইলে কার্য্যপ্রণালীর কথা।

২৭৭ ধারা। যে ব্যক্তি আপীল করে সে কারাবদ্ধ থাকিলে, মাজিষ্ট্রেটকে কিম্বা জেলের অধ্যক্ষ অন্য কার্য্যকারককে সেই আপীলের দরখাস্ত ও যে দণ্ডাজ্ঞার কি আজ্ঞার উপর আপীল করিবে তাহার নকল দিতে পারিবে। তিনি তাহা পাইলে আপীল শুনিবার উপযুক্ত কর্ত্তৃপক্ষের নিকটে সেই দরখাস্ত পাঠাইবেন ইতি।

আপীল অগ্রাহ্য করিবার কথা।

২৭৮ ধারা। উপযুক্ত যে সময়ের মধ্যে আপেলান্টের কিম্বা তাহার কৌনসেলীর কি ক্ষমতাপ্রাপ্ত মোক্তারের উপস্থিত হইতে হইবে আপীল আদালত এমত সময় নিরূপণ করিয়া ঐ আপীলের দরখাস্ত ও যে দণ্ডাজ্ঞার কি আজ্ঞার উপর আপীল হয় তাহার নকল পাঠ করিয়া, ও আপেলান্ট কি তাহার উকীল কি ক্ষমতাপ্রাপ্ত মোক্তার উপস্থিত থাকলে তাহাদের কথা শুনিয়া ঐ নিষ্পত্তির যথার্থ-

correctness of the decision or for interfering with the sentence or order appealed against.

তার সন্দেহ করিবার কিম্বা যে দণ্ডাজ্ঞার কি আজ্ঞার উপর আপীল হয় তাহাতে হস্তক্ষেপ করিবার কোন বিশিষ্ট হেতু নাই বোধ করিলে ঐ আপীল অগ্রাহ্য করিতে পারিবেন।

Before rejecting the appeal, the Court may call for and peruse all or any part of the proceedings of the lower Court, but shall not be bound to do so

আপীল অগ্রাহ্য করিবার পূর্ব্বে ঐ আদালত অধঃস্থ আদালতের ঐ মোকদ্দমাঘটিত সকল কাগজপত্র কিম্বা তাহার কোন অংশ আনাইয়া পাঠ করিতে পারিবেন, কিন্তু করিতেই হইবে এমত নহে ইতি।

Notice of appeal

279. If the Appellate Court decide to hear the appeal, it shall cause notice to be given to the appellant, and, if the appeal be to the Session or High Court, shall also give notice to the Magistrate of the District, who shall inform, if necessary, the public prosecutor, Government Pleader or other officer empowered by Government on that behalf of the day on which such appeal will be heard

আপীলের নোটিসের কথা।

২৭৯ ধারা। আপীল আদালত আপীল শুনিতে স্থির করিলে আপেলাণ্টকে সেই আপীল শুনিবার দিনের নোটিস দেওয়াইবেন। সেশন আদালতে কি হাই কোর্টে আপীল হইলে জিলার মাজিষ্ট্রেট সাহেবকেও নোটিস দিবেন ও আবশ্যক হইলে তিনি রাজকীয় অভিযোক্তাকে কি গবর্ণমেণ্টের উকীলকে কিম্বা অন্য যে কার্য্যকারক তৎপক্ষে গবর্ণমেণ্টহইতে ক্ষমতাপ্রাপ্ত হন তাঁহাকে ঐ দিনের নোটিস দিবেন ইতি।

Appellate Court may alter or reverse finding and sentence, or enhance a sentence.

280. The Appellate Court after perusing the proceedings of the lower Court, and after hearing the appellant, his counsel or agent, if they appear and the Public Prosecutor, Government Pleader or other officer empowered by Government or by the Magistrate of the district in that behalf, if he appears, may alter or reverse the finding and sentence or orders of such Court, and may, if it see reason to do so, enhance any punishment that has been awarded

আপীল আদালতের নির্ণয় ও দণ্ডাজ্ঞা পরিবর্ত্তন কি বৃদ্ধি করিবার ক্ষমতার কথা।

২৮০ ধারা। আপীল আদালত অধঃস্থ আদালতের ঐ মোকদ্দমাঘটিত কাগজপত্র পাঠ করিলেপর ও আপেলাণ্ট কি তাহার উকীল কি মোক্তার উপস্থিত থাকিলে তাঁহার কথা শুনিলেপর, ও রাজকীয় অভিযোক্তা কি গবর্ণমেণ্টের উকীল কিম্বা গবর্ণমেণ্টের কি জিলার মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা তৎপক্ষে ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারক উপস্থিত থাকিলে তাঁহার কথা শুনিলে পর অধঃস্থ আদালতের নিষ্পত্তি ও দণ্ডাজ্ঞা কি অন্য আজ্ঞা মতান্তর কি অসিদ্ধ করিতে পারিবেন। এবং যে দণ্ডের আজ্ঞা হইয়াছে তাহা বৃদ্ধি করিবার কারণ জানিলে বৃদ্ধিও করিতে পারিবেন।

Provided that if the appeal is from the sentence of a Magistrate of any class the appellate Court shall not inflict a greater punishment than might have been inflicted by a Magistrate of the first class

কিন্তু কোন শ্রেণীর মাজিষ্ট্রেটের দণ্ডাজ্ঞার উপর আপীল হইলে প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেট যৎপরিমাণে দণ্ডের আজ্ঞা করিতে পারেন ঐ আপীল আদালত তদধিক দণ্ডের আজ্ঞা করিবেন না ইতি।

Suspension of sentence pending appeal

Release of appellant on bail

281. In any case, in which an appeal is allowed, the Appellate Court may, pending the appeal, order that the sentence be suspended, and if the appellant be in confinement for an offence which is bailable, may order that he be released on bail

আপীল উপস্থিত থাকিলে দণ্ডাজ্ঞা স্থগিত হইবার কথা।

হাজিরজামিন দিলে আপেলাণ্টকে মুক্ত করিবার কথা।

২৮১ ধারা। কোনস্থলে আপীল গ্রাহ্য হইলে আপীল আদালত ঐ আপীল উপস্থিত থাকনকালে দণ্ডাজ্ঞা স্থগিত হইবার আজ্ঞা করিতে পারিবেন। ও যে অপরাধ হইলে হাজিরজামিন লওয়া যাইতে পারে, আপেলাণ্ট এমত অপরাধহেতুক কারাবদ্ধ থাকিলে আদালত হাজিরজামিন লইয়া তাহাকে মুক্ত করিবার আজ্ঞা দিতে পারিবেন।

The period during which the sentence is suspended shall be omitted in reckoning the completion of the punishment.

দণ্ড যত কাল স্থগিত থাকে দণ্ডভোগের সময় নিরূপণ করিতে গেলে সেই কাল ধরিতে হইবে না ইতি।

282. In any case, in which an appeal has been allowed, the Appellate Court, if it thinks further inquiry or additional evidence upon any point bearing upon the guilt or innocence of the appellant to be necessary, may either make such further inquiry and take such additional evidence itself or may direct such inquiry to be made and additional evidence to be taken

Appellate Court may make or direct further inquiry

২৮২ ধারা। কোন স্থলে আপীল গ্রাহ্য হইলে অভিযুক্ত ব্যক্তির দোষাদোষসংক্রান্ত কোন বিষয়ের আরো তদন্ত কি অধিক প্রমাণ লওয়া আবশ্যক, আপীল আদালতের এমত বোধ হইলে আপনি সেই অধিক তদন্ত কি অধিক প্রমাণ লইতে পারিবেন কিম্বা সেই তদন্ত ও সেই অধিক প্রমাণ লইবার আজ্ঞা করিতে পারিবেন।

অধিক তদন্ত লইতে কি লইবার আজ্ঞা করিতে আপীল আদালতের ক্ষমতার কথা।

If the Appellate Court takes further evidence and passes judgment and sentence, no fresh right of appeal arises in respect of such sentence

আপীল আদালত অধিক প্রমাণ লইয়া নিষ্পত্তি ও দণ্ডের আজ্ঞা করিলে সেই দণ্ডাজ্ঞা সম্পর্কে আপীল করিবার নূতন অধিকার উৎপিত হয় না।

When the evidence has not been taken before itself, the result of the further inquiry and the additional evidence shall be certified to the Appellate Court, and such Court shall thereupon proceed to dispose of the appeal

যদি নিজ আদালতের সম্মুখে প্রমাণ না লওয়া গিয়া থাকে, তবে ঐ অধিক তদন্ত ও অধিক প্রমাণ গ্রহণের ফল আপীল আদালতে সর্টিফিকট দ্বারা জ্ঞাত করা যাইবে তাহা হইলে ঐ আদালত আপীল নিষ্পত্তি করিতে প্রবর্ত্ত হইবেন।

Unless the Appellate Court otherwise directs, the presence of the appellant may be dispensed with when the further inquiry is made or evidence taken

আপীল আদালত প্রকারান্তরের আজ্ঞা না করিলে সেই অধিক তদন্ত কি প্রমাণ লইবার সময় আপেলান্টের উপস্থিত না থাকিবার অনুমতি হইতে পারিবে।

The provisions of this Act relating to summoning and enforcing the attendance of witnesses and their examination shall, so far as may be, apply to witnesses examined under this section

এই আইনে সাক্ষিদিগকে সমন করণ ও বলপূর্ব্বক উপস্থিত করাওণ ও তাহারদের পরীক্ষা গ্রহণ বিষয়ের যে সকল বিধান আছে তাহা যতদূর বর্ত্তিতে পারে এই ধারামতে যে সাক্ষিদের পরীক্ষা লওয়া যায় তাহারদের প্রতিও তত দূর বর্ত্তিবে ইতি।

283 No finding or sentence passed by a Court of competent jurisdiction shall be reversed or altered on appeal on account of any error or defect, either in the charge or in the proceedings on or before trial, or on account of the improper admission or rejection of any evidence, or by any misdirection in any charge to a jury, unless such error or defect has occasioned a failure of justice, either by affecting the due conduct of the prosecution, or by prejudicing the prisoner in his defence

Finding or sentence when reversible by reason of error or defect in charge or proceedings

২৮৩ ধারা। কোন মোকদ্দমার বিচার করণসময়ে কিম্বা তৎপূর্ব্বে অভিযোগপত্রে কি আনুষ্ঠানিক কার্য্যে কোন ভ্রম কি প্রমাদ হইলে কিম্বা কোন সাক্ষ্য অনুচিতমতে গ্রাহ্য কি অগ্রাহ্য হওনপ্রযুক্ত কিম্বা জুরির নিকটে উপদেশ বাক্যের মধ্যে কোন অযথার্থ কথা দ্বারা ভ্রম কি প্রমাদ হইলে যদি সেই ভ্রম কি কি প্রমাদ দ্বারা অভিযোগ সংক্রান্ত কার্য্য উপযুক্তমতে চলিবার ব্যাঘাত হইয়া কিম্বা প্রতিবাদির উত্তর দেওনসম্পর্কে বিঘ্ন হইয়া ন্যায় বিচারের ত্রুটি না হইয়া থাকে তবে সেই মোকদ্দমার উপর আপীল হইলে ঐ ভ্রম কি প্রমাদ হেতুক উপযুক্ত ক্ষমতাপন্ন আদালতের নির্ণয় কি দণ্ডাজ্ঞা অসিদ্ধ কি পরিবর্ত্তন করা যাইবে না।

অভিযোগপত্রে কিম্বা আনুষ্ঠানিক কার্য্যে ভ্রম কি প্রমাদ প্রযুক্ত নিষ্পত্তি কি দণ্ডাজ্ঞা পরিবর্ত্তন হইবার কথা।

No irregularity in the proceedings up to trial is a sufficient ground for reversing any judgment, sentence or order made or passed in a trial properly held

বিচারকার্য্য উপযুক্তমতে হইয়া যে নিষ্পত্তি কি দণ্ডাজ্ঞা কি অন্য আজ্ঞা করা যায়, বিচার হওনের পূর্ব্বে আনুষ্ঠানিক কার্য্যের নিয়মের ব্যতিক্রম হইলেও তাহা সেই নিষ্পত্তি কি আজ্ঞা অসিদ্ধ করিবার বিশিষ্ট কারণ নয়।

In case the accused person has been sentenced to a larger amount of punishment than could have been awarded for the offence, which, in the judgment of the Appellate Court, is

Appellate Court may reduce punishment

আপীল আদালতের বিবেচনায় সাক্ষ্যক্রমে যে অপরাধের প্রমাণ হইল তাহার যৎপরিমাণে দণ্ডের আজ্ঞা হইতে পারে, অভিযুক্ত ব্যক্তির তদধিক দণ্ডের

আপীল আদালতের দণ্ড ন্যূন করিবার ক্ষমতার কথা।

proved by the evidence, the Appellate Court may reduce the punishment within the limits prescribed by the Indian Penal Code or any law for the time being in force for such offence

আজ্ঞা হইলে আপীল আদালত তাহা হ্রাস করিয়া ভারতবর্ষের দণ্ডবিধির আইনে কিম্বা যে আইন যে সময়ে প্রচলিত থাকে তাহাতে উক্ত অপরাধের দণ্ডের যে সীমা নিরূপণ হইয়াছে সেই সীমার মধ্যে দণ্ডের আজ্ঞা করিতে পারিবেন ইতি।

284 When any Court has convicted a person of an offence not triable by such Court, the Appellate Court shall annul the conviction and sentence of such Court, and direct the trial of the case by a Court of competent jurisdiction

Procedure in case of conviction by Court not having jurisdiction

২৮৪ ধারা। যে অপরাধ যে আদালতের বিচার্য্য নয়, সেই আদালতে কোন ব্যক্তি তদ্রূপ অপরাধের অপরাধী নির্ণয় হইলে আপীল আদালত ঐ আদালতের অপরাধ নির্ণয় ও দণ্ডাজ্ঞা অসিদ্ধ করিয়া উপযুক্ত ক্ষমতাপন্ন আদালতের দ্বারা ঐ মোকদ্দমার বিচার হইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

যাঁহার উপযুক্ত ক্ষমতা নাই এমত আদালতের দ্বারা অপরাধ নির্ণয় হইলে যাহা কর্ত্তব্য তাহার কথা।

285 Judgments, sentences and orders passed by an Appellate Court upon appeal shall be final, except in the cases provided for in sections two hundred and seventy-two and two hundred and ninety-seven

Finality of orders on appeal

২৮৫ ধারা। ২৭২ ও ২৯৭ ধারার নির্দ্দিষ্ট স্থলভিন্ন অন্য সকল স্থলে আপীল আদালত আপীল ক্রমে যে নিষ্পত্তি ও দণ্ডাজ্ঞা ও অন্য আজ্ঞা করেন তাহা চূড়ান্ত হইবে ইতি।

আপীল হইয়া যে আজ্ঞা হয় তাহা চূড়ান্ত হইবার কথা।

286 No appeal shall lie from any judgment sentence or order of a Criminal Court, except in the cases provided for by this Act or by any law for the time being in force

Unless otherwise provided no appeal to lie from judgment order or sentence of Criminal Court

২৮৬ ধারা। এই আইনমতে কিম্বা অন্য যে আইন যে সময়ে চলন থাকে তন্মধ্যে আপীল করিবার বিধান না থাকিলে ফৌজদারী আদালতের কোন নিষ্পত্তির কি আজ্ঞার কি দণ্ডাজ্ঞার উপর আপীল হইবে না ইতি।

প্রকারান্তরে বিধান না থাকিলে ফৌজদারী আদালতের নিষ্পত্তির কি আজ্ঞার কি দণ্ডাজ্ঞার উপর আপীল না হইবার কথা।

Illustrations

উদাহরণ।

(*a*) There is no appeal against an order refusing to grant compensation, or to grant an enhanced award

(ক) ক্ষতিপূরণ করিয়া দিতে কিম্বা অধিক টাকার ডিক্রী দিতে অস্বীকার করণ সূচক যে আজ্ঞা হয় তাহার উপর আপীল নাই।

(*b*) There is no appeal against an order of a competent Magistrate dismissing a complaint

(খ) উপযুক্ত ক্ষমতাপন্ন মাজিষ্ট্রেট নালিশ ডিসমিস করিলে তাঁহার সেই আজ্ঞার উপর আপীল নাই।

(*c*) There is no appeal against an order requiring a person to furnish security to keep the peace

(গ) কোন ব্যক্তির প্রতি শান্তি ভঙ্গ না করিবার প্রতিভূ দিতে আজ্ঞা হইলে সেই আজ্ঞার উপর আপীল নাই।

(*d*) There is no appeal against an order requiring a person to furnish security to be of good behaviour, when such order is passed by the Magistrate of the District

(ঘ) জিলার মাজিষ্ট্রেট সাহেব কোন ব্যক্তির প্রতি সদাচরণ করিবার প্রতিভূ দিতে আজ্ঞা করিলে সেই আজ্ঞার উপর আপীল নাই।

(*e*) There is no appeal against an order passed under Chapter XXXIX, nor against a report by a jury under that chapter

(ঙ) ৩৯ অধ্যায়মতে যে আজ্ঞা করা যায় তাহার উপর ও সেই অধ্যায়মতে জুরির দ্বারা যে রিপোর্ট করা যায় তাহার উপর আপীল নাই।

(*f*) There is no appeal against an order of maintenance

(চ) ভরণপোষণের আজ্ঞার উপর আপীল নাই।

(*g*) There is no appeal against an order placing a name on the jury list

(ছ) জুরির নামের লিষ্টে ব্যক্তিবিশেষের নাম লিখিবার আজ্ঞা হইলে সেই আজ্ঞার উপর আপীল নাই।

(*h*) There is no appeal against an order by a Court of Session fining a juror or an assessor for non attendance

(জ) সেশন আদালত জুরির অন্তর্গত কোন ব্যক্তির কি আসেসরের অনুপস্থিত প্রযুক্ত তাঁহার অর্থদণ্ডের আজ্ঞা করিলে সেই আজ্ঞার উপর আপীল নাই।

(*i*) There is no appeal against the order of a competent Court refusing to order a commitment

(ঝ) উপযুক্ত ক্ষমতাপন্ন আদালত ব্যক্তিকে সমর্পণ করিবার আজ্ঞা দিতে অস্বীকার করিলে সেই আজ্ঞার উপর আপীল নাই।

(*j*) There is no appeal against an interlocutory order such as a claim to appear by agent

(ঞ) মোকদ্দমা চলিবার সময়ে মোক্তারের দ্বারা উপস্থিত হইবার দাওয়া প্রভৃতির উপর যে আজ্ঞা হয় তাহার উপর আপীল নাই।

(*k*) There is no appeal from an order to pay compensation under section 22 of Act I of 1871 *(An Act to consolidate and amend the law relating to trespasses by cattle)*

(ট) ১৮৭১ সালের ১ আইনের (অর্থাৎ গোমেষাদির অনধিকার প্রবেশ করণ বিষয়ক আইন সংগ্রহ ও সংশোধন করণার্থ আইনের) ২২ ধারামতে ক্ষতিপূরণ করিবার যে আজ্ঞা হয় তাহার উপর আপীল নাই।

CHAPTER XXI

REFERENCE

287. If the Court of Session pass sentence of death, the proceedings shall be referred to the High Court, and the sentence shall not be executed without its confirmation by the High Court

Sentence of death

If the accused person is convicted of an offence punishable with death, and the Court sentences him to any punishment other than death, the Court shall, in its judgment, state the reason why sentence of death was not passed

288. In any case so referred, whether tried with assessors or by jury, the High Court may either confirm the sentence, or pass any other sentence warranted by law, or may annul the conviction and order a new trial on the same or an amended charge, or may acquit the accused person

Power of High Court to confirm sentence or annul conviction

289 If the High Court think further inquiry or additional evidence upon any point, bearing upon the guilt or innocence of the accused person to be necessary, it may direct such inquiry to be made, or such additional evidence to be taken

Power to direct further inquiry

Unless the the Court of Reference otherwise directs, the presence of the convicted person may be dispensed with when the further inquiry is made or evidence taken, and neither under this section nor under section two hundred and eighty two is such inquiry to be made or evidence taken in the presence of jurors or assessors

The result of the further inquiry and the additional evidence shall be certified to the High Court, and the High Court shall thereupon proceed to pass judgment of acquittal, or to confirm the sentence, or to pass such sentence as it thinks fit

290. In every case so referred to the High Court, the confirmation of the sentence, or any new sentence or order passed by the High Court, shall, when such High Court consists of two or more Judges, be determined and signed by at least two Judges of such Court

Confirmation or new sentence to be signed by two Judges

২১ অধ্যায়।

অর্পণ করণের বিধি।

২৮৭ ধারা। সেশন আদালত প্রাণদণ্ডের আজ্ঞা করিলে মোকদ্দমার কাগজ পত্র হাই কোর্টে অর্পণ করা যাইবে ও হাই কোর্ট-দ্বারা অনুমোদন না হইলে ঐ দণ্ডসাধন হইবে না।

প্রাণদণ্ডের আজ্ঞার কথা।

অভিযুক্ত ব্যক্তির প্রাণদণ্ডের দণ্ডনীয় অপরাধ নির্ণয় হইলেও আদালত প্রাণদণ্ড ভিন্ন কোন দণ্ডের আজ্ঞা করিলে, যে বিবেচনায় প্রাণদণ্ডের আজ্ঞা করেন নাই তাহার কারণ লিখিয়া দিবেন ইতি।

২৮৮ ধারা। তদ্রূপ অর্পিত মোকদ্দমার বিচার আ-সেসরদের সহকারিতায় কিম্বা জুরির দ্বারা হইলেও হাই কোর্ট ঐ দণ্ডাজ্ঞা স্থির রাখিতে কিম্বা আইনঅনু-যায়ি অন্য কোন দণ্ডের আজ্ঞা করিতে পারিবেন, অথবা অপরাধ নির্ণয় অসিদ্ধ করিয়া, সেই কি সংশোধিত অন্য অভিযোগ-ক্রমে পুনশ্চ বিচার হইবার আজ্ঞা করিতে পারি-বেন অথবা অভিযুক্ত ব্যক্তিকে নির্দ্দোষ করিতে পারিবেন ইতি।

দণ্ডাজ্ঞা স্থিরতর কি অ-ন্যথা করিতে হাই কোর্টের ক্ষমতার কথা।

২৮৯ ধারা। হাই কোর্ট অভিযুক্ত ব্যক্তির দোষি-তার কি নির্দ্দোষিতার প্র-তিপোষক কোন বিষয়ের অধিক তদন্ত কি আরো প্রমাণ লওয়া আবশ্যক জ্ঞান করিলে, তদ্রূপ তদন্ত লইবার কিম্বা উক্ত অধিক প্রমাণ গ্রহণ করিবার আজ্ঞা করিতে পারিবেন।

অধিক তদন্ত লইতে আজ্ঞা করিবার ক্ষমতার কথা।

মোকদ্দমার কাগজপত্র যে হাই কোর্টে অর্পণ করা যায় সেই হাই কোর্ট আজ্ঞা না করিলে যে ব্যক্তির অপরাধ নির্ণয় হইল অধিক তদন্ত কি প্রমাণ লইবার সময়ে তাহার উপস্থিত থাকার আবশ্যক নাই এবং এই ধারা কিম্বা ২৮২ ধারমতেও জুরির কি আসেসর-দের সাক্ষাতে তদন্ত কি প্রমাণ লওয়া যাইবে না।

ঐ অধিক তদন্ত ও অধিক প্রমাণ লওয়ার ফল হাই কোর্টে সর্টিফিকটদ্বারা জ্ঞাত করা যাইবে, তাহা হইলে হাই কোর্ট ঐ ব্যক্তির নিরপরাধের নিষ্পত্তি করিবেন কিম্বা দণ্ডের আজ্ঞা স্থির রাখিবেন, কিম্বা যে দণ্ড উচিত বোধ করেন তাহার আজ্ঞা করিবেন ইতি।

২৯০ ধারা। পূর্ব্বোক্ত যত মোকদ্দমা হাই কোর্টের প্রতি অর্পণ করা যায়, যদি দুই কি অধিক জন জজের অধিবেশনে ঐ হাই কোর্ট হয় তবে ঐ কোর্ট যে দণ্ডের আজ্ঞা স্থির রাখেন কিম্বা নূতন যে দণ্ডাজ্ঞা কি অন্য আজ্ঞা করেন, ঐ কোর্টের ন্যূনকল্পে দুই জন জজ তাহা নির্ণয় করিয়া তাহাতে স্বাক্ষর করিবেন ইতি।

দণ্ড স্থির রাখিবার কিম্বা নূতন দণ্ডের আজ্ঞাতে দুই জন জজের স্বাক্ষর করিবার কথা।

291. When a High Court of reference, revision, or appeal, consists of a single Judge, such Judge shall have all the powers conferred upon two or more Judges of the High Court by this chapter

When High Court consists of one Judge.

CHAPTER XXII

Superintendence and Revision

Power of High Court to make rules.

292. The High Court may make and issue general rules—

for keeping all books, entries and accounts to be kept in all Criminal Courts subordinate to it, and

for the preparation and transmission of any calendars or statements to be prepared and submitted by such Courts,

and may also frame forms (when not prescribed by this Act) for every proceeding in the said Courts for which it thinks that a form should be provided,

and from time to time may alter any such rule or form,

and, with the concurrence of the local Government, may make and issue general rules for regulating the practice and proceedings of all Criminal Courts subordinate to it, and with the like sanction, may alter any such rule

and a High Court not established by Royal Charter may, with the concurrence of the local Government, make and issue rules for regulating the practice and proceedings of that Court, and, with the like sanction, may alter any such rule

Provided that such rules and forms be not inconsistent with the provisions of this Act, or of any other law in force for the time being

All rules framed by the Court and all repeals and alterations thereof under this section, shall be published in the Official Gazette

293. All Subordinate Courts shall send to the High Court such periodical statements or calendars of trials held by such Courts, as the High Court prescribes, exhibiting the offences charged, the offences of which the accused persons are convicted, and the sentences or orders passed upon them.

Calendars of trials by Subordinate Courts

২৯১ ধারা। অর্পিত মোকদ্দমা গ্রহণার্থে কিম্বা সংশোধন করণার্থে কিম্বা আপীল গ্রাহ্য করণার্থে হাই কোর্টের কেবল এক জন জজ উপবিষ্ট হইলে এই অধ্যায়ে হাই কোর্টের দুই কি তদধিক জন জজের প্রতি যে ক্ষমতা প্রদান করা গেল তিনি একাই সেই সকল ক্ষমতাবিশিষ্ট হইবেন ইতি।

হাই কোর্টের এক জন জজের উপবিষ্ট হইবার কথা।

---

২২ অধ্যায়।

তত্ত্বাবধারণের ও সংশোধনের বিধি।

২৯২ ধারা। হাই কোর্টের অধীন সকল ফৌজদারী আদালতে যে২ বহী রাখিতে হইবে ও তন্মধ্যে যে২ কথা ও হিসাব লিখিতে হইবে

হাই কোর্টের বিধি করিবার ক্ষমতার কথা।

ও সেই২ আদালতের যে কালেণ্ডর কি বর্ণনাপত্র প্রস্তুত করিয়া পাঠাইতে হইবে হাই কোর্ট তাহা প্রস্তুত করিয়া পাঠাইবার সাধারণ বিধি করিয়া প্রচার করিবেন।

ও উক্ত সকল আদালতের আনুষ্ঠানিক কোন কার্য্য লিখিবার পাঠ নির্দ্দিষ্ট করা আবশ্যক জ্ঞান করিলে, (ও তদ্রূপ পাঠ এই আইনেতে নির্দ্দিষ্ট না থাকিলে) সেই পাঠ নিরূপণ করিতে পারিবেন।

ও সময়ান্তরে উক্ত কোন বিধি কি পাঠ পরিবর্ত্তন করিতে পারিবেন।

এবং স্থানীয় গবর্ণমেণ্টের সম্মতিক্রমে আপনার অধীন সকল ফৌজদারী আদালতের রীতির ও কার্য্যের বিধানার্থক সাধারণ বিধি প্রণয়ন করিয়া প্রচার করিতে পারিবেন ও সেই অনুমতিক্রমে উক্ত অন্যতর বিধি পরিবর্ত্তন করিতে পারিবেন।

ও যে হাই কোর্ট রাজকীয় চার্টর দ্বারা স্থাপিত হয় নাই সেই কোর্টও স্থানীয় গবর্ণমেণ্টের অনুমোদনক্রমে আপনার রীতির ও কার্য্যের বিধানার্থক বিধি প্রণয়ন করিয়া প্রচার করিতে পারিবেন ও তদ্রূপ অনুমোদনক্রমে উক্ত অন্যতর বিধি পরিবর্ত্তন করিতে পারিবেন।

কিন্তু সেই বিধি ও পাঠ এই আইনের কিম্বা যৎকালে যে আইন প্রচলিত থাকে সেই আইনের অসঙ্গত না হয়।

কোর্ট কোন বিধি প্রণয়ন করিলে ও এই ধারামতে কোন বিধি রহিত কি মতান্তর করা গেলে তাহা রাজকীয় গেজেটে প্রকাশ করা যাইবে ইতি।

২৯৩ ধারা। হাই কোর্টের অধীন সকল আদালত যে সকল মোকদ্দমার বিচার করেন তাহাতে যে২ অপরাধের অভিযোগ হয়, ও অভিযুক্ত ব্যক্তিদের যে২ অপরাধ নির্ণয় হয়, ও তাহারদের যে দণ্ডের আজ্ঞা কি অন্য আজ্ঞা করা যায়, হাই কোর্ট এই২ কথা যে বর্ণনাপত্র বা কালেণ্ডর লিখিয়া দিতে আজ্ঞা করেন, ঐ২ আদালত নিরূপিত সময়ান্তরে তাহা হাই কোর্টে পাঠাইবেন ইতি।

অধীন আদালতের বিচার কার্য্যের কালেণ্ডরের কথা।

294. The High Court may call for and examine the record of any case tried by any Subordinate Court for the purpose of satisfying itself as to the legality or propriety of any sentence or order passed, and as to the regularity of the proceedings of such Court

Power to call for records of Subordinate Courts

২৯৪ ধারা। অধঃস্থ কোন আদালত কোন মোকদ্দমার বিচার করিয়া যে দণ্ডের আজ্ঞা কি অন্য আজ্ঞা করেন তাহা আইন অনুযায়ি ও উপযুক্ত কি না, ও সেই অধঃস্থ আদালতের আনুষ্ঠানিক কার্য্য বিধিমতে চলিতেছে কিনা, হাই কোর্ট ইহা হৃদ্বোধমতে জ্ঞাত হইবার অভিপ্রায়ে, উক্ত কোন মোকদ্দমার কাগজপত্র আনাইয়া দৃষ্টি করিতে পারিবেন ইতি।

অধঃস্থ আদালতের কাগজপত্র আনাইবার ক্ষমতার কথা।

295 Any Court of Session or Magistrate of the District may at all times, call for and examine the record of any Court subordinate to such Court or Magistrate, for the purpose of satisfying itself or himself as to the legality of any sentence or order passed, and as to the regularity of the proceedings of such Subordinate Court

Powers of Court of Session and Magistrate to call for record of Subordinate Courts

২৯৫ ধারা। কোন সেশন আদালতের কি জিলার মাজিষ্ট্রেট সাহেবের অধীন আদালত যে দণ্ডাজ্ঞা কি আজ্ঞা করেন তাহা আইন অনুযায়ি কি না, এবং ঐ অধীন আদালতের আনুষ্ঠানিক কার্য্য বিধিমতে চলিতেছে কি না, উক্ত সেশন আদালত কি মাজিষ্ট্রেট সাহেব ইহা হৃদ্বোধমতে জানিবার নিমিত্ত কোন সময়ে ঐ অধীন আদালতের কাগজপত্র আনাইয়া দৃষ্টি করিতে পারিবেন।

অধঃস্থ আদালতের কাগজপত্র আনাইতে সেশন আদালতের ও মাজিষ্ট্রেটের ক্ষমতার কথা।

For the purposes of this section, every Magistrate in a Sessions Division shall be deemed to be subordinate to the Sessions Judge of the Division

এই ধারার কার্য্যপক্ষে সেশন এলাকার অন্তর্গত প্রত্যেক মাজিষ্ট্রেট ঐ এলাকার সেশন জজ সাহেবের অধীন বলিয়া জ্ঞান হইবেন ইতি।

296 If the Court of Session or Magistrate of the District is of opinion that the judgment or order is contrary to law, or that the punishment is too severe or is inadequate, such Court or Magistrate may report the proceedings for the orders of the High Court

Report to High Court

২৯৬ ধারা। উক্ত নিষ্পত্তি কি আজ্ঞা আইনের বিপরীত কিম্বা উক্ত দণ্ড অত্যন্ত কঠিন কি লঘু সেশন আদালতের কি জিলার মাজিষ্ট্রেট সাহেবের এই অভিমত হইলে সেই আদালত কি মাজিষ্ট্রেট সাহেব হাই কোর্টের আজ্ঞার জন্যে সেই আনুষ্ঠানিক কার্য্যের রিপোর্ট করিবেন।

হাই কোর্টে রিপোর্ট করিবার কথা।

Provided that in session cases if a Court of Session or Magistrate of the District considers that a complaint has been improperly dismissed or that an accused person has been improperly discharged by a Subordinate Court, such Court or Magistrate may direct the accused person to be committed for trial

পরন্তু সেশনের মোকদ্দমায় অধীন আদালত অনুচিতমতে কোন নালিশ ডিসমিস করিয়াছেন কিম্বা অভিযুক্ত ব্যক্তিকে অনুচিতমতে ছাড়িয়া দিয়াছেন সেশন আদালতের কি জিলার মাজিষ্ট্রেট সাহেবের এমত জ্ঞান হইলে সেই আদালত কি মাজিষ্ট্রেট সাহেব অভিযুক্ত ব্যক্তির বিচারার্থে সমর্পণ হইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

297 If, in any case either called for by itself or reported for orders, or which comes to its knowledge it appears to the High Court that there has been a material error in any judicial proceeding of any Court subordinate to it, it shall pass such judgment, sentence or order thereon as it thinks fit

Powers of revision

২৯৭ ধারা। হাই কোর্ট আপনার ইচ্ছামতে কোন মোকদ্দমা আনাইলে, কিম্বা আজ্ঞার জন্যে কোন মোকদ্দমার রিপোর্ট পাইলে কিম্বা কোন মোকদ্দমার কথা অবগত হইলে সেই মোকদ্দমায় আপনার অধীন কোন আদালতের কোন বিচার কার্য্যে গুরুতর ভ্রম হইয়াছে হাই কোর্ট এমত জ্ঞান করিলে যদ্রূপ নিষ্পত্তি কি দণ্ডের আজ্ঞা কি অন্য আজ্ঞা উচিত বোধ করেন করিতে পারিবেন।

সংশোধন করিবার ক্ষমতার কথা।

If it considers that an accused person has been improperly discharged, it may order him to be tried, or to be committed for trial,

Power to order commitment

অভিযুক্ত ব্যক্তিকে অনুচিত মতে ছাড়িয়া দেওয়া গিয়াছে জ্ঞান করিলে, তাহার বিচার হইবার কিম্বা বিচারার্থে তাহাকে সমর্পণ করিবার আজ্ঞা দিতে পারিবেন।

সমর্পণ করিতে আজ্ঞা করিবার ক্ষমতার কথা।

Power to alter finding and sentence.

If it considers that the charge has been inconveniently framed, and that the facts of the case show that the prisoner ought to have been convicted of an offence other than that of which he was convicted, it shall pass sentence for the offence of which he ought to have been convicted;

Proviso to power of altering finding

Provided that if the error in the charge appears materially to have misled and prejudiced the accused person in his defence, the High Court shall annul the conviction and remand the case to the Court below with an amended charge, and the Court below shall thereupon proceed as if it had itself amended such charge.

Power to annul conviction

If the High Court consider that any person convicted by a Magistrate has committed an offence not triable by such Magistrate, it may annul the trial and order a new trial before a competent Court

Power to annul improper and to pass proper sentence.

If it considers that the sentence passed on the accused person is one which cannot legally be passed for the offence of which the accused person has been convicted, or might have been legally convicted upon the facts of the case, it shall annul such sentence and pass a sentence in accordance with law.

If it considers that the sentence passed is too severe, it may pass any lesser sentence warranted by law, if it considers that the sentence is inadequate, it may pass a proper sentence

Suspension of sentence

The High Court may, whenever it thinks fits, order that the sentence, in any case coming before it as a Court of Revision, be suspended, and that any person imprisoned under such sentence be released on bail if the offence for which such person has been imprisoned be bailable.

Powers of revision confined to High Court

Except as provided in sections three hundred and twenty-eight and three hundred and ninety-eight, no Court, other than the High Court, shall alter any sentence or order of any Subordinate Court except upon appeal by the parties concerned.

নিষ্পত্তি ও দণ্ডাজ্ঞা পরিবর্ত্তন করিবার ক্ষমতার কথা।

অভিযোগপত্র অবিহিতমতে লেখা গিয়াছে এবং অভিযুক্ত ব্যক্তির যে অপরাধ নির্ণয় হইয়াছে, মোকদ্দমার বৃত্তান্ত দৃষ্টে তাহার অন্য অপরাধ নির্ণয় হওয়া উচিত হাই কোর্ট এমত বোধ করিলে তাহার যে অপরাধ নির্ণয় হওয়া উচিত ছিল সেই অপরাধের দণ্ডাজ্ঞা করিতে পারিবেন।

নিষ্পত্তি পরিবর্ত্তন করিবার ক্ষমতা বিষয়ক উপবিধি।

পরন্তু অভিযোগপত্রে যে ভ্রম থাকে তদ্দ্বারা অভিযুক্ত ব্যক্তির উত্তর দেওনকার্য্যে তাহার গুরুতর ভাবে ভ্রম ও বিঘ্ন হইয়াছে দৃষ্ট হইলে হাই কোর্ট ঐ অপরাধনির্ণয় অসিদ্ধ করিয়া সংশোধিত অভিযোগ পত্রের সহিত অধীন আদালতে মোকদ্দমা ফিরিয়া পাঠাইবেন তাহা হইলে অধীন আদালত আপনি ঐ অভিযোগপত্র সংশোধন করিলে যেরূপে কার্য্য চালাইতেন সেইরূপে ঐ মোকদ্দমার কার্য্যে প্রবর্ত্ত হইবেন।

অপরাধনির্ণয় অসিদ্ধ করিবার ক্ষমতার কথা।

মাজিষ্ট্রেট যে ব্যক্তির অপরাধ নির্ণয় করেন সেই ব্যক্তি যে অপরাধ করিয়াছে তাহা ঐ মাজিষ্ট্রেটের বিচার্য্য নয় হাই কোর্টের এমত বিবেচনা হইলে ঐ কোর্ট ঐ বিচার অসিদ্ধ করিয়া উপযুক্ত ক্ষমতাপন্ন আদালতের সম্মুখে নূতন বিচার হইবার আজ্ঞা করিতে পারিবেন।

অনুচিত দণ্ডাজ্ঞা অসিদ্ধ করিয়া উপযুক্ত দণ্ডাজ্ঞা করিবার ক্ষমতার কথা।

অভিযুক্ত ব্যক্তির যে অপরাধ নির্ণয় হইয়াছে কিম্বা মোকদ্দমার বৃত্তান্ত দৃষ্টে আইনমতে তাহার যে অপরাধ নির্ণয় হইতে পারিত তদ্ধেতুক তাহার যে দণ্ডের আজ্ঞা হইল আইন মতে সেই দণ্ডের আজ্ঞা হইতে পারে না, হাই কোর্ট এমত জ্ঞান করিলে সেই দণ্ডের আজ্ঞা অসিদ্ধ করিয়া আইন অনুযায়ি দণ্ডের আজ্ঞা করিতে পারিবেন।

ঐ দণ্ডের আজ্ঞা অত্যন্ত কঠিন জ্ঞান করিলে আইন অনুযায়ি লঘুতর দণ্ডের আজ্ঞা করিতে পারিবেন। দণ্ডের আজ্ঞা লঘু জ্ঞান করিলে উপযুক্ত দণ্ডের আজ্ঞা করিতে পারিবেন।

দণ্ডের আজ্ঞা স্থগিত রাখিবার কথা।

সংশোধন করণার্থ আদালত স্বরূপ হাই কোর্টের সম্মুখে মোকদ্দমা উপস্থিত করা গেলে সেই মোকদ্দমায় যে দণ্ডের আজ্ঞা হইল হাই কোর্ট বিহিত বোধ করিলে তাহা স্থগিত রাখিবার আজ্ঞা দিতে পারিবেন। এবং ঐ দণ্ডের আজ্ঞামতে কোন ব্যক্তি কারাবদ্ধ থাকিলে ও যে অপরাধের নিমিত্ত তাহাকে কারাবদ্ধ করা গেল তজ্জন্যে হাজিরজামিন লওয়া যাইতে পারিলে হাজিরজামিন লইয়া তাহাকে ছাড়িয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন।

সংশোধন করিতে কেবল হাই কোর্টের ক্ষমতা থাকার কথা।

৩২৮ ও ৩৯৮ ধারায় নির্দ্দিষ্ট স্থলভিন্ন অধীন কোন আদালতের কোন দণ্ডাজ্ঞাতে কি অন্য আজ্ঞাতে যে ব্যক্তিদের সম্পর্ক থাকে তাহারদের আপীল না হইলে হাই কোর্ট ভিন্ন কোন আদালত সেই দণ্ডাজ্ঞা কি আজ্ঞা পরিবর্ত্তন করিতে পারিবেন না।

No person has any right to be heard before any High Court, in the exercise of its powers of revision, either personally or by agent, but the High Court may, if it thinks fit, hear such person either personally or by agent

Optional with Court to hear parties

298. The High Court, the Court of Session, or the Magistrate of the District may order any subordinate Court to inquire into any complaint which has been dismissed under section one hundred and forty-seven

Courts may order inquiry

299. Whenever a case is revised by the High Court under this chapter, it shall certify its decision or order to the Court in which the conviction was had or by which the order was passed, or if the conviction or order was passed by a Magistrate other than the Magistrate of the District, to the Magistrate of the District

Order on revision to be certified to lower Court or District Magistrate

The Court or Magistrate to which the High Court certifies its order shall thereupon make such orders as are conformable to the decision of the High Court, and if necessary the record shall be amended in accordance therewith

In cases revised by the High Court under the chapter, the High Court shall not alter or reverse the sentence or order of the Court below, except as herein provided, nor shall it reverse or set aside the verdict of a jury, unless it is of opinion that the jury was misdirected by the Judge In that case it may set aside the verdict and direct a new trial, if it think fit to do so

300. The provisions of section two hundred and eighty-three shall apply to revision orders under this chapter

Provisions of section 283 to apply

PART VII

EXECUTION

CHAPTER XXIII

301. In cases referred by the Court of Session for the confirmation of a sentence of death by the High Court, the proper officer of the High Court shall without delay, after the order of confirmation or other order has been made by the High Court, send a

হাই কোর্টের সংশোধন করিবার ক্ষমতানুসারে কার্য্য করণকালে কোন ব্যক্তির নিজে কি মোখতারের দ্বারা শ্রুত হইবার অধিকার নাই। কিন্তু হাই কোর্ট উচিত বোধ করিলে নিজ সেই ব্যক্তির কিম্বা তাঁহার মোখতারের কথা শ্রবণ করিতে পারিবেন ইতি।

হাই কোর্টের স্বেচ্ছাধীন উভয় পক্ষের কথা শ্রবণ করিবার কথা।

২৯৮ ধারা। ১৪৭ ধারামতে নালিশ ডিসমিস করা গেলেও হাই কোর্ট কিম্বা সেশন আদালত কিম্বা জিলার মাজিস্ট্রেট সাহেব কোন অধীন আদালতের প্রতি সেই নালিশের তদন্ত লইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

তদন্ত লইবার আজ্ঞা করিতে আদালতের ক্ষমতার কথা।

২৯৯ ধারা। এই অধ্যায়মতে হাই কোর্টকর্ত্তৃক কোন মোকদ্দমার সংশোধন হইলে যে আদালতে উক্ত অপরাধ নির্ণয় কি উক্ত আজ্ঞা করা গিয়াছিল ঐ হাই কোর্ট সেই আদালতে, অথবা জিলার মাজিস্ট্রেটভিন্ন কোন মাজিস্ট্রেটকর্ত্তৃক ঐ অপরাধ নির্ণয় কি ঐ আজ্ঞা করা গেলে, জিলার মাজিস্ট্রেট সাহেবকে সর্টিফিকটদ্বারা আপনার নিষ্পত্তি কি আজ্ঞা জানাইবেন।

সংশোধনক্রমে যে আজ্ঞা করা যায় তাহা অধঃস্থ আদালতে বা জিলার মাজিস্ট্রেটকে জ্ঞাত করিবার কথা।

হাই কোর্ট সর্টিফিকটদ্বারা যে আদালতের কিম্বা যে মাজিস্ট্রেটের নিকট আপনার আজ্ঞা জ্ঞাত করেন, সেই আদালত কি মাজিস্ট্রেট হাই কোর্টের নিষ্পত্তির অনুযায়ি আজ্ঞা করিবেন। আবশ্যক হইলে কাগজ পত্রও তদনুসারে সংশোধন করা যাইবে।

এই অধ্যায়মতে হাই কোর্টের সংশোধিত কোন মোকদ্দমায়, ঐ হাই কোর্ট কেবল এই অধ্যায়ের বিধানমতে অধীন আদালতের দণ্ডাজ্ঞা কি আজ্ঞা পরিবর্ত্তন কি অন্যথা করিতে পারিবেন, নতুবা পারিবেন না। এবং জজ জুরির নিকট অযথার্থ উপদেশ দিলেন এমত অভিমত না থাকিলে জুরির মীমাংসা অন্যথা কি অসিদ্ধ করিবেন না। জজের অযথার্থ উপদেশ হইয়াছে জ্ঞান করিলে হাই কোর্ট তাঁহাদের ঐ মীমাংসা অসিদ্ধ করিয়া বিহিত বোধ করিলে নূতন বিচার হইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

৩০০ ধারা। এই অধ্যায়মতে সংশোধনঘটিত যে আজ্ঞা করা যায় তাহার প্রতি ২৮৩ ধারার বিধান বর্ত্তিবে ইতি।

২৮৩ ধারার বিধান বর্ত্তিবার কথা।

অষ্টম খণ্ড।

আজ্ঞাসাধন করিবার বিধি।

২৩ অধ্যায়।

৩০১ ধারা। সেশন আদালত হাই কোর্টের দ্বারা প্রাণদণ্ডের আজ্ঞা দৃঢ় হইবার জন্যে মোকদ্দমা অর্পণ করিলে, হাই কোর্ট কর্ত্তৃক ঐ আজ্ঞা স্থিরতর হইলে কিম্বা অন্য আজ্ঞা করা গেলে পর, ঐ কোর্টের উপযুক্ত কর্ম্মকারক অগৌণে ঐ হাই কোর্টের মোহরা-

দণ্ডাজ্ঞা স্থিরতর হইবার জন্যে হাই কোর্টে অর্পিত হইলে কার্য্যপ্রণালীর কথা।

Procedure in cases referred to High Court for confirmation

copy of the order under the seal of the High Court, and attested with his official signature, to the Court of Session.

Such Court shall, if the sentence be confirmed or commuted, issue a warrant to the officer in charge of the jail in which the prisoner is confined, to cause the sentence or order to be carried into execution, or, in the case of any other orders, shall cause such orders to be carried into effect

Court of Session to send copy of finding and sentence to District Magistrate

302. In cases tried by the Court of Session, the Court shall forward a copy of its finding and sentence to the Magistrate of the District in which the trial was held

Warrant of execution

If the accused person is sentenced to transportation, imprisonment or whipping, the Court shall forthwith forward him, with a warrant for the execution of the sentence, to the officer in charge of the jail of the district in which the trial was held

The warrant shall state the offence of which the accused person has been convicted and the period during which he is to be transported or imprisoned and the nature of the imprisonment or other punishment

Procedure after sentence passed by Court inferior to Session Court

In cases tried by any Court inferior to a Court of Session, the Court passing the sentence shall forthwith forward the accused person, with a similar warrant for the execution of the sentence, to the officer in charge of the jail of the district in which the trial was held

Form and direction of warrant of commitment

303. Every warrant for the commitment of a person to custody shall be in writing and signed and sealed by the Judge or Magistrate who issues it, and shall be directed to some jailor or other officer or person having authority to receive and keep prisoners, and shall be in the Form (C or D as the case may be) given in the second schedule to this Act or to the like effect

Warrant with whom to be lodged

304 The warrant of commitment shall be lodged with the jailor, if he be in the jail, and if he be not in the jail, with his deputy.

ক্ষিত ও আপনার পদসম্পর্কীয় স্বাক্ষরে স্বাক্ষরিত ঐ আজ্ঞার প্রতিলিপি সেশন আদালতে প্রেরণ করিবেন।

ঐ দণ্ডাজ্ঞা স্থিরতর কি পরিবর্তন হইলে অপরাধী যে জেলখানায় বদ্ধ থাকে সেশন আদালত অগৌণে সেই জেলের অধ্যক্ষের নামে ঐ দণ্ডের আজ্ঞা কি অন্য আজ্ঞামত কার্য্য করিবার ওয়ারণ্ট দিবেন অথবা হাই কোর্টের অন্য প্রকারের আজ্ঞা হইলে সেই আজ্ঞামতে কার্য্য করাইবেন ইতি।

সেশন আদালতের নির্ণয়ের ও দণ্ডাজ্ঞাপত্রের প্রতিলিপি জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকটে পাঠাইবার কথা।

৩০২ ধারা। সেশন আদালতের বিচার হইলে যে জিলার মধ্যে মোকদ্দমার বিচার হয় ঐ আদালত আপনার নিষ্পত্তির ও দণ্ডাজ্ঞার প্রতিলিপি সেই জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকটে পাঠাইবেন।

আজ্ঞামতে কার্য্য হইবার ওয়ারণ্টের কথা।

অভিযুক্ত ব্যক্তির দ্বীপান্তর প্রেরণদণ্ডের কি কারাদণ্ডের কি প্রহারদণ্ডের আজ্ঞা হইলে যে জিলার মধ্যে বিচার হয় আদালত অগৌণে ঐ জিলার জেলের অধ্যক্ষের নিকটে ঐ আজ্ঞামতে দণ্ড হইবার ওয়ারণ্টের সহিত অভিযুক্ত ব্যক্তিকে পাঠাইবেন।

অভিযুক্ত ব্যক্তির যে অপরাধ নির্ণয় হইল ও যত কালের নিমিত্ত তাহার দ্বীপান্তর প্রেরণ কি কারাদণ্ড হইবে ও কারাদণ্ড কি অন্য দণ্ড কি প্রকারের হইবে ওয়ারণ্টে এই২ কথা লেখা থাকিবে।

সেশন আদালতের ভিন্ন আদালত কর্ত্তৃক দণ্ডের আজ্ঞা হইলে যাহা কর্ত্তব্য তাহার কথা।

সেশন আদালতের নিম্নতর কোন আদালতে মোকদ্দমার বিচার হইলে যে আদালত দণ্ডের আজ্ঞা করেন তিনি যে জিলার মধ্যে মোকদ্দমার বিচার করিলেন অগৌণে সেই জিলার জেলের অধ্যক্ষের নিকট ঐ আজ্ঞামতে দণ্ড হইবার পূর্ব্বোক্তরূপ ওয়ারণ্টের সহিত অভিযুক্ত ব্যক্তিকে পাঠাইবেন ইতি।

সমর্পণ করিবার ওয়ারণ্ট লিখিবার পাঠের ও শিরে নামার কথা।

৩০৩ ধারা। কোন ব্যক্তিকে কারাগারে সমর্পণ করিবার ওয়ারণ্ট লিখিয়া দেওয়া যাইবে ও যে জজ কি মাজিষ্ট্রেট তাহা দেন তিনি তাহাতে স্বাক্ষর করিয়া মোহর দিবেন। তাহা জেলরের নামে কিম্বা অন্য যে কার্য্যকারক কি ব্যক্তি কারাবদ্ধ ব্যক্তিদিগকে লইয়া রাখিবার ক্ষমতা পান তাঁহার নামে লিখিয়া দেওয়া যাইবে। ঐ ওয়ারণ্ট এই আইনের দ্বিতীয় তফসীলের C কিম্বা বিষয় বিশেষে D পাঠে কিম্বা তাহার মর্ম্মানুসারে লেখা যাইবে ইতি।

ওয়ারণ্ট যাহাকে দিতে হইবে তাহার কথা।

৩০৪ ধারা। জেলে জেলর থাকিলে কারাবদ্ধ করিবার ওয়ারণ্ট তাঁহার হাতে দেওয়া যাইবে। তিনি না থাকিলে তাঁহার নাএবের হাতে দেওয়া যাইবে।

If the jailor has no deputy, the warrant may be lodged with any officer of the jail then being in the jail.

305. Upon the receipt of a warrant under section three hundred and one or three hundred and two, the officer in charge of the jail shall cause the sentence to be executed, and shall return the warrant, when the sentence has been fully executed to the Court from wich it issued, with an endorsement under his signature, certifying the manner in which the sentence has been executed.

Execution of sentence under section 301 or 302.

306. If a woman sentenced to death be found to be pregnant, the High Court shall order the execution of the sentence to be postponed, and may commute the sentence

Postponement of capital sentence on pregnant woman.

307. Whenever an offender is sentenced to pay a fine, the Court which sentences him may issue a warrant for the levy of the amount by distress and sale of any movable property belonging to the offender, whether on not the offence be punishable with fine only, and whether or not the sentence direct that, in default of payment of the fine, the offender shall suffer imprisonment

Levy of fine

Such warrant may be executed within the Juris diction of the Court that issued it, and it shall authorize the distress and sale of any movable property belonging to the offender without the jurisdiction of the said Court, when endorsed by the Magistrate of the district in which such property is situated.

This section shall not apply to cases in which any special procedure is laid down by any special or local law in force for the time being, for the recovery of any fine, but shall apply to cases in which no such procedure is laid down, and to all fines not levied when this Act comes into force, but which might have been levied under this section if it had been in force when they were imposed

Section to what cases applicable

The warrant may be issued either by the Judge or Magistrate who passes the sentence or by his successor in office

Who may issue warrant

308. Whenever a Criminal Court imposes a fine under any law in force for the time being, or confirms in appeal or revision a sentence of such fine, or a sentence of which such

Payment of fine in compensation

জেলরের নায়েব না থাকিলে জেলের যে কর্ম্মকারক তৎকালে জেলে থাকেন তাঁহার হাতে দেওয়া যাইতে পারিবে ইতি।

৩০৫ ধারা। জেলের অধ্যক্ষ ৩০১ কিম্বা ৩০২ ধারামতে ওয়ারণ্ট পাইলে দণ্ডের আজ্ঞা সাধন করাইবেন, ও সেই দণ্ডাজ্ঞা মত কার্য্য সম্পূর্ণরূপে সাধন হইলে পর তাহা যেরূপে সাধন হইয়াছে ওয়ারণ্টের পৃষ্ঠে ইহার সর্টিফিকট লিখিয়া স্বাক্ষর করিয়া যে আদালতহইতে ওয়ারণ্ট বাহির হইল সেই আদালতে ফিরিয়া পাঠাইবেন ইতি।

৩০১ কি ৩০২ ধারামতে দণ্ড দিবার কথা।

৩০৬ ধারা। স্ত্রীর প্রাণদণ্ডের আজ্ঞা হইলে যদি তাহাকে অন্তরাপত্যা বলিয়া জ্ঞা যায় তবে হাই কোর্ট গৌণে সেই দণ্ডাজ্ঞা সাধন করিবার আজ্ঞা দিবেন এবং দণ্ড পরিবর্ত্তন করিতে পারিবেন ইতি।

অন্তরাপত্যার প্রাণদণ্ডের আজ্ঞা গৌণে সাধন করিবার কথা।

৩০৭ ধারা। অপরাধির অর্থদণ্ড দিবার আজ্ঞা হইলে, ঐ অপরাধ কেবল অর্থদণ্ডে কিম্বা অন্য দণ্ডে দণ্ডনীয় হইলেও, এবং অর্থদণ্ডের টাকা না দেওয়া গেলে অপরাধির কারাদণ্ড হইবার আজ্ঞা হইলে কি না হইলেও, যে আদালত ঐ দণ্ডের আজ্ঞা করিলেন সেই আদালত অপরাধির অস্থাবর কোন সম্পত্তি ক্রোক ও বিক্রয়করণদ্বারা ঐ টাকা আদায় করিবার ওযারণ্ট প্রচার করিতে পারিবেন।

অর্থদণ্ড আদায়ের কথা।

যে আদালত ঐ ওযারণ্ট প্রচার করেন তাঁহার বিচারাধীন স্থানের মধ্যে তদনুযায়ি কার্য্য করা যাইতে পারিবে এবং অপরাধির কোন অস্থাবর সম্পত্তি উক্ত আদালতের বিচারাধীন স্থানের বহির্ভূত অন্য জিলায থাকিলে সেই জিলার মাজিষ্ট্রেট সাহেব ঐ ওয়ারণ্টের পৃষ্ঠে লিখিয়া দিলে তাহার সেই সম্পত্তিও ক্রোক ও বিক্রয় হয় ঐ ওয়ারণ্টে এই অনুমতি থাকিবে।

কোন অর্থদণ্ড আদায করিবার কোন বিশেষ কি স্থানীয় আইন যৎকালে প্রবল থাকে সেই আইনে কোন বিশেষ কার্য্যপ্রণালী নির্দ্দিষ্ট থাকিলে এই ধারা সেই স্থলে খাটিবে না। কিন্তু যে স্থলে তদ্রূপ কার্য্যপ্রণালী নির্দ্দিষ্ট নাই সেই স্থলে খাটিবে। এবং অর্থদণ্ডের আজ্ঞা হওন সময়ে এই ধারা প্রবল থাকিলে যদি এই ধারামতে আদায় হইতে পারিত তবে এই আইন প্রচলিত হওন সময়ে ঐ অর্থদণ্ড আদায না হইয়া থাকিলে এই ধারা সেই দণ্ডের প্রতি খাটিবে।

এই ধারা যেং স্থলে বর্ত্তিবে তাহার কথা।

যে জজ কি মাজিষ্ট্রেট দণ্ডের আজ্ঞা করেন তিনি অথবা তাঁহার উত্তরপদধারি অন্য ব্যক্তি ওয়ারণ্ট দিতে পারিবেন ইতি।

কে ওয়ারণ্ট দিতে পারেন তাঁহার কথা।

৩০৮ ধারা। যৎকালে যে আইন প্রচলিত থাকে তৎকালে ফৌজদারী আদালত সেই আইনমতে অর্থদণ্ডের আজ্ঞা করিলে কিম্বা আপীলক্রমে কিম্বা

অর্থদণ্ডের টাকার একাংশ ক্ষতিপূরণস্বরূপ দিবার কথা।

fine forms a part, the Court may order the whole or any part of the fine to be paid in compensation,

সংশোধন করণ ক্রমে ঐ অর্থদণ্ডের আজ্ঞা কিম্বা অর্থদণ্ড যে আজ্ঞার একাংশ হয় সেই আজ্ঞা দৃঢ় করিলে ঐ আদালত ঐ অর্থদণ্ডের সমুদয় টাকা কিম্বা তাহার কোন অংশ ক্ষতিপূরণস্বরূপ দিবার, অর্থাৎ

(1) for expenses properly incurred in the prosecution,

(১)। মোকদ্দমা চালাইবার নিমিত্ত যথার্থ যে খরচ হয় তাহার পরিশোধে,

(2) for the offence complained of, where such offence can, in the opinion of the Court, be compensated by money

(২)। যে অপরাধের অভিযোগ হইল আদালতের বিবেচনায় অর্থদ্বারা তাহার প্রতিকার হইতে পারিলে সেই প্রতিকারার্থে ঐ টাকা দিবার আজ্ঞা করিতে পারিবেন।

Such payment shall be made, as the Court thinks fit, to or for the benefit of the complainant, or the person injured, or both

আদালত যেমন উচিত বোধ করেন ঐ টাকা তেমনি অভিযোক্তাকে কিম্বা ক্ষতিগ্রস্ত ব্যক্তিকে কি উভয়কে বা তাহাদের উপকারার্থে দেওয়া যাইবে।

If the fine be awarded by a Court whose decision is subject to appeal or revision, the amount awarded shall not be paid until the period prescribed for presentation of the appeal has elapsed, or, if an appeal be presented, till after the decision of the appeal

যে আদালত ঐ অর্থদণ্ডের আজ্ঞা করেন সেই আদালতের নিষ্পত্তির উপর আপীল হইতে পারিলে কিম্বা তাহার সংশোধন হইতে পারিলে উক্ত যে টাকা দিবার আজ্ঞা হইল, আপীল উপস্থিত করিবার মিয়াদ গত না হওন পর্য্যন্ত কিম্বা আপীল উপস্থিত করা গেলে তাহার নিষ্পত্তি না হওনপর্য্যন্ত সেই টাকা দেওয়া যাইবে না।

In any subsequent civil proceedings relating to the same matter, the Court shall take into account any sum which may have been awarded under this section

তৎপশ্চাৎ সেই বিষয় লইয়া দেওয়ানী মোকদ্দমা হইলে এই ধারামতে যে টাকা দিবার আজ্ঞা হইয়া থাকে আদালত তাহাতেও মনোযোগ করিবেন ইতি।

309 In every case punishable under any law in force for the time being, with imprisonment as well as fine, in which the offender is sentenced to a fine, whether with or without imprisonment, the Criminal Courts shall be guided by the provisions of sections sixty four and sixty-five of the Indian Penal Code in awarding the period of imprisonment in default of payment of the fine

Imprisonment in default of payment of fine

৩০৯ ধারা। যৎকালে যে আইন প্রবল থাকে তৎকালে সেই আইনমতে কোন অপরাধের কারাদণ্ড ও অর্থদণ্ড উভয় হইতে পারিলে যদি অপরাধির কারাদণ্ডের সহিত কি তদ্ভিন্ন অর্থদণ্ডের আজ্ঞা হইয়া থাকে, তবে অর্থদণ্ডের টাকা না দেওয়াতে যত কালের নিমিত্ত কারাদণ্ডের আজ্ঞা করিতে হইবে এই বিষয়ে ফৌজদারী আদালত ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ৬৪ ও ৬৫ ধারার বিধানমতে কার্য্য করিবেন।

অর্থদণ্ডের টাকা না দেওয়াতে কারাদণ্ডের কথা।

Provided that in no case decided by a Magistrate, where imprisonment shall have been awarded as part of the substantive sentence, shall the period of imprisonment awarded in default of payment of the fine exceed one fourth of the period of imprisonment which such Magistrate is competent to inflict as punishment for the offence otherwise than as imprisonment in default of payment of the fine

Proviso as to cases decided by a Magistrate

কিন্তু মোকদ্দমা মাজিস্ট্রেটের দ্বারা নিষ্পত্তি হইলে যদি মূলদণ্ডের একাংশ বলিয়া কারাদণ্ডের আজ্ঞা হইয়া থাকে তবে অর্থদণ্ডের টাকা না দেওয়াতে যে কারাদণ্ড হয় তদ্ভিন্ন তিনি ঐ অপরাধের দণ্ডস্বরূপে যত কালের নিমিত্ত কারাদণ্ডের আজ্ঞা করিতে ক্ষমতাপন্ন হন, অর্থদণ্ড না দেওয়াপ্রযুক্ত তাহার চতুর্থাংশের অধিক কারাদণ্ডের আজ্ঞা দিবেন না।

মাজিস্ট্রেট মোকদ্দমা নিষ্পত্তি করিলে তাহার উপবিধি।

Where a person is sentenced to fine only, the Magistrate may award such term of imprisonment in default of payment of fine as is allowed by law, provided the amount does not exceed the Magistrate's powers under this Act

কোন ব্যক্তির কেবল অর্থদণ্ডের আজ্ঞা হইলে অর্থদণ্ড না দেওয়াতে আইনমতে যত কালের নিমিত্ত কারাদণ্ডের অনুমতি থাকে মাজিস্ট্রেট তাহার তত কাল কারাদণ্ডের আজ্ঞা করিতে পারিবেন। কিন্তু এই আইনমতে মাজিস্ট্রেটের যত টাকা দণ্ড করিবার ক্ষমতা থাকে তাহার অধিক দণ্ড না হয় ইতি।

310. When the punishment of whipping is awarded in addition to imprisonment, by a Court whose sentence is open to revision by a superior Court, the whipping shall not be inflicted until fifteen days from the date of such sentence, or, if an appeal be made within that time, until the sentence is confirmed by the superior Court but the whipping shall be inflicted immediately on the expiry of the fifteen days, or, in case of an appeal, immediately on the receipt of the order of the Appellate Court confirming the sentence

Whipping if awarded in addition to imprisonment when to be inflicted

৩১০ ধারা। যে আদালতের দণ্ডাজ্ঞা উপরিস্থ আদালতের দ্বারা সংশোধন হইতে পারে এমত আদালত কোন ব্যক্তির কারাদণ্ডের সহিত প্রহার দণ্ডের আজ্ঞা করিলে ঐ দণ্ডাজ্ঞার তারিখ অবধি পঞ্চদশ দিন গত না হইলে ও তৎকালের মধ্যে যদি আপীল হইয়া থাকে তবে উপরিস্থ আদালত ঐ দণ্ডাজ্ঞা দৃঢ় না করিলে প্রহার করিতে হইবে না, কিন্তু সেই পঞ্চদশ দিন গত হইলেই প্রহারদণ্ড হইবে কিম্বা যদি আপীল হইয়া থাকে তবে আপীল আদালতের সেই দণ্ডের আজ্ঞা দৃঢ় করণসূচক আজ্ঞা পাইলেই দণ্ড হইবে ইতি।

কারাদণ্ডের সহিত প্রহারের আজ্ঞা হইলে প্রহার করিবার সময়ের কথা।

311. In the case of person of or over sixteen years of age, the punishment of whipping shall be inflicted with such instrument, in such mode and on such part of the person, as the Local Government directs, and in the case of a person under sixteen years of age, it shall be inflicted in the way of shool discipline with a light ratan

Mode of inflicting the punishment

৩১১ ধারা। ১৬ বৎসরের কি তাহার ঊর্দ্ধ বয়সের ব্যক্তির সেই দণ্ডের আজ্ঞা হইলে স্থানবিশেষের গবর্ণমেণ্ট যদ্দ্বারা যেরূপে ও শরীরের যে স্থানে প্রহার করিবার আদেশ করেন তদনুসারে ঐ দণ্ড হইবে। অপরাধী ষোল বৎসরের ন্যূন বয়স্ক হইলে পাঠশালার শাসনের ন্যায় লঘু বেত্রে প্রহার হইবে।

ঐ দণ্ড যেরূপে সাধন হইবে তাহার কথা।

In no case, if the cat-of-nine-tails be the instrument employed, shall the punishment of whipping exceed one hundred and fifty lashes, or, if the ratan be employed, shall the punishment exceed thirty stripes

যদি নগাছা কোড়া দ্বারা প্রহার করা যায়, তবে দেড় শত ঘার অধিক মারিতে হইবে না, বেত্র দ্বারা করা গেলে ৩০ ঘার অধিক হইবে না।

The punishment shall be inflicted in the presence of a Magistrate, and also, unless the Court which passed the sentence otherwise orders, in the presence of a Medical Officer

মাজিস্ট্রেটের সাক্ষাতে ঐ দণ্ডসাধন হইবে। এবং যে আদালত ঐ দণ্ডের আজ্ঞা করেন তিনি প্রকারান্তরের আদেশ না করিলে চিকিৎসকও উপস্থিত থাকিবেন ইতি।

312 No sentence of whipping shall be carried into execution unless a Medical Officer, if present, certifies, or, if there is not a Medical Officer present, unless it appears to the Magistrate present, that the offender is in a fit state of health to undergo the punishment

Punishment not to be inflicted if offender not in fit state of health

৩১২ ধারা। শরীরের স্বাস্থ্য বিবেচনায় অপরাধী ঐ দণ্ড সহ্য করিতে পারে চিকিৎসক বর্ত্তমান থাকিয়া ইহার সার্টিফিকট দিলে কিম্বা তিনি না থাকিলে তৎস্থানে উপস্থিত মাজিস্ট্রেট এইরূপ বোধ করিলে, ঐ প্রহার দণ্ডসাধন হইবে নতুবা নয়।

অপরাধির শরীর অসুস্থ থাকিলে ঐ দণ্ড না হইবার কথা।

If during the execution of a sentence of whipping, a Medical Officer certifies, or it appears to the Magistrate present, that the offender is not in a fit state of health to undergo the remainder of the punishment, the whipping shall be finally stopped

Stay of execution

প্রহার করা যাইতেছে এমন সময়ে অপরাধির শরীর গতিক বিবেচনায় তাহার আর প্রহার সহ্য হয় না, চিকিৎসক ইহা শংসিতরূপে কহিলে কিম্বা যে মাজিস্ট্রেট উপস্থিত থাকেন তিনি এমত বোধ করিলে ঐ দণ্ড একেবারে স্থগিত করা যাইবে।

স্থগিত হইবার কথা।

No sentence of whipping shall be executed by instalments

Not to be executed by instalments

প্রহারদণ্ড ভাগবিভাগ করিয়া সাধন করিতে হইবে না ইতি।

থামিয়া২ না মারিবার কথা।

Procedure if punishment cannot be inflicted under the last section

313. In any case in which, under section three hundred and twelve, a sentence of whipping is wholly or partially prevented from being carried into execution, the offender shall be kept in custody till the Court which passed the sentence can revise it, and the said Court may, at its discretion, either order the discharge of such offender, or sentence him, in lieu of whipping, or in lieu of so much of the sentence of whipping as was not carried out, to imprisonment for any period, which may be in addition to any other punishment to which he may have been sentenced for the same offence

Provided that the whole period of imprisonment to which such offender is sentenced shall not exceed that to which he is liable by law, or that which the said Court is competent to award

Sentence in cases of simultaneous conviction of several offences

314. When a person is convicted at one trial of two or more offences punishable under the same or different sections of any law for the time being in force, the Court may sentence him, for the offences of which he has been convicted, to the several penalties prescribed by such enactment or enactments, which such Court is competent to inflict, such penalties, when consisting of imprisonment or transportation, to commence the one after the expiration of the other

It shall not be necessary for the Court, by reason only of the aggregate punishment for the several offences being in excess of the punishment which it is competent to inflict on conviction of a single offence, to send the offender for trial before a higher Court

Maximum term of imprisonment

Provided that in no case shall such person be sentenced to imprisonment for a longer period than fourteen years

Provided also that, if the case be tried by a Magistrate, (other than a Magistrate acting under section thirty-six) the punishment shall not in the aggregate exceed twice the amount of punishment which he is by his ordinary jurisdiction competent to inflict

Trial of previously convicted persons

315 Whoever, having been convicted of an offence punishable under Chapter XII or Chapter XVII of the Indian Penal Code with imprisonment for a term of three years or upwards, is again accused of any offence punishable under either of those chapters with imprisonment for a term of three years or upwards, shall ordinarily, if the Magistrate considers

উক্ত ধারামতে দণ্ড হইতে না পারিলে যাহা কর্ত্তব্য তাহার কথা।

৩১৩ ধারা। ৩১২ ধারামতে প্রহারদণ্ডের আজ্ঞা হইয়াও তাহা সম্পূর্ণরূপে কিম্বা তাহার একাংশ হইবার বাধা হইলে যে আদালত ঐ দণ্ডের আজ্ঞা করেন তিনি যত কাল ঐ দণ্ডাজ্ঞা সংশোধন না করেন ততকাল অপরাধিকে হেফাজতে রাখিতে হইবে। ও সেই আদালত স্বীয় বিবেচনামতে অপরাধির মুক্ত হইবার আজ্ঞা করিতে পারিবেন, অথবা প্রহারের পরিবর্ত্তে কিম্বা ঐ দণ্ডের যে অংশ দেওয়া যাইতে পারে নাই তৎপরিবর্ত্তে তাহার কিয়ৎকাল কারাদণ্ডের আজ্ঞা করিতে পারিবেন, এমন স্থলে সেই অপরাধের নিমিত্তে প্রহার ভিন্ন অপরাধির অন্য দণ্ডের আজ্ঞা হইলে ঐ কারাদণ্ড তদতিরিক্ত হইবে।

কিন্তু আইনমতে অপরাধির যত কাল কারাদণ্ড হইতে পারে কিম্বা উক্ত আদালত যত কাল কারাদণ্ড করিতে ক্ষমতাপন্ন হন সর্ব্বসুদ্ধ তাহার অধিক কাল কারাদণ্ড হইবে না ইতি।

একি কালে অনেক অপরাধের প্রমাণ হইলে তাহার দণ্ডাজ্ঞার কথা।

৩১৪ ধারা। যৎকালে যে আইন প্রবল থাকে তাহার একি কি ভিন্ন২ ধারামতে একি মোকদ্দমায় কোন ব্যক্তির দণ্ডনীয় দুই কি তদধিক অপরাধের প্রমাণ হইলে তাহার যে২ অপরাধের প্রমাণ হয় ঐ আদালত সেই২ অপরাধের নিমিত্ত ঐ২ আইনের নির্দ্দিষ্ট ভিন্ন২ যে দণ্ড করিতে সক্ষম হন সেই২ দণ্ডের আজ্ঞা করিতে পারিবেন। কারাদণ্ডের কি দ্বীপান্তর প্রেরণদণ্ডের আজ্ঞা হইলে এক দণ্ড ভোগ হইলে পর অন্য দণ্ডের আরম্ভ হইবে।

ঐ আদালত একি অপরাধের নিমিত্তে যত দূর দণ্ড করিতে ক্ষমতাপন্ন হন, ঐ সমুদয় অপরাধের দণ্ড তাঁহার ক্ষমতাতিরিক্ত আছে, এইমাত্র কারণে অপরাধিকে উপরিস্থ আদালতে বিচার হইবার নিমিত্তে প্রেরণ করা আবশ্যক হইবে না।

অত্যধিক যত কাল কারাদণ্ড হইবে তাহার কথা।

কিন্তু কোন গতিকে সেই ব্যক্তির চৌদ্দ বৎসরের অধিক কারাদণ্ডের আজ্ঞা হইবে না।

আরো ৩৬ ধারামত কর্ম্মকারি মাজিষ্ট্রেট ভিন্ন অন্য মাজিষ্ট্রেটের দ্বারা সেই মোকদ্দমার বিচার হইলে তিনি স্বীয় সাধারণ ক্ষমতাক্রমে যৎপরিমাণে দণ্ড করিতে পারেন, পূর্ব্বোক্ত দণ্ড সমুদয় তাহার দ্বিগুণের অধিক না হয় ইতি।

পূর্ব্বে যাহারদের অপরাধ নির্ণয় হইয়াছে তাহারদের বিচারের কথা।

৩১৫ ধারা। ভারতবর্ষীয় দণ্ড বিধির আইনের ১২ অধ্যায় কি ১৭ অধ্যায়মতে যে অপরাধের নিমিত্ত তিন বৎসর কি তদধিক কাল কারাদণ্ড হইতে পারে কোন ব্যক্তির সেই অপরাধ নির্ণয় হইলে পর যদি তাহার নামে উক্ত অন্যতর অধ্যায়মতে তিন বৎসর কি তদধিক কারাদণ্ডে দণ্ডনীয় অন্য অপরাধের অভিযোগ হয় তবে মাজিষ্ট্রেট

him an habitual offender, be committed to the Court of Session

Proviso

Provided that, in districts in which the Magistrate of the District has been invested with powers under section thirty-six, the accused person may be placed on his trial before such Magistrate of the District

তাহাকে নিয়ত অপরাধী জ্ঞান করিলে সামান্যতঃ তাহাকে সেশন আদালতে সমর্পণ করা যাইবে।

উপবিধি।

কিন্তু কোন জিলার মাজিষ্ট্রেট সাহেবের প্রতি ৩৬ ধারামতে ক্ষমতা প্রদান করা গেলে সেই জিলার মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে অভিযুক্ত ব্যক্তিকে বিচারার্থে উপস্থিত করা যাইতে পারিবে ইতি।

Currency of sentence on escaped convicts

316. When sentence is passed on an escaped convict for such escape or for any other offence, the Court may direct the sentence to take effect immediately, or after such convict has suffered imprisonment or transportation, as the case may be, for a further period, equal to that which remained unexpired of his former sentence at the time of his escape

পলাতক বন্দির দণ্ড চলনের কথা।

৩১৬ ধারা। পলাতক বন্দির পলায়নপ্রযুক্ত কিম্বা অন্য অপরাধের নিমিত্তে কোন দণ্ডের আজ্ঞা হইলে, আদালত সেই আজ্ঞামতে অপরাধির অগৌণে দণ্ড হইবার অথবা পলায়নকালে তাহার পূর্ব্ব দণ্ডাজ্ঞামতে কারাদণ্ডের কি বিষয়বিশেষে দ্বীপান্তর থাকন দণ্ডের যত কাল অবশিষ্ট ছিল তত কাল দণ্ডভোগ হইলে পর তাহার ঐ আজ্ঞামত দণ্ড হইবার আদেশ করিতে পারিবেন ইতি।

Sentence on offender already sentenced for another offence

317 When sentence is passed on a person already under sentence of imprisonment or transportion, and the sentence is for imprisonment or transportacion, the Court shall direct that such imprisonment or transportation shall commence at the expiration of the imprisonment or transportation to which such person has been previously sentenced,

or, if he is undergoing a sentence of imprisonment, and the sentence, on such subsequent conviction, be for transportation, the Court may direct that the sentence shall commence immediately, or at the expiration of the imprisonment to which such person has been previously sentenced

Proviso

Provided that nothing in this section shall be held to excuse such person from any part of the punishment to which he is liable upon such former or subsequent conviction

এক অপরাধের দণ্ডভোগ করণকালে অন্য অপরাধের দণ্ডের কথা।

৩১৭ ধারা। কোন ব্যক্তি কোন অপরাধের নিমিত্তে কারাদণ্ড কি দ্বীপান্তর প্রেরণ দণ্ড ভোগ করিতেছে এমন সময়ে যদি আবার তাহার কারাদণ্ডের কিম্বা দ্বীপান্তর প্রেরণ দণ্ডের আজ্ঞা হয়, তবে পূর্ব্বোক্ত আজ্ঞামতে কারাদণ্ড কি দ্বীপান্তর প্রেরণ দণ্ড ভোগ করিলে পর আদালত ঐ দ্বিতীয় কারাদণ্ডের কি দ্বীপান্তর প্রেরণদণ্ডের আরম্ভ হইবার আজ্ঞা করিতে পারিবেন।

অথবা যৎকালে কারাদণ্ড ভোগ করিতেছে তৎকালে তাহার অন্য অপরাধ প্রমাণ হইয়া দ্বীপান্তর প্রেরণ দণ্ডের আজ্ঞা হইলে সেই দণ্ডভোগ অগৌণে আরম্ভ হইবে অথবা কারাদণ্ডের পূর্ব্ব আজ্ঞামতে দণ্ডের কাল গত হইলে পর ঐ দ্বীপান্তর প্রেরণ দণ্ডভোগ আরম্ভ হইবে আদালত ইহার একতর আজ্ঞা করিতে পারিবেন।

উপবিধি।

কিন্তু পূর্ব্ব কি পশ্চাৎকৃত অপরাধের প্রমাণক্রমে ঐ ব্যক্তি যে দণ্ডের যোগ্য হয় এই ধারার কোন কথাতে তাহার কোন অংশ ক্ষমা হইল এমত জ্ঞান করিতে হইবে না ইতি।

Confinement of youthful offenders in reformatories

318 When any person, under the age of sixteen years, is sentenced by any Criminal Court to imprisonment for any offence, such Court may direct that such offender, instead of being imprisoned in the criminal jail, shall be confined in any reformatory established by the Local Government as a fit place for confinement in which there are means of suitable discipline and of training in some branch of useful industry, or which is kept by a person willing to obey such rules as the Government prescribes with regard to the discipline and training of persons confined therein

অল্পবয়স্ক অপরাধিদিগকে চরিত্র সংশোধনালয়ে বদ্ধ করিবার কথা।

৩১৮ ধারা। কোন ফৌজদারী আদালত কোন অপরাধের নিমিত্তে ষোল বৎসরের ন্যূন বয়সের কোন ব্যক্তির কারাদণ্ডের আজ্ঞা করিলে তাহাকে অপরাধিদের কারাগারে বদ্ধ না করাইয়া, চরিত্র সংশোধনার্থ যে আলয়ে উপযুক্ত মত শাসন করিবার ও উপকারজনক কোন শিল্পবিদ্যা শিক্ষা করিবার সদুপায় থাকে স্থানীয় গবর্ণমেণ্ট এমত যে সংশোধনালয় বালকদের বদ্ধ থাকার উপযুক্ত স্থান বলিয়া স্থাপন করেন অথবা তদ্রূপ যে আলয়ের কর্ত্তা তথাকার বদ্ধ ব্যক্তিদের শাসন ও পালনাদি বিষয়ে গবর্ণমেণ্টের বিধিমতে কার্য্য করিতে সম্মত হন ঐ আদালত উক্ত অপরাধি বালকের সেই স্থানে বদ্ধ হইবার আজ্ঞা করিতে পারিবেন।

All persons confined under this section shall be subject to the rules so prescribed by Government

319. The Governor India General of in Council may, from time to time, appoint a place or places within British India to which persons sentenced to transportation shall be sent the Local Government, or some officer duly authorized by such Government, shall give orders for the removal of such persons to the place or places so appointed, and no sentence of transportation shall specify the place to which the person sentenced is to be transported

Governor General in Council to appoint places to which persons sentenced to transportation may be sent

Local Government to direct removal of such persons to places appointed

320. When sentence of transportation is passed on a person already undergoing transportation under a sentence previously passed for another offence, it shall not be necessary for the Local Government to order his removal from the place in which he is so undergoing transportation

Person sentenced to transportation while undergoing transportation under previous sentence need not be removed

321. When any person is sentenced to death, the sentence shall direct that he be hanged by the neck till he is dead

Sentence of death

322. When any person has been sentenced to punishment for an offence, the Governor-General of India in Council, or the Local Government may, at any time, without conditions, or upon any conditions which the person sentenced accepts, remit the whole or any part of the punishment to which he has been sentenced.

Power to remit punishment

If the person, to whom a pardon has been given, fails to fulfil the conditions prescribed by the Governor-General of India in Council, or the Local Government, the Governor-General of India in Council or the Local Government, as the case may be, may withdraw such pardon, whereupon such person shall be remanded to undergo the unexpired portion of his sentence

The Governor-General of India in Council, or the Local Government, may also, without the consent of the person sentenced, in substitution for the sentence passed according to law,

Power to commute punishment

যাহারা এই ধারামতে বদ্ধ হয় তাহারা গবর্ণমেণ্টের তদ্রূপ নির্দ্দিষ্ট বিধির অধীন থাকিবে ইতি।

৩১৯ ধারা। যাহাদের দ্বীপান্তর প্রেরণ দণ্ডের আজ্ঞা হয় তাহাদিগকে ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত যে স্থানে কি যে২ স্থানে পাঠাইতে হইবে, মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়ে২ সেই২ স্থান নিরূপণ করিতে পারিবেন। ও স্থানীয় গবর্ণমেণ্ট কিম্বা ঐ গবর্ণমেণ্টকর্ত্তৃক উপযুক্তমতে ক্ষমতাপ্রাপ্ত কোন কার্য্যকারক উক্ত ব্যক্তিদিগকে উক্ত নিরূপিত স্থানে পাঠাইবার আজ্ঞা দিবেন। দ্বীপান্তর প্রেরণ দণ্ডের আজ্ঞা হইলে, দণ্ডের আজ্ঞাপ্রাপ্ত ব্যক্তিকে যে স্থানে পাঠাইতে হইবে ঐ আজ্ঞাপত্রে ইহা নির্দ্দিষ্ট থাকিবে না ইতি।

যাহাদের দ্বীপান্তর প্রেরণের দণ্ডাজ্ঞা হয় তাহাদিগকে যে স্থানে পাঠাইতে হইবে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের ঐ স্থান নিরূপণ করিবার কথা,

তৎস্থানে তাহাদিগকে পাঠাইতে স্থানীয় গবর্ণমেণ্টের আজ্ঞা দিবার কথা।

৩২০ ধারা। কোন ব্যক্তি দ্বীপান্তর প্রেরণ দণ্ড ভোগ করিতেছে এমন সময়ে যদি তাহার অন্য অপরাধের নিমিত্তে আবার দ্বীপান্তর প্রেরণ দণ্ডের আজ্ঞা হয়, তবে যে স্থানে ঐ দ্বীপান্তর প্রেরণ দণ্ড ভোগ করিতেছে স্থানীয় গবর্ণমেণ্টের সেই স্থানহইতে তাহাকে স্থানান্তরে পাঠাইবার আজ্ঞা করা আবশ্যক নাই ইতি।

দণ্ডাজ্ঞাক্রমে দ্বীপান্তরে প্রেরিত ব্যক্তিদিগের দ্বীপান্তর প্রেরণদণ্ডের আজ্ঞা হইলে স্থানান্তরে পাঠাইবার কথা।

৩২১ ধারা। কোন ব্যক্তির প্রাণদণ্ডের আজ্ঞা হইলে সে যাবৎ না মরে তাবৎ তাহার গলদেশে উদ্বন্ধন থাকিবে দণ্ডাজ্ঞার মধ্যে এই আজ্ঞা হইবে ইতি।

প্রাণদণ্ডের আজ্ঞার কথা।

৩২২ ধারা। কোন অপরাধের নিমিত্তে কোন ব্যক্তির দণ্ডের আজ্ঞা হইলে মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল সাহেব কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট কোন সময়ে নিয়ম ব্যতিরেকে কিম্বা ঐ ব্যক্তি যে নিয়ম গ্রাহ্য করে এমত নিয়ম করিয়া তাহার সেই সম্পূর্ণ দণ্ড বা তাহার এক অংশ রহিত করিতে পারিবেন।

দণ্ড ক্ষমা করিবার ক্ষমতার কথা।

কোন ব্যক্তি ক্ষমা পাইলে যদি মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের কিম্বা স্থানীয় গবর্ণমেণ্টের নির্দ্দিষ্ট নিয়ম পালন না করেন তবে মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল সাহেব কিম্বা বিষয়বিশেষে স্থানীয় গবর্ণমেণ্ট সেই ক্ষমা রহিত করিতে পারিবেন তাহা হইলে দণ্ডের অবশিষ্ট অংশ ভোগ করিবার জন্যে সেই ব্যক্তিকে ফিরিয়া পাঠান যাইবে।

আইনমতে কোন ব্যক্তির নিম্নলিখিত কোন দণ্ডের আজ্ঞা হইলে মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল সাহেব কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট ঐ ব্যক্তির সম্মতির অপেক্ষা

দণ্ড পরিবর্ত্তন করিবার ক্ষমতার কথা।

commute any one of the following sentences for any other mentioned after it—

death, transportation, penal servitude, imprisonment

PART VII

EVIDENCE

CHAPTER XXIV

SPECIAL RULES OF EVIDENCE IN CRIMINAL CASES

Evidence of medical witness

323. The examination of a Civil Surgeon or other medical witness, taken and duly attested by a Magistrate, may be given in evidence in any criminal trial although the person examined is not called as a witness

Court may summon medical witness

The Court may summon such Civil Surgeon or other medical witness, if it seems sufficient cause for doing so

Accused may be convicted on his own plea

324 If an accused person admits the commission of an offence before a Court competent to try him for such offence, such Court may convict him on own his admission

Report of Chemical Examiner

325 Any document purporting to be a report from the Chemical Examiner or or Assistant Chemical Examiner to Government upon any matter or thing duly submitted to him for examination or analysis and report, in the course of any criminal trial, or in any preliminary inquiry relating thereto, may, if it bears his signature be used as evidence in any criminal trial

Genuineness of signature may be presumed

The Court may presume that the signature of any such document is genuine, and that the person signing it held the office which he professed to hold at the time when he signed it

Previous conviction or acquittal how proved

326 Where a previous conviction or acquittal is to be proved against an accused person, application shall be made to the officer in whose custody the records of such trial may be It shall not to be necessary to produce the record

না করিয়া তন্মধ্যে যে দণ্ডের পর যে দণ্ড লেখা গেল পূর্ব্ব দণ্ডের পরিবর্ত্তে তৎপর দণ্ডের আজ্ঞা করিতে পারিবেন।

প্রাণদণ্ড, দ্বীপান্তর প্রেরণ দণ্ড, দণ্ডরূপ পরিশ্রম, কারাদণ্ড ইতি।

অষ্টম খণ্ড।

সাক্ষ্যের কথা।

২৪ অধ্যায়।

ফৌজদারী মোকদ্দমায় সাক্ষ্য বিষয়ক বিশেষ বিধি।

চিকিৎসক সাক্ষির সাক্ষ্যের কথা।

৩২৩ ধারা। মাজিস্ট্রেটের দ্বারা সিবিল চিকিৎসকের কিম্বা চিকিৎসাকর্ম্মকারি অন্য সাক্ষির পরীক্ষা লওয়া গেলে ও তাঁহার উক্তি স্বাক্ষরিত হইলে সেই পরীক্ষিত ব্যক্তিকে সাক্ষিস্বরূপ ডাকা না গেলেও ফৌজদারী কোন মোকদ্দমায় তাহার সেই উক্তি সাক্ষ্যস্বরূপ দেওয়া যাইতে পারিবে।

চিকিৎসাকর্ম্মকারী সাক্ষিকে আদালতের সমন করিতে পারিবার কথা।

আদালত সেই সিবিল চিকিৎসককে কিম্বা চিকিৎসকর্ম্মকারি অন্য সাক্ষিকে সমন করিবার বিশিষ্ট কারণ জানিলে তাঁহাকে সমন করিতে পারিবেন ইতি।

অভিযুক্ত ব্যক্তি অপরাধ স্বীকার করিলে তদনুসারে তাহার অপরাধ নির্ণয় করিবার কথা।

৩২৪ ধারা। অভিযুক্ত ব্যক্তির অপরাধহেতুক তাহার বিচার করিবার ক্ষমতাপন্ন আদালতের সম্মুখে সেই ব্যক্তি ঐ অপরাধ করিয়াছি বলিয়া স্বীকার করিলে সেই আদালত তাহার নিজ কথামতে তাহাকে অপরাধি নির্ণয় করিতে পারিবেন ইতি।

কিমীয় দ্রব্য পরীক্ষকের রিপোর্টের কথা।

৩২৫ ধারা। কোন ফৌজদারী মোকদ্দমার চলন সময়ে, কিম্বা তৎসম্বন্ধীয় প্রথম স্থলীয় কোন তদন্ত লওনের কালে গবর্ণমেন্টের পক্ষে কিমীয় দ্রব্য পরীক্ষককে কিম্বা কিমীয় দ্রব্যের সহকারি পরীক্ষককে যে কোন বিষয় কি দ্রব্য পরীক্ষা করিয়া কি তাহার মূলাংশ পৃথক করিয়া রিপোর্ট করণার্থে দেওয় যায়, তদ্বিষয়ে তাঁহার রিপোর্ট বলিয়া যে দলীল থাকে তাহাতে ঐ পরীক্ষকের স্বাক্ষর থাকিলে, তাহা ফৌজদারী কোন মোকদ্দমার বিচারকালে প্রমাণস্বরূপে গ্রাহ্য হইবে।

স্বাক্ষর প্রকৃত ব্যক্তির স্বাক্ষর বলিয়া অনুমান করিবার কথা।

তদ্রূপ কোন দলীলে যে স্বাক্ষর দেওয়া গেল তাহা প্রকৃত ব্যক্তিরই স্বাক্ষর ও তিনি যে সময়ে স্বাক্ষর করিলেন সেই সময়ে আপনাকে যে পদধারী বলিয়া স্বীকার করেন সেই পদধারী ছিলেন আদালত ইহা অনুমান করিতে পারিবেন ইতি।

পূর্ব্বে অপরাধ নির্ণয় বা নির্দ্দোষ হওনের প্রমাণ যে রূপে করা যাইবে তাহার কথা।

৩২৬ ধারা। অভিযুক্ত ব্যক্তির অপরাধ পূর্ব্বে নির্ণয় হইয়াছে কিম্বা তাহাকে পূর্ব্বে নির্দ্দোষ করা গেল ইহার প্রমাণ করিতে হইলে সেই মোকদ্দমার কাগজপত্র যে কর্ম্মকারকের জিম্মায়

of the conviction or acquittal of such accused person, or a copy thereof, but an extract may be produced in proof of such conviction or acquittal if certified, under the hand of the Clerk of the Court or other officer having the custody of the records of the Court in which such conviction or acquittal was had, or by the Deputy of such Clerk or officer, to be a copy of the charge, finding, and sentence, as the case may be.

থাকে তাহার নিকট প্রার্থনা করিতে হইবে। সেই অভিযুক্ত ব্যক্তির অপরাধ নির্ণয় কি নির্দ্দোষ করণ সম্পর্কীয় কাগজ পত্র কি তাহার নকল উপস্থিত করিবার প্রয়োজন নাই। কিন্তু যে আদালতে ঐ ব্যক্তির অপরাধ নির্ণয় কি তাহাকে নির্দ্দোষ করা গেল সেই আদালতের কেরাণী কিম্বা অন্য যে কার্য্যকারকের জিম্মায় কাগজ পত্র থাকে তিনি কিম্বা ঐ কেরাণীর কি কার্য্যকারকের নায়েব ঐ কাগজপত্রহইতে উদ্ধৃত কথা অভিযোগপত্রের বা নিষ্পত্তিপত্রের কিম্বা বিষয় বিশেষে দণ্ডের আজ্ঞার নকল বলিয়া সর্টিফিকট লিখিলে ও তাহাতে স্বাক্ষর করিলে সেই উদ্ধৃত কথা সেই নির্ণয়ের কি নির্দ্দোষ করণের প্রমাণে উপস্থিত করা যাইতে পারিবে ইতি।

327 If an accused person abscond, and after due pursuit cannot be arrested, any Court competent to try or to commit such accused person for trial for the offence complained of, may in his absence record the statements of the persons acquainted with the facts, and such deposition may, on the arrest of such person, be put in on his trial for such offence, if it is not practicable to porcure the attendence of such witnesses

Record of evidence in the absence of the accused

৩২৭ ধারা। অভিযুক্ত ব্যক্তি পলায়ন করিলে ও যথোচিত উদ্যোগ হইলেও তাহাকে ধরা যাইতে না পারিলে তাহার নামে যে অপরাধের নালিশ হয় সেই অপরাধহেতুক তাহার বিচার করিবার কিম্বা বিচারার্থে তাহাকে সমর্পণ করিবার ক্ষমতাপন্ন আদালত তাহার অনুপস্থানে ঐ অপরাধের বৃত্তান্ত যাহারা অবগত থাকে তাহারদের উক্তি লিখিয়া রাখিতে পারিবেন। পরে সেই ব্যক্তিকে ধরা গেলে যদি ঐ সাক্ষিদিগকে উপস্থিত করা যাইতে না পারে তবে সেই অপরাধের নিমিত্ত তাহার বিচার কালে তাহারদের ঐ সাক্ষ্য উপস্থিত করা যাইতে পারিবে ইতি।

অভিযুক্ত ব্যক্তির অনুপস্থানে সাক্ষ্য লিপিবদ্ধ হওয়ার কথা।

328. Whenever any Magistrate, after having heard part of the evidence in a case, ceases to exercise jurisdiction in such case and is succeeded by another Magistrate who has and who exercises jurisdiction in such case, such last-named Magistrate may decide the case on the evidence partly recorded by his predecessor and partly recorded by himself, or he may re-summon the witnesses and commence afresh

Convictions on evidence partly recorded by one Magistrate and partly by another

Provided that the accused person may, when the second Magistrate commences his proceedings, demand that the witnesses shall be re-summoned and reheard, in which case the trial shall be commenced afresh

Provided also that any Court of Appeal or revision, before which the case may be brought,

or, in case tried by Magistrates subordinate to the Magistrate of the District, the Magistrate of the District, without appeal,

may set aside any conviction, passed on evidence not wholly recorded by the Magistrate before whom the conviction was had, if such Court or

৩২৮ ধারা। কোন মাজিষ্ট্রেট কোন মোকদ্দমার সাক্ষ্যের এক অংশ শুনিলে পর সেই মোকদ্দমায় তাঁহার বিচারাধিপত্য রহিত হইলে ও তৎপশ্চাৎ ঐ মোকদ্দমায় বিচারাধিপত্য বিশিষ্ট অন্য মাজিষ্ট্রেট সেই বিচারাধিপত্যক্রমে কর্ম্ম করিলে, শেষোক্ত মাজিষ্ট্রেট অংশত আপন পূর্ব্বপদধারির ও অংশত আপনার লিপিবদ্ধ সাক্ষ্যমতে মোকদ্দমা নিষ্পত্তি করিতে পারিবেন অথবা সাক্ষিদিগকে পুনশ্চ সমন করিয়া গোড়া অবধি আরম্ভ করিবেন।

সাক্ষ্যের এক অংশ এক মাজিষ্ট্রেটের ও অন্য অংশ অন্য মাজিষ্ট্রেটের দ্বারা লিপিবদ্ধ হইলে সেই সাক্ষ্যক্রমে অপরাধ নির্ণয় হইবার কথা।

কিন্তু দ্বিতীয় মাজিষ্ট্রেট মোকদ্দমার কার্য্যানুষ্ঠান করিতে আরম্ভ করিলেই সাক্ষিদিগকে পুনরায় সমন করাইয়া তাহারদের কথা শুনা যায় অভিযুক্ত ব্যক্তি ইহার দাওয়া করিতে পারিবেন। তাহা করিলে প্রথমাবধি মোকদ্দমার পুনর্ব্বিচার হইবে।

কিন্তু যে মাজিষ্ট্রেটের সম্মুখে অপরাধ নির্ণয় হইল তিনি নিজে যে সাক্ষ্য সম্পূর্ণরূপে লিপিবদ্ধ করেন নাই তৎক্রমে ঐ অপরাধ নির্ণয় হইয়া অভিযুক্ত ব্যক্তির পক্ষে গুরুতর হানি হইয়াছে

মোকদ্দমা যে আপীল আদালতে কিম্বা সংশোধনার্থ যে আদালতে উপস্থিত করা যায় সেই আদালতের,

কিম্বা জিলার মাজিষ্ট্রেট সাহেবের অধীন মাজিষ্ট্রেটদের দ্বারা মোকদ্দমার বিচার হইলে জিলার মাজিষ্ট্রেট সাহেবের

Magistrate is of opinion that the accused person has been materially prejudiced thereby, and may order a new trial

Commitments on evidence partly recorded by one officer and partly by another valid

329. Whenever, from any cause, a Magistrate making an inquiry, under chapter XV of this Act, is unable to complete the proceedings himself, any other Magistrate having jurisdiction to inquire and to commit, may complete the case and proceed as if he had recorded all the evidence himself

When a commission may issue

330 Whenever it appears that the attendance of a witness cannot be procured without an amount of delay, expense or inconvenience which under the circumstances of the case would be unreasonable, it shall be competent to a Conrt of Session or to a High Court to dispense with the personal attendance of such witness

Mode of issuing commission

Such Court of Session or High Court may direct a commission to the Magistrate of the District or to a Magistrate of the 1st class in whose jurisdiction such witness may be The Magistrate to whom the commission is directed shall proceed to the place where such witness is, or shall summon such witness before himself Such Magistrate shall take the evidence of such witness in the same manner and shall have for this purpose and may exercise the same powers, as in trials of warrant cases

Prosecutor and accused may examine witness

The prosecutor and the accused person may forward interrogatories to which the officer to whom the commission is directed shall cause a return to be made, or the prosecutor may appear personally before the Magistrate to whom the commission is directed, or the prosecutor or accused person may so appear by authorized agent

Procedure when commission is required in Magistrate s cases

Whenever, in the course of a trial before a Magistrate, it shall appear that a commission ought to be issued for the examination of a witness whose evidence is necessary in such trial, such Magistrate shall apply to the Court of Session, to which he is subordinate, stating the reasons for the application, and such Court may either issue a commis

এমত অনুভব হইলে ঐ আদালত এবং বিনা আপীলে ঐ মাজিষ্ট্রেট সাহেব অপরাধ নির্ণয় করণসূচক সেই নিষ্পত্তি অন্যথা করিয়া নূতন বিচার হইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

যে সাক্ষ্যের একাংশ এক কর্ত্তৃপক্ষের অন্যঅংশ অন্য কর্ত্তৃপক্ষের দ্বারা লিপিবদ্ধ হয় তদনুসারে ব্যক্তিকে সমর্পণ করা গেলে তাহা সিদ্ধ হইবার কথা।

৩২৯ ধারা। কোন মাজিষ্ট্রেট এই আইনের ১৫ অধ্যায়মতে তদন্ত লইতেছেন এমন সময়ে কোন কারণে আনুষ্ঠানিক কার্য্য সমাপ্ত করিতে না পারিলে তদন্ত লইবার ও সমর্পণ করিবার ক্ষমতাপন্ন অন্য কোন মাজিষ্ট্রেট সেই কার্য্য সমাপ্ত করিতে পারিবেন এবং আপনি সমস্ত সাক্ষ্য লিপিবদ্ধ করিলে যেমন কার্য্যানুষ্ঠান করিতেন তেমনি করিতে পারিবেন ইতি।

যে স্থলে কমিশ্যন দেওয়া যাইতে পারে তাহার কথা।

৩৩০ ধারা। অনেক বিলম্ব কি খরচ কি কষ্ট না হইলে সাক্ষিকে উপস্থিত করা যাইতে পারে না এবং বিষয়ের ভাবগতিক বিবেচনায় তদ্রূপ বিলম্ব প্রভৃতি যুক্তিসিদ্ধ নয় দৃষ্ট হইলে, সেশন আদালত কিম্বা হাই কোর্ট সেই সাক্ষির স্বয়ংঅনুপস্থিত থাকিবার অনুমতি দিতে পারিবেন।

কমিশ্যন দিবার নিয়মের কথা।

উক্ত সেশন আদালত কি হাই কোর্ট জিলার মাজিষ্ট্রেটের নামে কিম্বা সাক্ষী প্রথম শ্রেণীর যে মাজিষ্ট্রেটের বিচারাধীন স্থানে থাকে তাঁহার নামে কমিশ্যন লিখিয়া দিতে পারিবেন। যে মাজিষ্ট্রেটকে কমিশ্যন দেওয়া যায় সাক্ষী যে স্থানে থাকে তিনি সেই স্থানে যাইবেন কিম্বা ঐ সাক্ষিকে আপনার নিকট সমন করিবেন। ওয়ারেন্টের মোকদ্দমার বিচার কালে যে প্রকারে সাক্ষ্য লওয়া যায় ও মাজিষ্ট্রেটের যেং ক্ষমতা থাকে সেই মাজিষ্ট্রেট সেই প্রকারে ঐ সাক্ষির সাক্ষ্য লইতে পারিবেন ও তদর্থে তাঁহার সেই ক্ষমতা থাকিবে ও তিনি সেই ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন।

সাক্ষির পরীক্ষা লইতে বাদির ও প্রতিবাদির ক্ষমতার কথা।

বাদী ও অভিযুক্ত ব্যক্তি প্রশ্ন লিখিয়া পাঠাইতে পারিবে ও যে কর্ম্মকারকের নামে কমিশ্যন দেওয়া যায় তিনি ঐ প্রশ্নের উত্তরের রিটর্ণ পাঠাইবেন। অথবা যে মাজিষ্ট্রেটের নামে কমিশ্যন লিখিয়া দেওয়া যায় বাদী তাঁহার সম্মুখে উপস্থিত হইতে পারিবে অথবা বাদী কি অভিযুক্ত ব্যক্তি ক্ষমতাপ্রাপ্ত মোখ্তারের দ্বারা তদ্রূপে উপস্থিত হইতে পারিবে।

মাজিষ্ট্রেটের বিচার্য্য মোকদ্দমায় কমিশ্যন দিবার প্রয়োজন হইলে কার্য্য প্রণালীর কথা।

মাজিষ্ট্রেটের সম্মুখে মোকদ্দমার বিচার হইতেছে এমন সময়ে যে সাক্ষির সাক্ষ্য লওয়া আবশ্যক তাঁহার পরীক্ষা লইবার জন্যে কমিশ্যন দেওয়া উচিত দৃষ্ট হইলে, সেই মাজিষ্ট্রেট যে সেশন আদালতের অধীন হন সেই আদালতে কারণ জানাইয়া কমিশ্যন প্রার্থনা করিবেন ও সেই আদালত পশ্চাৎলিখিত বিধানমতে কমিশ্যন

sion in the manner hereinbefore provided, or may reject the application.

CHAPTER XXV

Evidence how taken

Examination of complainants and witnesses.

331. In all Criminal Courts, complainants and witnesses shall be examined upon oath or affirmation, or otherwise according to the provisions of the law for the time being in force in relation to the examination of witnesses

Manner of recording evidence,

332. In inquiries and trials (other than summary trials) under this Act, the evidence of the witnesses shall be recorded by the Magistrate or Sessions Judge, as the case may be, in the following manner.

In summons cases and in trials by Magistrates of the 1st and 2nd classes of certain offences,

333. In summons cases tried before Magistrates, and in cases of the kind referred to in section two hundred and twenty-two when tried by a Magistrate of the 1st or 2nd class, otherwise than at a summary trial, the Magistrate shall make a memorandum of the substance of the evidence of each witness, as the examination of the witness proceeds

Such memorandum shall be written and signed by the Magistrate with his own hand, and shall form part of the record

If the Magistrate is prevented from making a memorandum as above required, he shall record the reason of his inability to do so, and shall cause such memorandum to be made in writing from his dictation in open Court, and shall sign the same, and such memorandum shall form part of the record

In all other cases before Magistrates and in all proceedings before Courts of Session

334. In all other cases before Magistrates, and in all proceedings before Courts of Session, the evidence of each witness shall be taken down in writing in the language in ordinary use in the district in which the Court is held, by or in the presence and hearing and under the personal direction and superintendence of the Magistrate or Sessions Judge, and shall be signed by the Magistrate or Sessions Judge

Evidence in English

When the evidence of a witness is given in English, the Magistrate or Sessions Judge may take it down in that language with his own hand, and an authenticated translation of the same, in the lan-

দিতে পারিবেন কিম্বা ঐ প্রার্থনা অগ্রাহ্য করিতে পারিবেন ইতি।

২৫ অধ্যায়।

সাক্ষ্য যে রূপে লইতে হইবে তাহার কথা।

বাদিদের ও সাক্ষিদের পরীক্ষা লইবার কথা।

৩৩১ ধারা। সকল ফৌজদারী আদালতে শপথ কি প্রতিজ্ঞা করাইয়া কিম্বা সাক্ষিদের পরীক্ষা লওন বিষয়ে যৎকালে যে আইন প্রবল থাকে সেই আইনের বিধানমতে বাদিদের ও সাক্ষিদের পরীক্ষা লওয়া যাইবে ইতি।

সাক্ষ্য লিখিবার বিষয়ের কথা।

৩৩২ ধারা। সরাসরী মোকদ্দমার বিচার ভিন্ন এই আইনমত সকল তদন্ত ও বিচার কার্য্যে মাজিষ্ট্রেট কিম্বা বিষয় বিশেষে সেশন জজ সাহেব নিম্নলিখিত প্রকারে সাক্ষিদের সাক্ষ্য লিপিবদ্ধ করিবেন ইতি।

সমনের মোকদ্দমায় এবং প্রথম ও দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের দ্বারা কোনং অপরাধির বিচার কালে উক্ত কথা।

৩৩৩ ধারা। মাজিষ্ট্রেটদের সম্মুখে উপস্থিত যে মোকদ্দমায় সামান্যতঃ সমন বাহির হইয়া থাকে এবং সরাসরীমতে বিচার্য্য মোকদ্দমা ভিন্ন ২২২ ধারায় উল্লিখিত প্রকারের মোকদ্দমা প্রথম কি দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটেরদ্বারা বিচার হইলে সেই মোকদ্দমায় একং জন সাক্ষির পরীক্ষা লওন কার্য্য যেমন চলিতেছে মাজিষ্ট্রেট তাহার সাক্ষের মর্ম্ম তেমনি সংক্ষেপে লিখিয়া রাখিবেন।

মাজিষ্ট্রেট আপন হাতে ঐ মর্ম্মাত্মক লিপি লিখিয়া স্বাক্ষর করিবেন। তাহা মোকদ্দমার কাগজপত্রের একাংশ হইবে।

উক্ত আদেশমতে মাজিষ্ট্রেটের মর্ম্মাত্মকলিপি করিবার বাধা থাকিলে তিনি যে কারণে তাহা লিখিতে পারিলেন না তাহা লিপিবদ্ধ করিবেন, এবং মুক্তদ্বার আদালতে আপনার কথনমতে অন্যদ্বারা ঐ মর্ম্মাত্মকলিপি লেখাইয়া তাহাতে স্বাক্ষর করিবেন। ঐ মর্ম্মাত্মকলিপি কাগজপত্রের একাংশ হইবে ইতি।

মাজিষ্ট্রেটের সম্মুখে অন্য সকল মোকদ্দমার ও সেশন আদালতের আনুষ্ঠানিক সকল কার্য্যে উক্ত কথা।

৩৩৪ ধারা। মাজিষ্ট্রেটদের সম্মুখে অন্য সকল মোকদ্দমায় এবং সেশন আদালতের সম্মুখে যে সকল কার্য্যের অনুষ্ঠান হয় তন্মধ্যে, আদালত যে জিলায় থাকে সেই জিলার চলিত ভাষায় প্রত্যেক জন সাক্ষির সাক্ষ্য মাজিষ্ট্রেটের কিম্বা সেশন জজের দ্বারা কি তাঁহার দৃষ্টি ও শ্রুতিগোচরে ও তাঁহার নিজ আদেশমতে ও তত্ত্বাধীনে লিখিয়া লওয়া যাইবে, ও মাজিষ্ট্রেট কি সেশন জজ তাহাতে স্বাক্ষর করিবেন।

ইংরেজী ভাষায় সাক্ষ্য।

সাক্ষী ইংরাজি ভাষায় সাক্ষ্য দিলে মাজিষ্ট্রেট কি সেশন জজ সাহেব ঐ ভাষায় স্বহস্তে সেই সাক্ষ্য লিখিতে পারিবেন। ও আদালত যে জিলায় থাকে সেই জিলার চলিত ভাষার

guage in ordinary use in the district in which the Court is held, shall form part of the record.

If the accused person be a European British subject or be familiar with the English language, no translation shall be necessary

In cases in which the evidence is not taken down in writing by the Magistrate or Sessions Judge, he shall, as the examination of each witness proceeds, make a memorandum of the substance of what such witness deposes and such memorandum shall be written and signed by the Magistrate or Sessions Judge, with his own hands, and shall form part of the record

Memorandum when evidence not taken down in writing

If the Magistrate or Sessions Judge is prevented from making a memorandum as above required, he shall record the reason of his inability to do so.

335. The Local Government may direct that in any district or part of a district, or in proceedings before any Court of Sessions or before any Magistrate or class of Magistrates, the evidence of complainants or witnesses shall be taken down by the Sessions Judge or Magistrate with his own hand in the vernacular language of the Sessions Judge or Magistrate, unless the Sessions Judge or Magistrate be prevented by any sufficient reason from taking down the evidence of any complainant or witness, in which case he shall record the reason of his inability to do so, and shall cause the evidence to be taken down in writing from his dictation in open Court

Local Government may direct evidence to be recorded by Sessions Judge or Magistrate himself in his vernacular.

The evidence so taken down shall be signed by the Sessions Judge or Magistrate, and shall form part of the record

Provided that, if the vernacular language of the Sessions Judge or Magistrate be not English or the language in ordinary use in the district in which the Court is held, the Local Government may direct him to take down the evidence in the English language, or in the language in ordinary use in the district in which the Court is held, instead of his own vernacular

or in English or in language in ordinary use in district

336 In cases of the kind referred to in section three hunderd and thirty-three, tried before Magistrates, the Magistrate may, if he thinks fit, take down the evidence of any witness in the manner provided in section three hundred and

In cases referred to in section 333, Magistrate may record as provided in section 334 or section 335

ঐ সাক্ষ্য অনুবাদিত ও যথার্থ অনুবাদ বলিয়া স্বাক্ষরিত হইয়া ঐ অনুবাদ মোকদ্দমার কাগজপত্রের একাংশ হইবে।

অভিযুক্ত ব্যক্তি ইউরোপীয় ব্রিটনীয় প্রজা হইলে কিম্বা ইংরেজী ভাষা ভাল জানিলে অনুবাদের প্রয়োজন হইবে না।

যে মোকদ্দমায় মাজিষ্ট্রেট কিম্বা শেসন জজ সাহেব স্বহস্তে সাক্ষ্য লিখিয়া না লন সেই মোকদ্দমায় প্রত্যেক জন সাক্ষির সাক্ষ্য যে সময়ে লওয়া যাইতেছে সেই সময়ে ঐ সাক্ষী যাহা কহে তিনি তাহার মর্ম্ম লিখিয়া লইবেন। মাজিষ্ট্রেট কি সেশন জজ সাহেব স্বহস্তে সেই মর্ম্মাত্মকপত্র লিখিয়া তাহাতে স্বাক্ষর করিবেন, ও তাহা মোকদ্দমার কাগজপত্রের একাংশ হইবে।

সাক্ষ্য লিখিত না হইলে মর্ম্মাত্মক লিপির কথা।

পূর্ব্বোক্ত আজ্ঞাক্রমে ঐ মর্ম্ম লিখিতে মাজিষ্ট্রেটের কিম্বা শেসন জজ সাহেবের বাধা থাকিলে তিনি যে কারণে তাহা পারিলেন না তাহা লিপিবদ্ধ করিবেন ইতি।

৩৩৫ ধারা। কোন জিলায় কি জিলার কোন খণ্ডে কিম্বা কোন সেশন আদালতের কি কোন মাজিষ্ট্রেটের কিম্বা কোন শ্রেণীর মাজিষ্ট্রেটের সম্মুখে মোকদ্দমার অনুষ্ঠান হইলে ঐ সেশন জজ কি মাজিষ্ট্রেট স্বদেশীয় ভাষায় স্বহস্তে বাদিদের বা সাক্ষিরদের সাক্ষ্য লেখেন, স্থানীয় গবর্ণমেণ্ট এমত আজ্ঞা করিতে পারিবেন। কিন্তু সেই সেশন জজ কি মাজিষ্ট্রেট উপযুক্ত কোন কারণে কোন বাদির বা সাক্ষির সাক্ষ্য লিখিতে না পারিলে তাঁহার অপারকতার কারণ লিখিয়া মুক্তদ্বার আদালতে আপনার কথনমতে ঐ সাক্ষ্য লেখাইবেন।

সেশন জজের কি মাজিষ্ট্রেটের স্বদেশীয় ভাষায় লিখিতে সাক্ষ্য লিপিবদ্ধ করিবার বিষয়ে স্থানীয় গবর্ণমেণ্টের আজ্ঞা করিতে পারিবার কথা।

তদ্রূপে যে সাক্ষ্য লিখিয়া লওয়া যায় সেশন জজ কিম্বা মাজিষ্ট্রেট তাহাতে স্বাক্ষর করিবেন, ও তাহা মোকদ্দমার কাগজপত্রের একাংশ হইবে।

কিন্তু ইংরাজী ভাষা কিম্বা আদালত যে জিলায় থাকে সেই জিলার চলিত ভাষা মাজিষ্ট্রেটের কি সেশন জজের স্বদেশীয় ভাষা না হইলে স্থানীয় গবর্ণমেণ্ট তাঁহাকে স্বদেশীয় ভাষায় সাক্ষ্য না লিখিয়া ইংরাজি ভাষায় কিম্বা আদালত যে জিলায় থাকে সেই জিলার চলিত ভাষায় লিখিয়া লইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

অথবা ইংরেজী কি জিলার চলিত ভাষায়।

৩৩৬ ধারা। মাজিষ্ট্রেটদের সম্মুখে ৩৩৩ ধারার উল্লিখিত প্রকারের মোকদ্দমার বিচার হইলে মাজিষ্ট্রেট উচিত জ্ঞান করিলে ৩৩৪ ধারার বিধানমতে কোন সাক্ষির সাক্ষ্য লিখিয়া লইতে পারিবেন। কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট যদি ঐ

৩৩৩ ধারার উল্লিখিত স্থলে মাজিষ্ট্রেটের ৩৩৪ কি ৩৩৫ ধারার বিধানমতে লিখিতে পারিবার কথা।

thirty-four, or, if within the jurisdiction of such Magistrate, the Local Government has made the order referred to in section three hundred and thirty-five, in the manner provided in section three hundred and thirty-five

337. The Local Government may determine what, for the purposes of this Act, shall be held to be the language in ordinary use in any district in which a Court is held.

Local Government to decide what language is to be held to be in ordinary use.

338. The evidence taken under section three hundred and thirty-four shall not ordinarily be taken down in the form of question and answer, but in the form of a narrative.

Form of record of evidence.

It shall be in the discretion of the Magistrate or Sessions Judge to take down, or cause to be taken down, any particular question and answer, if there appears any special reason for so doing, or if any person who is a prosecutor or a person accused, or his counsel or agent, requires it

339 As the evidence of each witness, taken under section three hundred and thirty-four, is completed it shall be read over to the witness in the presence of the accused person, if in attendance, or of his agent when his personal attendance is dispensed with and he appears by agent, and shall, if necessary, be corrected

Procedure in regard to evidence when completed

If the witness deny the correctness of any part of the evidence when the same is read over to him, the Magistrate or Sessions Judge may, instead of correcting the evidence, make a memorandum thereon of the objection made to it by the witness, and shall add such remarks as he thinks necessary

If the evidence be taken down in a language different from that in which it has been given, and the witness does not understand the language in which it is taken down, the witness may require his evidence as taken down to be interpreted to him in the language in which it was given, or in a language which he understands

340 In all cases whatever, when the evidence is given in a language not understood by the accused person, it shall be interpreted to him in open Court in a language understood by him, where he is present in person

Interpretation of evidence to accused or his agent.

If he appears by agent, and the evidence is given in a language other than the language in ordinary use in the district in which the Court is held, it shall be interpreted to such agent in that language

মাজিষ্ট্রেটের বিচারাধীন স্থানে ৩৩৫ ধারার উল্লিখিত আজ্ঞা করিয়া থাকেন তবে ৩৩৫ ধারার বিধানমতে সাক্ষির সাক্ষ্য লিখিয়া লইবেন ইতি।

৩৩৭ ধারা। কোন আদালত যে জিলায় থাকে এই আইনের কার্য্যার্থে সেই জিলায় কোন ভাষা চলিত, স্থানীয় গবর্ণমেণ্ট এই কথা নির্ণয় করিতে পারিবেন ইতি।

যে ভাষা চলিত জ্ঞান হইবে স্থান বিশেষের গবর্ণমেণ্টের ইহা নিরূপণ করিবার কথা।

৩৩৮ ধারা। ৩৩৪ ধারামতে যে সাক্ষ্য লওয়া যায় তাহা সামান্যতঃ প্রশ্নোত্তর ভাবে লেখা যাইবে না, কিন্তু বৃত্তান্তভাবে লেখা যাইবে।

সাক্ষ্য যে পাঠে লিখিতে হইবে তাহার কথা।

বিশেষ কোন প্রশ্ন ও উত্তর লিখিবার বিশেষ কারণ দৃষ্ট হইলে কিম্বা বাদী কি অভিযুক্ত ব্যক্তি কি তাহার কৌনসেলী কি মোক্তার কোন বিশেষ প্রশ্ন ও উত্তর লিখিবার প্রার্থনা করিলে, মাজিষ্ট্রেট কিম্বা সেশন জজ সাহেব নিজ বিবেচনায় তাহা লিখিবেন কি লেখাইবেন ইতি।

৩৩৯ ধারা। ৩৩৪ ধারামতে কোন ব্যক্তির সাক্ষ্য লওয়া সমাপ্ত হইলে পর অভিযুক্ত ব্যক্তি উপস্থিত থাকিলে তাহার সাক্ষাতে কিম্বা সে অনুপস্থিত থাকিবার অনুমতি পাইয়া মোক্তারের দ্বারা উপস্থিত হইলে ঐ মোক্তারের সাক্ষাতে ঐ সাক্ষ্য সাক্ষির নিকটে পাঠ করা যাইবে ও আবশ্যকমতে সংশোধন করা যাইবে।

সাক্ষ্য লওয়া সমাপ্ত হইলে যাহা কর্ত্তব্য তাহার কথা।

সাক্ষির নিকট পাঠ করিবার সময়ে যদি সে সাক্ষ্যের কোন অংশ অশুদ্ধ কহে, তবে মাজিষ্ট্রেট কি সেশন জজ ঐ সাক্ষ্য সংশোধন না করিয়া, তদ্বিষয়ে সাক্ষী যে আপত্তি করে তাহার মর্ম্ম লিখিতে পারিবেন, ও তাহাতে আপনার যে মন্তব্য কথা লেখা আবশ্যক বোধ করেন লিখিবেন।

সাক্ষ্য যে ভাষায় দেওয়া গেল তদ্ভিন্ন অন্য ভাষায় লেখা গেলে ও যে ভাষায় লেখা গেল সাক্ষী তাহা বুঝিতে না পারিলে আমার যে সাক্ষ্য লেখা গিয়াছে তাহা যে ভাষায় কহিলাম কিম্বা অন্য যে ভাষা বুঝিতে পারি এমত ভাষায় আমার নিকটে ব্যক্ত করা যায় সাক্ষী এমত আদেশ করিতে পারিবে ইতি।

৩৪০ ধারা। অভিযুক্ত ব্যক্তি স্বয়ং উপস্থিত হইলে ও সাক্ষ্য যে ভাষায় দেওয়া গেল তাহা বুঝিতে না পারিলে, সে যে ভাষা বুঝে সেই ভাষায় অনুবাদ করিয়া তাহা মুক্তদ্বার আদালতে সর্ব্বদাই তাহার নিকটে ব্যক্ত করা যাইবে।

সাক্ষ্য অনুবাদ করিয়া অভিযুক্ত ব্যক্তির কি তাহার মোক্তারের নিকটে ব্যক্ত হইবার কথা।

অভিযুক্ত ব্যক্তি মোক্তারের দ্বারা উপস্থিত হইলে ও আদালত যে জিলায় থাকে সেই জিলার চলিত ভাষাভিন্ন অন্য ভাষায় সাক্ষ্য দেওয়া গেলে ঐ সাক্ষ্য জিলার চলিত ভাষায় অনুবাদ করিয়া মোক্তারের নিকটে ব্যক্ত করা যাইবে।

In cases in which documents are put in for the purpose of formal proof, it shall be in the discretion of the Court to interpret as much thereof as appears necessary

341. Every Sessions Judge or Magistrate recording the evidence of a witness shall record such remarks as he thinks material respecting the demeanour of such witness whilst under examination.

Remarks respecting demeanour of witness

Of the examination of accused persons.

342. In all inquiries and trials a Criminal Court may from time to time and at any stage of the pro proceedings,

Accused may be questioned

put any questions to the accused person which such Court may think proper

343. The accused person shall not be liable to any punishment for refusing to answer, or for answering falsely, questions asked under section three hundred and forty-two, but the Court shall draw such inferences as seems just from such refusal.

Accused not punishable for refusal to answer

344 Except as is provided in section three hundred and forty-seven, no influence, by means of any promise or threat or otherwise, shall be used to the accused person to induce him to disclose or withhold any matter within his knowledge

No influence to be used to induce disclosure

345 No oath or affirmation shall be administered to the accused person

Accused not to be sworn

346 Whenever an accused person is examined, the whole of such examination including every question put to him and every answer given by him, shall be recorded in full, and shall be shown or read to him, and he shall be at liberty to explain or add to his answers

Examination of accused how recorded

When the whole is made conformable to what he declares is the truth, the examination shall be attested by the signature of the Magistrate or Sessions Judge, who shall certify under his own hand that it was taken in his presence and in his hearing, and contains accurately the whole of the statement made by the accused person

In cases in which the examination of the accused person is not recorded by the Magistrate or Sessions Judge himself, he shall be bound, as the examination proceeds, to make a memorandum thereof in the vernacular of the district, or in English, if he is sufficiently acquainted with that

যাঁতামত প্রমাণস্বরূপ দলীল উপস্থিত করা গেলে আদালত সেই দলীলের যে অংশের অর্থ করিয়া দেওয়া আবশ্যক জ্ঞান করেন সেই অংশের অর্থ করিয়া দিবেন ইতি।

৩৪১ ধারা। যে সেশন জজ কিম্বা মাজিষ্ট্রেট সাক্ষির সাক্ষ্য লিপিবদ্ধ করেন সাক্ষ্য দেওন সময়ে সাক্ষী যদ্রূপ আচরণ করে তদ্বিষয়ে তিনি যে কথা লেখা গুরুতর জ্ঞান করেন, তাহাও লিপিবদ্ধ করিবেন ইতি।

সাক্ষির আচরণ বিষয়ে মন্তব্য কথা।

অভিযুক্ত ব্যক্তিদের পরীক্ষার কথা।

৩৪২ ধারা। তদন্ত ও বিচারকরণকার্য্যে ফৌজদারী আদালত মধ্যে২ ও মোকদ্দমা চলিবার কোন সময়ে, অভিযুক্ত ব্যক্তির নিকট যে কথা জিজ্ঞাসা করা উচিত বোধ করেন জিজ্ঞাস করিতে পারিবেন ইতি।

অভিযুক্ত ব্যক্তির প্রতি প্রশ্ন হইবার কথা।

৩৪৩ ধার। ৩৪২ ধারামতে যে২ প্রশ্ন করা যায় অভিযুক্ত ব্যক্তি তাহার উত্তর না দেওয়া কি মিথ্যা উত্তর দেওয়া প্রযুক্ত দণ্ডের যোগ্য হইবে না, কিন্তু উত্তর না দেওয়াতে ন্যায্যমতে যদ্রূপ অনুমান হইতে পারে আদালত এমত অনুমান করিবেন ইতি।

উত্তর না দেওয়া প্রযুক্ত অভিযুক্ত ব্যক্তির দণ্ডনীয় না হওয়ার কথা।

৩৪৪ ধারা। ৩৪৭ ধারায় যে স্থলের বিধান হইয়াছে তদ্ভিন্ন স্থলে অভিযুক্ত ব্যক্তির নিকট কোন বিষয়ের অঙ্গীকার করিয়া কি তাহাকে ভয় দেখাইয়া কিম্বা অন্য প্রকারে তাহার জানা কোন কথা প্রকাশ করিবার কি গুপ্ত রাখিবার প্রবৃত্তি জন্মাইয়া দিতে হইবে না ইতি।

কোন কথা প্রকাশ করিবার প্রবৃত্তি না দিবার কথা।

৩৪৫ ধারা। অভিযুক্ত ব্যক্তিকে শপথ কি ধর্ম্মতঃ প্রতিজ্ঞা করাইতে হইবে না ইতি।

অভিযুক্ত ব্যক্তিকে শপথ না করাইবার কথা।

৩৪৬ ধারা। অভিযুক্ত ব্যক্তির পরীক্ষা হইলে তাহার নিকট যে২ প্রশ্ন হয় ও সে যে২ উত্তর দেয় তাহা বিস্তারিতরূপে লিখিয়া তাহাকে দেখান যাইবে কিম্বা তাহার নিকটে পাঠ করা যাইবে, ও সে আপনার কোন উত্তরের অর্থ করিতে কিম্বা তাহাতে অন্য কথা সংযোগ করিতে পারিবে।

অভিযুক্ত ব্যক্তির সাক্ষ্য লিখিবার নিয়মের কথা।

সে যাহা সত্য বলিয়া স্বীকার করে সমুদয় কথা সেই রূপে লেখা গেলে পর মাজিষ্ট্রেট কিম্বা সেশন জজ সাহেব ঐ উত্তরে স্বাক্ষর করিয়া ঐ পরীক্ষা আমার দৃষ্টি ও শ্রুতিগোচরে লওয় গিয়াছে ও অভিযুক্ত ব্যক্তি যাহা কহিল ইহা তৎসমুদয়ের শুদ্ধ বর্ণনা এই সর্টিফিকট লিখিয়া তাহাতে স্বাক্ষর করিবেন।

মাজিষ্ট্রেট কি সেশন জজ আপনি অভিযুক্ত ব্যক্তির উত্তর লিপিবদ্ধ না করিলে ঐ ব্যক্তির পরীক্ষা হওনসময়ে জিলার চলিত ভাষায় কিম্বা ইংরাজী ভাষার তাঁহার উপযুক্ত জ্ঞান থাকিলে ইংরাজী ভাষায় ঐ উত্তরের মর্ম্মাত্মক কথা তাঁহার লিখিতেই হইবে। মাজিষ্ট্রেট কি সেশন জজ আপন হাতেই ঐ মর্ম্মাত্মক কথা লিখিয়া স্বাক্ষর করিবেন ও তাহা কাগজপত্রের

language; and such memorandum shall be written and signed by the Magistrate or Sessions Judge with his own hand, and shall be annexed to the record If the Magistrate or Sessions Judge is precluded from making a memorandum as above required, he shall record the reason of his inability to do so

The accused person shall sign or attest by his mark such record

If the examination be taken in the course of a preliminary inquiry, and the Court of Session find that the provisions of this section have not been fully complied with, it shall take evidence that the prisoner duly made the statement recorded Provided that if the error does not prejudice the prisoner, it shall not be deemed to effect the admissibility of the statement so recorded

347. The Magistrate of the District, any Magistrate of the 1st class inquiring into the case, or with the sanction of the Magistrate of the District, any Magistrate duly empowered to commit to the Court of Session, may, after recording his reason for so doing, tender a pardon to any one or more of the persons supposed to have been directly or indirectly concerned in or privy to any offence specified in column seven of the fourth schedule hereto annexed as triable exclusively by the Court of Session, on condition of his or their making a full, true, and fair disclosure of the whole of the circumstances within his or their knowledge, relative to the crime committed, and every other person concerned in the perpetration thereof

Magistrate may tender pardon to accomplice

Any person accepting a tender of pardon under this section shall be examined as a witness in the case under the rules applicable to the examination of witnesses

Such person, if not on bail, shall be detained in custody pending the termination of the trial

A Magistrate, having tendered a pardon under this section and examined the accused person, is precluded from trying the case himself

348. The High Court as a Court of revision, and the Court of Session after committal but before the commencement of a trial, may, with the view of obtaining on the trial the evidence of any person or persons supposed to have been directly or indirectly concerned in or privy to any such offence, instruct the committing Magistrate to tender a pardon on the same condition to such person or persons

High Court or Court of Session may direct tender of pardon.

দাখিল করা যাইবে। মাজিষ্ট্রেট কি সেশন জজ পূর্ব্বোক্ত প্রকারের মর্ম্মাত্মক পত্র লিখিতে না পারিলে তাঁহার না পারিবার কারণ লিপিবদ্ধ করিবেন।

অভিযুক্ত ব্যক্তি উক্ত পত্রে স্বাক্ষর করিবে কিম্বা চরা সহী দিয়া তাহার প্রমাণ করিবে।

প্রথম অনুসন্ধান লওনের সময়ে ঐ পরীক্ষা লওয়া গেলে এবং এই ধারার বিধানমতে সম্পূর্ণরূপে কার্য্য হয় নাই সেশন আদালত ইহা দেখিতে পাইলে প্রতিবাদী নিয়মিতরূপে ঐ লিপিবদ্ধ কথা যে কহিয়াছিল ইহার প্রমাণ লইবেন। পরন্তু যদি সেই ভ্রমদ্বারা প্রতিবাদির পক্ষে কোন ব্যাঘাত না হইয়া থাকে তবে ঐ ভ্রমেতে তদ্রূপ লিপিবদ্ধ কথা গ্রাহ্য হইবার কোন বাধা হইল এমত জ্ঞান করিতে হইবে না ইতি।

৩৪৭ ধারা। এই আইনের চতুর্থ তফসীলের ৭ ঘরে কেবল সেশন আদালতের বিচার্য্য বলিয়া যে অপরাধ নির্দ্দিষ্ট থাকে, সেই অপরাধে যাহারদের স্পষ্টরূপে কি চক্রান্তে সম্পর্ক কি সমজ্ঞান থাকা অনুভব হয়, তাহারদের কোন এক কি অধিক ব্যক্তি ঐ কৃত অপরাধ বিষয়ে যাহা জ্ঞাত আছে, সম্পূর্ণ ও যথার্থ ও সরলভাবে তাহার তাবৎ বৃত্তান্ত ও ঐ অপরাধে অন্য যত জন লিপ্ত থাকে তাহারদের নাম প্রকাশ করিবে এই নিয়মে জিলার মাজিষ্ট্রেট সাহেব কিম্বা ঐ মোকদ্দমার তদন্তকারি প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেট কিম্বা জিলার মাজিষ্ট্রেটের অনুমতিক্রমে সেশন আদালতে সমর্পণ করিবার উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত কোন মাজিষ্ট্রেট তাহাকে ক্ষমা করিবার প্রস্তাব করিতে পারিবেন ও যে কারণে ক্ষমার প্রস্তাব করেন তাহা লিপিবদ্ধ করিবেন।

সহায়ের ক্ষমা করিতে মাজিষ্ট্রেটের প্রস্তাব করিবার কথা।

কোন ব্যক্তি এই ধারামত ক্ষমার প্রস্তাব গ্রাহ্য করিলে সাক্ষিদের পরীক্ষা লওনের যে সকল বিধি আছে সেই বিধিমতে ঐ মোকদ্দমার সাক্ষির ন্যায় ঐ ব্যক্তির সাক্ষ্য লওয়া যাইবে।

সেই ব্যক্তি যদি হাজিরজামিন দিয়া মুক্ত না থাকে, তবে ঐ মোকদ্দমার বিচার সমাপ্ত না হওনপর্য্যন্ত তাহাকে হেফাজতে রাখা যাইবে।

কোন মাজিষ্ট্রেট এই ধারামতে ক্ষমা করিবার প্রস্তাব করিয়া অভিযুক্ত ব্যক্তির পরীক্ষা লইলে, আপনি মোকদ্দমার বিচার করিতে পারিবেন না ইতি।

৩৪৮ ধারা। তদ্রূপ কোন অপরাধে যাহার কি যাহাদের স্পষ্টরূপে কি চক্রান্তে সম্পর্ক কি সমজ্ঞান থাকা অনুভব হয়, সংশোধনার্থ আদালতস্বরূপ হাই কোর্ট এবং সেশন আদালত ঐ মোকদ্দমার বিচার কালে উক্ত কোন ব্যক্তির কি ব্যক্তিদের সাক্ষ্য প্রকটিত প্রায়ে মোকদ্দমা সমর্পণ করা গেলে পর কিন্তু বিচার কার্য্য আরম্ভ হইবার পূর্ব্বে সমর্পণকারি মাজিষ্ট্রেটকে পূর্ব্বোক্ত নিয়মমতে ঐ ব্যক্তির কি ব্যক্তিদের ক্ষমা প্রস্তাব করিবার আদেশ করিতে পারিবেন।

হাই কোর্ট কি সেশন আদালত যেং স্থলে ক্ষমার প্রস্তাব করিতে পারেন তাহার কথা।

The Court of Session, in like manner and on the same condition, may, at any time before judgment is passed, with the view of obtaining on the trial the evidence of any person or persons supposed to have been directly or indirectly concerned in or privy to any such offence, tender a pardon to such person or persons

349. When a pardon has been tendered under section three hundred and forty-seven or section three hundred and forty-eight, if it appears to the Magistrate before the trial, or to the Court of Session before judgment has been passed, or to the High Court as a Court of reference or revision, that any person who has accepted such offer of pardon has not conformed to the conditions under which the pardon was tendered, either by wilfully concealing anything essential, or by giving false evidence, such Magistrate or Court may commit or direct the commitment of such person for trial for the offence in respect of which the pardon was so tendered

When Magistrate Court of Session, or High Court may direct commitment of person to whom pardon has been tendered

The statement made by a person under pardon which pardon has been withdrawn under this section, may be put in evidence against him.

CHAPTER XXVI.—OF SECURING THE ATTENDANCE OF WITNESSES

350. The following procedure shall be pursued in order to obtain the attendance of witnesses before a Magistrate or Criminal Court

Procedure for obtaining attendance of witnesses

351. Any Court or Magistrate may, at any stage of any proceeding, inquiry or trial, summon, in the manner provided by Chapter XII, any witness, or examine any person in attendance though not summoned as a witness, and it shall be its or his duty to do so if the evidence of such person appears essential to the just decision to the case

Power to summon material witness or examine person present

352. If a Court or Magistrate has reason to believe that any witness, whose attendance is required, will not attend to give evidence without being compelled to do so, it or he may, instead of issuing a summons, issue a warrant of arrest in the first instance.

When warrant of arrest may issue in first instance

আরো তদ্রূপ কোন অপরাধে যে ব্যক্তির কি যে ব্যক্তিদের স্পষ্টরূপে কি চক্রান্তে সম্পর্ক কি সংস্রব থাকা অনুভব হয়, সেশন আদালত নিষ্পত্তির পূর্ব্বে কোন সময়ে তাহার কি তাহারদের সাক্ষ্য লইবার অভিপ্রায়ে মোকদ্দমার বিচারের কোন সময়ে উক্ত প্রকারে ও সেই নিয়মমতে তাহার কি তাহারদের ক্ষমার প্রস্তাব করিতে পারিবেন ইতি।

৩৪৯ ধারা। ৩৪৭ কিম্বা ৩৪৮ ধারামতে ক্ষমার প্রস্তাব হইলে পর, কোন ব্যক্তি ঐ ক্ষমার প্রস্তাব গ্রাহ্য করিলেও আবশ্যক কোন কথা ইচ্ছা পূর্ব্বক গোপন করিয়া কিম্বা মিথ্যা সাক্ষ্য দিয়া ঐ ক্ষমা পাইবার প্রস্তাবের নিয়ম অনুযায়ি কার্য্য করে নাই, বিচার হইবার পূর্ব্বে মাজিষ্ট্রেট সাহেব, কিম্বা নিষ্পত্তি হইবার পূর্ব্বে সেশন আদালত, কিম্বা অর্পিত বিবাদ গ্রহণ যোগ্য কি সংশোধনার্থ আদালতস্বরূপ হাই কোর্ট এমত বোধ করিলে যে অপরাধ সম্পর্কে ক্ষমার প্রস্তাব হইয়াছে ঐ মাজিষ্ট্রেট কি আদালত কি কোর্ট সেই অপরাধের নিমিত্তে বিচার হওনার্থে ঐ ব্যক্তিকে সমর্পণ করিতে কিম্বা করিবার আজ্ঞা দিতে পারিবেন।

যাহাদিগকে ক্ষমা করিবার প্রস্তাব হয় তাহাদিগকেও হাই কোর্টের কি সেশন আদালতের সমর্পণ করিবার আজ্ঞা করিতে পারিবার কথা।

এই ধারামতে ক্ষমার প্রস্তাব রহিত করা গেলে ক্ষমা পাইবার আশয়ে ঐ ব্যক্তি যে কথা কহিয়াছিল তাহা তাহার বিপক্ষ প্রমাণে উল্লেখ হইতে পারিবে ইতি।

---

২৬ অধ্যায়।—সাক্ষিদিগকে উপস্থিত করাইবার বিধি।

৩৫০ ধারা। মাজিষ্ট্রেটের কি ফৌজদারী আদালতের সম্মুখে এই প্রণালীমতে সাক্ষিদিগকে উপস্থিত করাইবার কার্য্য করিতে হইবে ইতি।

সাক্ষিদিগকে উপস্থিত করাইবার কার্য্যপ্রণালী।

৩৫১ ধারা। কোন আদালত কি মাজিষ্ট্রেট মোকদ্দমার অনুষ্ঠান করিবার কি তদন্ত লইবার কি বিচার করিবার কোন সময়ে ১২ অধ্যায়ের বিধানমতে কোন সাক্ষিকে সমন করিতে পারিবেন ও সমন না হইয়া যে ব্যক্তি আদালতে উপস্থিত থাকে সাক্ষিস্বরূপ তাহার পরীক্ষা লইতে পারিবেন। এবং ন্যায়মতে মোকদ্দমার নিষ্পত্তি হইবার নিমিত্তে ঐ ব্যক্তির সাক্ষ্য অত্যাবশ্যক বোধ হইলে ঐ আদালতের কি মাজিষ্ট্রেটের উক্ত প্রকারে কার্য্য করা কর্ত্তব্য ইতি।

গুরুতর সাক্ষিকে সমন করিবার কিম্বা উপস্থিত ব্যক্তির পরীক্ষা লইবার ক্ষমতার কথা।

৩৫২ ধারা। যে সাক্ষির উপস্থিত হওয়া প্রয়োজন এমত সাক্ষিকে বলপূর্ব্বক উপস্থিত না করা গেলে সে সাক্ষ্য দিবার জন্যে উপস্থিত হইবে না, আদালতের কি মাজিষ্ট্রেটের এমত বিশ্বাস করিবার কারণ থাকিলে তিনি সমন না দিয়া প্রথমেই তাহাকে ধরিয়া আনিবার ওয়ারেণ্ট দিতে পারিবেন ইতি।

যে স্থলে প্রথমেই ধরিবার ওয়ারেণ্ট বাহির হইতে পারে তাহার কথা।

353. **If such warrant cannot be executed and the Court or Magistrate considers that the witness absconds or conceals himself for the purpose of avoiding the service thereof, it or he may issue a proclamation, requiring the attendance of such witness to give evidence at a time and place to be named therein, to be affixed on some conspicuous part of such witness' ordinary place of abode**

Procedure when warrant cannot be served

If the witness does not attend at the time and place named in such proclamation, the Court or Magistrate may order the attachment of any movable property belonging to such witness to such amount as seems reasonable, not being in excess of the amount of costs of attachment and of any fine to which the witness may be liable under the provisions of the following section

Such order shall authorize the attachment of any movable property within the jurisdiction of the Court or Magistrate by whom it was made, and it shall authorize the attachment of any movable property without the jurisdiction of the said Court or Magistrate, when endorsed by the Magistrate of the District in which such property is situated

৩৫৩ ধারা। ঐ ওয়ারন্টমতে কার্য্য হইতে না পারিলে, ও না হয় এই নিমিত্ত সাক্ষী পলায়ন করিয়াছে কি গোপনে আছে আদালতের কি মাজিষ্ট্রেটের এমত বোধ হইলে তিনি ঘোষণাপত্র প্রচার করিয়া ঐ পত্রের নির্দ্দিষ্ট সময়ে ও স্থানে সাক্ষ্য দিবার জন্যে সাক্ষিকে উপস্থিত হইবার আজ্ঞাসূচক সেই ঘোষণাপত্র ঐ ব্যক্তির নিরত নিবাসের কোন প্রকাশ স্থানে লাগাইয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন।

ওয়ারন্ট তাহাকে দেওয়া যাইতে না পারিলে তাহার কথা।

সাক্ষী ঐ ঘোষণাপত্রের নিরূপিত সময়ে ও স্থানে উপস্থিত না হইলে আদালত কি মাজিষ্ট্রেট যত টাকা উপযুক্ত বোধ করেন ঐ সাক্ষির তত টাকার অস্থাবর কোন সম্পত্তি ক্রোক হইবার আজ্ঞা করিতে পারিবেন। কিন্তু ক্রোক করিতে যত খরচ লাগে, ও পশ্চাৎ লিখিত ধারার বিধানমতে ঐ সাক্ষির যত টাকা দণ্ড হইতে পারে, তাহার অধিক টাকার সম্পত্তি ক্রোক করাইবেন না।

যে আদালত কি মাজিষ্ট্রেট ঐ আজ্ঞা করেন ঐ আজ্ঞামতে তাঁহার বিচারাধীন স্থানের অন্তর্গত কোন অস্থাবর দ্রব্য ক্রোক করিবার অনুমতি থাকিবে। এবং ঐ আদালতের কি মাজিষ্ট্রেটের বিচারাধীন স্থানের বহির্ভূত যে জিলায় তাহার কোন সম্পত্তি থাকে সেই জিলার মাজিষ্ট্রেট ঐ আজ্ঞাপত্রের পৃষ্ঠে লিখিলে সেই জিলার মধ্যগত অস্থাবর দ্রব্য ক্রোক হইবার অনুমতি থাকিবে ইতি।

354. If the witness appears and satisfies such Court or Magistrate that he did not abscond or conceal himself for the purpose of avoiding the execution of the warrant, and that he had not notice of the proclamation in time to attend at the time and place named therein, the Court or Magistrate shall direct that the property be released from attachment, and shall make such order in regard to the costs of the attachment as to such Court or Magistrate seems fit

Release of attached property of witness appearing and satisfying Court or Magistrate.

৩৫৪ ধারা। ওয়ারন্ট অনুসারে কার্য্য না হয় এই নিমিত্ত সাক্ষী পলায়ন করে নাই কি গোপনে থাকে নাই ও ঘোষণাপত্রের সম্বাদ বিলম্বে পাওয়াতে ঐ পত্রের লিখিত সময়ে ও স্থানে উপস্থিত হইবার অবকাশ পায় নাই সাক্ষী উপস্থিত হইয়া এই সকল বিষয়ে আদালতের কি মাজিষ্ট্রেটের হৃদ্বোধ জন্মাইলে ঐ আদালত কি মাজিষ্ট্রেট ঐ দ্রব্যের ক্রোক উঠাইয়া দিবার আজ্ঞা করিবেন, ও ক্রোক করিবার খরচ বিষয়ে যে আজ্ঞা উপযুক্ত বোধ করেন করিবেন।

সাক্ষী উপস্থিত হইয়া আদালতের কি মাজিষ্ট্রেটের হৃদ্বোধ জন্মাইলে ঐ সম্পত্তির ক্রোক উঠাইয়া দিবার কথা।

If such witness does not appear or appearing fails to satisfy the Court or Magistrate that he did not abscond or conceal himself for the purpose of avoiding the execution of the warrant, and that he had not such notice of the proclamation as aforesaid, the Court or Magistrate may order the property attached, or any part thereof, to be sold for purpose of satisfying all costs incurred in consequence of such attachment, together with the amount of any fine which may be imposed upon such witness under the provisions of section one hundred and seventy-two of the Indian Penal Code.

Sale of property of witness not appearing or not satisfying Court or Magistrate

যদি সেই সাক্ষী উপস্থিত না হয়, কিম্বা উপস্থিত হইয়াও ওয়ারন্ট অনুসারে কার্য্য হইতে না পারে এই নিমিত্ত পলায়ন করে নাই কি গোপনে থাকে নাই ও পূর্ব্বোক্তমতে ঘোষণাপত্রের সম্বাদ পায় নাই যদি আদালতের কি মাজিষ্ট্রেটের হৃদ্বোধমতে ইহা জানাইতে না পারে, তবে ঐ ক্রোক করাপ্রযুক্ত যত খরচ লাগে তাহা এবং ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ১৭২ ধারার বিধানমতে ঐ সাক্ষির যত টাকা দণ্ডের আজ্ঞা হয় তাহা আদায়ের জন্যে, আদালত কি মাজিষ্ট্রেট ঐ ক্রোক করা সম্পত্তি কি তাহার কোন অংশ বিক্রয় হইবার আজ্ঞা করিতে পারিবেন।

সাক্ষী উপস্থিত না হইলে কিম্বা আদালতের কি মাজিষ্ট্রেটের হৃদ্বোধ জন্মাইতে না পারিলে দ্রব্য নীলাম হইবার কথা।

If the witness pays to such Court or Magistrate the costs and fine as aforesaid, his property shall be released from attachment

সাক্ষী আদালতে কি মাজিষ্ট্রেটকে ঐ খরচের ও অর্থদণ্ডের টাকা দিলে ঐ দ্রব্যের ক্রোক উঠাইয়া দেওয়া যাইবে ইতি ।

355. If any person summoned to give evidence neglects or refuses to appear at the time and place appointed by the summons, and no reasonable excuse is offered for such neglect or refusal, the Court or Magistrate, upon proof of the summons having been duly served, may issue a warrant under his hand and seal, to bring such person before him to testify as aforesaid

Arrest of person disobeying summons

৩৫৫ ধারা । কোন ব্যক্তিকে সাক্ষ্য দিবার জন্যে সমন করা গেলে, যদি সে সমনের নিরূপিত সময়ে ও স্থানে উপস্থিত হইতে শৈথিল্য কি অস্বীকার করে ও সেই শৈথিল্যের কি অস্বীকার করার উপযুক্ত কারণ প্রকাশ না হয়, তবে সেই সমন তাহাকে উপযুক্তমতে দেওয়া গিয়াছে ইহার প্রমাণ হইলে আদালত কি মাজিষ্ট্রেট পূর্ব্বোক্তমতে সাক্ষ্য দেওনার্থে ঐ ব্যক্তিকে আপনার সম্মুখে আনাইবার জন্যে স্বীয় স্বাক্ষরিত ও মোহরাঙ্কিত ওয়ারেণ্ট দিতে পারিবেন ইতি ।

সমন না মানিলে ধরিবার কথা ।

356. If any person summoned or brought before a Magistrate refuses to answer such questions as are put to him, without offering any reasonable excuse for such refusal, such Magistrate may, by warrant under his hand and seal, commit him to custody for any term not exceeding seven days, unless in the meantime such person consents to be examined and to answer, after which, in the event of his persisting in his refusal, he may be dealt with according to the provisions of sections four hundred and thirty-five or four hundred and thirty-six

Committal of person refusing to answer

৩৫৬ ধারা । মাজিষ্ট্রেটের সম্মুখে কোন ব্যক্তিকে সমন কি উপস্থিত করা গেলে পর, তাহাকে যে কথা জিজ্ঞাসা করা যায় যদি তাহার উত্তর দিতে অস্বীকার করে, ও অস্বীকার করিবার কোন উপযুক্ত কারণ প্রকাশ না করে, তবে মাজিষ্ট্রেট আপনার স্বাক্ষরিত ও মোহরাঙ্কিত ওয়ারেণ্টক্রমে ঐ ব্যক্তিকে সাত দিনের অনধিক কোন কাল হেফাজতে রাখিতে পারিবেন । ইতিমধ্যে সাক্ষ্য ও উত্তর দিতে স্বীকার করিলে তাহাকে মুক্ত করা যাইবে । কিন্তু সেই সাত দিনের পরেও অস্বীকার করিতে থাকিলে তাহার প্রতি এই আইনের ৪৩৫ কি ৪৩৬ ধারার বিধান মতে কার্য্য হইতে পারিবে ইতি ।

উত্তর দিতে স্বীকার না করিলে হেফাজতে রাখিবার কথা ।

INQUIRIES

তদন্ত লওনের কথা ।

357. In inquiries preliminary to commitment to a Court of Session or High Court, the Magistrate shall procure the attendance of the witnesses for the prosecution as in cases usually tried upon warrant, and it shall be in his discretion to summon any witness offered on behalf of the the accused person to answer or disprove the evidence against him If the Magistrate refuses to summon a witness so offered he shall record his reasons for such refusal

In inquiries preliminary to commitment

৩৫৭ ধারা । সামান্যত ওয়ারেণ্ট দিয়া যে মোকদ্দমার বিচার হয় সেই মোকদ্দমায় মাজিষ্ট্রেট অভিযোগের পোষকতার্থ সাক্ষিদিগকে যদ্রূপে উপস্থিত করান, সেশন আদালতে কি হাই কোর্টে সমর্পণ করিবার পূর্ব্ব স্বলীয় তদন্ত লওন কার্য্যে তিনি সাক্ষিদিগকে তদ্রূপে উপস্থিত করাইবেন এবং অভিযুক্ত ব্যক্তির বিপক্ষে যে সাক্ষ্য দেওয়া যায়, তাহার উত্তর দিবার বা তাহা খণ্ডন করিবার জন্যে তাঁহার সপক্ষ যে সাক্ষির নাম উল্লেখ হয় মাজিষ্ট্রেট স্বীয় বিবেচনামতে তাহাকে সমন করিতে পারিবেন তদ্রূপে যে সাক্ষির নাম উল্লেখ হয় মাজিষ্ট্রেট তাহাকে সমন করিতে অস্বীকার করিলে, ঐ অস্বীকার করিবার হেতু লিপিবদ্ধ করিয়া রাখিবেন ।

সমর্পণ করিবার পূর্ব্বে তদন্ত লওনের কথা ।

The Magistrate may summon and examine supplementary witnesses after commitment and before the commencement of the trial, and bind them over to appear and give evidence Such examination shall, if possible, be taken in the presence of the accused person, and in every case a copy of the examination of such witnesses shall be given him free of cost .

Power to summon supplementary witnesses

সমর্পণ হইবার পর ও বিচারকার্য্যের আরম্ভ হইবার পূর্ব্বে মাজিষ্ট্রেট অবশিষ্ট সাক্ষিদিগকে সমন করিয়া তাহাদের পরীক্ষা লইতে পারিবেন ও তাহাদিগকে উপস্থিত হইয়া সাক্ষ্য দিতে প্রতিজ্ঞাবদ্ধ করিতে পারিবেন । হইতে পারিলে অভিযুক্ত ব্যক্তির সাক্ষাৎ ঐ পরীক্ষা লওয়া যাইবে ও প্রত্যেক স্থলে তাহাকে বিনাখরচে ঐ সাক্ষিদের জোবানবন্দীর নকল দেওয়া যাইবে ইতি ।

অবশিষ্ট সাক্ষিদিগকে সমন করিবার ক্ষমতার কথা ।

358. In such inquiries, when the person accused is to be committed for trial and has given in the list of witnesses mentioned in section two hundred, the Magistrate shall summon the witnesses to appear before the Court before which the accused person is to be tried

When accused person is to be committed

359. If the Magistrate thinks that any witness is included in the list for the purpose of vexation or delay or of defeating the ends of justice, he may require the accused person to satisfy him that there are reasonable grounds for believing that such witness is material

Refusal to summon unnecessary witness, unless deposit made

If the Magistrate be not so satisfied, he shall not be bound to summon the witness, but, in doubtful cases, he may summon such witness, if such a sum is deposited with the Magistrate as he thinks necessary to defray the expense of obtaining the attendance of the witness

360. Prosecutors and witnesses for the prosecution and defence, whose attendance is necessary before the Court of Session or High Court, shall execute before the Magistrate recognizances in the Form (F) given in the second schedule to this Act, or to the like effect, to be in attendance when called upon at the Court of Session or High Court, to prosecute or to give evidence as the case may be

Recognizances of prosecutors and witnesses

If any prosecutor or witness refuses to attend before the Court of Session or High Court, or to execute the recognizance above directed, the Magistrate may detain him in custody until he executes such recognizance, or until the time when his attendance at the Court of Session or High Court is required, when the Magistrate shall send him under custody to the Court of Session or High Court.

Detention in custody in case of refusal to attend or to execute recognizance

SUMMONS CASES

361. In summons cases, the Magistrate may summon any person who appears to him likely to give material evidence on behalf of the complainant or the accused

In summons cases.

Ordinarily it shall be the duty of the complainant and accused, in non-cognizable cases, to produce their own witnesses

৩৫৮ ধারা। উক্ত প্রকারের তদন্ত লওন সময়ে বিচার হইবার জন্যে অভিযুক্ত ব্যক্তিকে সমর্পণ করিতে হইলে, এবং সে ২০০ ধারামতে সাক্ষিদের নামের নির্ঘণ্টপত্র দিলে, যে আদালতে অভিযুক্ত ব্যক্তির বিচার হইবে মাজিষ্ট্রেট সাক্ষিদিগকে সেই আদালতে উপস্থিত হইবার সমন করিবেন ইতি।

অভিযুক্ত ব্যক্তিকে সমর্পণ করিতে হইলে তাহার কথা।

৩৫৯ ধারা। কেবল কষ্ট দিবার কি বিলম্ব করিবার কিম্বা ন্যায় বিচারের উদ্দেশ্য নিষ্ফল করিবার জন্যে সাক্ষিদের নাম নির্ঘণ্টে কোন ব্যক্তির নাম লেখা গিয়াছে, মাজিষ্ট্রেট এমত বোধ করিলে সেই সাক্ষী যে অত্যন্ত প্রয়োজন অভিযুক্ত ব্যক্তির প্রতি এমত জ্ঞান জন্মাইবার উপযুক্ত হেতু দর্শাইতে আজ্ঞা করিবেন।

অনাবশ্যক সাক্ষির খরচা আমানৎ না হইলে তাহাকে সমন করিতে অস্বীকার করিবার কথা।

মাজিষ্ট্রেট সাহেবের হৃদ্বোধ না জন্মাইলে তিনি ঐ সাক্ষিকে সমন করিতে আবদ্ধ হইবেন না কিন্তু সংশয় স্থলে ঐ সাক্ষিকে উপস্থিত করাইবার নিমিত্তে যত খরচ আবশ্যক জ্ঞান করেন মাজিষ্ট্রেটের নিকটে তত টাকা আমানৎ করা গেলে, তিনি ঐ সাক্ষিকে সমন করিতে পারিবেন ইতি।

৩৬০ ধারা। সেশন আদালতে কি হাই কোর্টে যে বাদিদের ও অভিযোগের ও প্রতিবাদের সপক্ষ যে সাক্ষিদের উপস্থিত হওয়া আবশ্যক সেশন আদালতে কি হাই কোর্টে মোকদ্দমা চালাইবার কিম্বা বিষয় বিশেষে সাক্ষ্য দিবার জন্যে ডাকা গেলেই তাহারা উপস্থিত হইবে মাজিষ্ট্রেট সাহেবের সাক্ষাতে এই মর্ম্মের মুচলকায় স্বাক্ষর করিবে। সেই মুচলকা এই আইনের দ্বিতীয় তফসীলের F চিহ্নিত পাঠে কি তাহার মর্ম্মমতে লেখা যাইবে।

বাদিদের ও সাক্ষিদের মুচলকার কথা।

কোন বাদী কি সাক্ষী সেশন আদালতে কি হাই কোর্টে উপস্থিত হইতে, কিম্বা পূর্ব্ব আজ্ঞামত মুচলকায় স্বাক্ষর করিতে অস্বীকার করিলে যতকাল ঐ মুচলকায় স্বাক্ষর না করে কিম্বা সেশন আদালতে কি হাই কোর্টে তাহার যতকাল উপস্থিত হওয়া প্রয়োজন না হয় মাজিষ্ট্রেট তাহাকে তত কাল হেফাজতে রাখিতে পারিবেন। তৎকালে মাজিষ্ট্রেট তাহাকে প্রহরির জিম্মায় সেশন আদালতে কি হাই কোর্টে পাঠাইবেন ইতি।

উপস্থিত হইতে কি মুচলকা লিখিয়া দিতে স্বীকার না করিলে হেফাজতে থাকিবার কথা।

সমনের মোকদ্দমার কথা।

৩৬১ ধারা। সমনের মোকদ্দমায় মাজিষ্ট্রেট যে কোন ব্যক্তিকে বাদির কি অভিযুক্ত ব্যক্তির সপক্ষে গুরুতর সাক্ষ্য দিবার উপযুক্ত বোধ করেন তাহাকে সমন করিতে পারিবেন।

সমনের মোকদ্দমায়।

অধর্ত্তব্য মোকদ্দমায় সামান্যতঃ বাদির ও অভিযুক্ত ব্যক্তির আপনং সাক্ষিকে উপস্থিত করা কর্ত্তব্য।

In such cases it shall be in the discretion of the Magistrate to summon any witnesses named by the complainant or the accused, and he may require, in such cases, a deposit of the expenses of a witness before summoning him

এমন স্থলে বাদী কি অভিযুক্ত ব্যক্তি কোন সাক্ষিদের নাম করিলে মাজিষ্ট্রেট স্বীয় বিবেচনামতে তাহারদিগকে সমন করিবেন ও তদ্রূপ স্থলে সাক্ষিকে সমন করিবার পূর্ব্বে তাহার খরচ আমানৎ করিবার আজ্ঞা দিতে পারিবেন ইতি।

WARRANT CASES

ওয়ারেন্টের মোকদ্দমার কথা।

In cases tried upon warrant

362. In warrant cases the Magistrate shall ascertain from the complainant or otherwise the names of any persons who may be acquainted with the facts and circumstances of the case, and who are likely to give evidence for the prosecution, and shall summon such of them to give evidence before him as he thinks necessary

ওয়ারণ্টক্রমে যে মোকদ্দমার বিচার হয় তাহার কথা।

৩৬২ ধারা। ওয়ারেন্টের মোকদ্দমায় যে২ ব্যক্তি মোকদ্দমার বৃত্তান্ত ও পূর্ব্বাপর ঘটনা জানে ও অভিযোগের সপক্ষ সাক্ষ্য দিতে পারিবে মাজিষ্ট্রেট বাদির স্থানে কিম্বা অন্য প্রকারে তাহারদের নাম জানিয়া লইয়া তাহাদের যত জনকে আবশ্যক বোধ করেন তত জনকে আপনার সম্মুখে সাক্ষ্য দিবার জন্যে সমন করিবেন।

The Magistrate shall also, subject to the provisions of section three hundred and fifty-nine, summon any witness and examine any evidence that may be offered in behalf of the accused person to answer or disprove the evidence against him, and may for that purpose, at his discretion, adjourn the trial from time to time If the Magistrate refuse to summon a witness named by the accused person, he shall record his reasons for such refusal, and the accused person shall be entitled to appeal to the Court of Session against such refusal

আরো অভিযুক্ত ব্যক্তির বিপক্ষে যে সাক্ষ্য দেওয়া যায় তাহার উত্তর দিবার কি তাহা খণ্ডাইবার জন্যে অভিযুক্ত ব্যক্তির সপক্ষ কোন ব্যক্তির নাম উল্লেখ করা গেলে মাজিষ্ট্রেট ৩৫৯ ধারার বিধানমতে সেই সাক্ষিকে সমন করিয়া তাহার সাক্ষ্যের পরীক্ষা লইতে পারিবেন ও সেই কারণে তিনি আপন বিবেচনামতে সময়ে২ মোকদ্দমার বিচার স্থগিত করিয়া দিনান্তর নিরূপণ করিতে পারিবেন। অভিযুক্ত ব্যক্তি যে সাক্ষির নাম দেয় মাজিষ্ট্রেট তাহাকে সমন করিতে অস্বীকার করিলে সেই অস্বীকার করিবার কারণ লিপিবদ্ধ করিবেন ও সেই অস্বীকারের উপর অভিযুক্ত ব্যক্তির সেশন আদালতে আপীল করিবার অধিকার থাকিবে ইতি।

SESSIONS TRIALS

সেশনের বিচারের কথা।

Right of accused as to examination and summoning of witness

363. The accused person shall be allowed to examine any witness not previously named by him, if such witness be in attendance, but he shall not, except as provided in section four hundred and forty-eight, be entitled of right to have any witness summoned other than the witnesses named in the list delivered to the Magistrate by whom he was committed or held to bail for trial

সাক্ষিদের পরীক্ষা লইতে ও তাহারদিগকে সমন করিতে অভিযুক্ত ব্যক্তির অধিকারের কথা।

৩৬৩ ধারা। অভিযুক্ত ব্যক্তি পূর্ব্বে যে সাক্ষির নাম দেয় নাই এমত সাক্ষী উপস্থিত থাকিলে সে তাহার পরীক্ষা লইতে অনুমতি পাইবে। কিন্তু যে মাজিষ্ট্রেট তাহাকে সমর্পণ করিলেন কি বিচারার্থে উপস্থিত হইবার জামীন লইলেন, তাঁহাকে সাক্ষিদের য নাম নির্ঘণ্ট দেওয়া গেল সেই নির্ঘণ্টপত্রে যে সাক্ষিদের নাম লেখা থাকে ৪৪৮ ধারার বিধানের স্থলভিন্ন অন্য স্থলে ঐ২ ব্যক্তি ছাড়া অন্য ব্যক্তিদিগকে সমন করাইতে অভিযুক্ত ব্যক্তির অধিকার থাকিবে না ইতি।

Procedure in cases of witness refusing to answer

364. If a witness before a Court of Session refuses to answer any question which is put to him, and does not offer any just excuse for such refusal, the Court may commit him to custody for such reasonable time as it deems proper, unless in the meantime he consents to be examined and to answer

সাক্ষী উত্তর দিতে অস্বীকার করিলে কার্য্য প্রণালীর কথা।

৩৬৪ ধারা। সেশন আদালতের সম্মুখে কোন সাক্ষিকে কোন কথা জিজ্ঞাসা করা গেলে সে যদি উত্তর দিতে স্বীকার না করে ও স্বীকার না করিবার কোন ন্যায্য কারণ না জানায় তবে আদালত যুক্তিসিদ্ধ যত কাল উচিত বোধ করেন তাহাকে তত কাল হেফাজতে রাখিতে পারিবেন ইতিমধ্যে সে পরীক্ষাক্রমে উত্তর দিতে স্বীকার করিলে তাহাকে ছাড়িয়া দেওয়া যাইবে।

In the event of such witness persisting in his refusal, he may be dealt with according to the provisions of section four hundred and thirty-five or four hundred and thirty-six

ঐ সাক্ষী উত্তর দিতে অস্বীকার করিতে থাকিলে তাহাকে লইয়া ৪৩৫ কিম্বা ৪৩৬ ধারার বিধানমতে কার্য্য হইতে পারিবে ইতি।

Of Securing Documentary Evidence

365. Whenever an officer in charge of a police station or any Court considers that the production of any document is necessary or desirable for the purpose of any investigation or judical proceeding, such officer or Court may issue a summons to the party in whose keeping such document is believed to be, requiring him to attend and produce such document at the time and place stated in the summons

Procedure for obtaining production of document required as evidence

366. If there appears reasons to believe that the person to whom the summons is addressed will not produce it as directed in the summons, such officer or Court may issue a search-warrant for the document in the first instance.

When warrant for search for documents may issue

367. Any Court may, if it thinks fit, impound any document produced before it, or may, at the conclusion of the proceeding, order such document to be returned to the person who produced it

Power to impound document produced

লিখিত প্রমাণ আনাইবার কথা।

৩৬৫ ধারা। পোলীসথানার অধ্যক্ষ কিম্বা কোন আদালত কোন বিষয়ের অনুসন্ধান কার্য্যের কি বিচার কার্য্যের অনুষ্ঠান হইবার নিমিত্ত কোন দলীল উপস্থিত করা আবশ্যক কি বিহিত বোধ করিলে ঐ দলীল যে ব্যক্তির অধিকারে থাকা বোধ হয় ঐ কর্ম্মকারক কি আদালত তাহার নামে সমন দিয়া তাহাকে ঐ সমনের লিখিত সময়ে ও স্থানে উপস্থিত হইয়া ঐ দলীল দেখাইতে আজ্ঞা করিবেন ইতি।

সাক্ষ্যস্বরূপ দলীলের প্রয়োজন হইলে তাহা আনাইবার কার্য্য প্রণালীর কথা।

৩৬৬ ধারা। যে ব্যক্তির নামে সমন দেওয়া গেল সে ঐ সমনের আদেশমতে দলীল আনিয়া দেখাইবে না এমত জ্ঞান করিবার কারণ থাকিলে উক্ত কর্ম্মকারক কি আদালত প্রথমেই ঐ দলীলের তলাশী পরওয়ানা দিতে পারিবেন ইতি।

দলীল তলাশ করিবার ওয়ারণ্ট যে স্থলে বাহির হইতে পারে তাহার কথা।

৩৬৭ ধারা। কোন আদালতের সম্মুখে কোন দলীল আনিয়া দেখান গেলে, ঐ আদালত বিহিত বোধ করিলে তাহা রাখিতে পারিবেন কিম্বা যে ব্যক্তি তাহা উপস্থিত করিল কার্য্যানুষ্ঠানের পর তাহাকে ঐ দলীল ফিরিয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

দলীল উপস্থিত করা গেলে তাহা রাখিবার ক্ষমতার কথা।

CHAPTER XXVII

Of Search-Warrants

368. When a Magistrate considers that the production of anything is essential to the conduct of an inquiry into an offence known or suspected to have been committed, or to the discovery of the offender,

Search warrant when grantable

or when he considers that such inquiry or discovery will be furthered by the search of inspection of any house or place,

he may grant his search-warrant, and the officer charged with the execution of such warrant may search or inspect any house or place within the jurisdiction of the Magistrate of the district

The Magistrate issuing such warrant may, if he see fit, specify in his warrant the house or place, or part thereof, to which only the search or inspection shall extend, and the officer charged with the execution of such warrant, shall then search or inspect only the house, place, or part, so specified

২৭ অধ্যায়।

তলাশী পরওয়ানার বিধি।

৩৬৮ ধারা। কোন অপরাধ করা গিয়াছে ইহা জানা গেলে কি এমত সংশয় থাকিলে যদি তাহার তদন্ত লওন জন্যে কিম্বা অপরাধি নিরূপণ করিবার জন্যে কোন দ্রব্য উপস্থিত করা আবশ্যক,

যেং স্থলে তলাশী পরওয়ানা দেওয়া যাইতে পারে তাহার কথা।

কিম্বা কোন ঘরে কি স্থানে খুজিলে কিম্বা দেখিলে ঐ তদন্ত লওয়ার কিম্বা অপরাধি নিরূপণ করার সুবিধা হয়,

মাজিষ্ট্রেট এমত জ্ঞান করিলে তলাশী পরওয়ানা দিতে পারিবেন। এবং যে কর্ম্মকারকের প্রতি ঐ পরওয়ানামতে কর্ম্ম করিবার ভার অর্পিত হয়, তিনি জিলার মাজিষ্ট্রেটের বিচারাধীন স্থানের মধ্যে কোন ঘরে কি স্থানে খুজিয়া কি দেখিয়া লইতে পারিবেন।

যে ঘর কি স্থান কিম্বা তাহার যে অংশভিন্ন অন্য ঘরে কি স্থানে খুঁজিয়া কি দেখিয়া লইতে না হইবে, যে মাজিষ্ট্রেট পরওয়ানা দেন তিনি বিহিত বোধ করিলে সেই পরওয়ানায় তাহা নির্দ্দিষ্ট করিবেন। তাহা হইলে যে কর্ম্মকারকের প্রতি ঐ পরওয়ানামতে কার্য্য করিবার ভার অর্পিত হয়, তিনি তদ্রূপ নির্দ্দিষ্ট ঘর কি স্থান কি তদংশ ভিন্ন অন্য ঘরে কি স্থানে খুজিবেন কি দেখিবেন না ইতি।

369. The last preceding section shall not authorize any Magistrate, other than the Magistrate of the district, to grant a search-warrant for a letter in the custody of the Postal Department,

Procedure as to letter in custody of Postal Department

But if any such letter is wanted for the purpose of any criminal proceeding, any Magistrate or District Superintendent of Police may give notice to the Postal authorities to cause search to be made for and detain any such letter, pending the order of the Magistrate of the district, and the Magistrate of the District may if he thinks fit direct the Postal authorities to deliver up any such letter

৩৬৯ ধারা। ইহার পূর্ব্ব ধারাক্রমে জিলার মাজিষ্ট্রেট ভিন্ন কোন মাজিষ্ট্রেট ডাকঘর সংক্রান্ত কর্ম্মবিভাগের হস্তগত কোন পত্রের তলাশী পরওয়ানা দিতে ক্ষমতাপন্ন হইবেন না।

ডাকঘর কর্ম্মবিভাগের জিম্মায় পত্র থাকিলে কার্য্য প্রণালীর কথা।

কিন্তু ফৌজদারী মোকদ্দমাঘটিত কোন কার্য্যের জন্যে তদ্রূপ কোন পত্রের প্রয়োজন হইল কোন মাজিষ্ট্রেট কিম্বা পোলীসের ডিসট্রিকট সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব ডাকঘরের কর্ত্তৃপক্ষদিগকে জিলার মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞা পাইবার অপেক্ষায় ঐ পত্রের সন্ধান লইয়া তাহা আটক করিয়া রাখিবার নোটিস দিতে পারিবেন। এবং জিলার মাজিষ্ট্রেট বিহিত বোধ করিলে ডাকঘর সংক্রান্ত কর্ত্তৃপক্ষদিগকে তদ্রূপ কোন পত্র সমর্পণ করিবার আজ্ঞা দিতে পারিবেন ইতি।

370 A search-warrant shall ordinarily be directed to a police officer, but the Magistrate issuing the warrant may, after recording his reasons, if immediate search is necessary and no police officer be immediately available, direct it to any other person

Direction of search warrant

৩৭০ ধারা। তলাশী পরওয়ানা সামান্যতঃ পোলীসের কর্ম্মকারকের নামে লিখিয়া দেওয়া যাইবে। কিন্তু অগৌণে তলাশ করা আবশ্যক ও তৎকালেই পোলীসের কর্ম্মকারককে পাঠান যাইতে না পারিলে যে মাজিষ্ট্রেট পরওয়ানা দেন তিনি অন্য কোন ব্যক্তির নামে পরওয়ানা লিখিয়া দিবার কারণ লিপিবদ্ধ করিয়া তাহাকে ঐ পরওয়ানা দিতে পারিবেন ইতি।

তলাশী পরওয়ানা যাহার নামে দিতে হইবে তাহার কথা।

371. A search-warrant directed or endorsed to a police officer may, if he is not able to proceed in person, be executed by any other police officer

Warrant to police officer may be executed by his subordinate

In such case the name of such police officer shall be endorsed upon the warrant by the officer to whom it is directed or endorsed

Endorsement

৩৭১ ধারা। তলাশী পরওয়ানা পোলীসের কর্ম্মকারকের নামে কিম্বা পৃষ্ঠলিপিদ্বারা তাহাকে দেওয়া গেলে, যদি আপনি যাইতে না পারেন, তবে পোলীসের অন্য কর্ম্মকারকের দ্বারা ঐ পরওয়ানামতে কার্য্য করা যাইতে পারিবে।

পোলীসের কর্ম্মকারককে পরওয়ানা দেওয়া গেলে অধীন কর্ম্মকারকেরদ্বারা সাধন হইবার কথা।

উক্ত স্থলে ঐ পরওয়ানা যে কার্য্যকারকের নামে কিম্বা পৃষ্ঠলিপিদ্বারা যাঁহাকে দেওয়া যায় তিনি ঐ পরওয়ানার পৃষ্ঠে পোলীসের ঐ অন্য কর্ম্মকারকের নাম লিখিয়া দিবেন ইতি।

পৃষ্ঠলিপির কথা।

372. When it is necessary for a search-warrant to be executed out of the district in which it was issued, any Magistrate, within whose local jurisdiction the warrant is to be executed, shall endorse his name thereon

Execution of search warrant out of district in which issued

Such endorsement shall be sufficient authority for the police officer charged with the execution of the warrant to execute the same within the said jurisdiction

Or the search-warrant may be directed to the Magistrate, within whose local jurisdiction the search is to be made, and he shall thereupon endorse his name on such warrant and enforce its execution in the same manner as if it had been issued by himself

৩৭২ ধারা। তলাশী পরওয়ানা যে জিলায় বাহির হয় তাহার বহির্ভূত স্থানে সেই পরওয়ানা জারী করা আবশ্যক হইলে যে কোন মাজিষ্ট্রেটের বিচারাধীন স্থানে ঐ পরওয়ানা জারী করিতে হইবে তিনি ঐ পরওয়ানার পৃষ্ঠে আপন নাম লিখিয়া দিবেন।

তলাশী পরওয়ানা যে জিলায় বাহির হয় তাহার বহির্ভূত স্থানে জারী করিবার কথা।

পোলীসের যে কর্ম্মকারককে ঐ পরওয়ানামতে কার্য্য করিবার ভার দেওয়া যায়, তাঁহার ঐ স্থানে ঐ পরওয়ানামতে কার্য্য করিবার জন্যে ঐ পৃষ্ঠলিপি উপযুক্ত ক্ষমতাস্বরূপ হইবে।

অথবা যাঁহার বিচারাধীন স্থানে ঐ তলাশী পরওয়ানামতে কার্য্য হইবে সেই মাজিষ্ট্রেটেরই নামে পরওয়ানা দেওয়া যাইতে পারিবে। তাহা হইলে তিনি ঐ পরওয়ানার পৃষ্ঠে আপনার নাম লিখিয়া নিজ পরওয়ানার ন্যায় ঐ পরওয়ানামতে কার্য্য করাইবেন ইতি।

373. Whenever there is reason to believe that the delay occasioned by obtaining the endorsement of the Magistrate in whose district the warrant is to be executed, will prevent the discovery of the thing for which search is to be made, the police officer charged with the execution of the warrant may execute the same in any place beyond the district in which it was issued without the endorsement of the Magistrate in whose local jurisdiction that place is situate.

Search warrants may in emergency be executed without endorsement.

If the thing, for which search is made, is found in such place, it shall, when the place where the thing is found is nearer to the Magistrate having jurisdiction in such place than to the Magistrate who issued the warrant, be immediatly taken before the Magistrate in whose local jurisdiction it is found, and unless there be good cause to the contrary, such Magistrate shall make an order authorizing it to be taken to the Magistrate who issued the warrant

Thing found to be taken to Magistrate within whose jurisdiction it is found.

Order thereon

If the thing be not found after such search, the police officer making the same shall, in addition to the return made to the Magistrate who issued the warrant, report the fact to the Magistrate in whose local jurisdiction the search was made

374 If the thing searced for be found within a Presidency town, it shall be taken to the Commissioner of Police or to a Police Magistrate, and such Commissioner or Magistrate shall act in the manner prescribed in section three hundred and seventy-three,

Procedure in such cases within Presidency town

375. Whenever it appears necessary, a Magistrate may, by his warrant, order search to be made in a place out of his jurisdiction, and may direct that the warrant be executed either after or without obtaining the endorsement of the Magistrate within whose jurisdiction the search is to be made

Magistrate may issue search warrant to be executed in jurisdiction of anbther Magistrate.

When a Magistrate issues a warrant under this section, he shall inform the Magistrate within whose local jurisdiction the house or place to be searched is situate, or if the house or place be situate within a Presidency town, he shall inform the Commissioner of Police of the issue of such warrant

৩৭৩ ধারা। যে মাজিষ্ট্রেট সাহেবের জিলার মধ্যে পরওয়ানা জারী করিতে হইবে তাঁহার দ্বারা পরওয়ানার পৃষ্ঠলিপি করাইতে হইলে বিলম্ব সম্ভাবনা, ও যে দ্রব্যের অন্বেষণ করিতে হয় বিলম্বপ্রযুক্ত তাহার সন্ধান পাওয়ার বাধা হইবে, এমত বিশ্বাস করিবার কারণ থাকিলে, পোলীসের যে কর্ম্মকারকের প্রতি সেই পরওয়ানামতে কর্ম্ম করিবার ভার অর্পণ হয়, যে জিলায় পরওয়ানা বাহির হয় তাহার বহির্ভূত অন্য স্থান যে মাজিষ্ট্রেটের বিচারাধীন থাকে তাঁহার পৃষ্ঠলিপি না পাইয়া তিনি ঐ স্থানে ঐ পরওয়ানা জারী করিতে পারিবেন।

অত্যাবশ্যক স্থলে তলাশী পরওয়ানার পৃষ্ঠলিপি না থাকিলেও তদনুসারে কার্য্য হইবার কথা।

যে দ্রব্যের অন্বেষণ হয় তাহা সেই স্থানে পাওয়া গেলে, যে মাজিষ্ট্রেট ঐ পরওয়ানা দিলেন তদপেক্ষা দ্রব্য যে মাজিষ্ট্রেটের বিচারাধীন স্থানে পাওয়া গেল তিনি নিকট থাকিলে ঐ দ্রব্য তাঁহার কাছে অগৌণে লইয়া যাইতে হইবে। ও যে মাজিষ্ট্রেট ঐ পরওয়ানা দিলেন তাঁহার কাছে দ্রব্য লইয়া যাইবার আজ্ঞা না হওয়ার বিশিষ্ট কারণ না থাকিলে তিনি তাঁহার নিকটে ঐ দ্রব্য লইয়া যাইতে আজ্ঞা করিবেন।

প্রাপ্ত দ্রব্য যাঁহার অধীন স্থানে পাওয়া যায় সেই মাজিষ্ট্রেট সাহেবের নিকট লইয়া যাইবার কথা।

তদ্বিষয়ের আজ্ঞার কথা।

তদ্রূপে তলাশ করিলে পর ঐ দ্রব্য পাওয়া না গেলে, যে মাজিষ্ট্রেট পরওয়ানা দিলেন তলাশ করিতে নিযুক্ত পোলীসের কর্ম্মকারক তাঁহার নিকট পরওয়ানা ফিরিয়া পাঠাইয়া ঐ কথা জানাইবেন এবং যে মাজিষ্ট্রেটের বিচারাধীন স্থানে তলাশ করিলেন তাঁহার নিকটেও ঐ দ্রব্য না পাইবার কথা রিপোর্ট করিবেন ইতি।

৩৭৪ ধারা। যে দ্রব্যের অন্বেষণ হয় তাহা রাজধানীর মধ্যে পাওয়া গেলে পোলীসের কমিশ্যনর সাহেবের কিম্বা পোলীস মাজিষ্ট্রেটের নিকটে তাহা লইয়া যাইতে হইবে ও সেই কমিশ্যনর কি মাজিষ্ট্রেট সাহেব ৩৭৩ ধারার নির্দ্দিষ্টমতে কার্য্য করিবেন ইতি।

তদ্রূপ স্থলে রাজধানীর মধ্যে কার্য্য প্রণালীর কথা।

৩৭৫ ধারা। আবশ্যক বোধ হইলে কোন মাজিষ্ট্রেট যে পরওয়ানা দেন তৎক্রমে আপন অধীন স্থানের বহির্ভূত কোন স্থানে অন্বেষণ করিবার আজ্ঞা করিতে পারিবেন, ও যে মাজিষ্ট্রেটের অধীন স্থানে অন্বেষণ করিতে হইবে, ঐ পরওয়ানায় তাঁহার পৃষ্ঠলিপি করিবার পর বা না করিলেও ঐ পরওয়ানামতে কার্য্য হইবার আজ্ঞা করিতে পারিবেন।

এক মাজিষ্ট্রেটের অধীন স্থানে অন্য মাজিষ্ট্রেটের তলাশী পরওয়ানা জারী করিবার কথা।

কোন মাজিষ্ট্রেট এই ধারামতে পরওয়ানা দিলে যে ঘরে কি স্থানে অন্বেষণ করিতে হইবে তাহা যে মাজিষ্ট্রেটের অধীন থাকে, তাঁহাকে আপনার ঐ পরওয়ানা দিবার সম্বাদ দিবেন, কিম্বা ঐ ঘর কি স্থান কোন রাজধানীর মধ্যে থাকিলে, পোলীসের কমিশ্যনর সাহেবকে ঐ পরওয়ানা দেওয়া সম্বাদ দিবেন ইতি।

376. A Magistrate issuing a search-warrant to be executed in any house or place out of the jurisdiction of the Magistrate of the district, or out of his own division, may direct the warrant to any Magistrate within whose local jurisdiction such house or place is situate, and may send the same by post.

Magistrate may send search warrant by post to Magistrate of another district or division of district.

On receipt of such warrant by the Magistrate to whom it is directed, he shall endorse his name thereon and enforce its execution in the same manner as if it had been originally issued by himself

Endorsement and exetion by such Magistrate

If the warrant is to be executed within a Presidency town it shall be addressed to the Commissioner of Police or to a Police Magistrate

Direction of warrant to be executed in Presidency town

In such case any property found on search made may be dealt with as provided in sections three hundred and seventy three and three hundred and seventy four

377. If the Magistrate of the district, or a Magistrate of a division of a district, or a Magistrate of the 1st class, upon information and after such inquiry as he thinks necessary, has reason to believe that any house or place is used as a place for the deposit or sale of stolen property,

Search of house suspected to contain stolen property or forged documents

or for the deposit or sale or manufacture of forged documents, or counterfeit Government stamps, or counterfeit coin, or instruments or materials for counterfeiting coin or for forging,

or that any forged documents, or counterfeit stamps, or false seals, or counterfeit coin, or instruments or materials used for counterfeiting coin, or for forging, are kept or deposited in any house or place,

he may by his warrant authorize any police officer above the rank of a constable to enter, with such assistance as may be required, and by force if necessary, any such house or place, and to search all such parts of the same as are specified in the warrant, and to seize and take possession of any property, documents, stamps, seals, or coins, therein found, which he reasonably suspects to be stolen, forged, false, or counterfeit, and also of any such instruments and materials as aforesaid.

৩৭৬ ধারা। কোন মাজিষ্ট্রেট জিলার মাজিষ্ট্রেট সা-হেবের বিচারাধিপত্যের কিম্বা আপন খণ্ডের বহির্ভূত স্থানের কোন ঘরে কি স্থানে জারী করিবার নিমিত্ত তলা-শী পরওয়ানা দিলে ঐ ঘর কি স্থান যে মাজিষ্ট্রেটের বিচারাধীন স্থানের মধ্যে থাকে তাঁহার নামে ঐ পর-ওয়ানা লিখিয়া ডাকযোগে পাঠাইতে পারিবেন।

অন্য জিলার কি জিলার খণ্ডের মাজিষ্ট্রেটের নিকটে তলাশী পরওয়ানা ডাক-যোগে পাঠাইবার কথা।

পরওয়ানা যে মাজিষ্ট্রেটের নামে লিখিয়া দেওয়া যায় তিনি তাহা পাইলে তৎপৃষ্ঠে আপনার নাম লি-খিয়া আপনি প্রথমে সেই পরওয়ানা দিলে যদ্রূপে জারী করাইতেন তদ্রূপেই করিবেন।

ঐ মাজিষ্ট্রেটের দ্বারা পৃষ্ঠে লিখিবার ও সাধন হইবার কথা।

কোন রাজধানীর মধ্যে ঐ পরওয়ানা জারী করিতে হইলে পোলীসের কমি-শ্যনর সাহেবের কিম্বা পোলীসের কোন মাজিষ্ট্রেট সাহেবের নামে লিখিয়া পাঠাইতে হইবে।

রাজধানীতে যে পরও-য়ানা জারী করিতে হইবে তাহার শিরোনামার কথা।

এমত স্থলে অন্বেষণ করিয়া যে দ্রব্য পাওয়া যায় তাহা লইয়া ৩৭৩ ও ৩৭৪ ধারার বিধানমতে কার্য্য হইতে পারিবে ইতি।

৩৭৭ ধারা। কোন ঘর কি অন্য স্থান চোরা দ্রব্য রাখিবার কি বিক্রয় করিবার স্থান,

যে গৃহাদিতে চোরা দ্রব্য কি কৃত্রিম লিপি থাকার অনুভব হয় তাহাতে অন্বেষণ করিবার কথা।

কিম্বা জাল করা দলীল কিম্বা গবর্ণমেণ্টের কৃত্রিম ইষ্টাম্প কিম্বা কৃত্রিম মুদ্রা কিম্বা মুদ্রা কৃত্রিম করিবার কি জাল করিবার যন্ত্র কি দ্রব্যাদি রাখিবার কি বিক্রয় কি প্রস্তুত করিবার স্থান স্বরূপ ব্যবহার হইয়া থাকে,

কিম্বা কোন জাল করা দলীল কি কৃত্রিম ইষ্টাম্প কিম্বা জাল মোহর কিম্বা কৃত্রিম মুদ্রা কিম্বা মুদ্রা কৃত্রিম করিবার কি জাল করিবার যন্ত্র কি দ্রব্যাদি কোন ঘরে কি অন্য স্থানে রাখা গেল কি গচ্ছিত আছে, জিলার মাজিষ্ট্রেট সাহেব কিম্বা জিলারখণ্ডের মাজিষ্ট্রেট কিম্বা প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেট কোন সন্ধান পাইয়া কিম্বা যে অনুসন্ধান লওয়া আবশ্যক বোধ করেন তাহা লইয়া ইহা জানিতে পাইলে,

তিনি পোলীসের কনষ্টাবলের উচ্চ শ্রেণীর কোন কর্ম্মকারককে পরওয়ানা দিয়া, তাঁহাকে প্রয়োজনমতে সহকারি লোক লইয়া ও আবশ্যক হইলে বল-পূর্ব্বক উক্ত কোন ঘরে কি স্থানে প্রবেশ করিতে এবং পরওয়ানায় ঐ গৃহাদির যে অংশ নির্দ্দিষ্ট থাকে তন্মধ্যে অন্বেষণ করিতে ও যে দ্রব্য কি দলীল কি ইষ্টাম্প কি মোহর কি মুদ্রা পাওয়া যায় যুক্তি-সিদ্ধমতে তাহা চোরা কি কৃত্রিম কি জাল কি কূট জ্ঞান করিলে তাহা এবং পূর্ব্বোক্ত যন্ত্র ও দ্রব্য ক্রোক করিয়া স্বীয় অধিকারে লইবার ক্ষমতা দিতে পারিবেন ইতি।

378. The Magistrate, by whom a search-warrant is issued, may attend personally for the purpose of seeing that the warrant is duly executed.

Magistrate may attend personally

The Magistrate may also direct a search to be made in his presence, of any house or place for the search of which he is competent to issue a search-warrant

Magistrate may direct search in his presence.

379. Whenever an officer in charge of a police station, or a police officer making an investigation, considers that the production of anything is necessary to the conduct of an investigation into any offence which he is authorized to investigate, he may search or cause search to be made for the same, in any house or place within the limits of the station of which he is in charge or to which he is attached

Search by officer in charge of police station

In such case, the officer in charge of the police-station or police officer making investigation shall, if practicable, conduct the search in person.

If he is unable to conduct the search in person, and there is no other person competent to make the search present at the time, the officer in charge of the police station, or police officer making investigation, may require any officer subordinate to him to make the search, and he shall deliver to such subordinate officer an order in writing, specifying the property for which search is to be made and the house or place to be searched, and such subordinate officer may thereupon search for such property in such house or place

The provisions of sections three hundred and eighty-two to three hundred and eighty-five (both inclusive), relating to search-warrants, shall be applicable to a search, made, under this section, by or under the direction of an officer in charge of a police station, or by a police officer making an investigation.

380. An officer in charge of a police station may require an officer in charge of another police station, whether subordinate to the same Magistrate as himself or to a Magistrate of another district, to cause a search to be made in any house or place in any case in which the former officer might cause such search to be made within the limits of his own station.

When officer of police station may require another to issue search-warrant.

Such officer, on being so required, shall proceed according to the provisions of section three hundred and seventy-nine, and shall forward the thing found, if any, to the officer at whose request the search was made.

৩৭৮ ধারা। যে মাজিষ্ট্রেট তলাশী পরওয়ানা দেন তাঁহার সেই পরওয়ানামতে উপযুক্তরূপে কর্ম্ম করা যায় ইহা দেখিবার জন্যে আপনি উপস্থিত হইতে পারিবেন।

মাজিষ্ট্রেটের স্বয়ং উপস্থিত হইতে পারিবার কথা।

আরও যে গৃহে কি স্থানে তিনি অন্বেষণ করিবার পরওয়ানা দিতে ক্ষমতাপন্ন হন এমত কোন গৃহে কি স্থানে আপন সাক্ষাতে অন্বেষণ করিবার আজ্ঞা দিতে পারিবেন ইতি।

আপনার সাক্ষাতে অন্বেষণ হইবার আজ্ঞার কথা।

৩৭৯ ধারা। পোলীস থানার অধ্যক্ষ কিম্বা পোলীসের যে কর্ম্মকারক অনুসন্ধান লইতেছেন তিনি যে অপরাধের অনুসন্ধান লইতে ক্ষমতাপন্ন হন তাহার অনুসন্ধানার্থে কোন দ্রব্য উপস্থিত করা আবশ্যক বোধ করিলে তিনি যে থানার অধ্যক্ষতা ভার প্রাপ্ত হন কি যে থানায় নিযুক্ত থাকেন ঐ থানার এলাকার অন্তর্গত কোন ঘরে কি স্থানে সেই দ্রব্যের অন্বেষণ করিতে কি করাইতে পারিবেন।

পোলীস থানার অধ্যক্ষের দ্বারা তলাশের কথা।

উক্ত স্থলে পোলীস থানার অধ্যক্ষ কিম্বা পোলীসের যে কর্ম্মকারক অনুসন্ধান লন তিনি পারিলে আপনি ঐ দ্রব্য অন্বেষণের কার্য্য নির্ব্বাহ করিবেন।

আপনি তাহা করিতে না পারিলে ও তৎকালে সেই অন্বেষণ করিবার ক্ষমতাপন্ন অন্য ব্যক্তি উপস্থিত না থাকিলে পোলীস থানার অধ্যক্ষ কিম্বা পোলীসের যে কর্ম্মকারক অনুসন্ধান লন তিনি আপনার অধীন কোন কর্ম্মকারকের প্রতি দ্রব্য অন্বেষণ কারবার আজ্ঞা দিতে পারিবেন, ও সেই কর্ম্মকারককে আজ্ঞাপত্র দিয়া যে গৃহে কি স্থানে যে দ্রব্যের অন্বেষণ করিতে হইবে ইহা নির্দ্দেশ করিয়া লিখিবেন। ঐ অধীন কর্ম্মকারক তাহা পাইলে ঐ গৃহে কি স্থানে ঐ দ্রব্যের অন্বেষণ করিতে পারিবেন।

৩৮২ অবধি ৩৮৫ পর্য্যন্ত সমস্ত ধারায় তলাশী পরওয়ানার যেং বিধান আছে তাহা এই ধারামতে পোলীস থানার অধ্যক্ষের কিম্বা পোলীসের যে কর্ম্মকারক অনুসন্ধান লন তাঁহার দ্বারা কি তাঁহার আজ্ঞামত অন্বেষণের কার্য্যের প্রতি খাটিতে পারিবে ইতি।

৩৮০ ধারা। পোলীস থানার অধ্যক্ষ যে স্থলে আপন থানার এলাকার মধ্যে অন্বেষণ করাইতে ক্ষমতাপন্ন হন সেই স্থলে আপনি যে মাজিষ্ট্রেটের অধীন থাকেন তাঁহার কি অন্য জিলার মাজিষ্ট্রেট সাহেবের অধীন অন্য পোলীস থানার অধ্যক্ষকে কোন গৃহে কি স্থানে কোন দ্রব্যের অন্বেষণ করাইবার আদেশ করিতে পারিবেন।

যে স্থলে পোলীস থানার এক অধ্যক্ষ অন্যঅধ্যক্ষকে তলাশী পরওয়ানা দিবার আদেশ করিতে পারিবেন তাহার কথা।

উক্ত কর্ম্মকারক তদ্রূপ আজ্ঞা পাইলে ৩৭৯ ধারার বিধান মতে কার্য্য করিবেন ও দ্রব্য পাইলে যে কার্য্যকারকের আদেশমতে তলাশ করিলেন তাঁহার নিকট পাঠাইবেন ইতি।

381. An officer in charge of a police station may, without a warrant, enter any shop or premises within the limits of such station for the purpose of inspecting or searching for any weights or measures or instruments for weighing used or kept therein, whenever he has reason to believe that there are in such shop or premises any weights, measures, or instruments for weighing which are false

Inspection of weights and measures.

If such officer finds in such shop or premises any weights, measures, or instruments that are false, he may seize the same, and shall forthwith give information of such seizure to the Magistrate having jurisdiction

৩৮১ ধারা। কোন দোকানের কি বাড়ির মধ্যে অপ্রকৃত কোন বাটখারা কি মাপিবার গজ কাঠা পালি- প্রভৃতি আছে পোলীস থানার অধ্যক্ষের ইহা জানিবার কারণ থাকিলে, তিনি বিনা পরওয়ানার আপন থানার এলাকার অন্তর্গত ঐ দোকানের কি বাটীর মধ্যে ব্যবহৃত কি রক্ষিত সেই বাটখারা কি মাপিবার গজ কাঠা পালিপ্রভৃতি দৃষ্টি করিবার কিম্বা অন্বেষণ করিবার জন্যে ঐ দোকানে কি বাটীতে প্রবেশ করিতে পারিবেন।

বাটখারা ও মাপিবার যন্ত্রাদি দৃষ্টি করিবার কথা।

সেই দোকানের কি বাটির মধ্যে অপ্রকৃত কোন বাটখারা কি মাপিবার গজ কাঠা পালি প্রভৃতি পাইলে তিনি তাহা লইয়া যে মাজিষ্ট্রেটের বিচারাধিপত্য থাকে তাঁহাকে অগৌণে আপনার ঐ দ্রব্য ধৃত করিবার সম্বাদ দিবেন ইতি।

382. Whenever any house or place liable to search or inspection, under this chapter, is closed, any person residing in or being in charge of such house or place shall, on demand of the officer or other person excuting the warrant, allow such officer or other person free ingress thereto, and afford all resonable facilities for a search therein

Persons in charge of closed house to allow search

৩৮২ ধারা। এই অধ্যায়মতে যে ঘরে কি স্থানে অন্বেষণ কি দৃষ্টি হইতে পারে তাহা বন্ধ থাকিলে যে কর্ম্মকারক কি অন্য যে ব্যক্তি ঐ পরওয়ানামতে কার্য্য করিবেন তিনি অনুমতি চাহিলে যে ব্যক্তি ঐ ঘরে বা স্থানে থাকে বা তাহার রক্ষা করে সে ঐ কর্ম্মকারককে স্বচ্ছন্দে প্রবেশ করিতে দিবে ও সর্ব্বপ্রকারে তাহার অন্বেষণ কার্য্যের যুক্তিমত সুবিধা করিয়া দিবে ইতি।

বন্ধ ঘরপ্রভৃতির রক্ষকের অন্বেষণ করিতে অনুমতি দিবার কথা।

383. A police officer, or other person authorized by a warrant to search any house or place, may break open any outer or inner door or window of such house or place, in order to execute the warrant, if, after notification of his authority and purpose and demand of admittance duly made, he cannot otherwise obtain admittance

Place to be searched may be broken open

৩৮৩ ধারা। পোলীসের যে কর্ম্মকারক কিম্বা অন্য যে ব্যক্তি পরওয়ানাক্রমে কোন ঘরে কি স্থানে অন্বেষণ করিতে ক্ষমতা পান তিনি আপনার ক্ষমতা ও অভিপ্রায় জ্ঞাত করিয়া উপযুক্তরূপে প্রবেশ করিবার অনুমতি চাহিলে পর যদি অন্য প্রকারে প্রবেশ করিতে না পান তবে ঐ পরওয়ানামতে কার্য্য করিবার নিমিত্তে ঐ ঘরের কি স্থানের কোন সদর কি খিড়কীদ্বার কি জানালা ভাঙ্গিয়া খুলিতে পারিবেন ইতি।

যে স্থানে অন্বেষণ করিতে হইবে তাহা ভাঙ্গিয়া খুলিবার কথা।

384. If the place ordered to be searhed is an apartment in the actual occupancy of a woman, who, according to the customs of the country, does not appear in public, the officer or other person charged with the execution of the warrant shall give notice to such woman in such apartment, not being a woman against whom a warrant of arrest has been issued, that she is at liberty to withdraw

Breaking of zenana

After giving such notice and allowing a reasonable time for such woman to withdraw, and affording her every reasonable facility for withdrawing, such officer or person may enter such apartment for the purpose of completing the search, using at the same time every precaution consistent with these provisions for preventing the clandestine removal of property

৩৮৪ ধারা। যে স্থানে অন্বেষণ করিবার আজ্ঞা হয় তাহা অন্তঃপুর ও তন্মধ্যে স্ত্রীলোক থাকিলে ও দেশাচারমতে সেই স্ত্রী প্রকাশ স্থানে না গিয়া থাকিলে পোলীসের যে কর্ম্মকারককে কি অন্য যে ব্যক্তিকে ঐ পরওয়ানামতে কার্য্য করিবার ভারঅর্পণ হয় স্ত্রীকে ধরিবার ওয়ারণ্ট বাহির হইলে তিনি ঐ স্ত্রীভিন্ন অন্তঃপুরস্থ অন্য স্ত্রীকে সেই স্থানহইতে চলিয়া যাইবার অনুমতি জানাইবেন।

অন্তঃপুরের দ্বার ভাঙ্গিয়া খুলিবার কথা।

সেই অনুমতি জানাইলে পর ও সেই স্ত্রীর চলিয়া যাইবার উপযুক্ত অবকাশ দিয়া ও সর্ব্বপ্রকারে তাহার যাইতে পারিবার যুক্তিমত সুবিধা করিয়া দিলে পর, ঐ কর্ম্মকারক কি অন্য ব্যক্তি ঐ অন্বেষণ কার্য্য সমাপ্ত করিবার জন্যে ঐ অন্তঃপুরে প্রবেশ করিতে পারিবেন। কিন্তু ইহার মধ্যে দ্রব্য গোপনে স্থানান্তর করা না যায়, এই বিধানের সঙ্গত এমত উপযুক্ত উপায় করিবেন ইতি।

385. Before conducting a search under this chapter, the officer conducting it shall call upon two or more respectable inhabitants of the place in which the house or place to be searched is situate, to attend and witness the search

Search to be made in presence of witnesses

The search shall be made in their presence, but they shall not be required to attend the Court of the Magistrate as witnesses, unless specially summoned by him

The occupant of the house or place searched, or some person in his behalf, shall in every instance be permitted to attend during the search

Occupant of place searched may attend

৩৮৫ ধারা। যে কর্ম্মকারক এই অধ্যায়মতে তলাশ করিতে যান তিনি যে ঘরে কি স্থানে তলাশ করিবেন সেই ঘর যে স্থানে থাকে তলাশ করিবার পুর্ব্বে তিনি ঐ স্থানবাসি সম্ভ্রান্ত দুই কি তদধিক ব্যক্তিকে উপস্থিত হইয়া ঐ তলাশী কর্ম্ম দেখিবার জন্যে ডাকাইয়া আনিবেন।

সাক্ষিদের সাক্ষাতে অন্বেষণ হইবার কথা।

তাঁহাবদের সাক্ষাৎ তলাশ করা যাইবে কিন্তু মাজিষ্ট্রেট সেই ব্যক্তিদিগকে বিশেষমতে সমন না করিলে মাজিষ্ট্রেটের আদালতে তাঁহাদের সাক্ষিস্বরূপে যাইতে হইবে না।

ঐ অন্বেষণ করিবার সময়ে ঐ গৃহ কি স্থাননিবাসি ব্যক্তির কিম্বা তাহার পক্ষে কোন লোকের সর্ব্বদা উপস্থিত থাকার অনুমতি হইবে ইতি।

ঐ স্থান নিবাসির উপস্থিত থাকিতে পারিবার কথা।

386. Whenever it is necessary to cause a woman to be searched, the search shall be conducted with strict regard to the habits and customs of the country

Mode of searching woman

৩৮৬ ধারা। কোন স্থলে স্ত্রীর গায়ের বস্ত্রাদিতে অন্বেষণ করিবার আবশ্যক হইলে দেশের রীতি ও আচার অতিদৃঢ়মতে মানিয়া সেই কার্য্য করিতে হইবে ইতি।

স্ত্রীর গা তলাশ করিবার কথা।

387. Whenever a person is arrested by the police under a warrant which does not provide for the taking of bail,

Search of arrested persons

or under a warrant which provides for the taking of bail, but the arrested person cannot furnish bail,

or is arrested without warrant and is not admitted to bail,

it shall be the duty of the arresting officer to search such person and to place in safe custody all articles, other than necessary articles of apparel, found on such person

A list of such articles shall be forwarded with the daily diary or with the final report in the case

৩৮৭ ধারা। যে ওয়ারণ্টে হাজিরজামিন লইবার বিধান না থাকে পোলীস এমত ওয়ারণ্টক্রমে কোন ব্যক্তিকে ধৃত করিলে,

ধৃত ব্যক্তির গা তলাশের কথা।

কিম্বা ওয়ারণ্টে হাজিরজামিন লইবার বিধান থাকিতেও ধৃত ব্যক্তি তাহা দিতে না পারিলে,

কিম্বা তাহাকে ওয়ারণ্ট বিনা ধৃত করা গেলেও তাহার হাজির জামিন দিবার অনুমতি না হইলে,

যে কর্ম্মকারক তাহাকে ধৃত করিলেন তাঁহার কর্ত্তব্য এই যে ঐ ব্যক্তির গা তলাশী করিয়া তাহার প্রয়োজনীয় বস্ত্রাদিভিন্ন তাহার নিকট অন্য যত দ্রব্য পান তাহা লইয়া নির্ব্বিঘ্নে রাখেন।

রোজনামার সহিত কিম্বা মোকদ্দমার শেষ রিপোর্টের সহিত ঐ২ দ্রব্যের নির্ঘণ্টপত্রও পাঠান যাইবে ইতি।

PART IX

PROCEDURE INCIDENTAL TO INQUIRY AND TRIAL

CHAPTER XXVIII

BAIL

নবম খণ্ড।

অনুসন্ধান ও বিচার ঘটিত কার্য্যের প্রণালী।

২৮ অধ্যায়।

হাজির জামিনের কথা।

388. When any person appears or is brought before a Magistrate accused of any bailable offence, he shall be admitted to bail

When bail shall be taken

৩৮৮ ধারা। যে অপরাধ হইলে হাজিরজামিন লওয়া যাইতে পারে এমত অপরাধে অভিযুক্ত কোন ব্যক্তি মাজিষ্ট্রেটের সম্মুখে আইলে কিম্বা তাহাকে আনা গেলে, তাহার হাজির জামিন দিবার অনুমতি হইবে ইতি।

যে স্থলে হাজিরজামিন লইতে হইবে তাহার কথা।

389 When any person, accused of any non-bailable offence, appears or is brought before a Magistrate, such person shall not be admitted to bail, if there appear reasonable grounds

Bail not to be taken for certain offences

৩৮৯ ধারা। যে অপরাধ হইলে হাজিরজামিন লওয়া যাইতে না পারে, কোন ব্যক্তির নামে এমত অপরাধের অভিযোগ হইয়া সে মাজিষ্ট্রেটের সম্মুখে উপস্থিত হইলে কি তাহাকে উপস্থিত করা গেলে এবং

কোন২ অপরাধ হইলে হাজিরজামিন না লওয়ার কথা।

for believing that he has been guilty of the offence of which he is accused

তাহার নামে যে অপরাধের অভিযোগ হয় সে ঐ অপরাধের অপরাধী এমত জ্ঞান করিবার যুক্তিমত কারণ দেখা গেলে তাহার হাজিরজামিন দিবার অনুমতি হইবে না।

When bail may be taken

If the evidence, given in support of the accusation, is in the opinion of the Magistrate not such as to raise a strong presumption of the guilt of the accused person,

or if such evidence is adduced on behalf of the accused person as, in the opinion of the Magistrate, weakens the presumption of his guilt, but there appears to the Magistrate in either of such cases to be sufficient ground for further inquiry into his guilt,

the accused person shall be admitted to bail pending such inquiry

যে স্থলে লওয়া যাইতে পারিবে তাহার কথা।

অভিযোগের পোষকতায় যে প্রমাণ দেওয়া যায়, তদ্দ্বারা অভিযুক্ত ব্যক্তির অপরাধের দৃঢ় অনুমান হয় না মাজিষ্ট্রেটের এমত বিবেচনা হইলে,

অথবা অভিযুক্ত ব্যক্তির সপক্ষে যে প্রমাণ দেওয়া যায় তদ্দ্বারা তাহার অপরাধি হওয়ার অনুমান অপেক্ষাকৃত ন্যূন হইলে কিন্তু উক্ত কোন স্থলে তাহার অপরাধের অধিক তদন্ত লওয়ার বিশিষ্ট হেতু আছে মাজিষ্ট্রেটের এইরূপ বিবেচনা হইলে,

ঐ তদন্ত না লওনপর্য্যন্ত অভিযুক্ত ব্যক্তির হাজিরজামিন দিবার অনুমতি হইবে ইতি।

Power to direct admission to bail

390. The Court of Session may in any case, whether there be an appeal on conviction or not, direct that an accused person shall be admitted to bail, or that the bail required by a Magistrate be reduced

হাজিরজামিন লইবার আজ্ঞা করিবার ক্ষমতার কথা।

৩৯০ ধারা। অপরাধ নির্ণয় হইবার পর আপীল হইতে পারিলে বা না পারিলেও অভিযুক্ত ব্যক্তিকে হাজির জামিন দিবার অনুমতি দেওয়া যায় কিম্বা মাজিষ্ট্রেট যত টাকার জামিন চাহেন তাহা ন্যূন করা যায় সেশন আদালত কোন স্থলেই এমত আজ্ঞা দিতে পারিবেন ইতি।

Recognizance of accused and sureties

391. When a Magistrate admits to bail any person accused or suspected of any offence, a recognizance, in such sum of money as the Magistrate thinks sufficient, shall be entered into by the person so accused and one or more sureties, conditioned that such person shall attend at the time and place mentioned in the recognizance, and shall continue to attend until otherwise directed by the Court, and if required, shall appear when called upon at the Court of Session or other Court, as the case may be, to answer the charge.

অভিযুক্ত ব্যক্তির ও প্রতিভূদের মুচলকার কথা।

৩৯১ ধারা। কোন ব্যক্তির নামে অপরাধের অভিযোগ হওয়াতে কিম্বা তাঁহার প্রতি সংশয় থাকাতে মাজিষ্ট্রেট তাহাকে হাজিরজামিন দিবার অনুমতি দিলে মাজিষ্ট্রেট যত টাকা উপযুক্ত জ্ঞান করেন ঐ অভিযুক্ত ব্যক্তি ও এক কি অধিক জন প্রতিভূ তত টাকার মুচলকা লিখিয়া দিবে। মুচলকার নিয়ম এই যে, ঐ ব্যক্তি ঐ মুচলকার নির্দ্দিষ্ট সময়ে ও স্থানে উপস্থিত হইবে ও যত কাল আদালত অন্য আজ্ঞা না করেন ততকাল উপস্থিত থাকিবে এবং আবশ্যক হইলে সেই অভিযোগের উত্তর দিবার জন্যে আজ্ঞা পাইলেই সেশন আদালতে কি বিষয় বিশেষে অন্য আদালতে উপস্থিত হইবে ইতি।

Insufficient bail

392. If through mistake or fraud insufficient bail has been taken, or if the sureties become afterwards insufficient, the accused person may be ordered by the Magistrate to give sufficient bail or to find sufficient sureties, and in default may be committed to prison

হাজিরজামিন উপযুক্ত না হইলে তাহার কথা।

৩৯২ ধারা। যদি ভ্রান্তি কি প্রতারণাক্রমে অল্প টাকার জামিন লওয়া গিয়া থাকে, কিম্বা প্রতিভূগণ যদি পশ্চাৎ অনুপযুক্ত হয়, তবে মাজিষ্ট্রেট ঐ অভিযুক্ত ব্যক্তিকে উপযুক্ত হাজিরজামিন বা উপযুক্ত প্রতিভূ দিতে আজ্ঞা করিতে পারিবেন, না দিলে তাহাকে কারাবদ্ধ করা যাইতে পারিবে ইতি।

Bail may be taken at any time before conviction

393. If the accused person cannot find sureties when called upon, he shall be admitted to bail upon finding the same at any time afterwards before conviction.

অপরাধ নির্ণয় হইবার পূর্ব্বে কোন সময়ে জামিন লইতে পারিবার কথা।

৩৯৩ ধারা। অভিযুক্ত ব্যক্তিকে আজ্ঞা হইলেই যদি প্রতিভূ দিতে না পারে তবে তাহার অপরাধ নির্ণয় হওয়ার পূর্ব্বে কোন সময়ে প্রতিভূ দিতে পারিলে তাহা গ্রাহ্য হইবে ইতি।

394. After the recognizances have been duly entered into, the Magistrate, in case the accused person has appeared voluntarily or is in the custody of some officer, shall thereupon release him, and in case he is in some prison or other place of confinement, shall issue a warrant of release to the jailor or other person having him in his custody, and such jailor or other person shall thereupon release him.

Discharge on bail.

395. Any one or more of the sureties for an accused person may, at any time, apply to the Magistrate to be discharged from their engagements.

Discharge of sureties

On such an application being made, the Magistrate shall issue his warrant of arrest, directing that such person be brought before him.

On the appearance of such person pursuant to the warrant, or on his voluntary surrender, the Magistrate shall direct the recognizances of the sureties to be discharged, and shall call upon such person to find other sureties, and in default may order him to be committed to prison

396. Whenever, by reason of default of appearance of the person executing the personal recognizance, the Magistrate is of opinion that proceeding should be had to compel payment of the penalty mentioned in the recognizance, he shall proceed to enforce the penalty by issuing a warrant for the attachment and sale of the movable property belonging to such person, which may be found within the jurisdiction of the Magistrate of the District such warrant may be executed within the jurisdiction of the Magistrate of the District, and it shall authorize the distress and sale of any movable property belonging to the accused person without the jurisdiction of the said Magistrate when endorsed by the Magistrate of the District in which such movable property is situated

Procedure to compel payment of penalty by accused.

397. Whenever, by reason of default of appearance by the person bailed, the Magistrate is of opinion that proceedings should be had to compel payment of the penalty mentioned in the recognizance of the surety or sureties, he shall give notice to the surety or sureties to pay the same, or to show cause why it should not be paid

Procedure to compel payment of penalty by sureties

If such penalty be not paid, and if no sufficient cause for its non-payment be shown, the Magistrate shall proceed to recover the penalty from such surety or sureties by issuing a warrant for the

৩৯৪ ধারা। মুচলকা উপযুক্তমতে লিখিয়া দেওয়া গেলে পর, যদি অভিযুক্ত ব্যক্তি স্বেচ্ছামতে উপস্থিত হইয়া থাকে কিম্বা কোন কর্ম্মকারকের হেফাজতে আটক থাকে, তবে মাজিষ্ট্রেট তৎকালে তাহাকে মুক্ত করিবেন। যদি কোন কারাগারে কিম্বা বদ্ধ থাকিবার অন্য স্থানে থাকে, তবে জেলরের কি অন্য যাহার হেফাজতে থাকে তাহার নামে তাহাকে মুক্ত করিবার ওয়ারণ্ট দিবেন। তাহা হইলে ঐ জেলর কি অন্য ব্যক্তি তাহাকে মুক্ত করিবেন ইতি।

জামিন দিলে মুক্ত হওয়ার কথা।

৩৯৫ ধারা। অভিযুক্ত ব্যক্তির এক কি অধিক প্রতিভূ যখন ইচ্ছা করে তখনই মাজিষ্ট্রেটের নিকটে আপনাদের প্রতিজ্ঞাহইতে মুক্ত হইবার প্রার্থনা করিতে পারিবে।

প্রতিভূদিগকে মুক্ত করিবার কথা।

তদ্রূপ প্রার্থনা হইলে মাজিষ্ট্রেট ঐ ব্যক্তিকে উপস্থিত করাইবার জন্যে তাহাকে ধরিয়া আনিবার ওয়ারণ্ট দিবেন।

সেই ব্যক্তি ওয়ারণ্টক্রমে উপস্থিত হইলে, কিম্বা স্বেচ্ছামতে আপনাকে ধরা দিলে, মাজিষ্ট্রেট ঐ প্রতিভূদের প্রতিজ্ঞাপত্র রহিত হইবার আজ্ঞা করিয়া, ঐ ব্যক্তিকে অন্য প্রতিভূ দিতে আজ্ঞা করিবেন, তাহা দিতে না পারিলে তাহাকে কারাবদ্ধ করিবার আজ্ঞা দিতে পারিবেন ইতি।

৩৯৬ ধারা। কোন ব্যক্তি নিজে দণ্ড দিবার নিয়মে উপস্থিত হইবার মুচলকা লিখিয়া দিলে পর যদি উপস্থিত না হয়, ও তৎপ্রযুক্ত তাহার ঐ মুচলকার লিখিত দণ্ডের টাকা বলপূর্ব্বক লইবার কার্য্য করা কর্ত্তব্য মাজিষ্ট্রেট এমত বোধ করিলে জিলার মাজিষ্ট্রেট সাহেবের বিচারাধীন স্থানের মধ্যে ঐ ব্যক্তির অস্থাবর যে সম্পত্তি পাওয়া যায় তাহা ক্রোক ও নীলাম করিবার ওয়ারণ্ট দিয়া তিনি ঐ দণ্ডের টাকা আদায় করিতে প্রবর্ত্ত হইবেন। জিলার মাজিষ্ট্রেট সাহেবের বিচারাধীন স্থানের মধ্যে ঐ ওয়ারণ্টমতে কার্য্য করা যাইতে পারিবে ও তন্মধ্যে এই অনুমতি থাকিবে যে, উক্ত মাজিষ্ট্রেটের বিচারাধীন স্থানের বহির্ভূত অন্য জিলায় অভিযুক্ত ব্যক্তির যে অস্থাবর দ্রব্য থাকে, সেই জিলার মাজিষ্ট্রেট ঐ ওয়ারণ্টের পৃষ্ঠে লিখিয়া দিলে ঐ দ্রব্যও ক্রোক করিয়া নীলাম করা যাইতে পারিবে ইতি।

অভিযুক্ত ব্যক্তির দণ্ড দেওয়াইবার কার্য্যের কথা।

৩৯৭ ধারা। যে ব্যক্তির প্রতিভূ দেওয়া গেল সেই ব্যক্তি উপস্থিত না হওয়াতে মাজিষ্ট্রেট প্রতিভূর কি প্রতিভূদের মুচলকার লিখিত দণ্ডের টাকা আদায় করিবার কার্য্য করা কর্ত্তব্য বোধ করিলে তিনি ঐ প্রতিভূকে কি প্রতিভূদিগকে ঐ টাকা দিবার কিম্বা না দেওনের কারণ দর্শাইবার নোটিস দিবেন।

প্রতিভূদের দণ্ড দেওয়াইবার কার্য্যপ্রণালীর কথা।

ঐ দণ্ডের টাকা না দেওয়া গেলে ও না দিবার উপযুক্ত কারণ দর্শান না গেলে জিলার মাজিষ্ট্রেট সাহেবের বিচারাধীন স্থানের মধ্যে ঐ প্রতিভূর কি প্রতিভূদের অস্থাবর যে দ্রব্য পাওয়া যায় তিনি তাহা ক্রোক ও

attachment and sale of any movable property belonging to him or them which may be found within the jurisdiction of the Magistrate of the district Such warrant may be executed within the jurisdiction of the Magistrate of the district, and it shall authorize the distress and sale of any movable property belonging to the surety or sureties without the jurisdiction of the said Magistrate when endorsed by the Magistrate of the district in which such movable property is situated

If such penalty be not paid and cannot be recovered by such attachment and sale, such surety or sureties shall be liable to confinement, by order of the Magistrate, in the civil jail, during a period not exceeding six months

In what cases the powers given by sections 396 and 397 may be exercised

398. The powers given by sections three hundred and ninety-six and three hundred and ninety-seven may be exercised by every Criminal Court in every case in which a personal recognizance or bail has been given for the appearance of a party or witness, if default is made by the non-appearance of such party or witness, before such Court according to the conditions of such recognizance or bail

Remission of part of penalty

Provided that the Magistrate or Court may, at his or its discretion, remit any portion of the penalty mentioned in the recognizance of the accused person or of the surety or sureties, and enforce payment in part only

Revision of orders

All orders passed by any Magistrate, other than the Magistrate of the district, under this section or section three hundred and ninety-six or three hundred and ninety-seven, shall be appealable to the Magistrate of the district, or, if not so appealed, may be revised by him.

High Court or Court of Session may direct Magistrate to levy sum forfeited

A High Court or a Court of Session may direct any Magistrate to levy the amount due on a forfeited bail-bond executed in respect of attendance before such High Court or Court of Session

Deposit may be made instead of bail

399. When any person is required by any officer or Criminal Court to give bail, except in cases coming under chapter XXXVIII, such officer or Court may permit such person to deposit a sum of money or Government

নীলাম করিবার ওয়ারেণ্ট দিয়া ঐ টাকা আদায় করিতে প্রবর্ত্ত হইবেন। জিলার মাজিষ্ট্রেট সাহেবের বিচারাধীন স্থানের মধ্যে ঐ ওয়ারেণ্টমতে কার্য্য করা যাইতে পারিবে ও তন্মধ্যে এই অনুমতি থাকিবে যে, উক্ত মাজিষ্ট্রেটের বিচারাধীন স্থানের বহির্ভূত অন্য জিলায় ঐ প্রতিভূর কি প্রতিভূদের যে অস্থাবর দ্রব্য থাকে সেই জিলার মাজিষ্ট্রেট ঐ ওয়ারেণ্টের পৃষ্ঠে লিখিয়া দিলে ঐ দ্রব্যও ক্রোক করিয়া নীলাম করা যাইতে পারিবে।

সেই দণ্ডের টাকা না দেওয়া গেলে ও উক্ত প্রকারে ক্রোক ও নীলাম করণদ্বারা তাহা আদায় হইতে না পারিলে মাজিষ্ট্রেটের আজ্ঞাক্রমে ঐ প্রতিভূকে কি প্রতিভূদিগকে দেওয়ানী জেলখানায় ছয় মাসের অনধিক কাল বদ্ধ করা যাইতে পারিবে ইতি।

৩৯৬ ও ৩৯৭ ধারায় দত্ত ক্ষমতাক্রমে যেং স্থলে কার্য্য হইতে পারে তাহার কথা।

৩৯৮ ধারা। কোন পক্ষ কিম্বা সাক্ষী স্বয়ং দণ্ড দিবার নিয়মে উপস্থিত হইবার মুচলকা লিখিয়া দিলে কিম্বা হাজির জামিন দিলে পর যদি সেই মুচলকার কিম্বা জামিনীপত্রের নিয়মানুসারে আদালতের সম্মুখে উপস্থিত না হওয়াতে তাহার ত্রুটি হয় তবে উক্ত প্রত্যেক স্থলে প্রত্যেক ফৌজদারী আদালত ৩৯৬ ও ৩৯৭ ধারার দত্ত ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন।

দণ্ডের একাংশ ক্ষমা করিবার কথা।

কিন্তু অভিযুক্ত ব্যক্তির কিম্বা প্রতিভূর কি প্রতিভূগণের উক্ত মুচলকায় যে দণ্ডের উল্লেখ হইয়াছে মাজিষ্ট্রেট কিম্বা আদালত আপনার বিবেচনামতে ঐ দণ্ডের একাংশ ক্ষমা করিয়া অংশমাত্র দেওয়া প্রবল করিতে পারিবেন।

আজ্ঞা সংশোধনের কথা।

জিলার মাজিষ্ট্রেট ভিন্ন কোন মাজিষ্ট্রেট এই ধারা কিম্বা ৩৯৬ কি ৩৯৭ ধারামতে যে আজ্ঞা করেন তাহার উপর জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকট আপীল হইতে পারিবে কিম্বা আপীল না হইলে ও তাঁহার দ্বারা ঐ আজ্ঞা সংশোধন করা যাইতে পারিবে।

মাজিষ্ট্রেটের প্রতি হাই কোর্টের কি সেশন আদালতের ঐ অর্থদণ্ড আদায় করিবার আজ্ঞা দিতে পারিবার কথা।

হাই কোর্টের কিম্বা সেশন আদালতের সম্মুখে উপস্থিত হইবার যে হাজির জামীনিপত্র লিখিয়া দেওয়া যায়, সেই পত্রানুসারে কার্য্য না হওয়াতে তাহার উল্লিখিত টাকা আদায় করা আবশ্যক হইলে হাই কোর্ট কিম্বা সেশন আদালত কোন মাজিষ্ট্রেটকে ঐ টাকা আদায় করিবার আজ্ঞা দিতে পারিবেন ইতি।

হাজির জামিনের পরিবর্ত্তে টাকা দিবার কথা।

৩৯৯ ধারা। ৩৮ অধ্যায়ের বিধান যে স্থলে খাটে তদ্ভিন্ন স্থলে কোন কর্ম্মকারক কিম্বা কোন ফৌজদারী আদালত কোন ব্যক্তিকে হাজির জামিন দিতে আজ্ঞা করিলে ঐ কর্ম্মকারক কি আদালত হাজির জামিনের পরিবর্ত্তে

[illegible] promissory note [illegible] such amount as it may be [illegible] sufficient.

CHAPTER XXIX.

Formation of Lists of Jurors and Assessors and their Attendance.

400. The Sessions Judge and the Collector of the district, or such other officer as the Local Government from time to time appoints in this behalf, shall prepare and make out in alphabetical order a list of persons residing within ten miles from the place where trials before the Court of Session are held, or within such other distance as the Local Government thinks fit to direct, who are, in the judgment of the Sessions Judge and Collector or other officer as aforesaid, qualified from their education and character to serve as jurors or as assessors, respectively

List of jurors and assessors.

The list shall contain the name, place of abode, and quality or business of every such person, and if the person is a European or an American, the list shall mention the race to which he belongs

401. Copies of such list shall be stuck up in the office of the Collector or other officer as aforesaid and in the Court-houses of the Magistrate of the district and of the Chief Civil Court, and in some conspicuous place in the town or towns near or in the vicinity of which the persons named in the list reside.

Publication of list

To every such copy shall be subjoined a notice, stating that objections to the list will be heard and determined by the Sessions Judge and Collector or other officer as aforesaid at the Sessions Court-house, and at a time to be mentioned in the notice

402. For the hearing of such objections the Sessions Judge shall sit with the Collector or other officer as aforesaid, and shall, at the time and place mentioned in the notice, revise the list and hear the objections (if any) of persons interested in the amendment thereof, and shall strike out the name of any person not suitable in their judgment to serve as a juror or as an assessor, or who may avail himself of the exemption from service given by section four hundred and six, and insert the name of any person omitted from the list whom they deem qualified for such service

Revision of list

In the event of a difference of opinion between the Collector or other officer as aforesaid and the

[illegible] তাঁহার [illegible] অনুমতি দিতে পারিবেন ইতি।

২৯ অধ্যায়।

জুররদের ও আসেসরদের নাম নির্ঘণ্ট করিবার ও তাঁহারদের উপস্থিত হইবার কথা।

৪০০ ধারা। সেশন আদালতের সম্মুখে মোকদ্দমার বিচার হইবার স্থান হইতে দশ মাইলের অন্তর্গত স্থানবাসি, অথবা স্থানিয়েশের গবর্ণমেণ্ট তাহার ন্যূনাধিক যত দূর নির্ধার্য করা উচিত বোধ করেন তত দূর স্থানের অন্তর্গত স্থানবাসি যে ব্যক্তিরা বিদ্যা ও সদাচারি প্রযুক্ত সেশন জজ ও জিলার কালেক্টর সাহেবের অথবা স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ অন্য যে কার্য্যকারককে এতৎপক্ষে নিযুক্ত করেন তাঁহার বিবেচনায় জুরির কি আসেসরের কর্ম্ম করিবার যোগ্য হন উক্ত সেশন জজ কি কালেক্টর সাহেব কিম্বা উক্ত অন্য কর্ম্মকারক বর্ণাবলীক্রমে তাঁহাবদের নামের এক নির্ঘণ্টপত্র লিখিয়া প্রস্তুত করিবেন।

জুরির ও আসেসরদের নামনির্ঘণ্টের কথা।

ঐ নির্ঘণ্টপত্রে উক্ত প্রত্যেক জনের নাম ও বাসস্থান ও পদ কি ব্যবসায় লেখা থাকিবে। ও তাঁহারদের কোন ব্যক্তি ইউরোপীয় কি আমেরিকা দেশীয় লোক হইলে যে জাতীয় হন তাহাও লেখা যাইবে ইতি।

৪০১ ধারা। ঐ নির্ঘণ্টপত্রের প্রতিলিপি কালেক্টর সাহেবের কিম্বা পূর্ব্বোক্ত অন্য কার্য্যকারকের কাছারীতে, ও জিলার মাজিষ্ট্রেট সাহেবের আদালত ঘরে, ও প্রধান দেওয়ানী আদালতে ও সেই নির্ঘণ্টপত্রের লিখিত ব্যক্তিরা যে নগরে কি যে২ নগরে কি নগরের নিকটে বাস করেন, তাহার কোন প্রকাশ্য স্থানে লাগাইয়া দেওয়া যাইবে।

নির্ঘণ্ট প্রচার করিবার কথা।

সেই প্রত্যেক প্রতিলিপির নিম্নভাগে এই মর্ম্মের নোটিস লেখা থাকিবে যে ঐ নির্ঘণ্ট বিষয়ে কাহার আপত্তি থাকিলে সেশন জজ ও কালেক্টর সাহেব কি পূর্ব্বোক্ত অন্য কার্য্যকারক অমুক সময়ে সেশন আদালত ঘরে ঐ আপত্তি শুনিয়া নিষ্পত্তি করিবেন ইতি।

৪০২ ধারা। সেশন জজ সাহেব উক্ত আপত্তি শুনিবার নিমিত্ত কালেক্টর সাহেবের কিম্বা পূর্ব্বোক্ত অন্য কার্য্যকারকের সঙ্গে বসিবেন ও ঐ নোটিসের নির্দ্দিষ্ট সময়ে ও স্থানে ঐ নির্ঘণ্টপত্র সংশোধন করিবেন, ও তৎসংশোধনে যাঁহাদের স্বার্থ থাকে এমত কোন ব্যক্তি আপত্তি করিলে তাহা শুনিবেন, ও কোন ব্যক্তিকে জুরির কি আসেসরের কর্ম্ম করিবার অযোগ্য বিবেচনা করিলে কিম্বা ৪০৬ ধারামতে সেই কর্ম্ম হইতে অব্যাহতি পাইবার যে বিধান আছে কোন ব্যক্তি সেই বিধানমতে নিষ্কৃতি চাহিলে তাঁহারা তাঁহাদের নাম উঠাইয়া ঐ কর্ম্মের যোগ্য অন্য যে ব্যক্তির নাম তন্মধ্যে লেখেন নাই তাহা লিখিবেন।

ঐ নির্ঘণ্ট সংশোধনের কথা।

কালেক্টর সাহেবের কিম্বা পূর্ব্বোক্ত অন্য কার্য্যকারকের ও সেশন জজ সাহেবের মতের অনৈক্য

Sessions Judge, the name of the proposed juror or assessor shall be omitted from the list

A copy of the revised list shall be signed by the Sessions Judge and Collector or other officer as aforesaid and sent to the Court of Session

Any order of the Sessions Judge and Collector or other officer as aforesaid in preparing and revising the list shall be final

403 The list so prepared and revised shall be again revised once in every year

Annual revision of list

The list so revised shall be deemed a new list and shall be subject to all the rules hereinbefore contained as to the list originally prepared

404 All male persons between the ages of twenty one and sixty, resident within the local limits of the jurisdiction of the Court of Session except those hereinafter mentioned, shall be deemed capable of serving as jurors and assessors, and shall be liable to be summoned accordingly

Jurors and Assessors.

405. The following persons are incapable of serving as jurors or as assessors namely —

Disqualifications

Persons who hold any office in or under the said Court

Persons executing any duties of police or entrusted with any police functions

Persons who have been convicted of any offence against the State, or of any fraudulent or other offence which, in the judgment of the Sessions Judge and Collector renders them unfit to serve on the jury

Persons afflicted with any infirmity of body or mind, sufficient to incapacitate them from serving

Persons who, by habit or religious vows, have relinquished all care of worldly affairs

406 The following persons are exempt from the liability to serve as jurors or as assessors, namely —

Exemptions

All officers in civil employ superior in rank to a Magistrate of the district

Judges and other Judicial officers

Commissioners and Collector of Revenue or Customs

All persons engaged in the Preventive Service in the Customs Department

All persons engaged in the collection of the revenue whom the Collector thinks fit to exempt on the ground of official duty

হইলে নির্ঘণ্টপত্রহইতে প্রস্তু, কিম্বা জুরের কি আসেসরের নাম উঠাইয়া দেওয়া যাইবে।

সেশন জজ সাহেব ও কালেক্টর সাহেব কি পুর্ব্বোক্ত অন্য কার্য্যকারক ঐ সংশোধিত পত্রের প্রতিলিপিতে স্বাক্ষর করিয়া তাহা সেশন আদালতে পাঠাইবেন।

সেশন জজ সাহেব ও কালেক্টর সাহেব কি পুর্ব্বোক্ত অন্য কার্য্যকারক ঐ নির্ঘণ্টপত্র প্রস্তুত ও সংশোধন করণ সম্পর্কীয় যে আজ্ঞা করেন তাহা চূড়ান্ত হইবে ইতি।

৪০৩ ধারা। তদ্রূপে প্রস্তুত ও সংশোধিত নির্ঘণ্টপত্র প্রতিবৎসর একবার সংশোধন করা যাইবে।

বৎসর২ ঐ পত্র সংশোধনের কথা।

তদ্রূপ সংশোধিত নির্ঘণ্ট নূতন নির্ঘণ্টস্বরূপ জ্ঞান হইবে, ও প্রথম বার প্রস্তুত নির্ঘণ্টের পুর্ব্বোক্ত সকল বিধি ঐ নূতন নির্ঘণ্টের প্রতি খাটিবে ইতি।

৪০৪ ধারা। কোন সেশন আদালতের বিচারাধীন স্থানের মধ্যে পশ্চাৎ লিখিত ব্যক্তিভিন্ন একবিংশ বৎসরাবধি ষষ্টি বৎসর পর্য্যন্ত বয়সের যত পুরুষবাস করেন, তাঁহারা জুরির ও আসেসরদের কর্ম্ম করিবার সক্ষম জ্ঞান হইবেন, ও তদনুসারে তাঁহাদের নামে সমন হইতে পারিবে ইতি।

জুরর ও আসেসরদের কথা।

৪০৫ ধারা। নিম্নলিখিত ব্যক্তিরা জুরির কি আসেসরের কর্ম্ম করিতে অক্ষম। অর্থাৎ,

অযোগ্যতার কথা।

যাঁহারা উক্ত কোন আদালতে কি আদালতের অধীন কোন পদ ধারণ করেন তাঁহারা।

যাহারা পোলীসের কর্ত্তব্য কোন কর্ম্ম করেন কিম্বা পোলীসের কোন বর্গের ভার যাঁহারদের প্রতি অর্পিত হয় তাঁহারা।

রাজ্যের বিরুদ্ধে কিম্বা প্রতারণা কি অন্য যে অপরাধ প্রযুক্ত সেশন জজ ও কালেক্টর সাহেবের বিবেচনায় কোন ব্যক্তি জুরির কর্ম্ম করিবার অযোগ্য হয় যাহারদের সেই২ অপরাধ নির্ণয় হইয়াছে তাঁহারা।

শরীরের কি মনের যে দুর্ব্বলতাহেতুক ঐ কর্ম্ম করিবার অপারকতা হইতে পারে যাঁহাদের সেই দুর্ব্বলতা থাকে তাহারা।

যাঁহারা আচারক্রমে কি ধর্ম্মসম্পর্কীয় মানতক্রমে সংসারীয় ব্যাপারের চিন্তা ত্যাগ করিয়াছেন তাঁহারা ইতি।

৪০৬ ধারা। নিম্নলিখিত ব্যক্তিরা জুরির কি আসেসরের কর্ম্ম হইতে মুক্ত অর্থাৎ,

বর্জ্জিত ব্যক্তিদের কথা।

জিলার মাজিষ্ট্রেটের উর্দ্ধ শ্রেণীর যে সকল কর্ম্মকারক সিবিল কর্ম্মে নিযুক্ত থাকেন তাঁহারা।

জজেরা ও অন্য বিচারকর্ত্তারা।

রাজস্বের কি কষ্টমের কমিশ্যনর ও কালেক্টর সাহেবেরা।

কষ্টম ডিপার্টমেন্টে মাসুল চুরি নিবারণের কর্ম্মে নিযুক্ত ব্যক্তিরা।

কালেক্টর সাহেব রাজস্ব আদায়ের কর্ম্মে নিযুক্ত যে সকল ব্যক্তিকে রাজকীয় কর্ম্মপ্রযুক্ত মুক্ত করা উচিত বোধ করেন তাঁহারা।

Chaplains and others employed in religious offices

All persons in the Military Service, except when, by any law in force for the time being, such persons are specially made liable to serve.

Surgeons and others who openly and constantly practise in the profession of physic

Persons employed in the Post Office and Electric Telegraph Departments

Persons actually officiating as priests in their respective religions

All persons exempted by the Local Government, and persons exempted by Government from personal appearance in Court under the provisions of the Code of Civil Procedure, section twenty-two

Person exempted is not bound to avail himself of his right of exemption

The exemption from service given by this section is a right of which each person exempted may avail himself or not

Nothing contained in this section shall be construed to disqualify any such person if he is willing to serve as a juror or as an assessor

The Sessions Judge may issue a summons to any exempted person to serve as an assessor or juror on the trial of a European British subject

Court to summon jurors

407 The Court of Session shall ordinarily, three days at the least before the time fixed for the holding of the sessions, send a precept to a Magistrate directing him to summon as many persons named in the said revised list as seem to the Court to be needed for trials by jury and trials with the aid of assessors at the said sessions, the number to be summoned not being less than double the number required for any case about to be tried as such sessions

The names of the persons to be summoned shall be drawn by lot in open Court, excluding those on the revised list who have served within six months, unless the number cannot be made up without them, the names so drawn shall be specified in the precept to the Magistrate.

Summoning and empannelling jurors under section 234

408 When a trial is to be held in which the accused person or one of the accused persons is entitled to be tried by a jury constituted under the provisions of section two hundred and thirty-four, the Court of Session shall, three days

ধর্ম্মোপদেশকরা ও ধর্ম্মসংক্রান্ত পদে নিযুক্ত অন্য ব্যক্তিরা।

সৈন্যসম্পর্কীয় কর্ম্মে নিযুক্ত সকল ব্যক্তি। কিন্তু যৎকালে যে আইন প্রচলিত থাকে তদনুসারে উক্ত ব্যক্তিদিগকে বিশেষমতে ঐ কর্ম্ম করিবার যোগ্য করা গেলে তাঁহারা নিযুক্ত হইতে পারিবেন।

চিকিৎসকেরা ও অন্য যে ব্যক্তিরা নিয়ত প্রকাশরূপে চিকিৎসাকর্ম্ম করেন তাঁহারা।

ডাকঘরের ও ইলেক্‌ট্রিক টেলিগ্রাফ কর্ম্মবিভাগের কর্ম্মে নিযুক্ত ব্যক্তিরা।

যাঁহারা আপন২ ধর্ম্মসম্পর্কীয় পৌরোহিত্য কর্ম্ম করেন তাঁহারা।

স্থানীয় গবর্ণমেণ্ট যে সকল ব্যক্তিকে অব্যাহতি দেন তাঁহারা এবং দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ২২ ধারার বিধানমতে স্থানীয় গবর্ণমেণ্ট যাঁহাদিগকে আদালতে স্বয়ং উপস্থিত না হইবার অনুমতি দেন তাঁহারা।

বর্জ্জিত ব্যক্তিদের ঐ কার্য্য না করা স্বেচ্ছাধীন থাকার কথা।

এই ধারামতে উক্ত কর্ম্মহইতে বর্জ্জিত থাকার যে অধিকার দেওয়া গিয়াছে তাহা প্রত্যেক জন স্বেচ্ছামতে গ্রহণ করিতে পারিবেন কিম্বা নাই করিবেন।

উক্ত কোন ব্যক্তি জুরির কি আসেসরের কর্ম্ম করিতে ইচ্ছুক হইলে এই ধারার কোন কথাক্রমে তাঁহাকে অযোগ্য জ্ঞান করিতে হইবে না।

ইউরোপীয় ব্রিটনীয় প্রজার বিচার হইলে সেশন জজ সাহেব আসেসরের কি জুররের কর্ম্মকরণার্থে বর্জ্জিত কোন ব্যক্তির নামে সমন দিতে পারিবেন ইতি।

জুররদিগকে আদালতের সমন করিবার কথা।

৪০৭ ধারা। সেশন আদালতের অধিবেশনকালে জুরিদ্বারা কিম্বা আসেসরদের সাহায্যাবলম্বনে যে২ মোকদ্দমার বিচার হইবে সেই বিচারকালে ঐ আদালত যত জনের প্রয়োজন জ্ঞান করেন অধিবেশন করিবার নির্দ্ধারিত দিনের পূর্ব্বে ন্যূন কল্পে তিন দিন থাকিতে মাজিষ্ট্রেট সাহেবের প্রতি ঐ সংশোধিত নির্ঘণ্টপত্রের লিখিত তত জনকে আহ্বান করিবার আজ্ঞাপত্র দিবেন। ঐ সেশনের বিচার্য্য কোন মোকদ্দমায় যত জনের প্রয়োজন হয়, তাহার দ্বিগুণের ন্যূন ব্যক্তিকে সমন করাইবেন না।

ঐ সংশোধিত নির্ঘণ্টপত্রে লিখিত যে ব্যক্তিরা তৎপূর্ব্বের ছয় মাসের মধ্যে উক্ত কর্ম্ম করিয়াছেন তাঁহাদিগকে না ধরিয়া যদি উপযুক্ত সংখ্যার ব্যক্তিদিগকে পাওয়া যাইতে পারে, তবে তাঁহাদিগকে ত্যাগ করিয়া অন্য ব্যক্তিদিগকে সমন করিতে হইবে। কোন্‌২ ব্যক্তিদিগকে সমন করিতে হইবে ইহা মুক্ত দ্বার আদালতে গুলিবাঁট করিয়া নির্দ্ধার্য্য হইবে, ও মাজিষ্ট্রেট সাহেবের নামে যে আজ্ঞাপত্র দেওয়া যায়, তন্মধ্যে তাঁহাদের নাম লেখা যাইবে ইতি।

২৩৪ ধারামতে সমন করিয়া জুরি নিযুক্ত করিবার কথা।

৪০৮ ধারা। কোন মোকদ্দমায় ২৩৪ ধারামতে নিযুক্ত জুরির দ্বারা অভিযুক্ত ব্যক্তির কিম্বা অভিযুক্ত ব্যক্তিদের মধ্যে এক জনের বিচার হইবার অধিকার থাকিলে, সেই বিচারের নিমিত্ত জুরিস্বরূপ ইউরোপীয়

at least before the day fixed for holding such trial, cause to be summoned, in the manner hereinafter prescribed, as many European and American jurors as are required for the trial, if there be so many on the jury-list of the district, in which the trial is to be held

The Court shall also at the same time in like manner caused to be summoned the same number of other persons named in the revised list, unless such number of such other persons shall have been already summoned for jury trials at that session

From the whole number of persons returned the jurors, who are to constitute the jury, shall be taken by lot in the manner prescribed in section two hundred and forty until a jury containing the proper number of Europeans or Americans, or a number approaching thereto as nearly as possible, has been obtained

If a jury containing the requisite number of Europeans and Americans is not obtained, the accused person may elect to be tried by the Judge with the aid of assessors, otherwise he shall be tried by the jury obtained by the means aforesaid

409 Every summons to a juror or assessor shall be in writing, and shall require his attendance as a juror or assessor at a time and place to be therein specified

Form and service of summons

The summons or a copy thereof shall be served on every juror or assessor personally

If the juror or assessor summoned be absent from his usual place of abode, the summons may be left for him there with some adult male member of his family residing with him

410 The Court of Session may direct jurors or assessors to be summoned at other periods than the period specified in section four hundred and seven, when the number of trials before the Court renders the attendance of one set of jurors or assessors for a whole session oppressive, or whenever it is found to be necessary

Power to summon another set of jurors or assessors

411. If any person summoned to serve as a juror or assessor be in the service of Government or of a Railway Company, the summons shall be sent to him through the head

Service of summons on officer of Government

ও আমেরিকা দেশীয় যত জনের আবশ্যক হয় যে জিলায় বিচার হইবে সেই জিলার জুরির নির্ঘণ্টপত্রে তত জন থাকিলে সেশন আদালত ঐ মোকদ্দমার বিচার হইবার নির্দ্ধারিত দিবসের পূর্ব্বে ন্যূনকল্পে তিন দিন থাকিতে নিম্নলিখিত বিধিমতে তাঁহারদিগকে সমন করাইবেন।

ও সংশোধিত নির্ঘণ্টপত্রে অন্য যে ব্যক্তিদের নাম লেখা থাকে আদালত সেই সময়ে সেই প্রকারে তাঁহারদের মধ্যহইতে তত্তুল্য সংখ্যক ব্যক্তিদিগকে সমন করাইবেন। কিন্তু যদি সেই সেশনে জুরিদ্বারা বিচারের নিমিত্ত ঐ অন্য প্রকারের তত্তুল্যসংখ্যক ব্যক্তিদিগকে পূর্ব্বে সমন করা গিয়া থাকে তবে করাইবেন না।

তদনুসারে যত ব্যক্তি উপস্থিত হন তাঁহাদের মধ্যে যে২ ব্যক্তিদিগকে লইয়া জুরি হইবে ২৪০ ধারার নির্দ্দিষ্টমতে গুলিবাঁট করিয়া তাহারদিগকে মনোনীত করা যাইবে ও ইউরোপীয় এবং আমেরিকাদেশীয় উপযুক্তসংখ্যার লোক কিম্বা যথাসাধ্য প্রায়ই সেই সংখ্যার লোক হইলে তাঁহারদিগকে লইয়া জুরী হইবে।

ইউরোপীয় ও আমেরিকাদেশীয় যত ব্যক্তিকে লইয়া জুরী করিতে হইবে তত ব্যক্তিকে পাওয়া যাইতে না পারিলে অভিযুক্ত ব্যক্তি ইচ্ছা করিলে আসেসরদের সাহায্যে জজ সাহেবের দ্বারা বিচার হইতে পারিবে। নতুবা পূর্ব্বোক্ত প্রকারে যে জুরি পাওয়া যায় তাহারদের দ্বারা তাহার বিচার হইবে ইতি।

৪০৯ ধারা। জুররকে কি আসেসরকে যে সমন দেওয়া যায় তাহা লিখিয়া দেওয়া যাইবে। ও ঐ পত্রে যে সময় ও স্থান নির্দ্দিষ্ট থাকে তাঁহার প্রতি ঐ সময়ে ও স্থানে জুরির কি আসেসরের কর্ম্ম করণার্থে উপস্থিত হইবার আদেশ থাকিবে।

সমনের পাঠের ও তাহা জারী করিবার কথা।

ঐ সমন কি তাহার প্রতিলিপি সেই জুররের কি আসেসরের হাতেই দেওয়া যাইবে।

যে জুররকে কি আসেসরকে সমন করা যায় তিনি আপনার নিয়ত নিবাসে না থাকিলে, সেই সমন তাঁহাকে দিবার জন্যে তাঁহার পরিবারের বয়ঃপ্রাপ্ত যে পুরুষ তাঁহার সঙ্গে বাস করে তাহার হাতে দেওয়া যাইবে ইতি।

৪১০ ধারা। সেশন আদালতের একিকালীন অধিবেশনে অনেক মোকদ্দমার বিচার করিতে হইলে ও বিচারার্থে যে জুরিকে কি যে আসেসরদিগকে সমন করা গেল, তাঁহাদের সেই সমস্ত মোকদ্দমার বিচারে উপস্থিত থাকিতে হইলে বড় ক্লেশ সম্ভাবনা অথবা অন্য স্থলে আবশ্যক বোধ হইলে সেশন আদালত ৪০৭ ধারার নির্দ্দিষ্ট সময়ভিন্ন অন্য সময়ে জুরিকে কি আসেসরদিগকে সমন করিবার আজ্ঞা দিতে পারিবেন ইতি।

অন্য জুররদিগকে কি আসেসরদিগকে সমন করিবার ক্ষমতার কথা।

৪১১ ধারা। জুরির কি আসেসরের কর্ম্ম করণার্থে যে ব্যক্তিকে সমন করা যায় তিনি গবর্ণমেণ্টের কিম্বা রেলওয়ে কোম্পানির কর্ম্মকারক হইলে যে মফুঃ-

গবর্ণমেণ্টের কার্য্যকারকের নামে সমন দেওয়ার কথা।

officer of the office in which he is employed; and the Court may excuse the attendance of such person if it appear, on the representation of such head officer, that the person summoned cannot serve as a juror or assessor without inconvenience to the public service

Court may excuse attendance of juror or assessor

412. The Court of Session may excuse any juror or assessor from attendance for reasonable cause

List of jurors or assessors attending

413. At each session the Court shall cause to be made a list of the names of those who serve as jurors or assessors at such session

Such list shall be kept with the revised list of the jurors and assessors prepared under section four hundred and two

A reference shall be made in the margin of the said revised list to each of the names which are mentioned in the list prepared under this section

Penalty for non attendance of juror or assessor

414 Any person summoned to attend as a juror or as an assessor who, without lawful excuse, fails to attend as required by the summons, or who, having attended, departs without having obtained the permission of the Court, or fails to attend after an adjournment of the Court after being ordered to attend, shall be liable by order of the Court of Session to a fine not exceeding one hundred rupees

Such fine shall be levied by the Magistrate of the district by attachment and sale of any moveable property belonging to such juror or assessor within the jurisdiction of the Sessions Court making the order

In default of recovery of the fine by such attachment and sale, such juror or assessor may be imprisoned in the civil jail for the space of fifteen days, if the fine be not sooner paid

CHAPTER XXX.

MISCELLANEOUS PROVISIONS.

Procedure by police upon seizure of stolen property.

415. The seizure by any police officer of property alleged or suspected to have been stolen, or found under circumstances which create suspicion of the commission of any offence, shall be forthwith reported

খানায় কর্ম্ম করেন সেই দপ্তরখানার প্রধান কর্ম্মকারকের দ্বারা তাঁহার নিকটে সমন পাঠান যাইবে। ও সেই ব্যক্তির জুরির কি আসেসরের কর্ম্ম করিতে হইলে রাজকীয় কার্য্যের ব্যাঘাত হইতে পারে প্রধান কর্ম্মকারকের উক্তিমতে ইহা দৃষ্ট হইলে আদালত ঐ ব্যক্তির উপস্থিত না হওয়া ক্ষমা করিতে পারিবেন ইতি।

জুরির কি আসেসরের উপস্থিত না হওয়ার অনুমতির কথা।

৪১২ ধারা। উপযুক্ত হেতু থাকিলে সেশন আদালত জুরির কোন ব্যক্তির কি আসেসরের উপস্থিত না হওয়া ক্ষমা করিতে পারিবেন ইতি।

জুরির যে ব্যক্তিরা কি আসেসরেরা উপস্থিত হন তাঁহাদের নাম নির্দ্দেষ্টের কথা।

৪১৩ ধারা। সেশন আদালতের যে অধিবেশনকালে যাঁহারা জুরির কি আসেসরের কর্ম্ম করেন আদালত সেই অধিবেশনে তাহাদের নামের নির্দ্দিষ্ট লেখাইবেন।

৪০২ ধারামতে জুররদের ও আসেসরদের নামের যে সংশোধিত নির্দ্দিষ্টপত্র প্রস্তুত করা যায়, তাহার সঙ্গে উক্ত নির্দ্দিষ্টপত্র রাখিতে হইবে।

এক ধারামতে প্রস্তুত নির্দ্দিষ্টে যাঁহাদের নাম লেখা যায়, উক্ত সংশোধিত পত্রের এক পার্শ্বে তাহাদের নামের উল্লেখ থাকিবে ইতি।

জুরর কি আসেসর অনুপস্থিত হইলে দণ্ডের কথা।

৪১৪ ধারা। কোন ব্যক্তিকে জুরর কি আসেসরস্বরূপে উপস্থিত হইবার সমন করা গেলে, যদি ন্যায্য কোন কারণ না থাকিলেও তিনি ঐ সমনের আদেশমতে উপস্থিত না হন, কিম্বা উপস্থিত হইয়াও যদি আদালতের অনুমতি না পাইয়া চলিয়া যান, কিম্বা বিচারকার্য্য স্থগিত হইয়া দিনান্তর নিরূপণ হইলে সেই দিনে উপস্থিত হইবার আজ্ঞা পাইয়াও যদি উপস্থিত না হন, তবে সেশন আদালতের আজ্ঞামতে তাঁহার এক শত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

ও যে সেশন আদালত ঐ আজ্ঞা করেন তাঁহার বিচারাধীন স্থানের মধ্যে ঐ জুররের কি ঐ আসেসরের অস্থাবর যে দ্রব্য থাকে জিলার মাজিষ্ট্রেট সাহেব তাহা ক্রোক ও নীলাম করণদ্বারা ঐ অর্থদণ্ড আদায় করিতে পারিবেন।

ক্রোক ও নীলাম করণ দ্বারা ঐ অর্থদণ্ডের টাকা আদায় হইতে না পারিলে, ঐ জুররকে কি আসেসরকে পঞ্চদশ দিন পর্য্যন্ত দেওয়ানী জেলখানায় কারাবদ্ধ করা যাইতে পারিবে, ইতিমধ্যে ঐ টাকা দেওয়া গেলেই মুক্ত করা যাইবে ইতি।

৩০ অধ্যায়।

বিবিধ বিধান।

চোরা দ্রব্য ধৃত হইলে পোলীসের কার্য্যপ্রণালীর কথা।

৪১৫ ধারা। দ্রব্য চুরি করা গেল এমত কথিত হইলে কি এমত সংশয় থাকিলে কিম্বা দ্রব্য যে গতিকে পাওয়া গেল সেই গতিকের পূর্ব্বাপর ঘটনা বিবেচনায় কোন অপরাধের অনুভব হইলে

to a Magistrate, who shall thereupon make such order respecting the custody and production of such property as he thinks proper.

Sale of perishable property

If such property is of a perishable nature, or if it appears to the Magistrate that its sale would be for the benefit of the owner, such Magistrate may at any time direct it to be sold, and shall hold the proceeds of such sale in trust for the owner, subject to the provisions contained in sections four hundred and sixteen and four hundred and seventeen

Procedure where owner of property seized unknown

416. When the owner of any such property is unknown, the Magistrate may detain it, or the proceeds thereof, if sold, and, in case of such detention shall issue a proclamation specifying the articles of which such property costs or consisted, and requiring any person who may have a claim thereto or to the proceeds thereof, to appear before him and establish his claim within six months from the date of such proclamation

Procedure if no claimant appears within six months

417 If no person within such period establishes his claim to such property or proceeds, and if the person, in whose possession such property was found, is unable to show that it was legally acquired by him, such property shall be at the disposal of the Government, and may be sold under the orders of the Magistrate of the district, or a Magistrate of a division of a district, or if duly authorized, a Magistrate of the first class, or, if it has been already sold by the Magistrate, the proceeds thereof shall be at the disposal of the Government

An appeal shall be allowed, to the Court to which appeals against sentences would lie in the case of every order passed under this section

Order for disposal of property regarding which offence committed

418. When the trial in any Criminal Court is concluded, the Court may make such order as appears right for the disposal of any property produced before it, regarding which any offence appears to have been committed

Stay of such order

419. Any Court of appeal, reference, or revision may direct any such order passed by a Court

পোলীসের কোন কর্ম্মকারক এমত দ্রব্য ধৃত করিলে সেই দ্রব্য ধরিবার কি পাইবার কথা অগৌণে মাজিষ্ট্রেটকে জানাইতে হইবে। তাহা হইলে তিনি সেই দ্রব্য রাখিবার ও উপস্থিত করিবার যে আজ্ঞা বিহিত বোধ করেন করিবেন।

আশু ক্ষয়ণীয় দ্রব্য বিক্রয় করিবার কথা।

ঐ দ্রব্য আশু ক্ষয়ণীয় হইলে কিম্বা বিক্রয় করিলে স্বামির লাভ হইবে মাজিষ্ট্রেট এমত বোধ করিলে কোন সময়ে তাহা বিক্রয় করিবার আজ্ঞা করিয়া ৪১৬ ও ৪১৭ ধারার বিধানমতে স্বামির জন্যে ঐ দ্রব্যের মূল্য ন্যাসস্বরূপ রাখিবেন ইতি।

দ্রব্যের স্বামি অপরিচিত হইলে যাহা কর্ত্তব্য তাহার কথা।

৪১৬ ধারা। উক্ত সম্পত্তি কাহার ইহা না জানা গেলে মাজিষ্ট্রেট ঐ সম্পত্তি রাখিবেন কিম্বা তাহা বিক্রয় করা গেলে ঐ দ্রব্যের মূল্য রাখিবেন এবং ঐ সম্পত্তির মধ্যে যে২ দ্রব্য ছিল বা আছে ঘোষণাপত্রে সেই২ দ্রব্যের বিশেষ বর্ণনা লিখিয়া প্রকাশ করণপূর্ব্বক সেই দ্রব্যের কিম্বা তাহার মূল্যের উপর যে কোন ব্যক্তির দাওয়া থাকে তাঁহাকে ঐ ঘোষণাপত্রের তারিখঅবধি ছয় মাসের মধ্য কোন সময়ে তাঁহার সম্মুখে উপস্থিত হইয়া আপনার দাওয়ার প্রমাণ করিতে আজ্ঞা দিবেন ইতি।

ছয় মাসের মধ্যে দাওয়াদার উপস্থিত না হইলে কার্য্যপ্রণালীর কথা।

৪১৭ ধারা। ঐ সময়ের মধ্যে কোন ব্যক্তি ঐ দ্রব্যের কি তাহার মূল্যের উপর আপন দাওয়া সপ্রমাণ না করিলে ও সেই দ্রব্য যাহার নিকটে পাওয়া গেল সে ন্যায়মতে তাহা পাইয়াছিল ইহা দেখাইতে না পারিলে গবর্ণমেণ্ট ঐ দ্রব্য লইয়া যাহা ইচ্ছা তাহা করিতে পারিবেন, ও জিলার মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা জিলার খণ্ডের মাজিষ্ট্রেটের আজ্ঞাক্রমে কিম্বা প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেট উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত হইলে তাঁহারই আজ্ঞাক্রমে তাহা বিক্রয় করা যাইতে পারিবে, কিম্বা মাজিষ্ট্রেট পূর্ব্বে তাহা বিক্রয় করিয়া থাকিলে গবর্ণমেণ্ট তাহার মূল্য লইয়া স্বেচ্ছামতে প্রয়োগ করিবেন।

যে আদালতে দণ্ডাজ্ঞার উপর আপীল হইতে পারে এই ধারামতে যে আজ্ঞা করা যায় তাহার উপর সেই আদালতে আপীল হইবার অনুমতি থাকিবে ইতি।

যে দ্রব্য সম্পর্কে অপরাধ করা যায় তাহা লইয়া যাহা করিতে হইবে এই বিষয়ের আজ্ঞার কথা।

৪১৮ ধারা। কোন ফৌজদারী আদালতে বিচারকার্য্য সমাপ্ত হইলে, আদালতের সম্মুখে উপস্থিত করা যে দ্রব্য সম্পর্কে অপরাধ করা গিয়াছে দৃষ্ট হয় তাহা লইয়া যাহা করিতে হইবে আদালত এই বিষয়ের যে আজ্ঞা বিহিত বোধ করেন করিবেন ইতি।

সেই আজ্ঞা স্থগিত করিবার কথা।

৪১৯ ধারা। যে আদালতে আপীল কি বিচারার্পণ কি নিষ্পত্তির সংশোধন হইতে পারে সেই আদালত আপনার অধীন আদাল-

subordinate thereto to be stayed, and may modify, alter, or annul it.

420. The order passed by any Court under section four hundred and eighteen or four hundred and nineteen, may be in the form of a reference of the property to the Magistrate of the district, or to a Magistrate of a division of a district, who shall in such cases deal with it as if the property had been seized by the police and the seizure had been reported to him in the manner hereinbefore mentioned.

Order may take form of reference to Magistrate of district

421. Subject to any rules that may be passed by the Local Government, with the previous sanction of the Governor-General of India in Council, the Criminal Courts may order payment on the part of Government of the reasonable expenses of any complainant or witness attending for the purpose of any trial before such Court under this Act.

Expenses of complainants and witnesses

422. When the services of an interpreter are required by any Criminal Court for the interpretation of any evidence or statement, he shall be bound to state the true interpretation of such evidence or statement.

Interpreter to be bound to interpret truthfully

CHAPTER XXXI

LUNATICS

423. When any person charged with an offence before a Magistrate competent to try the case, appears to such Magistrate to be of unsound mind and incapable of making a defence, such Magistrate shall institute an inquiry to ascertain the fact of such unsoundness of mind, and shall cause the accused person to be examined by the Civil Surgeon of the district, or some other medical officer, and thereupon shall examine such Civil Surgeon or other medical officer as a witness, and shall reduce the examination into writing.

Procedure in case of accused being lunatic

If such Magistrate is of opinion that the accused person is of unsound mind, he shall stay further proceedings in the case.

424. When, from the evidence given before a Magistrate, there appears to be sufficient ground for believing that the accused person committed an act which, if he had been of sound mind, would have been an offence triable exclusively by the Court of Session, and that he was

When accused appears to have been insane

ক্তের কৃত উক্ত কোন আজ্ঞা স্থগিত করিতে এবং সংশোধন কি পরিবর্ত্তন কি অসিদ্ধ করিতে পারিবেন ইতি।

৪২০ ধারা। ৪১৮ কি ৪১৯ ধারাক্রমে কোন আদালতের যে আজ্ঞা হয় জিলার মাজিষ্ট্রেট সাহেবের প্রতি কিম্বা জিলার খণ্ডের মাজিষ্ট্রেটের প্রতি ঐ দ্রব্য সমর্পণ করণার্থে সেই আজ্ঞা হইতে পারিবে। তাহা হইলে ঐ দ্রব্য পোলীসের দ্বারা ধৃত হইয়া পূর্ব্বোক্তমতে তাঁহার নিকট রিপোর্ট করা গেলে তিনি যদ্রূপে করিতেন ঐ দ্রব্য লইয়া তদ্রূপেই করিবেন ইতি।

জিলার মাজিষ্ট্রেট সাহেবের প্রতি দ্রব্য অর্পণকরণসূচক আজ্ঞা হইবার কথা।

৪২১ ধারা। যে বাদিরা কি সাক্ষিরা এই আইন অনুসারে কোন মোকদ্দমার বিচার কার্য্যের নিমিত্তে ফৌজদারী আদালতে উপস্থিত হন ঐ আদালত গবর্ণমেণ্টের পক্ষে তাঁহাদের উপযুক্ত খরচ দিবার আজ্ঞা করিতে পারিবেন। কিন্তু স্থানীয় গবর্ণমেণ্ট মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের সম্মতিক্রমে যে বিধি করেন উক্ত আজ্ঞা সেই বিধি মানিয়া করা যাইবে ইতি।

বাদিদের ও সাক্ষিদের খরচের কথা।

৪২২ ধারা। ফৌজদারী আদালতে কোন প্রমাণের কি উক্তির অর্থ করিবার জন্যে দোভাষির প্রয়োজন হইলে ঐ দোভাষী সেই প্রমাণের কি উক্তির যথার্থ অর্থ করিতে প্রতিজ্ঞাবদ্ধ হইবেন ইতি।

দোভাষির যথার্থই অর্থ করিতে হইবার কথা।

৩১ অধ্যায়।

ক্ষিপ্তমনা ব্যক্তিদের কথা।

৪২৩ ধারা। মোকদ্দমার বিচার করিবার ক্ষমতাপন্ন কোন মাজিষ্ট্রেটের সম্মুখে কোন ব্যক্তির নামে অপরাধের অভিযোগ হইলে সেই ব্যক্তি বিকৃতমনা ও অভিযোগের উত্তর দিতে অক্ষম ঐ মাজিষ্ট্রেটের এইরূপ বোধ হইলে তিনি ঐ ব্যক্তির মনের অস্বাস্থ্য নিশ্চয় করণার্থে অনুসন্ধান করাইয়া, জিলার সিবিল চিকিৎসক সাহেবের কিম্বা অন্য কোন চিকিৎসকের দ্বারা ঐ অভিযুক্ত ব্যক্তির পরীক্ষা করাইবেন এবং সাক্ষিস্বরূপ ঐ সিবিল চিকিৎসক সাহেবের কি অন্য চিকিৎসকের সাক্ষ্য গ্রহণপূর্ব্বক ঐ সাক্ষ্য লিখিয়া রাখিবেন।

অভিযুক্ত ব্যক্তি ক্ষিপ্তমনা হইলে যাহা কর্ত্তব্য তাহার কথা।

মাজিষ্ট্রেট ঐ অভিযুক্ত ব্যক্তিকে ক্ষিপ্তমনা জ্ঞান করিলে সেই মোকদ্দমার অন্য সকল কার্য্য স্থগিত রাখিবেন ইতি।

৪২৪ ধারা। অভিযুক্ত ব্যক্তি যে কার্য্য করিয়াছে প্রকৃতমনা হইয়া সেই কার্য্য করিলে তাহা কেবল সেশন আদালতের বিচার্য্য অপরাধ হইত কিন্তু যে সময়ে ঐ ক্রিয়া করিয়াছিল সেই সময়ে মনের বিকৃতিপ্রযুক্ত অভিযোগের ঐ ক্রিয়ার ভাব বুঝিতে পারিল না ও

অভিযুক্ত ব্যক্তিকে ক্ষিপ্ত দেখা গেলে যাহা কর্ত্তব্য তাহার কথা।

at the time when the act was committed, by reason of unsoundness of mind, incapable of knowing the nature of the act charged, or that he was doing what was wrong or contrary to law, such accused person shall, if he appears to be sane at the time of inquiry, be sent for trial by the Magistrate before the Court of Session

If such accused person is a European British subject, the Magistrate shall follow the procedure prescribed in Chapter VII

If an accused person appears to be insane at the time of inquiry, the Magistrate shall act in the manner provided in the last preceding section

অন্যায় কি আইনবিরুদ্ধ কর্ম্ম করিয়েছে ইহা জানিতে পারিল না, মাজিস্ট্রেটের সম্মুখে যে সাক্ষ্য দেওয়া যায় তদ্দ্বারা তাঁহার এমত জ্ঞান করিবার বিশিষ্ট হেতু থাকিলে, কিন্তু তদন্ত লইবার সময়ে তাহাকে সুস্থমনা দেখা গেলে সেশন আদালতে বিচার হইবার পূর্ব্বে মাজিস্ট্রেটের দ্বারা বিচার হইবার নিমিত্তে তাহাকে পাঠান যাইবে।

অভিযুক্ত ব্যক্তি ইউরোপীয় ব্রিটনীয় প্রজা হইলে মাজিস্ট্রেট সপ্তম অধ্যায়ের নির্দ্দিষ্ট প্রণালীমতে কার্য্য করিবেন।

তদন্ত লইবার সময়ে অভিযুক্ত ব্যক্তিকে ক্ষিপ্তমনা দেখা গেলে মাজিস্ট্রেট ইহার পূর্ব্ব ধারার বিধানমতে কর্ম্ম করিবেন ইতি।

425. If any person, committed for trial before a Court of Session, shall at his trial appear to the Court to be of unsound mind and incapable of making his defence, the Court shall in the first instance try the fact of such unsoundness of mind, and if satisfied of the fact, shall give a special judgment that the accused person is of unsound mind and incapable of making his defence, and thereupon the trial shall be postponed

Procedure in case of person committed before a Court of Session being lunatic

৪২৫ ধারা। কোন ব্যক্তি সেশন আদালতের বিচারে সমর্পিত হইলে ও তাহার বিচারকালে আদালত তাহাকে ক্ষিপ্ত ও অভিযোগের প্রতিবাদ করিতে অক্ষম বোধ করিলে, প্রথমে তাহার মনের অস্বাস্থ্যের অনুসন্ধান করিবেন, ও সেই বিষয় হৃদ্বোধমতে জানিতে পাইলে, বিশেষ এই নিষ্পত্তি করিবেন যে অভিযুক্ত ব্যক্তি বিকৃতমনা ও অভিযোগের প্রতিবাদ করিতে অক্ষম। তাহা হইলে মোকদ্দমার বিচার গৌণে হইবে ইতি।

সেশন আদালতে সমর্পিত ব্যক্তি ক্ষিপ্ত হইলে যাহা কর্ত্তব্য তাহার কথা।

426. Whenever an accused person is found to be of unsound mind and incapable of making his defence, the Magistrate or Court of Session, as the case may be, if the offence of which such person is accused be bailable, may release such person on sufficient security being given that he shall be properly taken care of, and shall be prevented from doing injury to himself or to any other person, and for his appearance when required

Release of lunatic pending investigation or trial

If the offence be not bailable, or if the required bail be not given, the accused person shall be kept in safe custody in such place as the Local Government to which the case shall be reported shall direct

Custody of lunatic

(ঙ) বামানাম্নী বালিকাকে চুরি করা গিয়াছে আনন্দ ইহা জানিয়া তাহাকে অন্যায়মতে বদ্ধ রাখিয়া বান্দীর ন্যায় আটক করিয়া রাখে। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৩৬৭ ধারার সঙ্গে ৩৬৮ ধারা পাঠ করিয়া আনন্দের নামে সেই ৩৬৮ ধারামতে ও ৩৭০ ধারামতে স্বতন্ত্র২ অপরাধের অভিযোগ ও স্বতন্ত্র২ অপরাধ নির্ণয় ও স্বতন্ত্র২ অপরাধের দণ্ড হইতে পারিবে।

(চ) আনন্দ অন্য ছয় জনকে সঙ্গে লইয়া হাঙ্গামা করণ ও গুরুতর অপরাধ জন্মাওন অপরাধ এবং রাজকীয় কার্য্যকারক ঐ হাঙ্গামা নিবৃত্ত করিবার উদ্যোগ করিলে তাঁহার প্রতি আক্রমণ করণাপরাধ করিল। আনন্দের নামে ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১৪৭ ও ৩২৫ ও ১৫২ ধারামত অপরাধের পৃথক২ অভিযোগ ও তাহার সেই২ অপরাধ নির্ণয় ও সেই২ অপরাধের দণ্ড হইতে পারিবে।

(*g*) A criminally intimidates B, C, and D at the same time A may be separately charged with convicted of, and punished for each of the three offences, under section 506, Indian Penal Code

(*h*) A intentionally causes the death of three persons by upsetting a boat A may be separately charged with, convicted of, and punished for three offences under section 302, Indian Penal Code

To paragraph II

(*i*) A commits mischief by cutting down a tree in a Government forest The tree overhangs the bank of a river and falls into the stream A commits theft by having severed the tree and by floating it down the river to his village, where he sells it A may be separately charged with, and convicted of, offences under sections 426 and 379, Indian Penal Code, but the Court which tries him may not inflict a more severe sentence than if it had convicted him under section 379 only

(*j*) A wrongfully strikes B with a cane A may be separately charged with and convicted of, offences under sections 352 and 323 of the Indian Penal Code, but the Court which tries him may not inflict a more severe sentence than if it had convicted him under section 323 only

(*k*) A wrongfully kills a buffalo worth sixty rupees belonging to B, and then takes away the carcase in a manner amounting to theft A may be separately charged with, and convicted of offences under sections 429 and 379, Indian Penal Code, but the Court which tries him may not inflict a more severe sentence than if it had convicted him under section 429 only

(*l*) Several stolen sacks of corn are made over to A and B, who know they are stolen property A and B thereupon assist each other to conceal the sacks at the bottom of a grain-pit A and B may be separately charged with and convicted of, offences under sections 411 and 414, Indian Penal Code, but the Court which tries them may not inflict a severer sentence than if it had convicted them under one of those sections only

(*m*) A uses a forged document in evidence in order to convict B, a public servant of an offence under section 167 A may be separately charged with, and convicted of, offences under sections 471 (read with 466) and 196 of the Indian Penal Code, but the Court which tries him may not inflict a severer sentence than if it had convicted him under one of those sections only

(ছ) আনন্দ এক সময়ে বলরামকে ও চন্দ্রকে ও দীননাথকে অপরাধ ঘটিত ভয় দর্শাইল। উক্ত তিন ব্যক্তির পক্ষে যে তিনটি অপরাধ হইল ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৫০৬ ধারামতে তাহার নামে প্রত্যেক অপরাধের অভিযোগ ও এক২ অপরাধ নির্ণয় ও এক২ অপরাধের দণ্ড হইতে পারিবে।

(জ) আনন্দ নৌকা উল্টাইয়া ফেলিয়া ইচ্ছাপূর্ব্বক তিন জনের মৃত্যুর কারণ হইল। আনন্দের নামে ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৩০২ ধারামত তিনটি অপরাধের পৃথক২ অভিযোগ ও তাহার সেই তিন অপরাধ নির্ণয় ও তিন অপরাধের দণ্ড হইতে পারিবে।

২ প্রকরণের।

(ঝ) আনন্দ গবর্ণমেণ্টের বনের কোন বৃক্ষ কাটিয়া ফেলিয়া অপকার করিল। ঐ বৃক্ষ নদীর ধারে ঝুলিয়া থাকাতে নদীতে পড়িয়া গেল। আনন্দ বৃক্ষ ছেদন করিলে পর নদীতে ভাসাইয়া আপন গ্রামে আনিয়া বিক্রয় করাতে চৌর্য্য অপরাধ করিয়াছে। আনন্দের নামে ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৪২৬ ও ৩৭৯ ধারামত অপরাধের অভিযোগ ও তাহার সেই২ অপরাধ নির্ণয় হইতে পারে কিন্তু যে আদালত তাহার বিচার করেন সেই আদালত কেবল ৩৭৯ ধারামতে তাহার অপরাধ নির্ণয় করিয়া যে দণ্ড দিতে পারিতেন তদপেক্ষা কঠিন দণ্ডের আজ্ঞা করিতে পারিবেন না।

(ঞ) আনন্দ অন্যায়মতে বলরামকে বেত্রাঘাত করে। আনন্দের নামে ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৩৫২ ও ৩২৩ ধারামত অপরাধের স্বতন্ত্র অভিযোগ ও তাহার সেই২ অপরাধ নির্ণয় হইতে পারে। কিন্তু যে আদালত তাহার বিচার করেন সেই আদালত কেবল ৩২৩ ধারামতে তাহার অপরাধ নির্ণয় করিয়া যে দণ্ড করিতে পারিতেন তদপেক্ষা কঠিন দণ্ডের আজ্ঞা করিতে পারিবেন না।

(ট) বলরামের ৬০ টাকা মূল্যের এক মহিষ আনন্দ অন্যায়মতে মারিয়া ফেলিয়া যেরূপে তাহার দেহ লইয়া যায় তাহা চৌর্য্য অপরাধের তুল্য হয়। আনন্দের নামে ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৪২৯ ও ৩৭৯ ধারামত অপরাধের স্বতন্ত্র অভিযোগ ও তাহার সেই২ অপরাধ নির্ণয় হইতে পারে কিন্তু যে আদালত তাহার বিচার করেন সেই আদালত কেবল ৪২৯ ধারামতে তাহার অপরাধ নির্ণয় করিলে যে দণ্ড করিতে পারিতেন তদপেক্ষা কঠিন দণ্ডের আজ্ঞা করিতে পারিবেন না।

(ঠ) কএক বস্তা চাউল চুরি হইয়া আনন্দকে ও বলরামকে দেওয়া যায়। তাহারাও সেই চাউল চোরা দ্রব্য জানিয়া মরাইর সকল চাউলের নীচে লুকাইয়া রাখিবার কার্য্যে পরস্পর সাহায্য করিল। আনন্দের ও বলরামের নামে ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৪১১ ও ৪১৪ ধারামত অপরাধের স্বতন্ত্র অভিযোগ ও তাহারদের সেই২ অপরাধ নির্ণয় হইতে পারে কিন্তু যে আদালত তাহারদের বিচার করেন সেই আদালত ঐ ধারার মধ্যে কেবল এক ধারাক্রমে যত দণ্ড করিতে পারিতেন তদপেক্ষা কঠিন দণ্ডের আজ্ঞা করিবেন না।

(ড) বলরাম নামক রাজকীয় কার্য্যকারকের ১৬৭ ধারামত অপরাধ নির্ণয় হয় এই নিমিত্ত আনন্দ প্রমাণ স্বরূপ জালকরা দলীল উপস্থিত করিল। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৪৭১ ধারার সহিত ৪৬৬ ধারা পাঠ করিয়া আনন্দের নামে ৪৭১ ও ১৯৬ ধারামত অপরাধের পৃথক২ অভিযোগ ও তাহার পৃথক২ অপরাধ নির্ণয় হইতে পারে কিন্তু যে আদালত তাহার বিচার করেন সেই আদালত উক্ত ধারার একতর ধারাক্রমে তাহার অপরাধ নির্ণয় করিয়া যত দণ্ড করিতে পারিতেন তদপেক্ষা কঠিন দণ্ডের আজ্ঞা করিতে পারিবেন না।

To paragraph [illegible]

(n) A commits house-breaking by day with intent to commit adultery, and commits, in the house so entered, adultery with B's wife A may be separately charged with, and convicted of, offences under sections 454 and 497, Indian Penal Code; but the Court which tries him may not inflict a severer sentence than if it had convicted him under section 497 only

(o) A robs B, and, in doing so, voluntarily causes hurt to him A may be separately charged with, and convicted of, offences under sections 323, 392, and 394 of the Indian Penal Code; but the Court which tries him may not inflict a severer sentence than if it had convicted him under sections 392 or 394 only

(p) A entices B, the wife of C, away, and then commits adultery with her A may be separately charged with, and convicted of, offences under sections 498 and 497, Indian Penal Code, but the Court which tries him may not inflict a severer sentence than if it had convicted him under section 497 only

455. If a single act or set of acts is of such a nature that it is doubtful which of several offences the facts which can be proved will constitute, the accused person may be charged with having committed any such offence, and any number of such charges may be tried at once, or he may be charged in the alternative with having committed some one of the said offences

Where it is doubtful what offence has been committed

Illustration

A is accused of an act which may amount to either theft, receiving stolen property, criminal breach of trust, or cheating He may be charged separately with theft, criminal breach of trust, and cheating, or he may be charged with having committed either theft or criminal breach of trust, or cheating

456. If, in the case mentioned in the last section, one charge only is brought against an accused person, and it appears in evidence that he committed a different offence, for which he might have been charged under the provisions of that section, he may be convicted of the offence which he is shown to have committed, although he was not charged with it.

When a person charged with one offence he can be convicted of another

Illustration.

A is charged with theft. It appear that he committed criminal breach of trust or receiving stolen goods. He

ও [illegible]।

(চ) আনন্দ পরদার গমন করিবার উদ্দেশে দিবসে পর-গৃহ প্রবেশ করিয়া সেই গৃহে প্রবিষ্ট হইলে বলরামের স্ত্রীতে উপগত হয়। আনন্দের নামে ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৪৫৪ ও ৪৯৭ ধারামত অপরাধের স্বতন্ত্র অভিযোগ ও তাহার সেইং অপরাধ নির্ণয় হইতে পারে কিন্তু যে আদালত তাহার বিচার করেন সেই আদালত কেবল ৪৯৭ ধারামতে তাহার অপরাধ নির্ণয় করিয়া যে দণ্ড করিতে পারেন তদপেক্ষা কঠিন দণ্ডের আজ্ঞা করিতে পারিবেন না।

(ণ) আনন্দ বলরামের দ্রব্য অপহরণ করে ও সেই কার্য্য করণে ইচ্ছাপূর্ব্বক তাহার পীড়া জন্মায়। আনন্দের নামে ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৩২৩ ও ৩৯২ ও ৩৯৪ ধারামত অপরাধের স্বতন্ত্র অভিযোগ ও তাহার সেইং অপরাধ নির্ণয় হইতে পারে কিন্তু যে আদালত তাহার বিচার করেন সেই আদালত কেবল ৩৯২ কিম্বা ৩৯৪ ধারামতে তাহার অপরাধ নির্ণয় করিয়া যত দণ্ড করিতে পারিতেন তদপেক্ষা কঠিন দণ্ডের আজ্ঞা করিতে পারিবেন না।

(ত) আনন্দ চন্দ্রের স্ত্রী বামাকে ফুসলাইয়া লইয়া তাহাতে উপগত হয়। আনন্দের নামে ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৪৯৮ ও ৪৯৭ ধারামত অপরাধের স্বতন্ত্র অভিযোগ ও তাহার সেইং অপরাধ নির্ণয় হইতে পারে কিন্তু যে আদালত তাহার বিচার করেন সেই আদালত কেবল ৪৯৭ ধারামতে তাহার অপরাধ নির্ণয় করিয়া যে দণ্ড করিতে পারিতেন তদপেক্ষা কঠিন দণ্ডের আজ্ঞা করিতে পারিবেন না।

৪৫৫ ধারা। একি ক্রিয়ার কিম্বা ক্রিয়া সংযোগের ভাব দৃষ্টে যেং বৃত্তান্তের প্রমাণ করা যাইতে পারে তাহাতে অনেক অপরাধের মধ্যে কোন অপরাধটি হইল এই বিষয়ের সন্দেহ থাকিলে অভিযুক্ত ব্যক্তির নামে তাহার অন্যতর অপরাধ করিবার অভিযোগ হইতে পারিবে। ও সেইং অভিযোগের মধ্যে একি সময়ে তাহার কোন সংখ্যার বিচার হইতে পারিবে কিম্বা উক্ত সকল অপরাধের মধ্যে অন্যতর অপরাধ করিয়াছে বলিয়া তাহার নামে অভিযোগ হইতে পারিবে ইতি।

কি অপরাধ হইয়াছে এই বিষয়ের সন্দেহ স্থলের কথা।

উদাহরণ।

যে ক্রিয়া চৌর্য্য হইতে পারে বা চোরা দ্রব্য গ্রহণ বা অপরাধ ভাবে বিশ্বাসঘাতকতা করণ বা বঞ্চনা অপরাধও হইতে পারে আনন্দের নামে এমত ক্রিয়ার অভিযোগ হয়। তাহার নামে চৌর্য্য ও অপরাধভাবে বিশ্বাসঘাতকতা ও বঞ্চনা অপরাধের স্বতন্ত্র অভিযোগ হইতে পারিবে অথবা চৌর্য্য কি অপরাধভাবে বিশ্বাসঘাতকতা করণ কিম্বা বঞ্চনা করণ ইহার মধ্যে কোন এক অপরাধ করিয়াছে বলিয়া অভিযোগ হইতে পারিবে।

৪৫৬ ধারা। ইহার পূর্ব্ব ধারার লিখিত স্থলে অভিযুক্ত ব্যক্তির নামে কেবল এক অপরাধের অভিযোগ হইলেও এবং ঐ ধারার বিধানমতে অন্য যে অপরাধের অভিযোগ হইতে পারিত সে ঐ অন্য অপরাধ করিয়াছে প্রমাণদ্বারা ইহা দৃষ্ট হইলে তাহার যে অপরাধের প্রমাণ হয় তাহার নামে সেই অপরাধের অভিযোগ না হইলেও তাহার সেই অপরাধ নির্ণয় হইতে পারিবে ইতি।

কোন ব্যক্তির নামে এক অপরাধের অভিযোগ হইলে তাহার অন্য অপরাধ যে স্থলে নির্ণয় হইতে পারিবে তাহার কথা।

উদাহরণ।

আনন্দের নামে চৌর্য্যের অভিযোগ হয়। কিন্তু সে অপরাধভাবে বিশ্বাসঘাতকতা করিয়াছে কিম্বা চোরা দ্রব্য গ্রহণ

may be convicted of criminal breach of trust or receiving stolen goods, though he was not charged with it

457. When a person is charged with an offence, and part of the charge is not proved, but the part which is proved amounts to a different offence, he may be convicted of the offence which he is proved to have committed though he was not charged with it

When offence proved included in offence charged

Illustrations

(*a*) A is charged under section 407, Indian Penal Code with criminal breach of trust in respect of property entrusted to him as a carrier It appears that he did commit criminal breach of trust under section 406 in respect of the property but that it was not entrusted to him as a carrier He may be convicted of criminal breach of trust under section 406

(*b*) A is charged with murder He may be convicted of culpable homicide or of causing death by negligence

458. When more persons than one are accused of the same offence, or of different offences committed in the same transaction, or when one person is accused of committing any offence and another of abetment of, or attempt to, commit such offence, they may be charged and tried together or separately, as the Court thinks proper, and the provisions hereinbefore contained shall apply to all such charges

What persons may be charged jointly

Illustrations

(*a*) A and B are accused of the same murder A and B may be charged and tried together for the murder

(*b*) A and B are accused of a robbery in the course of which A commits a murder with which B has nothing to do A and B may be tried together on a charge, charging both of them with the robbery, and A alone with the murder

(*c*) A and B are both charged with a theft, and B is charged with two other thefts committed by him in the course of the same transaction A and B may be both tried together on a charge charging both with the one theft, and B alone with the two other thefts

করিয়াছে ইহা দৃষ্ট হইল। তাহার নামে ঐ২ অপরাধের অভিযোগ না হইলেও তাহার অপরাধভাবে বিশ্বাসঘাতকতা কিম্বা চোরা দ্রব্য গ্রহণ অপরাধ নির্ণয় হইতে পারিবে।

৪৫৭ ধারা। কোন ব্যক্তির নামে অপরাধের অভিযোগ হইয়া অভিযোগের এক অংশের প্রমাণ না হইলেও অন্য যে অংশের প্রমাণ হয় তাহাই অন্য অপরাধের তুল্য হইলে তাহার যে অপরাধ প্রমাণ হইল তাহার নামে সেই অপরাধের অভিযোগ ন হইলেও তাহার সেই অপরাধ নির্ণয় হইতে পারিবে ইতি।

যে অপরাধের প্রমাণ হয় তাহা অভিযোগের মধ্যে ধরা গেলে তাহার কথা।

উদাহরণ।

(ক) আনন্দ মুটিয়া আছে বলিয়া তাহার প্রতি বিশ্বাসপূর্ব্বক কোন দ্রব্য দেওয়া গেলে সে অপরাধভাবে বিশ্বাসঘাতকতা করিয়াছে ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৪০৭ ধারামতে এই অভিযোগ হইল। সেই ব্যক্তি ঐ দ্রব্য লইয়া ৪০৬ ধারামতে অপরাধভাবে বিশ্বাসঘাতকতা করিল কিন্তু মুটিয়া বলিয়া ঐ দ্রব্য বিশ্বাসপূর্ব্বক তাহাকে দেওয়া যায় নাই ইহা দৃষ্ট হইলে ৪০৬ ধারামতে তাহার অপরাধভাবে বিশ্বাসঘাতকতা অপরাধ নির্ণয় হইতে পারিবে।

(খ) আমুদের নামে জ্ঞানকৃত বধের অভিযোগ হয়। তাহার দোষভাবে নরহত্যা কিম্বা অমনোযোগে পরের মৃত্যুর কারণ হওন অপরাধ নির্ণয় হইতে পারিবে।

৪৫৮ ধারা। দুই কি ততোধিক ব্যক্তির নামে একি অপরাধের কিম্বা একি ব্যাপারে ভিন্ন২ অপরাধের অভিযোগ হইলে কিম্বা এক ব্যক্তির নামে অপরাধ করণের ও অন্য ব্যক্তির নামে ঐ অপরাধের সহায়তা কি অপরাধ করিবার উদ্যোগ করণের অভিযোগ হইলে আদালত যেমন উচিত বোধ করেন তেমনি তাহারদের নামে একত্রে বা স্বতন্ত্রে অভিযোগ ও বিচার হইতে পারিবে। তদ্রূপ সকল অভিযোগের প্রতি পূর্ব্বলিখিত বিধান খাটিবে ইতি।

যেই ব্যক্তিদের অভিযোগ একত্র ধরা যাইতে পারে তাহারদের কথা।

উদাহরণ।

(ক) আনন্দ ও বলরাম উভয়ের নামে একি বধাপরাধের নালিশ হয়। উভয়ের নামে একি অভিযোগপত্র হইতে পারে ও উভয়ের একি কালে বিচার হইতে পারিবে।

(খ) আনন্দ ও বলরাম উভয়ের নামে দস্যুতার নালিশ হয় সেই দস্যুতা করণ সময়ে আনন্দ কোন ব্যক্তিকে বধ করিল তাহাতে বলরামের সম্পর্ক ছিল না। এমত স্থলে দস্যুতা করণের অভিযোগে আনন্দ ও বলরামের একত্র বিচার হইতে পারে এবং বধাপরাধের নিমিত্ত কেবল আনন্দের বিচার হইতে পারিবে।

(গ) আনন্দ ও বলরাম একি চৌর্য্য করিয়াছে বলিয়া দুই জনের নামে নালিশ হয়। ও সেই ব্যাপারের মধ্যে বলরাম অন্য দুই চৌর্য্যাপরাধ করিয়াছে বলিয়া তাহার নামে নালিশ হয়। যে নালিশমতে আনন্দ ও বলরাম দুই জনের চৌর্য্যাপরাধ করিবার অভিযোগ হইল সেই অভিযোগে দুই জনের একত্র বিচার এবং অন্য দুই চৌর্য্যাপরাধে কেবল বলরামের বিচার হইতে পারিবে।

459. In trials before a Court of Session or High Court, when more charges than one are preferred against the same person, and when a conviction has been had on one or more of them, the Government Pleader or other officer conducting the prosecution may, with the consent of the Court, withdraw, or the Court of its own accord may suspend, the inquiry into the remaining charge or charges

Withdrawal of remaining charges on conviction on one of several charges.

৪৫৯ ধারা। সেশন আদালতের কিম্বা হাই কোর্টের সমুখস্থ মোকদ্দমার এক ব্যক্তির নামে দুই কি তদধিক অভিযোগ হইলা তন্মধ্যে এক কি অধিক অভিযোগমতে অপরাধ নির্ণয় হইলে গবর্ণমেণ্টের উকীল কিম্বা অন্য যে কর্ম্মকারক অভিযোগের স্বপক্ষ কার্য্য চালান তিনি আদালতের অনুমতি গ্রহণপূর্ব্বক অন্য এক কি অধিক অভিযোগ উঠাইয়া লইতে পারিবেন কিম্বা আদালত আপন ইচ্ছামতে ঐ অন্য অভিযোগের তদন্ত লওন কার্য্যে নিবৃত্ত হইতে পারিবেন ইতি।

অনেক অভিযোগ হইয়া একের প্রমাণ হইলে অন্য সকল অভিযোগ উঠাইয়া লইবার কথা।

Previous Acquittals or Convictions

পূর্ব্ব নির্দ্দোষকরণ কি অপরাধ নির্ণয়ের কথা।

460. A person who has once been tried for an offence and convicted or acquitted of such offence, shall while such conviction or acquittal remains in force, not be liable to be tried again on the same facts for the same offence, nor for any other offence, for which a different charge from the one made against him might have been made under section four hundred and fifty-five, or for which he might have been convicted under section four hundred and fifty-six

Person once convicted or acquitted not to be tried for same offence

৪৬০ ধারা।। কোন অপরাধের নিমিত্তে কোন ব্যক্তির একবার বিচার হইয়া তাহার সেই অপরাধ নির্ণয় হইলে কি তাহাকে নির্দ্দোষী করা গেলে যত কাল সেই অপরাধ নির্ণয় কি সেই নির্দ্দোষকরণ আজ্ঞা প্রবল থাকে তত কাল সেই বৃত্তান্তমূলক সেই অপরাধহেতুক কিম্বা ৪৫৫ ধারামতে তাহার নামে তদ্ভিন্ন যে অপরাধের অভিযোগ হইতে পারিত কিম্বা ৪৫৬ ধারামতে তাহার যে অপরাধ নির্ণয় হইতে পারিত এমত অন্য কোন অপরাধহেতুক তাহার পুনর্ব্বিচার হইতে পারিবে না।

যে ব্যক্তি একবার নির্দ্দোষী কি অপরাধী বলিয়া নির্ণয় হইল তাহার সেই অপরাধে বিচার না হইবার কথা।

A person convicted or acquitted of any offence, may be afterwards tried for any offence for which a separate charge might have been made against him on the former trial under section four hundred and fifty-four, paragraph I

কোন ব্যক্তির কোন অপরাধ নির্ণয় হইলে কিম্বা তাহাকে নির্দ্দোষ কর গেলে পর, যদি ৪৫৪ ধারার ১ প্রকরণমতে সেই বিচারকালে তাহার নামে কোন অপরাধহেতুক স্বতন্ত্র অভিযোগ হইতে পারিত তবে পশ্চাৎ সেই অপরাধের নিমিত্ত তাহার বিচার হইতে পারিবে।

A person acquitted or convicted of any offence in respect of any act causing consequences which together with such act constituted a different offence from that for which such person was acquitted or convicted, may be afterwards tried for such last-mentioned offence, if the consequences had not happened, or were not known to the Court to have happened, at the time when he was acquitted or convicted

কোন ক্রিয়া সম্পর্কে যে অপরাধ হয় সেই অপরাধে ব্যক্তিকে নির্দ্দোষ করা গেলে কিম্বা তাহার সেই অপরাধ নির্ণয় হইলে, সেই ক্রিয়াহইতে যে ফল উৎপন্ন হয় যদি ঐ ক্রিয়া সহযোগে সেই ফলটি ঐ অপরাধহইতে ভিন্ন অপরাধ হয়, তবে তাহাকে যে সময়ে নির্দ্দোষ করা গেল কি তাহার অপরাধ নির্ণয় হইল সেই সময়ে সেই ফল না হইয়া থাকিলে কিম্বা হইলেও আদালত তাহা অবগত না থাকলে শেষোক্ত অপরাধহেতুক সেই ব্যক্তির পশ্চাৎ বিচার হইতে পারিবে।

A person acquitted or convicted of any offence in respect of any facts may, notwithstanding such acquittal or conviction, be subsequently charged with and tried for any other offence which he may have committed in respect of the same facts, if the Court by which he was first tried was not competent to try the offence with which he is subsequently charged.

কোন বৃত্তান্তমূলক কোন অপরাধে ব্যক্তিকে নির্দ্দোষ করা গেলে কিম্বা তাহার অপরাধ নির্ণয় হইলে পর যদি সেই বৃত্তান্ত সম্পর্কে ঐ ব্যক্তি অন্য কোন অপরাধ করিয়া থাকে ও যে আদালত প্রথমে তাহার বিচার করিয়াছিলেন পশ্চাৎ ঐ ব্যক্তির সেই অন্য অপরাধের অভিযোগে সেই আদালত তাহার বিচার করিতে সক্ষম না হন, তবে পূর্ব্বে নির্দ্দোষী করা গেলেও কি অপরাধ নির্ণয় হইলেও সেই অন্য অপরাধহেতুক পশ্চাৎ তাহার নামে অভিযোগ ও তাহার বিচার হইতে পারিবে ইতি।

Illustrations

উদাহরণ।

(*a*) A is tried upon a charge of theft as a servant and acquitted. He cannot afterwards be charged upon the

(ক) আমন্দ চাকর হইয়া চুরি করিয়াছে এই অভিযোগে বিচার করিয়া তাহাকে নির্দ্দোষ করা গেল। তাহা

same facts either with theft as a servant, with theft simply, or with criminal breach of trust

হইলে আনন্দের নামে সেই বৃত্তান্ত ধরিয়া চাকরস্বরূপ চুরি করিবার কি কেবল চুরি করিবার কি অপরাধ ভাবে বিশ্বাসঘাতকতা করিবার জন্য অভিযোগ হইতে পারিবে না।

(*b*) A is tried upon a charge of murder and acquitted There is no charge of robbery but it appears from the facts that A committed robbery at the time when murder was committed, he may afterwards be charged with and tried for robbery

(খ) বধ করণাভিযোগে আনন্দের বিচার হইয়া তাহাকে নির্দ্দোষ করা গেল। তৎকালে দস্যুতার অভিযোগ হয় নাই। কিন্তু যে সময়ে ব্যক্তিকে বধ করা গেল সেই সময়ে আনন্দ দস্যুতাও করিয়াছিল বৃত্তান্তদ্বারা ইহা দৃষ্ট হইলে তৎপশ্চাৎ তাঁহার নামে দস্যুতা করণাপরাধের অভিযোগ ও সেই অভিযোগমতে তাহার বিচার হইতে পারিবে।

(*c*) A is tried for an assault and convicted The person afterwards dies A may be tried again for culpable homicide

(গ) আক্রমণ করিবার অভিযোগে আনন্দের বিচার হইয়া তাহার অপরাধ নির্ণয় হইল। ও যে ব্যক্তির প্রতি আক্রমণ করিল পশ্চাৎ সেই ব্যক্তির মৃত্যু হয়। দোষঘটিত নরহত্যার নিমিত্ত আনন্দের পুনশ্চ বিচার হইতে পারিবে।

(*d*) A is tried under section 270 of the Indian Penal Code, for malignantly doing an act likely to spread the infection of a disease dangerous to life and is acquitted The act so done afterwards causes a person permanently to lose his eyesight A may be charged under section 325 with voluntarily causing grevious hurt to that person

(ঘ) যে ক্রিয়া দ্বারা মনুষ্যের প্রাণের আশঙ্কাজনক রোগের সঞ্চার হওয়া সম্ভাবনা ভারতবর্ষীয় দণ্ড বিধির আইনের ২৭০ ধারামতে ঈর্ষ্যাপূর্ব্বক সেই ক্রিয়া করণহেতুক আনন্দের বিচার হইয়া তাহাকে নির্দ্দোষ করা গেল। পশ্চাৎ তাহার সেই ক্রিয়ার ফলে কোন ব্যক্তির দৃষ্টি শক্তি একেবারে নষ্ট হইল। এই স্থলে ৩২৫ ধারামতে ইচ্ছা করিয়া সেই ব্যক্তির গুরুতর পীড়া জন্মাইবার অভিযোগে আনন্দের বিচার হইতে পারিবে।

(*e*) A is charged before the the Court of Session and convicted of the culpable homicide of B A may not afterwards be tried for the murder of B on the same facts

(ঙ) বলরামকে দোষঘটিত হত্যা করণাপরাধে আনন্দের নামে সেশন আদালতে অভিযোগ হইয়া ঐ অপরাধ নির্ণয় হইল। তৎপরে সেই বৃত্তান্ত ধরিয়া বলরামকে বধ করণাভিযোগে তাহার বিচার হইতে পারিবে না।

(*f*) A is charged by a Magistrate of the first class with, and convicted by him of, voluntarily causing hurt to B A may not afterwards be tried for voluntarily causing grevious hurt to B on the same facts, unless the case comes within paragraph three

(চ) আনন্দ ইচ্ছাপূর্ব্বক বলরামের পীড়া জন্মাইল বলিয়া প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেট তাহার নামে অভিযোগ করিয়া তাহার অপরাধ নির্ণয় করিলেন। তৎপরে সেই বৃত্তান্ত ধরিয়া ৩ প্রকরণানুযায়ি মোকদ্দমা না হইলে ইচ্ছাপূর্ব্বক বলরামের গুরুতর পীড়া জন্মাইবার নিমিত্ত আনন্দের পুনশ্চ বিচার হইতে পারিবে না।

(*g*) A is charged by a Magistrate of the second class with, and convicted by him of, theft of property from the person of B A may be subsequently charged with and tried for robbery on the same facts

(ছ) আনন্দ বলরামের বস্ত্র হইতে দ্রব্য চুরি করিল বলিয়া দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেট তাহার নামে অভিযোগ করিয়া তাহার অপরাধ নির্ণয় করিলেন। সেই বৃত্তান্ত ধরিয়া আনন্দের নামে পুনশ্চ দস্যুতা করণের অভিযোগ হইয়া তাহার বিচার হইতে পারিবে।

(*h*) A, B and C are charged by a Magistrate of the first class with and convicted by him of robbing D A, B and C may afterwards be charged with and tried for dacoity on the same facts

(জ) আনন্দ ও বলরাম ও চন্দ্র দীননাথের উপর দস্যুতা করিল বলিয়া প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেট তাঁহারদের নামে অভিযোগ করিয়া তাহাদের অপরাধ নির্ণয় করিল। তৎপরে সেই বৃত্তান্ত ধরিয়া আনন্দের ও বলরামের ও চন্দ্রের নামে ডাকাইতী করিবার অভিযোগ হইয়া তাহার বিচার হইতে পারিবে।

CHAPTER XXXIV

Of the Judgment Order, and Sentence

461 When the trial in a Criminal Court is concluded, the Court, in passing judgment, if the accused person be convicted, shall distinctly specify the offence of which, and the section of the Indian Penal Code or other law under which, he is convicted,

Judgment to specify offence

---

৩৪ অধ্যায়।

নিষ্পত্তির ও আজ্ঞার ও দণ্ডাজ্ঞার কথা।

৪৬১ ধারা। ফৌজদারী আদালতে মোকদ্দমা বিচার কার্য্য সমাপ্ত হইলে পর, যদি অভিযুক্ত ব্যক্তি দোষ নির্ণয় হইয়া থাকে তবে ভারতবর্ষের দণ্ডবিধির আইনের কি অন্য আইনের যে ধারামতে যে অপরাধ নির্ণয় হইল আদালত নিষ্পত্তি জানাইবার সময়ে তাহা স্পষ্ট করিয়া কহিবেন।

নিষ্পত্তিপত্রে অপরাধ লিখিতে হইবার কথা।

or if it be doubtful under which of two sections or under which of two parts of the same section such offence falls, the Court shall distinctly express the same and pass judgment in the alternative, according to section seventy-two of the said Court

Judgment in the alternative

462. In trials with assessors, when the exhibits have been perused, the witnesses examined, and the parties heard in person or by their respective pleaders, the Court shall pronounce its judgment The judgment shall be pronounced in open Court either immediately or on some future day of which due notice shall be given to the parties or their pleaders

When judgment is to be pronounced

463. The judgment or final order shall be written by the presiding officer of the Court in English or the language of the district

Judgment to be written in English or language of district

If the language of the Judge be not English the judgment shall not be written in English unless the Judge be sufficiently conversant with the English language to be able to write a clear and intelligible decision in that language

Proviso

464. The judgment or final order shall contain the point or points for determination, the finding thereupon, and the reasons for the finding, and shall be dated and signed by the Judge in open Court at the time of pronouncing it When a judgment or final order has been so signed, it cannot be altered or reviewed by the Court which gives such judgment or order It shall specify the offence of which the accused person is convicted, and the punishment to which he is sentenced, or, if it be a finding of acquittal, it shall direct that he be set at liberty

Judgment what to contain

The judgment or order shall be explained to the accused person, or person affected by it, and a copy shall be given him in his own language as soon as possible

The original shall be filed with the record of proceedings, and a translation thereof, where the original is recorded in a different language from that in ordinary use in the district, shall be incorporated in the record of the case.

Judgment to be translated.

অথবা ঐ অপরাধ দুই ধারার মধ্যে কোন ধারার অন্তর্গত কিম্বা একি ধারার দুই ভাগের মধ্যে কোন্ ভাগের অন্তর্গত এই বিষয়ে সংশয় হইলে আদালত তাহাও স্পষ্ট জানাইয়া ঐ আইনের ৭২ ধারামতে উক্ত এক কিম্বা অন্য ধারাক্রমে নিষ্পত্তি করিবেন ইতি।

একতর অপরাধ নির্ণয়ের কথা।

৪৬২ ধারা। আসেসরদের সহকারিতায় মোকদ্দমার বিচার হইলে কাগজপত্র পাঠ করা গেলে ও সাক্ষিদের পরীক্ষা লওয়া গেলে পর ও উভয় পক্ষের নিজ২ বাক্য কিম্বা আপন২ উকীল দ্বারা তাহারদের বাক্য শুনা গেলে পর আদালত নিষ্পত্তি প্রকাশ করিবেন। সেই নিষ্পত্তি মুক্তদ্বার আদালতে অগৌণে কিম্বা অন্য কোন দিনে প্রকাশ করা যাইতে পারিবে। অন্য দিনে হইলে উভয় পক্ষকে কি তাহারদের উকীলদিগকে সেই অন্য দিনের নোটিস দিতে হইবে ইতি।

নিষ্পত্তি যে সময়ে প্রকাশ করিতে হইবে তাহার কথা।

৪৬৩ ধারা। আদালতের কর্ত্তৃপক্ষ ইংরাজী কি জিলার চলিত ভাষায় নিষ্পত্তি কি শেষাজ্ঞা লিখিবেন।

ইংরাজী কিম্বা জিলার চলিত ভাষায় নিষ্পত্তি লিখিবার কথা।

ইংরাজী ভাষা বিচারপতির নিজ ভাষা না হইলে ও তিনি সেই ভাষা বিশিষ্টমতে জ্ঞাত হইয়া ঐ ভাষায় স্পষ্ট ও বোধগম্যরূপে নিষ্পত্তি লিখিতে না পারিলে ঐ নিষ্পত্তি ইংরাজী ভাষায় লেখা যাইবে না ইতি।

উপবিধি।

৪৬৪ ধারা। যে বিষয় কি যেং বিষয় নির্ণয়ার্থে উপস্থিতকরা যায় ও তদ্বিষয়ে যাহা নির্ণয় হয় ও সেই নির্ণয়ের হেতু এই সকল কথা নিষ্পত্তি কি শেষ আজ্ঞাপত্রে লেখা যাইবে এবং বিচারপতি মুক্তদ্বার আদালতে তাহা প্রকাশ করিবার সময়ে তারিখ লিখিয়া তাহাতে স্বাক্ষর করিবেন। নিষ্পত্তিপত্রে কি শেষ আজ্ঞাপত্রে তদ্রূপে স্বাক্ষর করা গেলে পর যে আদালত ঐ নিষ্পত্তি কি আজ্ঞা করিলেন তাঁহার দ্বারা তাহার পরিবর্ত্তন কি পুনর্বিবেচনা হইতে পারিবে না। অভিযুক্ত ব্যক্তির যে অপরাধ নির্ণয় হইল ও তাহার যে দণ্ডের আজ্ঞা হইল তাহা ঐ পত্রে নির্দ্দিষ্ট থাকিবে। যদি নির্দ্দোষ করণরূপ নিষ্পত্তি হয় তবে ঐ পত্রে ঐ ব্যক্তিকে ছাড়িয়া দিবার আজ্ঞা থাকিবে।

নিষ্পত্তিপত্রে যাহা লেখা থাকিবে তাহার কথা।

সেই নিষ্পত্তি কি আজ্ঞা অভিযুক্ত ব্যক্তিকে কিম্বা তাহাতে যে ব্যক্তির সম্পর্ক থাকে তাহাকে বুঝাইয়া দেওয়া যাইবে ও সাধ্যমতে ত্বরায় তাহার নিজ ভাষায় তাহাকে সেই আজ্ঞার প্রতিলিপি দেওয়া যাইবে।

আসল নিষ্পত্তি মোকদ্দমাঘটিত কাগজপত্রের মধ্যেতে দেওয়া যাইবে। ও সেই আসল নিষ্পত্তি জিলার চলিত ভাষায় লিখিত না হইয়া অন্য ভাষায় লেখা গেলে তাহার অনুবাদ মোকদ্দমার কাগজপত্রের মধ্যে রাখা যাইবে।

নিষ্পত্তি তর্জমা করিতে হইবার কথা।

In trials by Jury the Court need not state its reasons for its judgment, but shall record the heads of the charge to the Jury

জুরির দ্বারা বিচার হইলে আদালতের নিষ্পত্তির হেতু লিখিবার আবশ্যক নাই কিন্তু জুরির নিকট উপদেশ বাক্যের মূল কথা লেখা যাইবে।

If the Judge differ from the Jury and determine to submit the case of the High Court, he shall record the grounds of his opinion

জুরির মতের সঙ্গে বিচারপতির মতের ঐক্য না হওয়াতে যদি হাই কোর্টে মোকদ্দমা অর্পণ করিতে স্থির করা যায় তবে তিনি আপন মতের কারণ লিখিয়া দিবেন।

Nothing herein contained shall prevent any Court from recalling any order other than a final order.

আদালত শেষ আজ্ঞাভিন্ন অন্য আজ্ঞা অন্যথা করিতে না পারেন এই ধারার কোন কথাক্রমে এমত জানিতে হইবে না।

No error or defect in any judgment shall invalidate the proceedings

নিষ্পত্তিতে কোন ভ্রম কি প্রমাদ থাকিলেও আনুষ্ঠানিক কার্য্য অসিদ্ধ হইবে না ইতি।

CHAPTER XXXV

Prosecutions in certain Cases

৩৫ অধ্যায়।

স্থলবিশেষে অভিযোগের কথা।

465. A complaint of an offence punishable under chapter VI of the Indian Penal Code, except section one hundred and twenty-seven, or punishable under section two hundred and ninty-four A of the said code, shall not be entertained by any Court, unless the prosecution be instituted by order of, or under authority from, the Governor-General of India in Council, or the Local Government or some officer empowered by the Governor-General in Council to order or authorize such prosecution, or unless instituted by the Advocate-General

Prosecutions for offences against the State

৪৬৫ ধারা। ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ১২৭ ধারাভিন্ন ৬ অধ্যায়মত দণ্ডনীয় কিম্বা উক্ত আইনের ২৯৪ ক ধারামত দণ্ডনীয় অপরাধের নালিশ হইলে মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল সাহেবের কিম্বা স্থানবিশেষের গবর্নমেণ্টের আজ্ঞা কিম্বা তাঁহার দত্ত ক্ষমতাক্রমে কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্নর জেনরল সাহেবের স্থানে যে কর্ত্তৃপক্ষ তদ্রূপ মোকদ্দমা উপস্থিত করিবার আজ্ঞা করিতে কি ক্ষমতা দিতে শক্তি পান তাঁহার আজ্ঞা কিম্বা তাঁহার দত্ত ক্ষমতাক্রমে কিম্বা আডবোকেট জেনরল সাহেবের দ্বারা ঐ মোকদ্দমা উপস্থিত করা না গেলে কোন আদালতে তদ্রূপ অপরাধের অভিযোগ গ্রাহ্য হইবে না ইতি।

রাজবিরুদ্ধ অপরাধের অভিযোগের কথা।

466. A complaint of an offence committed by a public servant in his capacity as such public servant of which any Judge or any public servant not removable from his office without the sanction of the Government is accused as such Judge or public servant, shall not be entertained against such Judge or public servant, except with the sanction or under the direction of the Local Government, or of some officer empowered by the Local Government, or of some Court or other authority to which such Judge or public servant is subordinate, and whose power so to sanction or direct such prosecution the Local Government shall not think fit to limit or reserve

Prosecution of Judges and public servants

৪৬৬ ধারা। বিচারকর্ত্তাস্বরূপ কোন বিচারকর্ত্তার নামে, কিম্বা রাজকীয় অন্য যে কার্য্যকারক গবর্নমেণ্টের অনুমতিবিনা পদচ্যুত হইতে না পারেন এমত কার্য্যকারকস্বরূপ তাঁহার নামে রাজকীয় কার্য্যকারকতা পদ সম্পর্কে ঐ রাজকীয় কার্য্যকারকের কোন অপরাধের অভিযোগ হইলে স্থানবিশেষের গবর্নমেণ্টের কিম্বা স্থানবিশেষের গবর্নমেণ্ট হইতে ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারকের অনুমতি কি আজ্ঞাভিন্ন অথবা ঐ বিচারকর্ত্তা কিম্বা রাজকীয় কার্য্যকারক যে আদালতের কিম্বা অন্য কর্ত্তৃপক্ষের অধীন থাকেন স্থানবিশেষের গবর্নমেণ্ট তাঁহার তদ্রূপ অভিযোগ করিবার অনুমতি কি আজ্ঞা করিবার ক্ষমতা ন্যূন কি খর্ব্ব করা বিহিত জ্ঞান না করিলে তাঁহার অনুমতি কি আজ্ঞাভিন্ন ঐ অভিযোগ গ্রাহ্য হইবে না।

বিচারকর্ত্তাদের ও রাজকীয় কার্য্যকারকদের নামে অভিযোগের কথা।

No such Judge or public servant shall be prosecuted for any act purporting to be done by him in the discharge of his duty unless with the sanction of Government

উক্ত কোন বিচারপতি কি রাজকীয় কার্য্যকারক আপন কর্ত্তব্য কর্ম্মের অন্তর্গত ক্রিয়া বলিয়া যে ক্রিয়া করেন তদ্ধেতুক গবর্নমেণ্টের অনুমতি বিনা তাঁহার নামে নালিশ হইতে পারিবে না।

The sanction must be given before the commencement of the proceedings

Sanction when to be given

মোকদ্দমা ঘটিত কার্য্য আরম্ভ করিবার পূর্ব্বে ঐ অনুমতি পাওয়া প্রয়োজন।

অনুমতি যে সময়ে দেওয়া যাইবে তাহার কথা।

The Local Government may limit the persons by whom, and the manner in which, the prosecution is to be conducted, and may specify the Court before which the trial is to be held

Power of Local Government.

যে ব্যক্তি ও যে নিয়ম ভিন্ন অন্য ব্যক্তির দ্বারা অন্য নিয়মমতে ঐ অভিযোগের অনুষ্ঠান হইতে না পারিবে স্থানীয় গবর্ণমেণ্ট এই কথা নির্ণয় করিতে ও যে আদালতের সম্মুখে ঐ মোকদ্দমার বিচার হইবে ইহা নির্দ্দেশ করিতে পারিবেন ইতি।

স্থানীয় গবর্ণমেণ্টের ক্ষমতার কথা।

467. A complaint of any offence described in chapter X of the Indian Penal Code, not falling within section four hundred and thirty-five or four hundred and thirty-six of this Act shall not be entertained in any Criminal Court except with the sanction or on the complaint of the public servant concerned, or of his official superior

Prosecution for contempts of the lawful authority of public servants

The prohibition contained in this section shall not apply to the offences described in sections one hundred and eighty-nine and one hundred and ninety of the Indian Penal Code

৪৬৭ ধারা। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১০ অধ্যায়ের নির্দ্দিষ্ট যে অপরাধ এই আইনের ৪৩৫ কি ৪৩৬ ধারার মধ্যে না আইসে সে সেই অপরাধ রাজকীয় যে কার্য্যকারকের পক্ষে হইয়া থাকে তাঁহার কিম্বা তাঁহার উপরিস্থ পদের কর্ম্মকারকের অনুমতি না হইলে কোন ফৌজদারী আদালতে ঐ অপরাধের অভিযোগ গ্রাহ্য হইবে না।

রাজকীয় কার্য্যকারকদের আইনসিদ্ধ ক্ষমতা অবজ্ঞা করণ অভিযোগের কথা।

এই ধারায় যে নিষেধ হইল তাহা ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১৮৯ ও ১৯০ ধারায় নির্দ্দিষ্ট অপরাধের প্রতি বর্ত্তে না ইতি।

468. A complaint of an offence against public justice, described in section one hundred and ninety-three, one hundred and ninety-four, one hundred and ninety five, one hundred and ninety-six, one hundred and ninety-nine, two hundred, two hundred and five, two hundred and six, two hundred and seven, two hundred and eight, two hundred and nine, two hundred and ten, two hundred and eleven, or two hundred and twenty eight of the Indian Penal Code, when such offence is committed before or against a Civil or Criminal Court shall not be entertained in the Criminal Courts, except with the sanction of the Court before or against which the offence was committed, or of some other Court to which such Court is subordinate

Prosecution for certain offences against public justice

৪৬৮ ধারা। ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ১৯৩, ১৯৪, ১৯৫, ১৯৬, ১৯৯, ২০০, ২০৫, ২০৬, ২০৭, ২০৮, ২০৯, ২১০, ২১১, কি ২২৮ ধারায় সাধারণের ন্যায় বিচারের বিরুদ্ধ যে২ অপরাধ নির্দ্দিষ্ট হইয়াছে, তাহা দেওয়ানী কি ফৌজদারী কোন আদালতের সম্মুখে কি বিপক্ষে করা গেলে দেওয়ানী কি ফৌজদারী যে আদালতের সম্মুখে কি বিপক্ষে ঐ অপরাধ করা যায় তাঁহার, কিম্বা সেই আদালত অন্য যে আদালতের অধীন থাকেন তাঁহার অনুমতি না হইলে, ফৌজদারী আদালতে ঐ অপরাধের অভিযোগ গ্রাহ্য হইবে না ইতি।

ন্যায় বিচারের বিরুদ্ধ কোন২ অপরাধহেতুক অভিযোগের কথা।

469. A complaint of an offence relating to documents described in section four hundred and sixty three, four hundred and seventy-one, four hundred and seventy-five, or four hundred and seventy-six of the Indian Penal Code, when the document has been given in evidence in any proceedings in any Civil or Criminal Court, shall not be entertained against a party to such proceedings, except with the sanction of the Court in which the document was given in evidence, or of some other Court to which such Court is subordinate

Prosecution for certain offences relating to documents given in evidence

৪৬৯ ধারা। ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ৪৬৩, ৪৭১, ৪৭৫, কি ৪৭৬ ধারায় যে২ দলীল নির্দ্দিষ্ট হইয়াছে দেওয়ানী কি ফৌজদারী কোন আদালতের আনুষ্ঠানিক কোন কার্য্যের প্রমাণে সেই২ দলীল উপস্থিত করা গেলে যে আদালতে উপস্থিত করা যায় তাঁহার কিম্বা সেই আদালত অন্য যে আদালতের অধীন থাকেন তাঁহার অনুমতি না হইলে ঐ আনুষ্ঠানিক কার্য্যের কোন পক্ষের নামে সেই দলীলসম্পর্কীয় কোন অপরাধের অভিযোগ গ্রাহ্য হইবে না ইতি।

দলীল প্রমাণস্বরূপে উপস্থিত করা গেলে তৎসম্পর্কীয় অপরাধের অভিযোগের কথা।

470. The sanction referred to in sections four hundred and sixty-seven, four hundred and sixty eight, and four hundred and sixty nine, may be expressed in general terms, and need not name the accused person

Nature of sanction necessary

৪৭০ ধারা। ৪৬৭ ও ৪৬৮ ও ৪৬৯ ধারায় যে অনুমতির উল্লেখ হইয়াছে তাহা সাধারণ কথায় ব্যক্ত হইতে পারিবে অভিযুক্ত ব্যক্তির নাম লিখিবার প্রয়োজন নাই।

যে প্রকারের অনুমতি পাওয়া আবশ্যক তাহার কথা।

Such sanction may be given at any time, and a sanction under any one of the three last preceding sections shall be deemed sufficient authority for the Court to amend the charge to one of an offence coming within either of the two remaining sections, if the facts disclose such offence

EXPLANATION —In cases under this chapter, the report or application of the public servant or Court shall be deemed sufficient complaint

471. When any Court, Civil or Criminal, is of opinion that there is sufficient ground for inquiring into any charge mentioned in sections four hundred and sixty-seven, four hundred and sixty-eight, four hundred and sixty-nine, such Court, after making such preliminary inquiry as may be necessary, may either commit the case itself, or may send the case for inquiry to any Magistrate having power to try or commit for trial the accused person for the offence charged

Procedure in cases mentioned in sections 467, 468, and 469

Such Magistrate shall thereupon proceed according to law, and the Court may send the accused person in custody or take sufficient bail for his appearance before such Magistrate, and may bind over any person to appear and give evidence on such trial or inquiry

The Magistrate receiving the case may, if he is authorized to make transfers of cases, transfer the inquiry to some other competent Magistrate instead of completing the inquiry himself

472. A Court of Session may charge a person for any such offence committed before it or under its own cognizance, if the offence be triable by the Court of Session exclusively, and may commit or hold to bail and try such person upon its own charge

Power of Court of Session as to such offences committed before itself

In such case the Court of Session shall have the same power of summoning, and causing the attendance at the trial of any witnesses for the prosecution or for the defence, as is vested in a Magistrate by this Act

Such Court may direct the Magistrate to cause the attendance of such witnesses on the trial

ঐ অনুমতি যে সময়ে হউক দেওয়া যাইতে পারিবে এবং ইহার পূর্ব্ব তিনটি ধারার অন্যতর ধারামতে অনুমতি হইলে, এক ধারামত অপরাধের বৃত্তান্ত দৃষ্টে যদি সেই অপরাধ অন্য ধারার মধ্যে আইসে তবে সেই অপরাধের অভিযোগ সংশোধন করণার্থে সেই অনুমতিই আদালতের বিশিষ্ট ক্ষমতা বলিয়া জ্ঞান হইবে ইতি।

ব্যাখ্যা।—এই অধ্যায়মত মোকদ্দমার রাজকীয় কার্য্যকারকের কি আদালতের রিপোর্ট কি প্রার্থনা পত্র মাত্র উপযুক্ত নালিশ বলিয়া জ্ঞান হইবে ইতি।

৪৭১ ধারা। ৪৬৭ ও ৪৬৮ ও ৪৬৯ এই তিন ধারার নির্দ্দিষ্ট কোন অভিযোগের তদন্ত লওযার বিশিষ্ট হেতু আছে, দেওয়ানী কি ফৌজদারী কোন আদালত এমত বোধ করিলে সেই আদালত প্রথম স্থলীয় আবশ্যক তদন্ত করিলে পর আপনি মোকদ্দমা সমর্পণ করিতে পারিবেন কিম্বা ঐ অপরাধে অভিযুক্ত ব্যক্তির বিচার করিবার কি বিচার হওনার্থে সমর্পণ করিবার ক্ষমতাপন্ন কোন মাজিষ্ট্রেটের নিকট তদন্ত লইবার জন্যে সেই মোকদ্দমা প্রেরণ করিতে পারিবেন ইতি।

৪৬৭ ও ৪৬৮ ও ৪৬৯ ধারার লিখিত স্থলে কার্য্যপ্রণালীর কথা।

তাহা হইলে ঐ মাজিষ্ট্রেট আইনঅনুসারে তৎকার্য্য নির্ব্বাহ করিবেন। উক্ত আদালত সেই অভিযুক্ত ব্যক্তিকে প্রহরির জিম্মায় পাঠাইতে কিম্বা তাহার স্থানে ঐ মাজিষ্ট্রেটের সম্মুখে উপস্থিত হইবার উপযুক্ত জামিন লইতে পারিবেন, ও সেই বিচার কি তদন্ত লওন সময়ে উপস্থিত হইয়া সাক্ষ্য দিবার জন্য কোন ব্যক্তিকে প্রতিজ্ঞাবদ্ধ করিতে পারিবেন ইতি।

যে মাজিষ্ট্রেট মোকদ্দমা গ্রহণ করেন তিনি অন্যের প্রতি মোকদ্দমা সমর্পণ করিতে সক্ষম হইলে আপনি তদন্ত লওন কার্য্য সমাপ্ত না করিয়া উপযুক্ত ক্ষমতাপন্ন অন্য মাজিষ্ট্রেটের প্রতি সমর্পণ করিতে পারিবেন ইতি।

৪৭২ ধারা। সেশন আদালতের সম্মুখে কি তাঁহার নিজ জ্ঞানগোচরে উক্ত প্রকারের কোন অপরাধ হইলে ও সেই অপরাধ কেবল সেশন আদালতের বিচার্য্য হইলে সেই আদালত ঐ ব্যক্তির নামে ঐ অপরাধের অভিযোগ করিয়া আপনার কৃত অভিযোগপত্রক্রমে ঐ ব্যক্তিকে সমর্পণ করিতে কিম্বা তাহার স্থানে হাজিরজামিন লইয়া তাহার বিচার করিতে পারিবেন ইতি।

সেশন আদালতের সম্মুখে তদ্রূপ অপরাধ হইলে ঐ আদালতের ক্ষমতার কথা।

এমন স্থলে এই আইনমতে মাজিষ্ট্রেটের প্রতি বিচার কালে বাদির কি প্রতিবাদির পক্ষ কোন সাক্ষিদিগকে সমন করিবার কি বিচারকালে উপস্থিত করাইবার যে ক্ষমতা অর্পণ করা গেল ঐ সেশন আদালতেরও সেই ক্ষমতা থাকিবে ইতি।

ঐ আদালত মাজিষ্ট্রেটকে ঐ বিচার কালে ঐ সাক্ষিদিগকে উপস্থিত করাইবার আজ্ঞা দিতে পারিবেন ইতি।

473 Except as provided in sections four hundred and thirty-five, four hundred and thirty-six, and four hundred and seventy-two, no Court shall try any person for an offence committed in contempt of its own authority

Offences in contempt of Court how to be disposed of

474 In any case triable by the Court of Session exclusively, any Civil Court, before which such offence was committed, may, instead of sending the case for inquiry to a Magistrate, complete the inquiry itself, and commit or hold to bail the accused person to take his trial before the Court of Session

Power of Civil Courts to complete investigation and commit to Court of Session

For the purposes of an inquiry under this section, the Civil Court may exercise all the powers of a Magistrate, and its proceedings in such inquiry shall be deemed to have been held by a Magistrate

If a Civil Court sends a case for inquiry and commitment to a Magistrate he is bound to receive and dispose of it, but if a Civil Court makes a commitment it shall complete the inquiry itself

475 When any such commitment is made by order of a Civil Court, the Court shall frame a charge in the manner hereinbefore provided, and shall send the same with the order of commitment and the record of the case to the Magistrate of the District or other Magistrate of the 1st class, and such Magistrate shall bring the case before the Court of Session, together with the witnesses for the prosecution and defence

Procedure of Civil Court in such cases

476 Whenever any Court of Session or Civil Court commits or holds to bail any person for trial under sections four hundred and seventy-two, four hundred and seventy four, or four hundred and seventy-five, it may also bind over any person to give evidence, and for that purpose may exercise all the powers of a Magistrate

Court may exercise all powers of Magistrate as to binding over persons to give evidence

477. If any such offence, triable by the Court of Session, exclusively, be committed before a Magistrate not empowered to commit for trial before a Court of Session he shall send the case to a Magistrate competent to make such com-

Procedure where offence triable only by Session Court is committed before Magistrate not empowered to commit to such Court

৪৭৩ ধারা। ৪৩৫ ও ৪৩৬ ও ৪৭২ ধারার নির্দ্দিষ্ট স্থল-ভিন্ন যে আদালতের ক্ষমতার অবজ্ঞা হয় সেই আদালত ঐ অপরাধহেতুক ব্যক্তির বিচার করিতে পারিবেন না ইতি।

আদালতের অবজ্ঞাকরণ-রূপ অপরাধ লইয়া যাহা করিতে হইবে তাহার কথা।

৪৭৪ ধারা। যে অপরাধের বিচার কেবল সেশন আদালতে হইতে পারে, কোন দেওয়ানী আদালতের সম্মুখে এমত অপরাধ করা গেলে, সেই আদালত মাজিষ্ট্রেটের দ্বারা ঐ তদন্ত লইবার জন্যে মোকদ্দমা প্রেরণ না করিয়া আপনি সেই তদন্ত লওনের কার্য্য সমাপ্ত করিতে পারিবেন, ও সেশন আদালতের সম্মুখে অভিযুক্ত ব্যক্তিকে সমর্পণ করিতে কিম্বা বিচার হইবার নিমিত্তে তাহার তথায় উপস্থিত হইবার হাজিরজামিন লইতে পারিবেন ইতি।

অনুসন্ধানের কার্য্য সমাপ্ত করিয়া সেশন আদালতে সমর্পণ করিতে দেওয়ানী আদালতের ক্ষমতার কথা।

এই ধারামত তদন্ত লইবার জন্যে দেওয়ানী আদালত মাজিষ্ট্রেটের সকল ক্ষমতামত কার্য্য করিতে পারিবেন এবং ঐ তদন্ত লওনে আদালতের অনুষ্ঠিত কার্য্য মাজিষ্ট্রেটের দ্বারা করা গেল এমত জ্ঞান হইবে।

দেওয়ানী আদালত তদন্ত লইবার ও সমর্পণ করিবার নিমিত্তে মাজিষ্ট্রেটের নিকট মোকদ্দমা পাঠাইলে তাহার সেই মোকদ্দমা গ্রাহ্য করিয়া নিষ্পত্তি করিতেই হইবে। কিন্তু দেওয়ানী আদালত সমর্পণ করিলে আপনি তদন্ত লওনের কার্য্য সমাধা করিবেন ইতি।

৪৭৫ ধারা। দেওয়ানী আদালতের আজ্ঞাক্রমে অপরাধিকে উক্ত প্রকারে সমর্পণ করা গেলে ঐ আদালত পূর্ব্ব লিখিত বিধানমতে অভিযোগপত্র লিখিয়া সমর্পণ করিবার আজ্ঞার ও মোকদ্দমার কাগজপত্রের সহিত সেই অভিযোগপত্র জিলার মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা প্রথম শ্রেণীর অন্য মাজিষ্ট্রেটের নিকটে পাঠাইবেন। সেই মাজিষ্ট্রেট ঐ মোকদ্দমা এবং বাদির ও প্রতিবাদির সপক্ষ সাক্ষিদিগকে সেশন আদালতের সম্মুখে উপস্থিত করাইবেন ইতি।

তদ্রূপ স্থলে দেওয়ানী আদালতের কর্ত্তব্যের কথা।

৪৭৬ ধারা। কোন সেশন কি দেওয়ানী আদালত ৪৭২ কি ৪৭৪ কি ৪৭৫ ধারানুসারে কোন ব্যক্তিকে বিচারার্থে সমর্পণ করিলে কিম্বা তাহার স্থানে হাজিরজামিন লইলে সেই আদালত কোন ব্যক্তিকে সাক্ষ্য দিতে প্রতিজ্ঞাবদ্ধ করাইতে পারিবেন ও তজ্জন্য মাজিষ্ট্রেটের সকল ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন ইতি।

সাক্ষ্য দিতে প্রতিজ্ঞাবদ্ধ করিবার বিষয়ে, মাজিষ্ট্রেটের ক্ষমতামতে আদালতের কার্য্য করিবার কথা।

৪৭৭ ধারা। সেশন আদালতের সম্মুখে কোন মোকদ্দমা বিচারার্থে সমর্পণ করিতে যে মাজিষ্ট্রেটের ক্ষমতা নাই তাঁহার সম্মুখে কেবল সেশন আদালতের বিচার্য্য কোন অপরাধ করা গেলে ঐ মাজিষ্ট্রেট তদ্রূপ সমর্পণ করিবার ক্ষমতাপন্ন

মাজিষ্ট্রেট সমর্পণ করিতে ক্ষমতাপন্ন না হইলে, তাঁহার সম্মুখে কেবল সেশন আদালতের বিচার্য্য অপরাধ করা গেলে কার্য্যপ্রণালীর কথা।

mitment, who shall proceed to pass such order in the case as he thinks fit

মাজিষ্ট্রেটের নিকটে ঐ মোকদ্দমা পাঠাইবেন। তিনি সেই মোকদ্দমায় যেরূপ আজ্ঞা করা উচিত বোধ করেন করিবেন ইতি।

478 A complaint of an offence under section four hundred and ninety-seven of the Indian Penal Code shall not be instituted except by the husband of the woman, or by any person under whose care she was living at the time when the adultery was committed

Prosecution for adultery

৪৭৮ ধারা। স্ত্রীর স্বামিভিন্ন কিম্বা পরদার গমন অপরাধ যে সময়ে করা যায় সেই সময়ে স্ত্রী যাঁহার কর্তৃত্বাধীন ছিল সেই ব্যক্তি ভিন্ন কেহ ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ৪৯৭ ধারামত অপরাধের অভিযোগ উপস্থিত করিতে পারিবে না ইতি।

ব্যভিচারের অভিযোগের কথা।

479 A complaint of an offence under section four hundred and ninety-eight of the Indian Penal Code shall not be instituted, except by the husband of the woman or by the person having care of such woman on behalf of her husband

Prosecution for enticing away a married woman

৪৭৯ ধারা। স্ত্রীর স্বামী কিম্বা ঐ স্বামির পক্ষে স্ত্রীর রক্ষক ভিন্ন কেহ ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ৪৯৮ ধারামত অপরাধের অভিযোগ উপস্থিত করিতে পারিবে না ইতি।

স্ত্রীকে ভুলাইয়া হরণ করিবার অভিযোগের কথা।

PART XI

CHAPTER XXXVI

PREVENTIVE JURISDICTION OF MAGISTRATES

OF THE DISPERSION OF UNLAWFUL ASSEMBLIES

একাদশ খণ্ড।

৩৬ অধ্যায়।

মাজিষ্ট্রেটদিগের নিষেধ সূচক ক্ষমতার কথা।

বেআইনীমত জনতা পৃথক করিয়া দিবার কথা।

480 Any Magistrate or officer in charge of a Police-station may command any unlawful assembly or any assembly of five or more persons, likely to cause a disturbance of the public peace, to disperse, and it shall thereupon be the duty of the members of such assembly to disperse accordingly

Assembly to disperse on command of Magistrate or Police officer

৪৮০ ধারা। বেআইনীমত জনতা হইলে কিম্বা পাঁচ কি তদধিক ব্যক্তি যোট হওয়াতে সাধারণের শান্তিভঙ্গ হইবার সম্ভাবনা থাকিলে, কোন মাজিষ্ট্রেট কিম্বা পোলীস থানার অধ্যক্ষ সেই জনতা ভঙ্গ করিয়া পৃথক হইবার আজ্ঞা করিতে পারিবেন। তদনুসারে ঐ জনতার লোকদের পৃথক হইয়া যাওয়া কর্ত্তব্য ইতি।

মাজিষ্ট্রেটের কিম্বা পোলীসের কর্ম্মকারকের আজ্ঞামতে জনতাভঙ্গ হইবার কথা।

481 If, upon being so commanded, any such assembly does not disperse, or if, without being so commanded, it conducts itself in such a manner as to show a determination not to disperse, any Magistrate or officer in charge of a Police station may proceed to disperse such assembly by force, and may require the assistance of any person, other than any European or Native Troops of Her Majesty acting as such, for the purpose of dispersing it, and arresting the persons who form part of it

Use of force to disperse

৪৮১ ধারা। উক্ত প্রকারের জনতা তদ্রূপ আজ্ঞা পাইলে যদি ভঙ্গ হইয়া না যায় কিম্বা তদ্রূপ আজ্ঞা না পাইলেও যদি ঐ লোকদের কর্ম্মের ভাব দৃষ্টে তাহাদের পৃথক হইয়া না যাইবার স্থির প্রতিজ্ঞা দেখা যায় তবে কোন মাজিষ্ট্রেট কিম্বা থানার অধ্যক্ষ বলপূর্ব্বক ঐ জনতাভঙ্গ করিয়া পৃথক করিতে প্রবর্ত্ত হইবেন। তদর্থে এবং জনতার অন্তর্গত লোকদিগকে ধরিয়া রাখিবার জন্যে তিনি শ্রীশ্রীমতী মহারাণীর ইউরোপীয় কি এদেশীয় সৈন্যস্বরূপ কর্ম্মকারি সৈন্যভিন্ন কোন ব্যক্তিকে সাহায্য করিবার আজ্ঞা দিতে পারিবেন ইতি।

জনতা ভঙ্গ করিবার জন্যে বল প্রয়োগের কথা।

482 If an unlawful assembly cannot be otherwise dispersed, and if it is necessary for the public security that it should be dispersed, the Magistrate of the highest rank, who is present, may cause it to be dispersed by Military Force

Use of Military Force

৪৮২ ধারা। বেআইনীমত জনতাভঙ্গ করিয়া তদন্তর্গত লোকদিগকে অন্য প্রকারে পৃথক করা যাইতে না পারিলে ও সাধারণের নিরাপদের জন্যে ঐ জনতা ভঙ্গ করা আবশ্যক হইলে অতি উচ্চ শ্রেণীর যে মাজিষ্ট্রেট উপস্থিত থাকেন তিনি সৈন্যদলের দ্বারা ঐ জনতা ভঙ্গ করাইতে পারিবেন ইতি।

সৈন্যদলের ব্যবহারের কথা।

483 No Magistrate shall be held to commit any offence by ordering the dispersion by Military Force of any assembly, the dispersion of which he regards, on reasonable grounds and in good faith, as necessary to the public security

When use of Military Force is not an offence

484. When a Magistrate determines to disperse an assembly by Military Force, he may require any officer in command of any of Her Majesty's Troops, whether European or Native, to disperse such assembly by such force, and it shall be the duty of every such officer to obey every such requisition in such manner as in his discretion appears proper, but in doing so he shall use as little force and do as little injury to person and property as is consistent with dispersing the assembly and arresting and detaining such persons as he may be directed by the Magistrate to arrest and detain, or as it may be necessary to arrest and detain for the purpose of dispersing the assembly

Duty of officer commanding troops required by Magistrate to disperse assembly

485. No officer, obeying any such requisition, shall be held to have committed any offence by any act done by him in good faith in order to comply with it

What acts done in obeying requisition not an offence

486 No inferior officer or private soldier shall be held to have committed any offence by any act done for the dispersion of any such assembly in obedience to any order, which he was bound by the Mutiny Act or by the Indian Articles of War to obey

Acts of inferior officers and soldiers done in obedience to order not an offence

487. When the public security is manifestly endangered by an unlawful assembly, and when no Magistrate can be communicated with, any Commissioned Officer of Her Majesty's European or Native Forces may disperse any such assembly by military force, and in doing so, he shall have the same protection as a Magistrate, and all officers and soldiers acting under his orders shall have the protection mentioned in section four hundred and eighty-six, but as soon as such Commissioned officer can communicate with any Magistrate, it is his duty to do so

Duty of Queen's officers to suppress assembly

৪৮৩ ধারা। কোন মাজিষ্ট্রেট সাধারণের নিরাপদের জন্যে যুক্তিসিদ্ধ কারণে ও সরল মনে আবশ্যক জ্ঞান করিলে সৈন্যদল দ্বারা জনতা ভঙ্গ হইবার আজ্ঞা করিলেও অপরাধ করিয়াছেন এমত জ্ঞান হইবে না ইতি।

যে স্থলে সৈন্যদলের ব্যবহার অপরাধ না হয় তাহার কথা।

৪৮৪ ধারা। কোন মাজিষ্ট্রেট সৈন্যদল দ্বারা জনতা ভঙ্গ করিতে স্থির করিলে তিনি শ্রীশ্রীমতী মহারাণীর ইউরোপীয় কি এদেশীয় সৈন্যদলের কোন অধ্যক্ষকে সেই জনতা ভঙ্গ করিয়া দিতে আদেশ করিতে পারিবেন। এবং সেনাপতির কর্ত্তব্য যে আপনার বিবেচনামতে যদ্রূপে করা উচিত তদ্রূপে উক্ত প্রত্যেক আদেশ মানেন; কিন্তু জনতা ভঙ্গ করিবার ও মাজিষ্ট্রেট যে ব্যক্তিদিগকে ধরিয়া আটক করিয়া রাখিতে আজ্ঞা করেন কিম্বা জনতা ভঙ্গ করণার্থে যে ব্যক্তিদিগকে ধরিয়া আটক করিয়া রাখা আবশ্যক তাহারদিগকে ধরিয়া রাখিবার জন্যে যত অল্প বল প্রয়োগ ও ব্যক্তির কি সম্পত্তির যত অল্প হানি করা সঙ্গত হয় তদধিক করিবেন না ইতি।

জনতা ভঙ্গ করিবার নিমিত্ত মাজিষ্ট্রেটের আজ্ঞা হইলে সেনাপতির কর্ত্তব্য কর্ম্মের কথা।

৪৮৫ ধারা। সেনাপতি তদ্রূপ আদেশ পাইলে সেই আদেশমতে কর্ম্ম করণার্থে সরলমনে যে কোন কর্ম্ম করেন সেই কর্ম্ম দ্বারা কোন অপরাধ করিয়াছেন এমত জ্ঞান হইবে না ইতি।

আদেশমতে কর্ম্ম করিলে যে২ কর্ম্ম অপরাধ না হয় তাহার কথা।

৪৮৬ ধারা। কোন হুদ্দাদার কি সিপাহী হঙ্গামা নিবারণের আইন কিম্বা ভারতবর্ষীয় যুদ্ধ বিষয়ক আইনমতে যে সকল আজ্ঞা মানিতে আবদ্ধ হয় সেই সকল আজ্ঞা মানিয়া জনতা ভঙ্গ করণার্থে যে কোন কার্য্য করে তাহাতে অপরাধ করিয়াছে এমত জ্ঞান হইবে না ইতি।

হুদ্দাদারেরা ও সিপাহীরা আজ্ঞা মানিয়া কর্ম্ম করিলে তাহা অপরাধ না হইবার কথা।

৪৮৭ ধারা। বেআইনীমত জনতা দ্বারা স্পষ্টই সাধারণের নিরাপদের আশঙ্কা হইলে ও কোন মাজিষ্ট্রেটের সঙ্গে লিখনপঠনাদি হইতে না পারিলে শ্রীশ্রীমতী মহারাণীর ইউরোপীয় কি এদেশীয় সৈন্যদলের সনদপ্রাপ্ত কোন সেনাপতি সাহেব সৈন্যদের বল দ্বারা তদ্রূপ কোন জনতা ভঙ্গ করিয়া দিতে পারিবেন। তাহা করিলে তিনি মাজিষ্ট্রেটের ন্যায় অপরাধের অভিযোগ হইতে রক্ষা পাইবেন ও তাঁহার আজ্ঞামতে যে সকল হুদ্দাদার ও সিপাহী কর্ম্ম করে তাহারা ৪৮৬ ধারার উল্লিখিত মতে রক্ষা পাইবে। কিন্তু সনদপ্রাপ্ত সেই সেনাপতি কোন মাজিষ্ট্রেটের সঙ্গে যত শীঘ্র লিখনপঠনাদি করিতে পারেন, তত শীঘ্র করিবেন ইতি।

জনতা ভঙ্গ করণার্থে শ্রীশ্রীমতী মহারাণীর সেনাপতিদের কর্ত্তব্য কর্ম্মের কথা।

488 No prosecution against any Magistrate, officer or soldier for any act done under the provisions contained in sections four hundred and eighty one, four hundred and eighty-two, four hundred and eighty-four and four hundred and eighty-seven shall be instituted in any Criminal Court except with the sanction of the Government of India, or the Government of Madras or Bombay

Sanction required to prosecutions for acts done under sections 481, 482, 484, and 487

CHAPTER XXXVII

OF SECURITY FOR KEEPING THE PEACE

489 Whenever a person, accused of rioting, assault, or other breach of the peace, or with abetting the same, or with assembling armed men or taking other unlawful measures with the evident intention of committing the same, is convicted of such offence before a Court of Session, or Magistrate of a division of a District, or Magistrate of the 1st class,

Personal recognizance to keep the peace in cases of conviction

and the Court or Magistrate, by which or by whom such person is convicted, or the Court or Magistrate, by which or by whom the final sentence or order in the case is passed, is of opinion that it is just and necessary to require such person to give a personal recognizance for keeping the peace,

such Court or Magistrate may, in addition to any other order passed in the case, direct that the person so convicted be required to execute a formal engagement, in a sum proportionate to his condition in life and the circumstances of the case, for keeping the peace during such period as it may appear proper to fix in each instance, not exceeding one year if the sentence or order be passed by a Magistrate, or three years if the sentence or final order be passed by a Court of Session, with a provision that if the same be not given the person required to enter into the engagement shall be kept in simple imprisonment for any time not exceeding one year, if the order be passed by a Magistrate, or three years if the order be passed by the High Court or by a Court of Session unless, within such period such person execute such formal engagement as aforesaid

If the accused person be sentenced to imprisonment, the period, for which he may be required to execute a recognizance, and the imprisonment in default of executing such recognizance shall commence when he is released on the expiration of his sentence

৪৮৮ ধারা। কোন মাজিষ্ট্রেট কি সেনাপতি কি সিপাহী ৪৮১ ও ৪৮২ ও ৪৮৪ ও ৪৮৭ ধারামতে যে কর্ম্ম করেন তদ্ধেতুক ভারতবর্ষের গবর্ণমেণ্টের কি মান্দ্রাজের কি বোম্বাইয়ের গবর্ণমেণ্টের অনুমতি বিনা তাঁহারদের নামে কোন ফৌজদারী আদালতে অভিযোগ উপস্থিত করা যাইতে পারিবে না ইতি।

৪৮১, ৪৮২, ৪৮৪ ও ৪৮৭ ধারামতে কর্ম্ম হইলে অভিযোগ করণের অনুমতির আবশ্যকতার কথা।

---

৩৭ অধ্যায়।

শান্তি ভঙ্গ না হইবার জামীনের কথা।

৪৮৯ ধারা। হাঙ্গামা, কি আক্রমণ করণ, কি অন্য প্রকারে শান্তিভঞ্জন, কিম্বা তাহাতে সহায়তা করণ কিম্বা তাহা করিবার স্পষ্ট অভিপ্রায়ে অস্ত্রধারি লোক সংগ্রহ কি বেআইনী অন্য কার্য্য করণাপরাধে যে ব্যক্তির নামে অভিযোগ হয়, সেশন আদালতের কি জিলার খণ্ডের মাজিষ্ট্রেটের কিম্বা প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের সম্মুখে ঐ ব্যক্তির অপরাধ নির্ণয় হইলে,

অপরাধ প্রমাণ হইলে শান্তিভঙ্গ না করিবার মুচলকার কথা।

ও যে আদালত কি মাজিষ্ট্রেট ঐ অভিযুক্ত ব্যক্তিকে অপরাধী নির্ণয় করেন কিম্বা যে আদালত কি মাজিষ্ট্রেট ঐ মোকদ্দমায় শেষ দণ্ডাজ্ঞা কি আজ্ঞা করেন, তিনি সেই ব্যক্তির স্থানে শান্তিভঙ্গ না করিবার অর্থদণ্ডের নিয়মে মুচলকা লওয়া ন্যায্য ও আবশ্যক বোধ করিলে

ঐ আদালত কি মাজিষ্ট্রেট ঐ মোকদ্দমায় অন্য যে আজ্ঞা করেন তদতিরিক্ত উক্ত যে ব্যক্তির অপরাধ নির্ণয় হয় তাহার সঙ্গতি ও মোকদ্দমার ভাবগতিকানুসারে অর্থদণ্ড নিরূপণ করিয়া সেই দণ্ডের নিয়মে যত কাল উচিত বোধ করেন তত কালের নিমিত্তে তাহাকে শান্তিভঙ্গ না করিবার প্রতিজ্ঞাপত্র লিখিয়া দিতে আজ্ঞা করিতে পারিবেন। মাজিষ্ট্রেট সাহেবের ঐ দণ্ডাজ্ঞা কি আজ্ঞা হইলে শান্তিভঙ্গ না করিবার এক বৎসরের অধিক কালের, ও সেশন আদালতের ঐ দণ্ডাজ্ঞা কি শেষ আজ্ঞা হইলে তিন বৎসরের অধিক কালের ঐ নিয়ম হইবে না। আরো ঐ আজ্ঞার মধ্যে এই বিধান থাকিবে, যে ঐ প্রতিজ্ঞাপত্র লিখিয়া দিতে যে ব্যক্তির প্রতি আজ্ঞা হয় সে লিখিয়া না দিলে মাজিষ্ট্রেটের আজ্ঞা হইলে এক বৎসরের অনধিক কিম্বা হাই কোর্টের কি সেশন আদালতের আজ্ঞা হইলে তিন বৎসরের অনধিক কোন কালের নিমিত্ত তাহার সামান্য কারাদণ্ড হইবে ইতিমধ্যে দাঁড়ামত পূর্ব্বোক্ত প্রতিজ্ঞাপত্র লিখিয়া দিলে তাহাকে ছাড়িয়া দেওয়া যাইবে।

যদি অভিযুক্ত ব্যক্তির কারাদণ্ডের আজ্ঞা হয় তবে যত কালের নিমিত্ত তাহার মুচলকা লিখিয়া দিতে হইবে ঐ দণ্ডের মিয়াদ ফুরাইলে পর তাহার মুক্ত হওনের সময়াবধি সেই মুচলকার মিয়াদ ও মুচলকা লিখিয়া না দেওয়াতে তাহার কারাদণ্ডের মিয়াদ আরম্ভ হইবে ইতি।

Where convicting officer is not in charge of division of district nor a Magistrate of 1st class.

When any accused person is convicted of any offence specified in this section by a Magistrate neither in charge of a division of a District nor of the 1st class, such Magistrate, if he considers it just and necessary to require a personal recognizance for keeping the peace from the person so convicted, shall report the case to the Magistrate of the District, the Magistrate of the division of the District or to a Magistrate of the first class to whom such Magistrate is subordinate, and the Magistrate to whom the case is so reported, shall deal with the case as if the conviction had been before himself

In any case where the order is not made at the time of signing, or by the Court which signs the judgment, the convict must be produced before the Magistrate who adds the order to enter into a personal recognizance to the original sentence

Security to keep the peace

490 Whenever it appears necessary to require security for keeping the peace, in addition to the personal recognizance of the party so convicted, the Court or Magistrate, empowered to require a personal recognizance, may require security in addition thereto, and may fix the amount of the security-bond to be executed by the surety or sureties, with a provision that, if the same be not given, the party required to find the security shall be kept in simple imprisonment for any time not exceeding one year if the order be passed by the Magistrate of the District, Magistrate of a Division of a district, or by a 1st Class Magistrate, or three years if the order be passed by the High Court or by a Court of Session

Summons to any person to show cause why he should not give bond to keep peace

491. Whenever a Magistrate of a division of a District, or a Magistrate of the 1st class, receive information that any person is likely to commit a breach of the peace, or to do any act that may probably occasion a breach of the peace, he may summon such person to attend at a time and place mentioned in the summons, to show cause why he should not be required to enter into a bond to keep the peace, with or without sureties, as such Magistrate thinks fit

EXPLANATION I.—A summons, calling on a person to show cause why he should not be bound over to

যে কার্য্যকারক অপরাধ নির্ণয় করেন তিনি জিলার খণ্ডের অধ্যক্ষ কিম্বা প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেট না হইলে যাহা কর্ত্তব্য তাহার কথা।

যিনি জিলার খণ্ডের অধ্যক্ষতা ভার প্রাপ্ত না হন কি প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেট না হন এমত কোন মাজিষ্ট্রেট এই ধারার নির্দ্দিষ্ট অপরাধে অভিযুক্ত কোন ব্যক্তির অপরাধ নির্ণয় করিলে, যদি সেই অপরাধির স্থানে দণ্ড দিবার নিয়মে শান্তিভঙ্গ না করিবার মুচলকা লওয়া ন্যায় ও আবশ্যক জ্ঞান করেন, তবে তিনি জিলার মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা জিলার খণ্ডের মাজিষ্ট্রেটের কি প্রথম শ্রেণীর যে মাজিষ্ট্রেটের অধীন থাকেন তাঁহার নিকটে সেই বিষয়ের রিপোর্ট করিবেন। তাহা হইলে যাঁহার নিকট ঐ রিপোর্ট করা যায় তাঁহারই সম্মুখে ঐ ব্যক্তির অপরাধ নির্ণয় হওয়ার ন্যায় তিনি সেই বিষয় লইয়া কার্য্য করিবেন।

কোন স্থলে নিষ্পত্তিপত্রে স্বাক্ষর করিবার সময় কিম্বা যে আদালত নিষ্পত্তিতে স্বাক্ষর করেন তাঁহার দ্বারা ঐ আজ্ঞা করা না গেলে যে মাজিষ্ট্রেট দণ্ডের প্রথম আজ্ঞাতে মুচলকা লিখিয়া দিবার আজ্ঞা সংযোগ করেন নির্ণীতাপরাধ ব্যক্তিকে তাহার সম্মুখে উপস্থিত করিতে হইবে ইতি।

শান্তিভঙ্গ না করিবার প্রতিভূর কথা।

৪৯০ ধারা। উক্ত প্রকারে যে ব্যক্তিকে অপরাধি নির্ণয় করা গেল, সে শান্তিভঙ্গ না করে এই নিমিত্তে দণ্ডের নিয়মযুক্ত ঐ মুচলকার অতিরিক্ত প্রতিভূ লওয়া আবশ্যক বোধ হইলে ইহার পূর্ব্ববাক্যমতে দণ্ডের নিয়মে মুচলকা লইবার ক্ষমতাপন্ন আদালত কি মাজিষ্ট্রেট তাহাকে ঐ মুচলকার অতিরিক্ত প্রতিভূ দিতে আজ্ঞা করিতে পারিবেন, ও প্রতিভূ কিম্বা প্রতিভূগণ যে প্রতিভূপত্র লিখিয়া দিবেন তাহাতে কত টাকা দণ্ডের নিয়ম থাকিবে ইহা নির্দ্ধার্য্য করিবেন। আরো তন্মধ্যে এই নিয়ম থাকিবে যে প্রতিভূ না দেওয়া গেলে যে ব্যক্তির প্রতি প্রতিভূ দিবার আজ্ঞা হয় তাহাকে কারাবদ্ধ করা যাইবে অর্থাৎ জিলার মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা জিলার খণ্ডের মাজিষ্ট্রেটের কিম্বা প্রথমশ্রেণীর মাজিষ্ট্রেটের ঐ আজ্ঞা হইলে এক বৎসরের অনধিক কাল, কিম্বা হাই কোর্ট কি সেশন আদালত ঐ আজ্ঞা করিলে তিন বৎসরের অনধিক কাল কারাবদ্ধ করা যাইবে ইতি।

কোন ব্যক্তির শান্তিভঙ্গ না করিবার প্রতিজ্ঞাপত্র লিখিতে না হইবার কারণ দর্শাইতে তাহার নামে সমন হইবার কথা।

৪৯১ ধারা। কোন ব্যক্তির দ্বারা শান্তিভঙ্গ হইবা কিম্বা যাহাতে শান্তিভঙ্গ হইতে পারে এমত কোন কার্য্য করা যাইবার সম্ভাবনা, জিলার খণ্ডের মাজিষ্ট্রেট কিম্বা প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেট এই মর্ম্মের সম্বাদ পাইলেই ঐ ব্যক্তির নামে সমন দিয়া তাহার প্রতি শান্তিভঙ্গ না করিবার নিবন্ধনপত্র লিখিয়া দিবার ও মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনামতে এক কি অধিক জন প্রতিভূ দিবার আজ্ঞা না হয় ইহার কারণ দর্শাইবার জন্যে ঐ সমনের নিরূপিত সময়ে ও স্থানে উপস্থিত হইতে আজ্ঞা করিবেন।

১ ব্যাখ্যা। যে সম্বাদ বা অন্য সন্ধান বিশ্বাসযোগ্য বোধ হয় ও মাজিষ্ট্রেট যাহা বিশ্বাস করেন এমত

keep the peace, may be issued on any report or other information which appears credible and which the Magistrate believes, but the Magistrate cannot bind over a person until he has adjudicated on evidence before him

EXPLANATION II — A Magistrate may recall a summons issued under this section if he thinks proper

492. Such summons shall set forth the substance of the report or information on which it is issued, the amount of the bond, and the term for which it is to be in force, and, if security is called for the number of sureties required, and the amount in which they are to be bound respectively, and the time and place at which the person summoned is required to attend

Form of summons

EXPLANATION — When the parties are present in court no summons is necessary, but the person to whom a summons would have been issued must have an opportunity to show cause why he should not be bound

493 The bond shall be in the Form (E) given in the second schedule, or to the like effect, and its penalty shall be fixed with a due regard to the circumstances of the case and the means of the party

Penalty of bond

The amount in which the sureties shall be bound shall not exceed the penalty named in the bond

494 If the person summoned does not attend at the time and place named in the summons on the day appointed, such Magistrate, if satisfied that the summons has been duly served, may issue a warrant for his arrest

Warrant of arrest

Provided that, whenever it appears to such Magistrate, upon the report of a Police officer or upon other credible information (the substance of which report or information shall be recorded), that there is just reason to fear the commission of a breach of the peace, which may probably be prevented by the immediate arrest of any person, the Magistrate may at any time issue a warrant for his arrest

495. The Magistrate may, if he sees sufficient cause, dispense with the personal attendance of the person informed against, under section four hundred and ninety-one, and may permit him to appear and enter into the required security, or show cause against

Magistrate may dispense with personal attendance of person informed against

সম্বাদ কি সন্ধান পাইলে কোন ব্যক্তিকে শান্তিভঙ্গ না করিবার প্রতিজ্ঞাবদ্ধ করা যে কারণে অনুচিত হয় তাহাকে এমত কারণ দেখাইবার জন্যে সমন দেওয়া যাইতে পারিবে। কিন্তু মাজিষ্ট্রেটের সম্মুখে যে প্রমাণ উপস্থিত হয় তিনি সেই প্রমাণানুসারে নির্ণয় না করিলে কোন ব্যক্তিকে সেই প্রকারে প্রতিজ্ঞাবদ্ধ করিতে পারিবেন না।

২ ব্যাখ্যা।—মাজিষ্ট্রেট এই ধারামতে সমন দিলে পর উচিত বোধ করিলে ঐ সমন অন্যথা করিতে পারিবেন ইতি।

৪৯২ ধারা। উক্ত যে সম্বাদ কি সন্ধানক্রমে সমন দেওয়া যায় তাহার মর্ম্ম ও নিবন্ধনপত্র কত টাকা দণ্ডের নিয়মে হইবে ও কত কাল বলবৎ থাকিবে, ও প্রতিভূ দিবার আজ্ঞা হইলে কত জন দিতে হইবে ও প্রত্যেক জন কত টাকা দিবার প্রতিজ্ঞায় বদ্ধ হইবে এবং সমন করা ব্যক্তির যে সময়ে ও যে স্থানে উপস্থিত হইবার আজ্ঞা হয় ঐ সমনে এই সকল কথা লেখা থাকিবে।

সমনের পাঠ।

ব্যাখ্যা।—উক্ত ব্যক্তিরা আদালতে উপস্থিত থাকিলে সমন দিবার আবশ্যক নাই। কিন্তু যাহাকে ঐ সমন দেওয়া যাইত তাহাকে প্রতিজ্ঞাবদ্ধ না করিবার কারণ দেখাইবার সুযোগ করিয়া দিতে হইবে ইতি।

৪৯৩ ধারা। নিবন্ধনপত্র দ্বিতীয় তফসীলের E চিহ্নিত পাঠ কি তাহার মর্ম্মমতে লেখা যাইবে ও মোকদ্দমার ভাবগতিক ও ব্যক্তির সঙ্গতি উপযুক্তমতে বিবেচনা করিয়া ঐ দণ্ডের টাকা নির্দ্ধার্য্য হইবে।

নিবন্ধনপত্রমতে অর্থদণ্ডের কথা।

প্রতিভূগণ ঐ নিবন্ধনপত্রের লিখিত অর্থদণ্ডের অধিক টাকা দিতে বদ্ধ হইবে না ইতি।

৪৯৪ ধারা। যে ব্যক্তিকে সমন করা যায় সে নিরূপিত দিনে সমনের লিখিত সময়ে ও স্থানে উপস্থিত না হইলে, ও সমন তাহাকে উপযুক্তমতে দেওয়া গিয়াছে মাজিষ্ট্রেট ইহা হৃদ্বোধমতে জ্ঞাত হইলে ঐ ব্যক্তিকে ধরিয়া আনিবার ওয়ারেণ্ট দিতে পারিবেন।

ধরিবার ওয়ারেণ্টের কথা।

কিন্তু শান্তিভঙ্গ হইবে এমত আশঙ্কা থাকার যথার্থ কারণ আছে, ও তৎকালেই কোন ব্যক্তিকে ধরিয়া রাখা গেলে তাহা নিবারণ হইতে পারিবে মাজিষ্ট্রেট পোলীসের কোন কর্ম্মকারকের রিপোর্ট কি বিশ্বাসযোগ্য অন্য সম্বাদক্রমে ইহা জানিতে পাইলে যে সময়ে হউক ঐ ব্যক্তিকে ধরিবার ওয়ারেণ্ট দিতে পারিবেন। উক্ত রিপোর্টের কি সম্বাদের মর্ম্ম লিপিবদ্ধ করা যাইবে ইতি।

৪৯৫ ধারা। মাজিষ্ট্রেট ৪৯১ ধারামতে যে ব্যক্তির বিপক্ষে সন্ধান পান উপযুক্ত হেতু জানিতে পাইলে সেই ব্যক্তির স্বয়ং অনুপস্থিত থাকার অনুমতি দিতে পারিবেন, ও আপনার সপক্ষ কার্য্য করিবার উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত মোক্তারের দ্বারা উপস্থিত হইয়

অভিযুক্ত ব্যক্তির অনুপস্থিত থাকার অনুমতি হইবার কথা।

such requisition, by an agent duly authorized to act in his behalf

496. If on the appearance of such person informed against, or of his agent, if he is permitted to appear by agent, the Magistrate is not satisfied that there is occasion to bind such person to keep the peace, the Magistrate shall direct his discharge

Discharge of person informed against.

497. If the Magistrate is satisfied that it is necessary for the preservation of the peace to take a bond from such person with or without security, he shall make an order accordingly, and if such person fails to comply with the order, the Magistrate may order him to be kept in simple imprisonment until he furnish the same

Non compliance with order to give bond

498. The period for which the Magistrate may bind a person to keep the peace with or without security, shall not exceed one year

Time for which person may be bound to keep peace

When a person is imprisoned under section four hundred and ninety-seven, he shall not be detained by authority of the Magistrate beyond the term of one year, and shall be released whenever, within that term, he complies with the order

Limit of imprisonment under section 497

499. Whenever it appears to the Magistrate that it is necessary for the preservation of the peace to bind a person beyond the term of one year, he may, before the expiration of the first year, record his opinion to that effect and the grounds thereof, and may refer the case for the orders of the Court of Session

Extension of time for which person may be bound

Such Court, after examining the proceedings of the Magistrate, and making such further inquiry as it thinks necessary, may, if it see cause, authorize the Magistrate to extend the term for a further period not exceeding one year

If such person fails to give a bond, with security if required, for his keeping the peace for such further period as the Magistrate under the orders of the Court of Session directs, he may be kept in simple imprisonment for such further period, or until, within that period, he gives such bond.

Explanation —When the subject of dispute, or ground for apprehension, is the same as that on which the first order was passed, the Magistrate must proceed under this section if the first bond is still in force, and not under section four hundred and ninety-one

আজ্ঞামত জামিন দিবার কিম্বা তদ্রূপ আজ্ঞা না হয় এমত কারণ দর্শাইবার অনুমতি দিতে পারিবেন ইতি।

৪৯৬ ধারা। যে ব্যক্তির বিপক্ষে সম্বাদ দেওয়া গায় সে উপস্থিত হইলে, কিম্বা মোক্তারের দ্বারা উপস্থিত হইবার অনুমতি পাওয়াতে ঐ মোক্তার উপস্থিত হইলে সেই ব্যক্তিকে শান্তিভঙ্গ না করিবার প্রতিজ্ঞাবদ্ধ করা প্রয়োজন মাজিষ্ট্রেট ইহা জ্ঞানোদয়মতে না জানিলে ঐ ব্যক্তির মুক্ত হইবার আজ্ঞা করিবেন ইতি।

অভিযুক্ত ব্যক্তিকে মুক্ত করিবার কথা।

৪৯৭ ধারা। ঐ ব্যক্তির স্থানে প্রতিভূ সহিত কিম্বা তদ্ভিন্ন শান্তি ভঙ্গ না করিবার নিবন্ধনপত্র লওয়া আবশ্যক, মাজিষ্ট্রেট ইহা জ্ঞানোদয়মতে জ্ঞাত হইলে তদনুসারে আজ্ঞা করিবেন। ও সেই ব্যক্তি ঐ আজ্ঞামতে কার্য্য না করিলে যত কাল না করে মাজিষ্ট্রেট তাহার তত কাল সামান্য কারাদণ্ডের আজ্ঞা করিতে পারিবেন ইতি।

নিবন্ধনপত্র লিখিয়া দিবার আজ্ঞা না মানিবার কথা।

৪৯৮ ধারা। মাজিষ্ট্রেট কোন ব্যক্তিকে প্রতিভূ সহিত কি তদ্ভিন্ন এক বৎসরের অধিক কাল শান্তিভঙ্গ না করিবার প্রতিজ্ঞায় বদ্ধ করিতে পারিবেন না ইতি।

প্রতিজ্ঞাবদ্ধ হইবার কালের কথা।

৪৯৭ ধারামতে কোন ব্যক্তি কারাবদ্ধ হইলে সে মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞামতে এক বৎসরের অধিক বদ্ধ থাকিবে না। সেই এক বৎসরের মধ্যে কোন সময়ে ঐ আজ্ঞামতে কর্ম্ম করিলেই তাহাকে মুক্ত করা যাইবে ইতি।

৪৯৭ ধারামত কারাবন্ধনের সময়ের কথা।

৪৯৯ ধারা। শান্তিরক্ষার জন্যে কোন ব্যক্তিকে এক বৎসরের অধিক কাল প্রতিজ্ঞাবদ্ধ করা আবশ্যক মাজিষ্ট্রেট এমত বোধ করিলে তিনি প্রথম বৎসর গত হইবার পূর্ব্বে আপনার সেই মর্ম্মের অভিমত ও হেতু লিপিবদ্ধ করিয়া সেশন আদালতের আজ্ঞা পাইবার জন্যে ঐ আদালতে উক্ত বৃত্তান্ত অর্পণ করিতে পারিবেন।

প্রতিজ্ঞাবদ্ধ করিবার কাল বৃদ্ধির কথা।

সেই আদালত মাজিষ্ট্রেটের কাগজপত্র দৃষ্টি করিয়া অধিক যে তদন্ত লওয়া আবশ্যক বোধ করেন তাহা লইয়া কারণ জানিলে ঐ মাজিষ্ট্রেটকে আর এক বৎসর ঐ কাল বৃদ্ধি করিবার ক্ষমতা দিতে পারিবেন।

মাজিষ্ট্রেট সেশন আদালতের আজ্ঞাক্রমে অধিক যত কালের আজ্ঞা করেন সেই অধিক কাল শান্তিভঙ্গ না করার নিবন্ধনপত্র ও প্রতিভূ দিবার আজ্ঞা হইলেও ঐ ব্যক্তি তাহা না দিলে সেই অধিক কাল কিম্বা ইতি মধ্যে যত কাল ঐ নিবন্ধনপত্র না দেয় তত কাল তাহার সামান্য কারাদণ্ড হইতে পারিবে।

ব্যাখ্যা —বিবাদের যে বিষয় ধরিয়া কিম্বা আশঙ্কার যে হেতুতে প্রথম আজ্ঞা হইয়াছিল বিবাদের সেই বিষয় কি আশঙ্কার সেই হেতু থাকিলে যদি প্রথম নিবন্ধনপত্র প্রবল থাকে তবে মাজিষ্ট্রেট এই ধারামতে কর্ম্ম করিতে হইবে, ৪৯১ ধারামতে নয় ইতি।

500. The Magistrate of the District may, if he see sufficient cause, discharge any recognizance and surety for keeping the peace taken by him, or by any Magistrate subordinate to him, or by his predecessor under the preceding sections, and may order the release of the person confined for default in entering into such recognizance or giving such security.

Discharge of recognizances

501. A surety for the peaceable conduct of another person may at any time apply to the Magistrate to be relieved from his engagement as surety

Discharge of sureties

On such application being made, the Magistrate shall issue his summons or warrant in order that the person, for whom such surety is bound, may appear or be brought before him

On the appearance of the person to such warrant or on his voluntary surrender, the Magistrate shall direct the engagement of the surety to be cancelled, and shall call upon such person to give fresh security, and in default thereof shall order him to be kept in simple imprisonment

502. Whenever it is proved before the Magistrate that any recognizance or other bond taken under this chapter has been forfeited, he shall record the grounds of such proof, and shall call upon the person, bound by such recognizance or bond, to pay the penalty thereof, or to show cause why it should not be paid

Recovery of penalty from principal

If sufficient cause be not shown and the penalty be not paid, the Magistrate shall proceed to recover the same by issuing a warrant for the attachment and sale of any of the movable property belonging to the person bound by such recognizance or bond

Such warrant may be executed within the jurisdiction of the Magistrate of the District in which it is issued, and it shall authorize the distress and sale of any movable property belonging to the person bound without the jurisdiction of the said Magistrate, when endorsed by the Magistrate of the District in which such property is situated

If such penalty be not paid and cannot be recovered by such attachment and sale, such person shall be liable to imprisonment by order of the Magistrate in the civil jail for a period not exceeding six months

৫০০ ধারা। জিলার মাজিষ্ট্রেট সাহেব কিম্বা তাঁহার অধীন কোন মাজিষ্ট্রেট কিম্বা তাঁহার পূর্ব্ব পদধারি সাহেব পূর্ব্ব কোন ধারামতে শান্তিভঙ্গ না করিবার যে মুচলকা ও জামিন লন জিলার মাজিষ্ট্রেট সাহেব উপযুক্ত হেতু দৃষ্টি করিলে ঐ মুচলকা রহিত করিতে ও প্রতিভূকে মুক্ত করিতে পারিবেন, ও সেই মুচলকা লিখিয়া দিবার কি সেই প্রতিভূ দিবার ত্রুটিপ্রযুক্ত সেই ব্যক্তি কারাবদ্ধ হইলে তাহাকে মুক্ত করিবার আজ্ঞা দিতে পারিবেন ইতি।

মুচলকা রহিত করিবার কথা।

৫০ ধারা। কোন ব্যক্তি অন্য ব্যক্তির শান্তভাবে আচরণ করিবার প্রতিভূ হইলে তিনি কোন সময়ে মাজিষ্ট্রেটের নিকটে প্রতিভূস্বরূপ আপনার সেই প্রতিজ্ঞাহইতে মুক্ত হইবার প্রার্থনা করিতে পারিবেন।

প্রতিভূদিগকে মুক্ত করিবার কথা।

তদ্রূপ প্রার্থনা হইলে, তিনি যাহার পক্ষে প্রতিভূ হন মাজিষ্ট্রেট সাহেব তাহার উপস্থিত হইবার কি তাহাকে আনাইবার জন্যে সমন কি ওয়ারন্ট দিতে পারিবেন।

সেই ব্যক্তি ঐ ওয়ারন্টমতে উপস্থিত হইলে, কিম্বা আপনি ধরা দিলে, মাজিষ্ট্রেট স্বেচ্ছামতে ঐ প্রতিভূর প্রতিজ্ঞাপত্র রহিত করিবার আজ্ঞা করিয়া সেই ব্যক্তিকে অন্য প্রতিভূ দিতে আজ্ঞা করিবেন। না দিলে তাহার সামান্য কারাদণ্ডের আজ্ঞা করিতে পারিবেন ইতি।

৫০২ ধারা। এই অধ্যায়মতে যে মুচলকা কি অন্য নিবন্ধনপত্র লওয়া যায় তাহা ভঙ্গ হইয়াছে মাজিষ্ট্রেটের সম্মুখে এই কথার প্রমাণ হইলে তিনি ঐ প্রমাণের হেতু লিপিবদ্ধ করিয়া যে ব্যক্তি ঐ মুচলকাতে কি নিবন্ধনপত্রে বদ্ধ ছিল তাহাকে ঐ পত্রলিখিত দণ্ড দিতে কিম্বা না দিবার কারণ দর্শাইতে আজ্ঞা করিবেন।

মুখ্য ব্যক্তির স্থানে অর্থদণ্ড আদায় করিবার কথা।

উপযুক্ত কারণ দর্শান না গেলে ও অর্থদণ্ড না দেওয়া গেলে মাজিষ্ট্রেট ঐ মুচলকাতে কি নিবন্ধনপত্রে বদ্ধ ব্যক্তির অস্থাবর কোন দ্রব্য ক্রোক ও নীলাম করিবার ওয়ারন্ট দিয়া ঐ টাকা আদায় করিতে প্রবর্ত্ত হইবেন।

ওয়ারন্ট যে জিলায় দেওয়া যায় সেই জিলার মাজিষ্ট্রেট সাহেবের বিচারাধীন স্থানের মধ্যে সাধন করা যাইবে। এবং উক্ত মাজিষ্ট্রেটের বিচারাধীন স্থানের বহির্ভূত অন্য যে জিলায় ঐ ব্যক্তির কোন অস্থাবর দ্রব্য থাকে সেই জিলার মাজিষ্ট্রেট সাহেব তাহার পৃষ্ঠে লিখিয়া দিলে সেই জিলায় তাহার কোন দ্রব্য ক্রোক ও নীলাম করা যাইবে ওয়ারন্টে এমত অনুমতি থাকিবে।

অর্থদণ্ড না দেওয়া গেলে ও দ্রব্য ক্রোক ও নীলাম করণদ্বারা ঐ টাকা আদায় হইতে না পারিলে মাজিষ্ট্রেটের আজ্ঞাক্রমে ঐ ব্যক্তিকে দেওয়ানী জেলখানায় ছয় মাসের অনধিককাল বদ্ধ করা যাইতে পারিবে।

The penalty shall not be enforced until the person bound has had an opportunity of showing cause and until the breach of the conditions has been proved.

The commission, or attempt to commit or abetment of any offence whatever and whenever it may be committed is a breach of the bond.

Proceedings under this Chapter may be taken either in the district in which the breach of the peace is apprehended, or where an offence has been committed in breach of the bond, or in any district where the person it is desired to bind may be

503. Whenever it is proved before the Magistrate that any bond with a surety has been forfeited, the Magistrate may at his discretion give notice to the surety to pay the penalty, to which he has thereby become liable, or to show cause why it should not be paid.

Recovery of penalty from surety

If no sufficient cause is shown, and such penalty is not paid, the Magistrate may proceed to recover payment of the penalty from such surety in the same manner as from the principal party.

CHAPTER XXXVIII

OF SECURITY FOR GOOD BEHAVIOUR

504. Whenever it appears to the Magistrate of the District, or to a Magistrate of the 1st class, that any person is lurking within his jurisdiction, or that there is within his jurisdiction a person who has no ostensible means of subsistence, or who cannot give a satisfactory account of himself, such Magistrate may require such security for such person's good behaviour for a period not exceeding six months as to him may appear good and sufficient.

When Magistrate may require security for good behaviour for six months

If in any case under this or the two following sections the person to be bound is under sentence for an offence, he must be brought up on or after the expiration of his sentence for the purpose of being bound

Binding of sentenced person.

If a Sessions Judge, or Magistrate of the second or third class, considers, from evidence taken in any proceedings before him, that any person should be required to enter into a bond

When Sessions Judge or unauthorised Magistrate thinks a person should be bound.

যে ব্যক্তি প্রতিজ্ঞাবদ্ধ হইল সে কারণ দর্শাইবার সুযোগ না পাইলে এবং নিয়ম ভঙ্গ হইবার প্রমাণ না করা গেলে ঐ দণ্ডের আজ্ঞা প্রবল করা যাইবে না।

যে কোন স্থানে যে অপরাধ হউক না কেন, করা গেলে কি করিবার উদ্যোগ হইলে কি সহায়তা হইলে তাহাই ঐ নিবন্ধন ভঙ্গ করা হয়।

যে জিলার মধ্যে শান্তিভঙ্গ হইবার সম্ভাবনা কিম্বা যে জিলায় নিবন্ধন ভঙ্গক্রমে অপরাধ করা যায়, কিম্বা যে ব্যক্তিকে প্রতিজ্ঞাবদ্ধ করিতে উদ্যোগ হয় সে যে জিলায় থাকে ইহার অন্যতর জিলায় এই অধ্যায়মত কার্য্যের অনুষ্ঠান হইতে পারিবে ইতি।

৫০৩ ধারা। প্রতিভূসহিত যে নিবন্ধনপত্র দেওয়া যায় তাহার নিয়ম ভঙ্গ হইয়াছে, মাজিষ্ট্রেটের সম্মুখে ইহার প্রমাণ হইলে প্রতিভূ তৎপ্রযুক্ত যে অর্থদণ্ডের দায়ী মাজিষ্ট্রেট স্বীয় বিবেচনামতে তাঁহাকে সেই দণ্ড দিবার অথবা না দিবার কারণ দর্শাইবার আজ্ঞা করিতে পারিবেন।

প্রতিভূর স্থানে অর্থদণ্ড আদায় করিবার কথা।

উপযুক্ত কারণ দর্শান না গেলে অর্থদণ্ডও দেওয়া না গেলে মাজিষ্ট্রেট মুখ্য ব্যক্তির স্থানে যেমন অর্থদণ্ড আদায় করিতে পারেন, ঐ প্রতিভূর স্থানে তেমনি দণ্ডের টাকা আদায় করিতে প্রবর্ত্ত হইবেন ইতি।

৩৮ অধ্যায়।

সদাচারের প্রতিভূর বিধি।

৫০৪ ধারা। কোন জিলার মাজিষ্ট্রেট সাহেবের কি প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের বিচারাধীন স্থানে কোন ব্যক্তি লুকিয়া থাকে, কিম্বা যাহার দিনপাতের কোন প্রকাশ উপায় নাই কিম্বা যে আপনার হৃদ্বোধজনক বিবরণ জানাইতে না পারে আপন বিচারাধীন স্থানের মধ্যে এমত ব্যক্তি আছে ঐ মাজিষ্ট্রেট ইহা জ্ঞাত হইলে তাঁহার বিবেচনায় ঐ ব্যক্তির ছয় মাসপর্য্যন্ত সদাচারের যে প্রতিভূ উত্তম ও বিশিষ্ট বোধ হয় তাহাকে এমত প্রতিভূ দিবার আজ্ঞা করিতে পারিবেন।

যে [illegible]জিষ্ট্রেট ছয় মাসপর্য্যন্ত সদাচারের প্রতিভূ লইতে পারেন তাহার কথা।

যে ব্যক্তিকে প্রতিজ্ঞাবদ্ধ করিতে হইবে এই ধারা কিম্বা ইহার পশ্চাৎ দুই ধারাসম্পর্কীয় স্থলে যদি সেই ব্যক্তি তৎকালে কোন অপরাধের নিমিত্ত দণ্ডাধীন থাকে তবে তাহার ঐ দণ্ডের মিয়াদ ফুরাইলেই বা ফুরাইলে পর তাহাকে প্রতিজ্ঞাবদ্ধ করিবার জন্যে উপস্থিত করিতে হইবে।

যাহার দণ্ডভোগ হইতেছে তাহাকে প্রতিজ্ঞাবদ্ধ করিবার কথা।

সেশন জজ সাহেবের কিম্বা দ্বিতীয় কি তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের সম্মুখস্থ মোকদ্দমাঘটিত কোন কার্য্যে যে সাক্ষ্য দেওয়া যায় তৎপ্রযুক্ত কোন ব্যক্তিকে সদাচার করিবার প্রতিজ্ঞাবদ্ধ করা প্রয়োজন

সেশন জজ কিম্বা যে মাজিষ্ট্রেটের ক্ষমতা নাই তিনি কোন ব্যক্তিকে প্রতিজ্ঞাবদ্ধ করা উচিত জ্ঞান করিলে তাহার কথা।

to be of good behaviour, he may send such person in custody to a competent Magistrate

A Magistrate in charge of a Division of a District, exercising the powers of a Magistrate of the second class, may make any inquiry necessary under this chapter, and may submit his proceedings to the Magistrate of the District who may pass such order on them, either directing the person whose character was inquired into to furnish security or not, as he thinks fit

Powers of Magistrate of Division of District being a Magistrate of the 2nd class to inquire

505. Whenever it appears to such Magistrate from the evidence as to general character adduced before him, that any person is by repute a robber, house-breaker, or thief,

When Magistrate may require security for good behaviour for one year

or a receiver of stolen property, knowing the same to have been stolen,

or of notoriously bad livelihood, or is a dangerous character,

such Magistrate may require similar security for the good behaviour of such person for a period not exceeding one year

506 Whenever it appears to such Magistrate from the evidence as to general character adduced before him, that any person is by habit a robber, house-breaker, or thief,

Procedure when security required for more than one year

or a receiver of stolen property, knowing the same to have been stolen,

or of a character so desperate and dangerous as to render his release, without security, at the expiration of the limited period of one year, hazardous to the community,

he shall record his opinion to that effect, with an order specifying the amount of security which should, in his judgment, be required from such person, as well as the number, character, and class of sureties, and the period, not exceeding three years, for which the sureties should be responsible for such person's good behaviour, and if such person does not comply with the order, the Magistrate shall issue a warrant directing his detention pending the orders of the Court of Session

507. If a person required to furnish security, under the provisions of the last preceding section, does not furnish the same, or offers sureties whom the Magistrate sees fit to

Proceedings to be laid before Court of Session

জান হইলে তিনি সেই ব্যক্তিকে হাজির জিলার উপযুক্ত ক্ষমতাপন্ন মাজিষ্ট্রেটের নিকট পাঠাইতে পারিবেন।

যে মাজিষ্ট্রেট দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতামতে কার্য্য করিয়া জিলার খণ্ডের কার্য্যাধ্যক্ষ হন এই অধ্যায়মতে যে তদন্ত লওয়া আবশ্যক তিনি তাহা লইয়া জিলার মাজিষ্ট্রেটের সম্মুখে আপনার আনুষ্ঠানিক কার্য্যের বিবরণ অর্পণ করিতে পারিবেন। ও যে ব্যক্তির আচরণের তদন্ত লওয়া হইল জিলার মাজিষ্ট্রেট সাহেব যেমন বিহিত বোধ করেন তেমনি সেই ব্যক্তির জামিন দিবার বা না দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেট জিলার খণ্ডের মাজিষ্ট্রেট হইলে তাহার তদন্ত লইবার ক্ষমতার কথা।

৫০৫ ধারা। উক্ত মাজিষ্ট্রেটের নিকটে কোন ব্যক্তির সাধারণ আচার ব্যবহারের যে প্রমাণ উপস্থিত করা যায়, তদ্দারা সেই ব্যক্তি প্রসিদ্ধ দস্যু কি দোষভাবে পরগৃহ প্রবেশকারী কি চোর,

যে স্থলে মাজিষ্ট্রেট এক বৎসর সদাচারের জামিন লইতে পারেন তাহার কথা।

কি চোরা দ্রব্য চোরা জ্ঞানে গ্রহণকারী,

কিম্বা প্রসিদ্ধমতে কুবৃত্তির কি আশঙ্কাজনক লোক দৃষ্ট হইলে

সেই মাজিষ্ট্রেট ঐ ব্যক্তিকে পূর্ব্বোক্তমতে এক বৎসর সদাচারের জামিন দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

৫০৬ ধারা। উক্ত মাজিষ্ট্রেটের নিকটে কোন ব্যক্তির সাধারণ আচার ব্যবহারের যে প্রমাণ উপস্থিত করা যায়, তদ্দারা সেই ব্যক্তি রীতিমতে দস্যু কি দোষভাবে পরগৃহ প্রবেশকারী, কি চোর,

এক বৎসরের অধিক কালের প্রতিভূর প্রয়োজন হইলে যাহা কর্ত্তব্য তাহার কথা।

কি চোরা দ্রব্য চোরা জ্ঞানে গ্রহণকারি লোক,

কিম্বা অত্যন্ত দুঃসাহস ও আশঙ্কাজনক ব্যক্তি হওয়াপ্রযুক্ত উক্ত নিরূপিত এক বৎসর কাল গত হইলে পর তাহাকে প্রতিভূ বিনা মুক্ত করা গেলে সাধারণ লোকের আপদ সম্ভাবনা বোধ হইলে

তিনি আপনার সেই মত লিপিবদ্ধ করিয়া স্বীয় বিবেচনামতে ঐ ব্যক্তির স্থানে যত টাকার জামিন ও যত জন প্রতিভূ লওয়া উচিত, ও তাহারদের যদ্রূপ চরিত্র ও যে শ্রেণীর লোক হওয়া আবশ্যক ও তাহার সদাচারের নিমিত্তে ঐ প্রতিভূগণের তিন বৎসরের অনধিক যত কাল দায়ী হওয়া উচিত, এইং কথার আজ্ঞা লিখিবেন। সেই ব্যক্তি ঐ আজ্ঞামতে কর্ম্ম না করিলে সেশন আদালতের আজ্ঞা না পাওনপর্য্যন্ত মাজিষ্ট্রেট সেই ব্যক্তিকে আটক করিয়া রাখিবার ওয়ারণ্ট দিবেন ইতি।

৫০৭ ধারা। ইহার পূর্ব্ব ধারার বিধানমতে যে ব্যক্তির প্রতি জামিন দিবার আজ্ঞা হয়, সে তদনুসারে জামিন না দিলে কিম্বা যে প্রতিভূ দিতে চাহেন মাজিষ্ট্রেট তাহাকে অগ্রাহ্য করা

আনুষ্ঠানিককার্য্য সেশন আদালতে অর্পণ হইবার কথা।

reject, the proceedings shall be laid, as soon as conveniently may be, before the Court of Session.

Such Court, after examining such proceedings and requiring any further information or evidence which it thinks necessary, may pass orders on the case, either confirming, modifying, or annulling the orders of such Magistrate as it thinks proper.

উপযুক্ত বোধ করিলে তদ্বিষয়ের তাবৎ কার্য্যপত্র সুবিধামতে ত্বরায় সেশন আদালতের সমুখে অর্পিত হইবে।

ঐ আদালত তাহা দৃষ্টি করিলে ও অধিক যে সন্ধান কি প্রমাণ আবশ্যক বোধ করেন তাহা গ্রহণ করিলে পর মাজিষ্ট্রেটের আজ্ঞা স্থিরতর করিয়া কিম্বা যদ্রূপ উচিত বোধ করেন তদ্রূপে তাহা মতান্তর কি রহিত করিয়া সেই মোকদ্দমায় আজ্ঞা করিতে পারিবেন ইতি

508. If the Court of Session does not think it safe to direct the immediate discharge of such person, it shall fix a period for his detention, not exceeding three years, in the event of his not giving the security required from him

Court of Session may require security for period not exceeding three years

৫০৮ ধারা। সেই ব্যক্তির অগৌণে মুক্ত হইবার আজ্ঞা করা বিঘ্নজনক হইতে পারে, সেশন আদালতের এমত বিবেচনা হইলে তাহাকে যে জামিন দিতে আজ্ঞা করেন তাহা না দিলে ঐ আদালত তাহাকে আটক করিয়া রাখিবার তিন বৎসরের অনধিক কাল নিরূপণ করিবেন ইতি।

সেশন আদালতের তিন বৎসরের অনধিক কালের প্রতিভূ লইতে পারিবার কথা।

509. Whenever security for good behaviour is required by the Court of Session or by a Magistrate, the amount, the security, the number and description of sureties, and the period of time for which the sureties are to be responsible for the good conduct of the person required to furnish security, shall be stated in the order

Contents of order for security

The security-bound shall be in the Form (G) given in the second schedule, or the like effect

৫০৯ ধারা। সেশন আদালত কি মাজিষ্ট্রেট সদাচারের জামিন দিবার আজ্ঞা করিলে যত টাকার যে রূপ জামিন ও যে প্রকারের যত জন প্রতিভূ দিতে হইবে, ও যাহার পক্ষে প্রতিভূ দিবার আজ্ঞা হয় তাহার সদাচারের নিমিত্তে ঐ প্রতিভূগণ যত কাল দায়ী হইবে, ঐ আজ্ঞাপত্রে এই সকল কথা ব্যক্ত থাকিবে।

জামিন দিবার আজ্ঞাপত্রের মর্ম্মের কথা।

প্রতিভূপত্র দ্বিতীয় তফসীলের G চিহ্নিত পাঠে কি তাহার মর্ম্মমতে লেখা যাইবে ইতি।

510. In the event of any person, required to give security under the provisions of this chapter, failing to furnish the security so required, he shall be committed to prison until he furnish the same

Imprisonment in default of security

Provided that no such person shall be kept in prison for a longer period than that for which the security has been required from him

Term of imprisonment

Imprisonment under this section may be rigorous or simple, as the Court or Magistrate in each case directs

৫১০ ধারা। এই অধ্যায়ের বিধানমতে কোন ব্যক্তির প্রতি জামিন দিবার আজ্ঞা হইলেও সে ঐ আজ্ঞামত জামিন না দিলে যত কাল না দেয় তত কাল তাহাকে কারাগারে রাখা যাইবে।

জামিন না দিলে কারাবদ্ধ হইবার কথা।

কিন্তু কোন ব্যক্তির যত কালের নিমিত্তে জামিন দিবার আজ্ঞা হয়, তাহার অধিক কাল তাহাকে কারাগারে রাখিতে হইবে না।

কারাবদ্ধ থাকার কালের কথা।

এই ধারামতে যে কারাদণ্ড হয়, তাহা প্রত্যেক স্থলে সেশন আদালতের আজ্ঞানুসারে কঠোর কিম্বা সামান্য হইবে ইতি।

511. The Magistrate of the District may at any time, exercise his discretion in releasing, without reference to any other authority, any prisoner confined under requisition of security for good behaviour, whether by his own order, or that of his predecessor in office, or by the order of any officer subordinate to him, provided he is of opinion that such person can be released without hazard to the community.

Release of prisoners under requisition of security

৫১১ ধারা। জিলার মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা তাঁহার পূর্ব্বপদধারির কিম্বা তাঁহার অধীন কোন কর্ম্মকারকের আজ্ঞামতে সদাচারের জামিন না দেওন প্রযুক্ত যে ব্যক্তিকে কারাবদ্ধ করা যায় সেই ব্যক্তি মুক্ত হইলেও সাধারণ লোকদের কোন আপদ সম্ভাবনা নাই, মাজিষ্ট্রেট সাহেব এমত জ্ঞান করিলে, তিনি অন্য কর্ত্তৃপক্ষের অনুমতি না লইয়া স্বীয় বিবেচনামতে ঐ ব্যক্তিকে কোন সময়ে মুক্ত করিতে পারিবেন ইতি।

জামিন দিবার আজ্ঞাহেতুক বন্দিদের মুক্ত হইবার কথা।

512. Whenever the Magistrate of the District is of opinion, that any person confined under requisition of security for good behaviour by order of a Court of Session, can be safely released without such security, such Magistrate shall make an immediate report of the case for the orders of such Court of Session

Report in case of prisoner under requisition of security by order of Court of Session

513 A surety for the good behaviour of a person may at any time apply to a competent Magistrate to be relieved from his engagement as such surety.

Discharge of surety

On such application being made, such Magistrate shall issue his summons or warrant in order that such person may appear or be brought before him

On the appearance of such person pursuant to such summons or warrant, or on his voluntary surrender, such Magistrate shall direct the engagement of the surety to be cancelled, and shall call upon the person so appearing or surrendering to give fresh security, and, in default thereof, shall commit him to custody

514. Whenever a competent Magistrate is of opinion that, by reason of an offence, proved to have been committed by a person, for whose good behaviour security has been given, subsequent to his having given such security, proceedings should be had upon the bond executed by the surety, such Magistrate shall give notice to the surety, to pay the penalty, or to show cause why it should not be paid.

Recovery of penalty from sureties

If such penalty be not paid and no sufficient cause for non-payment be shown, such Magistrate shall proceed to recover the penalty from such surety by issuing a warrant for the attachment and sale of any movable property belonging to him Such warrant may be executed within the jurisdiction of the Magistrate of the District in which it is issued, and it shall authorize the distress and sale of any movable property, belonging to such surety, without the jurisdiction of the said Magistrate, when endorsed by the Magistrate of the District in which such property is situated

If such penalty be not paid, and cannot be recovered by such attachment and sale, the surety shall be liable to imprisonment by order of such Magistrate in the civil jail for a period not exceeding six months

৫১২ ধারা। সদাচারের জামিন না দেওয়াপ্রযুক্ত কোন ব্যক্তিকে সেশন আদালতের আজ্ঞামতে কারাবদ্ধ করা গেলে এবং সেই ব্যক্তির স্থানে তদ্রূপ জামিন না লইয়াও তাহাকে নির্ব্বিঘ্নে মুক্ত করা যাইতে পারে জিলার মাজিষ্ট্রেট সাহেব এমত বোধ করিলে, ঐ সেশন আদালতের আজ্ঞা পাইবার জন্যে অগৌণে সেই বিষয়ের রিপোর্ট করিবেন ইতি।

সেশন আদালতের আজ্ঞামতে প্রতিভূ না দেওয়াতে বন্দি হইলে রিপোর্টের কথা।

৫১৩ ধারা। কোন ব্যক্তির সদাচারের প্রতিভূ যে সময়েই হউক উপযুক্ত ক্ষমতাপন্ন মাজিষ্ট্রেটের নিকটে প্রতিভূস্বরূপ আপনার সেই প্রতিজ্ঞাহইতে মুক্ত হইবার প্রার্থনা করিতে পারিবে।

প্রতিভূকে মুক্ত করিবার কথা।

করিলে ঐ মাজিষ্ট্রেট ঐ ব্যক্তির উপস্থিত হইবার কিম্বা তাহাকে নিকট আনাইবার জন্যে সমন কি ওয়ারন্ট দিবেন।

সেই ব্যক্তি সমন কি ওযারন্টমতে উপস্থিত হইলে কিম্বা স্বেচ্ছামতে আপনাকে ধরা দিলে ঐ মাজিষ্ট্রেট ঐ প্রতিভূর প্রতিজ্ঞা রহিত হইবার আজ্ঞা করিয়া উপস্থিত করা ব। স্বয়ং উপস্থিত সেই ব্যক্তিকে অন্য প্রতিভূ দিতে আজ্ঞা করিবেন। না দিলে তাহাকে হেফাজতে রাখিবেন ইতি।

৫১৪ ধারা। যে ব্যক্তির সদাচারের জামিন দেওয়া গেল তাহার সেই জামিন দেওনের পর সে অপরাধ করিয়াছে ইহার প্রমাণ হওয়াতে উপযুক্ত ক্ষমতাপন্ন মাজিষ্ট্রেট প্রতিভূর লিখিত নিবন্ধনপত্রানুসারে কার্য্য করা উচিত বোধ করিলে তিনি প্রতিভূকে ঐ অর্থদণ্ড দিতে কিম্বা না দিবার কারণ দর্শাইতে আজ্ঞা করিবেন।

প্রতিভূদিগের স্থানে অর্থদণ্ড আদায় করিবার কথা।

ঐ দণ্ডের টাকা না দেওয়া গেলে ও না দিবার উপযুক্ত কারণ দর্শান না গেলে ঐ মাজিষ্ট্রেট ঐ প্রতিভূর অস্থাবর দ্রব্য ক্রোক ও নীলাম করিবার ওয়ারন্ট দিয়া ঐ প্রতিভূর স্থানে ঐ অর্থদণ্ড আদায় করিতে প্রবর্ত্ত হইবেন। যে জিলায় ঐ ওয়ারন্ট বাহির হয় সেই জিলার মাজিষ্ট্রেট সাহেবের বিচারাধীন স্থানে ঐ ওয়ারন্টমতে কার্য্য হইতে পারিবে এবং ঐ প্রতিভূর কোন অস্থাবর দ্রব্য উক্ত মাজিষ্ট্রেটের বিচারাধীন স্থানের বহির্ভূত অন্য জিলায় থাকিলে সেই জিলার মাজিষ্ট্রেট সাহেব ওয়ারন্টের পৃষ্ঠে লিখিয়া দিলে ঐ জিলার অন্তর্গত সেই দ্রব্য ক্রোক ও বিক্রয় করা যায় ঐ ওয়ারন্টে এই অনুমতি থাকিবে।

সেই অর্থদণ্ড না দেওয়া গেলে ও ক্রোক ও নীলাম করণদ্বারাও আদায় হইতে না পারিলে উক্ত মাজিষ্ট্রেটের আজ্ঞাক্রমে ঐ প্রতিভূকে ছয় মাসের অনধিক কাল দেওয়ানী জেলখানায় বদ্ধ করা যাইতে পারিবে ইতি।

Issue of summons and warrant of arrest.

515. The provisions of sections four hundred and ninety-two and four hundred and ninety-four, relating to issue of summons and warrant of arrest for securing the personal attendance of the party informed against, when such party is not in custody, shall apply to proceedings taken under this chapter against persons required to give security for their good behaviour

Place where proceedings may be held

Proceedings may be taken under this chapter, against person amenable to its provisions in any district where they may be

Manner of taking evidence under Chapter XXXVII or this Chapter

Any evidence, taken under Chapter XXXVII or this chapter, shall be taken as in cases usually heard by a Magistrate upon summons

Previous convictions may be proved

Any previous conviction against the person to be bound may be proved on proceedings held under this chapter

Sureties may be rejected on the ground of character

516. A Magistrate may refuse to accept any surety offered under this chapter on the ground that such surety is an unfit person.

Chapter not applicable to European British subjects.

517. The provisions of this Chapter shall not apply to European British subjects

CHAPTER XXXIX

Local Nuisances

Magistrate may issue orders to prevent obstructions, danger to human life, or riots.

518. A Magistrate of the District, or a Magistrate of a division of a District, or any Magistrate specially empowered, may, by a written order, direct any person to abstain from a certain act, or to take certain order with certain property in his possession, or under his management, whenever such Magistrate considers that such direction is likely to prevent, or tends to prevent,

obstruction, annoyance or injury, or risk of obstruction, annoyance or injury, to any persons lawfully employed,

or danger to human life, health, or safety,

or a riot or an affray

সমন ও ধরিবার ওয়ারণ্ট দিবার কথা।

৫১৫ ধারা। যে ব্যক্তির বিপক্ষ সম্বাদ দেওয়া যায় সে হেকাজতে না থাকিলে তাহাকে উপস্থিত করিবার সমন ও ধরিবার ওয়ারণ্ট দেওন বিষয়ে ৪৯২ ও ৪৯৪ ধারার যে বিধান আছে যে ব্যক্তিদের প্রতি সদাচারের প্রতিভূ দিবার আজ্ঞা হয় এই অধ্যায়মতে তাহাদের বিপক্ষ কার্য্যানুষ্ঠান হইলে সেই২ ধারার বিধান বর্ত্তিবে।

যে স্থানে কার্য্যানুষ্ঠান হইতে পারে তাহার কথা।

এই অধ্যায়ের বিধানমতে যে ব্যক্তিদিগকে লইয়া কার্য্যানুষ্ঠান হইতে পারে সেই ব্যক্তিরা যে জিলায় থাকুক তন্মধ্যে তাহারদের বিপক্ষ কার্য্যানুষ্ঠান হইতে পারিবে।

৩৭ অধ্যায় বা এই অধ্যায়মতে প্রমাণ লইবার বিষয়ের কথা।

মাজিষ্ট্রেট সামান্যতঃ সমনমতে যে মোকদ্দমা শ্রবণ করেন তাহাতে প্রমাণ লইবার যে বিধি আছে ৩৭ অধ্যায় কিম্বা এই অধ্যায় মতে প্রমাণ লইবার সেই বিধি খাটিবে।

পূর্ব্ব নির্ণীত অপরাধের প্রমাণ করা যাইতে পারিবার কথা।

যে ব্যক্তিকে প্রতিজ্ঞা বদ্ধ করিতে হইবে এই অধ্যায়মতে কার্য্যানুষ্ঠান হইলে তাহার বিপক্ষে পূর্ব্ব নির্ণীত অপরাধের প্রমাণ করা যাইতে পারিবে ইতি।

চরিত্রহেতুক প্রতিভূ অগ্রাহ্য করিবার কথা।

৫১৬ ধারা। এই অধ্যায়মতে যে ব্যক্তিকে প্রতিভূ দিবার প্রস্তাব হয় মাজিষ্ট্রেট তাহাকে অনুপযুক্ত বলিয়া গ্রাহ্য করিতে অস্বীকার করিতে পারিবেন ইতি।

ইউরোপীয় ব্রিটনীয় প্রজাদের প্রতি এই অধ্যায় না খাটিবার কথা।

৫১৭ ধারা। এই অধ্যায়ের বিধান ইউরোপীয় ব্রিটনীয় প্রজাদের প্রতি খাটিবে না ইতি।

৩৯ অধ্যায়।

স্থানবিশেষে অনিষ্টজনক বিষয়ের কথা।

অবরোধ বা প্রাণাশঙ্কাজনক ব্যাপার বা দাঙ্গা নিবারণার্থে মাজিষ্ট্রেটের আজ্ঞার কথা।

৫১৮ ধারা। কোন ব্যক্তি বৈধমতে কর্ম্ম করিতেছেন এমন সময়ে অন্য ব্যক্তির কোন ক্রিয়াদ্বারা কিম্বা তাহার অধিকারগত বা তত্ত্বাধীন কোন দ্রব্যাদি নিয়মিতরূপে রক্ষা না করণদ্বারা সেই ব্যক্তির বাধা কি ক্লেশ বা অপকার হয় বা হইবার আশঙ্কা থাকে,

বা মনুষ্যের প্রাণহানির বা স্বাস্থ্যের বা নিরাপদের বিঘ্ন হয়,

বা দাঙ্গা বা হঙ্গামা হইতে পারে,

কিন্তু জিলার মাজিষ্ট্রেট সাহেব বা জিলার খণ্ডের মাজিষ্ট্রেট বা বিশেষ ক্ষমতাপ্রাপ্ত কোন মাজিষ্ট্রেট আজ্ঞা করিলে তাহা নিবারণ হইবার সম্ভাবনা কিম্বা নিবারণের প্রবৃত্তি জন্মিতে পারে তিনি এমত বোধ করিলে লিখিত আজ্ঞাদ্বারা ঐ ব্যক্তিকে সেই কর্ম্ম না করিতে অথবা সেই দ্রব্যাদি সুনিয়মমতে রাখিতে আজ্ঞা দিতে পারিবেন ইতি

EXPLANATION I.—This section is intended to provide for cases where a speedy remedy is desirable and where the delay, which would be occasioned by a resort to the procedure contained in section five hundred and twenty-one and the next following sections, would, in the opinion of the Magistrate occasion a greater evil than that suffered by the person upon whom the order was made, or would defeat the intention of this chapter.

EXPLANATION II.—An order may, in cases of emergency or in cases where the circumstances do not admit of the serving of notice, be passed *ex parte*, and may in all cases be made upon such information as satisfies the Magistrate.

EXPLANATION III.—An order may be directed to a particular individual, or to the public generally when frequenting or visiting a particular place.

EXPLANATION IV.—Any Magistrate may recall or alter any order made under this section by himself or by his predecessor in the same office.

Magistrate may prohibit repetition or continuance of public nuisance.

519. A Magistrate of the District, or a Magistrate of a division of a District, or any Magistrate, especially empowered, may enjoin any person not to repeat or continue a public nuisance, as defined in section two hundred and sixty-eight of the Indian Penal Code or under any Local or Special Law.

Orders not judicial proceedings.

520. Orders made under sections five hundred and eighteen and five hundred and nineteen are not judicial proceedings.

Magistrate may order removal of nuisances.

521. Whenever a Magistrate of the District or a Magistrate of a division of a District, or, when empowered by the Local Government in this behalf, a Magistrate of the 1st class, considers that any unlawful obstruction or nuisance should be removed from any thoroughfare or public place,

or that any trade or occupation, by reason of its being injurious to the health or comfort of the community, should be suppressed or should be removed to a different place,

or that the construction of any building, or the disposal of any combustible substance, as likely to occasion conflagration, should be prevented,

or that any building is in such a state of weakness that it is likely to fall, and thereby cause injury to persons passing by, and that its removal in consequence is necessary,

১ ব্যাখ্যা।—যে স্থলে ত্বরায় আপদের প্রতিবিধান করা প্রয়োজন এবং যে ব্যক্তির প্রতি উক্ত আজ্ঞা করা যায় তদ্দ্বারা যদিও তাহার হানি হইতে পারে তথাপি মাজিষ্ট্রেটের বিবেচনায় ৫২১ ধারার ও তাহার পশ্চাৎ কএক ধারার উল্লিখিত প্রণালীমতে কার্য্য করিলে যে বিলম্ব সম্ভাবনা তদ্দ্বারা অধিক হানি হইতে পারিবে কিম্বা এই অধ্যায়ের উদ্দেশ্য নিষ্ফল হইতে পারিবে এই ধারায় কেবল সেই স্থলের প্রতিবিধান করা উদ্দেশ্য।

২ ব্যাখ্যা।—অত্যাবশ্যক স্থলে ও যে স্থলের তাবগতিক বিবেচনায় নোটিস দেওয়ার অবকাশ না হয় এমত স্থলে কেবল এক পক্ষের কথা শুনিয়া আজ্ঞা করা যাইতে পারিবে। ও যে সন্ধানের দ্বারা মাজিষ্ট্রেটের হৃদ্বোধ জন্মায় এমত সন্ধান পাওয়া গেলেই ঐ আজ্ঞা করা যাইতে পারিবে।

৩ ব্যাখ্যা।—বিশেষ ব্যক্তির নামে আজ্ঞা লিখিয়া দেওয়া যাইতে পারিবে কিম্বা সাধারণ লোক কোন বিশেষ স্থানে নিয়ত গমনাগমন করিলে তাহারদের নামে সাধারণ আজ্ঞা দেওয়া যাইতে পারিবে।

৪ ব্যাখ্যা।—কোন মাজিষ্ট্রেট কিম্বা তাঁহার পূর্ব্বে সেই পদধারী এই ধারামতে যে আজ্ঞা করেন তিনি তাহা রহিত কি পরিবর্ত্তন করিতে পারিবেন ইতি।

সাধারণের অনিষ্টজনক কার্য্য বারম্বার না হইবার ও না চলিবার বারণ করিতে মাজিষ্ট্রেটের ক্ষমতার কথা।

৫১৯ ধারা। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ২৬৮ ধারায় কিম্বা স্থানীয় কি বিশেষ কোন আইনমতে সাধারণের অনিষ্টজনক বলিয়া যে বিষয় নির্দ্দিষ্ট থাকে কোন ব্যক্তি অনিষ্টজনক সেই কার্য্য পুনশ্চ না করে বা করিতে না থাকে জিলার মাজিষ্ট্রেট সাহেব কিম্বা জিলার কোন অংশের মাজিষ্ট্রেট কিম্বা বিশেষমতে ক্ষমতাপ্রাপ্ত কোন মাজিষ্ট্রেট তাহাকে এমত নিষেধ করিতে পারিবেন ইতি।

উক্ত আজ্ঞা মোকদ্দমাঘটিত কার্য্য না হইবার কথা।

৫২০ ধারা। ৫১৮ ও ৫১৯ ধারামতে যে আজ্ঞা করা যায় তাহা মোকদ্দমার বিচারঘটিত কার্য্য নয় ইতি।

অনিষ্টজনক বিষয় স্থানান্তর করিতে মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞা করিবার ক্ষমতার কথা।

৫২১ ধারা। সাধারণের গমনীয় কোন পথ কি স্থানহইতে অবৈধ বাধা কি অনিষ্টজনক কোন বিষয় স্থানান্তর করা,

কিম্বা কোন ব্যবসায় কি কর্ম্ম সাধারণের স্বাস্থ্যের কি স্বচ্ছন্দতার বিঘ্নজনক হওয়াপ্রযুক্ত রহিত কি স্থানান্তর করা,

কিম্বা কোন গৃহ নির্ম্মাণ কিম্বা অগ্নিজ্বলনীয় কোন দ্রব্য যে নিয়মে রাখা যায়, তদ্দ্বারা গৃহাদির দাহ সম্ভাবনাপ্রযুক্ত তাহা নিবারণ করা উচিত,

কিম্বা কোন গৃহাদির জীর্ণাবস্থাপ্রযুক্ত পড়িয়া যাওয়ার সম্ভাবনা ও তদ্দ্বারা নিকট গমনশীল লোকদের হানি হইবার শঙ্কা প্রযুক্ত তাহা ভাঙ্গিয়া ফেলা আবশ্যক,

কিম্বা সাধারণ লোকদের গমনীয় পথের নিকটস্থ পুষ্করিণী কি কূপদ্বারা সাধারণের সঙ্কট নিবারণার্থে তাহা উপযুক্তমতে ঘেরিয়া রাখা উচিত, জিলার মাজি-

or that any tank or well adjacent to any public thoroughfare should be fenced in such a manner as to prevent danger arising to the public—

such Magistrate may issue an order to the person causing such obstruction or nuisance, or carrying on such trade or occupation, or being the owner or in possession of, or having control over, such building, substance, tank, or well as aforesaid, calling on him within a time to be fixed in the order,

to remove such obstruction or nuisance,

or to suppress or remove such trade or occupation,

or to stop the construction of such building,

or to remove it,

or to alter the disposal of such substance,

or to fence such tank or well, as the case may be,

or to appear before himself or some other Magistrate of the 1st or 2nd class within the time mentioned in the order, and show cause why such order should not be enforced

Order to be a judicial proceeding

